Blueprint for "FIELD WORK ON FOLKLORE OF RAJBANGSHI SOCIETY IN COOCHBEHAR DISTRICT, WEST BENGAL, COLLECTION AND PUBLICATION " (Non-Material Folk-Literature of Rajbangshi Society) under the Scheme Safeguarding the Intangible Cultural Heritage and Diverse Cultural Traditions of India, sanctioned under Sanction Letter No: **28-6/ICH-Scheme/68/2013-14/13641**, Dated: **31st. March, 2014**.

## 1. INTRODUCTION

### "FIELD WORK ON FOLKLORE OF RAJBANGSHI SOCIETY IN COOCHBEHAR DISTRICT, WEST BENGAL, COLLECTION AND PUBLICATION "

### (Non-Material Folk-Literature of Rajbangshi Society)

**Some steps have been taken preserve and collect the lost cultural heritage of Rajbangshi Society. Some aspects of this traditional culture are found in Cooch Behar of West Bengal. There is danger on change of losing this traditional culture in future due to globalization and the influence of other culture. Due to this reason it has become necessary to collect and preserve this traditional folk-culture of Rajbangshi Society. All these collections will help to know the own racial identity of Rajbangshi Society and to research Linguistical, Anthropological and cultural aspects for the future generation. The following are the collections of the traditional Folk-Literature of Rajbangshi Society in Cooch Behar District of West Bengal------**

1. **Madan kamer gan(Song of kamdeb) :** Folk-belief and folk-songs have been built centring bamboo which in generally kwown as 'Madankamer gan' or 'Jag gan' or Kamdeber gan ect. This pooja generally starts in Chittra-Sangkranti in Bengal. Donations are collected singing door to door. These songs will be collected here.
2. **Bishahara Gan( song of Manasa Debi) :** Snake Goddess Manasa is worshipped in Rajbangshi Society. This song are sung during marriage and annaprasan. Besides Goddess Manasa is worshipped during swearing ceremony at any time of the year. These song will be collected.
3. **Dotra Pala :** A type of folk-drama, named Dotra Pala is found in Rajbangshi Society which in traditional and flowing through generation, like 'Gunjura Bibir Pala'. A person of gidal plays different role by playing Dotra. He also modulates his voice if it is necessary. All these dramas will be collected.
4. **Kushan Gan(Song of Kushan) :** Drama of kushan by startswith a Gidal,a Dohar and four Chhokra(dancer) on the stages. Different subject of Puran a played in this dramas like 'Lakshner Shaktishel', 'Drama of Lab-Kush' ect. Kushan Gan and acting continues with it for humours. All these song will be collected.

5. **Prabad Prabchan(Provers)** : Prabad Prabchan is the living will of Rajbangshi Society. Prabad Prabchan are uttered according to time, and situating in the general life of people. People have started to forget these proverbs due to recent education.
6. **Dhnadha (Riddle)** : The Riddles of Rajbangshi Society is being lost due to the influence of modern education. People can not exercise Riddles now due to excersive bressme of work. Due to this Riddles of Rajbangshi Society will be collected.
7. **Chhara(Rhyme) :** There is a brachce of the child Rhymes is Rajbangshi Society like sleeping Rhymes, playing rhymes etc. There is much enthursism of enjoyment in this Rhymes. So, these will be collected.
8. **Bhaoyaiya Song :** Bhaoyaiya Song are very popular in Rajbangshi Society . Mostly these songs are written by garial, maishal, mahut etc. All these bhaoyaiya songs will be collected.
9. **Chorchurning Songs :** As folk drama chorchurnir pala is very popular among Rajbangshi Society. Different types act these song during the collection of donations in the amon(one type of rice) producing season. These will be collected.
10. **Bhandi Nach(Dance) :** Dance and acting are held with songs due to Bhandi dance. All these Bhandi songs will be collected.
11. **Marriage Songs :** There is a tradition of singing song chering marriage ceremony in Rajbangshi Society, like 'Bar baran song', Koyar Dhara Song' etc. These will be collected.
12. **Songs during funeral :** Sad songs are sung during funeral in Rajbangshi Society. There will be collected.
13. **Sona Roy Songs :** Sona Roy Song is a special kind of song in Rajbangshi Society. These songs are sung during the collection of donations from door to door. These songs which are related with the God of tiger, Sona Roy, will be collected.
14. **Goloknather Songs :** Different troops sing Goloknather songs during the collection of donations from door to door. These will be collected.
15. **Masan Haka Songs :** Masan haka's song are a tradition during the end of the Kali Pooja. These will be collected.
16. **Folk Tale :** There is a tradition of folktale in their own language in Rajbangshi Society. The story and language of these tales are different. These will be collected

## 2. OBJECTIVE

The real objective this research is to preserve all this losing folk-literature of Rajbangshi Society. It is necessary to preserve all these to present the language, culture and anthropology of Rajbangshi Society. Future generation will come to know about their own culture from these collections.

## 3. IMPLIMENTATION

I will collect all these folk-literature during my holydays in April 2014 to December 2014 (this will take total 45 days). I will collect all these from the villages of Cooch Behar district by listening their words. For being a Rajbangshi myself I shall not face any linguistic problem to understand their language. These

field work will be done in every gram parchuyet of every Sub-division of Cooch Behar District, West Bengal.

I'll not face any problems in a service life if I do the field work during my holidays.

## 4. LOCALE

5 Sub-Division of Cooch Behar District, West Bengal------- (a) Mathabhanga, (b) Dinhata, (c)Mekhligance , (d) Tufangance and ( e) Cooch Behar Sadar

## 5. DATES

**Period Field Work 15 April 2014 to December 2014.**

**Collected Document are Published as a BOOK 31st January 2015.**

## 6. CONCLUSION

The real and original elements of all these folk-literature will be collected and preserved. After the collection a book will be published named 'Rajbangshi Loksanskriti Kosh' (Encyclopeadia of Rajbangshi's Folklore ) Vol-1 ; As a result any one many collect and preserve this book. It will help any scholar to recognize the Linguistic, Cultural and Anthropological aspect of Rajbangshi Society.

## 7. PHOTO







1.Madan Kamer Pooja and Songs 2. Masa Debir Pooja 3. Madan Kamer Dance and Songs

Parimal Barman, PO: Mathabhanga, Ward no-11, Dist- Cooch Behar, West Bengal, Pin-736146, (M)9563417898/ 7602130301

Scheme for "Safeguarding the Intangible Cultural Heritage and Diverse Cultural Traditions of India"

Form for National Inventory Register of Intangible Cultural Heritage of India

A. Name of the State : **West Bengal, India**

B. Name of the Element/Cultural Tradition (in English) : **FIELD WORK ON FOLKLORE OF RAJBANGSHI SOCIETY IN NORTH-EAST INDIA AND NEIBOUR COUNTRY BANGLA DESH AND NEPAL**

B.1. Name of the element in the language and script of the community Concerned, if applicable : **RAJBANGSHI LANGUAGE , RAJBANGSHI COMMUNITY**

C. Name of the communities, groups or, if applicable, individuals concerned (Identify clearly either of these concerned with the practice of the said element/cultural tradition) **: RAJBANGSHI, KOCH, NASYA SHEKH MUSLIM, JOGI, MALI, NAPIT, KHEN WHOM ARE BELONGS SAME COMMUNITY.**

**D.** Geographical location and range of the element/cultural tradition (Please write about the other states in which the said element/tradition is present : **Cooch Behar, Jalpaiguri, Darjeeling(Dooyars), North and South Dinajpur, Malda District of West Bengal ; Dhubri, Goyalpara District of Assam ; Purniya District of Bihar ; and also two neighbouring country : - Rangpur, Lalmanirhat District of Bangladesh, Jhapa, Morang District of Nepal Desh** ;

E. Identification and definition of the element/cultural tradition of the India

(Write "Yes" in one or more boxes to identify the domain(s) of intangible cultural heritage manifested by the element. If you tick 'others', specify the domain(s) in brackets.)

- ✓ i. ( ) oral traditions and expressions, including language as a vehicle of the intangible cultural heritage
- ✓ ii. ( ) performing arts
- ✓ iii. ( ) *Social practi*ces, rituals and festive events
- iv. ( ) knowledge and practices concerning nature and the universe
- ✓ v. ( ) traditional craftsmanship
- ✓ Vi. other(s) ( )

F. Provide a brief summary description of the element that can introduce it to readers who have never seen or experienced it

G. Who are the bearers and practitioners of the element/Cultural Traditions? Are there any specific roles or categories of persons with special responsibilities for the practice and transmission of it? If yes, who are they and what are their responsibilities?

H. How are the knowledge and skills related to the element transmitted today?

I. What social functions and cultural meanings do the element/cultural tradition have today for its community?

J. Is there any part of the element that is not compatible with existing international human rights instruments or with the requirement of mutual respect among communities, groups and individuals, or with sustainable development? I.e. describe any aspect of the element/cultural tradition that may be unacceptable to Law of the country or may be in opposition to practicing community's harmony with others.

K. Your Project's contribution to ensuring visibility, awareness and encouraging dialogue related to the element/cultural tradition

L. Information about the safeguarding measures that may protect or promote the element/cultural tradition

   a. (Write "Yes" in one or more boxes to identify the safeguarding measures that have been and are currently being taken by the communities, groups or individuals concerned)

      i. (    ) transmission, particularly through formal and non-formal education

      ✓ ii. (    ) identification, documentation, research

      ✓ iii. (    ) preservation, protection

      iv. (    ) promotion, enhancement

      ✓ v. (    ) revitalization

   b. Write about the measures taken at local, state and national level by the Authorities to safeguard the element/cultural tradition?

M. Write about the threats, if any, to the element/cultural tradition related to its practice, visibility and future longevity. Give facts and relevant reasons based on the current scenario.

N. Safeguarding measures proposed

(This section should identify and describe safeguarding measures to protect and promote the element/cultural tradition. Such measures should be concrete and can be implemented to formulate future cultural policy for safeguarding and promoting the element/cultural tradition in the state)

O. Community Participation

(Write about the participation of communities, groups and individuals related to the element/cultural tradition in formulation of your project)

P. Concerned community organization(s) or representative(s)

(Provide detailed contact information for each community organization or representative or other non-governmental organization that is concerned with the element such as associations, organizations, clubs, guilds, steering committees, etc.)

**i.** Name of the entity **: PARIMAL BARMAN**

**ii.** Name and title of the contact person **: PARIMAL BARMAN**

*Address :* **Parimal Barman,**

**PO: Mathabhanga,**

**Ward no-11,**

**Dist- Cooch Behar,**

**West Bengal, INDIA,**

**Pin-736146**

*Telephone number :* **, (M)9563417898/ 7602130301/ 03583-255177**

iii. E-mail : ***:parimal.newgeneration@gmail.com***

iv. Other relevant information

Q. Give information of any Inventory, database or data creation centre (local/state/national) that you may be aware or of any office, agency, organisation or body involved in the maintenance of the said inventory etc.

R. Principal published references or documentation available on the element/cultural tradition

(Books, articles, audio-visual materials, names and addresses of reference libraries, museums, private endeavours of artistes/individuals for preservation of the said element, publications or websites)

Signature… 

Name & Designation: *:* **Parimal Barman, Assistant Teacher**

Premerdanga Dewan Barman High School,

Name of Institution (If applicable):

……………………………………………....................

………………………………………………………………………….

Address:

**PO: Mathabhanga,**

**Ward no-11,**

**Dist- Cooch Behar,**

**West Bengal, INDIA,**

**Pin-736146**

# Progress report of project

All ready callected following document which element of my project blue print area .

1) Madankamer gan (song of madankam)

2) Bhaoyaia gan (song of bhaoyaia)

3) Dotrapala (folk drama)

4) Kushan (folk drama)

5) Proverbs

6) Riddles

7) Folk Tals

8) Bishahara gan (song of manasa devi)

# ১. মদনকাম ঠাকুরের গান(SONG OF MADAN KAM)

জয় জয় জয় বন্দোং রাম জয় জয় জয় বন্দোং রাম।
জয় জয় জয় বন্দোং জয় জয় বন্দোং জয় সে অরূল।।
প্রথম গঙ্গাক প্রণাম করং পদ হয়া যাক সুদ।
প্রথম গঙ্গারক প্রণাম করং পদ হয়া যাক সুদ।।
প্রথম গঙ্গাক প্রণাম করং নরগনপতি।
পূবেরে অরূলা বন্দং লক্ষ্মী সরস্বতী।।
রাম বন্দং হরি বন্দং মুকুন্দ মুরারী।
মদনকামের জন্ম কথা বল হরি হরি।।
উবজিল ঠাকুর মদনকাম বল হরি হরি।
উবজিল ঠাকুর মদনকাম হৈল সুদ্ধি ফুল।
গৌর যুগে যে চন্দ্র যুগ চন্দ্র যুগে চুল।।
পাচেরে পাচ্‌রা মদনের গায়ে সে আবরণ।
মাতায় হারিয়ার চর কোচা পরিধান।
উপত সুন্দর তনু মদনমোহন।
বারো মাস বারো দেবে নিলে তো বাটিয়া।
চৈত মাস নিলে কেবল আকাইলা বলিয়া।।
মুই সেনে মদনমোহন এ নাম পারাইম।
সতীকালি বুড়াগুলাক তিন ঝাপ ঝাপাইম।।
মদনকামে বলে বেটা মালা গিরিবর।
দেশত নাই মোর বাঁশের পূজা বাঁশের পূজা কর।।
কথা শুনিয়া মালা গিরিবর না থাকিল রইয়া।
কান্দে বাইশ কুড়াল নিয়া চলিল হাঁটিয়া।।
উত্তর আড়াতে যায়া বাড়েয়া দিল পাও।
কখয়া বাঁশের গোড়ে দিয়া বোল হেওঁ।।
কখয়া বাঁশে উঠিয়া চেচঁয়া করে আও।
মুঞি না হইম তোর পূজার বাঁশ না কাটিস মোক।।
কথা শুনিয়া মালা গিরিবর না থাকিল রয়া।
পশ্চিমের আড়া নাগি শিগগির গেল ধায়া।।
বেড়ু বাঁশের গোড়ে দিয়া বোল হেও।।
বেড়ু বাঁশে উঠিয়া চেচেঁয়া করে আও।
মুঞি না হইম তোর পূজার বাঁশ না কাটিস মোক।।
কথা শুনিয়া মালা গিরিবর না থাকিল রয়া।
দক্ষিণের আড়া লাগি শিগগির গেল ধায়া।।
মাকলা বাঁশের আড়ায় বাড়েয়া দিল পাও।
মাকলা বাঁশে উঠেয়া চেচেঁয়া করে আও।।
মুই হইম তোর অঙ্গের চাইলন মোকে কাইট্যা জেও।।
গোরত চোটাইল বাঁশের আগাল ঢুলিল।
হরি হরি বলি বাঁশ ভূমিত পড়িল।।
গোরখানি ফেলাইল বাঁশের গুরুয়া বলিয়া।

আগালখানি ফেলাইল বাঁশের আগাইল্যা বলিয়া।।
মধ্যখনি ফেলাইল বাঁশের ডোমের ঘরের ভিতি।
ডোমের ঘর গরেয়া দিলে অঙ্গের চাইলন বাতি।।
মদনকামে বলে বেটা মালা গিরিবর।
দেশত নাই মোর বাঁশের পূজা বাঁশের পূজা কর।।
কথা শুনিয়া মালা গিরিবর না থাকিল রয়া।
কান্ধে বাইশ কুড়াল লয়া চলিল হাটিয়া ।।
পূবের আড়াতে যায়া বাড়েয়া দিল পাও।
বড় বাঁশের গোড়ে দিয়া বোল হেওঁ।।
বড় বাঁশে উঠিয়া চেচিঁয়া করে আও।
বাঁস কাটবিার আচচিস বেটা গায়ে করিয়া বল।।
এক ঝিকে নটকে আকিম বেলা আড়াই পড়।
গাঁজা লোকা তরুন বাঁশ চিনিয়া কাটিস গোড়।।
গাওত নীলবরণ পূবে ঘরে শিখর।
সেই বাঁশ কাটিস বেটা মালা গিরবির।।
গোড়ত চোটাইল বাঁশের আগাল ঢুলিল।
হরি হরি বলি বাঁশ ভূমিত পড়িল।।
গোরখানি ফেলাইল বাঁশের গুরুয়া বলিয়া।
আগালখানি ফেলাইল বাঁশের আগাইল্যা বলিয়া।।
কেহ নিল বাঁশ ঘাড়ে কেহ গান গায়।
হরি হরি বলি বাঁশ বাড়ী লইয়া যায়।
বরি ঝালায় বাঁশ কলইলে শুকিয়া।
বর্ম্মা ঝালায় বাঁশক লইলে সেকিয়া।।
যোগনের কাটাইর দিয়া নীল ফেলায় চেচিয়া।
চেচিয়া ছিলিয়া বাঁশের করিয়া খেড়ু।।
কেহ নিল বাঁশ ঘাড়ে কেহ গান গায়।
হরি হরি বলি বাঁশ গঙ্গায় লইয়া যায়।।
গঙ্গা জলে গাভীর দুধে বাঁশক নিলে ধুইয়া।
গন্ধ তেল দিয়া বাঁশের সতিবার নেয় লেয়া।।
বাঁশের মস্তকে বাঁন্ধে হারিয়ার চর।
বাঁশেরে গায়ে দিল এ ধল বস্তুর।।
আম ডালিয়া গুয়া দেয় মিশি এক জোর।
তিন পাকে তিন গজ নাগাইল ডোর।।
বান্ধিয়া ধরিয়া বাঁশ করিল সারা।
হরি হরি বলিয়া বাঁশ করিল খাড়া।
মদনকামে বলে বেটা মালা গিরিবর।
চার কণে ঘুরিয়া আনিয়া বাঁশের পূজা কর।।
কথা শুনিয়া বালা গিরিবর না থাকিল রয়া।
উত্তর নাগি শিগগির গেল ধায়া।।
উত্তর শহরে গিয়া বাঁশের করিল থানা।
উত্তর শহরে ভর যুবতি বাঁশক করিল মানা।।
উত্তর শহরে লোকজন বলে হরি হরি।
আলো চাউল গাভীর দুধে বাঁশের পূজা করি।।

এই বাঁশ পূজিলে কিবা ফল হয় ?
এই বাঁশ পূজিলে ধনে পুত্রে হয়।।
মদনকামে বলে বেটা মালা মালা গিরিবর।
চার কন ঘুরিয়া আনিয়া বাঁশের পূজা কর।।
কথা শুনিয়া মালা গিরিবর না থাকিল রয়া।
পূব শহরে নাগি শীঘ্র গেল ধায়া।।
পূব শহরে গিয়া বাঁশের করিল থানা।
পূব শহরে ভর যুবতী বাঁশক করিল মানা।।
এই বাঁশ পূজিলে কিবা হয় ফল ?
এই বাঁশ পূজিলে ধনে পুত্র হয়।
এইভাবে চারিকণ আসিলে খেলেয়া।
চৌঘাটের মধ্যে  এখন বাঁশক করিল খাড়া।
ভাল ভাল আসিয়া গেল যুবতী যাইতে বাধা।।
ধাপনিা বান্ধিয়া কাঙ্ কাস্তে করিল ধার।
দেড় গজ বান্ধি কঙ্ বাঁশ বন্ধিবার।।
চতুর পাকে দুই জোগাড় পঞ্চারই বাতি।
বামনেকে ডাকে আনি বাঁশের যজ্ঞ করি।।
নাল কাপড় নাল ঘোরা সোপনের ঝোড়া।
বন্ধনের ঝোড়া দিয়া মারিল আঁচলা।।
এত শ দেবতা বান্ধি বাইতে যে দেব এড়ায়।
দোয়াদশ প্রণাম করং সেই না দেবের পায়।।
পূর্ব পশ্চিম উত্তর দক্ষিণ চার কোন বান্ধং মাতে।
এদেশে ছিল না ভাং ছিল কামুদেশ।।
গো ধেনু চরাইতে ভাং আনিল গোরখনাত।
বিচি আনিলে ঝোলাতে করি ডাল আনলে মাতে।।
সেই ভাঙ্গের বিচি বইলে সর্ব ক্ষেতে।।
বিনি চাযে বিনি মইয়ে এ মেঘবরণ।
পাইলা কার্ত্তিক মাস ভাঙ্গের জরম।।
গো ধেনু চরাইতে ভাং আনিল গোরখনাত।
চিরল চিরল পাত ভাঙ্গে র সরিসার মত ফুল।
সেইলতে আছে ভাঙ্গের আগাল হৈতে সুর।।
চৈতমাস আসিয়া পৈল ভাং হৈল জটিয়া।
ভাং কাটিতে  মদনকামে খৈরূপ করিল সারা।।
ভাল ভাল আসিয়া সাজে ভাং কাটাং বুলিয়া।
কেহ নিলে কাচি দাও কেহ নিলে বাঁকুয়া।।
গোরত দাও দিয়া ভাঙ্গের আনিল কাটিয়া।
রবিকেরো আলায় ভাং নিলত শুকিয়া।।
খোলার বুকত দিয়া ভাঙ্গক করিলে ভাজা ভুজা।
ঢেকির বুকত ফেলেয়া ভাঙ্গের গুড়া।।
বাইসখানি ঢেকি পড়ে তেইসখানি কুলা।
জনে জনে টেকিয়া নিলে জটিয়া ভাঙ্গের গুড়া।।
উত্তর হইতে আইল মাইয়া হাতে পিতলের খাড়ু।
তাইসে বানাইতে পারে মদনকামের নারু।।

আলো চাউলে আটা আরো গাভীর দুধ।
তাতে নিমাই ঢালিয়া দিলে চিনি সাগর গুড়।।
নারু সাজে নিয়া গেল মদনকামের আগে।
সেই না নারুর সহিত আইল মদনকামের খেড়ু।।
প্রথমে খাইল ভাং আনন্দ ধরম।
ধরম খাইলে করম খাইলে খাইলে বসুমতি।।
তার সাথে খাইলে ভাং লক্ষ্মী সরস্বতী।।
দেবীর পুত্র খাইলে ভাং কার্তিক আর গনেশ।
কালীর বেটী খাইলে ভাং ডাকনী যুগিনী।।
জাকার পুত্র খাইলে ভাং ছয় কুড়ি মাসান।
ঠেঙায় নাটি খাইলে ভাং ছয় কুড়ি মাসান।।
সায়রারূপে খায়রে ভাং বুড়ী ঠাকুরাণী।।
মাওসুবচনী খায়রে ভাং খাড়াতে করি থির।
দেওয়ানে দরবারে গেলে সকলে করি থির।।
ঘরের বাইস্থ খায়রে ভাং আনে থানসিড়ি।
তার পাছে খাইলে ভাং আইজ্যের তুলসী।।
কালা কালা গাছ তুলসী চক্রো ধরে পাত।
ঘরে জলে তুষ্ঠ হয় ঠাকুর জগরনাথ।।
মদনকামে খাইলে ভাং খেরু নইয়া সাথে।
সাতালি পর্বতখানি ভাঙ্গিয়া নইলে মাতে।।
দেও দেবতা খায়রে ভাং হইল অবশেষ।
খুড়িয়া নামিল ভাং নদীনালার দেশ।।
ধল্যা নদী খায়রে ভাং হইল অবশেষ।
বর্ম পুত্র খায়রে ভাং ধল খাকড়া বয়।।
বর্মপুত্র খায়রে ভাং নদীর মহাশয়।।
আঠার নদীর ঝরা তার সে তলে বয়।
ডরা ডবা খায়রে ভাং শুকিয়া যাবার চায়।।
নদীনালা খায়া ভাং হইল অবশেষ।
খুড়িয়া নামিল ভাং মনুষ্যের দেশ।।
কামার সকল খায়রে ভাং লোহা মারি বাড়ি।
কুমার সকল খায়রে ভাং বসিয়া গড়ায় হাড়ি।।
সূতার সকল খায়রে ভাং দুই কণ্ঠে মারে জোড়া।
বাইশ পিছিলিয়া ঠ্যাং কাটা গেল সূতার হৈল খোড়া।।
জোলা সকল খায়রে ভাং খালত পারে ডুব।
খনকে দেখে হাতি ঘোড়া খনকে দেখে উঠ।।
তাতি সকল খায়রে ভাং তাতত মারে বারি।
ননীচোরা বলি মাইয়া দিল গালি।।
নইয়া সকল খায়রে ভাং নাওতে পারে নিন।
ভাং ধুইতে পুটকী উদাও চোরে দিল শিং।।
বয় বরুয়া খায় ভাং গুয়াত কোনা কোনা।
ভাঙের প্রতাপে শরীর কাঞ্চাসোনা।।
রাজা জমিদার খায়রে ভাং বসিয়া হুমুক দেয়।
পাইপ সিপাহী খায়রে ভাং অন্যমুখে ধায়।।

ঢাল তরোয়াল তোপোত গুলি সঙ্গে করি লয়।।
চেঙরাগুলা খায়রে ভাং গালায় আসের বাটি।
বুড়া সব খায়রে ভাং হাতে নৈয়া নাটি।।
ছাওয়া সব খায়রে ভাং বিছিনা ভরে মোতে।
ভরযুবতী খায়রে ভাং গালা ধরিয়া শোতে।।
চাষা সব খায়রে ভাং মরিবার চায়।
খের বাড়ীৎ পড়িয়া চাষা গাড়োয়া ডোডায়।
রাম বল হরি বল মুকুন্দ মুরারী।
মদনকমের গান সাঙ্গ হইল বল হরি হরি।।
হরি হরি বোল। হরি বোল।

(২)

ও মোর আবোগে মোর বিয়ার
হাউসের দিন মোর যাছে গে বয়া।
ছাগল চরাইতে হোলেক ডেরী ভারের বন্ধু মোর যাচ্ছে ছাড়ি
কার সঙ্গে আলাপ করি।
একঝন না হয় দুইঝন না হয় তিনঝন আসিলেক ভাবের বন্ধু
মনের আশ কাহ না মিটায়।।

মদন কাম ঠাকুরের গান
মালাগিরি পরিবারের পাচালী

ক) মদনকামের জন্মকথা ঃ

রাম বলো হরি বলো মুকুন্দ মুরারী।
মদন কামের জন্ম হৈল বলো হরি হরি।।
হরির পুত্র মদন কাম রক্কিনী তার মাও।
চৈতের শুকল্া ত্রেয়োদশীতে জন্মিলেক সেই ছাও।।
তিন দিনেতে নাউ-আ আসিয়া এ্যাক্-কামান দিল।
ছয় দিনের পর সপ্তম দিনে দো-কামান পড়িল।।
মুনিঋষি এই ছাওয়ার রাখিলেক কত নাম।
হাততে জাব পাকেয়া দিকেল জ্যাটো বলরাম।।
আঈ-মাও রক্কিনী বড় ফম্ পাসেরা নারী।
এ্যাকদিন কোটেবা ব্যাড়ের গেইচে ছাওয়াটাক ঘরত ছাড়ি।।
সম্বারাসূর দৈত্য আসি হরিলেক সেই ছাও।
নিক্ষেপ করিলেক সমুদ্রের অথাও।।
বোয়াইল মাছে সেই ছাওয়াটাক নিলেক প্যাটত পুরী।
চৌপড়ী শিব ধীরব সাজিল সেই বোয়াইলক ধরির।।
জালোতে ফান্দেয়া ধীবর বোয়াইল মাছ ধরিল।
শিব-ধীবরের কাছ থেকে তাক্ সম্বরাসূরে কিনি নিল।।
কামের স্ত্রী রতিদেবী মায়াবতী রূপ ধরি।
সম্বাসুরের বউয়ের হৈচে আন্দুনী পড়-ঘরী।।
বোয়াইল মাছক পায়া মায়াবতী সেইনা প্যাট চিড়িল।

মাছের প্যাটত মানুষের বাচ্চা কোঁয়া কোঁয়া করিল।।
নিপুত্রক সম্বরাসুর পালন করে সেই সন্তান।
নারদ মুনি জানে এইসব কথার রহস্য সন্ধান।।
পালিত পুত্র মদন হস্তে মারিবে সম্বরা সুর।
ইন্দ্ররাজের আপদ হৈবে স্যালা অদূর।।
তায় হস্তে ধনুক কোচে বাটুল নামিল মদন কাম।
তনি নামেতে জাগিল মদন-শিব-কৃষ্ঞ-বলরাম।।
রাম বলো হরি বলো মুকন্দ মুরারী।
মদন কামের হৈবে জয় বল হরি হরি।।

খ) মালাগিরিবরের পুত্র স্তান কামনা ঃ

কালকাপুরীতে আছিল এ্যাক জমিদার।
মনেতে দুক্ক বড় পুত্র নাই তাঁর।।
ঘরেতে ঘরনী আছে মেনকা সুন্দরী।
দিন রাত কাটে তার বুকে দুক্ক ধরি।।
কোন দেবতায় খন্ডাইবে এই দুক্কভার।
চৌপাড়ীগনকের কাছত একদিন গেল জমিদার।।
চৌপাড়ীগনক কয় শুনো মালাগিরি।
শুনো শুনো সতি-সাধবী মনেকা সুন্দরী।।
দুইজনে জোর-হস্তে মদন কামক করো মানাচিনা।
পুত্র-সন্তান হয় না কভূ মদন কাম বিনা।।
বাড়ী ফিরি যায়া মালা আর মেনকা সুন্দরী।
মদন কামক্ মানস করে জোড়-হস্ত-করি।।
যদি ঠাকুর মদন কাম ঘরে পুত্র হয়।
আতপ-চাউল, গাভির দুদ্ধে পূজিব নিশ্চয়।।
দিন যায়, রাইত যায়, আরও যায় মাস।
পুত্র সন্তান লাগি বড়য় হাবিলাস।।
এই ভাবেতে দুই জনার দিন কাটি যায়।
একদিন রাইতে মদন কাম স্বপন দেখায়।।
মদন কাম বলে ব্যাটা মালা গিরিবার।
ঘরে যদি পুত্র চাও বাঁশের পূজা কর।।
মদন কাম বলে ব্যাটি মেনকা সুন্দরী।
পুত্রবতী হও মাগো বাঁশের পূজা করি।।

গ) বাঁশের জন্মকথা ঃ

মদন কাম বচন শুনিয়া মালাগিরিবর।
বাঁশের জন্ম-কথা পুছিল অতপর।।
এদেশেতে নাই বাঁশ আছে নাকি সমুদ্র ওপাড়ে।
সেই বাঁশক কলকাপুরে কেবা আনিতে পারে।।
বাঁশ কোথা পাব ঠাকুর বাঁশ কোথা পাব।
বাঁশ বিনা তোমার পূজা কেমনে করিব।।
বাঁশ কেনে নাগে ঠাকুর বাঁশ কেনে নাগে।
বাঁশের বদলে তোমাক্ ঠাকুর পূজিম মূর্ত্তি জাগে।।
বাঁশ কোথা পাব ঠাকুর বাঁশ কোথা পাব।
বাঁশ বিনা তোমাক্ ঠাকুর মূর্ত্তিতে পূজিব।।

মদন কাম বলে ব্যাটা মালাগিরিবর।
বাঁশের জন্ম-কথা এবার শ্রবণ কর।।
বৃহস্পতির যজ্ঞ-শেষে বাঁশের জন্ম হইল।
সেই বাঁশের চব্বিশ পোড় বিড়াইল।।
সাত পোড়েতে রামের ধনুক, সাত পোড়েতে পরশুরামের বান।
আর সাত পোড়েতে অর্জুনের গণ্ডীব করিলেক নিরমান।।
দুই পোড়েতে নারদের বীনা স্বর্গে মর্ত্তে একাকার।
এক পোড় নিলেক কৃষ্ণমুরারী বাঁশী বাজেবার।।
সেই বাঁশের মাড়াতুলি বৃস্পতি সমুদ্রে ফেলাইল।
বাঁশের মুড়া থাকি তখন যত অপ্সরা অপ্সরী জন্মাইল।
লক্ষ্মী দেবী উঠি আইসে সমুদ্র মন্থন শেষে।
অপ্সরা অপ্সরী উঠি আসিল নাচন কুনদ বেশে।।
স্বর্গ-লোকের অপ্সরা-অপ্সরী মর্ত্ত লোকত বাঁশ।
তারে সাথে পূজা খাবার মোর বড়য় হাবিলাস।।
তায় শুন ব্যাটা মালাগিরিবর।
সেই বাঁশক নিয়া আসি মোর পূজা কর।।

ঘ) মালাগিরিবরের বাঁশ আনয়ন ও রোপন ঃ-

মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
মোর পূজার তরে বাঁশ সিজ্জন কর।।
তাহা শুনিয়া মালাগিরিবর না থাকিল রইয়া।
সমুদ্রক লাগিয়া মালা চলিল হাটিয়া।।
কতেক দূর যাইতে মালা কতেক দূর যায়।
আর কতেক দূর গেইলে মালা সমুদ্রের নাগাল পায়।।
সমুদ্রের পাড় যায়া মালা উপনীত হৈল।
নড় দিয়া মালাগিরি সমুদ্র পার লৈল।।
ইরু তোলে বিরু তোলে তরল মাকল।
দুই ভারে বোঝা বান্দে বাঁশ সকল।।
বড় বাঁশ তুলি মালা সাজাইল ভাড়।
নড় দিয়া মালা সমুদ্র হৈল পার।।
ইরু, বিরু, মাকলা বাঁশ গাড়ে বাড়ির চর্তুধারে।
বড় বাঁশ গাড়িল মালা পূজা খাইবারে।।
বাঁশ গাড়িয়া মালাগিরি গোড়ে দিল সার।
রাত্রিদিন বাড়ে বাঁশ ঘোর অন্ধকারে।।

ঙ) মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
চৈত্র মাস আসিয়া পড়িল বাঁশের পূজা কর।।
তাহা শুনি মালাগিরি না থাকিল রইয়া।
কান্ধে কুড়াল নিয়া মালা চলিল হাটিয়া।।
উত্তরেতে মাক্‌লা বাঁশে দিল য্যালা চোট।
মাক্‌লা বাঁশ উঠিয়া বলে না হং মুই মদনের জোট।।
পশ্চিমেতে ইরু বাঁশে দিল য্যালা চোট।
ইরু বাঁশ উঠিয়া বলে না হং মুই মদনের জোট।।
দক্ষিনেতে বিরু বাঁশে দিল য্যালা চোট।
বিরু বাঁশ উঠিয়া বলে না হং মুই মদনের জোট।।

পুবেতে বড়ো বাঁশে দিল য্যালা চোট।
বড় বাঁশ উঠিয়া বলে মুই হনু মদনের জোট।।
বড় বাঁশ উঠিয়া বলে, শোন মালা গিরি।
ইন্দ্র সভার নাচনিদার আমি হতে পারি।।
আরো এক বড়ো বাঁশে মালা দিল চোট।
নারী-কণ্ঠে বাঁশ কয় মুইও হনু মদনের জোট।।
মোকও নিয়া চল কান্ধেকরি মালাগিরি।
ইন্দ্রের দেব-সভার মুই যে নাচনিদারী।।
এক চোট দুই চোট তিন চোট করি দিল।
তিন তিনের চোটে বাঁশ দুইটা ঢুলিয়া পরিল।।
গোড়খান গুরুয়া বলিয়া ফেলাইল কাটিয়া।
আগালখান আগালী বলিয়া ফেলাইল ছাটিয়া।।
মধ্যখান নিলেক মালা, চব্বিশ পোড়ের বাঁশ।
যার লাগি মদন কামের বড়য় হাবিলাস।।
মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
মোর পূজার বাঁশ এ্যালা নিরমান কর।।
তাহা শুনি মালাগিরি না থাকিল রইয়া।
ঠাওয়াইত পাড়ার লাগিয়া মালা চলিল হাটিয়া।।
কি করিস্ ঠাওয়াত ভাই, নিশ্চিন্তে বসিয়া।
মদন কামের পূজার বাঁশ, মোক দে নিরমান করিয়া।।
তা শুনিয়া ঠাওয়াইত ভাই না থাকিল রইয়া।
হস্তেতে কাটায় নিয়া, আসিল হাটিয়া।।
সেকিনা ছোলেয়া বাঁশক নিরমান করিল।
মালাগিরির সাক্ষাৎ বাঁশক বানেয়া দিল।।

চ) মদনকামের বাঁশের কাপড় ও চঙর সিজ্জন ঃ-

মদন কাম বলে গিরি মোর সে বচন ধর।
বাঁশ নিরমান হৈলেক এ্যালা কাপড় সিজ্জন কর।।
তাহা শুনি মালাগিরি না থাকিল রইয়া।
তাঁতী পাড়ার লাগিয়া মালা চলিল হাটিয়া।।
কি করিস্ তাঁতী ভাই নিশ্চিন্তে বসিয়া।
মদন কামের বাঁশের কাপড় দে তৈরী করিয়া।
কাপড় সিজ্জন হৈলেক এ্যালা চঙর সিজ্জন কর।।
তাহা শুনি মালাগিরি না থাকিল রইয়া।
ভোট পাড়ার লাগিয়া মালা চলিল হাটিয়া।।
কি করিস্ ভোট ভাই নিশ্চিন্তে বসিয়া।
মদন কামের বাঁশের চঙর দে সিজ্জন করিয়া।।
তাহা শুনি ভোট ভাই না থাকিল রইয়া।
মালার সাক্ষাতে চঙর দিলেক সিজ্জন করিয়া।।

ছ) বাঁশ পূজার ঘট-গচা চাইলেন সিজ্জন ঃ-

মদনকাম উঠিয়া বলে মালাগিরিবর।
এ্যালা ঘট-গচা চাইলেন সিজ্জন কর।।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
কুমোর পাড়ার লাগিয়া মালা চলিল হাটিয়া।।

কি করিস কুমোর ভাই নিশ্চিন্তে বসিয়া।
মদন কামের বাঁশ পূজার ঘট-গচা দে মোক্ বানেয়া।।
তাহা শুনিয়া কুমোর ভাই না থাকিল রইয়া।
মালার সাক্ষাতে ঘট-গচা দিলেক আনিয়া।।
মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
ঘট-গচা হৈলেক এ্যালা চাইলন সিজ্জন কর।।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
ডোম পাড়ার লাগিয়া মালা চলিল হাটিয়া।।
কি করিস্ ডোম ভাই নিশ্চিন্তে বসিয়া।
মদন কামের বাঁশ-পূজার চাইলন দে বানেয়া।।
তাহা শুনিয়া ডোম ভাই না থাকিল রইয়া।
মালার সাক্ষাতে চাইলন দিলেক আনেয়া।।

জ) মদন কামের কামলিঙ্গ নির্মাণ ঃ-

মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
গচের ডাল কাটিয়া মোর কামলিঙ্গ নির্মাণ কর।।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
কুন্দালের বাড়ির লাগিয়া মালা চলিল হাটিয়া।।
কি করিস্ কুন্দাল ভাই নিশ্চিন্তে বসিয়া।
মদন কামের কাম-লিঙ্গ মোক্ দে কুন্দাইয়া।।
তাহা শুনিয়া কুন্দাল ভাই না থাকিল রইয়া।
তড়িতে আনিল একটা গচের ডাল কাটিয়া।।
সেই ডাল কাটি চেটি কাম-লিঙ্গ বানাইল।
মালার সক্ষাতে সেই কাম-লিঙ্গক দিল।।

ঝ) বাঁশের সাজসজ্জা, কাপড় পড়ানো ঃ-

মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
চৈত্র মাস আসিয়া পড়িল বাঁশের সাজন ধর।।
শুক্লা পক্ষের ত্রেয়োদশীতে বাঁশক কাপড় পিন্দাও।
দুই বাঁশের মধ্যোৎ মোর কাম-লিঙ্গক থান দেও।।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
দুই বাঁশক সাজের ধরিল বায়রা আনিয়া।।
গাভীর দুগ্ধে গঙ্গার জলে দুই বাঁশক ধোয়ায়িল।
মস্তকে হাড়িয়া চঙর দুই বান্দিয়া দিল।।
সোনার জোলানী কাপড় দিলেক ভিড়িয়া।
কমরে দুই গাছি ডোর দিলেক ভিড়িয়া।
কমরে দুই গাছি ডোর দিলেক খিচিয়া।।
তেল চন্দন আলতা কুমকুম্ মাখাইল।
দুই বাঁশের গাওতকপুর ছিটিয়া দিল।।
ললাটে রক্ত-তিলক উচা বাঁশটায় দিল।
নিচা বাঁশটার কপালে সিন্দুর পড়ায়িল।।
বিবিধ সাজে সাজায়িল বাঁশক মলাগিরি।
দেখিতে হৈল যেন স্বর্গের অপ্সরা অপ্সরী।।

ঞ) কাম লিঙ্গের সাজন ঃ-

মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।

বাঁশের সাজন হৈলেক এ্যালা মোর কামলিঙ্গের সাজ ধর।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
কাম-লিঙ্গের সাজন ধরিল বায়রা আনিয়া।।
গাভীর দুদ্ধে, গঙ্গার জলে কাম-লিঙ্গক ধোয়ায়িল,
দুই চকুর ভুরুতে কজ্জল পড়ায়িল।।
ললাটে রক্ত-তিলকের যতনে ফোঁটা দিল।
আলতা দিয়া সর্ব অঙ্গ লালে শোভায়িল।।
বিবিধ সাজনে মালা কাম-লিঙ্গে পরায়িল।
এক গাছি পৈতা গাত্রে বান্দিয়া দিল।।
কাম-লিঙ্গক সাজন দেখে মালাগিরিবর।
মদন কাম দেখিতে হৈচে ইন্দ্রের সহচর।।

ট) বাঁশ ও মদন কামের চার দিকের নগর পরিক্রমা ঃ-

মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
মোর বাঁশক নিয়া পুবের নগর ভ্রমণ কর।।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
বাঁশক নিয়া হাজির হৈলেক পুবের নগর গিয়া।।
পুবের নগরত গিয়া বাঁশের হৈলেক থান।
পুব-নগরের ভর-যুবতী বাঁশ করিল মান।।
পুব নগরের নর-নারী বলে জয় জয়।
মদন কামের বাঁশ পূজিলে ঘরে পুত্র হয়।।
যদি ঠাকুর মদন কাম ঘরে পুত্র হয়।
আলো চাউল গাভীর দুগ্ধে পূজিব নিশ্চয়।।

ঠ) উত্তরের নগর পরিক্রমা ঃ-

মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
বাঁশক নিয়া উত্তরের নগর ভ্রমন কর।।
তাহা শুনি মালাগিরি না থাকিল রইয়া।
বাঁশক নিয়া হাজির হৈলেক উত্তর নগর গিয়া।।
উত্তরের নগরত গিয়া বাঁশের হৈলেক থান।
উত্তর-নগরের ভর-যুবতী বাঁশক করিল মান।।
উত্তর-নগরের নর-নারী বলে জয় জয়।
মদন কামের বাঁশ পূজিলে ঘরে পুত্র হয়।।
যদি ঠাকুর মদন কাম ঘরে পুত্র হয়।
আলো-চাউল গাভীর দুগ্ধে পূজিব নিশ্চয়।

ড) পশ্চিমের নগর পরিকল্পনা ঃ-

মদন কাম উঠিয়া বলে মালাগরিবর।
বাঁশক নিয়া পশ্চিমের নগর ভ্রমন কর।।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
বাঁশক নিয়া হাজির হৈলেক পশ্চিম নগর গিয়া।।
পশ্চিমের নগরত গিয়া বাঁশের হৈকেল থান।
পশ্চিম নগরের ভর-যুবতী বাঁশক করিল মানা।।
পশ্চিম নগরের নর-নারী বলে জয় জয়।।
যদি ঠাকুর মদন কাম ঘরে পুত্র হয়।
আলো-চাউল গাভীর দুগ্ধে পূজিব নিশ্চয়।

ঢ) দক্ষিনের নগর পরিক্রম ঃ

মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
বাঁশক নিয়া দক্ষিনের নগর ভ্রমন কর।।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
বাঁশক নিয়া হাজির হৈলেক দক্ষিন নগর গিয়া।।
দক্ষিনের নগরত গিয়া বাঁশের হৈলেক থান।
দক্ষিন নগরের ভর-যুবতী বাঁশক করিল মান।।
দক্ষিন নগরের নর-নারী বলে জয় জয়।
মদন কামের বাঁশ পূজিলে ঘরে পুত্র হয়।।
যদি ঠাকুর মদন কাম ঘরে পুত্র হয়।
আলো-চাউল গাভীর দুগ্ধে পূজিব নিশ্চয়।।

ণ) ভাঙ ও নাড়ু সিজ্জন কথা ঃ-

মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
পূজার তরে ভাঙের নাড়ু সিজ্জন কর।।
মদন কামের বচন শুনিয়া মালাগিরিবর।
ভঙের সিজ্জন কথা পুছিল অতপর।।
ভাঙ কোনটে পাবো ঠাকুর ভাঙ কোনটে পাবো।
ভাঙ বিনা তোমার পূজা কেমনে করিব।।
ভাঙ কেনে নাগে ঠাকুর ভাঙ কেনে চাই।
ভাঙের বদলে ঠাকুর পিটালী বানাই।।
ভাঙ্ কোনটে পাব ঠাকুর ভাঙ কোনটে পাব।
ভাঙের বদলে আলো চাউল দুগ্ধে পূজিব।।

ত) ভাঙের সিজ্জন কথা ঃ-

মদন কাম বলে ব্যাটা মালাগিরিবর।
ভাঙের সিজ্জন কথা এবার শ্রবন কর।।
এদেশে ছিলো না ভাঙ আছিল পর্বতে।
সেই ভাঙের বীচি আনিল গোরক্ষনাথে।।
প্রথম জন্মে জন্ম হলেক সরিষার ক্ষেতে।
পাত কোনা তার বিলু বিলু ফুল ধরিচে মাথে।।
চৈত্র মাস আসিয়া পড়িল ভাঙ হৈল জটিয়া।
কোড়া কাঁচি নিয়া বিড়াইল গৃহস্থ বাপুরা।।
কাঙ কাটে কাঙ বান্ধে কাঙ উবায় ভার।
ভার নিয়া গেল সৌগে আঙিনা মাঝার।।
উড়ুনের ঝালানীতে ভাঙের জট করিলেক চূর।
খেলাত ফেলেয়া ভাঙের হাড় করিলেন গূড়।।
বাইশ জোড়া উড়ুন গাইন তেইশ জোড়া কুলা।
টেকিয়া টুকিয়া সৌগে বানাইল ভাঙের ধূলা।।

থ) নাড়ু বানাইয়া কামিনী ঃ-

উত্তর থাকি আসিয়া কামিনী হাতে পিতলের খাড়ু।
তায় সে বানাইতে পারে মদন কামের নাড়ু।।
গাভীর দুগ্ধে আলো-চাউলের পিটালী ভিজায়িল।
তাহাতে ভাঙের গূড়া উত্তম মিশায়িল।।
কামিনী হস্তে ঝিনির ঝিনির বাজে পিতলের খাড়ু।

পিটালীর ভান্ডে গুড় মিশিয়া বানাইল শতেক নাড়ু।।

দ) ব্রাহ্মন আনয়ন, বাঁশ ও কামলিঙ্গ পূজা ঃ-

মদন কাম বলে মালা মোর সে বচন ধর।
পুরোহিত আনিয়া মোর বাঁশের পূজা কর।।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
পুরোহিতের বাড়ীর নাগিয়া চলিল হাটিয়া।।
কি কবেন পুরোহিত ঠাকুর নিশ্চিন্তে বসিয়া।
মদন কামের বাঁশের পূজা দেও করিয়া।।
তাহা শুনিয়া পুরোহিত ঠাকুর না থাকিল রইয়া।
হস্তেতে হোমডাঙ নিয়া চলিল হাটিয়া।।
পুরোহিত বাড়ীত আসিয়া উপনিত হৈল।
মালাগিরি পাদ্য অর্ঘে তাহাক বসিবার দিল।।
হরি হরি বলিয়া দুই বাঁশ মন্ডপে গাড়িল।
দুই বাঁশের মাঝখানত কামলিঙ্গ বসায়িল।।
মালাগিরি পূজার দ্রব্য দিলকে আনিয়া।
পূজার মন্ডপত পুরোহিত বসিলেক ভিরিয়া।।
ঢাক বাজে ঢোল বাজে আরো বাজে কাঁশি।
খ্যামটা সুরেতে বাজায় দোয়ারী মুখা বাঁশি।।
জই-জোগার দিলেক আসিয়া নর-নারী।
সাষ্ঠাঙ্গে প্রণাম দিলেক মালাগিরি।।
পুত্রের মানস করিল মেনকা সুন্দরী।
মদন কামের বাঁশক পূজিল ভক্তিভরি।।
রাম বলো হরি বলো মুকুন্দ-মুরারী।
মদন কামের পূজা হৈল বলো হরি হরি।।

উত্তর-বঙ্গের বাঁশপূজা ও মদন কাম ঠাকুরের গান কানাই ধামালী

ক) হরি-বন্দনা ও শ্রীকৃষ্ণের জন্মকথা ঃ-

রাম বন্দং হরি বন্দং মুকুন্দ-মুরারী।
আসরেতে গাইবো এবার কানাই-ধামালী।।
শিব-বন্দং সরস্বতী বন্দং বন্দং নিহ-গুরু।
কৃষ্ণের জন্মকথা ভক্তিভরে করি শুরু।।
কংস যবে প্রজা পালে মথুরা-নগরে।
কৃষ্ণ তখন জন্ম নিল দৈবকী-উদরে।।
শোন শোন কৃষ্ণের জন্ম-কথা আহা রে।
ভগবান কৃষ্ণ জন্ম নিল কংসের কারাগারে।।
বসুদেবের ঔরষে যদি দেবকীর পুত্র হয়।
সেই ছাওয়ালে কংসক নাকি বধিবে নিশ্চয়।।
তায়তো বাসুদেব দৈবকীক রাখিল কারগারে।
বিধির বিধান কাঁয় আর খন্ডাইতে পারে।।
দশমাস দশদিন পর কৃষ্ণের জন্ম হৈল।
সেই ছাওয়ালোক বসুদেব ডোকড়া ডেলিতে লৈল।।
দৈবকীর সই যশোদা আছে যমুনা ওপাড়ে।
কৃষ্ণ পালন হৈবে যশোদা নন্দের সংসারে।।

একদিন আকাশেতে দৈববানী হইলেক।
কৃষ্ণ হস্তে হৈবে কংস বধ সকলে শুনিলেক।।
কৃষ্ণের জন্ম-কথা এইখানেতে ক্ষান্ত করি।
রাধার জন্ম কথা অলপ অলপে তুলি ধরি।।

খ) রাধার জন্ম কথা, বিবাহ ও যৌবনে ভাব ঃ-

রাম বন্দং হরি বন্দং মুকুন্দ-মুরারী।
রাধার জন্ম-কথা অল্পে অল্পে সারি।।
মথুরার ঘোষ-পাড়াতে বৃষভানু নাম।
তাহার সুন্দরী কইন্যা রাধা অুনপাম।।
দেখিতে ধওলীবরণ পূর্ণিমার চাঁন।
সেই কইন্যাক্ বিয়াও করিল মাতুল আয়ান।।
কাজে কম্মে নাই কইন্যা কোনবা ভিতি মন।
আয়ানের ঘরোতে রাধাবড়ো অ-কারণ।।
সেই পাড়াতে যশোদা-নন্দের কানাই।
কদম্ব-ডালে বাঁশুরী-বাজায় তুলনা নাই তার।।
নাম ধরিয়া ডাকে বাঁশি বলে রাধা রাধা।
ঘরোতে রয়না মন শুশুরী বড়ো বাঁধা।।
বাঁশি বাজায় কানাই এ যমুনা কূলের দূরে।
রান্দন আউলাইচে রাধার ভরা দুপুরে।।
বাঁশীর শব্দে রাধার মন হৈচে চূর।
বেয়াকূল করিচে রাধাক এ না বাঁশীর সুর।।
মনে মনে কয় রাধা দয়াল ভাগিনা।
দূরে থেকে সূরের বাঁশী ভালো লাগে না।।
তোমার বাঁশির সূরত ঘরত রইতে নারি।
তোমার পোড়া বাঁশি মোক করিলেক অ-সংসারী।।

গ) রাধার সিনানে যাত্রা ও কানাই রাধার মাছধরা ঃ-

প্রস্তাবনা ঃ-

রাম বন্দং হরি বন্দং চাপানে গাইবো পাঠ।
রাধে গেল গাঙ-সিনানে এ যমুনার ঘাট।।
সর্ব্বসখি লইয়া রাধে সিনান করিতে যায়।
বালক-সখা লইয়া ফিরে এ না যাদু রায়।।
ঈশান কোনে করিল মেঘ দেওয়ার আসিল ঝড়ি।
রাধেক ছাড়ি সর্ব-সখি ফিরিয়া গেল বাড়ি।।
উচা নিচা হইল সমান জলে হইল উচ্ছাস।
জ্যাঠ আষারী বরিষনে উজাই নাগিল মাছ।।
রাধের বস্ত্র, কনাইর বাঁশী থুইয়া একই ঠাঁই।
ঝাম্পা-ঝাম্পি করির নামে রাধে আর কানাই।।
আম্পালী-ঝাম্পালী পাড়ে ক্ষিরল নদীর পাড়ে।
রাধিকা দেখিল তারে কানাই মৎস্য মারে।।
মাছ মারে ছাওয়াল কানাই বান্দে চারি আলি।
শিষ্য যদি ভজন হয় গুরু না খায় গালি।।
মাছ মারে ছাওয়াল কানাই বান্দে চারি আলি।
এচিয়া বেচিয়া রাধে গাথে কই মাশুরের হালি।।

মাছ মারে ছাওয়াল কানাই ছেকিয়া ফেলায় পানি।
ধরিয়াও না ধরে রাধে পুটি ডাইরকানি।।
চ্যাঙ-সাটি শাল-শৌল খল্‌খলায় আগ-পাছ।
হাতের বাঁশি ভূমিত থুইয়া কানাই ধরে মাছ।।
শাল-শৌল মারে কানাই ডাঙ্গাতে ফেলায়।
চুচুরা মৎস্য মারে কানাই খলাইতে ভরায়।।
রুই ইলিসা চিতল কাতল কুরসা সাটির হালি।
এচিয়া বেচিয়া মারে কই মাগুরের জালি।।
মাছ মারে ছাওয়াল এবার রাধে করে ছান।
তাক্‌ দেখিয়া ছাওয়াল কানাই পঙোর শিখিব যান।।
পঙোর শিখে ছাওয়াল কানাই পাউকচালি পাড়ে।
ছাওয়াল কানাই উঠে যায়া রাধে মামির ঘাড়ে।।
রাধে বলে ছি ভাগিনা একি তোর চালা-
মুই হনু পর-নারী একে যৌবন উতলা।।
কানাই বলে রাধে মামি - তুই বড় সুন্দরি।
তোমার যৌবন সাগরে সুখে সান্তরি।।
রাধে বলে ছি ভাগিনা চলিলাম আমি বাড়ি।
লোকে দেখিলে মোরে বলিবে দ্বিচারি।।

ঘ) কানাইর বাঁশি হারানো ও বাঁশি প্রাপ্তি ঃ-

গীদাল —

ছান করে পামরী রাধে উঠে পাউকচালি পাড়ি,
আঞ্চল ঘিরিয়া কানাইর চুরি কৈল বাঁশরি।।
ছান করে ছাওয়াল কানাই উঠিল উপরে।
ছান করিয়া উঠি কানাই বাঁশির তল্লাশ করে।।

কানাই —

বাঁশি নিল কায় মামি বাঁশি নিল কাঁয়।
তুই বিনা পামরী রাধে আর বা ছিল কাঁঙ।।
তোমার বস্ত্র আমার বাঁশি থুইলাম একোই ঠাঁই।
তোমার বস্ত্র আছে মামি আমার বাঁশি কেনে নাই।।

রাধা —

আমার বস্ত্র আছে ভাগিনা ধূলায় লুটিয়া।
তোমার বাঁশি নিয়া গেইচে পইসচায় উড়িয়া।।

কানাই —

বস্ত্র হেন পাতল মামি বাঁশি হেন ভারি।
কোন বাতাসে নিয়া গেল কোথায় তার বাড়ি।।
এ্যাকেটে থুনু বাঁশি মামি বাঁশি আনিল কে।
ভাল মানসির বেটি হবু বাঁশি আনিয়া দে।।
হাতে নিগাইম হাত-রাশি পাওত নাগাইম ডোর।
ত্রিভুবনে নাম রাখিম্‌ রাঁধে মামি চোর।।

রাধা —

কাঁয় নিল তোমার বাঁশি কাঁকে ধরো চুরি।
বাঁশি চোরক ধরো ভাগিনা জলপড়া করি।।

কানাই —

বাঁশি নোমায় কম হে মামি বাঁশি নোমায় কম।
এই বাঁশি বানাইতে নাগিচে চৌদ্দ রাজার ধন।।
হেঙ্গুলে বান্দিচোং বাঁশি মানিকেরও ছাটানি।
এই বাঁশি হারাইলে মুই তেজিম অন্নপানি।।
একে তো বাঁশের সাঁতখানি তার বীন।
এই বাঁশি হারাইলে মোর চক্ষুত না আসিবে নিন।।
ভাত-পানি তেজিম মামি জীবন দিম্ ছাড়িয়া।
রাত্রি-দিন ঝুরে মনমোর বাঁশিক নাগিয়া।।

রাধা —

সোনা নোমায় রূপা নোমায় বাঁশের আগালখানি।
তারে জইন্যে ছাওয়াল কানাই তেজিবু অন্ন-পানি।।
আমার বাড়ি যাইস ভাগিনা কাটারী ধরিয়া।
কত নাগে বাঁশের আগাল দিম্ বোল কাটিয়া।।
আমার বাড়ি যাইস ভাগিনা বইসতে দিব মোড়া।
জলপান করিতে দিব শালী ধানের চিড়া।।
শালী ধানের চিড়া দিব বিন্নি ধানের খই।
জল-পান করিতে দিব গামছা-বান্ধা দই।।
আমার বাড়ি যাইস ভাগিনা আমার বাড়ি যাইস।
চালের নাউ পাড়েয়া দিম্ ট্যান্ডেড়া বানাইস।।
কাঁচা নাউ পাড়েয়া দিম্ উষি পাকে খাইস।
শুকান নাউ পাড়েয়া দিম্ ডোন্ডড়া বাজাইস।।

কানাই —

নাউ কুমরা খায়া মামি না পুরিবেক আশ।
তোমার বুকের জোড় শ্রীফল খাবার হাবিলাস্।।

রাধা —

তিন-দিনিয়া ছাওয়াল কানাই করিস কাউ-বাউ।
বাপ-জনমে দেখছিস্ কি না বুক্কে নাউ।।
খালের দ্বারিকা মাছ হয়া বগার সাথে বাদ।
বাপ জনমে যেই ফল নাই খাইস সেই ফল খাবার স্বাদ।।

কানাই —

খোটা দিলু মোরে মামি খোটা দিলু মোরে।
গোকুলেতে পাইলে মামি কাইম্ করিম্ তোরে।।
তোক্ মামি কাইম করিতে কোড়া করিম্ সাজ।
তোক্ মামি কাইম্ করিম্ বৃন্দাবনের মাঝ।।
বারো টোকোরা ধান নাগিবে তেরো টোকোরা চিনা।
তোক্ মামি কাইম করিম্ শনিবারের দিনা।

গীদাল —

তপৎ তচলায় যেমন দরশিত তৈল।
ওই মত রাধা চন্দ্রাবলী ক্রোধে নাল হইল।।
কানাই কানাই বলিয়া বাধে হস্ত তুলিল।
কাধ হৈতে মোহন বাঁশী ভূমিতে পড়িল।।
বাঁশি পায়া ছাওয়াল কানাইর রঙ্গ হৈল মন।
আপনার মন্দিরে কানাই করিল গমন।।

ঙ) কানাইর শ্রীফল খাওয়ার আবদার ঃ-

গীদাল —

বাপের আগে কান্দে কানাই মাওক না কয় লাজে।
রাধে মামির জোড় শ্রীফল আমাক কেনে নাদে।।
আর মানসী বেচায় ফল হাটে আর বাজারে।
রাধে মামি বেচায় ফল মন্দির কোঠা ঘরে।।

নন্দগোয়াল —

বড় 'হ' ছাওয়াল কানাই ডাঙ্গর হ তুই।
খাবার পাইলে জোড় শ্রীফল আনিয়া দিম্ মুই।।

গীদাল —

এই কথা শুনিয়া কানাই মনে পাইল লাজ।
দুই দিন পরে গেল কানাই বুড়ি বড়াইর কাছ।।

চ) রাধাকে ভোলাতে কানাইর বুড়ি বড়াইর কাছে গমন ঃ-

কানাই —

বুড়ি বলং বড়াই বলং আরো বলং তোক।
রাধেক ভোলাইতে কি কি নাগে কয়া দে বোল মোক।।
যদি হে প্রানের বড়াই রাধেক ভোলে নাদিস।
তোর আগত মরি খাইম খায়া গরল-বিষ।।

গীদাল —

কানাইর মুখে শুনে বড়াই এতেক বচন।
চাতুরী করিয়া কছু বলেন তখন।।

বড়াই —

খোবার পাইলে পারার বেটি বাপ বচন ধরে।
আহারের লোভে বনের পশু ফান্দে পরি মরে।।
রাধেক ভোলেয়া দিম্ মুই মানত কারেক কিনা।
বারো টোকরা ধান দিব মোক্ তেরো টোকরা চিনা।।
রাধেক ভোলইতে নাগিবে বারো সাজ জিনিস।
তাক কিনিবার তুই মোক পাইসা-কড়ি দিস্।।
শ্রীকালের হাট বৈসে ঐ না শনিবার।
তাতে যায়া কিনা খাইরে অষ্ট-অলংকার।।
রাধেক ভোলাইতে নাগিবে আরও কত জিনিস।
সৌগে মিলি কড়ি কানাই দশবার পোন দিস।।

ছ) কানাইর কড়ি সংগ্রহ ও তা বড়াইর হস্তে প্রদন ঃ-

এই কথা শুনিয়া কানাই মনে মনে বুদ্ধি করে।
দধি বেচা কড়ি আছে বপে নন্দ-গোয়ালের ঘরে।।
সেই কড়ি নিতে কনাই বুদ্ধি পাকায় মনে।
যোল পোন করি নিল কানাই অতি গোপনে।
সেই কড়ি আনিয়া দিল কানাই বুড়ি বড়াইর হাতে।।
কড়ি পায়া নাটকি বড়াই হিসাব করিল তাতে।।
আধা পোন কড়ি যাইবে কিনতে সোন্দা গুয়াপান।
থাক্ খায়া রাধা চন্দ্রাবালী হৈবে মনুমান্য।।
ক্ষীর ক্ষীরিসা কিনা খাইবে আরও ঘৃতের নাড়ু।
এক পোন যাইবে শাখা কিনতে সাথে হাতের খাড়ু।।

উপর কানের গুজির সাথে নামা কানের দুল।
আরও এক পোন কড়ি যাইবে সিথার সেন্দুরে।।
নাকের নাক পাসার সাথে আর গলার হার।
দশ পোন কড়ি যাইবে কিনতে অষ্ট-অলংকার।।
হাতের পাঁচ রাখিয়া বড়াই করিবে খরোচ।
সাত পাঁচ বারো মিলি কানাইকে দিবে বোচ।।

জ) বড়াই বুড়ির শ্রীকালের বাজারে গমন ও রাধে ভোলানী জিনিসপত্র ক্রয় ঃ-
গীদাল —

সকালে উঠিয়া বুড়ি মুখ-পাকা পান খায়।
পয়সা কড়ি নিয়া বড়াই শ্রীকালের বাজার যায়।।
চাইর কোড়াকড়ি বড়াই ছিটায় চতুর পাশ।
তার পরেতে সোন্দাইল বুড়ি ঐনা হাটের মাঝ।।
প্রথমেতে কিনে বড়াই সোন্দা গুয়াপান।
যোগীর ঘরের চুন কেনে গুয়ার অনুপান।।
বড় বড় গুয়া কেনে বড় বড় পান।
যাক খায়া চন্দ্রাবালীর হৈবে মনুস্মান।।
ক্ষীর ক্ষীরিসা কেনে বড়াই আরও ঘৃতের নাড়ু।
সরু দুই মুঠি শাখা কেনে রাধের হাতের খাড়ু।।
উপর কানের গুজি কেনে নামা কানের দুল।
বালাকীর দোকানে কেনে সিথার সেন্দুর।।
উপর কানের গুজি কেনে নামা কানের ফুতি।
হারটার মাদুলি কেনে মালা নানা জাতি।।
ললাটে-কোটের তিসি কেনে কানে কর্ণমূল।
আগুনী পাটের শাড়ি কেনে হাজার টাকার মূল।।
সওদা করি বুড়ি বড়াই সওদার পাইলেক ওর।
অবশেষে কিনিয়া নিল দাবা নারিকেল জোড়।।
সওদা করি বুড়ি-বড়াই সওদার বান্দিল আটি।
মাথে নিল সাওদার বোঝা হস্তে নিল নাটি।।
বাড়ী ফিরে রঙিলা রড়াই যেমন উজান মাছের পুটি।
খুচরা পাইসা নিচে বড়াই বান্দিয়া আচলের খুটি।।
কতেক দূর যাইতে বড়াই আর কতেক দূর যায়।।
আর কতদূর যাইতে বড়াই আর কতেক দূর যায়।
আর কতদূর যাইতে বড়াই আপনার মন্দির পায়।।

ঝ) বড়াইবুড়ির সওদার বোঝা নিয়া রাধার বাড়ীতে গমন ঃ-
গীদাল —

দিন মনি অস্ত গেল অন্ধকার হৈল।
বড়াই বুড়ি এক রাইতে সওদা গোছেয়া নিল।।
সকালে উঠিয়া বুড়ি ভাবে মনে মনে।
সওদা নিয়া করিম্ দেখা পামরী রাধার মনে।।
খাইয়া পিয়া বুড়ি বড়াই মুক পাকা পান খায়।
সওদার বোঝা নিয়া বুড়ি রাধের বাড়ী যায়।।
কতেক দূর যাইতে বড়াই কতেক দূর যায়।
আর কতেক দূর গেইলে বড়াই জোড় বৃক্ষ পায়।।

জোড় বৃক্ষের শীতল জাগা নানা বয় বাও।
তার তলে রঙিলা বুড়ি গড়েয়া দিলেক গাও।।
উজ্জানে থুইয়া নাড়ুর টোপলা ভাটি গড়ায় গাও।
নাড়ু গন্ধে চিতর আকুল বড়াই মনে না নেয় ভাও।।
ক্ষীর ক্ষীরিসা খায় বড়াই আরও ঘৃতের নাড়ু।
হাতোতে পেন্দে বড়াই ঝমকা-নাগা খাড়ু।।
নাড়ু খায়া বুড়ি বড়াইর না পুরিলেক আঁশ।
হাটুতের ভাঙিয়া খায় নারকেলের শাঁস।।
নাকোতে নাগ-পাশা পড়িল বড়াই আলতা দিলেক ঠোটে।
সাউদের ধন আর কানাই এর নাড়ু বড়াই খায় গোটে গোটে।।
দক্ষিন মুখের ঘাটা ধরি বড়াই রাধের বাড়ী যায়।
অষ্ট-অলংকার পিন্দিয়া বড়াই-ঠসক্ মারি চায়।।
বড়াই বুড়ি অলংকার পিন্দিয়া মনে মনে কয়।
আগের মতো বয়স থাকিলে কানাইক ভোলানু হয়।।
আয়রে যুয়ান বয়স আয় ফিরিয়া।
মোহ শৃঙ্গারে মুই কানাই রাখেঅং ভোলেয়া।।
আদুরা সওদার বোঝা মাথাতে নিয়া।
রাধের বাড়ি আসিল বড়াই হাটিয়া হাটিয়া।।
নাতিনি নাতিনি বুলি তুলিয়া বড়াই করে রাও।
ঘরে থাকিয়া চন্দ্রাবলী হৈচে চমৎকৃত গাও।।
বড়াইক দেখিয়া রাধের আনন্দিত মন।
বসিতে আসন দিল দিব্য সিংহাসন।।

রাধা —

আর দিনা আসিছেন বড়াই দীঘল অঞ্চল পান।
আজি কেনে দেখোং বড়াই তোর আগমন।।

বড়াই —

তোরেটে আসুন হে রাধে তোরেটে মুই আসিনু।
গোটা কতক দেখেক উকুন মাথার চুলকানিতে মরনু।।

গীদাল —

উকুন চাইতে চাইতে বড়াই মাথার পাইল লাজ।
গোটা চারিক গুয়া দিলেক রাধের কোচার মাঝ।।
গোটা চারিক গুয়া দিল গোটা চারি পান।
বড়াই কয় ওগো নাতিনি খাও গুয়া পান।।

বড়াই —

আর একেনা কথা পুছং কথায় দিস্ বোল মন।
কোন দিন নাতিনি করিচেন যমুনার জলত ছান।।
কোন দিন বা দেখিচে তোমাক ঐ যমুনার তীরে।
তোমাক দেখি নন্দের ছাইলা বাউরা হয়া ফিরে।।
তোমাক দেখি নন্দের ছাইলার আউলাইছে পরান।
তোমার সাথে পিরীতি চায়, চায় গোকুলের চান।।

গীদাল —

তপন তচলাব যেমন দরশিত তৈল।
ঐ মত চন্দ্রাবলীর ক্রোধ হৈল।।

রাধা —

ছি ছি রে নীলাজী বড়াই লজ্জা নাই তোর মনে।
এগুলা কাম হয় কেনদিন মানি-ভাগিনার সনে।।
মর রে নীলাজী বড়াই গলায় দিয়া দেও।
সোদর ভাগিনার সাথে কলঙ্ক ভাজাও।।
পর নোমায় পড়শী নোমায় সোদর ভাগিনা।
রাত্রি দিন করে খেলা আমার আঙিনা।।
ছি ছি রে নীলজি বড়াই কেমন তোর জাত।
মোর নারীটার দিবার চাইস্ তুই মিছা অপবাদ।।
কোটে গেলু হে চামাই বান্দি মোর সে বনে ধর।
ধাক্কার ওপর ধাক্কা দিয়া বড়াইক বাহির কর।।

গীদাল —

চামাই বান্দি বড়াইক ধরিয়া মূচ্ছাগত মারে।
মাইর সবার না পায়া বড়াই হুক হুকিয়া কান্দে।।
বড়াইর কান্দনে রাধার চাপিলেক দয়া।
চামাই বান্দিক দিয়া বড়াইক আনিল ফিরিয়া।।

রাধা —

না কন্ না কন্ বড়াই কালা কানুর কথা।
কালা কানু হৈতে মোর কলঙ্কের কথা।।
আনক নাই পোনক নাই নাই সে আনাপোনা।
পর স্ত্রীক যে পরে ভোলায় তায় সে কমেন জনা।।
কালার কথা না কন্ বড়াই নাগিবে ঝগড়া।
তিন দিনিয়া ছাওয়াল কানাই কোন বা ঘাটের মরা।।
হাট বাজার ছাড়িচোং বড়াই দধি দুগ্ধ বেচাকিনি।
কালার জন্য ছাড়িচোং মুই কাল্ যমুনার পানি।।
ঘরে ছিল কাল বিলাই ফেলাচুং মারিয়া।
ঘরে আছিল কালা গাভি ফেলাচুং বেচেয়া।।
হাড়ির টিকার কালা কাজল দিনাং মাজোং।
কালা কানুর কথা মুই কর্ণে নাই শোনং।।
ঘরের সোয়ামী মোর কালা না হয় গোড়া।
তারে সাথে হৈচে মোর বেইশ সুন্দর জোড়া।।
কালা কানুর কথা বড়াই না কইস মোক ফির।
কালা কানুর কথা শুনলে মন হয় অস্থির।।

বড়াই —

কালাক্ ক্যান নিন্দ হে রাধে কালাক ক্যান নিন্দ।
এক কালা তোর মাথার কেশ, কালা চকুর চান্দ।।
কালা হারি কালা পাতিলোত রান্দিয়া খাও ভাত।
এক কালা তোর চক্ষুর মনি খোসেয়া ফেলাও তাক।।

গীদাল —

সাত পাঁচ কথায় রাধের মজিয়া গেল মন।
হাসি হাসি দিল জব বড়াইর বিদ্যমান।।

রাধা —

আমাক নাগি ছাওয়াল কানাইর যদি থাকে মন।

সইন্ধ্যা কালে যাবার কইস্ চিনা কাদালীর বন।।

কানাই —

আগাও আগাও আবো হে বড়াই আগাও পা দুইখান।
রাধা চন্দ্রাবলীর কথা কথা বাচাও জীবন।।

গীদাল —

বড়াই এবার কানাইর আগত ফুসফুসিয়া কয়।
পোমরী রাধা ধরা দিচে নাই কোন সংশয়।।
রাধাক্ নাগি ছাওয়াল কানাইর যদি থাকে মন।
সইন্ধ্যা কালে যায় যেন কানাই চিনা-কাদালীর বন।।
বসিয়া রইল কানাই চিনা কাদালীর আড়ে।
চাপড় না মারে মশা লোকে শুনিবার উরে।।
মনোত কত আশা বান্দিচে কানাই।
সন্ধ্যা কালে উতরী গেল রাধার দেখা নাই।।
রাধার আশায় থাকি কানাইর দুপুর রাতি হৈল।
তবুও কিন্তুক পামরী রাধা কাদলী বনে না এল।।
পরের দিন কানাই গেল বুড়ি বড়াইর বাড়ী।
বড়াই কয় একদিনেতে পামরী রাধে জব গেইলেক পাশরী।।

বড়াই —

ঝিৎ করি থাক্ ছাওয়াল কানাই চুপ করি থাক তুই।
কালি যায়া পামরী রাধের বাকম খাসাইম মুই।।

গীদাল —

কতেক দূর যাইতে বড়াই কতেক দূর যায়।
আর কতেক দূর গেইলে বড়াই রাধের বাড়ি পায়া।।
নাতিনি নাতিনি বুলি তুলিয়া করে রাও।
ঘরে থাকিয়া চন্দ্রাবালীর চমৎকৃত গাও।।

বড়াই —

মর মর নিলাজী রাধে মর গিয়া লাজে।
পর পুরুষক্ বায়রা থুইয়া কেমনা ছিলা ঘরে।।

রাধা —

শুনগো প্রানের বড়াই ধরোং তোর পাও।
কোনদিন আসিলে ছাওয়াল কানাই বার্তা নাহি পাঁও।।
দুগ্ধপূর্ব্বা ছাওয়াল কানাই মোর সে যৌবন ভারি।
এমন অসম বয়সে বড়াই কেমনে প্রেম করি।।

বড়াই —

ছোট ছোট কুড়াল হে নাতনি বড় বড় গাছ ঢালে।
ছোট না সার্পের ঘায়ে মুনিগন ঢালে।।
ছোট ছোট হালুয়া রাধে বড় হালখান জোড়ে।
বাই করি নাঙ্গল জুড়িলে গরু কোস্তা পাড়ে।।

গীদাল —

সাত পাঁচ কথায় রাধার মজি গেল মন।
হাসি হাসি জবাব দিল বড়াইর বিদ্যমান।।

রাধা —

আমাক নাগি ছাওয়াল কানাইর যদি থাকে মন।

মুই যাইম যমুনার ঘাটে ছান্দোক্ বৃন্দাবন।।

ঞ) কানাইর যমুনার কূলে ফুল বৃন্দাবন সাঁজন ঃ-

গীদাল —

বড়াইর মুখে কানাই শোনে এতেক বচন।
হাল গরু ধরিয়া কানাই করিল গমন।।
ডাইনে বাসোয়া জোড়ে বায়ে ক্ষেত্রপাল।
উত্তরে দক্ষিনে কানাই খেদেয়া দিলেক হাল।।
দুই চাষ করিয়া দিল চাইর সারী মই।
তবু না মারিল কেল্লা দুবার বঈ।।
চাইর চাষ করিয়া দিল আট সারি মই।
এচিয়া বেচিয়া ফেলায় কেল্লা দুবার বঈ।।
ছয় চাষ সাত চাষ অষ্ট চাষ হৈল।
যতেক ফুলের বীচি আনিয়া যোগাইল।।
প্রথমেতে রোপে ফুল ঔর আর সাগর।
তার পরেতে রোপে ফুল পারিজাত নাগ কেশর।।
কাটামালী গেন্দা রোপে পাতিয়া সারি সারি।
ছয় কান্দি হলদী রোপে ঝুমকুরি পাতারি।।
অষ্টদশ স্থলপদ্ম সবে রোপিয়া দিল।
যমুনা কূলে ফুল বৃন্দাবন কি সাজে সাজিল।।
ফুল রোপিয়া ছাওয়াল কানাই ফুলের না পায় দিশা।
সরস্বতী-পূজার ফুল রোপিত কানাই কানসিসা।।
ফুল রোপিয়া ছাওয়াল কানাই গোড়ে দলি সার।
রাত্রি দিন বাড়ে ফুল ঘোর অন্ধকার।।
একে একে ফোটে ফুল ইন্দ্র-পোকায় খায়।
স্বর্গ-থাকি দেবগন ফুলের বাস পায়।।
ফুল রোপিয়া ছাওয়াল কানাই দিল রাখিল মুটক চুল।
ফুলের গন্ধ পায়া রাধার চিৎ হইল আকুল।।
ঠেইল কদম্বে বসিয়া কানাই বাঁশিতে দিল শান।
প্রথম ফোকের বেলা রাধার মন হৈল উচাটান।।
ফিরনা ফোকের বেলা রাধার আউলাইচে মাথার চুল।
রাধা কয় মুই কৎক্ষনে যাং ঐনা যমুনার কুল।।

ট) যমুনার কুলে ফুল-বৃন্দাবন যইতে রাধার ছল-চাতুরী ঃ-

রাধা —

মাও বলং শাশুরী বলং আঈ বলং তোক্।
কলসী নিয়া জল আনতে যমুনায় পাঠাও মোক্।।

জটলি —

ঐ ঘাটে জলক না যাইস্ বড় সুন্দরী রাধা।
নন্দের ব্যাটা চিকন কালা বড়য় হারামজাদা।।
আর মানসীর নাগাল পাইলে দুই চহির কথা আলাপ করে।
তোক্ সুন্দরীর নাগাল পাইলে বাঘে হরিন ধরে।।
ঘরের পাছৎ আছে মাও ভেকুয়া নদীর খানি।
এইটে থাকি অনেক মাও ঘরা চারিক পানি।।

রাধা —

যেও কথা কইলেন মাও সেও কথা হয়।
ভেকুয়া নদীর কথা মাও কহেন না যায়।।
বলা উটলে না খঅয় পানি গরুই না জল।
তোমার ব্যাটার পেট বিষাইবে খাইলে ঘোলাজল।।
তোমার ব্যাটার পেট বিষাইবে মোর বিষাইবে নাঈ।
বুড়া বৃদ্ধর প্যাট বিষাইবে লেখঅ জোকা নাই।।

ঠ) রাধার ফুল-বৃন্দাবনে গমন ও কানাইর সহিত মিলন ঃ-

গীদাল —

ভরা কলসীর জল রাধে পাক-ঝালায় ঢালি দিয়া।
জল আনার ছলে বাইর হৈল রাধা ন্যালভ্যাল করিয়া।।
কতেক দূর যাইতে রাধা কতেক দূরে যায়।
আর কতক দূর গেইলে রাধা ফুল-বৃন্দাবন পায়।।
আর কতেক দূর যাইতে রাধা ফুলের সুবাস লৈল।
ফুল-বৃন্দাবন গিয়া রাধা উপনিত হৈল।।

বুড়ি-বড়াই —

শোন্‌রে শোন্‌রে নাতি নাগর কানই রসিয়া।
রাধার ফুল-বন নষ্ঠ করিল কি দেখিস তুই বসিয়া।।
চুপ করি তোক্ কংরে কানাই না করিস শরম-ডর।
ফুল-বনেতে যায়া রাধাক এইবার জাপটে ধর।।

গীদাল —

দৌড় মারে নগর রাখে না বান্ধে মাথার কেশ।
ফুল-বৃন্দাবনে যায়া কানাই করিল প্রবেশ।।
ফুল বনে যায়া কানাই উপনিত হইল।
ভয়-পায়া পামরী রাধে ফুলবনে নুকি রইল।।
ডালে ডালে পাতায় পাতায় খুজি ফিরি চায়।
তবু কানাই পামরী রাধার নাগাল নাহি পায়।।
কানই বলে পবন-তাম্বর চাইর পাক থাকি আয়।
কৃষ্ণের আজ্ঞায় পবন চারিভিতি বায়।।
যতেক ফুলের ডাল গগনে উড়ায়।
ফুল বনে কানাই স্যালা রাধার দেখা পায়।।
দুই পাও হাটয়িা কানাই রাধাক ধরির যায়।
চাইর পাও হাটিয়া রাধা খানিক পালায়।।
চাইর পাও হাটিয়া কানাই রাধাক ধরির যায়।
আট পাও হাটিয়া রাধা খানিক পালায়।।
পালাইতে পালাইতে রাধা খাড়া হয়া কয়।
শোনহে মোর কথা ধামাইয়া যশোদার তনয়।।

রাধা —

হৃদ্দে হস্ত না দেও কানাই নাগিরে হাতের কালি।
শশুরী-মাও দেখিলে মোক পারিবে কুজাত গালি।।
পাওত হস্ত না দেও কানাই ভাঙ্গিবে নূপুর।
শশুরী-মাও দেখিলে মোক্ করিবে দূর দূর।।
হাতে হস্ত না দেও কানাই ভাঙ্গিবে কঙ্কন।
ত্রিভূবন ভরিয়া মোর রটিবে গুঞ্জন।।

মাথে হস্ত না দেও কানাই আউলাইবে মাথার কেশ।
বাপ মাও শুনিলে মোক যাইতে না দিবে দেশ।।

কানাই —

হৃদ্দে হস্ত না দিম মামি মোর চউক্ষে চউক্ষ দেও।
চউখে চউখে চউখ রাখিয়া চউক্ষের মায়া নেও।।
পাওত হস্ত না দিম মামি ভাঙ্গিবে নূপুর।
সেই নূপুরের শব্‌দে মোর জাগে বাঁশির সুর।।
হাতে হস্ত না দিম মামি ভাঙ্গিবে কঙ্কন।
সেই কঙ্কনের শব্‌দে মোর নাচি উঠে মন।।
মাথে হস্ত না দমি মামি আউলাইবে মাথার কেশ।
সেই কেশত যে জাগি আছে তোমার মোহনী বেশ।।

গীদাল —

তার পরেতে কানাই রাধার কমরে দিল হাত।
গাও শির শির রাধার চউক্ষে হৈলেক দৃষ্টিপাত।।
তার পরেতে কানাই রাধার গালত নাগাইল ঠোট।
গাও শির শির রাধার দেহাত কানাই পাতিল জোট।।
তার পরেতে কানাই রাধার ভূমিতে গড়াগড়ি।
রাধা কৃষ্ণের মিলন হৈল বলো হরি হরি।।
রাম বলো হরি বলো মুকুন্দ মুরারী।
এই খানেতে সমাপ্ত হৈল কানাই ধামালী।।

রাধা-ধামালী

প্রস্তাবনা ঃ-

গীদাল উঠিয়া বলে দোয়ারীর ব্যাটা।
কানাই-ধামালী সাঙ্গ হৈল ধরো বাড়ীর ঘাটা।।
ঘুচিল মদনের জ্বালা তুষ্ট হৈল মন।
কামদেব পূজার গানের আসর এইখানে সমাপন।।
দোয়ারী উঠিয়া কয়া গীদালোক খোচা মারিয়া।
হয় নাই সাঙ্গ রাধাক আইসো বাড়ীত পৌছে দিয়া।।
গীদাল ধরিল ব্যানা হয়া রাগে টং।
দোয়ারী ধরিল এইবার ঐনা রাধার সাং।।

গীদাল —

রাম বন্দোং হরি বন্দোং মুকুন্দ মুরারী।
অল্পে অল্পে গাইবো এবার রাধা-ধামালী।।
রাধার লাগি ছান্দিল কানাই ফুল-বৃন্দাবন।
যমুনার ঘাটে সেই বৃন্দাবনে মিমিল দুইজন।।
ঘুচলি মদনের জ্বালা তুষ্ট হৈল মন।
স্নান করি ঘরে গেল দৈবকীর নন্দন।।
কানাইর সাক্ষাতে রাধার মিলন হইয়া।
বাড়ীতে গেল রাধা দেরি করিয়া।।
কাল যমুনার জল রাধা কলসিতে ভরিয়া।
আপনার মন্দিরে গেল হাটিয়া হাটিয়া।।
এদিকে শাশুরী জটিলা চিন্তিত বড়য় মনে।

যমুনার ঘাটে রাধা আছে বা কার সনে।।
ভাব সাব ভালো নহে বধূ-দ্বিচারিনী।
আয়ান-ঘরনী রাধা হয় বুঝি কলঙ্কিনী।।
হেন কালে জটিলা রাধাক আসিতে দেখিলে।
রাধাক দেখিয়া জটিলা রাগোতে জ্বলিল।।

জটিলা —

সিনানে গেছিস জলত হে বধূ
জলের গনিস ঢেউ।
এত বেলা সিনান করে
কোন গৃহস্থের বউ।।
সিনানে গেছিস জলত হে বধূ
আসলু তুই কেন দেরি।
আসুক আগত আয়ান ব্যাটা
হাতত নাগাইবে বেড়ি।।
সিনানে গেছিস জলত হে বধূ
আসলু তুই সাঁজে।
কার সনে তুই দিন গোঁয়ালু
কোন কলঙ্ক কাজে।।
নন্দের ব্যাটা ডানুয়া কানাই
চ্যাঙরা ভালো নয়।
ঠেইল-কদম্বে বসিয়া কেনে
বাঁশুরী ফোঁকে রয়।।
দূরত থাক্ পাথরত থাক্
বধূ দ্বিচারিনী।
অল্প বয়সে বধূ তুই
হলু দ্বিচারিনী।।
চুলি দেখোং তোর আউলা-ঝাউলা
পিঠিত দেখোং মাটি।
কোন রসিয়ায় রস করিছে
ছিড়িছে গলার কাটি।।
আসুক আগত আয়ান ব্যাটা
কয়া দিম্ বোল তারে।
গোড়া গাওত বেতের বারি
যেন দাগ থুইয়া মারে।।

রাধা —

মাও বলং শ্বাশুড়ী বলং আঈ বলং তোক্।
অপরাধ ক্ষমা করি ঘরত তোল মোক্।।
মাও বলং শ্বাশুড়ী বলং আঈ বলং তোক্।
কলঙ্কের কথা ব্যাটাক্ কয়া ডঅং না খোয়ান মোক্।।
মাও বলং শ্বাশুড়ী বলং আঈ বলং তোক্।
কলঙ্কের কালি আখলে-পাখলে ঘরত তোল মোক্।।
মাও বলং শ্বাশুড়ী বলং আঈ বলং তোক্।
অপরাধ ক্ষমা করি মন্দিরে তোল মোক্।

গীদাল —

এই বলিয়া পামরী রাধা কান্দিতে লাগিল।
কান্দিতে কান্দিতে রাধা পাগলিনী হইল।।
রাধার ক্রন্দনে জটিলার চাপিলেক দয়া।
হস্তে ধরি নিয়া গেল মন্দির লাগিয়া।।

জটিলা —

বধূ বলং বেটি বলং মাঈ বলং তোক্।
যমুনার ঘাটে দেড়ি হৈল ক্যা জবাব দে বোল মোক।।
বধূ বলং বেটি বলং মাঈ বলং তোক্।
কার সাথে তুই দিন গোঁয়ালু জবাব দে বোল মোক্।।
ফির যদি আর কোনদিন যমুনার ঘাটে যাইস্।
কলঙ্ক-ভাঞ্জিয়া বধূ বাপ-মাওয়ের মাথা খাইস।।
বাপ হৈল তোর সাদা-ভোদা মাও সদবিনী।
তার ছাওয়া হয়া ক্যা তুই বধূ হবু কলঙ্কিনী।।
ঘরের বউ তুই ঘরে রবু হৈবা সাধবিনী।
সগায় তোক্ জানিবে আয়ান-ঘরনী।।

গীদাল —

রাধারে ক্ষমা করি জটিলা ঘরেতে তুলিল।
কানাই-এর পিরীতি রাধার অন্তরেতে রইল।।
বুঝিয়াও না বুঝে রাধা প্রবোধ না নেয় মন।
নন্দের ব্যাটা কানাইর লাগি বড়য় উচাটন।।
কৃষ্ণ করে আকর্ষন রাধা করে আরাধনা।
ভক্ত ভগবানের লীলা-কথা হৈল বখানা।।
শিষ্য যদি ভজন করে গুরু না খায় গালি।
পরকীয়া প্রেম-তত্ত্বে রাধা-ধামলী।।
রাম বল হরি বল মুকুন্দ-মুরারী।
এই খানেতে ক্ষান্ত করি রাধা-ধামালী।।

দোয়ারী-ছোক্‌বার ধামালী

(কামদেব বন্দনা, ডাকালীর জন্মকথা, থুড়ীর জন্ম কথা- ভারুয়া গোলামের গান)

কামদেব বন্দনা ঃ-

আজি দেব দেব কাম দেব হে,
দেব দেব কাম দেব হে, ঠাকুর মদনকাম।
ভক্তি ভরে যে জন পূজে
তার পুরায় মনস্কাম হে।।
আজি দেব দেব .......
ত্রেয়োদশীতে বাঁশত কাপড়, চর্তুদশীতে হম্
পূর্ণিমাতে বাড়ী বাড়ী বিড়ায় মদন কাম।।
আজি দেব দেব ............
চৈত্র মাসে চতুর-খেলা, ভর পূর্ণিমার চাঁন
হস্তে ধনুক কোঁচে বাটুল, নামিল মদন কাম।।
আজি দেব দেব ...............
রামরে রামরে হরি রাম সে নারায়ন

এই বার মোকে করো দয়া ঠাকুর মদন কাম।।

ডাকালীর জন্মকথা ঃ-

কানাই ধামালী রাধা ধামালী হইল ভালে ভালে।
ডাকালীর জন্ম কথা এবার শোন সকলে।।
রামরে রামরে হরি রাম সে নারায়ন।
এই নাম মুখে নিলে হয় দুঃখ নিবারণ।।
হরির পুত্র মদন কাম বড়য় দয়াময়।
মদন কামে মানস করিলে ঘরে পুত্র হয়।।
দেব দেব কামদেব হে
দেব দেব কামদেব হে, ঠাকুর মদনকাম
ভক্তি ভরে যে জন পূজে
তার পূরায় মনস্কাম হে।।
রাম রে রাম রে হরি রাম সে নারায়ন
এইবার মোর করো দয়া ঠাকুর মদনকাম।।
(বাখানঃ)

ছোকরা —

হির দ্যাখ হ্যানে বা নাতেন আরো থ্যানেরে
ওরে ভারুয়া গোলাম হ্যানে বা নাতেন থ্যানেরে।
ঠাকুর মদন কাম বন্দিলু গোলাম তুই
মোক্ না বন্দিলু ক্যানেরে।।

দোয়ারী —

হির দ্যাখ হ্যানে বা নাতেন আরো থ্যানেরে
ওরে ভারুয়া গোলাম হ্যানে বা নাতেন থ্যানেরে।
ঠাকুর মদন কাম বন্দিলু গোলাম তুই
মোক্ না বন্দিলু ক্যানেরে।।

দোয়ারী —

হির দ্যাখ্ ধাম ধামাধাম ধামারে শালি
হ্যার দ্যাখ্ ধাম্ ধামাধাম্ ধাম্ রে।
পথমে উঠিয়া নিলাম
ঐ না ঠাকুর মদন কামের নামরে।।

ছোকরা —

হির দ্যাখ হ্যানে বা নাতেন আরো থ্যানেরে
ওরে ভিরুয়া গোলাম হ্যানেবা নাতেন থ্যানেরে।
মদন কামের গান গাবু তা
ডাকালী নিচিস্ ক্যানেরে।।

দোয়ারী —

হির দ্যাখ ধাম ধামাধাম ধামরে বাজন
শোনরে মোর খাটো শালি চ্যাপটি শালি।
ঐ না মদনকামক ভর করিয়া
ও শালি মুই কোপাং ডাকালী।।

ছোকরা —

হোঙ্ হোঙাখান হোটে
তোর ডাকালীর জন্ম কোটে

কও রে দোয়ারী গোলাম,
খাটো গোলাম, ঢ্যাক্‌রা গোলাম,
ডাকালী দিয়া কি করে
তোর ঠাকুর মদন কাম।।

দোয়ারী —

কমো নাতেন কিরে শালি মোর
কমো নাতেন কী
ঐ না মদন কামক ভর করিয়া
শালি মুই কোপাও ডাকালী।।
থোড় থোড়াখান থোড়ত।
ডাকালীর জন্ম হৈচে বড় বাঁশে গোড়ত।।
কঙ্‌ রে শালি শুন
মোর ধৌলি শালি ধাগরি শালি।
রতি দেবীক্ বাকন করিব বাদে
মদন কামে কোপায় ডাকালী।।

থুড়ীর জন্মকথা ঃ-

(বাখনঃ) দোয়ারী —

হির দ্যাখ্ ধাম ধামাধাম ধামরে বাজন
শোনরে শালি তোর হোঙ হোঙাখান হুড়ী রে।
বাঁশ খেলার নাচন দেখাবু তা
নিচিস্ ক্যানে তুই থুড়ীরে।।

ছোকরা —

আরে শোন শোন ভারুয়া গোলাম জারযয়া গোলাম
শোনরে মোর ডোং ডোঙ্‌খান ডোঙারে।
মদন কামেক ঠান্ডা করির বাদে
মুই নিচং গোলাম বড় বাঁশের চোঙারে।।

দোয়ারী —

হোঙ হোঙাখান হোটে
থুড়ীর জন্ম কাটে।
কওরে ধৌলি শালি
চ্যাছ্‌রি শালি ধাগরি শালি।
থুড়ী দিয়া কায় করে
মদন কামের বাখালী।।

ছোকড়া —

কমো নাতেন কীরে গোলাম
কমো নাতেন কী।
চ্যাদ্‌রা থুড়ীক্ ঠান্ডা করির বাদে নাগে
হাঙরা ডাকালী।।
থোড় থোড়াখান থোড়ত।
থুড়ীর জন্ম হৈচে বড় বাঁশের পোঁড়ত।।
কঙরে দোয়ারী গোলাম
নাড্ডা গোলাম প্যাড্ডা গোলম।
থুড়ীত হ্যাচর হ্যাচর করে

তোর ঠাকুর মদনকাম।।
ওরে পূজা পাতেক দোয়ারী গোলাম
পূজা পাতেক তুই।
ঐ না মদন কাম পূজার বাদে
থুড়ীত মুই থুইচোঙ দই।।
হৈ হৈয়াখান হোটেরে
হৈ হৈয়াখান হোটেরে
মদন কামের পূজা দিবু তা
আসন পাতিবু কোটেরে।।

দোয়ারী —

আরে পূজা পাতিচোঙ, পূজা পাতিচোঙ মুই
এইবার পূজার আসন পাতিবু তুই
তারে উপুরা হাঙ্কুর পাড়ি
মদন কাম পুজিম মুই।।

ভাঙাটিনের বাখানী
(কামদেব পূজা মহিমা ও নাড্ডা দোয়ারীর গান)

ক) কামদেব পূজা মহিমা ঃ (স্বপ্নাদেশ)

মদন কাম উঠিয়া বলে ওরে বাপু নাড্ডা দোয়ারী।
ভাঙাটিন বাজেয়া তুই বেড়াও বাড়ী বাড়ী।।
হাত পাওত প্যাস্টা বান্দেক মুখত মাখাও কাজল।
টারি বাড়ীর মানষী কইবে নাড্ডা-দোয়ারীর দল।।
হাত-পাওত বান্দেক শামুকের খোলটা, গাওত ফাঁড়াজাল।
ঢুক্ ঢুকিয়া ভাঙাটিন বাজেয়া তোলেক গানের তাল।।
গান করেক, মাখন তোলেক, পূজা করেক মোর।
ধনে বংশে বাড়িবে সংসার পুত্র হইবে তোর।।
জ্বর-জ্বারি-হাগা-মোতা সৌগ যাইবে ছাড়িয়া।
ডিক্কি খাবু ডিক্কি বেড়াবু মোর মদন কামের নাম নিয়া।।
তোরে হাতে পূজা খাইতে মোর বড়য় হাবিলাশ।
চৈত মাসের ত্রেয়োদশীত আঙিনাত গাড়িবু বাঁশ।।
চতুরদশীত হম্ করিবু পূজা করিবু বামনক্ ডাকিয়া আনি।
পূর্ণিমার দিন বাড়ী বাড়ী দেখাবু ভাঙাটিনের বাখানী।।

খ) নাড্ডা দোয়ারীর গান (মাগনের গান) ঃ-

ও গিরিহে পূজো মদন কাম
পূজো ঠাকুর মদন কাম।
মদন কামের নামে জাগে
শিব কৃষ্ণ বলরাম।।
মদন কামের বড়য় ধক্
পূজো বাড়ী বাড়ী।।
এই কথাটা কয়া বেড়াং
মুই নাড্ডা-দোয়ারী।।
বাঁশক তোল বাঁশক পুজো
বাঁশের করো চাষ।

বাঁশ বিনে মদন-কামের
মেটে না হাবিলাস।।
গচের ঠেইলের মদন কাম
নাল টুক্‌টুক্ করে।
পূজাত খানেক নারানামা হৈলে
মহন্তের ব্যাটাক ধরে।।
ঢুক্ ঢুকা ঢুক ঢুক্ ঢুকা ঢুক
মদন কামের গাইন গাই।
হেলিয়া দুলিয়া নাচি আর
ভাঙা টিন বাজাই।।
মদন কামের মাগন দেও হে
অন্যের বাড়ী যাই।
হেলিয়া দুলিয়া নাচি আর
ভাঙা টিন বাজাই।।
মদন কামের মাগন দেও হে
ভরা কুলা ধান
তার সাথে দেও হে গিরি
জোড়া গুয়া পান।।
জয় জয় মিস্তে মদন কাম।।

# ২. ধাঁধা(RIDDLE)

আটকট্ ঝট্কট্ দুয়ার বান্ধে কট্কট্।
অড্ডিম পঙ্খি আফুলা শাক কোন জীবের আঠারোটা নাক?
— বাদুর ও চামচিকা, ঢেঁকিশাক, শাটি বা টাকী মাছ।
পা অডিম পাখি (—দিনহাটা)
অনেক গিলা বাপোই, একেনা শিকোই। —ঝাঁটা
অলি অলি পাখির দল গলি গলি যায়,
বানিয়ার দোকানত যায়া উলটা বাজি খায়।
—পুরানো দিনের কাঁচা টাকা।
অহল্যা গৌতমের নারী ইন্দ্রের সতে কেলি করি,
শাপান্তে হইলেন যাহা মোইদ্যেক অইকখরটা বাদ দিয়া
হামার বাদে অনিবেন তাহা।— পা(ষা)ণ।
তু ক) অহল্যা গৌতম নারী আপন মনে বিচার করি
পতিশাপে হয়েছিল যাহা—
মাঝের অক্ষর ছেড়ে দিল-পাইবেন তাহা। (—বাঁকুড়া)
খ) গৌতম মুনির শাপে অহল্যা হয়েছিল যা
মাঝের অক্ষর বাদ দিয়ে, নিয়ে এস তা। (—বড়ো বৈনান, বর্ধমান)
আই আই আই- ঘর আছে তায় দুয়োর নাই -ডিম
পা ক) আই গো আই-ঘর আছে তো দুয়ার নাই। (-জলপাইগুড়ি)
খ) বল দেখি ভাই- ঘর কোনা আছে দুয়ার কোনা নাই। (—কোচবিহার)
আই আই আই, বাচ্চাকালে কাপড়া পরে, বড় হইলে নাই। -বাঁশ।
তু ক) ছোড়ুকালে জামা-জোড়া
বয়স কালে লেংডা বুড়া হইলে দেয় দশহাত ঘোমটা। (- ময়মন সিংহ)
খ) পোয়াকালে বস্ত্রধারী যোয়ানকালে উলঙ্গ,
বুড়া কালে জটাধরী মধ্যে মধ্যে সুরুঙ্গ। (-চট্টগ্রাম)
গ) ছোটুবেলায় পরে জামা, বড় হলেই নেংটা মামা। (-বাঁকুড়া)
আইলে আইলে যায়, ভুলকি মারি চায়। -সূচ।
পা ক) আলি আলি যায়, উঁকি মারি চায়। (-কোচবিহার)
খ) আইলে আইলে যায়, খোট্কে আধার খায়। (-মাথাভাঙ্গা)
তু ক) আইলে আইলে যায়, হোন্দে আধার খায়। (-দক্ষিণ ত্রিপুরা)
১. গুহ্যদ্বার দিয়ে।
খ) টুউর টুউর ডুবে মরে, পোঁদে আধার খায়। (-চট্টগ্রাম)
গ) টিপিক টিপিক খায়, নেজে আধার খায়। (মেদিনীপুর)
ঘ) আইল দিয়া বলদ যায়, নেঙ্গুরে ঘাস খায়। (কিশোর গঞ্জ)
আংখির গাছত পংখির ভাসা পুকটিত হাত দেয় কোন চাষা। —
বোলতা
আকাশ থাকি পইল চ্যাপটা নাগি রইল। —গোবর
পা চ্যাপ্গা নাগি রইল (-দিনহাটা)
স্ত্রী স্বামীকে বাজার থেকে আনতে বলেছে,-
আকাশ হাতে আকাশ নাড়ু,
মঙ্গায় মারির পাত,

কপালোতে তিলক ফোঁটা, হাতির দুই দাঁত। — সুপারী, পান, চুন, ২টি মূলা। দ্র
'হাটের গোটা গোটা-'

পা ক) ধান ঘাঁটেছে সুন্দরী কইনা ধানত দিয়া পাও
আজার দেওয়া হাট, কি কি সওদা চাও।
— আকাশ হাতে আকাশ নাড়ু, মন জোয়ানীর পাত
কপালতে তিলক ফোঁটা, হস্তির দুইটা দাঁত।
খ) আকাশে আকাশ নাড়ু, মন ঘুমানীর পাত
চাইর ভাইর গালাত দড়ি, হাতির দুইটা দাঁত।
— সুপারী, পান বা তামাক, বেগুন, মূলা (-জলপাইগুড়ি)

আকাশ হাতে পাইল টেমকি টেমকি আগুন জ্বলে,
ছাওয়ার হাতোত্‌ দিলে তায় কিচির মিচির করে। — জোনাকি পোকা।

আকাশ হাতে পাইল ধুম ধুম কয় মোর কটি শুং — গাছ থেকে ফল পড়া।
পা ধুম কয় মোর কোটিখান শুক। (-জলপাইগুড়ি)

আকাশতে ভুনভুনায় ভুনভুনীও নোয়ায়,
মাটিত ন্যাট পেটেয়া শুয়ারও নোয়ায়।
— কুশশি (জমির ঢেলা ভাঙার বাঁশের তৈরী হাতুড়ি বিশেষ)

আকাশে ঘর, পাতালে দুয়োর
এই শিলোক যায় ভাঙি না দিবে তার বাপ শুয়োর। — বাবুই পাখির বাসা।
তু ক) আকাশে ঘর, পাতালে দুয়ার
আইসা যাওয়া করে নন্দ গোয়াল। (-রঙপুর)
খ) আকাশেতে নলোপোতা, পাতালেতে দুয়ার
আসি যাই করছে নন্দ গোয়াল। (-জলপাইগুড়ি)

আকাশে জন্মিল ফল মানষির লোভা তার পেটে জন্ম নেয় রজনী সম্বাহা
যারে পেটে জন্ম নেয় তারে মসমূ খায়, হস্তীর নাকান জন্তু নোয়ায়, চলে ছয় পায়।
— আমের পোকা

১. অযোনী সম্ভবা।
তু দৈবের দুর্লভ বস্তু, মনুষ্যের লোভ।
হাতির মত মুন্ড বীরের, চলে ছয় পায়
তার মধ্যে জন্ম হয় অযোনী সম্ভবা
যার গর্ভে জন্ম হয় তারে মাংস খায়। (-রঙ্গপুর)

আকাশে জুড়লাম লাঙ্গল, পাতালে জুড়লাম মই,
সাততাল কাউয়ায় চিবড়িয়া খায় খই। — বৃষ্টি
''সপ্ততাল বৃষ্টির পর মাটীর নীচ হইতে মহীলতা প্রভৃতি যে-সকল পোকা উঠিয়া থাকে, এখানে সপ্ততাল শব্দে তাহদিগকেই বুঝিয়াতেছে।'' — প্রভাসচন্দ্র ভট্টাচার্য।
ঃ সাহিত্য পরিষদ্‌ পত্রিকা ঃ ১৩১৫, ৩য় সংখ্যা, পৃ. ১৭১-৭৬ ''আমাদের মনে হয়বৃষ্টির বিন্দু ও বুদ্বুদকেই খয় বলা হচ্ছে।'' ডঃ নির্মলেন্দু ভৌমিক ঃ বাংলা ধাঁধার ভূমিকা, পৃ. ২৭৫

আকাশে টলমল পাতালে সুর
এই ভাঙতি বুঝি না দিলে, গুষ্টি সুদায় গরু। — ঘুড়ি
১. সিঁড়ি
পা একিনা কতা বুঝিনা দিবার পাইলেনাগিবে একটা গরু।

আকাশে থুনু সাক্ষী পাতালে থুনু সাক্ষী
একে ডুবে তুলুন চোঙানী কাটা পাখী। শালুক ঃ (রঙ্গপুর)

আকাশেতে ছিল কৈনা, নারী নাম ধরে

পরপুরুষ দেখিয়া দোস্‌রা ছেন্দা করে।
সেই ছেন্দা দিয়া টানিলে করে গারাৎ-গোরাৎ
আর, খাঁচ কাটাটা ভরায়া দিলে বিধাতার ফোরোক।
— হুং কার থেলো (জলপাগুড়ি)
পা আকাশতে ফলে বিরিখ নারি নাম ধরে,
পরপুরুষে পাইলে তাক, একটা অধিক ছিদ্র করে।
— হুংকার খেলো।
তু স্বর্গে ছিলেক নারী, নারি নামে ধরে।
নরনোক আমি জুদায় ফোড় করে
কাম নাই, কাজ নাই, সোদায় গোড়ত গোড়ত করে।
১. সদায় হুংকা (জলপাইগুড়ি)
আগ ঝুমঝুম্‌ গোড়া মোটা যায় কবার না পায়
তায় নোয়ায় বাপের ব্যাটা। — ঝাঁটা।
আগ দিয়া বাঘ যায় ন্যাটো দিয়া জল খায়।
— প্রদীপের সলতে। (জলপাইগুড়ি)
আগল টিং টিং গোড়ত ফোড়, ওইটা মোর বন্দনার গোড়;
মোর বন্দনা হেলিবে না, পেলিবে না
সইত্য করি কহিলে কহা যায়,
এ বুড়াবুড়ির কার্য নোয়ায়
পালে চ্যাঙড়া-চেঙড়ী ঢুকায় দেয়।
পা ১. বুড়াবুড়ীর কাম না হয়।
২. চ্যাঙড়া-চেঙড়ী পালে থুত দিয়া কাচাৎ করি ভরেয়া দেয়।
— সূচ সুতো পরানো। (জলপাইগুড়ি)
আগাল আছে তার গোর নাই হলদি বরণ গাও,
এই শোল্লোক ভাঙি দিবার না পাইলে মাইয়ক কবু মাও। — স্বর্ণলতা।
১. স্ত্রীকে
আগাল ঝাটাং পাটাং গোড় ডেরুয়া
এই শোলোক ভাঙি না দিলে গুষ্টি সুদায় জারুয়া। —ঝাঁটা
তু আগায় ঝুনঝুনি, গোড়খান মুটে
যে না বলতে পারে তার শ্বশুর-শাশুড়ী ভুটে। (-খুলনা)
আগালটা হইল্‌ আউল-ঝাউল, গোড়াটা হইল্‌ আচ্ছা
মুক দিয়া ডিমা পাড়ে, টিকা দিয়া হয় বাচ্চা। —- কলা গাছ
তু ক) আগাল খান ঝাটাং পাটাং গোড় খান হইল আচ্ছা।
মুখ দিয়া প্রসবিল ডিম্ব, পুটকি দিয়া হইল্‌ বাচ্চা। (-কোচবিহার)
খ) মাথাটা হোইল্‌ আংসাং, মোন্দটা হোইল্‌ আচ্ছা।
মুক দিয়া ছাওয়া হয়, কোটি দিয়া বাচ্চা। (-জলপাইগুড়ি)
গ) গোড় আগালে ধুতুরা ফুল, মোইদ্যখান হইল আচ্ছা,
উপর দিয়া ছাওয়া হয় তল দিয়া হয় বাচ্চা। (-কোচবিহার)
আগালোত ঝিকিমিকি, গোড়োত বাদা,
এই শোলোক ভাঙি না দিলে গুষ্টি সুদায় গাধা। — আদা।
আছিলং পঞ্চভাই বিধি কইচ্চে ঠাঁই ঠাঁই। — হাতের পাঁচটি আঙ্গুল।
আজার (রাজার) বাড়িও হাত্তি
দিনাং খায় লাত্তি। — ঢেঁকি।

আজার বেটি কামলী ভিজিবা পারি, শুকিবা না পারি। — জিহ্বা
(জলপাইগুড়ি)
আজার বেটি ধুন্ধুলি কাটি বিনা কোদালে কাটে মাটি।
১. পা ধুম কোদালি।
তু ক) রাজার বেটি ধেন্দল পেটী বিনা কোদালে খোঁড়ে মাটি।(-রঙ্গপুর)
খ) আজার বেটি ধুমদল পেটি, বিন কোদালে খোঁড়ে মাটি। (-জলপাইগুড়ি)
আজার বেটি বীর বসিয়া মারে তীর। — লজ্জাবতী লতা (-জলপাইগুড়ি)
আজার বেটি ভাত খায় পিঁড়ার তল দি সাপ যায়।
— পিঁড়ির তলা দিয়ে জল গড়ানো।
তু রাজারো পোয়া ভাত খায়
পিঁড়ার তলদি হাপ যায়। (-চাকমা) — পিঁপড়া।
আজার ব্যাটা ধনেশ্বর কোয়ারী রান্দে কড়কড়। — তালা
আজুর বাড়ি গেলুং এক ডোগা দই খাবারে না পালুং।
১. ছোট ছোট মাটির হাঁড়ি বিশেষ।
আট ঠ্যাং নাই পুক্‌টি। কায় গোঁসাই, তোর বাড়ি কুত্তি। — আটই
(এটুলি)।
আট ঠ্যাং ষোল হাঁটু, মাছ ধরির গেইল লাটু,
শুকান ভুমে পাড়ি জাল মাছ ধরে লাটু চিরোকাল। — মাকড়সা।
তু ক) আট ঠ্যাং ষোল হাঁটু, মাছ মারে না লাটু।
ফেলায় জাল ভেজে না, মারে মাছ তা খায় না।(-কোচবিহার)
খ) আট ঠ্যাং ষোল গাঁঠু, জাল ফেলাছে শুকনা ঠেঁটু মাছ না ফান্দে না ফান্দে
পানি
সকালে উঠিয়া শুকান ঠেঁটু করে টানাটানি। (-জলপাইগুড়ি)
গ) আট ঠ্যাং ষোল হাঁটুয়া মাছ মারে নিছালটিয়া
ডাঙ্গাত ফ্যালেয়া জাল বসি আছে টন্ডে নাল। (-ঘোকসাডাঙ্গা ঃ মাথাভাঙ্গা)
ঘ) আষ্ট ঠেং ষোল আড়ু, জাল বসাইয়ে রাধাকানু
মাছ না বাঝে, কেঁজা বাঝে। (-চামকা)
ঙ) আট পা ষোল হাঁটু, মাছ ধরিতে গেল ঢাঁঠু
স্বর্গে ফেকিল জাল, মাছ ধরে চরিকাল। (-ঝাড়গ্রাম)
পা আট পাও ষোল হাঁটু, জাল পাতি বসি আছে মিঠু
তার জালে জলও না বাজে মাছও না ওঠে।
আট হাত কাউয়া নয় হাত নাউয়া ষোল হাত বল্লার চাক, কুড়ি হাত বামনের নাক।
১. আট হাত — আঠাৎ-ফাঁদে পড়া কাক।
২. নয় হাত — নয়াত-মৃতাশৌচের পর নাপিত কর্তৃক মস্তক মুন্ডনাদি ক্রিয়া।
৩. ষোল হাত — শোলাত-শোলার গাছে বোলতার চাক।
৪. কুড়ি হাত — ক্রিয়াত-দশকর্মে ব্রাহ্মনের উপস্থিতি।
আড়া বাড়ি থাকি বিড়াইল সাপ নেটু ধরিয়া মারে এক পাক। — নাকের প্যাটা।
তু আড়া বাড়ি থাকি বিড়াইল সাপ নেঙ্গুর ধরি মারুন এক পাক।
—রঙ্গপুর
আড়া বাড়ীত বান্ধিনু গাই চোঙা আন ছেকির যাই। — মাছ ধরা।
"চরকী বা ঘুনি নামক মৎস ধরিবার যন্ত্র হইতে মৎস নিষ্কাশন করা।" (-বাধাঁভূ)
আনবু রতন, করবু যতন। দ্যাখয় কেমন? - হামার মাতোন। — আয়না।
আন্ধির সোমায় সগারে আগতে নাগেখাবার সোমায় ফ্যালে দেয়।

১. রন্ধন কালে। —তেজপাতা।

আম্‌সি আম্‌সি টেংসি টেংসী, তুংসি প্রাণ খালুরে।
নাক খেমচি বোঁচা নাকি, তুই কোনতে আলুরে।

১. আম আম মত ২. টক টক মত ৩. তুই সি- তুই অর্থে। আম্‌সি ও টেংসির সঙ্গে ধ্বনিসাম্য বজায় রাখার জন্য তুংসি হয়েছে বলে মনে হয়। — ডাউয়া ও ব্যাঙ।

পা অমন্ত আমন্ত টেংসু টেংসু তুই সে প্রাণ মোর খালু রে,
নাক থ্যাবড়া বোঁচা নাকা তুই ক্যানে আলু রে।

উত্তরটি ভিন্নভাবেও পাওয়া যায়- ডুমনি (ডুমুর), ব্যাঙ ও কাক। তবে 'ডুমুর' উত্তরটি সম্ভবত ঠিক হবে না।

৪৪. আমের গাছত কন্দুকা তাতে চাইছে এন্দুকা
ক্যাটাৎ কি কুট্যুৎ কি -ভ্যা। —গল্পমূলক ধাঁধা।

১. কুমড়া ২. ইঁন্দুর।

আমরে গাছে লতানো ছিল একটি ফলন্ত কুমড়া গাছ। ঐ গাছের তলায় একটি ভেড়া শুয়ে ছিল। একটি মেঠো ইঁদুর আম গাছের কুমড়া লতাটিকে কুট কুট করে কাটতে লাগল। অল্প কিছুক্ষণের মধ্যেই কুমড়াসহ কর্তিত লতাটি গাছের তলায় শোয়া ভেড়াটির গায়ের উপর পড়ল। তখন আহত ভেরাটি ভ্যা ভ্যা করে ডাকতে ডাকতে মারা গেল।

৪৫. আরে ভাই কি করেন কানা কুনা দুই পায়ে নাকি চলি গেইল
মানষি তিন ঝনা।

— কোলে পিঠে দু'টি সন্তান নিয়ে এক নারী চলে গেল। ''দাম্পত্য কলহের ফলে নারীটি স্বামীকে না জানিয়ে খেয়া পার হয়ে বাপের বাড়ি চলে গেল। মাঝি তার পরিচয় জানতে চাইলে নারীটি 'তিন তেরো আরও বারো-' ইত্যাদি ধাঁধার পরিচয় দিলে মাঝি তার স্বামীকে চিনতে পারে। পরে স্বামীটি এসে ধাঁধাতেই মাঝিকে প্রশ্ন করে - 'আরে ভাই কি করেন'-ইত্যাদি।''

৪৬. আল্লার দুয়ারে বোল্লার চাক একটা গাছের একটা পাত।
১. দু'সারি দাঁত। — জিহ্বা।

৪৭. আসিতে গুজুর গুজুর গেইতে গুজুর গুজুর।
এই ভাঙ্গতি বুঝি না দিলে গুষ্টি সুদায় কুকুর। — শুঁয়া পোকা।

৪৮. আসিল ঝম্‌ঝমিয়া পইল্লেক ঘুঘু পাখা মেলেয়া
ধরিল আধার, গিলিল্ না। — জাল।

৪৯. আসিল বাউ, বসেক, চামচিলকাটা চুষেক। — হুঁকা খেতে বলা (জলপাইগুড়ি)।

৫০. আসিলেক কালা খাঁ, বসিলেক ডালে কোনয় ব্যাটার সাধ্য নাই
কালা খাঁ-ক আটকাইতে পারে। — রাত্রি

৫১. আসিলেক বোসন্তকাল
হইলেক নালে নাল;
নালখান খসি পইল -
বোচা বুড়িটা আট্‌কি রইল।
কাপ্পাস কালা কামরাঙ্গা
ফাটি হইল ডাংডাংগা। — শিমূল ফুল ও ফল।

৫২. আস্তার ধারে গছটা, ফল হয় তাত্ বারোটা
পাকিলে হয় ফির একেটা। —বারোমাস ও বৎসর।

তু খালের ধারে এট্টি গাছ,
ফল হয় বারোটি পাকলি একটি। (— বহড়ু ঃ দঃ ২৪-পরগণা)।

৫৩. ইটা কুর্‌কুর্ ভিটাৎ বাড়ি, কোন জন্তুর জিহ্বাৎ দাড়ি। — শামুক।

তু লাঠি ঠন্‌ঠন্, লাঠি ঠন্‌ঠন্, পিঁড়ায় বাড়ি।
কোন জন্তুর জিহ্বায় দাড়ি?

১. 'পিঁড়ায় বাড়ি' কথাটি কি 'পিঠে বাড়ি' অর্থে ব্যবহৃত হয়েছে? শামুক অতি ধীরে ধীরে চলে। তাই বৃদ্ধদের অনুসঙ্গে লাঠি ঠন্‌ঠন্‌, লাঠি ঠন্‌ঠন্‌ হতে পারে।

৫৪. ইতিম্‌ পিতিম্‌ চৌডালে ভাসা আঁধারে গিলল ছাও-
এত বড় তামাসা। — একটি বিড়াল চিলের বাচ্চা খেয়ে নিল।

৫৫. ইত্তি গেনু উত্তি গেনু, গেনু চওড়ার হাট;
একটা কন্যা দেখে আইনু, ষোল সারের দাঁত। — লাউ (কোচবিহার)

৫৬. ইত্তি গেনু উত্তি গেনু, গেনু চিলকির হাট;
একনা বুড়ী দেখি আসিনু চৈদ্ধকোনা দাঁত। — বেদা।

৫৭. ইত্তি গেনু - একনা বুড়ীর দেখি আসিনু খিস্‌খিস্যা দাঁত। —কুমড়ার বীচি (কোচবিহার)।

৫৮. ইত্তি গেনু- একনা বুড়ীর দেখি আসিনু যোল্লোকোনা দাঁত। —কলার ছড়া (কোচবিহার)।

৫৯. ইত্তি গেনু উত্তি গেনু, গেনু বলাইর হাট;
একটা চ্যাংড়াক দেখি আসিনু প্যাটের উপরা দাঁত। —বদনা (কোচবিহার)।

৬০. ইত্তি গেলুং উত্তি গেলুং, গেলুং অংপুরের হাট;
একনা বুড়ির দেখি আসলুং একেকোনা দাঁত।
— কাড়ালি (ধান ঝাড়ার জন্য তাঁকশি বিশিষ্ট বংশদন্ড বিশেষ।) তু নং ৬৩

৬১. ইত্তু কোনা বাটি, সোনা দিয়া ভত্তি। — ডালিম

৬২. ইদি নাচে, উদি নাচে,
তোমার বাড়িত কি তায় আছে? — কুশসি/ঝাঁটা (-রঙ্গপুত্র)

৬৩. ইর গেলুং বীর গেলুং, গেলুং বীরের হাট;
একেনা বুড়ার দেখি আসিলুং একেকোনা দাঁত। — কাড়ালী।

৬৪. ইর গেলুং- একে শুল্‌কি দেখি আসলুং ষোল সারি দাঁত। — ভুট্টা।
তু হিত্তি গেনু হুত্তি গেনু , গেনু মন্ডল ঘাট;
একনা কইনা দেখি আসিনু যোল্ল সারি দাঁত। (-জলপাইগুড়ি)

৬৫. ইরকিচি বিরকিচি, নাই চোঁচা নাই বীচি। — লবন।
তু ক) ইকরি বিকরি নাই চোচা নাই বিচি। (-জলপাইগুড়)

৬৬. ইল শুকাইল বিল শুকাইল শুকাইল নদীর জল,
কেমন করি চরি গেইল গাছের মাথাত জল। — ডাব।

৬৭. উঠ বুড়া মুই বইসং। — ঘরের পুরনো খুঁটি বদলে নতুন খুঁটি বসানো।

৬৮. উঠিতে ঝকমক বসিতে পাহাড়
লক্ষ লক্ষ জীব মারে, না করে আহার। — জাল।
তু ক) আশমনে ঝকমক, পড়িলে পাহাড়,
জীব মারে হাজার হাজার, না করে আহার। (- দিনাজপুর)
খ) উঠিতে ঝাটং পাটং বসিতে পাহাড়
লক্ষ লক্ষ জীব মারে না করে আহার। (- কোচবহির)
গ) চলিতে রুনঝুনু, যলিলে পাহাড়
শত শত জীব মারে, না করে আহার। (-ঝাড়গ্রাম)
ঘ) পড়িতে ঝুনঝুন উঠিতে পাহাড়,
লাখ লাখ জীব মরে না করে আহার। (-বাঁকুড়া)

৬৯. উড্রো গরু বড় বড় শিং
বড় বড় দরিয়ার পারে নিন — কাঁকড়া।
তু ওদরং গরুর বদরং শিং
বড় বড় ধানিয়াত পারে নিন। (-জলপাইগুড়ি)

৭০. উতরতি হিরির গিরির, দখনতি বান
গোছি মাছটা ডিমা পারে পাথরের সামান;
আছড়াতে ভাঙেয়া, হাতির টিপ সয় না। — বুদ্ধুদ (জলপাইগুড়ি)।
৭১. উত্তর হাতে আসিল ঝরু
ঝরু কয় মোর কমর সরু। — ঝাঁটা। (বান্নি)।
৭২. উত্তর হাতে আসিল বলগা সাদা ফক্‌ফক্‌ করে
মাছও না খায় মস্‌মও না খায় মাটি কামড়ে মরে। — শিল।
৭৩. উদা উদা উদা, যেলা উদার মনত পড়ে
গোটায় মানষিটাক ঘাড়ত করে। — খড়ম (জলপাইগুড়ি)।
৭৪. উপর চ্যাপ্‌টা তল চ্যাপ্‌টা চ্যাপ্‌টায় চ্যাপ্‌টায় কয়,
মোইন্দর একেটা হিংয়লের মুড়া টক্‌টক্‌ করিয়া রয়। — জাঁতা।
৭৫. উপর থাকি পউল ঢ্যাপ,
ঢ্যাপ কয় মোর প্যাট কাট। — সুপারী।
তু ক) স্বর্গে থাকি পইল ভ্যাট্‌
ভ্যাট কয়- (- রংপুর)।
খ) আকাশ থাকি পইল ভ্যাট্‌- (-কোচবিহার)।
৭৬. উপর থাকি পইল বগিলা ধলা ফক্‌ফক্‌ করে,
মাছ না খায়, মসম্‌ না খায় মাটিৎ কামরেয়া মরে। — শিল।
৭৭. উপর থাকি পড়িল ছুরি
ছুরি কয় ঘুরিয়া মরি। — বাঁশপাতা।
তু আকাশ থে পড়ল ছুরি
ছুরি বলে আমি কোথায় ঘুরি। (- বহড়ু; ২৪-পরগণা)।
৭৮. উপর থাকি পড়িল সাংকুরা সাংকুরা সাং সাং করে,
হাতও নাই, পা-ও নাই মাটি কামরেয়া মরে। — কোদাল।
৭৯. উপর হল্‌দিয়া ভিতর সাদা পন্ডিতের ঘর বুজে আদামাদা
মুর্খের ঘর বুজে কলা। — পাকা কলা।
৮০. উপর হাতে পইল ছুরি
বেত কাটা গেইল আঠারো কুড়ি। — নাপিতের ক্ষুর।
তু ক) এখঅন থেকে মারলাম ছুরি
বাঁশ কাটলাম আঠারো ঝুরি। (-মুর্শিদাবাদ)।
খ) এই কুল থাই মারলাম ছুরি
বেত কাটা গেল আঠার কুড়ি। (-চাক্‌মা ঃ চট্টগ্রাম)।
গ) বেত বাড়িতে ফেলানু ছুরি
বেত কাটা গেইল আঠার বুড়ি। (-রঙপুর)।
৮১. উপর হাতে পরিল বুড়ি সাদা কাপড় পরি
ভজনত বসিল বুড়ি ঘাড় ন্যাল্‌ ন্যাল্‌ করি। — বক।
৮২. উপরে খোলসা তলত খোলসা
তার মোইন্দে নাল তামশা। — মুসুর ডাল।
১. খোসা
পা উপরতেউ মালসা নীচতউ মালসা
মইদ্যত্‌ আছে নাল তামসা।
৮৩. উপরে চিকন-চাকন, তলে ভের-ভেসা
এই শিলোক বুঝি দিবা না পাইলে

বাপ-মাও তোর গাধা। — ঘরের নিকানো বেড়া (জলপাইগুড়ি)।
৮৪. উপরে পাত পাতারি তলত আছে ফালা,
মাও খায় বাপে খায় সগায় খায় তলত আছে আটা। — গম
৮৫. এই গেইল, এই আসিল।
পা হুর গেইল, হের আসিল। — দৃষ্টি।
৮৬. এইঠে থুনু হইল কি ভাতার চান্দালে দিম কি।
আজার আইজ্জে নাই পাসারীর দোকানতও নাই। — শিল।
তু ক) হিমহিম কাজললতা, এ ফলটি পেলে কোথা
রাজার ভান্ডারে নাই, বেনের দোকানে নাই। (-মল্লারপুর ঃ বীরভূম)।
খ) হস্তি দাঁত, গজমুক্ত, কাটিলে বাকল নাই;
এই ফলটি খুঁজিলে রাজ্য ভিতরে নাই। (- ডোমজুড় ঃ সিংভূম)।
কিন্তু কুইলাপাল, পুরুলিয়াতে ধাঁধাটি বিদ্যুৎ অর্থে প্রয়োগ করা হয়। যেমন-
এ ফলটা পেলিস কোথা,
রাজার কুন্তলেও নাই, বেবের দোকানেও নাই
পয়সা দিলেও মিলে নাই।
৮৭. এক আইজে দুই আজা একে নাম ধরে
কৃষ্ণবর্ণ চুড়া তার মস্তকের উপর। — স্তনযুগল।
৮৮. এক কুরুযা যোল মনসা আরো যোল জন বইসে
আন্দুনি যদি ভাল হয় গোটায় গোটায় পস্যে।
১. পাত্র ২. মানুষ ৩. পরসে, পরিবেশন করে — হুঁকা।
৮৯. একখান কঞ্চি আঁকাবাঁকা ফুল ফুটেছে ঝাকাঝাকা
কোন শিল্পী গড়েছে সোনা রূপা জ্বলেছে। — প্রতিমা।
৯০. এক ছাওয়াতে বুড়ি। — কলা গাছ।
তু ক) রাজার বাড়ির ঘোড়ী
একই বিয়ানে বুড়ি। (-শ্রীহট্ট)
খ) রাজার বাড়ির ঘুড়ি
অক্কই বিয়ানে বুড়ি। (-মৈমনসিংহ)।
গ) রাজারো ঘুড়ি
এক বিয়ানে বুড়ি। (-চট্টগ্রাম)।
৯১. একজাত গেলাসত দুই জাত পানি,
কায় কবার পায়, তাক হামরা ওস্তাদ মানি। — ডিম।
তু এক গেলাসে দুই রকম পানি। (-দ. ২৪-পরগণা)।
৯২. এক জেলা নারিকেল পাড়াইল তিন জোড়া
হত পিছলি পড়ি গেইল,
গাসির না পাইয়া বাড়ি আসিল। — সব নারিকেল কুয়োয়ে পড়েছে।
৯৩. এক থাল সুপারী গনির না পায় ব্যাপারী। — আকাশের তারা।
তু ক) এক নৌকা সুপারী, গুনতে পারো ব্যাপারী। (-উঃ ২৪-পরগণা।)
খ) এক থাল সুপারী, গুনতে পারো ব্যাপারী। (-মুর্শিদাবাদ)।
গ) এক থাল সুপারী, গুনতে পারে কোন ব্যাপারী। (- খুলনা)।
৯৪. এক দন্ড তিন খন্ড, মাথায় যার ধবল চন্দ্র
বুঝেন তে এই, না বুঝেন তে এই;
ভাঙ্গি ভুলি কয়া দিনু, তবু বুঝেন কই? — বৃদ্ধাঙ্গুষ্ঠ (রঙপুর)।
ধাঁধাটি বলার সময় প্রশ্নকর্তা বৃদ্ধাঙ্গুষ্ঠ তুলে উত্তরদাতাকে বিভ্রান্ত করে।

৯৫. এক দেশেতে তিন রাজা তিন রাজার এক ধাজা;
পরমেশ্বরের এমন কাম তিন রাজার এক নাম।
৯৬. এক নদীর পঞ্চধারা
মায়ে-পুতে হছি ছাড়া। — হাতের পাঁচ আঙ্গুল।
৯৭. এক বীর দশ শির নোয়ায় রাবণ,
বেটি ছাওয়ার হাতত তার অবশ্য মরণ। — ঝিঙা।
৯৮. এক বুড়ীর এগার ব্যাটা-
চাইর ব্যাটা তার নাটুর নুটুর,
চাইর ব্যাটা তার ঘৃত মধুর
দুই ব্যাটা তার শুকান্ কাঠ
এক ব্যাটা তার পাগলা নাথ। — গরু।
— চার পা, চার বাঁট, দুটি শিং এবং লেজ।
তু একাই নয় ভাই।
চারি ভাই কাদা ছেনে, দুই ভাই সিংহাসনে
দুই ভাই পাখা টানে
এক ভাই পাগলা নাচে। (- নদীয়া)।
৯৯. এক মুঠ সরঞ্জার কাঠি
কেউ আগায়, কেউ ভাটি। — হাট বা বাজার (রঙপুর)।
১. এর কাঠিতে বেড়া হয়। সমবেত হওয়া অর্থে।
১০০. এক ভাই সাগরত, এক ভাই নগরত,
এক ভাই গাছের আগালত। — চুন, পান ও সুপারী।
১০১. এক মরদ মরিয়া গেইল হাজার জনা হইল গোট;
কেমন করিয়া ভরিয়া দিবে ফোঁরকোনা হইল আঁট। — পিপীলিকার আহার সংগ্রহ। (-রংপুর)।
১০২. এক শহরে মাল পোড়া গেইল আর শহরে ধুয়া,
আর এক শহরে মাল পোড়া যায় চ্যাচেয়া মরে চুয়া। — হুঁকা।
১০৩. একশয় ঘরের একেটা পই। — বোলতার চাক (জলপাইগুড়ি)।
তু ভাইরে নন্দন,
একশ ঘরের একটা বন্ধন। (- রঙপুর)।
১০৪. একশয় ভাই একেনা শিকোই। — ঝাঁটা।
১. কোমরের দড়ি
১০৫. এক শালিকের দুই মাথা
শালিক যায় কলিকতা। — নৌকা।
১০৬. এক হাত গাছ কোনা
এল ফলে পাঁচ কোনা। — হাত ও পাঁচ আঙ্গুল।
তু এক হাত গাছটা, ফল ধরে পাঁচটা। (-মৈমনসিংহ)।
১০৭. এক হাত ডান্ডা, শয় শয় কান্টা। — করলা।
১. কাঁটা।
১০৮. এক হাত্তী দুই মাথা,
চল হাত্তী কইলকাত্তা। — নৌকা।
তু ক) এক শালী দুই মাথা- (-খুলনা)।
খ) এক হৈলর্ দুই মাথা
হৈল গেইল কইলকাতা। (-চাকমা ঃ চট্টগ্রাম)।

১০৯. একটা খুড়িয়া মুল্লুকটা জুড়িয়া। — চাঁদ।
১১০. একটা গরুর তিনটা শিং। — উটকন (ঢ্যারা)।
১১১. একটা লম্বা দুইটা গোল
বাবরি ধরি টানি তোল। — দাঁড়ি-পাল্লা।
১১২. একটা মানষি আসি আর একটা মানষিক কয়,-
তোমরা যদি দেন তো মুই না ন্যাং
আর তোমরা যদি না দেন তো মুই ন্যাং। — বেদা।
১১৩. একটু খানি ডালে
কৃষ্ণ ঠাকুর নাচে। — কালো লংকা।
১১৪. একনা গছত তিনটি ফল পাড়াও তো বাপই খাই,
তোমরা দুই বাপোতে হামরাও দুই বাপোতে
গোটায় গোটায় পাই। — পিতা, পুত্র, পৌত্র।
১. পা নারিকেল।
তু গছত আছে তিন গটা নারিওল পারাও দেখি খাই
তোমরা দুই বাপোতে হামরা দুই বাপোতে
গটায় গটায় যানি পাই। (-জলপাইগুড়ি)।
১১৫. একনা গছত একনা ফল
পাকি আছে টলমল। — আনারস।
তু ক) ভগবানের এমন কল
একটি গাছে একটি ফল। (-২৪-পরগণা)।
খ) আল্লার কি কল
এট্টা গাছে এট্টা ফল। (-দঃ ২৪-পরগণা)।
১১৬. একনা ঘর নিকা-জোকা ফুল ফুটিছে ঝোপা ঝোপা,
ফুল কুড়াইয়া কাও নাই আজা মইচ্চে তার কান্দাইয়া নাই। — আকাশের তারা।
তু ক) ঝিঁয়া ফুল ফুটি রইয়ে, তোলন্যা নাই
বড় উঠান পাড়ি রইয়ে কোঁচন্যা নাই। (-চাকমা)।
১. ঝিঙে ফুল, ২. পরিস্কার করার লোক।
খ) পা কত ফুল ফুইট্যা রইছে/তুলনা নাই। (-মৈমনসিংহ)।
গ) রাজার বেটা মারিয়া রইছে কান্দিবার নাই।
রাজার ঠান পড়িয়া রইছে ঝাড়িবার নাই।
মালী ফুল ফুটিয়া রইছে তুলিবার নাই। (-শ্রীহট্ট)।
১১৭. একনা জমির গছ
টোকা দিলে পরে অস। — চোখ, চোখের জল।
১১৮. একনা নাঠি পির পির গাঁটি
গালাত ঘুগরা, মাথাত ছাতি। — সুপারী গাছ (কোচবিহার)।

ধাঁধাটির কথা বস্তু অনুসারে উত্তরটি মনে হয় হওয়া উচিত খেজুর গাছ।কারণ, 'পিরপির গাঁটি' এবং 'গালাত ঘুগরা' অর্থ্যাৎ গলায় কলস বাঁধা খেজুর গাছেই দেখা যায়, সুপারী গাছে নয়।

১১৯. একনা পাকির নাম ঘোটো, সারাদিন উড়ি বেড়ায়
পাখিনা না করে গোটো। — ফড়িং।
১২০. একনা পাখি নাল টিস্‌টিস্ করে,
কাল্লার ছাড়ি ফিচাৎ জবাই করে। — লঙ্কা।
১. মাথা ২. পশ্চাতে
১২১. একনা পোখোরি মচ্ছ কিলবিল করে,

একটুক্ কুটুরা পাইলে বড়ো মুশকিল করে। — চোখ (জলপাইগুড়ি)।

তু ক) যমুনার জল টলমল করে,
একটুক কুটা পাইলে সর্বনাশ করে। (-রঙপুর)।
খ) মামাদের পুকুর টলমল করে
একটা কুটা পড়লেই সর্বনাশ করে। (-মুর্শিদাবাদ)

১২২. একনা পোয়ার দুইখান চাল। — কলাপাতা।

তু ক) এখান কইমত দুইখান চাল। (-রংপুর)।
খ) এককোড়, দুই চাল। (-মৈমনসিংহ)।

১২৩. একনা বাঁশীর এগারো ফোড়,
নাই আগাল, নাই গোর। — সন্তানবতী নারী।

১২৪. একনা বাঁশীর নাওটা ফোড়,
নাই আগাল, নাই গোর। — পুরুষ।

১২৫. একনা বুড়া হাট যায়,
গালে মুখে চর খায়। — মাটির হাড়ি বা কলস।

তু ক) একনা বুড়ী- (-রঙপুর)।
খ) - হাট গেলে চর খায়। (-জলপাইগুড়ি)।
গ) লালবাবু হাটে যায়
বিনিদোষে মার খায়। (-দঃ ২৪-পরগণা)।
ঘ) লালমোহন বাজারে যায়
দুই গালে দুই চর খায়। (-ত্রিপুরা)।
ঙ) রাঙা বউটি হাটে যায়
চর খেয়ে জীবন যায়। (-নদীয়া)।

১২৬. একনা বুড়ী কোন মুতুরী। — ঘরের কোণে রাখা ক্ষার জলের পাত্র।

১২৭. একনা বুড়ি মুড়ি ভাজে
মানষি দেখিলে দুয়োর ঢাকে। — শামুক।

তু ক) একনা বুড়ি খই ভাজে
মানষি দেখিলে ঝাপ ঢাকে। (-জলপাইগুড়ি)।
খ) একেনা বুড়ি হাট যায়,
আমাক দেখি দুয়র দেয়। (-রঙপুর)।

১২৮. একনা বুড়ী, সকালে উঠিয়া করে ধেন্দুরা-ধেন্দুড়ি। — ঝাঁটা। (জলপাইগুড়ি)।

১২৯. একনা বুড়ী, সারা গায়ে ফুসুরী। — কাঠাল। (জলপাইগুড়ি)।

পা একনা বাপোই, সারা গায়ে আটোই।

১৩০. একনা বুড়ীর পিঠিত কুঁজ
চতুর পাকে পরে পুঁজ। — টিনের চৌচালা।

১৩১. একনা বুড়ীর পিঠিত কুঁজ
বারা না উবায়, নাগায় যুঝ। — কাস্তে।

পা ধান বাড়ি যায়া নাগায় যুঝ।

১৩২. একনা বেইচ্ছাওয়া সব সোমায় অন্ধেরে থাকে
সাদা কাপড় পিন্ধিয়া। — কলার থোড়/গাত্রা।

১৩৩. একনা বেড়ে গোটায় ঘরটা ঘেরে। — প্রদীপের আলো।
ক) একটা খড়ে, ঘরটা বেড়ে। (-কোচবিহার)।
খ) একটুখানি দড়ি, সকল ঘর বেড়ি। (-নদীয়া)।

১৩৪. একনা হাঁড়ি টেক্‌স গাড়ি

কোন কুমারে গড়েছে,
সনা-রূপায় ভরেছে। — ডালিম।

লোটুম লুটুম চডোটি,
কোন কুমারে গড়েছে;
তাতে মানিক-মুক্তো ভরেছে। (-মুর্শিদাবাদ)।

১৩৫. একান কাবাড়ি এঁকাবেঁকা তাত চড়িল মহাজনের ব্যাটা,
মহাজনের ব্যাটা নোমায় মহাজনের নাতি।
এই ছিলকা ভাঙি দিতে নাইগবে আশিন-কাতি। — বাই-সাইকেল।

১৩৬. একে গছত বোলালুং সব গাছ নড়িল,
হুকায় ডিমা পাড়িল তায় গঙ্গাত ভাসিল। — ঘি।

১৩৭. একে মতন দুই ভাই একে নাম ধরে,
মাথার উপর শিং দুইটা নাটার গাটার করে। — খড়ম।

১৩৮. একে একে শিয়ালের পাচে পাচে নেটু
পাঁচটা শিয়ালের কয়টা নেচু। — পাঁচটা।

১৩৯. একেকোনা পকি, গাও সুং সুং,
তলত পাক্না, উপরত মসং। — বেড়া (চাটি)।

১৪০. একে সারিত তিনখান বাড়ি-
কাইনটার বাড়িত আগুন ধরিছে,
মোইন্দের বাড়িটা চুপ করিয়া আছে,
হে কাইটার বাড়িটা গোলমাল করে। — কল্কে, নৈচে, হুঁকা।

১৪১. একেনা গছ ঝাপুর ঝুপুর
তাতে আছে কালা কুকুর। — উকুন।

একেনা গছ ঝাপুর ঝুপুর
তাত চরিছে কালা কুকুর। (-রঙপুর)।

১৪২. একেনা জিনিস ভাল-
ক্যালটাইলে খ্যাকতালি গোন্দায়,
খাবার মজা ভাল। — মজা সুপারী।

১. ছাল ছাড়ালে/ ফেরে দিলে। ২. পচা পচা মত।

১৪৩. একেনা বাপোই, সারা গায়ে আটই। — কাঁঠাল।

১৪৪. একেনা বুড়ার প্যাটত ত্যাল
ঐকিনা বুড়ার মাথা নাল। — কুপি।

১৪৫. একেনা বুড়ী সেজা মাতুরী,
সাকালে উঠি এক গুড়ি। — গরুর খুঁটা।

১. লাথি। লাথি দিয়ে বসানো গরুর খুঁটা।

ক) একেনা বুড়ী বিয়ানে উঠি
তার মাথাত তিন গুরি। (-রঙপুর)।

খ) একনা বুড়ী/ সাকালে উঠিয়া মারে এক গুড়ি। (-জলপাইগুড়ি)।

গ) একনা বুড়ী/ নিন্ হাতে উঠি মাথাত্ গুড়ি। (-কোচবিহার)।

১৪৬. এটে গারনু গছ-গছালি আমপুরে গেইল ঠ্যাক্
তোতাপাখি গান গায় ঘন ঘন ডাক। — হুঁকার শব্দ ও ধোঁয়া।

এটে রুনু গচ-গচালী, ওটে রুনু গচ-গচালী
পাঙ্গা গেইল ডাল।
চুমা পাখি ছাড়ি দিবো

আসিবে কত কাল। —তামাকের ধোঁয়া (রঙপুর)।

১৪৭. এটে গারলুং গছ গছলী আম্‌পুর গেইল লতা;
ছিড়া পাতারি জোড়া ন্যায় হেটো ক্যামন কথা। — মেঘ।

১৪৮. এটে থাকি দিলুং দৃষ্টি
ঐকিনা গাছটা ভারি মিষ্টি। — আখ।

ক) এখান থেকে করলাম দৃষ্টি
ওই গাছটি বড় মিষ্টি। — (মুর্শিদাবাদ)।

খ) এখান থেকে দিলাম দৃষ্টি
ওই গাছটা বড় মিষ্টি। (-ঝাড়গ্রাম)।

১৪৯. এটে থাকি ফিকালুং থাল
থাল গেইল মোর বৈট্যার খাল
বৈট্যার জলগিলা টল্‌টল্ করে
এন্তেকোনা কুটুরা পইল্লে সব্বনাশ করে। — চোখ।

১৫০. এটে দিলুং টিপা আমপুরে গেইল শিখা। — টর্চলাইট।

১৫১. এটে রুনু গছ-গছালী, ওটে রুনু গছ-গছালী
পাঙ্গা গেইল ডাল্। চুমা পাখি ছাড়ি দিচোঁ
আসবে কত কাল। — ধোঁয়া (রঙপুর)

১. স্থানীয় একটি নদীর নাম।

১৫২. এন্ডি ছাগলের ভেন্ডি নাই,
ঘাস খায় তার নাদি নাই। — পাসুন (খুড়পী)।

১৫৩. এন্তেকোনা খুপড়ি
তাতে থাকে চল্লিশটা বক্‌রি। — দিয়াশলাই বা ও কাঠি।

১৫৪. এন্তেকোনা চ্যাংড়া
বড় বড় গাছত নাগায় ন্যাংরা। — মাকড়সা ও জাল।

১৫৫. এন্তেকোনা নদীর কানি
না শুকায় উয়ার পানি। — জিহ্বা।

ক) এতটুকু কানি শুকাতে না জানি। (-পুরুলিয়া)।

১. বস্ত্রখন্ড বা জমিখন্ড অর্থে শব্দটি ব্যাবহৃত হয়।

খ) এটুখেন্ডা কানি, না শুকুতি জানি। (-লক্ষ্মীনারায়ণপুর, দঃ ২৪-পরগণা)।

১৫৬. এপারতে শোয়া শিয়াল হোপারতে শোয়া শিয়াল
মোট হইল কয়টা শিয়াল? — দু'টি।

১৫৭. এমনিত মরা খাস তো খা, না খাস তো যা
উপরে আছে খলুয়ার বাপ, কইলেক বা। — বঁড়শি (কোচবিহার)।

১৫৮. ওম্‌পুরে নাগিল ওগুন, দিনাজপুরে ধুয়া
মহাজনের মাথা পুড়া যায়, চ্যাচেয়া মরে চুয়া। — হুঁকা (রঙপুর)।

ক) কলিকাতায় লাগল আগুন
নারকেল বাড়িতে উঠল আগুন। (-মুর্শিদাবাদ)।

খ) কলকেতায় আগুন নেগেছে,
নারকেলডাঙ্গায় খবর হচ্ছে। (-দঃ ২৪-পরগনা)।

গ) ঢাকা দি লাগ্যে আগুন
কইলগতা গেইএ পোড়া,
শঙ্খ নদী ভুট্‌ভুটাইয়ে
নলউয়া দি ধাইএ ধুয়া। (-চাকমা ঃ চট্টগ্রাম)

১৫৯. ওটোরা গরুর ভোটরাং শিং
বড় বড় নদীতে পারে নিন। — নৌকা।

১৬০. ও পারে পোনা গিলা থুকুর বুকুর করে,
এ পারের চ্যাংড়া কোনা টিকাত চাপড় মারে। — হাঁড়িতে ভাত সেদ্ধ হওয়া।

ক) একেনা চুয়াত মাছ কিল্‌বিল করে
জলকোনা শুকালে সগায় আশা করে।

খ) টগবগ জলে/মাছ কিলবিল করে। (- বড়ো বৈনান ঃ বর্ধমান)।

# ৩. লোককথা(Folktale)

## খটুয়ামতি কইন্যা

তিস্তানদীর পাড়ত রহিমগঞ্জনামে খুবে পুরাণ একটা গঞ্জ ছিল। এই গঞ্জের উপুরা দিয়া ঢেলগিলা ছোট-ছোট নদীর ড্যারা চলি গেইছে। আর এই ড্যারাগিলাত মাছের কুন অভাব ছিল না। অগল-বগলের মানষিগুলা এই ড্যারাত ট্যামাই জলঙ্গা পাতেয়া কই, মাগুর, শিঙ্গি, ট্যাংনা, খইলসা, পুটি, ডাইরকা, শোল, বহালি, গদা, পঁয়া নানান জাতের মাছ ধরে। এলাকার মানষিগুলা বাইষ্যা কালত মাছ মারিয়া সারা বছরের বাদে শুকটা-সিদল বানে থয়।

কিন্তুক এ্যাকবার বিপদদ পড়িলেক ওই গঞ্জের শেঠিয়াল ধনেশ্বর রায়। সগারে ঘরত যে সময়ত ট্যামাই জলঙ্গার মাছ বালতি বালতি উঠিবার ধরিলেক, সে সময়ত ধনেশ্বরের বাড়িত চখু মেলিয়া দেখিবার নাখান এ্যাকটাও মাছ নাই। সগারে ট্যামাই জলঙ্গাত এত মাছ; কিন্তুক ধনেশ্বরের ট্যামাইত একটা জলপোকাও নাই ক্যানে- এই চিন্তাতে ধনেশ্বরের আর ঘুম হয় না। মাঝে মইধ্যে ভাবে কাহো উমার ট্যামাই ঝারি মাছ ধরি পালায় না তো? না, ঘরত বসিয়া চুপ করিয়া থাকিলে আর কুন কাম হবার নাহয়। চোরটাক হাতে-নাতে ধরিয়া উচিত শিক্ষা না দিলে ব্যাটা সোজা হবার নয়।

ধনেশ্বরের চিন্তাও য্যামন কামও ত্যামন। একদিন আতির ব্যালা নদীর ধাদিনাত একটা ঝুপরির মইধ্যত নুকি থাকিয়া ট্যামাই পহরা দিবার ধরে আর মনে মনে ভাইবতে থাকে- আজি কায় আইসেছে আসুকরে শালার ব্যাটা। যদুক একবার মোর হাতোত ধরা পরে, উয়ার বাপের বিয়াও দ্যাখে ছাড়ি দিম। হাড়হাড্ডি খসে ছাড়ি দিম।

ঝুপড়িত বসি বসি মসর কামড় খাইতে খাইতে বেইশ কয়টা প্রহর কাটি যায়। আতির এক পহর যায়া ধনেশ্বর দ্যাখা পায় একটা ধপধপা সাদা বগা আসিয়া ট্যামাইটার উপুরত বসিয়া কক্ কক্ করিয়্যা মাছ খাবার ধরে। বকটার মাছ খাওয়া দেখিয়া ধনেশ্বর মনে মনে ভাবে - ওরে শালার ব্যাটা বগা, হিটা তোরে কাম। মুই তো ভাবিছিনু কুন চোরের কাম বধে। তা চোর নাহয়, শালারব্যাটা তুইয়ে। অইস, আজি তোরে বাপের বিয়াওটা দ্যাখে দ্যাও। ধনেশ্বরের ভাবাও শ্যাষ, কামও শ্যাষ। পাছ পাখ থাকিয়া সুট করি আসিয়া খপ করিয়া বগাটাক ধরি ফ্যালায়। বগাটাও কক্ কক্ করিয়া ড্যানা পাখেনা মেলি ধরিয়া পালেবার চায়। কিন্তুক ধনেশ্বরও বাপের ব্যাটা। ছাড়িবার মানষি নাহয়। ওই আতিত ট্যামাই জলঙ্গা ভনতে বগাটাক বাড়ি ধরি আইসে।

পরদিন সাকালে উঠিয়া ধনেশ্বর উয়ার ব্যাটাক কয় -বাউরে, বগাটাক মাড়িয়া দে। তোর মাক ক' ত্যালে-মসলায় ভাল্ করিয়া আন্ধিবার। বেটা মাছ খায়া খায়া দেহাকেনা ঠসঠসা করিছে। আজি উয়ার মসংয়ের ঝোল খায়া পতিশোধ নিম। ধনেশ্বরের এই কাথা শুনিয়া বগা ভয়তে চমকি উঠিয়া কয় - মোর এ্যাকটা কাথা শুন বুড়াব্যাটা। এইবারের মতন মোক ছাড়ি দে। জীবনত আর কুনদিন মুই তোর ট্যামাইর মাছ খাবার নোয়াং। বগার কাথা শুনিয়া ধনেশ্বর কয় - মোক তুই পাগেলা ভাবিছিত! এদ্দিন থাকি তুই যে মোর ট্যামাইর মাছগিলা খাইছিত তার হিসাব কায় দিবে!

বগা-- মুই দিম।

ধনেশ্বর-- বগা হয়া তুই মোর মাছের হিসাব দিবো? ক্যানং করি ক' শুন।

বগা-- তুই যদুক মোক ছাড়ি দিস তাহলে মুই তোর বড় ব্যাটার বাদে খটুয়ামতি কইন্যা জুড়ি দিম। লক্ষ্মী কইন্যা। তোর গলা ভাঙ্গিয়া পড়িবে। ধনে জনে তুই দশসমাজের মইধ্যে একজন হয়া উঠিবো।

ধনেশ্বর-- তুই যে মোর ব্যাটাক খটুয়ামতি কইন্যা আনি দিবার ছল করি পালে যাবার নইস তার পরমাণ কি?

বগা-- কাথাত আছে না বুড়াব্যাটা, বিশ্বাসে মিলায় বস্তু তর্কে বহুদূর। মোক এ্যাকবারের জইন্যে বিশ্বাস করি দ্যাখ। ঠকিবার নইস।

ধনেশ্বর-- ছাড়ি দিলে তো তুই উড়ি পালাবো। তোর নাগাল স্যালা মুই কোনঠে পাম?

বগা-- তুই এ্যাকটা কাজ কর বুড়াব্যাটা - মোর ঠ্যাঙোত এক টোপলা সইষ্যা বান্ধি দে। টোপলার মইধ্যত এ্যাকটা কানা করি দে। সেই কানা দিয়া সইষ্যা পইত্তে পইত্তে যাবে। জল পায়া যালা সেই সইষ্যা থাকিয়া গছ হবে তুই স্যালা সেই গছ দেইখতে দেইখতে পথ হাটিব। যেইঠে যায়া দেখিবো সইষ্যার গছ শ্যাষ হয়া গেইছে তারে বগলত দেখিবো একটা পুরাণ বটগাছ আছে ওইঠে যায়া -বক ভাইয়া! বক ভাইয়া করি ডাক দিবো; মুই তোক দ্যাখা দিম।

ধনেশ্বর-- পালেবার কুন আল নহয় তো? ছাড়ি দিনু তাহলে!

ধনেশ্বর বগার ঠ্যাংঙোত সইষ্যার টোপলা বান্ধি দ্যায়। বগাও উড়ি যায়।

কয়দিন পর ধনেশ্বর নইক্ষ্য করিল যে বগাটা যেইদি যেইদি উড়ি গেইছে, সেইদি সেইদি আস্তার ধাদিনা দিয়া সইষ্যার গছ ভুটকাইসে। ধনেশ্বর সইষ্যার গছগিলা নইক্ষ্য কইত্যে কইত্যে পথ হাঁইটতে থাকে। এক সমাই যায়া দ্যাখে সইষ্যার চারা শ্যাষ হয়া গেইছে। তারে বগলত একটা পুরাণ বটগছ। বগার কাথা মতন সেইঠেকোনা যায়া ডাক দেয় -বগা ভাই! বগা ভাই!

পুরাণ বটগছটার ভিতিরা থাকি বগটা বাইর হয়া আসিয়া কয়- ও বুড়াভাই। তুই আচ্চিত। অইস।

তারপর বগভাই এ্যাকটা ছোট্ট খটুয়া বাইর করিয়া ধনেশ্বরের হাতত দিয়া কয় - এই ন্যাও বুড়াভাই। বাড়ি পহুছিবার আগোত খটুয়া খুলালে বিপদ ঘটিবার পারে। বাড়ি পহুছিয়া খটুয়ার মুটকি খুলালে কৌটার ভিতিরা থাকি কৌটা মতি কইন্যা বাইর হয়া আসিবে। সেই কইন্যাক দিয়া তুই তোর ব্যাটার নগত বিয়াও দিস।

খটুয়ামতি কইন্যা নিয়া বকভাইয়ার নগদ গল্‌ফ-সল্‌ফ করিয়া বাড়ির ভিতি ঘাটা ধরে। এতখান ঘাটা যাইতে যাইতে ধনেশ্বরের দেহা নাকাল হয়া পড়িছে। সেইবাদে ফিরিবার ঘাটাত ঢেলদূর আসিয়া একটা বটগছের নীচত আসিয়া দম খাবার বইসে। তার উপুরা মইধ্যমাথাত সূয্য মামা খাড়া হয়া আছে। বটগছটার নীচত বসিয়া দম খাইতে খাইতে ধনেশ্বর ভাবে -বগাটা মোক ঠকাইল্ না তো? ছচ করি খটুয়াটার ভিতিরাত কইন্যা আছে তো? নাকি মোকে বোকা বানাইল? বাড়ি যায়া যদি দ্যাখৎ যে খটুয়াত কিছুই নাই, তাহলে বাড়ির সগায় মোক ডাঙ্গে মারি ফেলাবে। ব্যাটার ঘর কবে - বুড়া বয়সে বাপ ছোচা মিছা কাথা কবার ধরিছে। খটুয়ামতি কইন্যার নগদ বিয়াও দিবার চায়া কইন্যার বদলত খালি খটুয়ার নগদ বিয়াও দিবার চক্রান্ত করিবার ধরিছে -তাহলে ব্যাটা মোক ডাঙ্গে মারি ফেলাবে। তার চায়া মুই বরং এ্যাকবার খটুয়াটা খুলি দেখি ন্যাং যে কৌটাত কিছু আছে কি নাই। এইনং নানান কাথা ভাইবতে ভাইবতে গছতলাত বসিয়া ধনেশ্বর খটুয়ার মুটকি খুলি ফ্যালায়। খটুয়ার মুটকি খুলাইতে কালে খটুয়ার ভিতিরা থাকি খটুয়ামতি কইন্যা এক ঝাপ্লে খটুয়া থাকি বাইর হয়া গছত চড়ি বইসে। ধনেশ্বর নানান কাথা কলেও খটুয়ামতি কইন্যা আর গছ থাকি নীচত নামি আইসে না। বিপদদ পড়ি যায় ধনেশ্বর। শ্যাষত খটুয়ামতি কইন্যা ধনেশ্বরক কয়া উঠে - বাপধন মোক যদি নিগিবার চান তাহলে রথ নিয়া আইস। মুই এই গছটাতে আছ। তমরা নিশ্চিন্ত মনে বাড়ি চলি যাও। নিরুপায় হয়া ধনেশ্বর বাড়ি চলি আইসে, খটুয়ামতি কইন্যাক বাড়ি আনিবার বাদে রথের ব্যবস্থা করিবার।

ধনেশ্বর বাড়ির পুখে কিছুদূর আসিবার পরপরে সেই গছটার তলত একটা ঘষি কুড়ি ডাউয়ানী দম খাবার বাদে বইসে। এইখান ওদোদ ঘষি কুড়াইতে কুড়াইতে বড্ড ক্লান্ত হয়া বটগছটার ছেমাত বইসে। হুট করিয়া ডাউয়ানীর দেহাত এক ফটা জলের টপানি আসি পড়ে। ডাউয়ানি জলের ফোটাটা চাটি নুনচি নুনচি স্বাদ পায়। মনে মনে ভাবে এইনং স্বাদ একমাত্র দেহার ঘামের। কুনঠে থাকি ঘামের ফোটাটা মোর দেহার উপরত পইল্লেক! ভিতিরা ভিতিরা ভয় পায়া উপরপুখে দ্যাখে এ্যাক সুন্দরী কইন্যা গছের উপরের ডালটাত বসি আছে। ডাউয়ানী খটুয়ামতি কইন্যাক নীচত নামিবার কয়। কিন্তুক খটুয়ামতি কইন্যা আর নামে না।

কুন উপায় না পায়া ডাউয়ানী নানান ছল করি খটুয়ামতি কইন্যার মন ভুলিবার বাদে নানান কাথা কয়া উঠে। ডাউয়ানী কয়- হাগে মাই তুই এতবড় হয়া গেইছিত গে। তুই মোর নিজের মাসির বেটি বইনি হোবো। হাগে মাই তুই মোক চিনিরে পারিস নাই। দেখছিনি মুইও একটা পাগিলী। সেই কুনকাল থাকি দ্যাখা নাই। ক্যানংকরি চিনির পারিস ক'ছিনি। মোরো মাথাটা গেইছে। আয় বইনিটা মোর নীচত নামি আয়।

ডাউয়ানীর চালাকী বুঝির না পারিয়া খটুয়ামতি কইন্যা নীচত নামি আইসে। তারপর নানান ভুচুং-ভাচাং কাথা কয়া খটুয়ামতি কইন্যার দেহার অলংকারগিলা খুলি নিয়া নিজের দেহাত পিন্দিয়া কয়- চলছিনি হামেরা ডবাত ঝিল দেখিয়া আসি ক্যানং মানাইছে। খটুয়ামতি কইন্যা ডাউয়ানীর কাথা মতন জলের ঝিল দেখিবার যায়। আর ওই সমাইত খটুয়ামতি কইন্যাক জলত ঢ্যাক্কে ফ্যালে দিয়া নিজে খটুয়ামতি কইন্যা সাজিয়া গছটার উপরত বসি থাকে। কিছুক্ষণ বাদে ধনেশ্বর খটুয়ামতি কইন্যাক বাড়ি নিগিবার বাদে রথ ধরি গছটার নীচত আইসে। অটিকোনা আসিয়া

খটুয়ামতি কইন্যাক নীচত নামিবার কয়। ডাউয়ানী নীচত নামি আইসে। ইয়ার আগত য্যালা ধনেশ্বর খটুয়ার মুটকি খুলায় স্যালা কিন্তুক ধনেশ্বর খটুয়ামতি কইন্যার মুখ দ্যাখে নাই বুলিয়া ডাউয়ানী আর খটুয়ামতি কইন্যার কুন ফারাক বুঝির পারিল নাই। ডাউয়ানীক রথত চড়েয়া বাড়ি আনিয়া বড়ব্যাটা ফুলকুমারের নগত বিয়াও দিয়া ঘর সংসার বান্ধি দিল।

ধনেশ্বরের ব্যাটা আর ডাইয়ানীর সংসার ভালোয় মন্দয় চলিবার ধরিল। মাঝেসাজে উমার জীবনত কনেক-আদেক অঘটন ঘটিবার ধরিল। ফুলকুমার পত্তি দিনে ওই ডবাটাত গাও ধুবার যায়। কিছুদিন পর ফুলকুমার লক্ষ্য করিল ডবার মইধ্যত এ্যাকটা পদ্মফুল ফুটিয়া আছে। আসল কাথা ওই ফুলটা হইল খটুয়ামতি কইন্যার আর একটা রূপ। মরি যায়া উয়ায় পদ্মফুলের রূপ নিছে। য্যালায় ফুলকুমার ডবাত গাও ধুবার নামে স্যালা করিয়ায় ফুলটা ফুলকুমারের বগল চাপে। আর য্যালা করিয়ায় ডাউয়ানী ডবাত গাও ধুবার নামে স্যালা করিয়ায় ফুলটা মইধ্যত চাপি থাকে। এইনং করিয়া কিছুদিন যাবার পর ফুলকুমার একদিন ফুলটাক ছিড়ি আনিয়া নিজের ঘরত ঝুলি থয়। এটিকোনাও এ্যাকটা অলৌকিক কান্ড ঘটিবার ধরিল। ফুলকুমার য্যালা করিয়ায় ঘর সন্দায় স্যালা করিয়ায় ফুলটা ভল্‌ভল্‌ করিয়া ফুটে অয়। আর ডাউয়ানী ঘর সন্দালে ফুলটা মুঞ্জি যায়। ফুলটার এই নাখাতি কান্ড দেখিয়া ডাউয়ানী গরমে টং হয়া একদিন ফুলটাক প্যাচকেটে ঘরের কাইঞ্চাবাড়িত ফ্যালে দেয়। পদ্মফুলটা যেইঠে ফ্যালে দেয় অটিকোনা এ্যাকটা কদুর গছ জন্ম নেয়। কিছুদিন যাইতে না যাইতে কদুর গছটা ফুলকুমারের থাকিবার ঘরটাত আভুলি উঠে। কদুও ফলে অজস্র। সারি সারি কদুগিলা দুয়ারোত ঝুলি থাকে। ফুলকুমার য্যালায় ঘর সন্দেবার যায় স্যালা করি কদুগিলা উপরত উঠি থাকে। আর য্যালা করিয়ায় ডাউয়ানী ঘর সন্দায় স্যালা করিয়ায় উয়ার মাথাত হুটুলা নাগে। কদুগিলার এই কান্ড দ্যাখিয়া এ্যাকদিন ডাউয়ানী দুয়ার থাকি দুই তিনটা কদু কাটিয়া আন্ধিবার ধরে। ডাউয়ানী কান্তাইত কদু চড়ে দিয়া ঢাকা দিয়ে জ্বাল দিবার ধইচ্চে। এমন সমাই কান্তাইর ভিতর থাকিয়া গদ্‌ গদ্‌ করিয়া কদুগিলা কয়া উঠিল -

নাউ গত গত! নাউ গত্‌ গত্‌!<br>
ডাউয়ানীর মাথা খাও;<br>
ঢাকা ফ্যালে দেও মুই বাইর হয়া যাও।

খটুয়ামতি কইন্যার এই নাখাতি কাথা শুনিয়া ডাউয়ানী গরমে টং হয়া মনে মনে কয় -তুই মোর মাথা খাবো! অইস, তোক আজি মজা দেখাছ। ডাউয়ানী নগতে কান্তাই হাতে কদুখান গটায় কাইঞ্চা বাড়িত ফ্যালে দ্যায়। যেটিকোনা ডাউয়ানী কদুখান গটায় ফ্যালে দ্যায় অটিকোনায় খটুয়ামতি কইন্যা একটা ব্যালগছের রুপ নিয়া জন্ম লাভ করে। হিপুখে ডাউয়ানী আর ফুলকুমারের কোলাত একটা ব্যাটার জন্ম হয়। ডাউয়ানী ছাওয়াটাক ওই ব্যাল গছটার ছ্যামাত শুতি থুয়্যা নিজে বাড়ির কাম-যাম করে, কুন সমাই বা খুলি বা পাথারবাড়ির কাম-যাম করি ব্যাড়ায়। হঠাৎ করিয়া এ্যাকদিন দুপুরাসাঞ্জে ব্যালগছটা থাকিয়া এ্যাকটা ব্যাল ছাওয়াটার বুকত পড়িয়া ছাওয়া মরি যায়। ছাওয়ার শোক পাসুরিবা না পারিয়া ডাউয়ানী গরম শুনচন্ডী হয়া ব্যালের গছটায় কাটি ফ্যালে দ্যায়। ঠিক ওই সমাইটাত মাইলানী আইসে ফুলকুমারের বাড়িত ফুল তুলিবার। ব্যালের গছটাক ওই মতন করিয়া পড়ি অবার দ্যাখিয়া গছটার ব্যালগিলা গোটালায় বাড়ি ধরি যায়া নিজের ধান-ঘরের গলাত উঠে থয়।

মাইলানী পত্তিদিন সাকালে উঠিয়া ফুল তুলির যায়। ফুল তুলিয়া রাজার বাড়িত পহছে দিবে। সেই ফুল দিয়া রাজ-রানীরঘর পূজা করিবে। কাজে সাকাল সমাইটা মাইলানী খুবে চঞ্চল থাকে। কিন্তুক কয়দিন থাকিয়া মাইলানীর বাড়িত একটা অলৌকিক কান্ড ঘটিবার ধরিলেক। মাইলানী সাকাল হলে বাড়ি থাকি বাইর হয়া যায় ফুল তুলিবার বাদে। আর সেই ফাঁকতে কায় ঝেন মাইলানীর বাড়ি ঘর মুছি-কুছি পরিষ্কার করি থয়। ভাত-শাগও আন্ধি থয়। মাইলানী বাড়ি ফিরি আসিয়া এইনাখাতি কান্ড দ্যাখিয়া পাড়া-পড়শি মাইয়া গিলাক পুছ করে। মাইয়াগুলাও মাইলানীর কাথা হাসিয়া উড়ি দেয়। মাইলানীর কাথা শুনিয়া হাসাহাসি করে। কয়- খায়াদায়া বুঝি হামার কাম নাই তোর বাড়িত কাম করিবার যাম।

মাইলানী খুবে চিন্তাত পরি যায়। পাড়াপড়শি মাইয়াগিলা যদি বাড়ির এই কামগিলা না করে তাহলে কায় করেছে? ক্যানং করিয়া চোরটাক ধরা যায়! ভাইবতে ভাইবতে মাইলানীর মাথাত একটা বুদ্ধি আইসে। এ্যাকদিন সাকালে নিন থাকি উঠিয়ায় ফুল তুলির কাথা কয়া বাড়ি থাকি বাইর হয়া যায়। ফুল তুলা য্যানং ত্যানং ওইটা উয়ার ভান। কাইঞ্চা বাড়িত যায়া নুকি থাকে আর চাটির ফাঁক দিয়া বাড়ির পুখে নজর দ্যায়। মাইলানী কানাচাটি দিয়া দ্যাখা পায় উয়ার গলা ঘরের ভিতিরা থাকি এক দেব কইন্যা বাইর হয়া আসিয়া বাড়ির কাম করির ধরে। দেব কইন্যাটা

বাড়ির বাহিরাত আসিবার সাথে সাথে বাড়ি জ্বলজ্বল করি উঠে। মাইলানী চুপ করি বসি থাকিয়া দেবকইন্যার ঢগচলন ভাল্ করিয়া পরখ করে। কাম-দাম করিয়া দেব কইন্যাটা য্যালা আরও গলাঘরত যায়া ঢুকে সেই সমাই মাইলানী আসিয়া দেব কইন্যার পাও দুইটা চিপি ধরিয়া কয়া উঠে - মাও তমরা কায় মোক পরিচয় দ্যাও। দেব কইন্যা নিজের পরিচয় দিয়া উয়ার জীবনের উপর দিয়া ঘটি যাওয়া কাথাগিলা কয়া নিজের আসল পরিচয় মাইলানীক দ্যায়। কিন্তুক মাইলানীর যে আজি ঘোর বিপদ। রাজবাড়ির বাদে ফুল তুলিবার পারে নাই। রাজা যদি ফুল না পায় তাহলে মাইলানীক কঠিন শাস্তি দিবে। এ্যালা কি করিবে মাইলানী! ফুলের কাথা খটুয়ামতিক কইতে কালে খটুয়ামতি নিজে ফুল তুলিয়া এক পহরতে বিনিসূতার মালা বানেয়া মাইলানীর হাতত দ্যায়। মাইলানী খটুয়ামতির হাতে বানা মালাখান নিয়া য্যালা রাজদরবারত হাজির হয়। রাজা তো মালা দ্যাখি আচরিত। বিনিসূতার মালা দ্যাখিয়া রাজা মাইলানীক পুছ করে - মাইলানী এই মালাখান কায় বানাইছে?

-- ক্যানে মহারাজা! এদ্দিন থাকিয়া তমাক কায় ফুল আর মালার যগান দিয়া আইসেছে?

-- সে নহয় বুঝিনু মাইলানী! কিন্তু তোর এই দীর্ঘ জীবনত এই নাখাতি মালা বানাইস নাই। আর আশা করং তোর এই নাখাতি অলৌকিক ক্ষমতা নাই। ক্যানে মিছা কথা কইস ক'দ্যাখি?

-- না না মহারাজা! মুই মিছা কাথা কং নাই। তোমাক মুই ছচ করি কং; মুই নিজে বানাইসু।

--মাইলানী! তুই যদি আর এ্যাকটাও মিছা কথা কইস তাহলে কিন্তুক তোক শূলত চড়ে দিম। এ্যালাও সমাই আছে ছচা কাথাটা কয়া দে।

শূলের কাথা শুনিয়া মাইলানী ছচা কথা কয়া দ্যায় ঠিকে। কিন্তুক খটুয়ামতির আসল পরিচয় গোপন করি থুয়া কয় - মহারাজা মোর ভুল হয়া গেইছে। মোক মাফ করি দ্যান। আসল কাথা কি, মোর এ্যাকটা ভাগিনী আইচ্চে, গটা দেহাটায় পকা নাগিসে। সেইবাদে ভাগিনীটা মালাখান দিয়া মোক কইছে - মসি তুই কিন্তুক মোর আসল পরিচয় দিস না। আর ভাগিনীর কাথা থুবার বাদে তমাক মিছা কাথা কবার নাগিল। তমরা মোক মাফ করি দ্যান হুজুর।

-- সে নহয় হইল। কিন্তুক তোর ভাগিনীটাক তো এ্যাক নজর দেখিবারে নাগিবে। যায় বিনা সূতার মালা গাথিবার পারে তায় না জানি আরও কত কি করিবার পারে। তোক মুই মাফ করি দিবার পারং; কিন্তুক বদলে তুই তোর ভাগিনীটাক মোক এ্যাক ঝলক দ্যাখাবু।

--কিন্তুক রাজামশাই! উয়ার যে গটা দেহাতে পকা নাগিছে।

--সে নাগুক। আগোত তো মোক দ্যাখিবার দিবো।

রাজার চাপত পড়িয়া বাইধ্য হয়া মাইলানী খটুয়ামতি কইন্যাক রাজার দর্শন করায়। খটুয়ামতির রূপ দেখিয়া রাজা মুগ্ধ হয়া পড়ে। উয়ার একমাত্র ব্যাটার নগত বিয়াও দিয়া বউ করি ধরি যায়। আর মাইলানীক দেয় ঢেল্লা স্বর্ণ মুদ্রা। স্বর্ণলঙ্কার পায়া মাইলানীরও দিন সুখে কাটে। মহাসুখী খটুয়ামতি কইন্যা। আর হুপাখে ডাউয়ানী ব্যাটার শোকোতে পাগিলী হয়া ঘাটায় ঘাটায় ঘুড়ি ব্যাড়ায়।

# বাহা সে বান্ধব

রাজা ভাইক বড়এ ছেন্‌হ করে। দালাল কোটা বাড়ী দিছে; চৌদি তার ফুলের বাগান; দাসী বান্দী দিছে, টাকা কড়ি দিছে, পৈরঞ পরিচ্ছদ হাত্তী ঘোরা ভৈষ গরু কতএ দিছে। রাজার ভাই রাজার কুঙর; খায় বেড়ায় নহা সুক্কে থাকে। কুঙর জদ্ধাও বড়; যুদ্ধ লাগিলে কাঞেএ উয়ার সাথে না পারে। কিন্তু কেছুতে কুঙরের মন নাঙি। ভাই ছেন্‌হ করে, সৌগ দেয়; কেছুর ভাবনা নাই; যে দিন যেটে খুশি সে দিন সেটে যায়; হাসি খেলি করি থাকে; আর শিকারের কথা শুনিলে ত মহা আনন্দ। সাত কাম ফেলে থুইয়া শিকারত যায়; তিন দিন ভোক্ সয়া শিকার করে তেঞো না হাউপ্‌সায়।

বৈশাখ মাসিয়া খরতাপী দিন। ঠাঞি ঠাঞি মাটি ফাটি চৌচির হৈচে। বো জঙ্গল শুক্কি গেইচে। কোনটে পোড়া গেইচে; কোনটে খানিক তাজা আছে। বোনলা জন্তু গুলাও এলা বড় চালাক, দেখা পাওয়া দুস্কর। তাবদ্দিন ঘুরি কুঙর একটা শিকারও নাই পায়। পশ্চিমা বাতাস তুফান চরি গেইচে। তিস্‌সায় কুঙরের ঘাতু উড়ি গেইচে। বেলাও ডুবোঁ ডুবোঁ, তেঞো ঠান্ডা না হয়। ঘোড়াও ঘামি গেইচে। দোনাও অচল। কুঙর একটা দিঘী পাইলে। জল তার থইয়া ঘাসের উপরত বসিল। ঝসে তেঞৌ প্রাণ যায়। দিঘীত নানমি ছিন্নান করিল। উপরত উঠি ভেজা বস্তুর ছাড়ি শুকনা বস্তুর পিন্দিল। ইদি চানও উঠিছে। উপালি জোনাকে বাড়ি ঘর, গছ বীরূ, ঝাড় জঙ্গল ঝক্ মক্ করি তুলিছে, সির্‌সিরা বাতাসে নড়াচড়া ভালত্ ভাল জঙ্গলি ফুলের উপর পড়ি জনি জঙ্গল খানদ হাসেয়া তুলিচে। কুঙরের জিজ বাড়ীর দুই জায়পুতে বেরা কুঙরের মুখ দিয়া সুরুধরা ছিল্কা বিরাইল।

'দিগঘী সে সরেবর, চন্দ্রে সে দীপ।
ভাই সে বান্ধব আর তিরি সে রসিক।।'

মনত খোয়া ছিল্কা একবার কয়, দুইবার কয়, তিনবার কয়; বারে বারে কয় তেঞো হাউসে না মিটে, কিজানি এক অপূরূব বস্তু।

ওপারে একজন গিরির বেটি হাতে কলসী কলসী জল তুলি পাহাড়ের নামাত রোয়া শেমাস দুধকুসি কৈল্যার গছত ছেকির না নাগ্‌ছেল। ছিল্কাটা বারে বারে শুনি তার আর সহ্যে না হৈল। কোর্দ্দা করি কয়া উটিল।

'কোন্ বা বরবরে কয়;
চাইর্‌টা কথার একটাও নোঞায়।'

কথা শুনি কুঙর তণ্ডিত খাইলে। মুখ ফিরি দেখে ওপারে এক কণ্যা তার ধুল পুন্ডরী গাওদি রূপের ছাটা ফুটিয়া পড়িছে। থতমত খায়া কুঙর কন্যাক পুছ করিল -

যদি চাইরোটা নোঞার কথা, হয় কা, তে কি? গিরির বেটি উত্তর দিলে ঃ-

'মেগ্‌ঘে সে সরোবর, আঙ্খি সে দীপ।
বাহা সে বান্ধব, অন্নে সে রসিক।।'

কুঙর কৈলে তাঞে কেমন,- গিরির বেটি পরি উত্তর দিলে, ঃ-

এই আছে দিঘী, কলয়জনাক ঠান্ডা করে? যাঞে আসি উয়াত গাও ধোয়, যাঞে আসি উয়ার জল খায়, যাঞে আসি উয়ার জল নেয়। উপরের বিরিখও উয়ার জল না পায়। আর উয়ার জল আইসে কোটে হাতে? মেঘ হাতে। দেওয়া মেঘা নাগাইল, জীবজন্তু শীতল হৈল। মেঘে বস্‌সিল, বস্‌মিতা ঠান্ডা হৈল। খাল, খন্দক, ডারা নদী ভর্ত্তি হৈল। গছ বিরুচিয়া উঠিল। জায় জিরাইত শাক পিতাইর মেঘাবাড়নে বাড়িয়া উঠিল। মানুষ পকী পশু সব্বারে জিউ আসিল। সমস্ত যাঞে জল দেয়, সবাকে যাঞে শীতল করে, তাঞ সে সরোবর।

মেঘের যাঞে মেঘ, আর মেঘক যাঞে মেঘ করিছে, মেঘত যাঞে সব্বারে জীউ থুইছে, সতাঞে সে সরোবর।

তিরি রসিয়া রস দেয়, যদি থাকে তোমার রস। তোমার রস থাকে- যদি থাকে তোমার ঘরত ভাত। ঘরত না থাউক ভাত, মনতো নাই সুক, জ্বালা জন্থনায় চঞ্চল চিত। রস কেনে লউও শুকায়। সেলা কি তিরি তোমাক রসাইবে, তারে নাই রস, ঘরত থাউক ভাত, পেট তুষ্ট থাউক , হিয়া থাকিবে ঠান্ডা, রস আপনি ছঞ্চরিবে সনিজির নিজিরি পরিবে। তিরিও সেলা রস দিবে, সংসার জুড়ি সব্বার রস বাড়িবে। সর্ব্বাঞে তোমাক রস দিবে- আনন্দ দিবে- সেই কাঞো, অন্নে সে রসিক। অন্নক যাঞে অন্ন করিছে, অন্নত যাঞে সমস্ত রস, সমস্ত আনন্দ থুইচে, অন্নের যাঞে অন্ন, তাঞ সে রসের রস; তাঞে সে রসিক, তাঞে সে আনন্দ। অলপ্ অলপ নীয়রী পাতত জোনাক পড়িচে। হিলা হিলা বাতাসে নড়ি চড়ি পাতারিগুলা জনি পুল্কির ধরিচে। তিন্নকুটাকোনাও দেখা যাদয়, এগুলা দেখে কাঞে, তোমার আঙ্খি। ফুলের মহমহ বাস

পকী পয়ালের কোরহাল সোঙ্গে কাএঃ? নাক। শুনে কাএঃ? কান। দেখে-শুনে বুঝে-তোমার ইন্দ্রি, তোমার আত্মা পুরুষ। আষ্ঠি না থাউক, ইন্দ্র না থাউক সেলা হাজার চাদন উঠুক, হাজার সুরজ জ্বলুক, কেছুই না দেখাইবে, কেছুই না যাইবে, সেই কাএঃ-আষ্ঠি সে দ্বীপ।

আষ্ঠির যাএঃ আষ্ঠি, আষ্ঠিক যাএঃ আষ্ঠি করিচে, ইন্দ্রক যাএঃ ইন্দ্রি করিচে, ইন্দ্রর যাএঃ ইন্দ্রি; তাএঃ সে জগৎ ভাসায়, তাএঃ সে জগৎ দ্বীপায়- তাএঃ সে দীপের দ্বীপ।

তোমার ভাই তোমার সুক্কের সামগ্রী দেয় ছেন্‌হ করি। কতএ বা থাএঃ দিবে? আর সেই ছেন্‌হও কমিলে আদরও কমিল। কেনে বা সেই ছেন্‌হ বাড়ে আর কমে তরও নিন্নয় নাই। আর ভাই যতএ দেউক তাত কি তোমার বল? ভাই তোমাক সেলা যাক দিবে, তাক সে সেলা তোমার খাইমেন। সেই কি তোমার খাওয়া? ঘরত বান্দা গরুও অমন খায়। তোমার বাহাত বল থাউক, ছরদ চলুক, কাম কাজ করির পারেন, তোমার হাউসের সমস্ত বস্তু আপনে মিলিবে, আপনে আসিবে; আপন বলে সৌগ জিনিবেন। কতজন বসসতু আনি আদরি দিবে। সবাএঃ সেলা বান্ধব। আপন বল ভুঞ্জিমেন, আপন বলে পরাক ভুঞ্জাইমেন- সেই সে খাওয়া, সেই সে পৌরস। ছরদ না চলুক, কাএঃএ তোমাক গণ্যা না করিবে। সেই কথায় কয়া ঃ-

'ছয় দরদ ছয় ভাই, তাবৎ বান্ধব তাবৎ ভাই  
ছয় দরদ ছয় ভাই, তাবৎ রক্তন তাবৎ খাই।।  
সেই কাএঃ,- বাহা সে বান্ধব।'

কথা কয়া গিরির বেটী বাড়ী গেইল। কথা শুনি কুঙর আপন আপনি ধিক্কার খাইলে।

কন্যার লাগি বড় ছন্ধ্যা রতি হইল। ঘোরত চড়ি কন্যার বাপ পাহাড়ভাঙ্গা গিরির চাপ চেকোয়ার দি ঘিরা গুয়া নারিকেল নানান গছগাছালি অলা বাড়ী গেইল। ঝড় জঙ্গল ভাঙি বাড়ী করিছে বুলি গিরির নাএঃ পাহারভাঙ্গা। চাইর্‌টা গোয়াইল; দুইটা বড় ডারী ঘর, হেটে উপরে তামাকুতে ভর্ত্তি চাইরটা গোলাঘরের ছাইএঃ টাটী পাকা তামাকুতে ভরা। নয়া কাটা তামাকু এলা কোনটে শুকির দেওয়া যায় দুইজন কিস্‌নান এই কথা ভাবা গুনা করির ধরিচে আর এক কমরি কাচলি রঙের পাতাত সিন্দুরের ফোটার মত কোসা পরা তামাকুর থুকি চিরি শুকির দিবার ধরিচে। এমন সমে কুঙর উপস্থিন হইল। অতিথি দেখি আদর করি বআদর করি বসির দিলে। বাড়ীতে মাছ, তরকারী, দুধ, দই দিয়া পরম সন্তোষ করি খাওয়াইলে। আগুনের ভয়ে পাহাড়া থাকির নাগি বাহিরে চালাম পাতিচে, তার তলত বসি আল্লাপ লাগাইলে। দোনোয়ে দোনোরে পরিচয় পাইলে। কুঙর কন্যাক বিয়াও করির চাইলে। কুঙরের মন বুঝি পাহার ভাঙ্গা বিয়াও দিলে। কন্যা পত্রক যাবার সমে তালের পাত লেখি যৌতুক দিলে।

'ছয় ছরদ্ ছয় ভাই,  
ইয়াত বাড়া বান্ধব নাই।'

# ভোন্দা বিলাই আর শিয়াল

ভোন্দা বিলাই আর শিয়াল দোনোঝনেক খিব মিল। কাঙো-কাঙোকে ছাড়া কোনোটে না যায়, না খায়, না রয়। তায় উমার দোনোঝনের একদিন খুব দই-চুরা খাবার মন গেইল। কিন্তুক দই আর চুরা উমারা পায় কোটে, কায় দিবে উমাক। হাট থাকি আনাও নানান ফ্যাচাং, মানষি নাগাল পাইলে এ্যাক্কে ডাঙে কমর ভাঙি দিবে। কারো বাড়ি থাকি চোর করিয়া আনাও কম কথা নয়। নানা কথা ভাবিয়া বিলাই আর শিয়াল কোনো দিশায় না পায়, এদি ফির দই-চুরা না খইলেও না হয়- দই চুরার বাদে আত্মাটা খাও-খাওয়া নাগছে। কিন্তু পাওয়া যায় ক্যাঙ করি। দুই সখায় একেটে মাথা-নাগে দিয়া সাত কথা ভাবতে ভাবতে বুদ্ধি পাকাইলেক।

হাটবারের দিন। সাকালে থকি হাটুয়া-মানষির হোলটাই নাগে। হাটুয়ালাক দেখে আর বিলাই- শিয়াল দোনোঝনে আওডালোত বসি বুদ্ধি পাকায়- বাকি মতন বন খাইলে হয়। আজি য্যাং করি হইক দই-চুরা আনিয়া খাওয়া যাবে। ঝিৎ করি বাচ্চেয়া আছে- কতখনে কায় আইসে।

একটা হাটুয়া ভাকুয়াত করি একভার দই ধরি বেচেবার বাদে হাট যাবার ধরিচে। জঙ্গল বাড়ির একপাইঙ্য়া ঘাটা। শূন দুপুরা। ভাকুয়ার ঝোকে ঝোকে মানষিটা হাটিবার ধরচে। খানিক আগাতে কালে একটা বিলাই হাটুয়াটার ঠ্যাঙের দোয়ারত নাটার-পাটার নাগাইল। রয়-রয় আগছান্দে যায়। হুশ-হাশ করে ত্যাঙ বিলাইটা যায় না। এদি ফির ভাকুয়া ঘারোত, বিলাইয়ের উৎপাত- হাটুয়া মানষিটা আর হাটিবারে না পায়। শেষত রাগ খায়া ভাকুয়ার দইয়ের ভারটা আলগোচে ঘাটার মাথাত থুইয়া বিলাইটাক দিলেক পিট্টান। পিট্টান খায়া বিলাইটা জঙ্গলবাড়ি সোন্দাইল, মানষিটাও বিলাইওক পিট্টিয়া দইয়ের ভারের ওটি ঘুরি আসিল। এটা কেমুন কাথা, দইয়ের হাড়ি দুইটা গেইল কোটে! আগিলায়-পাছিলায় দইয়ের-হাড়ির পাত্তা নাই, কোনো- মানষি-দুনষিও নাই, দইয়ের হাড়ি নিলেক কায়! হাটুয়া মানষিটা ঠইস্যাখায়া ঘাটার মাথাত থেবলে বসিল। আসল কথা- হাটুয়াটা যেলা বিলাইটাক পিট্টির গেইছে, সেই সুযুগোত শিয়ালটা দইয়ের হাড়ি ধরিয়া সারাৎ করি জঙলোঙ সোন্দাইছে। এ্যাঙ করি ভোন্দাবিলাই আর শিয়ালের দই জোগাড় করা হইল। দুই সখার বুদ্ধিতে এ্যাঙ করিয়ায় হাটুয়াক ঠকেয়া একে একে চুরা, মিটাই, আটিয়াকলা- সউগ জোগাড় হইল। নুন আর কাঁচা মরুচও হইল। কুল্লায় একেটে গোটা করি দুই সখায় ধরি বসিল। কিন্তুক শিয়াল হইল খুব চাল্লাক। মনে মনে শিয়াল বুদ্ধি পাকাইল যে, বিলাইয়োক ঠকেয়া কুল্লায় একেলায় খাবে শিয়াল।

সেলা শিয়াল বিলাইয়োক কয়- 'রে সখা, মুই ততখোন এইলা পহরা দেঙ, তোমরা ভাল করি গাওখান ধুইয়া আইসো।' শিয়ালের কথা ধরি বিলাই গেইল গাও ধুবার। দোয়োরোতে একেনা দিঘি আছিল, বিলাই যেই ওটি গাও ধুবে বুলি নামিবে, সেলা শিয়াল কয়- 'সখা এটা দিঘিত গাও না ধোন, গাও চুলকায়।' খানিক আগেয়া আর একটা দিঘিত বিলাই গাও ধুবার বাদে গেইতেকালে শিয়াল একেলায় আরামছে দই- চুরা-কলা-নুন-মরুচ কুল্লায় হাউস মিটি খায়া পালান- পাট্টা। বিলাইর সাদাসিধা মন, আছাড়া দই চুরা খাওয়ার আনন্দতে আরামছে গাও-হাত-পাঙ ধুইয়া হেলিয়া - দুলিয়া ঘুরি আসি দেখে শালা শিয়াল, কুল্লায় ফেলেচেলে খায়া পালাইচে। বিলাই আর কী করিবে? পেটের ভোগোতে থাকি থাকি হাত-ঠ্যাঙ-চাটিয়া চখু মুজিয়া শোধ নিবার বাদে বুদ্ধি পাকের ধরিল।

ভোন্দাবিলাই আর শিয়াল এলা একেলায় একেলায় ঘুরি বেড়ায়। শিয়াল তো দেখায় দেয় না। ভালেদিন কাঙো- কাঙোকে দেখা না দেয়। শিয়াল তো বিলাইওক এড়েয়ায় বেড়ায়। বিলাই তো তক্কে তক্কে আছে শিয়ালোক জুত মতন পাইলে হয়। এ্যাঙ করিয়ায় ভালেদিন যায়, গেইতে গেইতে .......... শিয়াল একদিন দেখে বিলাই বেইশ আরাম করিয়া থাকি আছে। দূরান্তর থাকি শিয়ালোক দেখা মাতনে বিলাইটা চখু দুইটা আধামোজা করি সলসলা হয়া থাকি রইল। শিয়ালোক ধরিচে ভোগ। নেপের-চ্যাপের করি বিলাইয়ের দোয়ার যায়া শিয়াল বিলাইওক কয়- 'সখা, তোমার এটি আরো থাকি থাকিয়া কি করেন তায়।' বিলাই মনের রাগ মনতে থুইয়া শিয়ালের কাথা না শোনার ভরং করিয়া কয়- 'আরে সখা! বাপরে বাপ, তোমরা কদ্দিন বাদোত আসিলেন, আইসো, আইসো।' বিলাইটা এমুন কাপধাপ নাগাইল যে মনটা কয় শিয়াল বোধয় উনার চৌদ্দগুষ্টির সাকাই। শিয়ালোক বগলত বসাইল। ভাল-মন্দ, হেটো-হুটা পোছা গামছা করিল। শিয়ালের পেটাত হইল ভোক, এদি-ওদি চুলুত-চালাত করতে করতে শিয়াল কয়- 'তা সখা, তোমরা এটে কি করেন তো মানা।'

বিলাই- 'আরে, আর কনে না। দেখেন না কুশিয়ার বাড়িখান- এখান হইল রাজার। তা রাজার পহরাদারা গেইচে খাবার, মোক থুইয়া গেইচে পহরা। কন তো সখা এ্যাঙ করিয়া কতখন রওয়া যায়।' কুশিয়ারের কথা শুনিয়া শেয়ালের পেটের ভোক একেবারে মাথাত চড়িল। সেলা শিয়াল কয়- 'তায় সখা মোক দুইটা কুশিয়ার দেন না ক্যানে। সচাঙে সখা

কদ্দিন থকি কুশিয়ার খাং না।'

শিয়ালের আউস-কাউস দেখিয়া বিলাই মনে মনে খুসখুসিয়া হাসে। এইবার বিলাই কয়- 'রে সখা, রাজার কুশিয়ার, রাজাক না কইলে তোমাক দ্যাঙ ক্যাঙ করিয়া। তায় তোমরা এটি রন, মুই রাজাক কয়া আইসোং।' রাজার কবার বাদে বিলাই গেইল। কোটে আর রাজার ওটে যাবে- বিলাই তো জানে শিয়ালের জাতের ক্ষয়। বিলাই করলেক কি সুল্লুত করি একেনা গছোত চরি ঘাপটি মারি রইল, শিয়ালের তামসা দেখোং বুলি। আর যায় কোটে। বিলাই গেইতেকালে শিয়াল এক্কে ঝাপে কুশিয়ার বাড়ি সোন্দেয়া, এক্কেসোত্তায় একটা কুশিয়ার ভাঙি চখুর পলকোত রসখুনা চুষিয়া খায়া ফেলাইল। রাম! রাম! রাম! এলা কেমুন কুশিয়ার!শিয়ালের গালার উটিল খাউজান। চুলকানির চোটে শিয়ালের ধরপরি, ঝাপোন- আঁচুরি- বিচুরি- চখুর জলে, নাকের জলে একাকার। চুলকানির চোটে ঝাপ্লাইতে-ঝাপ্লাইতে, মাটিত গড্ডাগড্ডি করতে করতে শিয়াল ধুল পুন্দুরা হইল, কুশিয়ার বাড়িখান ধলধলা হইল। গছের উপুরা বসি ভোন্দাবিলাইটা চখু পিটি হাসে। শালার শিয়াল মোক ছড়িয়া দইচুরা খাবার সাটানি বোঝেক। আসলে শিয়াল কুশিয়ার বুলি যেটা খাইচে ঐট হইল ধরা মানা। সেই মানা ধরিচে শিয়ালের গালাত।

ঐ যে শিয়াল পালাইল, দেখা আর নাই। ভালেদিন দুই সখা মানে ভোন্দাবিলাই আর শিয়ালের দেখা নাই। নাই, নাই করি ভালেদিন বাদোত-শিয়াল একদিন আপন মনে ঘাটা দিয়া হাটি যায়। আচমকা শিয়াল দেখে গছের উপুরা ভোন্দাবিলাইটা একটা কী-বা সাপটে ধরি সলসল করি থাকি আছে। সেলা শিয়াল কয়- 'আরে সখা, বাপরে বাপ তোমার এক্কেবারে পাত্তাও নাই। তায় হোর ওটে আরো ওটা কিসোক আঙকরি সাপটে ধরি থাকি আছেন?'

বিলাই কয়- 'আর কনে না সখা। মুই এলা রাজার পহরিদারের চাকিরী পাচুং। এটা হইল রাজার জয়ঢাক। মুই এইটার পহরা দিবার ধরচুং।' ঢাকের কথা শুনি শিয়াল নাচোন জুড়ি দিলেক। বিলাইয়োক আটুশ করির ধরলেক যে ঝাতে শিয়ালোক ঢাকখান খানিক বাজেবার দেয়। কিন্তু বিলাই কোন মতে তাজি না হয়। শিয়ালের ঘ্যানোর-ঘ্যানোর সবার না পায়া বিলাইটা শিয়ালোক ঢাকের পহরাত থুইয়া রাজার ওটি গেইল রাজাক কবার বাদে। শিয়ালের আর তর সয় না। চখুর আওডাল হইতেকালে এক্কেসরকোতে শিয়াল সাল্লাউ করি গাছোত চড়ি ঢাকোত দিলেক ডাঙ- 'নাকোত গুতাং চখুত গুতাং চটকে তোলাং' বাজায় আর নাচে শিয়াল একেবারে বিভোর। আর যায় কোটে! বাইজোনের ঠ্যালাত ঢাক গেইল ভাঙি। ঢাক তো না হয়, ওখান হইল ভেরুলের হাড়ি। ভেরুলের হাড়ি ভাঙি ভেরুল ঝাকে ঝাকে আসি শিয়ালোক ধরিল ব্যানকেটে। ভেরুলের কামড়ানি খায়া শিয়ালের উটিল ধরপরানি। মাটিত নেইটায়, কাদোদ গড্ডাগড্ডি দেয়, ভেরুল ত্যাঙো পাছ ছাড়ে না। শিয়াল ঝতয় দৌরায়, ভেরুলও দলে দলে ব্যানকেটে ধরে, কামড়ের ঠ্যালাতে শিয়াল আগপাছ না দেখিয়া দামকচুর দীঘিত মারিল এক ঝাঁপ। শিয়াল জল থাকি মাথা তোলতে কালে ভেরুল ধারে। শেষত দামের ফাক দিয়া নাকটা বির করি কোনমতে শিয়াল উকাশ নেয়। শিয়ালের দফারফা। ভেরুললা এক দুপোর বাদে আশা ছাড়িলে স্যাত্তেমত্তে শিয়াল দীঘির পাড়ত চড়িয়া কেলেংল্যাঙ করি থাকি রইল।

শালার ভোন্দাবিলাই তোর নাগাল পাইলে হয়, তোর চৌদ্দগুষ্টির দেও দেখাইম। শিয়াল রাগোতে টং। দুই-দুইবার বিলাইয়েরটে শিয়াল ঠকিচে। রাগে দুঃখে শিয়াল চলতে ফেরতে খালি বিলাইওক চান্দায়- রে বিলাই তোর নাগাল পাইলে হয়! বিলাই তো আর কম চাল্লাক না হয়, উনায় আর দেখা না দেয়। এঙকরি ভালোদিন যায়, কাঙো কারো দেখা না পায়। রাগ আর কদ্দিন রয়। শিয়াল এখেনে বিলাইয়ের শোধ নিবার কাথা ফমপাসিরি গেইল।

একদিন শিয়াল খাবার চান্দের ধরচে। জারের দিন তো। এদি-ওদি দেখে আর ছুলুম-ছালাম করি শিয়াল ভিত-ভিতি খাবার চান্দায়। খাবার চান্দাইতে চান্দাইতে আচমকা শিয়াল দেখে বিলাইওক। বিলাইটা সাকালি রৌদোত বেইশ আরাম করি ওটা বা কিসের উপুরা থাকি আছে। বিলাইওক পুছিলে বিলাই কইল যে ওটা রাজার সিংহাসন। রাজাক নাকি হাগা ধরচে, সেইবাদে বিলাইওক এটি থুইয়া রাজা গেইচে পাতারোত। শিয়াল হইল খোচোমাবান্দা, উনায় খমকায় করি বিলাইয়ের দোয়ারোত সিংহাসনে বসিবে। কিন্তুক বিলাই আর কথা শোনে না, কেননা বারে বারে বিলাই শিয়ালোক ঠকাইচে। হাতা-কাচা পাইলে তেই বিলাই মাজাটা পাবে। শিয়াল রাগোতে দাঁত কড়মড়ের ধরলেক। শালা ভোন্দাবিলাই মেলাবার ঠকাছিস, আজি যাবো কোটে। আজি তোরে একদিন কি মোরে একদিন, তোর মাথাটা আজি মোলার নাকান করি কড়মড়ে খাইম! এক্কেঝাপে শিয়াল গেইল বিলাইওক ধরিবার, আর ভোন্দাবিলাইটাও টুপ্পুস করি ঝাপ্লে নামিল মাটিত। শিয়াল ঘুপ্পলুং করি পড়িল যায়া খালোত। আসল কাথা, সিংহাসন আর কোটে ওটা হইল একটা ইন্দিরা, মাকেড়ার জালোতে ইন্দিরার মুড়খান আছিল মোজা; বিলাইয়ের ফেনাফেনা দেহাটা ইন্দিরার মুখের দমদমা মাকেড়ার জালোত আলগোতে আছিল। শিয়ালের দেহাত ভরা মাকড়ার জাল ফাড়িয়া শিয়াল ঘাপলাং ইন্দিরাত।

উচা ইন্দিরা রৌদ-বাও নাই। দিনোতে ঘুটঘুটা অন্ধকার। বেলাটা খানিক হেলতেকালে ইন্দিরাটা আরো বেশি করি

আন্ধার হইল। শিয়াল ভাবিলেক বুঝি নাত্তি হইচে। শিয়াল আরম্ভ করিল- কেক্কে হুয়া হুয়া........। রাখোয়াল চ্যাংড়ালা ধরচে গরু চরেবার, আধবেলাতে ইন্দিরাত শিয়ালের কান্দোন শুনিয়া গেইলেক। যায়া দেখে ইন্দিরাত পড়িয়া শিয়ালটা ধরপরের ধরচে। বিটিলাচাটা গরুচরা চ্যাংড়ালা পাইল মজা। হালাবাড়ির পাকা ইটা কুড়িয়া আউসকসি ইন্দিরাত দিলেক ঢ্যাল। ঢ্যাল খায়া শিয়াল এক্কেবারে নাজেহাল, মরং মরং অবস্থা। শিয়াল হইল পণ্ডিত, মহাপণ্ডিত। ঢ্যাল খায়া পরাণ যায় যায়, এ্যামুন সমায় শিয়ালের মাথাত চাপিল বুদ্ধি। রাখোয়াললাক ডেকে শিয়াল কইলেক যে, আরে না ঢ্যালেন, মোক ইন্দিরা থাকি তোলো তোমাক মুই একেনা করি ভাল দাওয়া দিম। চ্যাংড়ালা শিয়ালের কাথাত একেনা করি কচুর পাত দিলেক আর শিয়াল সেই কচুর পাতোত খানিক করি দেওয়া বন্দি টোপলা করি চ্যাংড়াক দিয়া কইলেন যে, সাঁঝের সমায় হাত-পাও ধুইয়া দাওয়ার টোপলাটা খোলে দেখিবার, আর নকতে যদি কাঙো টোপলা খোলায় তা হইলে দাওটার কট যাবে।

চ্যাংড়ালা সেলা শিয়ালের বুদ্ধি ধরি দাওয়ার টোপলা নিয়া গরু বান্দা দড়ি ইন্দিরাত ফেলেয়া শিয়ালোক তুলিলেক। ইন্দিরা থাকি উঠিয়ার আগ-পাঁচ না দেখিয়া শিয়াল দিলেক ছিল্লাফাটা দৌড়। শিয়ালের টিকা তুলি দৌড় দেখিয়া চ্যাংড়ালার সেই কি হাসি, হাসতে হাসতে মনটা কয় মাটিত গহর দেয়।

সঝনাগিচে। রাখোয়াললা গরু-বাছুর গোয়ালিত থুইয়া, মুখ-হাত-ঠ্যাং ধুইয়া শিয়ালের দেওয়া দাওয়ার টোপলা বাহির করিল। টোপলা খোলাইতেকালে কি কুসাটাং গোন্দে! খোসটানি, খোসটানি, ছ্যাঃ - থুঃ থুঃ থুঃ! কী হইল! টোপলাত আর দাওয়া কোটে, দাওয়া-ফাওয়া নাই টোপোলাত হইল শিয়ালের গু।

# ৪. প্রবাদ-প্রবচন(PROVERBS)

**১। ট্যারা চকু ঘোরার নাখান গতি** চকু- চোখ, নাখান- মতন

দ্রুত গতিতে চললে মৃত্যুর সম্ভবনা। অর্থাৎ জীবনের প্রতি পদক্ষেপে সাবধানে চলা উচিত।

**২। জানি বুঝি গারস্থের ব্যাটা** গারস্থ- গৃহস্থ,

**দিন দেকি পোতেক খুটা।** পোতেক- পুতে দাওয়া খুটা- খুটি।

কোন শুভ কাজ করতে গেলে ভাল মন্দ বিচার করে করা উচিত।

**৩। হাতের ঢ্যাল আর মুখের কতা** ঢ্যাল-ডিল, কতা-কথা

**ছাইরলে আর ফিরত আইসে না।** ছাইরলে- ছেড়েদিলে

যা করার ভেবে চিন্তে করা উচিত।

**৪। ঘোল বগড়ি আর কেলা** বগড়ি- কুল, কেলা- কলা,

**এই তিনে নষ্ট করে গালা।** গালা- গলা

যারা সঙ্গীত চর্চ্চা করেন তাদের পক্ষে ঘোল, কুল এবং কলা অন্ত্যন্ত ক্ষতিকর।

**৫। গোলা ভরা ধান পুর্ণিমার চান** সামান- সমান,

**চিরকাল থাকে না সামান।**

ধন সম্পদের অপব্যাবহার করলে আল্প দিনের মধ্যে ধ্বংস অবস্বম্ভাবী। অর্থাৎ জীবনে চলার পথ সব সময় একই রকম থাকেনা।

**৬। দুরত আছে জাও -শুকায় মোর গাও** জাও- জা গাও- গা,

**বগলত আসিলে জাও - বিষে ঘিরিছে মোর গাও।** বগলত- কাছে

জা বড় অথবা ছোট দুরে থাকলে মন খরাপ লাগে আর কাছে আসলেবিরক্ত বোধ করে অর্থাৎ লোক দেখানো ভালোবাসা।

**৭। প্যাটোত নাই ভাত তায় ঠোঁঠত দেয় আলতা।**

ঘরে অভাব কিন্তু বাইরে বিলাসিতা করা।

**৮। ঝাড়ের বাঁশ পড়ে না।**

একান্নভুক পরিবারে একের বিপদে সকলে সাহায্য করে।

**৯। হাত দিয়া নোমায় ভাত দিয়া মারো।**

আঘাত না করে কৌশলে মারা। অর্থাৎ শত্রুতা করা।

**১০। মুই খাং ভাতারের ভাত**

**তোর কেনে গালাত হাত।**

পরশ্রী কাতরতা

**১১। মনের দুঃখে ছাড়িলুং বাড়ি**

**মানসি কয় ভাতার ছাড়ি।**

কুকর্ম করলে তার ফল ভোগ করতে হবেই।

**১২। বাপের বইনক ভাতে কাপড়ে পুষি**

**মায়ের বইনক কাদোত ফেলিয়া ঠাসি।**

রক্তের সম্পর্ককে অস্বীকার কেউ করতে পারেনা।

**১৩। জপের কথা মুখত নাই, তামান কপালোত ফোটা।**

জপতপ না করে বাহ্যিক আচরন দ্বারা নিজেকে ভক্ত বলে প্রচার করা আথাৎ ভন্ডামী করা।

**১৪। বড় গছের তলাত বাস, ঠ্যাল ভাঙ্গিলেই সর্বনাশ।**

বড় মানুষের আশ্রয়ে থাকা নিরাপদ হলেও কোন কারণে রুষ্ঠ হলে দুঃখ ভোগ করতে হয়।

**১৫। আশ্বিনত ওল কাতি মাসত মানা** আশ্বিনত-আশ্বিন মাস, কাতি- কার্তিক

**তাক খাইলে হয় রসুক কানা** মাস, মানা- মানকচু, রসুক- আসুক,
আশ্বিন মাসে ওল কার্তিক মাসে মানকচু খেলে আর কোনো আসুখ হয় না।

**১৬। উচিত কথাত গুষ্টি বেজার** কতাত- কথায়,
**গরম ভাতত বিলাই বেজার** বিলাই- বিলাড়, বেজার- অসন্তষ্ট।
**জোনাক আতিত চোর বেজার।**
স্পষ্ট কথা বললে সকলের মন খারাপ হয়, বিড়াল গরম ভাত পছন্দ করে না। চোর জোৎস্না রাতে চুরি করতে না পেয়ে মন খারাপ করে বসে থাকে।

**১৭। কাটারি চোকায় শিলোত** কাটারি- কাটাই বা ছুড়ি, চোকায়- ধার দেওয়া,
**মাইয়া চালায় কিলোত।** মাইয়া- স্ত্রী, শিলত- পাথর
কাটাই বা ছুড়ি ধার দেবার প্রয়োজন পাথরের তেমনি স্ত্রীকে শাসনে রাখার জন্য প্রয়োজন মঝে মাঝে মার দেবার। আথাৎ নিজের আত্মম্ভরিতা প্রকাশে।

**১৮। কুল ছাড়ি আকুলত মজে**
**সেই পাপি নরকত পচে।**
কোন কাজ করার আগে ভালোভাবে ভেবে করা উচিত।

**১৯। বাপের হোটলত খায়**
**ডিকরি ডিকরি বেড়ায়।**
আন্যের উপার্জনে নির্ভর করে বাবু গিরি চাল দেখান।আথাৎ পরজীবি।

**২০। মাও আন্দে ভাত মাছি পরে তাত** আন্দে- রাধেঁ, মাইয়া- স্ত্রী,
**মাইয়া আন্দে ভাত তলুয়া হাতে চাট** তালুয়া- হাতের তালু।
নিজের স্ত্রীকে সন্তুষ্ট রাখার জন্য মায়ের প্রতি আবিচার।

**২১। ভাত খায়া না খায় পানী**
**ভাতে মরে বিয়ার সোয়ামী**
**ভাত খায়া না খাইলে জল**
**যাবু তুই মাঠির তল।**
এটি একটি স্বাস্থ্য সম্বন্ধীয় প্রবাদ।

**২২। চাউলওনাই ধানও নাই**
**গোলা ভর্তি এ্যান্দুর।**
অন্তসার শূন্য অবস্থা বোঝাতে এই প্রবাদ ব্যবহার করা হয়।

**২৩। সুদের টাকা ভ্যাকরা পাকে যায়।**
ব্যাবসায় ফল পাবার আগে মাসুল গোনা।

**২৪। খালি হড্ডি কুকুরেও না খায়**
নিঃস্ব বা অক্ষমকে কেউ সাহায্যের জন্য এগিয়ে আসেনা।

**২৫। তুলসীর গচত কুকুরে মোতে**
**তাও তুলসীক পুজোত নাগে।**
মুর্খ দোষ করলে দোষ হয় না। কিন্তু গুনবান ব্যক্তি দোষ করলে অপযশ হয়।

**২৬। গচের খায় তলর ও কুড়ায়**
প্ররোচনা দিয়ে কঠিন কাজে জড়িয়ে ফেলে পরে আসহায় অবস্থায় ত্যাগ করা।

**২৭। ঘরের ষাড় প্যাট ফাটায়**
অত্মীয় লোক দ্বারা ক্ষতি বা অনিষ্ট সাধন করা।

**২৮। ঘরত নাই বেড়া চাটি**
**কমড়োত ঝুলায় ছোড়ানি খানি।**
সামর্থ নেই তবু ভড়ং যায় না। অথাৎ সামর্থের অতীত লোক দেখানো আচরন করা।

**২৯। নিজের ঢোল নিজে বাজায়**

**নিজের আত্ম প্রচার নিজেই করা।**

**৩০। পাপের ধন কি পারাচিত্তে যায়।**

অসৎ ভাবে উপার্জনের সম্পদ ভোগে আসে না।

**৩১। হটহটিয়া কইনার কটকটিয়া ভাতার**
**মারোয়া থাকি উঠিয়া কয় কুনটা মোর ঘর।**

যেমন ব্যাক্তি তেমন ব্যাবহার।

**৩২। কুরিয়া কিষ্যান আমাবাইষ্যা চান্দায়।**

কর্মহীন মানুষ অজুহাত পেলেই কাজে ফাঁকি দেয়।

**৩৩। ঘরের খুটা উড়িয়ে খায়** উড়ি- উইপোকা, খুটা- বিছানা,
**খুটা চান্দেবার তনে জঙ্গল যায়।** চান্দেবার- খুঁজবার

সহজ পথ ছেড়ে কঠিন পথ ধরা।

**৩৪। তাস, তাম্বু, পাশা**

এ তিনে সর্বনাশা।

লোকের সর্বনাশ করার পক্ষে তাস, তামাক এবং পাশাই যথেষ্ট।

**৩৫। সিদ্ধি খাইলে বুদ্ধি বাড়ে**
**গানজা খাইলে লক্ষ্মী ছাড়ে।**

সিদ্ধি খোর কতৃক গাঁজা খোরের নিন্দা।

**৩৬। গাওয়ের ধুলাধুইলে যায়**
**মনের কালি কি মুছিলে যায়?**

কলঙ্কের দাগ একবার লাগলে মৃত্যু পর্যন্ত দুর্নাম ভোগ করতে হয়।

**৩৭। শাক, অম্বল, পান্তা**
**তিন রৌষধের হন্তা।**

ঔষধ খেতে হলে, শাক, অম্বল এবং পান্তা ভাত খাওয়া ত্যাগ করতে হবে নতুবা ঔষধ কাজে লাগে না।

**৩৮। দাঁত আর ভাই বেজায় হইলে জ্বালা।**

উভয় সঙ্কটের কোনো সমাধান নেই।

**৩৯। ঝড় জঙ্গল পোরা গেইলে সগায় চায়া দ্যাখে**
**মায়ের মন পোড়া গেইলে কাঁও না বুঝে।**

জঙ্গলে আগুন লাগলে সবাই চেয়ে দেখে কিন্তু পুত্র কন্যার দুর্ব্যবহারে মায়ের অন্তরাত্মাকখনো কখনো ডুকরে ডুকরে কেঁদে উঠলেও বাইরে থেকে তা বোঝার উপায় নেই। আথাৎ মায়ের মমত্বের প্রতি অবহেলা প্রদর্শন।

**৪০। হইয়াছে সাধুর ব্যাটা** আকিয়া- রাখিয়া,
**নাকত, কানত দিয়া ফোটা** ভোকরাপাঠা- দাড়ি গোঁফ ওয়ালা পাঠা

দাড়ি গোফ আকিয়া হইচেভোকোরা পাঁঠা

হাতে, কানে, নাকে ফোটা বা তিলক কাটলেই সাধু হওয়া যায় না সাধু হতে গেলে অনেক সাধ্য সাধনার প্রয়োজন। অর্থাৎ লোক দেখানো সাধুগিরি।

**৪১। প্যাটটা মোটা রোগী শুকান** চিন- চিহ্ন
**সেই চিন মরনের চিন।**

মৃত্যুর পূর্বে কিছু চিহ্ন দেখে মৃত্যু সন্নিকট বর্তী বলে বোঝা যায়।

**৪২। মসংয়ে মসং বাড়ে ঘিউয়ে বাড়ে বল** দুদে- দুধে
**দুদে বীর্য বাড়ে শাকে বাড়ে মল।** মসং- মাংস

মাংস খেলে শরীরের মাংস বৃদ্ধি হয়। ঘি খেলে শক্তিবৃদ্ধি হয়, দুধ খেলে বীর্য বৃদ্ধি হয় এবং শাক খেলে পায়খানা বৃদ্ধি হয়। স্বাস্থ্য সম্পর্কীয় প্রবাদ।

**৪৩। পরাক দেকি কইরলে হায়,**
**যা ছিল তায়ও যায়।**

অন্যকে দেখে হিংসা করলে নিজের ক্ষতি হয়। অর্থাৎ পরহিংসা আপন ক্ষয়।

**৪৪। নিজের চাকা ঘেস ঘেসায়**
**পরার চাকাত ত্যাল দেয়।**

নিজের কিছু করার ইচ্ছে নেই বরং অন্যের খোসামুদি করে চলতে ভালোবাসে।

**৪৫। নিছালটিয়াক না করিস হেলা** নিছালটিয়া- যার কিছুই নাই
**তাকো লাগিবে নিদানের বেলা।** হেলা- অবহেলা, লাগিবে- লাগবে

সামান্যতম বস্তুকে অবহেলা করা উচিত নয়।

**৪৬। পত্তি কথাত অং** পত্তি=প্রতি।
**পত্তি কথাত ঢং।**

প্রতিটি জিনিসকে হালকা ভাবে নিতে গেলে জীবনের যন্ত্রনাবোধ বেশী হয়।

**৪৭। বড় নোকের জোতা** জোতা= জুতো
**ছোট নোকের মাথা।**

অর্থ ও সম্পদের অহংকারে সকলকে আবহেলার চোখে দেখা।

**৪৮। ভাই বড় বান্দব না করে হিংসা**
**পয়রার ছাতুই না মিঠে তিসসা।**

ভাইয়ের মত বন্ধু নেই কিন্তু ভাই পয়রার ছাতু খেয়ে দিন যাপন করছে সেদিকে লক্ষ্য করার সময় নেই বা ইচ্ছোও নেই।

**৪৯। ভাত খাবার না পায় কাকা**
**কাকী চান্দায় এক মুঠা শাখা**

অবিবেচকের মত আবদার করা উচিত নয়।

**৫০। মুলার ভুঁই ধুলা**
**তাম্বুর ভুঁই তুলা।**

কৃষকদের কৃষি সম্পর্কে উপদেশ।

**৫১। মাও না থাইকলে মাসিয়ে মা**
**কুশ না থাইকলে কাশিয়া।**

প্রয়োজনীয় বস্তর অভাবে অন্য বস্তর উপর নির্ভর করা।

**৫২। দিনতে সোতে জলতে মুতে** সোতে= শুইয়ে থাকে।
**গরম ভাতত জল।** মুতে= প্রস্বাব করে। মরদ= পুরুষ
**দিনে দিনে সেই মরদ** অসাতল= রসাতল।
**যায় অসাতল।**

স্বাস্থবিধি না মানলে মানুষের মঙ্গল হয় না। অতিরিক্ত গা জোয়ারী দেখালে মানুষ মৃত্যু মুখে পতিত হয়।

**৫৩। মনে মনে কলা বাটে**
**কাকো বাটে কাকো না বাটে।**

হত দরিদ্রের লক্ষণ।

**৫৪। ডাঙ্গেয়া ডাং খাওয়া।**

ইচ্ছা করেই বিপদ ডেকে অনা।

**৫৫। চোরের খালি আতি জাগায় সার।**

চোর গৃহস্থের বাড়ীতে চুরি করতে গিয়ে দেখলো গৃহস্থ জেগেই আছে। সারা রাত অপেক্ষা করার পরও চুরি করা হল না - চোরের রাত জাগাই হল।

**৫৬। হাট বাজারে সুখ না পায়**
**ঘরত যায়া মাইয়াক ডাঙ্গায়।**

ঘরের বাইরে কোনো রকম মান সন্মান না পেয়ে বাড়ীতে এসে স্ত্রীকে কিল চর মেরে নিজের ক্ষমতা প্রদর্শন। অথাৎ মুর্খামি।।

**৫৭। কর্মা পাথরোত দিনাও ঘামায় মাথা**
**অকর্মা ঘরত বসিয়া কয় বড়বড় কতা।**
কর্মঠ ব্যক্তি সারা দিন মাথার ঘাম পায়ে ফেলে কাজ করে আর আকর্মা ব্যাক্তি নিজের আক্ষমতা ঢাকার জন্য বড় বড় কথা বলে।
**৫৮। পরার পাইসার আশায় না যাই হাট** বৈরাত= বরযাত্রী।
**পরার পোষাক পড়ি না যাই বৈরাত।**
অন্যের ওপর নির্ভর করলে বিপদের সম্ভবনা থাকে। অর্থাৎ আত্মনির্ভরশীল হওয়া প্রয়োজন।
**৫৯। যায় দিন যায় কচুর নালি খায়া** কচুর নালি= কচুরলতা
**এক দিন কইম কতা দিনের নাগাল পায়া।**
আকাশ কুসুম কল্পনা।
**৬০। গাধাও পশু, চামচিকাও পাকি।** পাকি= পাখি।
বাইরের চালচলনে বড় বলে প্রতিভাত হলেই প্রকৃত বড় হয় না।
**৬১। কইনা ছাওয়া আর কলার গচ পচপচে বাড়ে।** কইনা=মেয়ে, গচ= গাছ, পচপচে= তাড়াতাড়ি
কলা গাচ এবং কন্যা সন্তান তাড়াতাড়ি বড় হয়। কন্যাদায় গ্রস্থ পিতা মেয়ে দেখে চিন্তা গ্রস্থ হয়ে পড়ে।
**৬২। তিন টাকার ছাগল গেইল তো গেইল** গেইল= গেল,চিনা=চেনা
**শিয়ালের মনটা তো চিনা হইল।**
শেয়াল তিন টাকার ছাগলকে খেয়ে ফেলেছে তথাপি কোন দুঃখ নেই। উপরন্ত বলে শেয়ালের মনটা বোঝা গেল। অর্থাৎ মুর্খতার পরিচয়।
**৬৩। ইশরায় পন্ডিত বুঝে**
**মুখ্য বুঝে কিলে**
**পাড়া পড়শি বুঝে**
**চকুত নগুল ডুবি দিলে।**
অন্যের ভালো মন্দের বিচার করতে হলে অন্তঃদৃষ্টি দিয়ে দেখতে হবে।
**৬৪। কোন দিন পাকিবে তাল** তারবাদে= তার জন্য
**তারবাদে বসিয়া কাটায় কাল।**
অলস লোকের প্রতি বিদ্রুপ
**৬৫। যমের মুকত পান্তা ভাত** মুকত= মুখে,
**ভোক না মিটে তো পাথর চাটা।**
সামান্য জিনিসে সন্তুষ্ট নাহয়ে অন্য কিছু ভাবনা।
**৬৬। নোহা নোহাক কাটে** নোহা= লোহা,
**জাতে জাতক কাটে।** জাতে জাতক=এখানে আত্মীয়- সজন।
লোহা দিয়ে লোহাকে কাটা যায় তেমনি নিজের আত্মীয়- সজন বা বন্ধু- বান্ধব দ্বারাই ক্ষতি হয়।
**৬৭। ঘরের শোবা পোয়াতি বউ** শোবা= শোভা, চান= চাঁদ
**খ্যাতের শোবা ধান** পোয়াতি= সদ্য জন্ম দেওয়া মা
**কোলার শোবা**
**ছেলে য্যামোন নয়া চান।**
ঘরের সুন্দর্য বৃদ্ধি করে সন্তান সহ মা, খেতের সুন্দর্য বৃদ্ধি পায় ধান। সন্তান না থাকলে বাড়ির শ্রী থাকে না।
**৬৮। মানিলে শিব না মানিলে পাথর**
অন্তরের অন্তস্থল থেকে ডাকলে ভগবান কে পাওয়া যায়- সে পাথরই হোক কিংবা শিব লিঙ্গই হোক।
**৬৯। হলদি জব্দ শিলে, মাইয়া জব্দ কিলে** মাইয়া= স্ত্রী,
**তেল পারি কইনা জব্দ হয় শ্বশুর বাড়ি গেইলে।** তেলপাড়ি= চঞ্চল
হলুদ জব্দ হয় পাথরে, স্ত্রী জব্দ হয় কিলে আর চঞ্চল মেয়ে জব্দ হয় শ্বশুর বাড়ি গেলে। অর্থাৎ যে যেমন তার সঙ্গে

তেমন ব্যবহার করা দরকার।

**৭০। বিয়ার মজা বাজনায়**
**জমির মজা খাজনায়।**

বিয়ের পরে সংসারের চাপে যেমন বিয়ের কথা ভুলে যায় তেমনি জমি থাকলে খাজনার ভাড় বইতে হবে।

**৭১। জল ছাড়া নদি যেমন**
**সোয়ামি ছাড়া নারী তেমন।**

নারীর জীবন স্বামীকে কেন্দ্র করে- স্বামী না থাকলে নারীর জীবন যেমন বেদানাদায়ক তেমনি জলকে কেন্দ্র করে নদী - সেই নদীতে জল না থাকলে নদী আর থাকে না।

**৭২। টাকা পাইসা তামনে মাটি** তামানে= সবই, দেখং= দেখি,
**বাড়ি আসি দেখং তায় হেটোও বেটি।** হেটোও= এটা

প্রাচীন বা বর্তমান কালেও কন্যার চেয়ে পুত্র সন্তানের কদর বেশী। পুত্রের মুখ দেখতে না পেয়ে পিতা নিজেকে অসহায় মনে করে।

**৭৩। আন্দারে আন্দারে ভাত পসসুলুং** সুলুং= পরিবেশন করা
**সতীনের ছাওয়ার প্যাট ভাবালুং** আন্দারে= অন্ধকারে

সতীনের ছেলের প্রতি অবহেলা প্রদর্শন

**৭৪। এক ব্রহ্ম দ্বিতীয় নাস্তি** হেত্তি হুত্তি= এখানে সেখানে,
**হেত্তি হুত্তি খালি হান্তা হাস্তি** হাস্তা হাস্তি= খোঁজা।

একান্ত চিত্তে ভগবানকে ডাকলে তাকে পাওয়া যায় - বিচ্ছিন্ন ভাবে খুঁজে কোন লাভ নেই। অর্থাৎ একান্ত মনে কাজ করলে জীবনে উন্নতি করা যায়।

**৭৫। ভোগ নাগিলে আগ বাড়ে।** আগ= রাগ।

খিদে পেলে মানুষ জ্ঞান শূন্য হয়।

**৭৬। ভাঙ্গা বাড়িত্ ভূতের বাসা।**

কোন বাড়িতে দীর্ঘদিন লোক বসবাস না করলে সেখানে অসামাজিক কাজ হয়।

**৭৭। কাউয়ার ডিমা সাদা হয়**
**বড়লোকের ছাওয়া গাধা হয়।**

অতিরিক্ত আদরে সন্তান বিপদগামী হয়।

**৭৮। সাঙ্গানী মাইয়ার আদর ভারি** সাঙ্গানী=বিধবার দ্বিতীয় স্বামী,
**ডাঙ্গাইলে যায় বাপের বাড়ি।** মাইয়া= স্ত্রী।

দ্বিতীয় বিয়ের স্ত্রীর প্রতি স্বামীর দুর্বলতা প্রকাশ।

**৭৯। মাইয়া ভাতারে এক মতি**
**তবে সেনে মিলিবে হরি ভক্তি।**

স্বামী স্ত্রী উভয়ের মধ্যে মনের মিল থাকলে সংসার সুখের হয়।

**৮০। চকু নাল বুক খাল** নান=লাল, চকু=চোখ।
**সেই পুরুষের লক্ষণ ভাল।**

সুপুরুষের চেহারার বর্ণনা তুলে ধরেছে।

**৮১। সোয়ামীর চরণত থাকে মতি**
**তাক কয় মহা সতী।**

প্রাচীন কালে স্বামীর প্রতি ভক্তি-শ্রদ্ধা ছিল তুলনাহীন, তাই তাকে মহাসতী বলা হয়।

**৮২। কপালোত আছে বিদুয়া যোগ**
**খাবার চায় মোহন ভোগ।**

অল্প বয়সে বিধবা হবার ফলে তার সাধ আহ্লাদ মেটেনি- পরিপূর্ণ যৌবনা আবার বিয়ে করে সুখী হতে চায়, কিন্তু সামনে দাঁড়িয়ে সামাজিক ভীতি। তাই ইচ্ছে থাকলেও উপায় নেই। সামাজিক ব্যবস্থার প্রতি বিদ্রুপ।

**৮৩। গতর না খাটাইলে ভাতারের আগুন জ্বলে।**

সংসারের কাজে ত্রুটি হলে স্বামী অকারণেও ক্ষুব্ধ হয়।

**৮৪। মুর্খের মাইয়া পন্ডিতের মাও** মাইয়া=স্ত্রী, ভাতার=স্বামী, ঝাপি=বৃষ্টির
**তোমার ভাতার ঝরিত ভিজে ঝাপি ধরি যাও।** সময় মাথার আচ্ছাদন।

এই প্রবাদে সমাজের একটা বিশেষ উদাহরণ দেওয়া হল। গ্রামের কৃষক ঘরের ছেলে পড়াশুনা করে উকিল হয়েছে। ফলে সামাজিক প্রতিষ্ঠা পেয়েছে। গ্রামের বাড়িতেই থাকে। যেহেতু উকিল সব সময় তাঁর বাড়িতে মক্কেলের আসা যাওয়া আছেই। একদিন বৃষ্টির মধ্যে তার বাবা ঝাপি ছাড়া হাল বাইতে গেছে। হঠাৎ তার মনে হল বাবা বৃষ্টিতে ভিজছে, কিন্তু সে তার আভিজাত্যের ফলে বাবাকে 'বাবা' এবং মাকে 'মা'বলে পরিচয় দিতে অস্বীকার করে। তখন বুদ্ধি করে তার মাকে বললেন তোমার স্বামী বৃষ্টিতে ভিজছে অতএব একটা ঝাপি দিয়ে আস। এখানে লক্ষনীয় যে পিতার অশিক্ষিতের সুযোগ নিয়ে সে তার পিতা মাতাকে অস্বীকার করে। সমাজ দর্শনের দিক দিয়ে উকিল বাবুকে ভর্ৎষণা করা ছাড়া কিছু নেই।

**৮৫। সাগাইর খোরাক অদল-বদল** সাগাই=আত্মীয়, খোরাক=খাবার।
**ফকিরের খোরাক ঘাটায় সম্বল।**

বাড়িতে আত্মীয় স্বজন এলে যত্নের অভাব ঘটে না কিন্তু একজন ফকির বাড়ীতে এলে তাকে দূর দূর করে তাড়িয়ে দেয়। অর্থাৎ গরীবের প্রতি নির্মম ব্যবহার। এও এক প্রকার সামাজিক ব্যাধি।

**৮৬। ভাদর মাসে গাইরলে কলা** গাইরলে =বুনলে।
**সবংশে মরবে শালা।**

ভাদ্র মাসে কলাগাছ লাগালে তাতে ফল পাওয়া যায় না। সে কারণে ঐ মাসে কলাগাছ না লাগালেই ভাল হয়।

**৮৭। ছাইয়ের লাউ উঠানে লঙ্কা**
**চাষ করে চাষার বেটা।**

ছাই মেশান মাটিতে লাউ গাছ লাগালে গাছ ভাল হয়। গাছ একটু বড় হলেই আর একবার ছাই দিলে ভাল ফলন পাওয়া যায়। তেমনি উঠানে লঙ্কা লাগালে লঙ্কা ভাল হয়। কারণ উঠানের নানাবিধ লতা, পাতা, ছাই প্রভৃই থাকে বলে ফসল ভাল হয়।

**৮৮। গরম ভাতত বিলাই ব্যাজার**
**শক্তের কাছে নতি স্বীকার।**

**৮৯। ট্যারা চকুতে দ্যাখে যায়**
**তায় বাজাতের তারি হয়।**

এক চক্ষুতে যে বক্রভাবে তাকায় সেই মানুষকে বিশ্বাস করতে নেই। কারণ তার মনে শয়তানি বুদ্ধি থাকে।

**৯০। এক হাড়িতে খাইলে ভাত**
**ঝগড়া-ঝাটি হবেই তাত।**

একান্নবর্তী পরিবারে অনেক লোক থাকে, সেখানে ঝগড়া-বিবাদ লেগে থাকাই স্বাভাবিক।

**৯১। খ্যারের আগুন যেমন জ্বলে তেমনি নেভে।**

খড়ের গাদায় আগুন লাগলে খড় শেষ হলে আপনিই নিভে যায়। অর্থাৎ মানুষের অন্তরে যে আগুন জ্বলে তাও ধীরে ধীরে প্রশমিত হয়।

**৯২। ভাতার মইল তো দুই সতীনের মিল হইল।**

স্বামী বেচে থাকার সময় স্বামীর অধিকার নিয়ে দুই সতীনের মধ্যে দ্বন্দ্ব লেগেই থাকত। কিন্তু স্বামী মারা যাবার পর উভয়ের আর সে দাবি নেই বলে মিলন সম্ভব হয়।

**৯৩। মাছের জলত নাউ বারে**
**জলের জমিতে মরুচ বারে।**

মাছ ধোয়া জল লাউ গাছে দিলে ভালো সারের কাজ করে। জলের জমিতে লংকা লাগালে লংকার চাষ ভালো হয়। কারণ সেখানে সেচ দেবার ব্যাবস্থা থাকে।

**৯৪। ঘর নাই দুয়োর বান্ধে**
**মাইয়া নাই ছওয়ার বাদে কান্দে।**
**মুর্খের আপশোষ।**

**৯৫। আমও গেইল ছালাও গেইল**

**কান্দিতে কান্দিতে চকু দুইটাও গেইল।** গেইল=গেলো, চকু=চোখ

প্রতারণার দ্বারা সব কিছু হারিয়ে অনুশোচনা করা।

**৯৬। ঘরত নাই ভাত, করে ধম্মের উপাস।**

অন্ন-বস্ত্রের অভাবকে উপবাসের নাম দিয়ে চাপা দেওয়া। ঘরত=ঘরে,

**৯৭। নিষ্টি খাইলে সারা জীবন** ধম্মের=ধর্মের, **কামরে খাইলে আধা জীবন।** নিষ্টি=অল্প, এখানে মিতব্যয়ী উপাস=উপবাস

হিসেব করে চললে সারা জীবন সুখভোগ করা যায় কিন্তু বেহিসেবি খরচ করলে তা হয়না।

**৯৮। নারী যদি সতী হয়, সোয়ামীর আগত মরি যায়।**

স্ত্রী যদি সতী লক্ষ্মী হয় সে স্বামীকে কাঁদিয়ে আগেই মারা যায়।

**৯৯। এটেও ঘাস জল, ওটেও ঘাস জল।** এটেও=এখানে, ওটেও=ওখানে।

এখানে গরুর কতা বলা হয়েছে। গরু যে বাড়িতে প্রথম থাকে সেখানে গাসজল খায় আবার কখনো মালিকের পরিবর্তন হয় সেখানেও ঘাসজল অর্থাৎ ভাগ্য পরিবর্তন হয়না।

**১০০। কাউয়ায় কাটোল খায়, বগের মুখত আটা নাগে।** বগ=বক, কাটল=কাঠাল।

**একের দোষ অন্যের ঘারে চাপানো।**

**১০১। ডুবি ডুবি জল খায়, শিবের বাপো ট্যারনা পায়।**

শিব চতুর্দশীতে নির্জলা উপবাস করে শিবের পূজা দেবার প্রথা প্রচলিত আছে। কিন্তু পিপাসায় কাতরতায় কেউ যদি গোপনে জলপান করে, কিংবা নদী বা জলাশয়ে স্নান করার সময় ডুব দিয়ে গোপনে জলপান করে তাহলে কেউ টের পায় না অর্থাৎ গোপনে

কোন কাজ করলে কেউ টের পায়না।

**১০২। লক্ষ্মী আছে যার ঘরত,**

**তায় আরো কান্দে রন্নের বাবদ।** রন্ন= অন্ন।

প্রচুর সম্পদের অধিকারি হওয়া সত্বেও আরো বেশি করে পাবার জন্য ব্যাকুলতা প্রকাশ করে।

**১০৩। সাইধলে জাঙয়ই কাটোল খায়না** কাটোল=কাঠাল,মোদনা=মোচা।

**শ্যাষত জাঙয়ই মোদনাও পায়না।** সাইধলে=সাধলে, জাঙয়ই=জামাই,

প্রকৃত মুল্য না বুঝে কোন বস্তু প্রথমত প্রত্যাখান করা এবং ভুল বুঝতে পেরে সেই বস্তুর জন্যই লালায়িত হওয়া।

**১০৪। নাঙ ধইরলে ঠাকুর, মাছ ধইরলে মাগুর।** নাঙ= উপপতি।

উপপতি যদি ধরতেই হয় তাহলে ধনবান ব্যক্তিকে ধরাই ভালো আর মাছের জন্য যদি পরিশ্রম করতেই হয় তা হলে মাগুর মাছ ধরাই শ্রেয়।

**১০৫। দই খায়া পাইলার বিচার।** পাইলা= ঘট।

দই খাবার পর ঘটের বিচার অর্থাৎ জাতের বিচার।

**১০৬। প্যাট যখন ভত্তি থাকে সগায় তখন আদর করে** সগায়=সকলে, প্যাট=

**প্যাট যখন খালি থাকে সগায় তখন ট্যারা চকুত দ্যাখে।** পেট, চকু=চোখ।

গৃহস্থের বাড়িতে খাবার থাকলে সকলে আদর যত্ন করে কিন্তু ওই গৃহস্থের ভাগ্য বিড়ম্বনা হলে কেউ তখন আর সাহায্যের হাত বাড়ায় না।

**১০৭। পাত পরে ফুল হাসে**

**পাত কয় এমন দিন সগারে আইসে।** পাত=পাতা, সগারে=সকলের।

অর্থাৎ প্রত্যেকের দিন কখনো সমান ভাবে যায়না। প্রবাদটি বিশ্লেষণ করলে একথা অস্বীকার করার কোন উপায় থাকে না যে এগুলি প্রায়ই আপ্তবাক্য। প্রবাদ গড়ে ওঠার পিছনে থাকে প্রতক্ষ্য ও বাস্তব সম্মত ছোট বড় দৈনন্দিন জীবনের ভালো মন্দ অভিজ্ঞতা।

**১০৮। কতার দোষে কাজ নষ্ট, ভিক্ষায় নষ্ট মান**

**স্ত্রীর দোষে গৃহ নষ্ট লক্ষ্মী পালায়ে যান।**

কথার দোষে কাজের ক্ষতি হয়, ভিক্ষা করলে সম্মানের হানি হয়। আর বাড়ির গৃহিনী যদি সংসারের কাজে অবহেলা করে বা উচ্ছৃঙ্খলা দেখায় তবে লক্ষ্মী দেবী বিরক্ত হয়ে ছেড়ে চলে যান।

**১০৯। পীরিত, আগুন, কাশ**
**থাকেনা কখনো চাপা।**
প্রেম, আগুন এবং কাশি হলে তাকে কখনো চাপা দিয়ে রাখা যায়না।অর্থাৎ পাপ কখনো গোপন রাখা যায় না।
**১১০। ঘর নাই তুলতেই মোকা বান্দা।**
মুর্খলোকের বুদ্ধি।
**১১১। সাপ, শালা, জমিদার তিন নয় আপনার।**
সাপ, শালা, জমিদার এই তিনজন কেউ কখনও নিজের নয়। তিনজনেই সুযোগ পেলেই অত্যাচার করে।
**১১২। ঔদে ধান, ছেয়ায় পান।** ঔদে=রৌদ্রে, ছেয়ায়=ছায়ায়।
বর্ষাকালের শেষ দিকে যদি রোদের প্রভাব কমে যায় তখন ধানের ফলন ভালো হয়না। আর পান চাষ যারা করে তাদের অবশ্যই ছায়ার ব্যাবস্থা করতে হবে। তা নাহলে পানের ফলন ভালো হবেনা।
**১১৩। আশি টাকার খাসিরে নব্বই টাকার ঢোল**
**জোড়শিমুলের কইন্যা আনি নাগিল গন্ডগোল।**
বিয়ে উপলক্ষে আশি টাকা দিয়ে খাসি কিনেছে প্রীতি ভোজের জন্য। আর নব্বই টাকা দিয়ে বাজনদার বা বাদ্যকর ঠিক করা হয়েছে-তথাপি বিয়ে বাড়িতে গন্ডগোল দেখা দিয়েছে- বা কাজটা ভালোভাবে সম্পন্ন হয়নি।
**১১৪। বটের ছেয়াই ছেয়া**
**মায়ের মায়াই মায়া।**
বট গাছ বিরাট ডালপালা নিয়ে বিস্তার লাভ করে। ক্লান্ত, অবসন্ন কোন পথিক বটের তলায় বসলে তার সুশীতল বাতাসে মানুষের শরীর জুড়িয়ে যায় তেমনি জন্মদাত্রী মায়ের স্নেহই পৃথিবীর সর্ব্বশ্রেষ্ঠ স্নেহ।
**১১৫। উপজিলে পুত্র না করি সুখ**
**মরিলে পুত্র না করি দুখ।** উপজিলে=জন্মিলে।
পুত্রের জন্ম হলে যেমন আনন্দিত হবার কোন কারণ থাকেনা। তেমনি পুত্র মারা গেলেও দুঃখ করার কিছু নেই। কারণ উভয়েই মানুষের আয়ত্বের বাইরে। পুত্র হলেই যে সৎ চরিত্রবান বা বংশের মুখ উজ্জ্বল করবে তারো কোন নিশ্চয়তা নেই। তাই পুত্র জন্মালে যেমন আনন্দে গদগদ হওয়া উচিৎ নয় তেমনি মৃত্যু হলেও বিষাদে ভারাক্রান্ত হওয়া উচিৎ নয়।
**১১৬। ফুটাং ফাটাং গিরি**
**সাক দিয়া ভাত খায়া** বাহাদুরি দেখানো, ঘিউ=ঘি, ডিকারী=ঢেকুর।
**তোলে ঘিউয়ের ডিকারী।** ফুটাং ফাটাং গিরি=মিথ্যা বড়লোকের মত
একশ্রেণির লোক নিজের আর্থিক দুরাবস্থর কথা গোপন করে নিজেকে ধনবান বলে প্রচার করতে ভালোবাসে। তারা শাক দিয়ে ভাত খেয়ে এমন ঢেকুর তোলে যে মনেহয় যেন ঘি দিয়ে ভাত খেয়েছে।
**১১৭। ত্যালেং ত্যালেং বৈশাখী নদীর পারত ঘর** বৈশাখী=সদ্য বিবাহীতা,
**ভাত না খায় বৈশাখী, ঢেউয়ের ভাতার ধর।** ঢেউয়ের ভাতার= ঢেউয়ের মত
চঞ্চল ব্যক্তিকে স্বামী রূপে বরণ করা। ত্যালেং ত্যালেং= আনন্দ
বৈশাখ মাস যেমন বছরের প্রথম মাস তেমনি বিয়েরও বছরের প্রথম মাস। বিয়ের পর যৌবনকে ভোগ করার সময়, এই সময় টুকুই নারীর জীবনের শ্রেষ্ঠ কাল বলে চিহ্নিত করা হয়। সে কারণে সেই নারীকেই বৈশাখী বলা হয়েছে। এ অবস্থায় নারী থাকে লীলা চঞ্চল। কিন্তু সে আনন্দ নদী তীরে বসবাস কারী গৃহের ন্যায় ক্ষনস্থায়ী হতে পারে। কারণ যে কোন সময়ে বন্যা এসে ঘরবাড়ি ভাসিয়ে নিয়ে যেতে পারে। সে জন্য নতুন যৌবনে স্বামী সুখে আত্মহারা না হয়ে সাবধানে চলার উপদেশ দেওয়া হয়েছে এই প্রবাদের মাধ্যমে।
**১১৮। খাবার জন্য প্যাটটা**
**জলের জন্য জীবনটা।** প্যাট= পেট।
খাদ্যদ্রব্য এবং জল উভয়েই বেঁচে থাকার জন্য অপরিহার্য।
**১১৯। মজুরের কপালত খাজুরের চাটাই।** কপালত=কপালে, খাজুর=খেজুর।
গরীবের প্রতি অবহেলা প্রদর্শন করা।
**১২০। নিজের নুন ধার দিয়া** সাতপুতি=ঝিঙা,
**সাত পুতি আন্দে ছ্যাকা দিয়া।** আন্দে=রাঁধে, ছ্যাকা=খার।

নিজের ক্ষতি করে অন্যের উপকার করা অর্থাৎ অপরিণামদর্শীতা।

**১২১। যার মাও কালি খাইছে কচুর নালির সিজা** পেন্দা= পরিধেয়, কচুরনালি
**তার বেটিক দ্যাখং এলা উচা উচা জুতা পেন্দা।** =কচুরলতি, সিজা= সেদ্ধ,
মাটির তলার কচুর শেখড়ের অংশটি তরকারী হিসেবে খেয়ে জীবনধারণ করে। সাধারণত অতি দরিদ্ররা ঐ খাদ্য খেয়ে থাকে। সেই রকম দরিদ্র ঘরের মেয়ের হিলতোলা জুতো পড়াকে ব্যঙ্গ করে বলা হয়েছে।

**১২২। বাগে ধান খাইলে খ্যাদায় কায়?** বাগ=বাঘ, এখানে ধনি ব্যাক্তি।,খ্যাদায়= তাড়ানো
প্রভাবশালীব্যাক্তি অপরাধ করলে কেউ প্রতিবাদ করে না।

**১২৩। গাঞ্জা খাইলে মাঞ্জা হয়**
**গর্ধনা হয় মোটা**
**দুই গোফ ফরফরে ব্যাড়ায়**
**মহাদেবের ব্যাটা।**
এখানে অকাল কুষ্মাণ্ড ব্যক্তির প্রতি ব্যঙ্গ করা হয়েছে।

**১২৪। কাউয়া চিলা বাপ মাও**
**মরা খায়া করে আও।** কাউয়া = কাক, আও= কথা
পুত্র-কন্যা থাকা সত্বেও বিধবা মাকে দুঃখ-কষ্টের মধ্যে রেখেছে।কেউ খোঁজও করে না। তাই বিধবা আর্তনাদ করে বলছে- কাক এবং চিল এরাই তার বাবা-মা । কারণ মৃত্যুর পরে কেউ হয়তো শেষ কাজটুকু করবে না। তাই কাক এবং চিলেরা আনন্দ করে খাবে।

**১২৫। পরার বেটি যদি না ড্যাকায় মাও**
**তার বাদে কি মরির চাইম।**
নিঃসঙ্গ এক শাশুড়ির মনের ক্ষোভ প্রকাশ।

**১২৬। যায় শুকরবারে কাটে ঢাকনাই**
**তার কপালোত সুখ নাই।** শুকুরবার= শুক্রবার, ঢাকনাই= নখ
শুক্রবারে নখ কাটতে নিষেধ করা হয়েছে। বলা হয়েছে ঐ দিন নখ কাটলে নাকি সুখ চলে যায়।চুল, নখ, দাড়ি ইত্যাদি দেহের মধ্যেকার বর্জ পদার্থগুলির সাথে অশুভ শক্তির যোগ-এর কথা প্রাচীন কাল থেকেই মানুষ বিশ্বাস করে আসছে।

**১২৭। মন কয় ভুলি থাকোং**
**চকু কয় একবার দ্যাকোং।**
সন্তান এবং পুত্রবধূর অত্যাচারেবিরক্ত হয়ে সব কিছু ভুলে থাকতে চায়- কিন্তু পুত্র স্নেহের কাছে বার বার হেরে গিয়ে মন বলে একবার পুত্রকে নয়ন ভরে দেখি।

**১২৮। নিম তিতা সতীন তিতা**
**নিমের তিতাও ভাল**
**সতীনের তিতা সবারে না পাও**
**অগুনে জ্বলেছে মোর গাও।**
সতীনের কাটা কেউ কোনোদিন সহ্য করেনি, ভবিষ্যতেও করবে না। এখানে সতীনের প্রতি এক বুক ফাটা আর্তনাদ বেড়িয়ে এসেছে। এর মূলে সমাজ ব্যবস্থা দায়ী।

**১২৯। ভাতার ব্যাচায় গরুর হাল** ভাতার= স্বামী, গড়েয়া= তৈরি করা,
**গড়েয়া আনে মাইয়ার গালার হার।** মাইয়ার= স্ত্রীর
অপরিনামদর্শী চিন্তা ভাবনা।

**১৩০। দা-ওয়ের কাজ দা-ওয়ে করে**
**কুড়ালের কাজ কুড়ালে করে।** দাও= দা
যার যা কাজ তার সেই কাজই করা উচিত।

**১৩১। খাবার সময় বড় হা**
**জোগার দিবার সময় মুকোত ঘাউয়া।** শজোগার= উলুধ্বণি, ঘাউয়া=ঘা
খাবার সময় গোগ্রাসে খায় কিন্তু উলুধ্বণি দেবার সময় মানুষকে বলে মুখে ঘা। অর্থাৎ কাজের সময় কাউকে পাওয়া

যায় না।

**১৩২। কাউয়ার মসং কাউয়ায় না খায়।**

স্ব-জাতির অনিষ্ট কেউ করে না।

**১৩৩। চোরের বাড়িত দালান ওটে না।**

অন্যের সম্পদ দিয়ে ধনী হওয়া যায় না।

**১৩৪। পানিমাছ ডিমা পারে গোসাপে খায়।**

একজন কষ্ট করে অপরে সুখভোগ করে।

**১৩৫। যার ফাটে তার ফাটে ধোপার তাতে কি?**

দায়িত্ব বা কর্তব্য জ্ঞানের পরিচয় না দিয়ে অযত্ন সহকারে কাজ করা।

**১৩৬। নিজের দইয়োক কাহোয় টেঙা কয় না।** দইয়োক=দই,কাহোয়=কেহ, টেঙা=টক

নিজের দোষ ত্রুটিকে কেউ ধরে না। বিশেষত ব্যবসায়ীরা নিজের পণ্যের ত্রুটি গোপন করে প্রচার করে।

**১৩৭। ব্যাটা না উপজিলে এক জ্বালা**
**ব্যাটা উপজিলে ফির বিষম জ্বালা।** উপজিলে= জন্মিলে, ফির= আরো

উভয় সংকট।

**১৩৮। ঘর জামাইয়ের নাম নাই**
**মানষি কয় ফল্লার জাঙই।**

অবহেলার চোখে দেখা।

**১৩৯। বাপ মাও যতদিন**
**আদর যতন ততদিন।**

মেয়েদের ক্ষেত্রে প্রযোজ্য। বাবা-মা যতদিন বেঁচে থাকেন ততদিন কারো কিছু বলার থাকে না। কিন্তু ওদের অভাবে কেউ যত্ন করে না। সামাজিক ব্যাধি বলা যেতে পারে।

**১৪০। শরীলের বালা ধুইলে যায়**
**মনের কালি মরিলে যায়।**

কলঙ্ক একবার লাগিলে মৃত্যু পর্যন্ত তাড়া করে নিয়ে বেড়ায়।

**১৪১। তিন ব্যালা খায় তিন বাটি**
**ভাতারক দেকি দাত কাপটি।**

সকলের চোখকে ফাঁকি দিয়ে তিন বাটি স্ত্রী করে তিন বার খায়। কিন্তু স্বামীর কাছে ধরা পড়ায় দাঁতে দাঁত লেগে যাবার উপক্রম হয়।

**১৪২। থাকি থাকি ওঠে বাত**
**কি রৌষধ দিম তাত।** থাকি থাকি= মাঝে মাঝে, রৌষধ= ঔষধ

বাতের ব্যথা মাঝে মাঝে ওঠে এবং বিরক্তির সৃষ্টি হয়। এমন কোনো ঔষধ নেই যা দিয়ে বাত সারানো যায়।

**১৪৩। দা-য়ের মিঠা বালা, কুড়ালের মিঠা শিল**
**ভদ্রনোকের জবান মিঠা, গোয়ারের মিঠা কিল।**

দা ধার দিতে গেলে বালুর প্রয়োজন, কুড়ালের জন্য পাথর, ভদ্রলোকের কথা মিষ্টি লাগে কিন্তু গোয়ার কিছুই বোঝে না বলে কিল হজম করে।

**১৪৪। দূর হতে শোনোং বড় বড় ঘোড়া**
**বগল যায়া দ্যাখং তায় শিয়ালের পালা।**

দূর থেকে শুনতে সবই ভালো লাগে কিন্তু কাছে গিয়ে দেখলে দৈন্যদশার রূপটি ভালো করে বোঝা যায়। অর্থাৎ বাইরে সুন্দর ভিতরে ফাঁকা।

**১৪৫। ধনী মানষি চাউল ভাজা খায় সুকে**
**গরীব মানষির চাউল ভাজা খায় দুকে।** দুকে= দুঃখে, সুকে= সুখে

অবস্থা অনুসারে মানুষ খাদ্য গ্রহণ করে।

**১৪৬। ঠ্যাং থাকিলে হাটা যায়**
**হাত থাকিলে নেকা যায়।**

পা না থাকলে হাটা যেমন সম্ভব নয়, তেমনি হাত না থাকলে লেখা সম্ভব নয়।

**১৪৭। পিঠিত বান্দিছং কুলা**
**যত ডাঙ্গাবু ডাঙ্গাও এলা।**

নির্যাতিতা নারী স্বামীর অত্যাচার থেকে মুক্তির পথ না পেয়ে উক্ত কথাগুলি বলেছে।

**১৪৮। পীরিতির এমন গুণ**
**পানের সতে যেমন চুন।**
**বেশি খাইলে পোড়ে গাল**
**কম খাইলে নাগে ঝাল।** সতে= সঙ্গে, নাগে= লাগে

পানের মধ্যে চুন বেশি হলে যেমন মুখ পুড়ে যায় তেমনি চুন কম হলে মুখে ঝাল লাগে। ভালোবাসাও তেমনি - বেশি কিছু দেখাতে গেলে মুখ পোড়ে।

**১৪৯। ফল খায়া জল খায় যম কয় আগে আয়।**

অর্থাৎ স্বাস্থ্য সম্পর্কে সচেতন থাকা প্রয়োজন।

**১৫০। ফুলের শোবা ভোমরা বউয়ের শোবা নজ্জা।**

ফুলের সৌন্দর্য যেমন ভ্রমর তেমনি নারীর সৌন্দর্য লজ্জা।

**১৫১। বউ আসিল ঘরত সুক গেইল উপরোত।** ঘরত=ঘরে, সুক=সুখ,
উপরোত=নষ্ট হওয়া অর্থে ব্যবহৃত।

ঘরে বউ এলে অনেক সময় সংসারে অশান্তির সৃষ্টি হয়।

**১৫২। বাগ ঝাপ্পায় বারো হাত** বাগ= বাঘ, ফেরুস= ফেউ,
**ফেরুস ঝাপ্পায় তেরো হাত।** ঝাপ্পা= লাফ দেওয়া।

ফেউ নিজেকে বাঘের হাত থেকে রক্ষা করার জন্য একটু বেশি জোড়ে লাফ দিয়ে বাঁচার চেষ্টা করে। অর্থাৎ অত্যাচারীর ব্যক্তির কাছ থেকে দুরে থাকাই শ্রেয়।

**১৫৩। প্যাটের ভোকে সগায় চোর।**

সংসারে অভাব থাকলে লোকে চুরি করতে বাধ্য হয়।

**১৫৪। টিম টিম বাতি পিটপিটা ভাতার**
**কোনপাকে যাইম দুনিয়া আন্ধার।**

স্বামীর স্বভাব খুত খুতে হবার কারণে সংসারে অশান্তি লেগেই থাকে।এর থেকে মুক্তির পথ খুঁজে পায় না।

**১৫৫। মামার বাড়িত খাং**
**চাউলের খরচ না জানং।**

অন্যের বাড়িত খেলে কোনো কিছু খবর না করলেও চলে।

**১৫৬। মার বিছানাত ছিড়া ক্যাতা**
**মাইয়ার বিছানাত ফুলের মালা।**

মাকে ছেঁড়া বিছনায় শুতে দেয় - বউয়ের বিছানা সুন্দর করে সজান। অর্থাৎ বিমাতৃসুলভ আচরণ।

**১৫৭। মার আও দক্ষিণা বাও।** আও= কথা

মায়ের মুখের কথা শুনলে প্রাণ জুড়িয়ে যায়।

**১৫৮। যার আছে মাটি তাক দিম বেটি।**

সন্তানের সুখের জন্য ভাবনা।

**১৫৯। যার কমোরে টাকা তার কতাও টেরিয়া।** টেরিয়া= বাঁকা

ধনবান ব্যাক্তিদের কথাবার্তা ভালো হয় না।

**১৬০। আজ্যের সুখ মার বুকোত।** আজ্যের= রাজ্যের

সারা পৃথিবী জুড়ে যে শান্তি পাওয়া যায় না, মায়ের কাছে গেলে সেই শান্তি পাওয়া যায়। অর্থাৎ জন্ম স্থানের মতো সুখ আর কোথাও নেই।

**১৬১। সাধের বাইগোনত পোকায় সার।**

আশা করে বেগুন কিনে এনে দেখে পোকায় ভর্তি। বেশি আশা করতে নেই। অর্থাৎ বিড়ম্বনা ছাড়ে না।

**১৬২। বামোন, গনাইয়া আর কাউয়া**
**তিন ঝনে পর খাউয়া।**
বামন, গনকদার এবং কাক তিনজনে অন্যের উপর নির্ভর করে জীবন ধারণ করে।
**১৬৩। মাছের শোকে বিলাই কান্দে।** বিলাই= বিড়াল
যাকে খেতে পেয়ে আনন্দ তাকে দেখে কপট শোক প্রকাশ করা।
**১৬৪। সোয়াদি আমোত পোকা থাকে।** সোয়াদি= মিষ্টি
যে আম খেতে মিষ্টি লাগে তার মধ্যেও পোকা দেখা যায়। অর্থাৎ ভালো লোক পেলেই লোকে তাকে ফাঁকি দেয়। বদ লোকের কাছেও যায় না।
**১৬৫। ভাঙ্গা কোদাল দিয়া দীঘি খোড়া।** খোড়া= খনন করা
বড় ধরণের কাজ সমাধানের জন্য অনুপযুক্ত জিনিস ব্যবহার করা। অর্থাৎ বুদ্ধিহীন ব্যক্তি।
**১৬৬। সাপারি চিনে সাপের হাচি।** সাপারি= সাপুরে
যে যে-কাজে অভিজ্ঞ সে সেই বিষয় দেখলেই বুঝতে পারে।
**১৬৭। ভাঙ্গা বাড়িত বাস দুঃক বারো মাস।**
ভাঙ্গা ঘরে বসবাস করার দুঃখ অনেক, যেমন গ্রীষ্মকালে রৌদ্র লাগে, বর্ষায় বৃষ্টির জল পড়ে এবং শীতকালে প্রচন্ড ঠান্ডা লাগে। অতএব সব ঋতুতে কষ্ট।
**১৬৮। কিষ্যানের এক দুবোর বন্ধ তো চাইরোপাকে খোলা।**
কর্মঠ কিষ্যানের কাজের অভাব থাকে না, সে অন্যের বাড়িতে কাজ করে খায়। সেই শ্রমিকের প্রতি একজন বিরূপ হলে সে অন্যের বাড়িতে কাজ করতে পারবে।
**১৬৯। মরা কাউয়ার চরকের হাতাশ নাই।** চরক= বজ্রপাত, হাতাশ= ভয়
যে কাক মারা গেছে তার আর বজ্রপাতের ভয় নাই। অর্থাৎ যার একবার সর্বনাশ হয়েছে তার আর বিপদের ভয় থাকে না।
**১৭০। হাত দিয়া জল পড়ে না।**
হাতে জল নিলে আঙ্গুলের ফাঁক দিয়েও পড়ে না। অর্থাৎ দারুণ কৃপণ ব্যক্তি।
**১৭১। এমন ভাত আন্দিলু খোয়া মোক কান্দালু।** আন্দিলু= রান্না করা
এত খারাপ রান্না যে মুখে দেবার অযোগ্য। অর্থাৎ অপদার্থতা।
**১৭২। দিনটা যায় ভাল, আইসেটা বেয়া।** বেয়া= খারাপ
যে কোনো সুযোগ জীবনে এক বার নষ্ট করলে সে সুযোগ আর পাওয়া যায় না।
**১৭৩। মাইয়া নাই তার আবার বাসর।**
যার কোনো মূল বিষয়ই নেই তার সে বিষয় আনুসঙ্গিক কাজ করা উচিত নয়।
**১৭৪। আদা শুকাইলেও ঝাল নাগে।** নাগে= লাগে
আদা কাঁচা ও শুকনা দুই অবস্থায় খেলে ঝাল লাগে। আদার ঝাল লোপ পায় না। অর্থাৎ স্বাভাবিক ধর্ম কখনোই লোপ পায় না। তেমনি দুষ্টলোক কিছু দিনের জন্য দমিত হলেও তার দুষ্ট প্রকৃতি একেবারে লোপ পায় না। আবার মহৎ লোকের অবস্থার বিপর্যয় ঘটলেও তার মহত্ব লোপ পায় না।
**১৭৫। কাচা বাশত ঘুন ধরে।**
অপুষ্ট বাঁশ দিয়ে কাজ করলে কিছুদিন পরেই নষ্ট হয়ে যায়। সেরূপ অপরিণত বয়সে অনেক টাকা পয়সা হাতে পেলে চরিত্রহীন হয়।
**১৭৬। কাপড় দিয়া আগুন ঢাকা।**
কাপড় দিয়া যেমন আগুন নেভানো যায় না, তেমনি পাপকে মিথ্যার আভরণ দিয়ে চাপা রাখা যায় না।
**১৭৭। ঘোলা জলোত মাছ ধরা।**
পরিষ্কার জল ঘোলা করে নিলে মাছ ধরে - এটা বাস্তব ঘটনা।আসল অন্তর্নিহিত অর্থ হলো কোনো ঘটনার মাধ্যমে সামাজিক ও রাজনৈতিক ফায়দা লুটের আচরণ বুঝতে এই প্রবাদ প্রয়োগ করতে হয়।
**১৭৮। আমও গেইল ছালাও গেইল**
**কান্দিতে কান্দিতে চকু দুইটাও গেইল।**

প্রতারণার দ্বারা সর্বস্ব হারিয়ে ক্রন্দন করা। (এক প্রতারক ব্যবসায়ীর ছালায় আম নিয়ে টাকা আনার নাম করে কেটে পড়ে। আর ফিরে আসে না।)

**১৭৯। কাউয়ার পাছত ফড়িং নাগে।**

**কারো পেছনে লেগে অবিরত বিরক্ত করা।**

**১৮০। শন মাসের ঝরত ভাষার কাউয়াও মরে।** শন= শ্রাবণ।

দুর্যোগ-দুর্বিপাক কাউকেই রেহাই দেয় না।

**১৮১। ঘোমটার তলত খ্যামটার নাচ।**

বাইরে সাধু গিরি ভিতরে নষ্টামি।

**১৮২। বারা ভাতত ছাই পড়া।**

সমূহ ক্ষতি বা সর্বনাশ করা।

**১৮৩। যেমন দেওয়ারি, তেমন হাড়ি** দেওয়ারি= দিয়ারি।

যোগ্য পাত্রের সাথে যোগ্য পাত্রের মিলন।

**১৮৪। বাড়ির শোবা গাছ-গাছরা ঘরের শোবা ওসরা**

**দাতের শোবা মাজন নিশি, চোকের শোবা ঈশিরা।**

বাড়ি সৌন্দর্য বৃদ্ধি করে সুন্দর বাগান এবং গাছপালা। ঘরের শোভা বৃদ্ধি করে সাজানো গোছানো বিছানা। দাঁত পরিস্কার থাকলে মুখের সৌন্দর্য বৃদ্ধি পায় এবং চোখের সৌন্দর্য বৃদ্ধি করে ইশারার মাধ্যমে।

**১৮৫। উরিয়া আসিয়া জুরিয়া বইসা।**

**অযাচিত ভাবে বিনা অধিকারে এসে সর্বেসর্বা হয়ে বসা।**

**১৮৬। ধোঙা যায় সবার না তায় আন্দুনি হবার না পায়।** ধোঙা=ধোঁয়া, সবার=সহ্য করা, আন্দুনি=রাধুনি।

রান্না ঘরে রান্না করতে গেলে চুলার ধোঁয়া লাগবেই। এটা কেউ সহ্য করতে না পারলে ভাল রাধুনি হওয়া যায়না।

**১৮৭। ক্ষুদি খায়া টাকা বান্ধে**

**দুই পুরুষ ধরি খরচ করে।** ক্ষুদি=চালের ক্ষুদ্র দানা, বান্ধে=জমাকরা। দারুন কৃপন স্বভাবের লোক।

**১৮৮। মিছা কতা ছ্যাকা জল কতক্ষন থাকে?** মিছা=মিথ্যা, ছ্যাকা জল=সেচ করা জল।

মিথ্যা কথা যেমন চাপা থাকেনা তেমনি জমিতে চাষের জন্য জল দিলে বেশিক্ষণ থাকে না।

**১৮৯। গোয়ালিত যার গরু নাই**

**তার পীরেরও ভয় নাই।**

মুসলমান পীরেরা উত্তরবঙ্গের বিভিন্ন অঞ্চলে গোয়াল ঘরের সামনে পীরের গান করে বেড়াত-গোয়াল ঘর বিশুদ্ধ করার জন্য। কিন্তু যার গোয়ালে গরু নাই তার পীরের ভয়ও নাই।

**১৯০। ছাওয়ার হাতত মোলা দেখিলে কাউয়ায় নিগায়।** ছাওয়া=শিশু, নিগায়=নিয়ে যায়, কাউয়া=কাক।

দুর্বলের উপর সবলের অত্যাচার।

**১৯১। ভাব বুঝে কীর্তন করো**

**সময় থাকতে শেষ করো।**

পরিবেশ ও পরিস্থিতি বিবেচনা করে কাজ করা ভাল- তা নাহলে ক্ষতি হতে পারে।

**১৯২। চোরের কোনয় শ্বশুড় বাড়ি নাই।**

অন্যায়কারী আপনপর মানে না, সুযোগ পেলেই ক্ষতি করে।

**১৯৩। কলা দিয়া ছাওয়া ভোলানো।**

শিশুরা ভোজন প্রিয়। উপরন্তু যদি কলা পেয়ে যায় তা হলে তো কথাই নেই।

**১৯৪। কুশিয়ার আর সরিষা, না থ্যাতলাইলে অস বিরায় না।** কুশিয়ার=আখ, থ্যাতলাইলে=পেশানো। আখ রসালো

ফল ঠিকই কিন্তু তার রস পেতে গেলে বেশ বল প্রয়োগ করে পিশতে হয়, নতুবা এর রসাস্বাদন করা সম্ভব নয়। সরিষা দিয়ে সুস্বাদু খাদ্য রান্না করা হয়-কিন্তু পিশতে বড় কষ্ট।

**১৯৫। কাঠল খায়া নাগিল আটা**
**ত্যাল দিয়া ঘুচাও ন্যাটা।**

কাঠল=কাঁঠাল,নাগিল=লাগল,
ত্যাল=তেল, ন্যাটা=লোঠা।

যে যেমন ব্যবহার করে তার সঙ্গে তেমন ব্যবহার করা উচিৎ।

**১৯৬। কাউয়া সগারে মসৎ খায়**
**কাউয়ার মসৎ কাহয় না খায়।**

কাউয়া=কাক, সগারে=সকলের,
মসৎ=মাংস, কাহয়=কেহ

কাক এক বিচিত্র প্রাণী। সে সকলের মাংস খায় কিন্তু মরা কাকের মাংস অন্য কোন প্রাণী খায় না। কারণ কোন মরা কাকের মাংস অন্য কোন প্রাণীর সহ্য হয় না।

**১৯৭। কাউয়ার ডাকত ফিট হয়**
**রাইতোত নদী পার হয়।**

লোকের কাছে ভালো মানুষ সাজতে কাকের ডাকে যে নারী মুর্ছা যায় তাকেই দেখা যায় রাতে একটা নদী পার হয়ে পর পুরুষের সঙ্গে মিলিত হতে। অর্থাৎ অসৎ চরিত্রের নারী।

**১৯৮। মাতার উপরত শকুন।**

শকুন সংক্রান্ত একটি সংস্কার হল যে, সে মৃত্যুর প্রতীক। শকুন মাথার উপর উরলে মৃত্যু আসন্ন। তাই শকুন উরাকে অশুভ বলে মনে করা হয়।

**১৯৯। দিনতে যার বাড়িত বাতি জ্বলে**
**তার ভিটাত ঘুগু চড়ে।**

অপ্রয়োজনীয় ব্যয় বাহুল্য মানুষকে নিঃস্ব করে।

**২০০। চ্যারা দিয়া কাতলা ধরা**
**চ্যাং দিয়া চিতল ধরা।**

চ্যারা=কেঁচো, কাতলা=কাতল মাছ।

বুদ্ধি থাকলে সামান্য উপায়ে বড় বড় কাজ করা যায়।

# ৫. লোকনাটক (FOLK-DRAMA)

## দুবুলাবালী/কাঁচাপাকা পিরীত

**প্রথম খন্ড**

দুবুলা কী মায়া নাগাইলেন বন্ধু,
বন্ধু করিয়া পিরীতি-
বুকের মাঝে তুষের আগুন,
বন্ধু জ্বলে দিবারাতি রে।
বন্ধু জলে দিবারাতি।

আমি ত'না জানি বন্ধু-
বন্ধু পিরীতের কী জ্বালা,
অল্প বয়সে করিয়া পিরীত-
বন্ধু মন কইরলেন পাগেলা রে।
বন্ধু মন কইরলেন পাগেলা।

চাঁনমল শোনো শোনো দুবুলাবালী বলি তোমার কাছে-
গোপন পিরীতের আমার মূল্য কি বা আছে।
হয়তো বা হইবে একদিন লোকের জানাজানি
লাজে মইরমো দোনোজনে, পইরবে চোখের পানি।

দুবুলা সদাগর, সে জন্যে তোমরা অত চিন্তা করেন ক্যানে?
কাঁচা পিরীত পাকা হয় ভালবাসার গুণে।
কোন চিন্তা না করেন বন্ধু-যদি থাকে ন্যাকা,
হয় না ক্যানে কাঁচা পিরীত, আপনে হইবে পাকা।

চাঁনমল এ কথা ক্যামনে দুবুলা, বল বিশ্বাস করি?
কেমন করি বা তোমাক ছাড়ি দেশে ফিরি!
বানিজ্য করিতে কন্যা আসছি তোমার দেশ,
তোমায় মায়ায় বন্দি হয়া বাণিজ হইল মোর শেষ
এই ঘাটে বন্দি নৌকা কাটাইলাম তিন মাস-
সত্য কি পুরিবে কন্যা আমার মনের আশ?

দুবুলা অবিশ্বাস না করেন বন্ধু দুবুলার কথায়-
এ জীবন সপিয়া দিচি তোমার ঐ পায়া।
মন প্রাণ দিয়া তোমাক বাসিয়াছি ভাল,
তুমি আমার, আমি তোমার-প্রতিজ্ঞা রইলো।

চাঁনমল আরও এক কথায় দুবুলা বলি তোমার ঠাঁই-

এ দেশ ছাড়িয়া যখন অন্য দেশে যাই;
তোমার ঘরে রইল আমার হীরামণ তোতা,
সুখ, দুঃখে পাখির আগে জানান মনের কথা।
দুবুলা যদি থাকে সয়-কাকো নাই ডর-
কোন চিন্তা না করিবে চাঁনমল সদাগর।
(নেপথ্যে ম্যাদিলি বুড়ি)

ম্যাদিলি অসোমতি হেইর, হেইর বুচি-

দুবুলা ঐ, ঐ যে সদাগর। সগাঁয়গুলা গাও ধুবার আসির নাইগচে; য়্যালা তোমরা এটে থাকি যাও। কাঁও দেখি ফ্যালাইবে-

স্থান-নদীর ঘাট

ম্যাদিলি ঃ অসোমতি হেইর, হেইর বুচি, হেইর দুবুলা। তোমার গুলায় কি মনোত একটুকাও ভয় নাই হেইর? গাও ধুবার আসিয়া এ্যাকেরে আকারির দুঃখ সুখ খান ছাড়ি দিচেন? বাপ রে বাপ! কি তাল ফাটা রউদ! এ্যাকো ঝনকার খাওয়াইয়া কতোবা হাল ছাড়ি দিয়া আসিয়া এ্যাকেরে ধ্যাদেরে পইচ্চে। তোমরাগুলা খাওয়াইয়াক খাবার করি দিবেন কোন ব্যালা হেইর? আইজ তোমার গুলার কপালোত বা কি হয় বাড়ি যাও তো আগোত।

অসোমতি ঃ রেই বুচি। কতা মিচা নোয়ায় রেই! ম্যাদিলি আবো কি আর এ্যামেনে ক্যাচ্‌ক্যাচের ধইচ্চে। ইদি তো আমরা গপ্পোয় সপ্পোয় আচি; ব্যালার ভিতি নজর করি দ্যাখোক তো! মুঁই যাঁও আই, বাড়ীত আরো এক ফুটিক জল নাই।

দুবুলা ঃ ইস! ভাতারোক আরো এত ভয় করি চলির নাগে? মুঁই হৈলে, হাত বান্ধনু হয় হতাশে, পাও বান্ধনু হয় বাতাসে, বরণতালু বান্ধনু হয় এ্যাক্কে নিকাশে।

ম্যাদিলি ঃ বাবা, বাবা, বাবা, মুই কোনোটে নাই শোনং আই, অকুমরী কৈনার মুকোত এ্যামনু কতা। দুবুলা, তুই ভালে থাক মাঁইও, বাচ্চা হাতে মামাঘরের দ্যাশোৎ ইস্কুলে পইড়তে পইড়তে তুঁই আরো এ্যাত কতা শিখচিস?

বুচি ঃ হির আবো, আবিয়াতে অমন গপ্প আমরাও কত করচি; পারার ব্যাটা ধরি গুজরান করি খাওয়া যে কত কোনা ঠ্যালা এ্যালাসেজে বুজির ধচ্চি। একটুকাতে হুর শ্বশুরের হড়হড়ি, শ্বশুড়ীর গড়গড়ি, নন্দের তত্তরি, জাও জাওয়ানীর ফড়ফড়ি।

ম্যাদিলি ঃ তুঁই না কইস রেই বুচি! বুড়িই হনু, এ্যালাও এ্যাকনা ভগলটিগল হৈলে তোর আজু যদি নাটি ধরি খিচ মিচায়, তোক কঁও রেই, মোর কইলজাটা খালি গিড়্‌গিড়ি কাঁপিউটে।

অসোমতি ঃ দুবুলার কি আই। এ্যালাও উয়ার গাত এ্যাকেনা খইড়কার আচর নাগে নাই। আমরা যে মাও বাপের কত কতা শুনচি- মাঁও উটতে বইসতে কয়া আচিলো। 'পরার বন্দি গুলার ক্যানে এ্যাত গান রে?'

ম্যাদিলি ঃ আরো নোয়ায় তে কি আই। মাও বাপ আর কইন্যা ছাওয়াক কদ্দিন আবগি রাখির পারে? বেটী ভাস্তিক পরাক দেওয়াও যে কতা, যমোক দেওয়াও সেই কতা।

অসোমতি ঃ সেই সেই আবো; কার আদৃষ্টে যে কি আছে, তাক কেমন করি কওয়া যায়। বুড়ি আইয়ো কইচে- কোনটে বোলে কার ঘরের মানুষ পরভাবি হইচে দেখি, উয়ার সোয়ামীটা মনে মনে সরে সরে, ক্যামোন বা করি একদিন কাত বাতে সেই মানুষটা সুদ্দায় ক্রমবক্তি ধরিয়া, এ্যাকেরে পিটমোরা কড়ি বান্ধোন দিয়া বোলে নদীত ভাসে দিচে।

ম্যাদিলি ঃ হয়, হয়, হেইর, কতা হয়। এই কালজানি নদী দিয়া না সেই মড়া দুইটা ভাসি গেইচে। আমরা স্যালা চেংড়ী মানষি। এ্যাকেরে তলের মাটি উপর হইল; কতো হৈ হাজারী মাইনসে দেখিল। ইস, কি ডাসা মানুষ হেইর! তোর পিরীতের চন্নোৎ হাজারটা দন্ডোবৎ আই। কমবক্তা, কমবক্তির ঘর এ্যাকেরে বক্তা মরণ মইচ্চে।

দুবুলা ঃ মইরবে না! পিরিত খালি ঝ্যামনে ত্যাম্‌নে কইল্যে হইবে না আব কাঁচা পাকা পিরিত আছে।

ম্যাদিলি ঃ শোনো, শোনো, রেই দুবুলা আরো কি কয়; ক্যামন বোলে আরো কাঁচা পাকা পিরিত।

দুবুলা ঃ তা, আছে নাতেন কি। আবো, এ্যামোন করি গুয়া খামো তা ওট্‌ বা ক্যানে গাইববে আর এমন করি পিরিত কইরমো, তা লোকে বা ক্যানে জাইনবে।

ম্যাদিলি ঃ মুঁই হঠাৎ কালাই দুখান হনু আই। এ সতীন আরো কম হইবে না। ইয়াঁঞঃ দ্যাখোং একঘর ভাঙ্গি সাত ঘর কইরবে।

বুচি ঃ অসোমতি দিদি। উয়ার নাঁও দুবুলা, গাও দুবুলা। উয়ার এমন ধাগরি হইবে না।

দুবুলা ঃ দুবুলা তোমাক্ কী কইরলে রেই? দুবুলা ক্যানে ধাগরি হইবে, তোমরায় ধাগ্রি। দুবুলা কি কারো খাবার পিন্দবার যায়, না কারো বাটার ভাত কাড়ি খাবার যায়? মোর মুকের দুইটা গাইল শুনির বাদে জিউ কাউলির ধইচ্চে?

বুচি ঃ কি কবু রেই? কি কবু? ঠাট্টায় চাউটালি মানষি কত কতায় কয়। কি কতাটা কনু? বাপ তুঁই আরো এমন- হাটো হেইর- হাটো। ঐ যে কয় বোলে, 'ফুল মাণিকের গাও, না সয় রইদ বাও'।

দ্বিতীয় খন্ড

খোসাগান

'ও রসিক বিনে কে বুঝিবে রে
ভাবের পিরিতের মর্ম কে জানে'

মূলপদ ঃ এই না মতে দ্বন্দ্ব করি যত নারীগণ
নিজ নিজ ঘরে সবে করিছে গমন।
কান্দিয়া কাটিয়া দুবুলা মায়ের কাছে গেল,
নানামত কথায় মাও তার বুঝাইতে লাগিল।
ও মাও মোর দুঃখের দুবুলা-
ছাড়িয়া না যাইস মাও মোর
খালি করিয়া কোলা না ও।
শিশুকালে নাই পাঁও মায় য়ো,
মাঁও মুঁই বাপ মায়ের কোলা,
পম্থে পড়িয়া রইম মুঁইম পন্থের দুবুলা মায় য়ো।
(হায় রে) চন্দ্রকেতু নামে রাজা সেই দেশের মাঝারে,
দৈবযোগে আইস্চে দেখ শিকার করিবারে।
লয়, লস্কর, হস্তী, ঘোড়া- কিছু নাই নেয় সাথে,
ভুঁই পায়ে আসিছে রাজা দেওয়ানের সঙ্গেতে।

মূঃ আচ্ছা তার পরে কি হইল?

বৈঃ তাই বইলবেন।

মূঃ রাজা বলে শুন দেওয়ান, কথা শুন মোরে,
একটি কথা বলি যে আমি তোমার বরাবরে।
তবে দেওয়ান, চল এখন মহলে ফিরি যাই।

বৈঃ আউ, আউ, শিকার করির দ্যাকোন যান?

মূঃ না, দেওয়ান; আমি আর শিকারে যাব না। তবে কথা কি,
এই যে স্নান করি গেল দুবুলা, পরমা সুন্দরী-
রূপে গুণে বুদ্ধি মতি, সুলক্ষণা নারী

এই কন্যা আমার উপযুক্ত রাজরানী হইবে। ইয়াক্ যদি আমি বিবাহ কইরবার না পারি, তবে আমার ধন রত্ন, রাজত্ব- সউগ বৃথা।

বৈরাগীঃ দ্যাখোতো এ্যালা। এই নদীর পারোৎ আসিয়া, এটা আরো তোমার কোন খোং বাই উটিল ভালা? কত কত ঠাকার রাজকন্যার খবর আসিল; এ্যাতবড় নামেক্যার রাজার ছাওয়া হয়া যাচিল বিয়াওগুলা, তোমরা হাস্যকারিতে অপাতে পেটাইলেন।

মূলঃ না, না দেওয়ান। আমার মনে হয়, এই দুবুলাবালীর সঙ্গে ভগবান আমার জোড়া নেকি থুইচে। যাও দেওয়ান, আমার হুকুম, আর বিলম্ব না করিয়া আইজে, এ্যালায় তোমার এই কথা হাটাহাটি কর। দুবুলাক না পাইলে কিছুতে আমার মন আর থিতাবি হইবে না।

বৈঃ হুঁ হুঁ হৈচে এ্যালা।

মূঃ কি হইচে রে?

বৈঃ সে কতা আর কইলে খাইসে না।

মূঃ দূর- আরে কেমন কৈলে খইসে না রে?

বৈঃ হয়, হয় রাজপুত্রের হিনা ছলনার ঢক্ হইল দ্যাকোং। (আ বা বা বা বা)

ছুঃ সে, দ্যাকোতো আরে কেমন করে?

বৈঃ আ স্যে কি করে, কি করে?

ছুঃ ঐ যে কয় বোলে 'নিলাজোক্ ড্যংরা দেয়, নিলাজ বোলে মোর বিয়াও হয়।'

বৈঃ সে কাক্ দিয়া, তা তোমাকে দিয়া।

ছুঃ রে জারুয়া গোলাম, মুকখান সামাল দিয়া কতা কইস। ভাল হইবে না জারুয়া গোলাম, কয়া দিম মুই, চান্দা কপালোৎ বান্দা হুকা কোনটে পাবু তুই?

বৈঃ বাইড্ডে, এতদূর কতা? এ্যাচায় নেন্দে প্যাচা, স্বর্গে নেন্দে তারা,
নিজে হইলেক ভাগুরাগালি, ভাতারোক্ কয় ট্যারা।

নাঃ তবে শোন; কুলিনে পাইলে বিদ্যা সবে করে মান,
মুর্খে পাইলে বিদ্যা কাগার সমান।
মুর্খ হয়া যদি তাঁয় কিঞ্চিৎ বিদ্যা পায়-
ঢাল কাউয়ার মতোন খালি কাৎকাতে বেড়ায়।

বৈঃ মুঁই তা হইলে কাউয়া- কাক্ খাং - কাক্ খাং।

মূঃ আরে বৈরাগী, তুমি বড় গন্ডগোল কর রে। এই যে সভাস্থলে দশ বাপ, ভাই গান শুনির বইচ্চে,- তার মধ্যে এই রকম তাছল্য কইরতে তোমার একটুকুও লজ্জা হয় না রে?

## তৃতীয় খন্ড

দুঃমাঃ আচ্ছা, মোর সতে তো অত হমহমি, কচকচি কিসের? মুঁকি দুবুলাক্ আইনবার গেইচোং? সাতে পাচে না ছাওয়াক আইনবার কতা মুঁই মুকোতে তোলোং না। ক্যাঁ ছাওয়া মোর না খায়া, না দায়া বিদা হয়া গেইল? আইস্টেরিয়া মানুষ কোনঠাকার!

দুঃবাঃ হ্যাঁ, হ্যাঁ, মুঁই আইসটেরিয়া নাতেক কি? আর তোমরা ছাওয়ায় ছোটয়ে খুব ভাল। একটুকাও হিজলডাঙ্গী নোয়ান। আরে দোষঘাইটগুলা কইরবেনো তোমরায়, আর এ্যাকনা কতা গাত ফ্যালের দিবেন না।

দুঃমাঃ ক্যানে, তা ক্যানে? ঘরে বাইরে অত জাউ জাউ থাউ থাউ কতা ক্যানে? কাঁয় কতগুলা ভাত কাপড় দিয়া দুবুলাক পুষির ধইচ্চে? য়্যালা সেনে তিন দিন বৈরাগী হয়া ভাতোক কয় বোলে অন্ন। এ্যাকো ঋন্ ছাওয়ার বাপ হইচে। বাচ্চা হাতে দুবুলা উয়ার মামা বাড়িত মানষি হয় নাই; ন্যাকাপড়া শেকে নাই? খরাল্লী পইল্লে হুর বিয়াও হয় বোল। মোর ভাই কি আর তোমারে নাকান ছুলমাচাট্টা?

দুঃবাঃ রে মোর অলপ্জিয়া শালার জাইত, মুকখান অমন করি আবরাইস না। ক্যানে তা তোর ছাওয়ার সতে তুঁইও চলি গেলু না। দ্যাখোং এই মাঙ্গাফাটা দিনোৎ তোর ভাই কতল্লা টাকার তোড়া ধরি বইচ্চে। য়্যাঃ। ঝ্যান ত্যান কতাকে উয়ার ভাইর ওজোরা-তোর জাউটিয়া বেটীছাওয়ার নাম জানুক হ্যানে।

দুঃমাঃ ওরে মোর; এ্যালা সেনে বোলে মুঁই জাউটিয়া হইচোং-না কইলেও হয় না; তোমরা তা কত বড় সজ্জন লোকের ছাওয়া। এ্যাকো ঋন মুক পায়া গেইচে; দিনে রইতে কিসের মোর এত মর ক্যাচাল রে? তোর ক্যাচালি গুজরানের মাতাত বান্যি নাগাঁও- ঝগড়ার মাতা ছ্যাকা শুকতি দিয়া রান্ধো।

দুঃবাঃ দ্যাকো দেকি উয়ার কতাগুলা। আরে ইয়াএঁ যে বড় হাপোনচাউসী মাড়া; কতা বা হইল কি; তুঁই ক্যানে মিচাওঁ সাংসাঙ্গের ধল্লু রে মোর ছাওয়া দুলালীর শালাটা! ছাওয়া যে হুর বড় গাচোৎ কোটা নাগে দিচে, তার খ্যাও পাচিস? বাপ রে বপ রাজায় পরজায় কান্ড! কিসোতে যে কি হয়; আমার মাতাত ডাং পইচ্চে। রাজবাড়ীত ক্যানেরে দুবুলার নাওঁ উটচে? হির ইয়াতে যদি মোর কোন একটা ভাল মন্দ হয় না, তবে শেনে তোরো মাতাত ডাং পইড়বে। এ্যালায় কি বুচ্চিস?

দুঃমাঃ হুর হুর, তা বুচি ঘরের ক্যানে অত বল্বলি উটচে? দুবুলা কার মাতা-শিরা খাবার গেইল?

দুঃবাঃ দ্যাকোতো, খালি পরাক দুষিলে কি হয়? আরে গাও ধুবার যামো-কি বা যামো, কি বা আইসমো; তার

বোলে কিসের কাঁচা পাকা পিরিতের কতা নিয়া এ্যাকেরে নদীর পারোৎ তুল কালাম ঝগড়া। ম্যাদিলি মাও ঘর তো আর মিচা কতা কওয়াইয়া মানুষ নোয়ায়- ক্যামোন করি ঝগড়া নাইগচে, নাই নাগে- সউগ কতা বাঁই বাঁই করি কইল। তোর ছাওয়া মাইনসের মুকোৎ ক্যানে ওগুলা ডাউয়া পাড়া কতা?

দুঃমাঃ হইচে, হইচে সউগ দোষ না মোর দুবুলারে হইচে; এ্যালা তো সগারে মনটা ফরি ফরফরা হইল। এই মোর অদৃষ্ট রে। যাবার সমে মাও মোর কাইন্দতে কাইন্দতে কয়; মায়য়ো, আর মুঁই জন্মাযুগ্য আসির নোয়াং। মাইনসে জাঁয় বেজাঁয় করি মোক এক কতা কইল, বাপে একটা রাও কড়িল না- এই কতা কইতে কইতে মাও মোর বাঁশের আউডাল হইল রে-

দুঃবাঃ ও হো রে- এগিলা কান্ড ক্যাচালোৎ কোন শালার না কান্দোন বিরায়। আমরা বোল কি টলকা টলকিৎ পড়চি। ঐ যে কয় বোলে কানা মনেমনে জানা। রাইত পোয়াইতে নাই পোয়াইতে বোলে আরো রাজবাড়ীৎ হাজির হবার নাগে। তোমরা গুলা কি সগাঁও মোর শ-অ-ক্র -হ-অ-ই-লে-এ-ন রে।

চতুর্থ খন্ড

মূলপদ এই যে না জানিয়া না শুনিয়া দুবুলার কারণে,
স্ত্রী পুরুষে দ্বন্দ্ব এখন করে অকারণে।
হেনকালে দেওয়ান আসি দরশন দিল-
সকল বৃত্তান্ত কথা বলিতে লাগিল।
রাজরানী হইবে দুবুলা-শুনি এই কথা-
খুশিতে ভরিল এখন দুবুলার মাতাপিতা।
হায় রে, রজনী প্রভাত হইল, কুরুয়ায় কারে রাও,
শ্বেত কাউয়া বলে রাতি পোয়াও পোয়াও।
একে তো বসন্ত কাল, তাতে ফাগুন মাস।
কালি দুবুলার হইবে বয়াও-আজি অধিবাস।
(বাদ্য, বাজনা, উলুধ্বনী, গীত) (বৈরাতী গণের গীত)
নদীর পারে পারে ময়ূর পঙ্খী ঘোরে,
ও অবলা নারী, কৃষ্ণ নাই তোর ঘরে,
ঝাকে ঝাকে উড়ায় মোর ময়না
কোকিলা জোড়ে জোড়ে। ও অবলা .................

মূলপদ এই মত করিয়া দুবুলাবালীর বিবাহ হইল,
এক দুই করিয়া এক বচ্ছর চলি গেল
রাজা বলে দুবুলাবালী কি কাজ করিলে
কাঁচা পাকা পিরিত তুমি দেখাও যে সকালে।

দুবুলা আচ্ছা প্রভু, একটা কতা নিয়া ক্যানে অত মাথা ঘামাইর ধইচ্চেন। নারী লোকের
পতি হইচে পরম গুরু। কতায় আচে-
'সতী নারীর পতি হইল পর্বতের চূড়া
অসতির পতি হৈল ভাঙ্গা নায়ের গুড়া।'

রাজা দেখ দুবুলা, তুমি জানো না, মনে যে আমার কত বড় প্রতিজ্ঞা আছিলো। আমার ইচ্ছা আছিলো যে বিয়া আমি কিছুতেই কইরমো না। ক্যানে যে আমার সেই ভীষ্মের প্রতিজ্ঞা একদন্ডে চুরমার হয়া গেইল- ভগবান জানে।

দুবুলা ভগবানের নির্বন্ধ না হইলে দুবুলায় বা আইজ রাজরানী হইবে ক্যানে?

রাজা সত্য কথা দুবুলা। ক্যানে বা আমি সেদিন শিকার কইরবার গেইলোং। ক্যানেবা তোমার মুখোৎ কাঁচা পাকা পিরিতের কথা শুনিয়া তোমার রূপগুণে আমি একেবারে মোহিত হইয়া গেইলোং তার পরে তো এই বিয়া। যাউক, যা হবার হৈচে। শোন দুবুলা, যেমন করি হউক, কাঁচা পাকা পিরিত আমাক দেখবারে নাইগবে।

দুবুলা মহারাজ, ভুলে চুকে একটা কথা না হয় হয়া গেইচে, সেটা কি আর এ্যালাও ক্ষমা দিবার নোয়ান?

রাজা না, না, দুবুলা, বিয়ার রাইতে তো সে কথা তোমার সঙ্গে আমার রাকাটা হয়া গেইচে। ছয়মাস তুমি আলাদা মহলে থাইকবে, সে ব্যবস্থা আমি করি দিলোং; আরো ছয় মাসের সময় চাইলে, তাকো দিলোং। বছর পূর্ণিত হয়

গেইল, আসল কাজের তো আমি কিছুই দেখিলোং না!

দুবুলা মহারাজ, ক্ষমকায় যখন কাঁচা পাকা পিরিত দেইখপারে চান, তখন নিশ্চয় দেখামো; তবে আরো কিছু দিনকার সময় দিবার নাইগবে।

রাজা হ্যাঁ, তাই দিলোং। আরো তিন মাসের সময় দিলোং; কিন্তু মনে থাকে যেন দুবুলা, এই কাচা পাকা পিরিত দেইখবার জন্যে আমি তোমাক বিয়া করচি। যতদিন এ কথার অর্থ আমি না পামো, ততদিন এই রকম করি তোমাক নহর বন্দী করি রাইখমো। আর না দেখাইলে, তোমার শাস্তি।

দুবুলা ও হো ভগবান, এই সুখ ভোগ কইরবার জন্যে কি মাঁও বাপ সগাঁও মোক হাত পাওঁ বান্দি আগুনোৎ ফ্যালে দিচে? না, না, কাকোয় দুষিম না, সউগ দুবুলার কপালের দোষ।

পঞ্চম খন্ড

মূলপদ এখন মহলে বসিয়া দুবুলা ভাবে মনে মনে
হীরামন পাখী আমার গেল রে কোনখানে।
কতদিনে গেইচে পাখী এ্যালাও ক্যানে নাই,
উড়িয়া গেইচে বনের পঙ্খী, পাই কি না পাই।

দুবুলা (গীত)
ও বাছা মোর হিরামন তোতা রে, -ওরে
তুই বাছা মোর হিরামন তোতা,
নিয়া গেছিস মোর মনের কথা রে;
হায়রে, এ্যালাও বাছা তুঁই ফিরিয়া আইসেক ঘরে।
বাছা মোর..................
মোর অভাগীর কর্মের ফলে-
বুক ভাসি মোর চোখের জলে রে।
বাছা মোর........................

বৈরাগী হির, তোমারে সেনে এ্যাকেরে আছিলা কতা। আরে বাবা, উঁয়ার বনের পঙ্খী কোটে হাতে কোটে উড়ি গেইচে, তাক কি আরে পাওয়া যায়?

মূলপদ দেশে দেশে বেড়ায় পঙ্খী পত্র লৈয়া ঠোঁটে মনের মতো মানুষ কিন্তু রে পাওয়া যায় না মোটে।

বৈরাগী আঃ, তাক কি আর যাটিতে পাওয়া যায় না কি তো? দুবুলাবালী কইচে বোলে, হিরামন, এই যে পত্রখান আমি তোমাক দিলোং, ইয়াকে নিয়ে তুমি সারা দ্যাশে ভ্রমন করি দেখো; কিন্তু ঠিক আমার রাজার মতো, একটুকাও ঝোন উনিশ বিশ না হয়, এই রকম যে মানুষ দেখবু তাকে এই পত্র খানা দিয়া চলি আসবু।

আমি ফুলের বিচিনা পাইলে শুইয়া থাকি-
মনের মত রসিক পাইলে কইরবো পিরিতি।
ক্যাতেকা ফুলের মধু খায়া যা ভোমরা বঁধু,
তাইরে, নাইরে, নাইরে নানা, তাইরে নাইরে রি। আমি ................

মূলপদ ইঃ, এ কি গানের মিল রে?

বৈরাগী মিল হইবে না বাচ্চা হাতে আমি বোলে গান করি বেড়াই; আমার কণ্ঠতালু দিয়া মাও সরস্বতীর দিঘল ঘাটা। সে দিন একটুকু আইসতে নাড়ানামা হইচে দেখি বেটীছাওয়া মাইনসে আমাক্ সভার মধ্যে অপমান কইল্লো! নেও তো তারপরে কি হইল? এ ছাক মুঁইও গানোৎ মন নাগাইচোং।

ষষ্ঠ খন্ড

চাঁনমল এটা আরো কি রকম কান্ড। কি সুন্দর একনা পাকি ঠোঁটোৎ করি এ্যখান চিটি ধরি উড়ি আসিয়া আমার মাস্তরাৎ বসিল।

তোতার ডাক
আহা! পাখীটা তো চমৎকার বুলি ধইরচে।
কোন দেশের পাখি তুমি, কোন দেশেতে যাও-
কাহার উদ্দেশে ফেরো সত্যকথা কও।

ও হে, এ তো আমারে তোতা। এ তোতা তো আমি দুবুলাক উপুহার দিচি। আরে যা, চিঠিখান আমার মুখের আগোৎ ফ্যালে দিয়া আমনে পাখি চলি গেইল! আচ্ছা দেখি-কোনঠাকার কি চিঠি! হু চন্দ্রকেতু রাজার রানী দুবুলাবালী এই চিটি নেইকচে।

পাখির নাম হিরামন, তোতা পত্র লৈয়া ফেরে
এই পত্র দিবে পাখি যার বরাবরে,
রসিক, প্রেমিক যদি হয় সেই জন,
আমি তারে প্রেম পাশে করিব বরণ
আমার মহল ঘাটে দেখা যেন পাই
অন্যথা করিলে লাগে ধর্মের দোহাই।

কেনে দুবুলা। না, না, না আর তো কোন সন্ধেহ নাই। এ্যাঁ, তবে কি রাজরানী হয়াও দুবুলা চাঁনমল সদাগরের কথা ভুলির পারে নাই। এটা তো মস্ত কথা। আচ্ছা দাড়ি, মাঝিগণ, আরে চট্ করি খাওয়া দাওয়া করো তো- এখান থাকি নৌকা ছাইড়বার নাগে।

মূলপদ সেখান হইতে সদাগর নৌকা যে ছাড়িল,
দুই রাত্র পরে দুবুলার মহল দেখা দিল।
সেই ঘাটে বন্ধি নৌকা কাটায় সপ্ত দিন,
কোন মতে দুবুলাবলীর না পায় কোন চিন।
মনে মনে চতুর সাধু কি যুক্তি করিল,
শান পাথর কাটিয়া এক সুরঙ্গ বানাইল।
বিশ্বকর্মা স্মরণ করি হীরার করাত দিয়া,
এক রাইতে কাটে সিদ মহল বুলিয়া।

দুবুলা (গান)
ও প্রাণ বন্ধুরে,
যে দেশেতে আছেন, বন্ধু শিঘ্র আইসেন চলি,
তোমার আশায় বাচিয়া আছে আইজো দুবুলাবালী।
বন্দী হয়া আছি আমি মহলের ভিতর।
সুরঙ্গ কাটিয়া আসি দেখা করেন মোর।
দরজার শব্দ।

দুবুলা (চমকিয়া) কাঁয়, ও সদাগর, তোমরায়? আইস, আইস সদাগর, দ্যাখো তোমার দুবুলার কি দশা হইচে।

চাঁনমল কোন চিন্তা নাই দুবুলা, যতক্ষণ চানমল বঁচি আছে। দুবুলা, প্রাণের দুবুলা, দৈবের ঘটনায় যেদিন তোমার বিয়াও হয়- মনের দুঃখে সেইদিন আমি তোমার দ্যাশ পরিত্যাগ করচি, গৃহবাস ছড়চি, আর দ্যাশে দ্যাশে ঘুরি বেড়াবার নাগচি।

দুবুলা আমারও চৌখের জল বুক ভাসি যায়। বন্ধু। পাইরবেন তোমার দুবুলার দুঃখ নিবারণ কইরবার?

চাঁনমল সে কথা তো আমি জীবনপন করি চিন্তা করির নাগচি।

দুবুলা শুন ওহে সদাগর, মোর কথা ধর
প্রথমে রাজার সঙ্গে বন্ধুতা যে কর।
তারপরে আরো দেখ অনেক যুক্তি আছে
ছায়ার মতো তোমার আমি রৈব পাছে পাছে।
আইজে যদি তোমার সঙ্গে যাই আমি চলি,
এ জগতে কলঙ্কিনী হইবে দুবুলাবলী
তোমার জন্যে হয়তো যাইবে তোমারো জীবন
সাবধান হইবেন বন্ধু, স্থির করেন মন।

এই নদীর ঘটে একটা আনন্দ মেলার ব্যবস্থা করো; সেইখানে আমি রাজার নিকট কাঁচা পাকা পিরিতের দ্যাখামো পরিচয়।

বৈরাগী হ্যাঁ সদাগর, কিন্তুক একেবারে খুব নিচ্যামা হয়া যাতায়াত কইরবেন। বাপ, রাজা যদি থিৎ পায়, তা হইলে, বস্তাতে এ্যাকেরে দোনো ঝনকাক্ সাত টুকড়া কড়ি ফ্যালাইবে।

মূলপদ (হায়রে) সদাগর চলিয়া গেল নৌকার মাঝারে,
মনে মনে দুবুলা কত চিন্তা করে,
হায়রে কমবক্তা নসীব, নসীব নোয়ায় ভাল,
যে না বৃঙের তলে বইসোং তারে ভাঙে ডাল।

সপ্তম খন্ড

চুলটু ও জয়দ্দী-গ্রাম্য লোক

জয়দ্দী ও বাহে চুলটু ফুবা। বাড়ীৎ আছেন, না নাই, বাহে?

চল্টু কাঁয়, জয়দ্দী। আয় বা বইসেক। হুড়কু রে, আনরে, এক ছিলিম তামাকু। ক্যানে তা বা; কি মনে করি বিরাচিস, ক তো? নাই বা, এবার আসুকোতে দুই মাস ভুত্তুক বিছানাৎ পড়ি টাকা পাইসা গুলা মোর এ্যাকেরে আদানুটি হইল।

জয়দ্দী ফুবা, চলো বাহে গরু কিনবার যাই। তোমক কং ফুবা, কোনটে হাতে বা একজন সদাগর আইচ্চে, তা কাঁয় কইবে যে বোলে সদাগর। এ্যাকেরে বোলে রাজপুত্র। আমার মহারাজার সাথে উঁয়ায় আরো বন্ধুতা কইচ্চে। বন্ধু যে এমন মানাইচে না ফুবা, তা আর কি কং। সেদিন রাজবাড়ীর ওদি আইসতে কালে মোর নজর পড়িল; দোনা বন্ধুই হাওয়া খায়া ব্যাড়ের ধইচ্চে। সেই সদাগর যে নদীর উপুরা একটা মেলা নাগাইচে না ফুবা, ছকছুপনী দেখি, মুঁই এ্যাকেরে আটাশ হয়া গেইচোং।

চুল্টু আরে তুই বেড়াইসো ভাল্, খবর বাত্রও তোর আগোৎ আর কাঁও দিবার না পায়। তারপরে, পশ্চিমা গরু টরুও বুঝি ম্যালাৎ বিরাইচে।

জয়দ্দী খালি পশ্চিমা গরু ক্যানে ফুবা, যজ্জাবতী মাল আইচ্চে। সদাগর কত রকমের মাল আইনচে, কত দ্যাশের বড় বড় দোকানদার আইচ্চে-আরও আসির ধৈচ্চে বেটী ছাওয়া মান্‌ষী পর্যন্ত খিলির দোকান ধরি বইচ্চে। কি এ্যাকোঝনকার পরীর মতন ঢক;! তার এ্যাকো পানের দাম হাজার টাকা। রাজা, বাদশা ছাড়া আমরাগুলা কি আর তাক্ খাবার পারি ফুবা?

চল্টু ম্যালা কদ্দিন থাইকবে রে বা?

জয়দ্দী এই চৈত মাসের, শ্যায রাইতের দিন থাকি, ফুবা। য়্যালা তো হুর ম্যালা নাইগচে। চল, ফুবা; দুই এ্যাকে যায়া দেখি শুনি তোমরা এক হাল, মুঁই এক হাল- আর ঐ নিন্দিরাটা বাড়ীৎ আছে, না নাই ভালা-

চল্টু আছে, আছে, ড্যাকাইস না ক্যানে?

জয়দ্দী নিন্দিরা রে এহেই। রে নিন্দিরাদা। না, আদি এ্যালায় নাগাইলে ধরি যাইম। মুঁই টাকা পইসা যোগার করোং ফুবা; চলো কাইল উদিনকায় যাই।

চলটু আচ্ছা, তা।

অষ্টম খন্ড

মেলার গান

আনন্দমেলার বাজার, দেইখ্‌তে কি ভাই চমৎকার।
আনন্দ মেলার বাজার।
মেলায় হইলো গন্ডগোল, তিন ঠেঙ্গিয়া পাঠা ছাগল,
গাড়ীৎ গরু, মটরের চাকা,
আসী হাতিয়া মানার মুড়া, আশীহাতিয়া বাশ গাড়া;
বুরুং জলঙ্গা ঠুসি, ইটা ডাঙ্গা কুশ্যি,
বাঁশের গড়াইচে মটর গাড়ী-বাঁশের গড়াইচে আলমারী।
আনন্দমেলার বাজার, দেইখতে কি ভাই চমৎকার।
আনন্দ মেলার বাজার।

জয়দ্দী ঐ দেখ ফুবা, মুঁই যে কইচোং কতা হয় না নোয়ায়। ঐ দেখ, মহারাজা আর সদাগর দোনো বন্ধুই ঐ যে পানের দোকানের ভিত্তি যাবার ধইচ্চে।

রাজা   সদাগর বন্ধু, এইটা কি সেই হিরামতী নপানওয়ালীর দোকান?

সদাগর  হ্যাঁ, চলেন বন্ধু। দুইটা পান খায়া যাই।

রাজা   উয়ার এক একটা পানের দাম এক একটা মোহর! এ সময় তো আমার কাছে ................

সদাগর  মহারাজ, তার জন্যে চিন্তা কি? চাঁনমল সদাগর আছে তো? আরে ও পানওয়ালী, দুইটা পান দেও দিখি।

দুবুলা চানমল

দুবুলা  শোন বন্ধু সদাগর, বিলম্ব না করি,
এই রাইতে এ্যালায় তোমার নৌকা দেও ছাড়ি।
গোপন কথা যত- সউগ গেইচে রাজার কানে,
দুবুলার জন্যে তোমার ক্যানে মইরবেন ধনে প্রাণে।

চানমল  কি কথা শুনাইলেন বউন্ধানী, কিবা তোমার মনে,
দুবুলাবালী ছাড়া চানমল বাঁচিবে কেমনে।
কোন প্রাণে, কেমন করি বিদায় দিবার চান,
কেমন করি বুকে মোর তুলি দেন পাষাণ।

দুবুলা  ও প্রাণ বন্ধুরে-পাষাণে বান্ধ হিয়া,
দুবুলাবালীর আইজ হইচে বিয়া;
আজি দুবুলা রাজার ঘরণী রে।
ওরে বিধাতায় আজ ভাঙ্গি গাড়ি
হাতে দিচে দড়ি, পায়ে বেড়ী রে,
ঘরে বন্দী আইজ পরের রমনী রে।

বন্ধু, আর দেরি করেন না- দোষ ঘাট যা করচি, ক্ষমা করি নেন; আর হাসি মনে বিদায় দেন। আইজ থাকি আর আমার দেখা পাইবেন না। তবে বন্ধু, আমার প্রনাম।

চানমল  দুবুলা, দুবুলা, বউন্ধানী দুবুলা!

নবম খন্ড

রাজা   আইজ কাইল করি, তোমার তো আমি অনেক কড়াল দেখিলোং, দুবুলা! কৈ? কেমন তোমার কাঁচা পাকা পিরিত? তোমার কি মনে নাই দুবুলা?

দুবুলা  আছে প্রভু; সউগ কতা দুবুলার মনে আছে। তোমরা হয়তো মনে কইরচেন, রাজরাণী হয়া দুবুলা বুঝি সউগ কতা ভুলি গেইচে। তা কি আর হবার পারে? তবে মহারাজ, অবলা নারী হয়া পিরিতের আমি কি বুইজমো? ক্ষমা করেন প্রভু। অনেক গর্হিত কাজ করচি খালি তোমার আজ্ঞা পালির জন্যে।

রাজা   এ্যাঁ, তুমি? গর্হিত কাজ? তোমার সে গর্হিত কাজের তো আমি কিছুই দেখি না দুবুলা!

দুবুলা  যদি দেইখবেন, যদি জাইনবার পাইবেন, তবে আর কাচা পাকা পিরিতি কেমন করি হয়? এই যে আমাক চৌকে চৌকে রাইখচেন প্রভু, তবু আমি ছলে কৌশলে বিদেশী চানমল সদাগরের সঙ্গে তোমার বন্ধুতা করি দেওয়াচি।

রাজা   সদাগরের সঙ্গে বন্ধুতা, দুবুলা তুমি?

দুবুলা  হ্যাঁ, মহারাজ, সদাগরের নৌকার মধ্যে আমি ডাইন চরুৎ তোমাক, আর সদাগর বন্ধুক বাঁও চরুৎ বসেয়া খাবার খোয়াচি তোমার মনে সন্ধেহ হয়া, এমন কি তোমার মহলে আসিয়া দুবুলার খবর পর্যন্ত জানি গেইচেন। ম্যালার মধ্যে পানের খিলি খায়া, হিরার আংটি দিচেন।

রাজা   এখন সেনে আমার মনের ধুকধুকির অর্থ পাচি। মাইনসে কয়, মহারাজ যে সদাগরের সঙ্গে বন্ধুতা কইরচে, এমন আর হয় না। দোনোজনে এ্যাকেরে এক নাকান। আমিও যেটে যাই, সেইটে দেখি দুবুলা! দুবুলা, আমি তোমার মন পরিক্ষার জইন্যে এক খাড়া পাওর দিয়া রাখচি- আর এ্যতদূর তোমার চাতুরালী! নষ্টা, মাগী, আইজ সত্যকথা কবার নাগবে- কেমন করি তুই কি করচিস!

দুবুলা  (গান)
প্রাণ মোর যাউক থাউক রে,

এ দেহ খাউক মোর শকুন শৃগালে,
সুখের সময় বিধি জোড়া ভাঙ্গিলে।
কাঁও নাখন্ডাইল মোর কপালের দুঃখ
কি সুখ আছে নারীর স্বামী হৈলে বৈমুখ।

রাজাঃ শয়তানি, তোর ওগুলা কান্দোনোতে চন্দ্রকেতু রাজা আর ভুলবার নোয়ায়- তুই জানিস- পদ্মের পাতার জলের মতো তোর জীবন এ্যালা টলমল কইরবার নাইগচে মোর হাতোৎ। না, আগোৎ সেই লম্পট সদাগরোক চাই। বেইমান, নিমকহারাম। এই বাদে তলে তলে ভজনা করি তুই বন্ধু পাতাচিস্? রক্ষা নাই, আর কিছুতে রক্ষা নাই। যমের হাত এ্যাড়ে বাচিব পারেন, তবু মোর হাতোৎ আর এবার তোমার এড়ান নাই।

দুবুলা যান না, যান না, প্রভু। চাঁনমলের তো কোন দোষ নাই। উঁয়ায় যে বন্ধু। না, না, এত লাঞ্ছনা আর সহ্য হয় না- মুঁই নারী আপনার মরণ আপনে করিম । এই পাষাণোৎ মাথা আছরে মরিম। উঃ, স্বামী! অভাগী দুবুলার স্বামী, প্রভু, বিদায়, বিদায়।

মূলপদ এই মতে দুবুলাবালী পরাণ ত্যাজিল,
চঁনমলের দেখ তবে কিবা দশা হইল।

চঁনমল দুঃখ সুখ পারসি দুবুলা ছিলাম দূরদেশে,
কি করিতে কি করিলেন, কি বা হইল শেষে।
জন্মোর মতো তোমার সঙ্গে না হইবে আর দেখা,
বুঝিলাম, বুঝিলাম সব বিধাতার লেখা।
একি, একি, দুবুলা আর হইলোকে নাই,
দাড়াও, দাঁড়াও সাথী, আমি সঙ্গে যাই।

মূলপদ হায়রে, করমের লেখা, কিসে কি বা হইল,
দুবুলা দুবুলা করি চনমলপ্রণ বিসর্জন দিল।
হেনকালে কইরলেন রাজা মহলে প্রবেশ
কাচা পাকা পিরিতি দুবুলার এইখানে হইল শেষ।

# (FOLK-DRAMA)
# কুশান ঃ রাবান গান
## লক্ষনের শক্তিপেল পালা

রাম বন্দনা ঃ গান/১

ওহো রে ভরসা হে কৈরাছি হে রাম
তোমার চরণ দুইখানি।
রাম ভাব রাম চিন্তা রাম কর সাম।
ভেবে দেখ রাম নাম বিনে গতি নইরে আর।।
এমন রামের নামের গুণ কি দিব তুলনা।
পদস্পর্শে শিলা নর, নৌকা হয় সোনা।।
রাম নাম লৈয়া যেবা পন্থ বইয়া যায়।
ধনুর্বাণ লইয়া রাম তার পিছে পিছে ধায়।।
এমন রামের গুণ কি বর্ণিতে পারি।
হেলায় তরিয়া যাবে মুখে বল হরি।।
রাম নামের মাহাত্ম এখন ছাড়ান দিয়ে যাই।
গাইব লক্ষ্মনের শক্তিশেল নিবেদন জানাই।।

১) মূলঃ ইন্দ্রজিৎ পরে রণে প্রভাত সময়।
ভয়ে রবণের আগে কেহ নাই কয়।।
গননে হইল বেলা দ্বিতীয় প্রহর।
বসিয়া মন্ত্রণা করে যত নিশাচর।।
স্থানে স্থানে বসি যুক্তি করিছে রাক্ষস।
কহিতে রাবণ আগে না করে সহস।।
পাত্র-মিত্র সকলেতে মন্ত্রণা করিয়া।
ভগ্নদূত এক জন দিল পাঠাইয়া।।
(রাবণের প্রবেশ)

২) রাবণঃ নর বানরের হাতে বীরশূল্য হলো লঙ্কপুরী
বীববাহু পুত্র মোর হল নিহত।
(চিন্তা করতে লাগল)
(ভগ্নদূতের প্রবেশ ও গীত/২)
বাপরে বাপ, কি হলো বাপ
কোথা গিয়ে প্রাণ জুড়াই।
দুই বেটা জুটিল আসি
মজাইল লঙ্কা আসি
ঐ বেটা প্রাণে মারুক, আমি যেন সুখে থাকি।

৩) রাবণঃ বল; বল দূত, রণের কিবা সংবাদ?

৪) দূতঃ আমি করি যোড় হাত।
রণের সংবাদ শুন রাক্ষসের নাথ।।
লঙ্কাপুরী বীর শূল্য হইল এত দিনে।
ইন্দ্রজিত পরে আজি লক্ষণের বাণে।।
(প্রস্থান)

৫) রাবণঃ ওঃ পুত্র, মেঘনাদ!

(মূর্চ্ছা গেলেন)

৬) মূলঃ দূত মুখে শুনি ইন্দ্রজিতের মরণ।
সিংহাসন হতে পড়ে রাজা দশানন।।
উচ্চ স্বরে ডেকে বলে কোথায় ইন্দ্রজীৎ।
আছাড় খাইয়া পড়ে হইয়া মূর্চ্ছিত।।
অনেক কষ্টেতে রাজা পাইল চেতন।
চেতন পাইয়া রাজা করেন ক্রন্দন।।

৭) রাবণঃ ওঃ পুত্র মেঘনাদ।
রাক্ষস কুলের চূড়া পুত্র ইন্দ্রজিৎ।
প্রাণ হারাইলে নর বানরের হাতে।।
আমার সর্বস্ব তুমি লঙ্কা অধিকারী।
পিতা দশানন তোর মাতা মন্দোদরী।।
পর্বত কন্দন কাঁপে দেখে তোর বাণ।
এক বাণে ইন্দ্রবেটা না সহিলে টান।।
ত্রিভুবনে যোদ্ধা নাই তোমার সমান।
মনুষ্যের বাণে পুত্র হারাইলে প্রাণ।।
কুম্ভকর্ণ পুত্রশোক রইয়াছে বুকে।
লঙ্কার রাবণ মরি তোমা পুত্রশোক।।
ভাই নহে চন্ডাল পাপিষ্ঠ বিভীষণ।
যজ্ঞ ভঙ্গ করি তোমার বধিল জীবন।।
যদি প্রাণ বাঁচে রাম তপস্বীর রণে।
আগে আমি কাটিব চণ্ডাল বিভীষণে।।
(প্রস্থান)

৮) মূলঃ কুড়ি চক্ষে বারিধারা লঙ্কা অধিকারী।
ইন্দ্রজিৎ মহল বার্তা পায় মন্দোদরী।।
আছাড় খাইয়া পড়ে মন্দোদরী রানী।
উচ্চ স্বরে কান্দে দশ হাজার সতিনী।।
চেতনা পাইয়া বলে কোথা ইন্দ্রজীৎ।
দেখা দিয়া প্রাণ রাখ মায়ের ত্বরিত।।
ওরে বাপ মেঘনাদ রে .............. ওরে মেঘনাদ
আমি নানা উপহারে পূজিয়াছি মহেশ্বরে
তোমা পুত্র পাইলাম কোলে।
(মন্দোদরীর প্রবেশ)

৯) মন্দোদরী মেঘনাদ! মেঘনাদ!
(মূর্চ্ছা)

১০) মূলঃ চেতনা পাইয়া বলে রানী কোথা ইন্দ্রজিৎ।
দেখা দিয়া প্রাণ রাখ মায়ের ত্বরিত।।

১১) মন্দোদরীঃ হে মহেশ্বর, আজি তুমি করিলে পুত্রহীনা।
আমি নানা উপাচারে পূজিয়াছি মহেশ্বরে
তোমা পুত্র পাইলাম কোলে।
কিছুদিন ছিনু সুখে এখন পড়িনু দুঃখে
হেন পুত্র পরে রণ স্থলে।।
কি মোর বসতি বাস এ জীবনে মিথ্যা আশ

কি করিবে ছত্র, রাজদণ্ড।
কি আর পুষ্পক রথ বীর আছে যত যত
তোমা বিনা সব লণ্ড ভণ্ড।।
হায় পুত্র মেঘনাদ আজি কেন পরমাদ
আজি যে মরিল লঙ্কাপুরী।।

১২) রাবণঃ রোদন সম্বর রানী মন্দোদরী।
সীতা লাগি মাজিল কনক লঙ্কাপুরী।
আজ সীতা কাটিয়া ঘুচাইব সব বৈরী।।
মায়া সীতা কেটে ছিল পুত্র ইন্দ্রজিৎ।
সাক্ষাতে কাটিয়া সীতা ঘুচাইব ভীত।।
(প্রস্থান)

১৩) মন্দোদরীঃ স্বামী চলে গেল সীতারে বধিতে
না-না আমি তা করতে দেব না।
(প্রস্থান)

১৪) মূলঃ হাতে করি লয় রাবণ খরগ এক ধারা।
কুড়ি চক্ষু হইল যেন আকাশেতে তারা।।
খরগ হাতে ধায় রাজা অশোকের বনে।
কার সাধ্য প্রবোধিয়া ফিরায় রাবণে।।
মনেতে বিচার করে রানী মন্দোদরী।
সর্বনাশ হয়েছে মজেছে লঙ্কাপুরী।।
তাহাতে রাবণ কেন স্ত্রীবধ করিবে।
রমনী বধের পাপে পরকালে যাবে।।
খড়গ হাতে ধায় রাবণ অশোকের বন।
রাবণে দেখিয়া সীতা করেন ক্রন্দন।।
(অশোক কানন ঃ সীতার প্রবেশ)

১৫) সীতাঃ ঐ, ঐ, আসিতেছে দশানন আমারে কাটিতে।
রঘুনাথ, রঘুনাথ, রক্ষা কর অভাগী সীতারে।।
গীত/৩
ও প্রভু রঘুনাথ হে
কোথা তুমি রঘুনাথ তুমি হে অনাথের নাথ
ও প্রভু রঘুনাথ হে।।
দেবর লক্ষ্মণ কোথা, না শুনিনু তার কথা,
প্রভু প্রাণ যায় আজি রাক্ষসের হাতে।
ও প্রভু রঘুনাথ হে।।
(রাবণের প্রবেশ)

১৬) রাবণঃ হা-হা-হা রঘুনাথ!
আসিবে না রঘুনাথ এই অশোকের বনে।
মায়া সীতা কেটে ছিল পুত্র ইন্দ্রজিতে।
মরে পুত্র ইন্দ্রজিত তোমার জন্যেতে।।
তোকে আনি সর্বনাশ হল লঙ্কাপুরে।
ঘুচাব সকল শোক কাটিয়া তোমারে।।
(খড়গ তুলিল)
(পাগলিনী বেশে মান্দোদরী প্রবেশ করে ও রাবণকে জড়াইয়া ধরিল)

১৭) মান্দোদরীঃ হে লঙ্কেশ্বর, করি যোড় হাত।
পরম পণ্ডিত তুমি রাক্ষসের নাথ।।
বিশ্বশ্রবা পিতা তব সংসারে পূজিত।
তোমার এ নারী বধ না হয় উচিৎ।।
একে দেখ মজেছে কনক লঙ্কাপুরী।
পাপেতে মজনা তাহে বধ করে নারী।।
(রাবণকে নিয়ে প্রস্থান- পরে সীতার প্রস্থান)

১৮) মূলঃ শোকের উপর শোক পাইল রাবণ।
বসিলে সোয়াস্তি নাই করিলে শয়ণ।।
ইন্দ্রজিৎ শোক তবু নহে পশরণ।
আপনি সাজিলে রাজা করিবারে রণ।।
পদ্ম কোটি ঠাট ছিল লঙ্কার ভিতর।
সাজিল রাবণের সাথে করিতে সমর।।
সিংহনাদ ছাড়ি রণে প্রবেশে রাবণ।
ভঙ্গ দিয়া পালায় যতেক কপিগণ।।
গয় গবাক্ষে বিন্ধিল দশ দশ বাণে।
দুই শত বান বিন্ধে বীর হনুমানে।।
(হনুমানের সঙ্গে রাবণের যুদ্ধাবস্থায় প্রবেশ, যুদ্ধ ও হনুমনের রণে ভঙ্গ দিয়া প্রস্থান)

১৯) রাবণঃ সারথী, পশুর সঙ্গে যুদ্ধ নাহি প্রয়েজন।
রথ লহ রাম আর লক্ষ্মণের কাছে
সে উভয়ে মারিয়া বানর মারি পিছে।
(প্রস্থান)

২০) মূলঃ রাবণের আজ্ঞা পেয়ে সারথী সত্ত্বর।
চালাইয়া নিল রথ রামের গোচর।।
রথখানি আসে যেন বিদ্যুৎ চমকে।
লক্ষ লক্ষ স্বর্ণঘন্টা বাজে চারি দিকে।।
রথ শব্দে বানর পালাই লাখে লাখে।
পার্বতীয় পাখী যেন উড়ে ঝাঁকে ঝাঁকে।। ধনু হাতে গেল রাবণ রামের সম্মুখে।
বৈকুন্ঠের বাথ রাম দশানন দেখে।।
(রাম, লক্ষণ, বিভীষণ ওহনুমানের প্রবেশ)

২১) রামঃ মিত্র বিভীষণ!
আজিকার রণ কৌশল কি করিছে রাবণ?

২২) বিভীষণ শুন ওহে মিত্রবর,
দশানন আসিতেছে করিতে সমর।

২৩) রামঃ দশানন! শুন মিত্র বিভীষণ, শুন বৎস হনুম্যান,
ওরে অনুজ লক্ষণ, আজিকার রণে সবাই হও সাবধান।
(রাবণের প্রবেশ)

২৪) রাবণঃ ঐ ঐ দক্ষিণে অক্ষয় তূণ বামেতে কোদণ্ড।
বিষ্ণু অবতার রাম সুবাহু প্রচণ্ড।।
সুন্দর নাসিকা রামের চৌরস কপাল।
ফলমূল খান তবু বিক্রমে বিশাল।।
সুন্দর ধনুক বাণ বিচিত্র গঠন।
শ্রীরামের অঙ্গে যেন দেখি ত্রিভুবন।।

যদি রামের হাতে হয়ত মরণ।
একান্ত বৈকুণ্ঠে যাব না যায় খণ্ডন।।
না-না বিরস হইয়া কেন হইব বিমুখ।
রামের সম্মুখে যাব পাতিয়া ধনুক।।
হে জটাধারী রাম, মরণের জন্যে প্রস্তুত হও।
(ধনুকে গুণ দিল)
(রামের সঙ্গে যুদ্ধ ও রামের মুর্চ্ছা)

২৫) লক্ষণঃ ওরে দশানন!
আমি তোরে পাঠইব শমন ভবন।
(যুদ্ধ)

২৬) রাবণঃ ও, তুমি লক্ষণ।
মোর রথের সারথীর মুণ্ড করিলে ছেদন?
তোর সাথে বিভীষণ কুলাঙ্গার?
গদা ঘাতে মোর রথের অষ্ট ঘোড়া?
(রাবণ ধনুতে টঙ্কার দিয়া বিভীষণের প্রতি)
এবার তুই নিজে রক্ষা হ,
বংশ নাশ করিলি পাপিষ্ঠ বিভীষণ।
মারিয়া পারিব আজি রাখে কোন জন।।

২৭) বিভীষণঃ ঠাকুর লক্ষণ, তুমি আমায় বাঁচাও।

২৮) লক্ষণঃ নাই ভয়, নাই ভয় বিভীষণ।
রাবণের শেষ কাটি করিনু খান খান।।

২৯) রাবণঃ কি! তোর বানে বিভীষণ বাঁচে এই বার।
তোর মারিলে দেখি কে রক্ষে এবার।।
এখনি মারিব তোরে ভণ্ড লক্ষণ তপস্বী।
মৃত্যু কালে মনে কর, জানকী রূপসী।।
মা বাপেরে মনে কর বন্ধু যতজন।
মৈলে কারো সঙ্গে আর না হইবে দর্শন।।
রাম সুগ্রীবের ঠাঁই মাগহ মেলানি।
দিয়াছে অনেক যুক্তি করি কান কানি।।
(ধনুক বান জুড়িল ও অট্টহাস্য হাসিল)
শক্তি-শক্তি-শক্তি............
(শেলের সম্মুখে রামের স্তুতি)

৩০) রামঃ দেব মূর্তি শেল তুমি দেব অধিষ্ঠান।
এবার লক্ষ্মণে তুমি দেহ প্রাণ দান।।
ফিরে যাও শেল তুমি রাবণের হাতে।
ভাই দান আমি মাগি তোমার সাক্ষাতে।।
আপনি শমন মূর্তিমান শেল তব মুখে।
লক্ষণে ছাড়িয়া শেল পড় মোর বুকে।।

৩১) শক্তিঃ রাম চন্দ্র কেন করিছ স্তবন।
লক্ষণে ছাড়িয়া নাহি মারি অন্যজন।।
থাকি আমি যার কাছে তার আজ্ঞাকারী।
যার কাছে থাকি আমি তার হিত করি।
(বায়ুবেগে লক্ষণের বুকে পড়িল ও শক্তির প্রস্থান)

৩২) রামঃ ওরে বৎস হনুমান, উপারিয়া শেলপাট কর খানখান।
৩৩) হনুমানঃ প্রভু, আপনার আদেশ শিরধার্য।
(হনুমান শেল ধরি টানাটানি করে ও বিফল হয়)
প্রভু, শক্তিতে নারিনু, সব ব্যর্থ হইল মোর।
৩৪) মূলঃ শেল টানিতে বানরগণ না করে সাহস।
যার টানে মরিবেন তার অপযশ।।
দিলেক ধনুক বাণ সুগ্রীবের করে।
টানিলেন গঘুনাথ শেল পাট ধরে।
বিশ্বম্ভর মূর্তি ধরি শেলে দিল টান।
উপারিয়া শেল পাট করে খান খান।।
৩৫) রামঃ ওহে মিত্র বিভীষণ!
এই ধনুর্বাণ তোমার করে করিনু অর্পণ।
ওরে তোরা সবাই মিলে জয়ধ্বনী দাও।
(রাম শেল উপারিয়া লক্ষণকে কোলে নিয়ে কাঁদতে লাগলো)
ওরে অনুজ লক্ষ্মণ! একবার তুই আমার মুখের দিকে চেয়ে দেখ।
গীত/৪
ও-ও-মোর গুণের ভাইরে, ভাই লক্ষণরে!
কি কুক্ষণে ছাড়িলাম অযোধ্যা নগরী।
মৈল পিতা দশরথ রাজ্য অধিকারী।।
এনেছি সুমিত্রা মায়ের অঞ্চলের নিধি।
আসিয়া সাগর পারে বাম হৈল বিধি।।
কেন বা আমার সঙ্গে এলে বনবাস।
সীতা উদ্ধারিতে আজি হৈল সর্বনাশ।।
এচেছি সুমিত্রা মায়ের অঞ্চলের ধন।
কি বলিয়া নিবারিব মায়ের ক্রন্দন।।
পিতৃসত্য পালিতে আইনু বনবাস।
বিধি বাদী হইল এই তাহে সর্বনাশ।।
(সুষেনের প্রবেশ)
৩৬) সুষেনঃ প্রভু, করি নিবেদন।
না কান্দো না কান্দো প্রভু পাইবে লক্ষণ।।
৩৭) রামঃ সুষেন, আমি যোড় হাত করি।
লক্ষ্মণ বাঁচও আগেশোক পরিহার।।
আমার লক্ষণ বিনা আর নাহি গতি।
জিয়াও লক্ষ্মণে যদি তবে অব্যহতি।।
৩৮) সুষেনঃ প্রভু, না হও কাতর।
বাঁচিবেন অবশ্য লক্ষ্মণ ধনুর্দ্ধর।।
হস্ত পদে রক্ত আছে প্রসন্ন বদন।
নাসিকায় শ্বাস বহে প্রফুল্ল লোচন।।
হেন জনে নাহি মরে জানি মম জ্ঞানে।
ঔষধ আনতে পাঠাও বীর হনুমানে।।
ঔষধ আনিতে যাক বীর পবন নন্দন।
ঔষধ আনিতে যাক গিরি গন্ধমাদন।।
গিরি গন্ধমাদন সে সর্বলোক জানি।

তাহাতে ঔষুধ আছে বিশল্য করণী।।
নয় শৃঙ্গ ধরে তার অদ্ভুদ নির্মাণ।
প্রথম শৃঙ্গেতে তার মহাদেবের স্থান।।
আর শৃঙ্গে উদয় করে শশধর।
আর শৃঙ্গে তিন কোটি গর্ন্ধবের ঘর।।
আর শৃঙ্গে বৃক্ষ আছে শল ও পিয়াল।
আর শৃঙ্গে সিংহ আছে ব্যাঘ্র পালে পালে।।
আর শৃঙ্গে আছে তার খরতর নদী।
নদীর দুকুলে আছে বিস্তর ঔষধী।।
নীলবর্ণ ফল মূল পিঙ্গণ বর্ণ পাতা।
রক্ত বর্ণ ডাটা তার স্বর্ণবর্ণ লতা।।
আনহ ঔষধ হেন বিশল্যকরণী।
রাত্রি মধ্যে আনহ ঔষধ যাবৎ আছে প্রাণী।।
রাত্রিতে ঔষধ আন বাঁচাব সহজে।
রজনী প্রভাতে প্রাণ যাবে সূর্য তেজে।।
বিলম্ব না কর বীর যাও এই ক্ষণ।
তোমার প্রসাদে জীবে ঠাকুর লক্ষ্মণ।।
আছয়ে গন্ধর্বসব মায়ার নিদান।
সময়েতে হনুমান হইও সাবধান।।
ত্রিশ কোটি গন্ধর্ব যে হাহা-হুহু আছে।
বাদ বিসম্বাদ তার সঙ্গে কর পাছে।।

৩৯) রামঃ সুষেন, পথ আঠারো বৎসর।
কেমনে আসিবে ফিরে রাত্রির ভিতর।।
কেন বা সুষেন বৈদ্য আমারে প্রবোধে।
আজি লক্ষ্মণ মরিলে কি করিবে ঔষধে।।

৪০) হনুঃ প্রভু, করি নিবেদন।
রাত্রিতে ঔষধ আনি জীয়াব লক্ষ্মণ।
মনে কিছু রঘুনাথ না করেন বিস্ময়।
ঔষধ আনিব রাত্রে শুন মহাশয়।।
প্রভু, প্রনাম চরণে, যাই গিরি গন্ধমাদনে।
গেলাম তথায় আমি ঔষধ কারণে।।

(সকলের প্রস্থান)

৪১) মূলঃ শ্রীরাম সুগ্রীবের কাছে মাগিয়া মেলানি।
ঔষধ আনিতে বীর করিল উঠানি।।
উভ লেজ কারিয়া সারিল দুই কান।
এক লম্ফে আকাশে উঠিল হনুমান।।
মহাশব্দে চলিল শূণ্যতে দিয়া ভর।
লাঙ্গুনের টানে উড়ে বৃক্ষ ও পাথর।।
দশ যোজন হইল বীর আড়ে পরিসর।
বিশ যোজন দীর্ঘেতে হইল কলেবর।।
লেজ কৈল দীর্ঘাকার যোজন পঞ্চাশ।
উঠিবা মাত্রেতে লেজ ঠেকিয়া আকাশে।।
মহাশব্দ করি যায় শুনিতে গভীর।

দেখিয়া মনেতে প্রীতি পান রঘুবীর।।
দুর্জ্জয় শরীর বীর চলে অন্তরীক্ষ্যে।
লঙ্কার ভিতর থাকি দশানন দেখে।।
(চিন্তিত রাবণ বসিয়া আছে)

৪২) রাবণঃ হু, এটা কীসের শব্দ?
ও, ঘরপোড়া বেটা যায় গিরি গন্ধমাদনে।
বিশল্যকরণী আছে গন্ধ মাদনেতে।।
কোনমতে নাহি দিব লক্ষ্মণে বাঁচাতে।
তবে কারে পাঠাইব গন্ধমাদনেতে।।
ও, হয়েছে স্মরণ!
ওহে মাতুল কালনেমী।
(কালনেমীর প্রবেশ)

৪৩) কালনেমীঃ ওহে ভাগ্নে রাবণ,
এত রাত্রে ডাক কিসের কারণ?

৪৪) রাবণঃ ওহে মাতুল কালনেমী!
লঙ্কাতে আমার বড় হিতকারী তুমি।।
চিরদিন করি মামা ভরসা তোমার।
আজি কিছু তুমি মোর কর উপকার।।
আজি রণে লক্ষ্মণ পড়েছে শক্তি শেলে।
মরিবে তপস্বী বেটা রাত্রি পোহালে।।
বিশল্যকরণী আছে গন্ধমাদনেতে।
ঘর পোড়া গেল সেই ঔষধ আনিতে।।
গন্ধমাদনে গিয়া করহ উপায়।
যেমতে বানর বেটা ঔষধ না পায়।।
মায়ার প্রবন্ধে এস হনুমান মেরে।
লঙ্কার অর্দ্ধেক ভাগ দিব যে তোমারে।।

৪৫) কালনেমীঃ বাবাজী, মনে করি ভয়।
বড় দুষ্ট সে বানর ন জানি কি হয়।।
বানর প্রধান বেটা বুদ্ধিতে যে শঠ।
কেমনে যাইতে বল তাহার নিকট।।

৪৬) রাবণঃ মামা, ভয় কেন তারে।
যুক্তি করি যাও যাতে চিনিতে না পরে।।

৪৭) কালনেমীঃ বাপুহে, যত বল মিছে।
কারো যুক্তি না খাটিবে ঘরপোড়ার কাছে।।

৪৮) রাবণঃ মামা, কেন হও চিন্তিত।
হেন যুক্তি আছে বেটা মরিবে নিশ্চিত।।
গন্ধমাদনের সন্ধি আমি ভাল জানি।
গন্ধকালী নামে এক আছে কুম্ভিরিণী।।
সরোবরের পাড়ে থাকে গন্ধমাদনেতে।
প্রকান্ড শরীর তার মুখ বিপরীতে।।
সুরাসুর শংকা করে দেখে কুম্ভিরিণী।
সেই ভয়ে কেহ নাহি ছোঁয় তার পানি।।
সহজে বানর জাতি বীর হনুমান।

গন্ধমাদনের এত না জানে সন্ধান।।
উহার আগে যাও তপস্বীর বেশে।
আদর গৌরব করি তুষিতে হারিষে।।
মায়াতে আশ্রম করি রেখ ফুল ফল।
কলসী ভরিয়া রেখ সুবাসিত জল।।
নানা মতে হনুমানে করিয়া আদর।
স্থান হেতু পাঠাইবে সেই সরোবর।।
অল্প বুদ্ধি হনুমান পশু মধ্যে গণি।
সরোবরে গেলে ধরে খাবে কুম্ভিরিণী।।
রাম তবে মরিবেক লক্ষ্মণের শোকে।
পালাবে সুগ্রীব বেটা পরিয়া বিপাকে।।
মায়াতে বধিয়া তারে এস মম আগে।
লঙ্কাপুরী লইব দোঁহে অৰ্দ্ধ ভাগে।।

৪৯) কালনেমীঃ কি বলিস রাবণ!
ঘর পোড়ার কাছে গেলে অবশ্য মরণ।।
পূর্বে ঘর পোড়া তোকে মারিলেক চাপড়।
রথ হইতে পড়িয়া করিলি ধরফর।।
সেই দিন আমি হলে যেতাম যম ঘর।
ভাগ্যে তুই এসেছিলি লঙ্কার ভিতর।।
প্রাণ হারাইতে পাঠাও হনুমান আগে।
আমি মৈলে লঙ্কা কেবা লবে অৰ্দ্ধ ভাগে।।

৫০) রাবণঃ কি? তুমি আমায় উপদেশ দিতে চাও।
আমার হাতেই তবে যমপুরী যাও।।
(অস্ত্র তুলিল)

৫১) কালনেমীঃ আহা-হা, কর কি কর কি রাবণ।
তুমি মার, সে মারুক অবশ্য মরণ।।
বাপুহে, আমি যচ্ছি গিরি গন্ধমাদন।
(প্রস্থান)

৫২) মূলঃ চলিল সে কালনেমী রাবণ আদেশে।
গন্ধমাদনে গেল তপস্বীর বেশে।।
পবন গমনে চলে বীর হনুমান।
কালনেমী উপনীত তায় আগুয়ান।।
মায়া স্থান সৃজিল মধুর ফুল-ফল।
কলসী ভরিয়া রাখে সুবাসীত জল।।
জটাভার শিরেতে বাকল পরিধান।
হাত করে জপমালা করিতেছে ধ্যান।।
(তপস্বীর বেশে কালনেমীর প্রবেশ)

৫৩) কালনেমীঃ হা-হা-হা, ঘর-পোড়া বেটা আর
আমাকে চিনতে পারবে না।
ধরিয়াছি আমি তপস্বীর বেশ
ঐ তো ঘরপোড়া বেটা আসিতেছে।
(হনুমানের প্রবেশ)
এস বাবা এস, বড় পরিশ্রম হয়েছে, বস বাবা বস।

এসেছ অতিথী আজ বড়োই মঙ্গল।
স্নান করে এসে কিছু খাও ফল জল।

৫৪) হনুমানঃ গোঁসাই না জান কারণ।
কোন্ সুখে খাব আমি নাহি লয় মন।।
দশরথ নামে রাজা জন্ম সূর্যবংশে।
সত্যপালি দুই পুত্রে দিল বনবাসে।।
জ্যেষ্ঠ পুত্র রামচন্দ্র অনুজ লক্ষ্মণ।
পালিতে পিতার সত্য এসেছেন বন।।
দোসর লক্ষ্মণ-বীর সীতা তো সুন্দরী।
শূন্য ঘর পেয়ে রাবণ সীতা কৈল চুরি।।
বানর সহায়ে রাম বান্দিল সাগর।
কটক সমেত গেল লঙ্কার ভিতর।।
সীতা লাগী রাম রাবণেতে বাজে রণ।
রাবণের শেলে পড়ে আছেন লক্ষ্মণ।।
ঠাকুর লক্ষ্মণ পড়ে রাবণের শেলে।
প্রাণদান পাবেন ঔষধ নিয়ে গেলে।।
ফল-জল শিরে রাখি ক্ষমহ আপনি।
ঔষধ চিনিয়া দেও বিশল্যকরণী।।

৫৫) কালনেমীঃ ও তোর ছাওয়ালীয়া মতি।
ভোকে শোকে কেমনে এ কুলাবে আরতি।।
মম স্থানে অতিথি থাকিলে উপবাসী।
সব তপ নষ্ট হয় কিসের তপস্বী।।
ঐ দেখ সরোবর তপের প্রভাবে।
উলিয়া করহ স্নান ঘুচুক বিষাদে।।
পান যদি করহ ঐ এক অঞ্জলী পানি।
এক বছর ক্ষুধা তৃষ্ণা কিছুই না জানি।।

৫৬) হনুমানঃ আচ্ছা গোঁসাই, আমি সরোবরে চললাম।
(প্রস্থান)

৫৭) কালনেমীঃ হা-হা-হা, এইবার বেটাকে কুমীরে খাবে।
(হনুর প্রবেশ)

৫৮) হনুমানঃ ঐ তো সরোবর। স্থান সেরে এখনই যাব গোঁসাইর আশ্রমে।
(পুকুরে ঝাঁপ দিল- কুমির কামড়ে ধরে, কুমির সহ পুনঃ প্রবেশ)
কি! কুম্ভিরিণী তুই! দাঁড়া তবে!
তোকে নখে ধরে দ্বিখণ্ডিত করবো। কে তুই?

৫৯) গন্ধকালীঃ দেব কন্যা ছিনু আমি নামে গন্ধকালী।
দেবতার বাড়ী বাড়ী করি নৃত্য কেলী।।
কুবের নিবাসে যাই নৃত্যগীত রঙ্গে।
ঠেকিল আমার অঙ্গ দক্ষ মুনি অঙ্গে।।
মুনির অন্ধ ক্রোধ, শাপ দিল মুনি।
থাক গন্ধমাদনেতে হয়ে কুম্ভিরিণী।।
লক্ষ লক্ষ প্রাণী মেরে করিবেক পাপ।
হনুমান হতে তোর মুক্ত হবে শাপ।।
হইবেন নারায়ণ রাম অবতার।

তার সেবকের হাতে তোমার নিস্তার।।
চিরজীবী হয়ে সাধ শ্রীরামের কাজ।
তোমার প্রসাদে যাই দেবের সমাজ।।
আর এক কথা বলি শুন হনুমান।
ভণ্ড তপস্বীর হতে হইও সাবধান।।

(প্রস্থান)

৬০) হনুমানঃ বেটা ভণ্ড তপস্বী। আজি আমি তোকে করিব সংহার।

(প্রস্থান)

(কালনেমীর প্রবেশ)

৬১) কালনেমীঃ হা-হা-হা, বেটা ঘর পোড়াকে কুম্ভিরিণী খেয়ে ফেলেছে।
এখন যাই আমি লঙ্কার ভিতর।
অর্দ্ধ লঙ্কা ভাগ করি লইব সত্ত্বর।।
দড়ি ধরি লব ভাগ উত্তর দক্ষিণ।
পূর্ব দিকে লব ভাগ না যাব পশ্চিম।।
পশ্চিম সাগরে যদি বাঁধ ভেঙ্গে যায়।
পশ্চিমে রাবণে দিব ভাগে যত হয়।।
অশ্ব হস্তী সৈন্য রথ ভাণ্ডারের ধন।
সকল অর্দ্ধেক বুঝি লইব এখন।।
রাণীগণ আছে যত স্বর্গ বিদ্যাধরী।
তার অর্দ্ধ লব যেই ভাগে মন্দোদরী।।
(দুরে হনুমানকে দেখে)
এই হয়েছে! সব মায়া ব্যর্থ হল মোর!

(হনুর প্রবেশ)

এস বাবা এস, বড় কষ্ট হয়েছে তোমার। এই নাও ফল-জল।

৬২) হনুমানঃ রেখে দে তোর ফল-জল!
রাবণের কার্য সাধ তপস্বীর বেশে।
মম হস্তে পড়ি আজি যাব যম পাশে।।
তোর ফল ফুল বেটা টেনে ফেলে দূর।
মোর ঠাঁই আজি তোর মায়া হবে চুর।।
(তপস্বীবেশে কালনেমীর প্রস্থান, রাক্ষসবেশী কালনেমীর প্রবেশ ও যুদ্ধ)
যুদ্ধে কালনেমী নিহত।
এই বেটার মুণ্ড রাবণের সম্মুখে।
(লঙ্কার রাজসভায় পাত্রমিত্রসহ রাবণের প্রবেশ। এই সময়ে
কালনেমীর মুণ্ড রাবণের সম্মুখে পতিত হল।

৬৩)
রাবণঃ একি! কিসের শব্দ?
দেখ দেখ পাত্র-মিত্রগণ!
কি পড়ে সম্মুখে?

৬৪) পত্রমিত্রগণঃ মহারাজ এ যে কালনেমীর ছিন্ন মুণ্ড!

৬৫) রাবণঃ কি! ঘরপোড়া বেটার কাছে
কালনেমীর সব মায়া চূর্ণ?
এখন কি করব আমি?
হা-হা হয়েছে স্মরণ

ভাস্কর! ভাস্কর!

(সূর্য্যদেবের প্রবেশ)

৬৬) সূর্য্যঃ কেন লঙ্কেশ্বর, কিবা প্রয়োজন মোর?

৬৭) রাবণঃ শুনহে ভাস্কর, উদয় হও গিয়া গিরির উপর।
তোমার উদয় হলে মরিবে লক্ষ্মণ।
লক্ষ্মণ মরিলে রাম ত্যজিবে জীবন।।

৬৮) সূর্য্যঃ দ্বিতীয় প্রহর রাত্রি হইল গগনে।
এখন উদয় বল হইব কেমনে?

৬৯) রাবণঃ তাতে ক্ষতি কি তোমার!
ও, মনে বুঝি শক্তিহীন চিন্তহ আমায়!
বল, উদয় হইবে কিনা পর্বত উপরে?

৭০) সূর্য্যঃ হে লঙ্কেশ্বর, তব আদেশ পালন করিতে।
উদয় হইতে যাই উদয় পর্বতে।।

(সকলের প্রস্থান)

(হনুমানের প্রবেশ)

৭১) হনুমানঃ ওকি! পূর্ব দিকে কিসের আলো?
দিবাকর বুঝি উদয় গিরিতে?

(রথসহ সূর্য্যের প্রবেশ)

কে, কে তুমি? ছাড়িব না পথ।

৭২) সূর্য্যঃ সারথী, রথ খান গগন মণ্ডলে।
বানরে পোড়াইয়া পড়িব ভূতলে।।

৭৩) হনুমানঃ কোন মহাশয় কিবা নাম ধর।
স্বরূপ করিয়া কহ আমার গোচর।।

৭৪) সূর্য্যঃ আমি সূর্য্য ছেড়ে দাও পথ।
উদয় হইতে যাই উদয় পর্বত।।
রজনী প্রভাত হলে মরিবে লক্ষ্মণ।
উদয় হইতে মোর পাঠায় রাবণ।।
সকল অর্দ্ধেক বুঝি লইব এখন।।
রাণীগণ আছে যত স্বর্গ বিদ্যাধরী।
তার অর্দ্ধ লব যেই ভাগে মন্দোদরী।।
(দুরে হনুমানকে দেখে)
ঔষধ আনিতে গেছে পবন কুমারে।
মারিব লক্ষ্মনে, হনু না আসিতে ফিরে।।

৭৫) হনুমানঃ হে দেব কর অবদান।
পবন পুত্র আমি নাম হনুমান।।
ঔষধ আনিতে আমি আইনু শিখরে।
এই নিবেদন করি তোমার গোচরে।।
প্রাণ দান যতক্ষণ না পায় লক্ষ্মণ।
তাবৎ উদয় গিরি না কর গমন।।

৭৬) সূর্য্যঃ কেবা শুনে তোমার বচন।
না পারি রাবণ আজ্ঞা করিতে লঙ্ঘণ।।

৭৭) হনুমানঃ তুমি দেবের প্রধান।
সদয় হইয়া রাখ লক্ষ্মণের প্রাণ।।

৭৮) সূর্য্যঃ রাবণের আজ্ঞা যদি না করি পালন।
কোপেতে বিষম শাস্তি দিবেন রাবণ।।
শ্রীরামের অনুরোধে যদি ফিরে যাই।
রাবণের কোপে বল কিসে রক্ষা পাই।।

৭৯) হনুমানঃ আছে উপায় ইহার।
নিকটেতে এসো বলি কর্ণেতে তোমার।।
তব নাম ভানু মম নাম হনুমান।
নামে নামে মিলিয়াছে দুজনে সমান।।
খণ্ডিবে তোমার দোষ বানরের কাছে।
সাধিবে রামের কার্য যুক্তি হেন আছে।।
দুই দিক রক্ষা পাবে সুমন্ত্রণা বলি।
হনু ভানু দুই জনে করিব মিতালী।।
(দুইজনে কোলাকুলি করে। সূর্য্যকে হনুমান কক্ষতলে পুরিল।)
(হনুমানের প্রবেশ, সঙ্গে গন্ধর্ব)

৮০) হনুমানঃ আমি করি নিবেদন।
শক্তি শেলে পড়ে আছে ঠাকুর লক্ষণ।।
ফিরি যাব লঙ্কায় থাকিতে রজনী।
ঔষধ চিনিয়ে দাও বিশল্যকরণী।।

৮১) গন্ধর্বঃ কি বলে বানর।
কাহার নফর বেটা কাহার কিঙ্কর।।
হা-হা-হু-হু রাজা এই মাত্র জানি।
কোথাকার রামচন্দ্র কখনো না জানি।।
আসিয়া বানর বেটা কোন কার্যে ফিরে।
চুলেতে ধরিয়া সবাই আছড়াও তারে।।
(সকলের সঙ্গে হনুর যুদ্ধ ও সকলের পালয়ন)

৮২) হনুমানঃ ঔষধ না পারি চিনিয়া লইতে।
লইয়া যাব আমি পর্বত সহিতে।।
(পর্বত তুলে মাথায় লইল)
মারিলাম কালনেমী মায়ার পুতলী।
কুম্ভিরিণী মারি মুক্ত কৈনু গন্ধকালী।।
তিন কোটি গন্ধর্বরে মারিনু সকল।
রামের ভাই ভারতের বুঝে যাব বল।।
জয় রাম............ জয় রাম............ জয় রাম............!
(ভারত ও শত্রুঘ্নের বাটুল হস্তে প্রবেশ)

৮৩) শত্রুঘ্নঃ দাদা, এই নন্দীগ্রাম অকস্মাৎ কেন অন্ধকার ময়!
রামের পাদুকা লঙেঘ নাহি করে ভয়।।

৮৪) ভরতঃ ওরে, ওরে শত্রুঘ্ন, কেন কর ভয়।
যক্ষ, রক্ষ, কিন্নর, গন্ধর্ব যদি হয়।।
বাটুল মারায়া শাস্তি করিব তাহারি।
রমের পাদুকা যেবা লঙেঘ তারে মারি।।
(বাটুল মারিলেন)
(হনুমানঃ রাম জয়! রাম জয়!)

৮৫) ভরতঃ কে তুমি কপি, থাক কোন স্থান।

স্মরিলে রামের নাম কি জান সন্ধান।।
কোথা হইতে আইলে কে কহ বিবরণ।
কোথা আছে রাম সীতা, কোথায় লক্ষ্মণ।।

৮৬) হনুমানঃ শুন ওহে ভারত শত্রুঘ্ন।
কহি রাম সীতার বিবরণ।।
বাসা করে ছিল রাম পঞ্চবটী বন।
সূর্পনখার নাক কাটেন লক্ষ্মণ।।
রাবণের ভগ্নী সূর্পনখা সেই যে রাক্ষসী।
যুদ্ধ কৈল চোদ্দ হজার নিশাচর আসি।
সবারে মারেন রাম দণ্ডক কাননে।
যোগী বেশে সীতা হরি নিলেক রাবণে।।
সুগ্রীবের সাথে রাম করিয়া মিত্রতা।
বালি মারি সুগ্রীবকে দিলে দণ্ডছাতা।।
বানর লইয়া রাম বান্ধিল সাগর।
মিলাইল অসংখ্য কপি অতি ভয়ঙ্কর।।
রাক্ষসে বানরে যুদ্ধ হইল অপার।
তিন মাস রাত্রি দিন যুদ্ধ অনিবার।।
কুপিয়া রাবণ রাজা প্রবেশিল রণে।
ময়দানবের শেল মারিল লক্ষ্মণে।।
লক্ষ্মণে করিয়া কোলে রাম করেন ক্রন্দন।
আমারে পাঠিয়ে দেন ঔষধ করণ।।
ঔষধ চিনিতে নাহি পারি কোন মতে।
উপারিয়া লইয়া যাই পর্বত সহিতে।।
আমি গেলে লক্ষ্মণের বাঁচিবেক প্রাণ।
তোমার বাটুলে মোর হারাইল জ্ঞান।।
তুমি নিলে রাজ্য রাবণ নিল নারী।
লক্ষ্মণ ত্যাজিবে প্রাণ পোহালে শর্বরী।।
ফিরিয়া যাইতে শক্তি না হবে আমার।
সহজেতে না হবে সীতার উদ্ধার।।
লক্ষ্মণের শোকে রাম প্রবেশিবে বনে।
নিষ্কন্ট রাজ্য ভোগ কর দুইজনে।

৮৭) ভরতঃ শুন শুন ওরে বীর হনুমান।
পর্বত লইয়া তুমি করহ গমন।।
তোমার সঙ্গেতে আমি যাব লঙ্কাপুরে।
থাকুক শত্রুঘ্ন ভাই অযোধ্যা নগরে।।

৮৮) হনুমানঃ তুমি যাবে কিবা মতে।
শ্রীরামের আজ্ঞা নাই তোমা সঙ্গে নিতে।।

৮৯) ভরতঃ তবে ওহে মারুতি।
পর্বত লইয়া তুমি যাও শিঘ্রগতি।।

৯০) হনুমানঃ গিরি নারিতে না পারি।
চলহীন হইয়াছি বল কিবা করি।।
যোজনেক উচ্চে যদি পার তুলে দিতে।
তবে আমি পারব এ পর্বত লয়ে যেতে।।

৯১) ভরতঃ ওরে বাছা পবন কুমার।
পর্বত সহিতে ওঠ বাণেতে আমার।।

৯২) হনুমানঃ জয় প্রভু রামচন্দ্রের জয়।

(সকলের প্রস্থান)

(রাম লক্ষণকে কোলে নিয়ে সকলের সঙ্গে প্রবেশ করে)

(হনুর প্রবেশ)

৯৩) হনুমানঃ জয় প্রভু রাম চন্দ্রের জয়।
প্রভু ঔষধ চিনিতে না পারি কোন মতে।
এ কারণে আনিলাম পর্বত সমেতে।।

৯৪) রামচন্দ্রঃ পবন কুমার,
ত্রিভুবনে অসাধ্য কোন কর্ম তোমর।
সুষেন শিঘ্র ঔষধ চিনে নাও।

৯৫) সুষেনঃ যাই প্রভু , ঔষধ আনছি।

৯৬) মূলঃ লক্ষ্মণে ঔষধ দেন সুষেন সুধীর।
ঔষধ খেয়ে জীয়ে উঠেন লক্ষ্মণ বীর।।
আনন্দের কোলাহল রামের সেনা দলে।
রাম জয় রাম জয় ধ্বনি চারিদিকে বলে।।
শুনিয়া সে জয়ধ্বনি রাবণ চিন্তিত।
গাহিলাম সবিশেষ লক্ষ্মণের শক্তিশেল গীত।।

# FOLK-DRAMA (Song of Manasa Debi)
# বিষহারা বা সতী বেহুলা পালা

প্রথম দৃশ্য

(চাঁদ সওদাগরের গৃহে চাঁদ সওদাগরের প্রবেশ)

১) চাঁদ ঃ শয়তানী পদ্মাবতী কত হানি করে,
ধনে-জনে চৌদ্দ ডিঙ্গা ডুবাইছে সাগরে।
একে একে করিছে মোর ছয় পুত্র নাশ,
বিদুয়ার কান্দনে কষ্ট বাড়ীতে করা বাস।
সোনেকা সতীরে মোর কত কষ্ট সয়,
মুখখানা সেখিলে হায় বুক ফাটি যায়।
বাড়ি হইল ছানুয়া মোর নারী হইল বোবা,
আন্দারে ডুবিয়া খাইছে মোর সর্ব শোভা।।

(পদ্মার দৈববাণী)

২) পদ্মা ঃ শোন, শোনেক চাঁদ, এলাও কং মোর পূজা কর।
ধনে-জনে ভরিয়া উঠবে তোর সব ঘর।

৩) চাঁদ ঃ কায়? কায়? কাণী? এলাও আশা মোর পূজার বাদে! মুই চাঁদ শিবের বেটা ঠোক্‌ঠোকের না পার। শেষ্যায় লখাই মোর তারও যদি হয় হানি তবু না পূজিম তোক ব্যাঙ্‌ খাওয়া কাণী।

(সোনেকার প্রবেশ)

৪) সোনেকা ঃ কুড়িয়া ঘোড়ার দপাদপি সার। একে একে মরিল মোর ছয় বেটা। শোকে মুই পাতর। তোমার জন্য মোর এই দশা। সংসার ছারেখারে গেইল। ওমরায় হইল দেব-দেবী। মানুষ হয়া বিবাদ করা ভাল নোয়ায়। লক্ষিন্দরক বিয়া দিয়া মোক শান্তি দেও।

৫) চাঁদ ঃ সোনেকা, না কইস মোক এমন কতা তুই। এই মাসৎ বিয়া দিম্‌ লখাইর। কাণী যদি দেবী হয় ব্যাঙ্‌ খায় কেনে উয়ায়?

পাচালী জরুয়া ছাওয়া
দেখা পাইলে দিম্‌ ধাওয়া
উয়াক করে না ভয় চাঁদ।
আছে হেমতালের নাটী
উড়িয়া দিম দাঁতে পাটি
ঘুঘু দেখাইলে মুই দেখাইম ফাঁদ।
বালা লখিন্দরের বিয়াও এই মাসত্‌ দিম
এই মোর মনত্‌ আছে আশা।
বান্দিয়া লোহার ঘর তাতে রাখিম কনাই-বর
কানীর মুখত দিম চুনকালী।
দুরন্ত হেমতাল নিয়া নিজে রমু মুই জাগিয়া
দিম পাহারা সারা রাতি।
ধন্বন্তরী থাকিবে সাথে ফাঁক না রাখিম কোনটাতে
যা সোনেকা জ্বালাও চাইলন বাতি।।

৬) সোনেকা ঃ সদাগর, তোমার হৃদয় পাষাণ। ছয় ছয়টা শোকের দগদগা আগুন কেমন করিয়া নিয়া বেরাং তা জানেন। কোল মোছা ছাওয়া লখিন্দরক নিয়া আর খেলা খেলান না। দোহাই তোমার।

৭) চাঁদ ঃ সোনেকা, সতী যদি হইস তুই মোর বচন ধর
আর্শীবাদে বুকত্‌ পাষাণ খানি ধর।

কাণীর কোপে গেইছে মোর ছয়খানি পাঞ্জার
লখাইবাদে বান্দিম মুই লোহার বাসর ঘর।
সগাই-সোদর তুই কর ডাকাডাকি
কন্যা জুড়ি তার বাদে করিম পাকা পাকি।

৮) সোনেকা ঃ মা ভবানী, তোর মনত্ কি আচে তুই জানিস। তুইও সতী মাও, মুইও সতী। পতির আদেশ না শুনি মাও, তুই দুঃখ পাচিস। দক্ষ রাজার যজ্ঞের কথাখান মিথ্যা নোয়ায়।পতির বচন ধরি মোর পোড়া বুকখান বান্দিনু। শেষমেষ তোর হাতত।

(পদ্মার প্রবেশ)

৯) পদ্মা ঃ এলাও মোর কথা ধর নির্বুদ্ধি চাঁদ। ছয় পুত্র পাবু আর পাবু চৌদ্দ ডিঙ্গা ধন। না শুনিলে মোর কথা মরিবে লখাই, নাই খণ্ডন।

১০) চাঁদ ঃ হাঃ-হাঃ-হাঃ
কি কলু কি কলু ব্যাঙ্ খাওয়া কাণী
খাড়া ও পূজা দ্যাং।
আনতো হেন্তাল নাটী ভাঙ্গং কাণীর ঠ্যাং।
একে একে করলু মোর ছয় পুত্র নাশ
নিওডারু ভাঙ্গিয়া তোর মিটাইম মনে আশ।

১১) পদ্মা ঃ শোনেক দর্পী চাঁদ, পদ্মার কথা শোন
হাসিয়া উড়াইম তোর লোহার ভবন।
বাসরে ঠেকাই খাইম লখাইর প্রাণ
সেথায় দেখিম তোর হেন্তাল খান।

(পদ্মার হাসি ও প্রস্থান)

(হেমতালের লাঠি নিয়া চাকর লেংয়ার প্রবেশ)

১২) লেংয়া ঃ নিলাজের নাক কাটী ডেরাং দেয় নিলাজ কয় মোর বিয়াও হয়। ওমরা হইল দেব দেবী। ওমার সঙ্গে বিবাদ। সদাগর কোনটে গেইল তোমার কাণী। নেও তোমার হেমতালখান, দেও ওমার ধরধুরি তুলিয়া।

১৩) চাঁদ ঃ ভয় পাচে মোর পদ্মা বিষহরী
সনেকা কয় উয়াক পূজা করি।
মুখ ভরা বিষ যার কুটিল চলন
তার চরণ ধরিতে পারি শিবের নন্দন!

১৪) লেংয়া ঃ সে কথাতো হয়। যার ঠ্যাং নাই তার কোন ঠ্যাংটা ধরিবেন বাহে। ধরিবার নাগে উয়ার নেটু। বাপ্রে, কায় উয়ার নেটু ধরিবে।

১৫) চাঁদ ঃ শোন লেংয়া, যাব আমি কন্যা জড়িবার
সত্তর করেক তুই জোগার তাহার।

১৬) লেংয়া ঃ তোমরা বা কেমন কইনা চান? খাটো না ঢাঙ্গা? খড়খড়ি না ফরফরি? আগোত্ মোক বাতান। তারপর মুই জোগার করোং।

১৭) চাঁদ ঃ যে কইনা রান্ধিতে পারে লোহার কলাই
শোনেক লেংয়া, মুই সেই কইনা চাই।

১৮) লেংয়া ঃ ওরে বাপ, তোমার সেনে কথা। আইজ কালাইকার ডাইলই গলে না, আর লোহার কলাই। হ্যাঁ, সদাগর, একনা কথা কই তোমাক। সেদিন উজানী নগরে গেইচং। সেইটে মোর একেনা সম্বন্ধি ভাই আচে। উয়ার নাম ঠেংয়া। আলাপে সালাপে মুই কনু আমার ইত্তি খেসারী মুসুরী কোন ডাইল গলে না। ভাত করে কারাং কারাং। কন্টোলের জিনিস তো। উয়ায় মোক কইল বাছো বানিয়ার বেটি রান্ধিলে পাথর লোহা সউগুলা জল হয়া যায়। তা সদাগর, ঐ কইনার খোজ নিলি হয় না? তোমার বাড়ীত্ সাত গীত্তানী সাত ছেলেংকারী। মোর দাঁতও ভাঙ্গিছে, পেটেরো বিষ ধরিছে। তোমরা মোর দাঁতগুলা দেখে না নটর-বটর করি ধচ্চে।

১৯) চাঁদ ঃ চলকে লেংয়া উজানী নগর

ঐ কন্যার সাতত্ বিয়া দিব মোর লখিন্দর।

দ্বিতীয় দৃশ্য

(নদীর ঘাট ঃ সখী সহ বেহুলা নদীর ঘাটে। নদীর ঘাটে পদ্মা গোপনে মালা জপে)

২০) পদ্মা ঃ মাল জপং টপর টপর, করক্ষনে আইসে দৈ চূড়ার খবর। নাড়িয়া বন্ধু ছাড়িয়া যায়, মন করে মোর হায় রে হায়।

২১) সখী ঃ সখি, শুনলু বিদুয়ার কেমন হাউস? মালা জপে ফির আরো বন্ধুর কথা ভাবে।

২২) বেহুলা ঃ মোর তাতে কি? উয়ায় মালা জপে জপুক, হামরা অন্য ঘাটৎ যাং।

(উভয়ের অন্য ঘাটে গমন। সেখানেও মালা জপে বুড়ি পদ্মা)

২৩) বেহুলা ঃ সখি, মোরা যে ঘাটত্ যাই সে ঘাটতে উয়ার জপির বইসে। এলা আমরা করি কি?

২৪) সখী ঃ উয়ায় মালা জপে জপুক। বেলা ডুবির ধচ্ছে। চল আমরা গাও ধুই।

২৫) বেহুলা ঃ মাও, যে ঘাটত্ হামরা যাই সেইটেই তোমরা মালা জপির বইসেন। খানেক সরে বইসো, মোরা গাও ধুই।

২৬) পদ্মা ঃ মাও রে মাও, তুই আচ্ছা ঝগড়ী চেংড়ীতো। মুই কি গোটা ঘাটখান জুড়িয়া আছং। হুর অদ্দি গাও ধুইস না কেনে।

(বেহুলা জলে নামতেই)

তোর আক্কেল কিনা কি, বামন সজ্জন মানিস না। হতলক্ষ্মী, তোর পায়ের জল পরিল মোর অঙ্গে। বিয়ার রাইতে স্বামীকে তোর খাইবে ভুজঙ্গে।

২৭) বেহুলা ঃ তোমার পায়ে পরং বদিয়া মাও, কেনে দেন মোক অভিশাপ
অবোধ বালিকা মুই অজ্ঞানে পরিছে পানি
মাপ চাং করি দেন মাপ।

২৮) পদ্মা ঃ মাপ করা কি মুকের কথা। যে শাপ মোর মুখত্ বিরাইচে তা আর কি সোন্দায়। তোর যেমন কর্মফল।

২৯) বেহুলা ঃ যে হইছে সে হইছে মাও চুপ চাপ ঘরে যাও
মরিলে জিয়াইম প্রাণপতি।
সতী মায়ের কইনা আমি জন্মকালে দৈববাণী
বিদুয়া না হইম মুই হইম মহাসতী।।

৩০) পদ্মা ঃ ইস, কি দেমাক! মুইও দেখিম তুই কেমন সতী!

(পদ্মার প্রস্থান)

৩১) বেহুলা ঃ (গান)
আরে ও দারুন বিধাতারে বিধাতা
হাউস না মিটিল মোর পিন্দিয়া সঙ্খা।
কোন বিধি ধরিয়া কলম, লিখিছেন কপালে।
মুছিলে না মোছা যায় ধোয়া না যায় জলে রে
যদি বিয়ার রাইতে স্বামী মরে, কোন নারীর পরাণে ধরে
হায় বিধাতা ভাসাইলা সাগরে।।

(দৈববাণী)

৩২) দৈববানী ঃ না কান্দ না কান্দ সতী, ডুব দেও জলে;
অক্ষয় শাখা-সিন্দুর পাইবে অতলে।
এই শাখা-সিন্দুর দেখি যমে পায় ডর
সতীত্ব মহিমা দিয়া ভুবন উজ্জ্বল কর।

৩৩) সখী ঃ চলেক সখি। দৈববানী তো শুনলু। গাও ধুইয়া চলেক, বাড়ি চলেক।

তৃতীয় দৃশ্য

(বাছো বানিয়ার গৃহে। লেংয়া ও চাঁদের প্রবেশ)

৩৪) লেংয়া ঃ আরো, ও বানিয়া মশাই, বাড়িত্ আছেন না নাই?

৩৫) টেংয়া ঃ তোমরা কোনটেকার মানষিহে বাহে। আরে বইনো, বইসো ইত্তি।

৩৬) লেংয়া ঃ আরে, বসি তো হয়, তা বানিয়া মশায় বাড়ীত্ আছে না নাই?

৩৭) টেংয়া ঃ আরে ঘরোত নাই, বাড়ীত আছে। ইত্তি উত্তি কোনটে বা গেইচে। খানেক বইসো, আইসে বলে।

৩৮) লেংয়া ঃ ভালো কথা, একেনা গুয়া পান আনেক, হুক্কাটা আনেক। সাথত্ সদাগর আছে। একেনা বিয়র আলাপ আছে।

(টেংয়ার প্রস্থান)

(বাছো বানিয়ার প্রবেশ)

৩৯) বাছো ঃ আরে সদাগর মশাই, নমস্কার! নমস্কার!
গরীবের বাড়ীত্ হাতির পত্ত। তা কি মনে করি আসিচেন? আজি থাকা খাবে। ওহো ঠেংয়া, বাড়ীর ভিত্রৎ খবর দে। তা কি মনে করি?

৪০) চাঁদ ঃ শুন শুন বাছো বানিয়া আমার বচন;
লখিন্দরের বিয়াও দিম করিয়াছি মন।
তোমার ঘরে আছে এক কন্যা গুণমনী
বেহুলা তার নাম লোক মুখে শুনি।
তোমার কাছে কন্যা তব ভিক্ষা আমি চাই
বেহুলার সাথে বিয়াও দিব দুর্লভ লখাই।

৪১) বাছো ঃ এটা ভাগ্যের কথা। তোমরা আমার কুটুম্ব হবেন।
তা তোমরা কিবা চান সেটাও তো শোনা যায়।

৪২) চাঁদ ঃ শুন শুন বাছো বানিয়া আমার বচন।
খালি আমি ভিক্ষা চাই ঐ কইনা ধন।।
যে কইনা রান্ধিয়া দিবে লোহার কলাই।
তার সাথে বিয়া দিব আমার লখাই।।

৪৩) বাছো ঃ এটা বড় পরীক্ষা। মানুষ কি পারে?

৪৪) লেংয়া ঃ তোমরা ভয় না খান। উয়ায় সবই পারে। এই ধরেন লোহার কলাই। হামরা খানেক ঘুরিয়া আসি।

(চাঁদ ও লেংয়ার প্রস্থান)

৪৫) মেনকা ঃ উলা কায় আসিছে। হুঃ মুই শুনলু..............

৪৬) বাছো ঃ আরে সেইতো, কোনটা যে হয়।
চম্পক নগরে আছে চাঁদ সদাগর

মহামানী লোক কয় অতি বড় ঘর।
তিনি আসিয়াছেন পুত্রে বিবাহ কারণ
যে কন্যা গলেয়া দিবে লোহার কলাই
তাক দিয়া দিবে বিয়াও দুর্লভ লখাই।

৪৭) মেনকা ঃ সে জন্যে ভাবনা ক্যানে। মাও বিষহরীর কৃপায় বেহুলার অসাধ্য কিছু নাই। আজি ঘটাৎ গাও ধুবার যায়া শাখা-সিন্দুর পাইচে। তোমরা নাগি পর। বেহুলা মাও শুনি যা, এত্তি আয় মা।

(বেহুলার প্রবেশ)

৪৮) মেনকা ঃ বেহুলা মাও, মোক নহা করিস লাজ।
লোহার কলাই গলেয়া ফেলা সতী নারীর কাজ।।
এই কাজ পাবু কিনা তুই করিবার।

ডেকানু সোনার মাও তাই পুছিবার।।

৪৯) বেহুলা ঃ বিষহরীর চরণ বন্দী যে কাজ ধরিম,
পিতা-মাতার আশুর্বাদ সেইটা করিম।

৫০) মেনকা ঃ ধরেক এই লোহার কলাই। ভাল করি রান্দা করিস। বিয়াই খাবে।

(সকলের প্রস্থান)

(টেংয়ার প্রবেশ)

৫১) টেংয়া ঃ বাহে, হাসেন না, এলায় শোনেন বানিয়ার বৌ কি কি রান্দিছে ঃ
ডিমার তরকারী রান্দিছে ঢোলমানকন দিয়া।
অম্বল রান্দিয়া থুইছে শুকাতি মিশাইয়া।।
খেসারীর ডইলৎ দিছে শুকটার ফোরান।
পায়েস রান্দিছে দিয়া করচন লবন।।
সরবতে মিশিয়া দিছে সিদলের রস।
বিয়াই খইয়া কত করিবে সুযশ।।
ট্যাংয়া দৈ-এ কটকটা চুড়া।
আটিয়া কলার বিচি খাবে চাঁদ বুড়া।।

৫২) টেংয়া ঃ তোমরা কায় কায় খাবেন? হাত তোলেন বাহে। মুই ডাকেয়া নিম।

(বাছো, চাঁদ ও লেংয়ার প্রবেশ)

৫৩) বাছো ঃ বুঝিলেন সদাগর, মোর বেহুলা মাও না পারে এমন কাজ নাই। বইসো, গুয়া-পান খান।

৫৪) লেংয়া ঃ সদাগর কাম লাগি গেইচে। মনের সুখে বিয়াও বাড়ীর গুয়া পান চোবের ধরো।

(ডাইলের পাত্র হাতে টেংয়ার প্রবেশ)

৫৫) টেংয়া ঃ আরে লেংয়া দা, ইত্তি আয়। দেখি যাও লোহার কলাই গলিয়া ডাইল হইচে।
(ডাল চাখিয়া)
আঃ, কি মিষ্টিরে। দেখ সদাগর, দেখ।
(লেংয়া চাখিয়া দেয়)

৫৬) বাছো ঃ বেহুলা রান্ধিয়া দিছে লোহার কলাই।
ঐ দেখ সদাগর কোন চিন্তা নাই।।
তোমার পুত্রের সাথে কন্যা বিয়াও দিব।
চম্পক নগরে আমি কুটুম্ব করিব।।

৫৭) চাঁদ ঃ আজি হতে মোর হইলেন বিয়াই।
তোমার কন্যা বিয়াও দিবআমার লখাই।।
প্রথম বৈশাখ মাসে শুক্ল পক্ষ তিথি।
সপ্তমীর দিনে বিয়াও, ডাকি আনো জ্ঞাতি।।
আজিকার মত মুই ফিরিয়া যাং ঘর।
বিবাহ করিবে আসি বালা লক্ষিন্দর।।

(সকলের প্রস্থান)

(বাছো বানিয়ার বাড়ি- মেনকা ও বধুবেশে বেহুলার প্রবেশ)

(বিয়ার দৃশ্য, গান ইত্যাদি)

৫৮) মেনকা ঃ বেহুলা মাও, আয়, মোর বুকোত আয়।
বুকের ধন পরার হবু বুক যে ফাটি যায়।।
মুই মায়ে শিখাং বাচা মোর বুদ্ধি ধর।
অল্প বয়সে মাও তুই যাও পরার ঘর।।
পরভাতে মাও ছড়া দিবু সন্ধায় দিবু বাতি।
শ্বশুড় শ্বাশুড়ির পায়ে করিবু ভকতি।।

হ্যাট মুণ্ডে কথা কবু বানিয়া দুলালী।
পরার বাড়ি পরার ঘর দেখি শুনি চলেক।
আর মুই একেনা কথা বাতেয়া দেই শুনেক।।
দারু বাতেয়া দেং মাও দারুর জানং ভাও।
অন্যায় করিলে বালা না করিবু রাও।।
শনিবারে ভাঙ্গে মই তারো নাগে ডোর।
আলির কচুয়া লাগে বিষমার পাচ খোল।।
চিলার ভাসার কুটা লাগে, কাউয়ার ভাসার নরি।
সেই দারু মারিবার লাগে কুমারী ঝিয়ারী।।
শিলের উপর শিল থুইয়া দারু করবু জরতি।
সেই দারু মারিবার লাগে অমাবস্যার রাতি।।
মাও আরো একেনা কতা কং।
পদ্মার সতে সদাগরের বিবাদ।
তুই চুপ করি উয়ার পূজা করবু মাও।
(বরবেশে লখাইয়ের প্রবেশ- শ্বাশুরীকে প্রণাম)

৫৯) লক্ষিন্দর ঃ শ্বাশুড়ী মাও, মুই বিদায় নিয়া বাড়ি যাবার চাও। মোক হসি মনে বিদায় দাও।

৬০) মেনকা ঃ আজির মত থাক জামাই যাইবেন কালি।
বেহুলা চলিয়া গেইলে মোর বুক হইবে খালি।।

৬১) লক্ষিন্দর ঃ শ্বাশুড়ী মাও, পদ্মার সাথে বিবাদ করে বাপ।
সেইজন্য বান্দিছে লোহার বাসর।
সেই ঘরে রইলে মোর নাহি ডর।

(সকলের প্রস্থান)

(বাছো বানিয়ার প্রবেশ)

৬২) বাছো ঃ লখিন্দরের সতে বেহুলার বিয়া দিয়া মুই কি ভাল করলু? মাও বিষহরী, ছাওয়া দুইটাক ভাল করি আখিস মাও। যাই, ছাওয়া দুইটাক বিদায় দিয়া আসং। মেনকা............ কোন্টে গেইচেন।

অন্য দৃশ্য ঃ

গান (মেয়েরা)

৬৩) বর কইনায় বিয়াও হয় নাকের নোলক ঢুল খেলায়
বানিয়া দুলালী আই মোর শ্বশুর বাড়ি যায় রে।
(গাটিয়ার শব্দ, লেংয়ার দৌড়াদৌড়ি ইত্যাদি)

৬৪) বেহুলা ঃ প্রভু, জোর করি পানি।
এপার ওপার দেখা যায় এ কোন নদীখানি।।

৬৫) লক্ষিন্দর ঃ ওরে অবোধ প্রিয়া, শোন মোর বাণী
এইতো নদীর নাম হইল উজানী।
ওরে অবোধ প্রিয়া মোর,
এই নদীর ঐ পারে চম্পক নগর।
চম্পক নগরে আছে চম্পকবতী পুরী।
সেখানে থাকেন পিতা চান্দ অধিকারী।।

পঞ্চম দৃশ্য

বাসর ঘর

(বেহুলা ও লক্ষিন্দরের প্রবেশ)

৬৬) লক্ষিন্দর ঃ বানাইছে পিতা মোর এই বাসর ঘর
বেহুলা এখন মোর নাই কোন ডর।

৬৭) বেহুলা ঃ প্রভু, মন কেনে বা করে আংসাং
ভাল না নাগে রসের গান।
সুবন্ন প্রদীপ জোড়া মনে হয় সর্পে মোর,
যমদূত বেড়ায় তোমাক ঘিরিয়া।
৬৮) লক্ষিন্দর ঃ অবোধ প্রিয়া মোর, উলা কথা ছার।
বিধির বিধান নয় খণ্ডন যাবার।।
যা হইবে তা হইবে মোর কপালে যা লিখা।।
সত্যি যদি মৃত্যু থাকে আসে দিবে দেখা।।
কিন্তু মুই এইটা কবা পারং, এইটে মুই সর্পাঘাতে মরিম না।।
বিশ্বকর্মা গড়াইছে এই লোহার বাসর।
সুই ঢুকিবার মত ঘাটা নাই তার।।
পাহারা দিতেছে পিতা হেমতাল হাতে।
ধন্বন্তরী জাগিয়া আছে মহা ঔষধী হাতে।
মোর খুব ভোগ ধরিছে। মোক খাবার দেও।
৬৯) বেহুলা ঃ এইটে কোন্টে কি পাং?
৭০) লক্ষিন্দর ঃ প্রিয়া, পাতাল-পুরীতে আছে চাল-ডাল।
প্রদীপের তেল আছে আগুনে দে জ্বাল।।
খিচুরী রান্দেক প্রিয়া খাই প্রাণ ভরি।
তারপর দুই জনে রঙ্গ-রস করি।।
প্রিয়া, মুই খানিক শুতি রই। খাবার রান্দে মোক ডাকান।
(উভয়ের প্রস্থান)
(লেংয়া ও চাঁদ সদাগরের প্রবেশ- চাঁদের হাতে লাঠি)
৭১) লেংয়া ঃ সদাগর, তোমার আরু ভয়। চারিদিক পাহারা। বিশ্বকর্মা বাসর বান্দিচে।
বাতাস ঢুকির ভয় খায়। তবু আপনি হেমতাল হাতে পাহরা দেন।
৭২) চাঁদ ঃ সর্বনাশী কাণীরে লেংয়া, নাই দেয় দেখা,
তাহার দংশনে মৃত্যু কপালের লেখা।
সেই লেখা মুছি দিম মুই দর্পী চাঁদ,
পদ্মার সতে মোর তাই তো বিবাদ।
(নেপথ্যে পদ্মার হাসি)
৭৩) চাঁদ ঃ ক্যায় হাসে? কায়? আয় লাগাইম পিট্টানি।
(প্রস্থান)
(ভিতর হইতে লক্ষিন্দরের কাতরানি)
৭৪) লক্ষিন্দর ঃ উঃ পদ্মা, তোর আক্কেল নাই। রান্দা ভাত তুই খাবের দিলু না। বেহুলা, প্রিয়া কোন্টে গেলু তুই। মুই আর বাচং না।
কোথা প্রিয়া কোথা তুমি বিষে দংশাইল কাল ফণী
হায় প্রিয়া জীবন অশেষ।
শোন না শোন তুমি বিদায় হইনু আমি
জনমের মতো দেখা শেষ।
(মৃত্যু)
(খাবার থালা হাতে বেহুলার প্রবেশ)
৭৫) বেহুলা ঃ ওঠ, ওঠ প্রভু চম্পকের শুয়া
ওঠ প্রভু অন্ন খাও আসিয়া।
কেনে বা উত্তর নাই। যাই, যায়া দেখং কেমন নিন্দ যায়।

(ঘরে গিয়া)
প্রভু, প্রভু................. একি! মাও পদ্মা বাদ সাধিছে।
(কান্না)
হায়রে মোর পোড়া কপাল বিয়ার রাতি বিদুয়া হনু। মাও পদ্মা তোর আক্কেল নাই। মোক একি করলু। মুই সতী নারীর সতী কইনা। হাতে মোর অক্ষয় শাখা, কপালে মোর অক্ষয় সিন্দুর। দেখং তুই তাক কেমন করি মুছিস?

গান

স্বামীধন, ও স্বামী ধন.........
না দিল বিধি এ ঘর রাখিতে রে।
এই ছিল কপালে লেখা
স্বামীর সাথে মোর না হইল দেখা রে
বিয়ার রাইতত্ হনু স্বামী হারা।।
কালি পুছিবে শ্বাশুড়ি মাও
কি দিয়া পুছিব গাও রে।।
ছাড়িয়া গেইলেন মোক
একেলা মন্দির ঘর রে।।

(প্রস্থান)

(চাঁদ ও লেংয়ের পাহারাদান- সোনেকার প্রবেশ)

৭৬) সোনেকা ঃ তোমরা শোনেন না ঐ ম্যাণ্ডো ঘরত্ ক্যায় কান্দে? এইটে খাঁড়া হয়া কি করেন?

৭৭) চাঁদ ঃ আরে পাগলী,
ফুল্ল মনে গান করে পুত্র-পুত্রবধূ।
বাসর রাতি যাপন করে মনে ভরা মধু।।
সোনেকা, তুই মোর খ
সোনেকা, তুই মোর খালু কুল মান।
পুত্রের বাসর ঘরে দিস তুই কান।।
বেহুলা গলেয়া দিচে লোহার কলাই।
সেই কন্যা বিয়াও দিছং কোন শঙ্কা নাই।।

৭৮) সোনেকা ঃ থাকেন তোমরা বাসি। মোর মনত কয় কিবা হইচে। মুই যায়া দেখং আগৎ।

(ঘরে প্রবেশ)

(বেহুলার হাত ধরিয়া সোনেকার প্রবেশ)

৭৯) সোনেকা ঃ সদাগর কি দেখো চায়া
দেখ যায়া সোনার লখাই
কাল নাগিনীর বিষে বাঁচে নাই।
মোর সোন্নার বাছা, বাপ মাক ছাড়ি কেন্টে গেলু.........................

(প্রস্থান)

৮০) বেহুলা ঃ শ্বশুর বাপ, স্বামীক মোর না পোড়ান আনলে।
উমাক ভাসেয়া দেও সাগরের জলে।।
পতি নিয়া যাইম মুই নিজে স্বর্গপুর।
আনিম গিয়া প্রাণপতি আর ছয় ভাসুর।।

৮১) চাঁদ ঃ পদ্মা আজি নিলু মোর দুর্লভ লখাই,
মোর মুখত দিলু চুন কালি ছাই।
সিরজিনু লোহার বাসর লখাইর বাদে তবু তুই ভাঙ্গিলি ঘর।
ছয় পুত্র গেছে মোর ছয় খান পাঞ্জর।

চাঁদ সদাগর মুই শিবের নন্দন
তবু না করিম তোর চরণ বন্দন।
(বেহুলার প্রতি)
একে একে মারিল মোর সাত ব্যাটা।
ইহার অধিক দুঃখ কলা যদি যাবে কাটা।।
পাতের মনে পাত বেচাই খোলের মনে খোল
একো একো মুড়া বেচাইম ভাদার মাসের ওল।।
লাখাই মরিচে মোর দুর্লভ লাখাই।
সৎকার করিব ডাক জ্ঞাতি ভাই।।
(চাঁদের চরণে বেহুলা)

৮২) বেহুলা ঃ শ্বশুর বাপ, শ্বশুর বাপ, না পোড়েন আনলে।
মিনতি জানাং মোক ভাসান সাগরে।।
শ্বশুর বাপ, এই নেও হাতের কঙ্কণ।
পাঁচ ঝার কলার মূল করেন গ্রহণ।
আজ্ঞা দেও শ্বশুর বাপ, ভুড়া বান্দিবার।
আজ্ঞা দেও যাং মুই পতি জিয়াইবার।

৮৩) চাঁদ ঃ আন্দার ঘুট ঘুট বিজলী গগনে গরজে দেওয়া।
এ ঘর থাকি ও ঘরৎ যাস নাই ক্যামনে দিবু খেওয়া।
পথে আছে নানা বিপদ, আছে দুষ্ট লোক।
কোন প্রাণে আজ্ঞা দেং মা সাগরৎ যাইতে তোক।।

৮৪) বেহুলা ঃ শ্বশুর বাপ, কেনে মোক বাধা দিবার চান।
নিচ্চয় ফিরিয়া আনিম পতিধনের প্রাণ।।
অক্ষয় সিন্দুর ফোটা মোর এই কপালে।
পাচং অক্ষয় শাখা সাগরের জলে।।
মোক কায় বিধবা করে কেমন সে দেবতা।
স্বর্গপুরে যায়া মুই পুছিম সেই কতা।।
দর্পী শ্বশুরের মুই দর্পী বধু সতী।
দেবতার দর্প ভাঙি আনিম প্রাণের পতি।।

৮৫) চাঁদ ঃ যাও মা, যাও লক্ষ্মী, আশুর্বাদ করং।
মহাসতী হও মা, পতিক ফিরি পাও।।
যারে লেংয়া খবর দে মোর নৌতুন সাগাই।
বেহুলা ভাসিবে জলে লইয়া লখাই।।

ষষ্ঠ দৃশ্য
(নদী পথে বেহুলার গান)

৮৬) বেহুলা ঃ গান
ও হো রে পবন, আমি নারী
ভাসিনু সাগরের জলেরে ...
আর সাগরে যেমন কুটা ভাসে
সেও কুটা কিনারে চাপেরে...
কেহ যদি মোর আপন হইতো
মরা স্বামী মোর বাঁচেয়া দিত রে
(টাং উরা মাঝি ও সংকাই সদাগরের কথা )

৮৭) টাং উরাঃ সদাগর, এটা নিলম সাগর। এইটে ভুরাৎ চরি বেটি ছাওয়া ক্যায় আসিল?

ওটা দেও নোয়ায় তো!

৮৮) সংকাই ঃ মাঝি তোমরা নৌকাদিয়া ভুরাটা ঠেকান, মুই পুছ্ করোং।
ক্যায়, তুমি সুন্দর কইন্যা কেন ভাসো জলে?
নিলক্ষ সাগরে তুমি মরা কেন কোলে?
পরিচয় দেও মোক কিবা
পরিচয় দেও মোক কিবা তব নাম?
কোন কুলে জন্ম আর কোন দেশে ধাম?
(গান)

৮৯) বেহুলা ঃ দুরে রাখ সাধু নৌকার মেলা
টলমল করে মোর কলার ভেলা
স্বামী মোর পরিবেন জলে রে।।
উজানী নগরে ঘর বাপ বাছো সদাগর
মার নাম মেনকা কয় সকলে
ছিল মোর এক ভাই নাম তার সংকাই
বার বছর হইল দেশান্তরী রে।।
মানী চাঁদ সদাগর তার পুত্র লক্ষিন্দর
তার সতে বিবাহ যে করি।
স্বামী মোর বিয়ার রাইতে মরে হায় সর্পাঘাতে
স্বামীকে নিয়া ভাসিনু সাগরে রে।।
পতির জীবন লাগি বর আমি নিব মাগি
শিব কাছে দেবতা-নগরে রে।।

৯০) সংকাই ঃ বেহুলা ভাগিনী মোর আমি যে সংকাই।
বাণিজ্য করিয়া আজ দেশে ফিরি যাই।।
চল বোন মোর সতে চল ফিরি ঘর।
মানুষ কি যাইতে পারে দেবতা নগর।।
মৃত কি বাঁচিতে পারে ভবে পুনরায়।
পাগলামী ছাড় বোন ঘরে ফিরি আয়।।
লখাইর বদনে দিব রাজার নন্দন।
শাংখার বদনে দিব সোনাই কংকণ।।
মূল্যবান বস্ত্র দিব অগুরু সম্ভার।
গলায় পেন্দিয়া দিব চারু চন্দ্রহার।।

৯১) বেহুলা ঃ না কইস না কইস দাদা ও কথা না কইস।
সত্যি যদি তুই মোর সহোদর হইস।।
নিশ্চয় জানিস দাদা জিয়াইম মোর পতি।
সতী মায়ের কইনা মুই হই মহাসতী।।
অবিধরা বেহুলাক যায় আড়ি করে।
তাহার বিচার চাইম দেবতা নগরে।।

৯২) সংকাই ঃ মাঝি, ছাড়িয়া দেও নৌকার মেলা।
চালিয়া যাক মোর বোনের ভেলা।।
দেশে গিয়া না বল এ কথা।
শুনিলে জননী মাও কাটারিতে দিবে গাও
বাপ মোর আছারিবে মাথা।।
(প্রস্থান)

(গান)

৯৩) বেহুলা ঃ অরণ পোড়া যায় রে উড়িয়া পরে ছাই
আজিকার নিদানের দিনে দরদী কাহ নাই।

(প্রস্থান)

৯৪) গোদা ঃ থুঃ-থুঃ ধরিস মাও আই সাগরের বরোটা।

৯৫) গোদানী ঃ আরে গোদা, শালদুরারে- শাল দুরা।

৯৬) গোদা ঃ কি কইস সাইতের সময়। একে চড়ে দাঁত ভাঙি দিম।

৯৭) গোদনী ঃ আরে গোদা, না হয় না হয়, তুই বুঝলু না- বড় শাল, বড় শাল।

৯৮) গোদা ঃ আরে গোদানী, দেখতো ওটা কি সরসর আসি ধচ্চে।

৯৯) গোদানী ঃ আরে, মুই কং কং করি কনু না। ওইটা কিরে? আরে ওটা না বত্তা-মরারে।

১০০) গোদা ঃ বত্তা-মরা কিরে? ভাল করি ক।

১০১) গোদনী ঃ ঐ তোর দোষ।মুই কনু একাটা বত্তা, একটা মরা। বত্তা-মরা হইল না? আরে পরমা সুন্দরী কইন্যা?

১০২) গোদা ঃ দেখং দেখং। তুই লখাই আর বরশি ধরি বাড়ি যা। মুই খানেক দেখি আইসং। মোর আশা ছাড়।

১০৩) গোদনী ঃ আসা ছাড়ি দিম? আরে গোদা, যাইস না। ওটা একটা প্যাত্তানি। পালয়ো আয়।

১০৪) গোদা ঃ মোর সতত্ চাউটালি করলু তুই?

১০৫) গোদানী ঃ না রে গোদা, দেখিস না একটা মানষি মরিয়া খাইচে। পালেয়া আয়। তোক ধরিবে।

১০৬) গোদা ঃ মুই আর বাচিম নারে। তোর বান্দা ভাত আর খাইম নারে। আমার পিলাটা ঝাপির ঝইচে।

১০৭) গোদানী ঃ এত্তি আয়। মাথাত্ ছ্যাপ দেং। কানি নগুলটা কামরে দেং। আঁচলের একনা বাও দেং।

(বেহুলার প্রবেশ)

১০৮) গেদনী ঃ মাও, তোমরা কায় হন? তোমরা কি মশানের প্যাত্যানী দেও? মরাটা কেন্টে মারিলেন? কি কি পূজা লাগে কন। হামরা পুজা দিম। মোক স্বামীক না ধরেন, মাও।

১০৯) বেহুলা ঃ মাও, মুই বেহুলা সতী। শ্বশুর চাঁদ সদাগরের সতে মা মনসার বিবাদ। পদ্মার কোপে মোর পতি মরিচে। মুই মরা স্বামীক ধরি স্বর্গে মহাদেবের কাছে যাং। মোর স্বামীক জিয়াইবার আশে।

১১০) গোদানী ঃ ও, তুই শিবপুর যাবু। তোর ভয় নাই। তুই আসি গেইচিস। এলা বাবা তো শিবপুরত থাকে না। বানাসুর ওয়াক বানেশ্বরত্ বসাইচে। আইটালী কুরাও দীঘি আছে। ঐ দীঘি থাকি বংতি নদী বিরাইচে । ঐ নদীত গাও ধুইয়া বাবারটে বর চাবু। যা চাবু তাই পাবু। ঐ দেখ বংতি নদী।

১১১) বেহুলা ঃ তোমরা মোর সাত জনমের মাও ছিলেন। তোমার ঋণ শোধ করিব মাও।

(প্রস্থান)

১১২) গোদা ঃ কিরে গোদনী, আর তো ইদি আসিবে না?

১১৩) গোদানী ঃ দিচং আদাং বাদাং কয়া বানেশ্বর বুলি চালেয়া। আজি বাড়ি চলেক। এদি আর আসবু না রে গোদা।

# ভাওয়াইয়া গান

১. ওকি গাড়িয়াল ভাই
কত রব আমি পন্থের দিকে চায়া রে।
যে দিন গাড়িয়াল উজান যায়
নারীর মন মোর চায়া রয় রে
ও কি গাড়িয়াল ভাই
হাকাও গাড়ি তুই চিলমারির বন্দরে
আর কি কব দুক্ষের জ্বালা
গাড়িয়াল ভাই গাথিয়াছি চিকন মালা রে
ও কি গাড়িয়াল ভাই

২. বাও কুমটা বাতাস যেমন ঘুরিয়া ঘুরিয়া মরে
(ওরে) ঐমত গাড়ির চাকা-পন্থে পন্থে ঘুরে রে
ওকি গাড়িয়াল মুই চল রাজো পন্থেরে ।
বিয়ানে উঠিয়া গরুর গাড়িত দিয়া জুড়ি
ওরে সোনা মালার বাদে চান্দর দ্যাশে ঘুরি
গাড়ির চাকা ঘোরে আরো মধ্যে করে আও
দ্যাশ বিদেশে বেড়াও রে মোর সোনার বাদেরে
ওকি গাড়িয়াল মুই চল রাজো পন্থরে।

৩. ওকি ও মোর গাড়িয়াল ফিরিয়ারে আইসো
গাড়ি ধরি গেইলেন গাড়িয়াল চিলমারির বন্দরে
পন্থের দিকে আছো চায়া
ওকি ও মোর গাড়িয়াল ফিরিয়ারে আইসো
কিবা কইছোও কিবা নাই কঙ
তাতে হইলেন গোসা
ভাঙ্গিলেন মোর সোনার সংসার
ভাঙ্গিলেন মোর সুখের বাসা রে।

৪. ওকি গাড়িয়াল ভাই
ওরে আস্তে বোলান গাড়িয়াল ও ধীরে বোলান গাড়ি
ওরে এক নজর দেখিয়া নেও মুই দয়াল বাপের বাড়ি।
মাও কান্দে ওই দুয়োর ধরি
বাপো কান্দে ওরে আছারি পিছারি
ওরে আস্তে বোলান গাড়িয়াল ও ধীরে বোলান গাড়ি

৫. ও মোর দান্তাল হাতির মাহুত রে যেদিন মাহুত শিকারে যায়
নারীর মন মোর ঝুড়িয়া রয় রে, ও মোর দান্তাল হাতির মাহুত রে।
আকাশেতে নাই রে চন্দ্র কি করিবে তারা,
যেবা নারীর পুরুষ নাইরে ও তার দিনে অন্ধিহারা
পুকুরিতে নাই রে পানি নৌকা ক্যামনে চলে,
যেবা নারীর পুরুষ নাইরে ও তার রূপে কি কাম করে।
ও মোর মাখনা হাতির মাহুত রে, যেদিন মাহুত আসাম যায়
নারীর মন মোর ঝুড়িয়া রয় রে, ও মোর টুই হাতির মাহুত রে
যে দিন মাহুত জঙ্গলে যায়, নারীর মন মোর কান্দিয়া রয় রে।

৬. আরে ও মোর জঙালিয়া হাতিরে মিনতি করুরে তোরে,
এ অভাগিনীটাক আড়ি না করিস এ ভব সংসারে।
ও হাতি রে মোর সোয়ামী কাঞ্চা সোনা,
তোর পিঠিত চড়িবার জানে না
হাতি তোর পায়ে মিনতি করি কহিচুরে তবে,
মোর সোয়ামীটাক আখিস রে হাতি আদরে যতনে,
হাতিরে মস্ত বড় দেহটা তোর সয় না মশার কামড়,
ছটপটিয়া না নিগাইস মোর সোয়ামীটাক।

৭. ঐ গদা ধরের পাড়ে পাড়ে রে ও মোর মাহুতে চরায় হাতি
কি মায়া নাগাইলেন মাহুত রে ও তোর গলায় অসের কাঠি।
ওরে উচা করি বান্দেন ছাপোররে মুঞি আসতে যাইতে দেখিম
ওরে উচা করি বান্দেন মাচা রে মুঞি জল ভরিতে দেখিম ।
দুদো খোয়াইলেন দইও খোয়াইলেন রে মাউত,
না খোয়াইলেন মাটা
এই বার হাতে ছুটি গেইল কি তোর
আসা যাওয়ার ঘাটা।

৮. খাটো খুটো মাহুত রে তোর
গালে চাপো দাড়ি
সইত্য করিয়া কনরে
মাহুত কোনবা দ্যাশে বাড়ি রে।
হস্তীক নড়াং হস্তিক চড়ান হস্তীর পায়ে বেড়ি
সইত্য করিয়া কইলাম কইন্যা গৌরীপুরে বাড়িরে।
হস্তীক নড়াং হস্তিক চড়ান হস্তীর পায়ে বেড়ি
সইত্য করিয়া কনরে মাহুত ঘরে কয়ঝনা নারীরে
হস্তীক নড়াং হস্তীক চড়ান হস্তীর গলায় দড়ি

সইত্য করিয়া কইলাম কইন্যা বিয়াও না করিরে।

৯. আরে তোমরা গেইলে কি মোর মাহুত বন্ধুরে।
হস্তীরে নড়ান হস্তিরে চরান হস্তির গালায় দড়ি
(ওরে) সইত্যে করিয়া কন্‌রে মাহুত কোনবা দ্যাশে বাড়ি রে।
হস্তিরে নড়াও হস্তিরে চড়াও হস্তির পায়ে বেড়ি
ওরে সইত্য করিয়া কইলাম কইন্যা কুচবিহারে বাড়ি রে।।
হস্তীরে নড়ান হস্তিরে চরান হস্তির গালায় দড়ি
ওরে সইত্য করিয়া কন্‌রে মাহুত ঘরে, ঘরে কয়ঝনা নরীরে।।
হস্তিরে নড়াও হস্তিরে চড়াও চম্পা নদীর পাড়ে
ওরে সইত্যে করিয়া কইলাম কইন্যা বিয়াও না করিরে।।

১০. আকাড়ি চাউলের ভাত মইশাল রে
মইশাল বাথানৎ থাকিস
মোর জ্বলে বুক মইশাল রে।
বাইষ্যার ছয় মাস গেইচে মইশাল রে
মইষার মইষের বাথানে
খারার ছয় মাস থাকিয়া যান
ঘরত্ আসিয়া মইশাল রে।

১১. পদকর্তা - বুক্ক পানিত নামি কইন্যা বুক্ক মাঞ্জন করে
কোন ঠেকার বৈদেশি মইষাল দোতরাত ঠোকোর মারে।
মইষাল - জল ভর সুন্দরী কইন্যা কাছাড়ত নাগে ঢেউ
একেলায় আইসাছেন ঘাটে সঙ্গী নাই কি কেউ
কন্যা - একেলায় পাঠাইছে বিধি একেলা ঘরে থাকি
এ ভরা যৌবনের ভার একেলায় ধরি রাখি।
মইষাল - কেমন তোমার বাপ মাও কইন্যা কেমন তোমার হিয়া
একেলায় আইসাছেন ঘাটে বুক্কে পাষাণ দিয়া।
কন্যা - ভালে হামার বাপ মাও মইষাল ভালে আমার হিয়া
একেলায় আইসাছি ঘাটে বুক্কে শ্রীফল নিয়া।
মইষাল - বাপ ভাই ছাড়িয়া কইন্যা জঙ্গলে বোনে ঘুরি
ওই শ্রীফলের নাগ্য পাইলে ছাড়ি মইষাল গিরি।
কন্যা - কাঁটার গছৎ ছিরফল মইষাল তাতে ভেংরুলের হাড়ি
কেমন করি ঐনা ছিরফল খাইবেন তোমরা পাড়ি।
মইষাল - নল খাগড়া কাঁটা বাড়িত অসের ব্যাপার করি
তোমরা যদি সহায় থাকেন ছিরফল খাব পাড়ি।

১২. বুক্কের উপর কি গো মামী বুক্কের উপর কি ?
তোমার মামা কইরবে খেলা নাটিম কুন্দেছি।
ভাগিনা গাই ছেকিয়া দে, নাবির কাছৎ
কি গো মামী নাবির কাছৎ কি?
তোমার মামা কইরবে খেলা ডিগি দিয়াছি।
তোমার ডিগিত কতয় পানি মামী নামিয়া দেকি।
আমার ডিগিত ভাগিনা কিসোত নামিবার চাও
চৈত বৈশাখ মাসে ভাগিনা চউড়ে (লগি) না পায় থাও।
আশ পড়শির গাই ছেকিতে মামী নিছোং আনা আনা
তোমার গাই দেওয়াইতে মামী খসাইম কানের সোনা
আমার বাড়িত যান ভাগিনা বইসবার দিব পিড়া
জল পান খাইতে দিবো শালি ধানের চিরা।

১৩. বাড়ি যান ও মোর প্রাণের মইষালরে
ও মইষাল বসতে দিব পিড়া, জলপান করিয়া দিব
ও মইষাল সরু ধানের চিড়া, সরু ধানের চিরা ও হো রে
ও মইষাল বন্নী ধানের খই, ঘরে আছে চাম্পা কলা রে মইষাল
মইষাল গামছা বান্ধা দই, একে গছের গুয়া মোর প্রাণের মইষালরে
মইষাল একে গছের পান, কি দিয়া খোয়াইলেন গুয়া রে
ও মইষাল ঘরে না রয় মন।

১৪. কোন বা দ্যাশে যান রে মইষাল বন্ধু, মইষের পাল নিয়া
ওরে আইজ কেনে বা দ্যাখোঙ মইষাল মইষের বাথান ধুয়ারে
কোন বা দ্যাশে যান মইষাল বন্ধুয়া।
এ্যাতো দিন আছিলেন মইষাল মইষ চড়াছেন মাঠে
মুইও নারী আলে ছালে আইছং নদীর ঘাটেরে ।
কোন বা দ্যাশে যান মইষাল বন্ধু রে।

১৫.. (ওরে) নদীর পারে কুরুয়ারে[১] মোর
জামের গাছের সুয়া[২]
(আজি) কেনে কান্দেন অমন করি
চোক্ষের জল ফ্যালেয়ারে
কোড়ারে[৩] মুইও কান্দং চিটুল-বিদুয়া[৪] হয়া।।
(ওরে) ঢাল্ -কাউয়াটার[৫] কান্দন্ শুনি
মনের আগুন জ্বলে
পতি যে মোর গেইচে মরি
আদর নাই মোর ঘরে রে

কোড়ারে মুইও কান্দং চিটুল বিদুয়া হয়া।।
(ওরে) জলে কান্দে জল কোড়ারে
কুড়ির লাগিয়া
মুই অবাগীঁ কান্দং বসি
পতিকে হারেয়া রে
কোড়ারে মুইও কান্দং
চিটুল বিদুয়া হয়া।

# রাজবংশী লোকসংস্কৃতি কোষ

## ১ম খণ্ড (লোকসাহিত্য)

**Field Work on Folklore of Rajbangshi Society in Cooch Behar District(W.B.), Collection and Publication
ICH Scheme, Sangeet Natak Akademy
Ministry of Culture, Govt. of India, New Delhi**

সংগ্রহ, সংকলন ও সম্পাদনা

**পরিমল বর্মণ**

উপ্‌জনভুই পাব্‌লিশাসফ্ট

মাথাভাঙ্গা   কুচবিহার

Rajbangshi Loksanskriti Kosh, Vol:1(Loksahitya) [Encyclopeadeya of Rajbangshi Folk-Culture]; Collection and Publication By Parimal Barman
And
**A Project for Field Work on Folklore of Rajbangshi Society in Cooch Behar District(W.B.), Collection and Publication
ICH Scheme, Sangeet Natak Akademy
Ministry of Culture, Govt. of India, New Delhi**

Published by Upjanbhui Publisher, Mathabhanga ,
Cooch Behar , W.B., March 2016
**ISBN 978-93-85823-06-0**

প্রথম প্রকাশ  ৩১মার্চ ২০১৬

**স্বত্বঞ্জ** পরিমল বর্মণ

**প্রকাশকঞ্জ** পরিমল বমক্টা, উপ্‌জনভুই পাব্‌লিশাসফ্ট, মাথাভাঙ্গা,  কুচবিহার
০৩৫৮৩-২৫৫১৭৭/ ৯৫৬৩৪১৭৮৯৮
Email-upjbhui@gmail.com

**প্রচ্ছদঞ্জ** অজিত কুমার বর্মা

**মুদ্রণঞ্জ অশোককুমার রায়
বিভূতি প্রিন্টিং ত্তয়াক্স্টস্
৩১/১/এ নবীনচাঁদ বড়াল লেন, কোল-১২**

**ISBN 978-93-85823-06-0**

মূল্যঞ্জ ৫০০.০০ টাকা

# উৎসর্গ

**অধ্যাপক নিখিলশে রায়- এর শ্রীচরণেষু**

# সূচিপত্র

১. মদনকাম ঠাকুরের গান ৫
২. ধাঁধা (RIDDLE) ৭৮
৩. লোককথা (Folktale) ১১৫
৪. প্রবাদ-প্রবচন ১৫৭
৫. দোতরা পালা (FOLK-DRAMA) ১৯১
৬. কুশান (FOLK-DRAMA) ২২৩
৭. বিষহারা বা সতী বেহুলা পালা ২৪৭
8. ভাওয়াইয়া গান ২৬৬
৯. রাজবংশী সমাজের বিবাহগীতি ২৮১
১০. ছড়া (RHYME) ৩০৩
১১. চোর-চুন্নি পালা ৩০৬

# ১. মদনকাম ঠাকুরের গান

## (SONG OF MADAN KAM)

জয় জয় জয় বন্দোং রাম জয় জয় জয় বন্দোং রাম।

জয় জয় জয় বন্দোং জয় জয় বন্দোং জয় সে অরূল।।
প্রথম গঙ্গাক প্রণাম করং পদ হয়া যাক সুদ।
প্রথম গঙ্গারক প্রণাম করং পদ হয়া যাক সুদ।।
প্রথম গঙ্গাক প্রণাম করং নরগনপতি।
পূবেরে অরূলা বন্দং লক্ষ্মী সরস্বতী।।
রাম বন্দং হরি বন্দং মুকুন্দ মুরারী।
মদনকামের জন্ম কথা বল হরি হরি।।
উবজিল ঠাকুর মদনকাম বল হরি হরি।
উবজিল ঠাকুর মদনকাম হৈল সুদ্ধি ফুল।
গৌর যুগে যে চন্দ্র যুগ চন্দ্র যুগে চুল।।
পাচেরে পাচ্‌রা মদনের গায়ে সে আবরণ।
মাতায় হারিয়ার চর কোচা পরিধান।
উপত সুন্দর তনু মদনমোহন।
বারো মাস বারো দেবে নিলে তো বাটিয়া।
চৈত মাস নিলে কেবল আকাইলা বলিয়া।।
মুই সেনে মদনমোহন এ নাম পারাইম।
সতীকালি বুড়াগুলাক তিন ঝাপ ঝাপাইম।।
মদনকামে বলে বেটা মালা গিরিবর।
দেশত নাই মোর বাঁশের পূজা বাঁশের পূজা কর।।
কথা শুনিয়া মালা গিরিবর না থাকিল রইয়া।
কান্দে বাইশ কুড়াল নিয়া চলিল হাঁটিয়া।।
উত্তর আড়াতে যায়া বাড়েয়া দিল পাও।





কখয়া বাঁশের গোড়ে দিয়া বোল হেওঁ।।
কখয়া বাঁশে উঠিয়া চেচঁয়া করে আও।
মুত্রি( না হইম তোর পূজার বাঁশ না কাটিস মোক।।
কথা শুনিয়া মালা গিরিবর না থাকিল রয়া।
পশ্চিমের আড়া নাগি শিগগির গেল ধায়া।।
বেড়ু বাঁশের গোড়ে দিয়া বোল হেও।।
বেড়ু বাঁশে উঠিয়া চেচেঁয়া করে আও।
মুত্রি( না হইম তোর পূজার বাঁশ না কাটিস মোক।।
কথা শুনিয়া মালা গিরিবর না থাকিল রয়া।
দ( ণের আড়া লাগি শিগগির গেল ধায়া।।
মাকলা বাঁশের আড়ায় বাড়েয়া দিল পাও।
মাকলা বাঁশে উঠেয়া চেচেঁয়া করে আও।।
মুই হইম তোর অঙ্গের চাইলন মোকে কাইট্যা জেও।।
গোরত চোটাইল বাঁশের আগাল ঢুলিল।
হরি হরি বলি বাঁশ ভূমিত পড়িল।।
গোরখানি ফেলাইল বাঁশের গু(য়া বলিয়া।
আগালখানি ফেলাইল বাঁশের আগাইল্যা বলিয়া।।
মধ্যখনি ফেলাইল বাঁশের ডোমের ঘরের ভিতি।
ডোমের ঘর গরেয়া দিলে অঙ্গের চাইলন বাতি।।
মদনকামে বলে বেটা মালা গিরিবর।
দেশত নাই মোর বাঁশের পূজা বাঁশের পূজা কর।।
কথা শুনিয়া মালা গিরিবর না থাকিল রয়া।
কান্ধে বাইশ কুড়াল লয়া চলিল হাটিয়া ।।
পূবের আড়াতে যায়া বাড়েয়া দিল পাও।
বড় বাঁশের গোড়ে দিয়া বোল হেওঁ।।
বড় বাঁশে উঠিয়া চেচিঁয়া করে আও।
বাঁস কাটবিার আচচিস বেটা গায়ে করিয়া বল।।
এক ঝিকে নটকে আকিম বেলা আড়াই পড়।
গাঁজা লোকা ত(নে বাঁশ চিনিয়া কাটিস গোড়।।

গাওত নীলবরণ পূবে ঘরে শিখর।
সেই বাঁশ কাটিস বেটা মালা গিরবির।।
গোড়ত চোটাইল বাঁশের আগাল ঢুলিল।
হরি হরি বলি বাঁশ ভূমিত পড়িল।।
গোরখানি ফেলাইল বাঁশের গু(য়া বলিয়া।
আগালখানি ফেলাইল বাঁশের আগাইল্যা বলিয়া।।
কেহ নিল বাঁশ ঘাড়ে কেহ গান গায়।
হরি হরি বলি বাঁশ বাড়ী লইয়া যায়।
বরি ঝালায় বাঁশ কলইলে শুকিয়া।
বর্ম্মা ঝালায় বাঁশক লইলে সেকিয়া।।
যোগনের কাটাইর দিয়া নীল ফেলায় চেচিয়া।
চেচিয়া ছিলিয়া বাঁশের করিয়া খেড়ু।।
কেহ নিল বাঁশ ঘাড়ে কেহ গান গায়।
হরি হরি বলি বাঁশ গঙ্গায় লইয়া যায়।।
গঙ্গা জলে গাভীর দুধে বাঁশক নিলে ধুইয়া।
গন্ধ তেল দিয়া বাঁশের সতিবার নেয় লেয়া।।
বাঁশের মস্তকে বাঁন্ধে হারিয়ার চর।
বাঁশেরে গায়ে দিল এ ধল বস্তুর।।
আম ডালিয়া গুয়া দেয় মিশি এক জোর।
তিন পাকে তিন গজ নাগাইল ডোর।।
বান্ধিয়া ধরিয়া বাঁশ করিল সারা।
হরি হরি বলিয়া বাঁশ করিল খাড়া।
মদনকামে বলে বেটা মালা গিরিবর।
চার কোণে ঘুরিয়া আনিয়া বাঁশের পূজা কর।।
কথা শুনিয়া বালা গিরিবর না থাকিল রয়া।
উত্তর নাগি শিগগির গেল ধায়া।।
উত্তর শহরে গিয়া বাঁশের করিল থানা।
উত্তর শহরে ভর যুবতি বাঁশক করিল মানা।।
উত্তর শহরে লোকজন বলে হরি হরি।



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

আলো চাউল গাভীর দুধে বাঁশের পূজা করি।।
এই বাঁশ পূজিলে কিবা ফল হয়?
এই বাঁশ পূজিলে ধনে পুত্রে হয়।।
মদনকামে বলে বেটা মালা মালা গিরিবর।
চার কন ঘুরিয়া আনিয়া বাঁশের পূজা কর।।
কথা শুনিয়া মালা গিরিবর না থাকিল রয়া।
পূব শহরে নাগি শীঘ্র গেল ধায়া।।
পূব শহরে গিয়া বাঁশের করিল থানা।
পূব শহরে ভর যুবতী বাঁশক করিল মানা।।
এই বাঁশ পূজিলে কিবা হয় ফল?
এই বাঁশ পূজিলে ধনে পুত্র হয়।
এইভাবে চারিকণ আসিলে খেলেয়া।
চৌঘাটের মধ্যে এখন বাঁশক করিল খাড়া।
ভাল ভাল আসিয়া গেল যুবতী যাইতে বাধা।।
ধাপনি বান্ধিয়া কাঙ্ কাস্তে করিল ধার।
দেড় গজ বান্ধি কঙ্ বাঁশ বন্ধিবার।।
চতুর পাকে দুই জোগাড় পঞ্চারই বাতি।
বামনেকে ডাকে আনি বাঁশের যজ্ঞ করি।।
নাল কাপড় নাল ঘোরা সোপনের ঝোড়া।
বন্ধনের ঝোড়া দিয়া মারিল আঁচলা।।
এত শ দেবতা বান্ধি বাইতে যে দেব এড়ায়।
দোয়াদশ প্রণাম করং সেই না দেবের পায়।।
পূর্ব পশ্চিম উত্তর দ( ণ চার কোন বান্ধং মাতে।
এদেশে ছিল না ভাং ছিল কামুদেশ।।
গো ধেনু চরাইতে ভাং আনিল গোরখনাত।
বিচি আনিলে ঝোলাতে করি ডাল আনলে মাতে।।
সেই ভাঙ্গের বিচি বইলে সর্ব ( তে।।
বিনি চাষে বিনি মইয়ে এ মেঘবরণ।
পাইলা কার্ত্তিক মাস ভাঙ্গের জরম।।

গো ধেনু চরাইতে ভাং আনিল গোরখনাত।
চিরল চিরল পাত ভাঙ্গে র সরিসার মত ফুল।
সেইলতে আছে ভাঙ্গের আগাল হৈতে সুর।।
চৈতমাস আসিয়া পৈল ভাং হৈল জটিয়া।
ভাং কাটিতে  মদনকামে খৈরূপ করিল সারা।।
ভাল ভাল আসিয়া সাজে ভাং কাটাং বুলিয়া।
কেহ নিলে কাচি দাও কেহ নিলে বাঁকুয়া।।
গোরত দাও দিয়া ভাঙ্গের আনিল কাটিয়া।
রবিকেরো আলায় ভাং নিলত শুকিয়া।।
খোলার বুকত দিয়া ভাঙ্গক করিলে ভাজা ভুজা।
ঢেকির বুকত ফেলেয়া ভাঙ্গের গুড়া।।
বাইসখানি ঢেকি পড়ে তেইসখানি কুলা।
জনে জনে টেকিয়া নিলে জটিয়া ভাঙ্গের গুড়া।।
উত্তর হইতে আইল মাইয়া হাতে পিতলের খাড়ু।
তাইসে বানাইতে পারে মদনকামের না( ।।
আলো চাউলে আটা আরো গাভীর দুধ।
তাতে নিমাই ঢালিয়া দিলে চিনি সাগর গুড়।।
না( সাজে নিয়া গেল মদনকামের আগে।
সেই না না(র সহিত আইল মদনকামের খেড়ু।।
প্রথমে খাইল ভাং আনন্দ ধরম।
ধরম খাইলে করম খাইলে খাইলে বসুমতি।।
তার সাথে খাইলে ভাং লক্ষ্মী সরস্বতী।।
দেবীর পুত্র খাইলে ভাং কার্তিক আর গনেশ।
কালীর বেটী খাইলে ভাং ডাকনী যুগিনী।।
জাকার পুত্র খাইলে ভাং ছয় কুড়ি মাসান।
ঠেঙায় নাটি খাইলে ভাং ছয় কুড়ি মাসান।।
সায়রারূপে খায়রে ভাং বুড়ী ঠাকুরাণী।।
মাওসুবচনী খায়রে ভাং খাড়াতে করি থির।
দেওয়ানে দরবারে গেলে সকলে করি থির।।





ঘরের বাইস্থ খায়রে ভাং আনে থানসিড়ি।
তার পাছে খাইলে ভাং আইজ্যের তুলসী।।
কালা কালা গাছ তুলসী চক্রো ধরে পাত।
ঘরে জলে তুষ্ঠ হয় ঠাকুর জগরনাথ।।
মদনকামে খাইলে ভাং খে( নইয়া সাথে।
সাতালি পর্বতখানি ভাঙ্গিয়া নইলে মাতে।।
দেও দেবতা খায়রে ভাং হইল অবশেষ।
খুড়িয়া নামিল ভাং নদীনালার দেশ।।
ধল্যা নদী খায়রে ভাং হইল অবশেষ।
বর্ম পুত্র খায়রে ভাং ধল খাকড়া বয়।।
বর্মপুত্র খায়রে ভাং নদীর মহাশয়।।
আঠার নদীর ঝরা তার সে তলে বয়।
ডরা ডবা খায়রে ভাং শুকিয়া যাবার চায়।।
নদীনালা খায়া ভাং হইল অবশেষ।
খুড়িয়া নামিল ভাং মনুষ্যের দেশ।।
কামার সকল খায়রে ভাং লোহা মারি বাড়ি।
কুমার সকল খায়রে ভাং বসিয়া গড়ায় হাড়ি।।
সূতার সকল খায়রে ভাং দুই কণ্ঠে মারে জোড়া।
বাইশ পিছিলিয়া ঠ্যাং কাটা গেল সূতার হৈল খোড়া।।
জোলা সকল খায়রে ভাং খালত পারে ডুব।
খনকে দেখে হাতি ঘোড়া খনকে দেখে উঠ।।
তাতি সকল খায়রে ভাং তাতত মারে বারি।
ননীচোরা বলি মাইয়া দিল গালি।।
নইয়া সকল খায়রে ভাং নাওতে পারে নিন।
ভাং ধুইতে পুটকী উদাও চোরে দিল শিং।।
বয় ব(য়া খায় ভাং গুয়াত কোনা কোনা।
ভাঙের প্রতাপে শরীর কাঞ্চাসোনা।।
রাজা জমিদার খায়রে ভাং বসিয়া হুমুক দেয়।
পাইপ সিপাহী খায়রে ভাং অন্যমুখে ধায়।।

ঢাল তরোয়াল তোপোত গুলি সঙ্গে করি লয়।।
চেঙরাগুলা খায়রে ভাং গালায় আসের বাটি।
বুড়া সব খায়রে ভাং হাতে নৈয়া নাটি।।
ছাওয়া সব খায়রে ভাং বিছিনা ভরে মোতে।
ভরযুবতী খায়রে ভাং গালা ধরিয়া শোতে।।
চাষা সব খায়রে ভাং মরিবার চায়।
খের বাড়ীৎ পড়িয়া চাষা গাড়োয়া ডোডায়।
রাম বল হরি বল মুকুন্দ মুরারী।
মদনকমের গান সাঙ্গ হইল বল হরি হরি।।
হরি হরি বোল। হরি বোল।

(২)

ও মোর আবোগে মোর বিয়ার
হাউসের দিন মোর যাছে গে বয়া।
ছাগল চরাইতে হোলেক ডেরী ভারের বন্ধু মোর যাচ্ছে ছাড়ি
কার সঙ্গে আলাপ করি।
একঝন না হয় দুইঝন না হয় তিনঝন আসিলেক ভাবের বন্ধু
মনের আশ কাহ না মিটায়।।

মদন কাম ঠাকুরের গান
মালাগিরি পরিবারের পাচালী

ক) মদনকামের জন্মকথা ঃ

রাম বলো হরি বলো মুকুন্দ মুরারী।
মদন কামের জন্ম হৈল বলো হরি হরি।।
হরির পুত্র মদন কাম রক্কিনী তার মাও।
চৈতের শুকল্া ত্রেয়োদশীতে জন্মিলেক সেই ছাও।।
তিন দিনেতে নাউ-আ আসিয়া এ্যাক্-কামান দিল।





ছয় দিনের পর সপ্তম দিনে দো-কামান পড়িল।।
মুনিঋষি এই ছাওয়ার রাখিলেক কত নাম।
হাততে জাব পাকেয়া দিকেল জ্যাটো বলরাম।।
আঈ-মাও রক্কিনী বড় ফম্ পাসেরা নারী।
এ্যাকদিন কোটেবা ব্যাড়ের গেইচে ছাওয়াটাক ঘরত
ছাড়ি।।
সম্বারাসূর দৈত্য আসি হরিলেক সেই ছাও।
নি( প করিলেক সমুদ্রের অথাও।।
বোয়াইল মাছে সেই ছাওয়াটাক নিলেক প্যাটত
পুরী।
চৌপড়ী শিব ধীরব সাজিল সেই বোয়াইলক
ধরির।।
জালোতে ফান্দেয়া ধীবর বোয়াইল মাছ ধরিল।
শিব-ধীবরের কাছ থেকে তাক্ সম্বরাসূরে কিনি
নিল।।
কামের স্ত্রী রতিদেবী মায়াবতী রূপ ধরি।
সম্বাসুরের বউয়ের হৈচে আন্দুনী পড়-ঘরী।।
বোয়াইল মাছক পায়া মায়াবতী সেইনা প্যাট
চিড়িল।
মাছের প্যাটত মানুষের বাচ্চা কোঁয়া কোঁয়া
করিল।।
নিপুত্রক সম্বরাসূর পালন করে সেই সন্তান।
নারদ মুনি জানে এইসব কথার রহস্য সন্ধান।।
পালিত পুত্র মদন হস্তে মারিবে সম্বরা সূর।
ইন্দ্ররাজের আপদ হৈবে স্যালা অদূর।।
তায় হস্তে ধনুক কোচে বাটুল নামিল মদন কাম।
তনি নামেতে জাগিল মদন-শিব-কৃষ(-বলরাম।।
রাম বলো হরি বলো মুকন্দ মুরারী।
মদন কামের হৈবে জয় বল হরি হরি।।

খ) মালাগিরিবরের পুত্র স্তান কামনা ঃ

কালকাপুরীতে আছিল এ্যাক জমিদার।
মনেতে দুক্ক বড় পুত্র নাই তাঁর।।
ঘরেতে ঘরনী আছে মেনকা সুন্দরী।
দিন রাত কাটে তার বুকে দুক্ক ধরি।।
কোন দেবতায় খন্ডাইবে এই দুক্কভার।
চৌপাড়ীগনকের কাছত একদিন গেল জমিদার।।
চৌপাড়ীগনক কয় শুনো মালাগিরি।
শুনো শুনো সতি-সাধবী মনেকা সুন্দরী।।
দুইজনে জোর-হস্তে মদন কামক করো মানাচিনা।
পুত্র-সন্তান হয় না কভূ মদন কাম বিনা।।
বাড়ী ফিরি যায়া মালা আর মেনকা সুন্দরী।
মদন কামক্ মানস করে জোড়-হস্ত-করি।।
যদি ঠাকুর মদন কাম ঘরে পুত্র হয়।
আতপ-চাউল, গাভির দুদ্ধে পূজিব নিশ্চয়।।
দিন যায়, রাইত যায়, আরও যায় মাস।
পুত্র সন্তান লাগি বড়য় হাবিলাস।।
এই ভাবেতে দুই জনার দিন কাটি যায়।
একদিন রাইতে মদন কাম স্বপন দেখায়।।
মদন কাম বলে ব্যাটা মালা গিরিবার।
ঘরে যদি পুত্র চাও বাঁশের পূজা কর।।
মদন কাম বলে ব্যাটি মেনকা সুন্দরী।
পুত্রবতী হও মাগো বাঁশের পূজা করি।।

গ) বাঁশের জন্মকথা ঃ

মদন কাম বচন শুনিয়া মালাগিরিবর।
বাঁশের জন্ম-কথা পুছিল অতপর।।
এদেশেতে নাই বাঁশ আছে নাকি সমুদ্র ওপাড়ে।
সেই বাঁশক কলকাপুরে কেবা আনিতে পারে।।
বাঁশ কোথা পাব ঠাকুর বাঁশ কোথা পাব।





বাঁশ বিনা তোমার পূজা কেমনে করিব।।
বাঁশ কেনে নাগে ঠাকুর বাঁশ কেনে নাগে।
বাঁশের বদলে তোমাক্ ঠাকুর পূজিম মূর্ত্তি জাগে।।
বাঁশ কোথা পাব ঠাকুর বাঁশ কোথা পাব।
বাঁশ বিনা তোমাক্ ঠাকুর মূর্ত্তিতে পূজিব।।
মদন কাম বলে ব্যাটা মালাগিরিবর।
বাঁশের জন্ম-কথা এবার শ্রবণ কর।।
বৃহস্পতির যজ্ঞ-শেষে বাঁশের জন্ম হইল।
সেই বাঁশের চব্বিশ পোড় বিড়াইল।।
সাত পোড়েতে রামের ধনুক, সাত পোড়েতে পরশুরামের বান।
আর সাত পোড়েতে অর্জুনের গণ্ডীব করিলেক নিরমান।।
দুই পোড়েতে নারদের বীনা স্বর্গে মর্ত্তে একাকার।
এক পোড় নিলেক কৃষ(মুরারী বাঁশী বাজেবার।।
সেই বাঁশের মাড়াতুলি বৃস্পতি সমুদ্রে ফেলাইল।
বাঁশের মুড়া থাকি তখন যত অপ্সরা অপ্সরী জন্মাইল।
লক্ষ্মী দেবী উঠি আইসে সমুদ্র মন্থন শেষে।
অপ্সরা অপ্সরী উঠি আসিল নাচন কুনদ বেশে।।
স্বর্গ-লোকের অপ্সরা-অপ্সরী মর্ত্ত লোকত বাঁশ।
তারে সাথে পূজা খাবার মোর বড়য় হাবিলাস।।
তায় শুন ব্যাটা মালাগিরিবর।
সেই বাঁশক নিয়া আসি মোর পূজা কর।।

ঘ) মালাগিরিবরের বাঁশ আনয়ন ও রোপন ঃ-

মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
মোর পূজার তরে বাঁশ সিজ্জন কর।।
তাহা শুনিয়া মালাগিরিবর না থাকিল রইয়া।
সমুদ্রক লাগিয়া মালা চলিল হাটিয়া।।
কতেক দূর যাইতে মালা কতেক দূর যায়।
আর কতেক দূর গেইলে মালা সমুদ্রের নাগাল পায়।।

সমুদ্রের পাড় যায়া মালা উপনীত হৈল।
নড় দিয়া মালাগিরি সমুদ্র পার লৈল।।
ই( তোলে বি( তোলে তরল মাকল।
দুই ভারে বোঝা বান্দে বাঁশ সকল।।
বড় বাঁশ তুলি মালা সাজাইল ভাড়।
নড় দিয়া মালা সমুদ্র হৈল পার।।
ই(, বি(, মাকলা বাঁশ গাড়ে বাড়ির চর্তুধারে।
বড় বাঁশ গাড়িল মালা পূজা খাইবারে।।
বাঁশ গাড়িয়া মালাগিরি গোড়ে দিল সার।
রাত্রিদিন বাড়ে বাঁশ ঘোর অন্ধকারে।।

ঙ) মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
চৈত্র মাস আসিয়া পড়িল বাঁশের পূজা কর।।
তাহা শুনি মালাগিরি না থাকিল রইয়া।
কান্ধে কুড়াল নিয়া মালা চলিল হাটিয়া।।
উত্তরেতে মাক্‌লা বাঁশে দিল য্যালা চোট।
মাক্‌লা বাঁশ উঠিয়া বলে না হং মুই মদনের জোট।।
পশ্চিমেতে ই( বাঁশে দিল য্যালা চোট।
ই( বাঁশ উঠিয়া বলে না হং মুই মদনের জোট।।
দ( নেতে বি( বাঁশে দিল য্যালা চোট।
বি( বাঁশ উঠিয়া বলে না হং মুই মদনের জোট।।
পুবেতে বড়ো বাঁশে দিল য্যালা চোট।
বড় বাঁশ উঠিয়া বলে মুই হনু মদনের জোট।।
বড় বাঁশ উঠিয়া বলে, শোন মালা গিরি।
ইন্দ্র সভার নাচনিদার আমি হতে পারি।।
আরো এক বড়ো বাঁশে মালা দিল চোট।
নারী-কণ্ঠে বাঁশ কয় মুইও হনু মদনের জোট।।
মোকও নিয়া চল কান্ধেকরি মালাগিরি।
ইন্দ্রের দেব-সভার মুই যে নাচনিদারী।।
এক চোট দুই চোট তিন চোট করি দিল।





তিন তিনের চোটে বাঁশ দুইটা ঢুলিয়া পরিল।।
গোড়খান গু(য়া বলিয়া ফেলাইল কাটিয়া।
আগালখান আগালী বলিয়া ফেলাইল ছাটিয়া।।
মধ্যখান নিলেক মালা, চব্বিশ পোড়ের বাঁশ।
যার লাগি মদন কামের বড়য় হাবিলাস।।
মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
মোর পূজার বাঁশ এ্যালা নিরমান কর।।
তাহা শুনি মালাগিরি না থাকিল রইয়া।
ঠাওয়াইত পাড়ার লাগিয়া মালা চলিল হাটিয়া।।
কি করিস্ ঠাওয়াত ভাই, নিশ্চিন্তে বসিয়া।
মদন কামের পূজার বাঁশ, মোক দে নিরমান করিয়া।।
তা শুনিয়া ঠাওয়াইত ভাই না থাকিল রইয়া।
হস্তেতে কাটায় নিয়া, আসিল হাটিয়া।।
সেকিনা ছোলেয়া বাঁশক নিরমান করিল।
মালাগিরির সা( াৎ বাঁশক বানেয়া দিল।।

চ) মদনকামের বাঁশের কাপড় ও চঙর সিজ্জন ঃ-

মদন কাম বলে গিরি মোর সে বচন ধর।
বাঁশ নিরমান হৈলেক এ্যালা কাপড় সিজ্জন কর।।
তাহা শুনি মালাগিরি না থাকিল রইয়া।
তাঁতী পাড়ার লাগিয়া মালা চলিল হাটিয়া।।
কি করিস্ তাঁতী ভাই নিশ্চিন্তে বসিয়া।
মদন কামের বাঁশের কাপড় দে তৈরী করিয়া।
কাপড় সিজ্জন হৈলেক এ্যালা চঙর সিজ্জন কর।।
তাহা শুনি মালাগিরি না থাকিল রইয়া।
ভোট পাড়ার লাগিয়া মালা চলিল হাটিয়া।।
কি করিস্ ভোট ভাই নিশ্চিন্তে বসিয়া।
মদন কামের বাঁশের চঙর দে সিজ্জন করিয়া।।
তাহা শুনি ভোট ভাই না থাকিল রইয়া।
মালার সা( াতে চঙর দিলেক সিজ্জন করিয়া।।

ছ) বাঁশ পূজার ঘট-গচা চাইলেন সিজ্জন ঃ-

মদনকাম উঠিয়া বলে মালাগিরিবর।
এ্যালা ঘট-গচা চাইলেন সিজ্জন কর।।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
কুমোর পাড়ার লাগিয়া মালা চলিল হাটিয়া।।
কি করিস কুমোর ভাই নিশ্চিন্তে বসিয়া।
মদন কামের বাঁশ পূজার ঘট-গচা দে মোক্ বানেয়া।।
তাহা শুনিয়া কুমোর ভাই না থাকিল রইয়া।
মালার সা( তে ঘট-গচা দিলেক আনিয়া।।
মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
ঘট-গচা হৈলেক এ্যালা চাইলন সিজ্জন কর।।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
ডোম পাড়ার লাগিয়া মালা চলিল হাটিয়া।।
কি করিস্ ডোম ভাই নিশ্চিন্তে বসিয়া।
মদন কামের বাঁশ-পূজার চাইলন দে বানেয়া।।
তাহা শুনিয়া ডোম ভাই না থাকিল রইয়া।
মালার সা( তে চাইলন দিলেক আনেয়া।।

জ) মদন কামের কামলিঙ্গ নির্মাণ ঃ-

মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
গচের ডাল কাটিয়া মোর কামলিঙ্গ নির্মাণ কর।।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
কুন্দালের বাড়ির লাগিয়া মালা চলিল হাটিয়া।।
কি করিস্ কুন্দাল ভাই নিশ্চিন্তে বসিয়া।
মদন কামের কাম-লিঙ্গ মোক্ দে কুন্দাইয়া।।
তাহা শুনিয়া কুন্দাল ভাই না থাকিল রইয়া।
তড়িতে আনিল একটা গচের ডাল কাটিয়া।।
সেই ডাল কাটি চেটি কাম-লিঙ্গ বানাইল।
মালার স( তে সেই কাম-লিঙ্গক দিল।।

ঝ) বাঁশের সাজসজ্জা, কাপড় পড়ানো ঃ-



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
চৈত্র মাস আসিয়া পড়িল বাঁশের সাজন ধর।।
শুক্লা প( র ত্রেয়োদশীতে বাঁশক কাপড় পিন্দাও।
দুই বাঁশের মধ্যোৎ মোর কাম-লিঙ্গক থান দেও।।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
দুই বাঁশক সাজের ধরিল বায়রা আনিয়া।।
গাভীর দুগ্ধে গঙ্গার জলে দুই বাঁশক ধোয়ায়িল।
মস্তকে হাড়িয়া চঙর দুই বান্দিয়া দিল।।
সোনার জোলানী কাপড় দিলেক ভিড়িয়া।
কমরে দুই গাছি ডোর দিলেক ভিড়িয়া।
কমরে দুই গাছি ডোর দিলেক খিচিয়া।।
তেল চন্দন আলতা কুমকুম্ মাখাইল।
দুই বাঁশের গাওতকপুর ছিটিয়া দিল।।
ললাটে রক্ত(-তিলক উচা বাঁশটায় দিল।
নিচা বাঁশটার কপালে সিন্দুর পড়ায়িল।।
বিবিধ সাজে সাজায়িল বাঁশক মলাগিরি।
দেখিতে হৈল যেন স্বর্গের অপ্সরা অপ্সরী।।

এ( ) কাম লিঙ্গের সাজন ঃ-

মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
বাঁশের সাজন হৈলেক এ্যালা মোর কামলিঙ্গের সাজ ধর।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
কাম-লিঙ্গের সাজন ধরিল বায়রা আনিয়া।।
গাভীর দুদ্ধে, গঙ্গার জলে কাম-লিঙ্গক ধোয়ায়িল,
দুই চকুর ভু( তে কজ্জল পড়ায়িল।।
ললাটে রক্ত(-তিলকের যতনে ফোঁটা দিল।
আলতা দিয়া সর্ব অঙ্গ লালে শোভায়িল।।
বিবিধ সাজনে মালা কাম-লিঙ্গে পরায়িল।
এক গাছি পৈতা গাত্রে বান্দিয়া দিল।।
কাম-লিঙ্গক সাজন দেখে মালাগিরিবর।

মদন কাম দেখিতে হৈচে ইন্দ্রের সহচর।।

ট) বাঁশ ও মদন কামের চার দিকের নগর পরিত্র(মা ঃ-

মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
মোর বাঁশক নিয়া পুবের নগর ভ্রমণ কর।।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
বাঁশক নিয়া হাজির হৈলেক পুবের নগর গিয়া।।
পুবের নগরত গিয়া বাঁশের হৈলেক থান।
পুব-নগরের ভর-যুবতী বাঁশ করিল মান।।
পুব নগরের নর-নারী বলে জয় জয়।
মদন কামের বাঁশ পূজিলে ঘরে পুত্র হয়।।
যদি ঠাকুর মদন কাম ঘরে পুত্র হয়।
আলো চাউল গাভীর দুগ্ধে পূজিব নিশ্চয়।।

ঠ) উত্তরের নগর পরিত্র(মা ঃ-

মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
বাঁশক নিয়া উত্তরের নগর ভ্রমন কর।।
তাহা শুনি মালাগিরি না থাকিল রইয়া।
বাঁশক নিয়া হাজির হৈলেক উত্তর নগর গিয়া।।
উত্তরের নগরত গিয়া বাঁশের হৈলেক থান।
উত্তর-নগরের ভর-যুবতী বাঁশক করিল মান।।
উত্তর-নগরের নর-নারী বলে জয় জয়।
মদন কামের বাঁশ পূজিলে ঘরে পুত্র হয়।।
যদি ঠাকুর মদন কাম ঘরে পুত্র হয়।
আলো-চাউল গাভীর দুগ্ধে পূজিব নিশ্চয়।

ড) পশ্চিমের নগর পরিকল্পনা ঃ-

মদন কাম উঠিয়া বলে মালাগরিবর।
বাঁশক নিয়া পশ্চিমের নগর ভ্রমন কর।।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
বাঁশক নিয়া হাজির হৈলেক পশ্চিম নগর গিয়া।।
পশ্চিমের নগরত গিয়া বাঁশের হৈকেল থান।



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

পশ্চিম নগরের ভর-যুবতী বাঁশক করিল মানা।।
পশ্চিম নগরের নর-নারী বলে জয় জয়।।
যদি ঠাকুর মদন কাম ঘরে পুত্র হয়।
আলো-চাউল গাভীর দুগ্ধে পূজিব নিশ্চয়।

ঢ) দ( নের নগর পরিত্র(ম ঃ

মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
বাঁশক নিয়া দ( নের নগর ভ্রমন কর।।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
বাঁশক নিয়া হাজির হৈলেক দ( ন নগর গিয়া।।
দ( নের নগরত গিয়া বাঁশের হৈলেক থান।
দ( ন নগরের ভর-যুবতী বাঁশক করিল মান।।
দ( ন নগরের নর-নারী বলে জয় জয়।
মদন কামের বাঁশ পূজিলে ঘরে পুত্র হয়।।
যদি ঠাকুর মদন কাম ঘরে পুত্র হয়।
আলো-চাউল গাভীর দুগ্ধে পূজিব নিশ্চয়।।

ণ) ভাঙ ও নাড়ু সিজ্জন কথা ঃ-

মদন কাম উঠিয়া বলে মালাগিরিবর।
পূজার তরে ভাঙের নাড়ু সিজ্জন কর।।
মদন কামের বচন শুনিয়া মালাগিরিবর।
ভঙের সিজ্জন কথা পুছিল অতপর।।
ভাঙ কোনটে পাবো ঠাকুর ভাঙ কোনটে পাবো।
ভাঙ বিনা তোমার পূজা কেমনে করিব।।
ভাঙ কেনে নাগে ঠাকুর ভাঙ কেনে চাই।
ভাঙের বদলে ঠাকুর পিটালী বানাই।।
ভাঙ্ কোনটে পাব ঠাকুর ভাঙ কোনটে পাব।
ভাঙের বদলে আলো চাউল দুগ্ধে পূজিব।।

ত) ভাঙের সিজ্জন কথা ঃ-

মদন কাম বলে ব্যাটা মালাগিরিবর।
ভাঙের সিজ্জন কথা এবার শ্রবন কর।।

এদেশে ছিলো না ভাঙ আছিল পর্বতে।
সেই ভাঙের বীচি আনিল গোর( নাথে।।
প্রথম জন্মে জন্ম হলেক সরিষার (ে তে।
পাত কোনা তার বিলু বিলু ফুল ধরিচে মাথে।।
চৈত্র মাস আসিয়া পড়িল ভাঙ হৈল জটিয়া।
কোড়া কাঁচি নিয়া বিড়াইল গৃহস্থ বাপুরা।।
কাঙ কাটে কাঙ বান্ধে কাঙ উবায় ভার।
ভার নিয়া গেল সৌগে আঙিনা মাঝার।।
উড়ুনের ঝালানীতে ভাঙের জট করিলেক চূর।
খেলাত ফেলেয়া ভাঙের হাড় করিলেন গূড়।।
বাইশ জোড়া উড়ুন গাইন তেইশ জোড়া কুলা।
টেকিয়া টুকিয়া সৌগে বানাইল ভাঙের ধূলা।।

থ) নাড়ু বানাইয়া কামিনী ঃ-

উত্তর থাকি আসিয়া কামিনী হাতে পিতলের খাড়ু।
তায় সে বানাইতে পারে মদন কামের নাড়ু।।
গাভীর দুগ্ধে আলো-চাউলের পিটালী ভিজায়িল।
তাহাতে ভাঙের গূড়া উত্তম মিশায়িল।।
কামিনী হস্তে ঝিনির ঝিনির বাজে পিতলের খাড়ু।
পিটালীর ভাণ্ডে গুড় মিশিয়া বানাইল শতেক নাড়ু।।

দ) ব্রাহ্মন আনয়ন, বাঁশ ও কামলিঙ্গ পূজা ঃ-

মদন কাম বলে মালা মোর সে বচন ধর।
পুরোহিত আনিয়া মোর বাঁশের পূজা কর।।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
পুরোহিতের বাড়ীর নাগিয়া চলিল হাটিয়া।।
কি কবেন পুরোহিত ঠাকুর নিশ্চিন্তে বসিয়া।
মদন কামের বাঁশের পূজা দেও করিয়া।।
তাহা শুনিয়া পুরোহিত ঠাকুর না থাকিল রইয়া।
হস্তেতে হোমডাঙ নিয়া চলিল হাটিয়া।।
পুরোহিত বাড়ীত আসিয়া উপনিত হৈল।





মালাগিরি পাদ্য অর্ঘে তাহাক বসিবার দিল।।
হরি হরি বলিয়া দুই বাঁশ মন্ডপে গাড়িল।
দুই বাঁশের মাঝখানত কামলিঙ্গ বসায়িল।।
মালাগিরি পূজার দ্রব্য দিলকে আনিয়া।
পূজার মন্ডপত পুরোহিত বসিলেক ভিরিয়া।।
ঢাক বাজে ঢোল বাজে আরো বাজে কাঁশি।
খ্যামটা সুরেতে বাজায় দোয়ারী মুখা বাঁশি।।
জই-জোগার দিলেক আসিয়া নর-নারী।
সাষ্ঠাঙ্গে প্রণাম দিলেক মালাগিরি।।
পুত্রের মানস করিল মেনকা সুন্দরী।
মদন কামের বাঁশক পূজিল ভক্তি(ভরি।।
রাম বলো হরি বলো মুকুন্দ-মুরারী।
মদন কামের পূজা হৈল বলো হরি হরি।।

উত্তর-বঙ্গের বাঁশপূজা ও মদন কাম ঠাকুরের গান কানাই ধামালী

ক) হরি-বন্দনা ও শ্রীকৃষে(র জন্মকথা ঃ-

রাম বন্দং হরি বন্দং মুকুন্দ-মুরারী।
আসরেতে গাইবো এবার কানাই-ধামালী।।
শিব-বন্দং সরস্বতী বন্দং বন্দং নিহ-গু( ।
কৃষে(র জন্মকথা ভক্তি(ভরে করি শু( ।।
কংস যবে প্রজা পালে মথুরা-নগরে।
কৃষ( তখন জন্ম নিল দৈবকী-উদরে।।
শোন শোন কৃষে(র জন্ম-কথা আহা রে।
ভগবান কৃষ( জন্ম নিল কংসের কারাগারে।।
বসুদেবের ঔরষে যদি দেবকীর পুত্র হয়।
সেই ছাওয়ালে কংসক নাকি বধিবে নিশ্চয়।।
তায়তো বাসুদেব দৈবকীক রাখিল কারগারে।
বিধির বিধান কাঁয় আর খন্ডাইতে পারে।।
দশমাস দশদিন পর কৃষে(র জন্ম হৈল।

সেই ছাওয়ালোক বসুদেব ডোকড়া ডেলিতে লৈল।।
দৈবকীর সই যশোদা আছে যমুনা ওপাড়ে।
কৃষ( পালন হৈবে যশোদা নন্দের সংসারে।।
একদিন আকাশেতে দৈববানী হইলেক।
কৃষ( হস্তে হৈবে কংস বধ সকলে শুনিলেক।।
কৃষে(র জন্ম-কথা এইখানেতে ( াস্ত করি।
রাধার জন্ম কথা অলপ অলপে তুলি ধরি।।

খ) রাধার জন্ম কথা, বিবাহ ও যৌবনে ভাব ঃ-

রাম বন্দং হরি বন্দং মুকুন্দ-মুরারী।
রাধার জন্ম-কথা অল্পে অল্পে সারি।।
মথুরার ঘোষ-পাড়াতে বৃষভানু নাম।
তাহার সুন্দরী কইন্যা রাধা অনুপাম।।
দেখিতে ধওলীবরণ পূর্ণিমার চাঁন।
সেই কইন্যাক্ বিয়াও করিল মাতুল আয়ান।।
কাজে কম্মে নাই কইন্যা কোনবা ভিতি মন।
আয়ানের ঘরোতে রাধাবড়ো অ-কারণ।।
সেই পাড়াতে যশোদা-নন্দের কানাই।
কদম্ব-ডালে বাঁশুরী-বাজায় তুলনা নাই তার।।
নাম ধরিয়া ডাকে বাঁশি বলে রাধা রাধা।
ঘরোতে রয়না মন শুশুরী বড়ো বাঁধা।।
বাঁশি বাজায় কানাই এ যমুনা কূলের দূরে।
রান্দন আউলাইচে রাধার ভরা দুপুরে।।
বাঁশীর শব্দে রাধার মন হৈচে চূর।
বেয়াকূল করিচে রাধাক এ না বাঁশীর সুর।।
মনে মনে কয় রাধা দয়াল ভাগিনা।
দূরে থেকে সূরের বাঁশী ভালো লাগে না।।
তোমার বাঁশির সূরত ঘরত রইতে নারি।
তোমার পোড়া বাঁশি মোক করিলেক অ-সংসারী।।

গ) রাধার সিনানে যাত্রা ও কানাই রাধার মাছধরা ঃ-





প্রস্তাবনা ঃ-

রাম বন্দং হরি বন্দং চাপানে গাইবো পাঠ।
রাধে গেল গাঙ-সিনানে এ যমুনার ঘাট।।
সর্ব্বসখি লইয়া রাধে সিনান করিতে যায়।
বালক-সখা লইয়া ফিরে এ না যাদু রায়।।
ঈশান কোনে করিল মেঘ দেওয়ার আসিল ঝড়ি।
রাধেক ছাড়ি সর্ব-সখি ফিরিয়া গেল বাড়ি।।
উচা নিচা হইল সমান জলে হইল উচ্ছাস।
জ্যাঠ আষারী বরিষনে উজাই নাগিল মাছ।।
রাধের বস্ত্র, কনাইর বাঁশী থুইয়া একই ঠাঁই।
ঝাম্পা-ঝাম্পি করির নামে রাধে আর কানাই।।
আম্পালী-ঝাম্পালী পাড়ে ı( রল নদীর পাড়ে।
রাধিকা দেখিল তারে কানাই মৎস্য মারে।।
মাছ মারে ছাওয়াল কানাই বান্দে চারি আলি।
শিষ্য যদি ভজন হয় গু( না খায় গালি।।
মাছ মারে ছাওয়াল কানাই বান্দে চারি আলি।
এচিয়া বেচিয়া রাধে গাথে কই মাশুরের হালি।।
মাছ মারে ছাওয়াল কানাই ছেকিয়া ফেলায় পানি।
ধরিয়াও না ধরে রাধে পুটি ডাইরকানি।।
চ্যাঙ-সাটি শাল-শৌল খল্খলায় আগ-পাছ।
হাতের বাঁশি ভূমিত থুইয়া কানাই ধরে মাছ।।
শাল-শৌল মারে কানাই ডাঙ্গাতে ফেলায়।
চুচুরা মৎস্য মারে কানাই খলাইতে ভরায়।।
(ই ইলিসা চিতল কাতল কুরসা সাটির হালি।
এচিয়া বেচিয়া মারে কই মাগুরের জালি।।
মাছ মারে ছাওয়াল এবার রাধে করে ছান।
তাক্ দেখিয়া ছাওয়াল কানাই পঙোর শিখিব যান।।
পঙোর শিখে ছাওয়াল কানাই পাউকচালি পাড়ে।
ছাওয়াল কানাই উঠে যায়া রাধে মামির ঘাড়ে।।

রাধে বলে ছি ভাগিনা একি তোর চালা-
মুই হনু পর-নারী একে যৌবন উতলা।।
কানাই বলে রাধে মামি - তুই বড় সুন্দরি।
তোমার যৌবন সাগরে সুখে সান্তরি।।
রাধে বলে ছি ভাগিনা চলিলাম আমি বাড়ি।
লোকে দেখিলে মোরে বলিবে দ্বিচারি।।

ঘ) কানাইর বাঁশি হারানো ও বাঁশি প্রাপ্তি ঃ-

গীদাল —

ছান করে পামরী রাধে উঠে পাউকচালি পাড়ি,
আঞ্চল ঘিরিয়া কানাইর চুরি কৈল বাঁশরি।।
ছান করে ছাওয়াল কানাই উঠিল উপরে।
ছান করিয়া উঠি কানাই বাঁশির তল্লাশ করে।।

কানাই —

বাঁশি নিল কায় মামি বাঁশি নিল কাঁয়।
তুই বিনা পামরী রাধে আর বা ছিল কাঁঙ।।
তোমার বস্ত্র আমার বাঁশি থুইলাম একোই ঠাঁই।
তোমার বস্ত্র আছে মামি আমার বাঁশি কেনে নাই।।

রাধা —

আমার বস্ত্র আছে ভাগিনা ধূলায় লুটিয়া।
তোমার বাঁশি নিয়া গেইচে পইসচায় উড়িয়া।।

কানাই —

বস্ত্র হেন পাতল মামি বাঁশি হেন ভারি।
কোন বাতাসে নিয়া গেল কোথায় তার বাড়ি।।
এ্যাকেটে থুনু বাঁশি মামি বাঁশি আনিল কে।
ভাল মানসির বেটি হবু বাঁশি আনিয়া দে।।
হাতে নিগাইম হাত-রাশি পাওত নাগাইম ডোর।
ত্রিভূবনে নাম রাখিম্ রাঁধে মামি চোর।।

রাধা —

কাঁয় নিল তোমার বাঁশি কাঁকে ধরো চুরি।





বাঁশি চোরক ধরো ভাগিনা জলপড়া করি।।

কানাই —

বাঁশি নোমায় কম হে মামি বাঁশি নোমায় কম।
এই বাঁশি বানাইতে নাগিচে চৌদ্দ রাজার ধন।।
হেঙ্গুলে বান্দিচোং বাঁশি মানিকেরও ছাটানি।
এই বাঁশি হারাইলে মুই তেজিম অন্নপানি।।
একে তো বাঁশের সাঁতখানি তার বীন।
এই বাঁশি হারাইলে মোর চ(ুত না আসিবে নিন।।
ভাত-পানি তেজিম মামি জীবন দিম্ ছাড়িয়া।
রাত্রি-দিন ঝুরে মনমোর বাঁশিক নাগিয়া।।

রাধা —

সোনা নোমায় রূপা নোমায় বাঁশের আগালখানি।
তারে জইন্যে ছাওয়াল কানাই তেজিবু অন্ন-পানি।।
আমার বাড়ি যাইস ভাগিনা কাটারী ধরিয়া।
কত নাগে বাঁশের আগাল দিম্ বোল কাটিয়া।।
আমার বাড়ি যাইস ভাগিনা বইসতে দিব মোড়া।
জলপান করিতে দিব শালী ধানের চিড়া।।
শালী ধানের চিড়া দিব বিন্নি ধানের খই।
জল-পান করিতে দিব গামছা-বান্ধা দই।।
আমার বাড়ি যাইস ভাগিনা আমার বাড়ি যাইস।
চালের নাউ পাড়েয়া দিম্ ট্যান্ডেড়া বানাইস।।
কাঁচা নাউ পাড়েয়া দিম্ উষি পাকে খাইস।
শুকান নাউ পাড়েয়া দিম্ ডোন্ডড়া বাজাইস।।

কানাই —

নাউ কুমরা খায়া মামি না পুরিবেক আশ।
তোমার বুকের জোড় শ্রীফল খাবার হাবিলাস্।।

রাধা —

তিন-দিনিয়া ছাওয়াল কানাই করিস কাউ-বাউ।
বাপ-জনমে দেখছিস্ কি না বুক্কে নাউ।।

খালের দ্বারিকা মাছ হয়া বগার সাথে বাদ।
বাপ জনমে যেই ফল নাই খাইস সেই ফল খাবার স্বাদ।।

কানাই —

খোটা দিলু মোরে মামি খোটা দিলু মোরে।
গোকুলেতে পাইলে মামি কাইম্ করিম্ তোরে।।
তোক্ মামি কাইম করিতে কোড়া করিম্ সাজ।
তোক্ মামি কাইম্ করিম্ বৃন্দাবনের মাঝ।।
বারো টোকোরা ধান নাগিবে তেরো টোকোরা চিনা।
তোক্ মামি কাইম করিম্ শনিবারের দিনা।

গীদাল —

তপৎ তচলায় যেমন দরশিত তৈল।
ওই মত রাধা চন্দ্রাবলী ত্রে(াধে নাল হইল।।
কানাই কানাই বলিয়া বাধে হস্ত তুলিল।
কাধ হৈতে মোহন বাঁশী ভূমিতে পড়িল।।
বাঁশি পায়া ছাওয়াল কানাইর রঙ্গ হৈল মন।
আপনার মন্দিরে কানাই করিল গমন।।

ঙ) কানাইর শ্রীফল খাওয়ার আবদার ঃ-

গীদাল —

বাপের আগে কান্দে কানাই মাওক না কয় লাজে।
রাধে মামির জোড় শ্রীফল আমাক কেনে নাদে।।
আর মানসী বেচায় ফল হাটে আর বাজারে।
রাধে মামি বেচায় ফল মন্দির কোঠা ঘরে।।

নন্দগোয়াল —

বড় 'হ' ছাওয়াল কানাই ডাঙ্গর হ তুই।
খাবার পাইলে জোড় শ্রীফল আনিয়া দিম্ মুই।।

গীদাল —

এই কথা শুনিয়া কানাই মনে পাইল লাজ।
দুই দিন পরে গেল কানাই বুড়ি বড়াইর কাছ।।

চ) রাধাকে ভোলাতে কানাইর বুড়ি বড়াইর কাছে গমন ঃ-





কানাই —

বুড়ি বলং বড়াই বলং আরো বলং তোক।
রাধেক ভোলাইতে কি কি নাগে কয়া দে বোল মোক।।
যদি হে প্রানের বড়াই রাধেক ভোলে নাদিস।
তোর আগত মরি খাইম খায়া গরল-বিষ।।

গীদাল —

কানাইর মুখে শুনে বড়াই এতেক বচন।
চাতুরী করিয়া কছু বলেন তখন।।

বড়াই —

খোবার পাইলে পারার বেটি বাপ বচন ধরে।
আহারের লোভে বনের পশু ফান্দে পরি মরে।।
রাধেক ভোলেয়া দিম্ মুই মানত কারেক কিনা।
বারো টোকরা ধান দিব মোক্ তেরো টোকরা চিনা।।
রাধেক ভোলইতে নাগিবে বারো সাজ জিনিস।
তাক কিনিবার তুই মোক পাইসা-কড়ি দিস্।।
শ্রীকালের হাট বৈসে ঐ না শনিবার।
তাতে যায়া কিনা খাইরে অষ্ট-অলংকার।।
রাধেক ভোলাইতে নাগিবে আরও কত জিনিস।
সৌগে মিলি কড়ি কানাই দশবার পোন দিস।।

ছ) কানাইর কড়ি সংগ্রহ ও তা বড়াইর হস্তে প্রদন ঃ-

এই কথা শুনিয়া কানাই মনে মনে বুদ্ধি করে।
দধি বেচা কড়ি আছে বপে নন্দ-গোয়ালের ঘরে।।
সেই কড়ি নিতে কনাই বুদ্ধি পাকায় মনে।
যোল পোন করি নিল কানাই অতি গোপনে।
সেই কড়ি আনিয়া দিল কানাই বুড়ি বড়াইর হাতে।।
কড়ি পায়া নাটকি বড়াই হিসাব করিল তাতে।।
আধা পোন কড়ি যাইবে কিনতে সোন্দা গুয়াপান।
থাক্ খায়া রাধা চন্দ্রাবালী হৈবে মনুমান্য।।
(ীর (ীরিসা কিনা খাইবে আরও ঘৃতের নাড়ু।

15_ICH



এক পোন যাইবে শাখা কিনতে সাথে হাতের খাড়ু।।
উপর কানের গুজির সাথে নামা কানের দুল।
আরও এক পোন কড়ি যাইবে সিথার সেন্দুরে।।
নাকের নাক পাসার সাথে আর গলার হার।
দশ পোন কড়ি যাইবে কিনতে অষ্ট-অলংকার।।
হাতের পাঁচ রাখিয়া বড়াই করিবে খরোচ।
সাত পাঁচ বারো মিলি কানাইকে দিবে বোচ।।

জ) বড়াই বুড়ির শ্রীকালের বাজারে গমন ও রাধে ভোলানী জিনিসপত্র ত্র(য় ঃ-

গীদাল —

সকালে উঠিয়া বুড়ি মুখ-পাকা পান খায়।
পয়সা কড়ি নিয়া বড়াই শ্রীকালের বাজার যায়।।
চাইর কোড়াকড়ি বড়াই ছিটায় চতুর পাশ।
তার পরেতে সোন্দাইল বুড়ি ঐনা হাটের মাঝ।।
প্রথমেতে কিনে বড়াই সোন্দা গুয়াপান।
যোগীর ঘরের চুন কেনে গুয়ার অনুপান।।
বড় বড় গুয়া কেনে বড় বড় পান।
যাক খায়া চন্দ্রাবালীর হৈবে মনুস্মান।।
ীর িরিসা কেনে বড়াই আরও ঘৃতের নাড়ু।
স( দুই মুঠি শাখা কেনে রাধের হাতের খাড়ু।।
উপর কানের গুজি কেনে নামা কানের দুল।
বালাকীর দোকানে কেনে সিথার সেন্দুর।।
উপর কানের গুজি কেনে নামা কানের ফুতি।
হারটার মাদুলি কেনে মালা নানা জাতি।।
ললাটে-কোটের তিসি কেনে কানে কর্ণমূল।
আগুনী পাটের শাড়ি কেনে হাজার টাকার মূল।।
সওদা করি বুড়ি বড়াই সওদার পাইলেক ওর।
অবশেষে কিনিয়া নিল দাবা নারিকেল জোড়।।
সওদা করি বুড়ি-বড়াই সওদার বান্দিল আটি।





মাথে নিল সাওদার বোঝা হস্তে নিল নাটি।।
বাড়ী ফিরে রঙিলা রড়াই যেমন উজান মাছের পুটি।
খুচরা পাইসা নিচে বড়াই বান্দিয়া আচলের খুটি।।
কতেক দূর যাইতে বড়াই আর কতেক দূর যায়।।
আর কতদূর যাইতে বড়াই আর কতেক দূর যায়।
আর কতদূর যাইতে বড়াই আপনার মন্দির পায়।।

ঝ) বড়াইবুড়ির সওদার বোঝা নিয়া রাধার বাড়ীতে গমন ঃ-

গীদাল —

দিন মনি অস্ত গেল অন্ধকার হৈল।
বড়াই বুড়ি এক রাইতে সওদা গোছেয়া নিল।।
সকালে উঠিয়া বুড়ি ভাবে মনে মনে।
সওদা নিয়া করিম্ দেখা পামরী রাধার মনে।।
খাইয়া পিয়া বুড়ি বড়াই মুক পাকা পান খায়।
সওদার বোঝা নিয়া বুড়ি রাধের বাড়ী যায়।।
কতেক দূর যাইতে বড়াই কতেক দূর যায়।
আর কতেক দূর গেইলে বড়াই জোড় বৃ( পায়।।
জোড় বৃ( র শীতল জাগা নানা বয় বাও।
তার তলে রঙিলা বুড়ি গড়েয়া দিলেক গাও।।
উজ্জানে থুইয়া নাড়ুর টোপলা ভাটি গড়ায় গাও।
নাড়ু গন্ধে চিতর আকুল বড়াই মনে না নেয় ভাও।।
ীর িরিসা খায় বড়াই আরও ঘৃতের নাড়ু।
হাতোতে পেন্দে বড়াই ঝমকা-নাগা খাড়ু।।
নাড়ু খায়া বুড়ি বড়াইর না পুরিলেক আঁশ।
হাটুতের ভাঙিয়া খায় নারকেলের শাঁস।।
নাকোতে নাগ-পাশা পড়িল বড়াই আলতা দিলেক ঠোটে।
সাউদের ধন আর কানাই এর নাড়ু বড়াই খায় গোটে গোটে।।
দ( ন মুখের ঘাটা ধরি বড়াই রাধের বাড়ী যায়।
অষ্ট-অলংকার পিন্দিয়া বড়াই-ঠসক্ মারি চায়।।

বড়াই বুড়ি অলংকার পিন্দিয়া মনে মনে কয়।
আগের মতো বয়স থাকিলে কানাইক ভোলানু হয়।।
আয়রে যুয়ান বয়স আয় ফিরিয়া।
মোহ শৃঙ্গারে মুই কানাই রাখেঅং ভোলেয়া।।
আদুরা সওদার বোঝা মাথাতে নিয়া।
রাধের বাড়ি আসিল বড়াই হাটিয়া হাটিয়া।।
নাতিনি নাতিনি বুলি তুলিয়া বড়াই করে রাও।
ঘরে থাকিয়া চন্দ্রাবলী হৈচে চমৎকৃত গাও।।
বড়াইক দেখিয়া রাধের আনন্দিত মন।
বসিতে আসন দিল দিব্য সিংহাসন।।

রাধা —

আর দিনা আসিছেন বড়াই দীঘল অঞ্চল পান।
আজি কেনে দেখোং বড়াই তোর আগমন।।

বড়াই —

তোরেটে আসুন হে রাধে তোরেটে মুই আসিনু।
গোটা কতক দেখেক উকুন মাথার চুলকানিতে মরনু।।

গীদাল —

উকুন চাইতে চাইতে বড়াই মাথার পাইল লাজ।
গোটা চারিক গুয়া দিলেক রাধের কোচার মাঝ।।
গোটা চারিক গুয়া দিল গোটা চারি পান।
বড়াই কয় ওগো নাতিনি খাও গুয়া পান।।

বড়াই —

আর একেনা কথা পুছং কথায় দিস্ বোল মন।
কোন দিন নাতিনি করিচেন যমুনার জলত ছান।।
কোন দিন বা দেখিচে তোমাক ঐ যমুনার তীরে।
তোমাক দেখি নন্দের ছাইলা বাউরা হয়া ফিরে।।
তোমাক দেখি নন্দের ছাইলার আউলাইছে পরান।
তোমার সাথে পিরীতি চায়, চায় গোকুলের চান।।

গীদাল —





তপন তচলাব যেমন দরশিত তৈল।
ঐ মত চন্দ্রাবলীর ত্রে(াধ হৈল।।

রাধা —

ছি ছি রে নীলাজী বড়াই লজ্জা নাই তোর মনে।
এগুলা কাম হয় কেনদিন মানি-ভাগিনার সনে।।
মর রে নীলাজী বড়াই গলায় দিয়া দেও।
সোদর ভাগিনার সাথে কলঙ্ক ভাজাও।।
পর নোমায় পড়শী নোমায় সোদর ভাগিনা।
রাত্রি দিন করে খেলা আমার আঙিনা।।
ছি ছি রে নীলজি বড়াই কেমন তোর জাত।
মোর নারীটার দিবার চাইস্ তুই মিছা অপবাদ।।
কোটে গেলু হে চামাই বান্দি মোর সে বনে ধর।
ধাক্কার ওপর ধাক্কা দিয়া বড়াইক বাহির কর।।

গীদাল —

চামাই বান্দি বড়াইক ধরিয়া মূচ্ছাগত মারে।
মাইর সবার না পায়া বড়াই হুক হুকিয়া কান্দে।।
বড়াইর কান্দনে রাধার চাপিলেক দয়া।
চামাই বান্দিক দিয়া বড়াইক আনিল ফিরিয়া।।

রাধা —

না কন্ না কন্ বড়াই কালা কানুর কথা।
কালা কানু হৈতে মোর কলঙ্কের কথা।।
আনক নাই পোনক নাই নাই সে আনাপোনা।
পর স্ত্রীক যে পরে ভোলায় তায় সে কমেন জনা।।
কালার কথা না কন্ বড়াই নাগিবে ঝগড়া।
তিন দিনিয়া ছাওয়াল কানাই কোন বা ঘাটের মরা।।
হাট বাজার ছাড়িচোং বড়াই দধি দুগ্ধ বেচাকিনি।
কালার জন্য ছাড়িচোং মুই কাল্ যমুনার পানি।।
ঘরে ছিল কাল বিলাই ফেলাচুং মারিয়া।
ঘরে আছিল কালা গাভি ফেলাচুং বেচেয়া।।

হাড়ির টিকার কালা কাজল দিনাং মাজোং।
কালা কানুর কথা মুই কর্ণে নাই শোনং।।
ঘরের সোয়ামী মোর কালা না হয় গোড়া।
তারে সাথে হৈচে মোর বেইশ সুন্দর জোড়া।।
কালা কানুর কথা বড়াই না কইস মোক ফির।
কালা কানুর কথা শুনলে মন হয় অস্থির।।

বড়াই —

কালাক্ ক্যান নিন্দ হে রাধে কালাক ক্যান নিন্দ।
এক কালা তোর মাথার কেশ, কালা চকুর চান্দ।।
কালা হারি কালা পাতিলোত রান্দিয়া খাও ভাত।
এক কালা তোর চ( র মনি খোসেয়া ফেলাও তাক।।

গীদাল —

সাত পাঁচ কথায় রাধের মজিয়া গেল মন।
হাসি হাসি দিল জব বড়াইর বিদ্যমান।।

রাধা —

আমাক নাগি ছাওয়াল কানাইর যদি থাকে মন।
সইন্ধ্যা কালে যাবার কইস্ চিনা কাদালীর বন।।

কানাই —

আগাও আগাও আবো হে বড়াই আগাও পা দুইখান।
রাধা চন্দ্রাবলীর কথা কথা বাচাও জীবন।।

গীদাল —

বড়াই এবার কানাইর আগত ফুসফুসিয়া কয়।
পোমরী রাধা ধরা দিচে নাই কোন সংশয়।।
রাধাক্ নাগি ছাওয়াল কানাইর যদি থাকে মন।
সইন্ধ্যা কালে যায় যেন কানাই চিনা-কাদালীর বন।।
বসিয়া রইল কানাই চিনা কাদালীর আড়ে।
চাপড় না মারে মশা লোকে শুনিবার উরে।।
মনোত কত আশা বান্দিচে কানাই।
সন্ধ্যা কালে উতরী গেল রাধার দেখা নাই।।



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

রাধার আশায় থাকি কানাইর দুপুর রাতি হৈল।
তবুও কিন্তুক পামরী রাধা কাদলী বনে না এল।।
পরের দিন কানাই গেল বুড়ি বড়াইর বাড়ী।
বড়াই কয় একদিনেতে পামরী রাধে জব গেইলেক পাশরী।।

বড়াই —

ঝিৎ করি থাক্ ছাওয়াল কানাই চুপ করি থাক তুই।
কালি যায়া পামরী রাধের বাকম খাসাইম মুই।।

গীদাল —

কতেক দূর যাইতে বড়াই কতেক দূর যায়।
আর কতেক দূর গেইলে বড়াই রাধের বাড়ি পায়া।।
নাতিনি নাতিনি বুলি তুলিয়া করে রাও।
ঘরে থাকিয়া চন্দ্রাবালীর চমৎকৃত গাও।।

বড়াই —

মর মর নিলাজী রাধে মর গিয়া লাজে।
পর পু(ষক্ বায়রা থুইয়া কেমনা ছিলা ঘরে।।

রাধা —

শুনগো প্রানের বড়াই ধরোং তোর পাও।
কোনদিন আসিলে ছাওয়াল কানাই বার্তা নাহি পাঁও।।
দুগ্ধপূর্ব্বা ছাওয়াল কানাই মোর সে যৌবন ভারি।
এমন অসম বয়সে বড়াই কেমনে প্রেম করি।।

বড়াই —

ছোট ছোট কুড়াল হে নাতনি বড় বড় গাছ ঢালে।
ছোট না সার্পের ঘায়ে মুনিগন ঢালে।।
ছোট ছোট হালুয়া রাধে বড় হালখান জোড়ে।
বাই করি নাঙ্গল জুড়িলে গ(  কোত্তা পাড়ে।।

গীদাল —

সাত পাঁচ কথায় রাধার মজি গেল মন।
হাসি হাসি জবাব দিল বড়াইর বিদ্যমান।।

রাধা —

আমাক নাগি ছাওয়াল কানাইর যদি থাকে মন।
মুই যাইম যমুনার ঘাটে ছান্দোক্ বৃন্দাবন।।

এ() কানাইর যমুনার কূলে ফুল বৃন্দাবন সাঁজন ঃ-

গীদাল —

বড়াইর মুখে কানাই শোনে এতেক বচন।
হাল গ( ধরিয়া কানাই করিল গমন।।
ডাইনে বাসোয়া জোড়ে বায়ে ( ত্রপাল।
উত্তরে দ( নে কানাই খেদেয়া দিলেক হাল।।
দুই চাষ করিয়া দিল চাইর সারী মই।
তবু না মারিল কেল্লা দুবার বঙ্গ।।
চাইর চাষ করিয়া দিল আট সারি মই।
এচিয়া বেচিয়া ফেলায় কেল্লা দুবার বঙ্গ।।
ছয় চাষ সাত চাষ অষ্ট চাষ হৈল।
যতেক ফুলের বীচি আনিয়া যোগাইল।।
প্রথমেতে রোপে ফুল ঔর আর সাগর।
তার পরেতে রোপে ফুল পারিজাত নাগ কেশর।।
কাটামালী গেন্দা রোপে পাতিয়া সারি সারি।
ছয় কান্দি হলদী রোপে ঝুমকুরি পাতারি।।
অষ্টদশ স্থলপদ্ম সবে রোপিয়া দিল।
যমুনা কূলে ফুল বৃন্দাবন কি সাজে সাজিল।।
ফুল রোপিয়া ছাওয়াল কানাই ফুলের না পায় দিশা।
সরস্বতী-পূজার ফুল রোপিত কানাই কানসিসা।।
ফুল রোপিয়া ছাওয়াল কানাই গোড়ে দলি সার।
রাত্রি দিন বাড়ে ফুল ঘোর অন্ধকার।।
একে একে ফোটে ফুল ইন্দ্র-পোকায় খায়।
স্বর্গ-থাকি দেবগন ফুলের বাস পায়।।
ফুল রোপিয়া ছাওয়াল কানাই দিল রাখিল মুটক চুল।
ফুলের গন্ধ পায়া রাধার চিৎ হইল আকুল।।
ঠেইল কদম্বে বসিয়া কানাই বাঁশিতে দিল শান।





প্রথম ফোকের বেলা রাধার মন হৈল উচাটান।।
ফিরনা ফোকের বেলা রাধার আউলাইচে মাথার চুল।
রাধা কয় মুই কৎ( নে যাং ঐনা যমুনার কুল।।

ট) যমুনার কুলে ফুল-বৃন্দাবন যইতে রাধার ছল-চাতুরী ঃ-

রাধা —

মাও বলং শাশুরী বলং আঙ্গ বলং তোক্।
কলসী নিয়া জল আনতে যমুনায় পাঠাও মোক্।।

জটলিা —

ঐ ঘাটে জলক না যাইস্ বড় সুন্দরী রাধা।
নন্দের ব্যাটা চিকন কালা বড়য় হারামজাদা।।
আর মানসীর নাগাল পাইলে দুই চহির কথা আলাপ করে।
তোক্ সুন্দরীর নাগাল পাইলে বাঘে হরিন ধরে।।
ঘরের পাছৎ আছে মাও ভেকুয়া নদীর খানি।
এইটে থাকি অনেক মাও ঘরা চারিক পানি।।

রাধা —

যেও কথা কইলেন মাও সেও কথা হয়।
ভেকুয়া নদীর কথা মাও কহেন না যায়।।
বলা উটলে না খঅয় পানি গ(ই না জল।
তোমার ব্যাটার পেট বিষাইবে খাইলে ঘোলাজল।।
তোমার ব্যাটার পেট বিষাইবে মোর বিষাইবে নাঙ্গ।
বুড়া বৃদ্ধর প্যাট বিষাইবে লেখঅ জোকা নাই।।

ঠ) রাধার ফুল-বৃন্দাবনে গমন ও কানাইর সহিত মিলন ঃ-

গীদাল —

ভরা কলসীর জল রাধে পাক-ঝালায় ঢালি দিয়া।
জল আনার ছলে বাইর হৈল রাধা ন্যালভ্যাল করিয়া।।
কতেক দূর যাইতে রাধা কতেক দূরে যায়।
আর কতক দূর গেইলে রাধা ফুল-বৃন্দাবন পায়।।
আর কতেক দূর যাইতে রাধা ফুলের সুবাস লৈল।
ফুল-বৃন্দাবন গিয়া রাধা উপনিত হৈল।।

বুড়ি-বড়াই —

শোন্‌রে শোন্‌রে নাতি নাগর কানই রসিয়া।
রাধার ফুল-বন নষ্ট করিল কি দেখিস তুই বসিয়া।।
চুপ করি তোক্ কংরে কানাই না করিস শরম-ডর।
ফুল-বনেতে যায়া রাধাক এইবার জাপটে ধর।।

গীদাল —

দৌড় মারে নগর রাখে না বান্ধে মাথার কেশ।
ফুল-বৃন্দাবনে যায়া কানাই করিল প্রবেশ।।
ফুল বনে যায়া কানাই উপনিত হইল।
ভয়-পায়া পামরী রাধে ফুলবনে নুকি রইল।।
ডালে ডালে পাতায় পাতায় খুজি ফিরি চায়।
তবু কানাই পামরী রাধার নাগাল নাহি পায়।।
কানই বলে পবন-তাম্বর চাইর পাক থাকি আয়।
কৃষে(র আজ্ঞায় পবন চারিভিতি বায়।।
যতেক ফুলের ডাল গগনে উড়ায়।
ফুল বনে কানাই স্যালা রাধার দেখা পায়।।
দুই পাও হাটয়িা কানাই রাধাক ধরির যায়।
চাইর পাও হাটিয়া রাধা খানিক পালায়।।
চাইর পাও হাটিয়া কানাই রাধাক ধরির যায়।
আট পাও হাটিয়া রাধা খানিক পালায়।।
পালাইতে পালাইতে রাধা খাড়া হয়া কয়।
শোনহে মোর কথা ধামাইয়া যশোদার তনয়।।

রাধা —

হৃদ্দে হস্ত না দেও কানাই নাগিরে হাতের কালি।
শশুরী-মাও দেখিলে মোক পারিবে কুজাত গালি।।
পাওত হস্ত না দেও কানাই ভাঙ্গিবে নূপুর।
শশুরী-মাও দেখিলে মোক্ করিবে দূর দূর।।
হাতে হস্ত না দেও কানাই ভাঙ্গিবে কঙ্কন।
ত্রিভূবন ভরিয়া মোর রটিবে গুঞ্জন।।



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

মাথে হস্ত না দেও কানাই আউলাইবে মাথার কেশ।
বাপ মাও শুনিলে মোক যাইতে না দিবে দেশ।।

কানাই —

হৃদ্দে হস্ত না দিম মামি মোর চউ(  চউ(  দেও।
চউখে চউখে চউখ রাখিয়া চউ( র মায়া নেও।।
পাওত হস্ত না দিম মামি ভাঙ্গিবে নূপুর।
সেই নূপুরের শব্‌দে মোর জাগে বাঁশির সুর।।
হাতে হস্ত না দিম মামি ভাঙ্গিবে কঙ্কন।
সেই কঙ্কনের শব্‌দে মোর নাচি উঠে মন।।
মাথে হস্ত না দমি মামি আউলাইবে মাথার কেশ।
সেই কেশত যে জাগি আছে তোমার মোহনী বেশ।।

গীদাল —

তার পরেতে কানাই রাধার কমরে দিল হাত।
গাও শির শির রাধার চউ(  হৈলেক দৃষ্টিপাত।।
তার পরেতে কানাই রাধার গালত নাগাইল ঠোট।
গাও শির শির রাধার দেহাত কানাই পাতিল জোট।।
তার পরেতে কানাই রাধার ভূমিতে গড়াগড়ি।
রাধা কৃষে(র মিলন হৈল বলো হরি হরি।।
রাম বলো হরি বলো মুকুন্দ মুরারী।
এই খানেতে সমাপ্ত হৈল কানাই ধামালী।।

রাধা-ধামালী

প্রস্তাবনা ঃ-

গীদাল উঠিয়া বলে দোয়ারীর ব্যাটা।
কানাই-ধামালী সাঙ্গ হৈল ধরো বাড়ীর ঘাটা।।
ঘুচিল মদনের জ্বালা তুষ্ট হৈল মন।
কামদেব পূজার গানের আসর এইখানে সমাপন।।
দোয়ারী উঠিয়া কয়া গীদালোক খোচা মারিয়া।
হয় নাই সাঙ্গ রাধাক আইসো বাড়ীত পৌছে দিয়া।।

গীদাল ধরিল ব্যানা হয়া রাগে টং।
দোয়ারী ধরিল এইবার ঐনা রাধার সাং।।

গীদাল —

রাম বন্দোং হরি বন্দোং মুকুন্দ মুরারী।
অল্পে অল্পে গাইবো এবার রাধা-ধামালী।।
রাধার লাগি ছান্দিল কানাই ফুল-বৃন্দাবন।
যমুনার ঘাটে সেই বৃন্দাবনে মিমিল দুইজন।।
ঘুচলি মদনের জ্বালা তুষ্ট হৈল মন।
স্নান করি ঘরে গেল দৈবকীর নন্দন।।
কানাইর সা( াতে রাধার মিলন হইয়া।
বাড়ীতে গেল রাধা দেরি করিয়া।।
কাল যমুনার জল রাধা কলসিতে ভরিয়া।
আপনার মন্দিরে গেল হাটিয়া হাটিয়া।।
এদিকে শাশুরী জটিলা চিন্তিত বড়য় মনে।
যমুনার ঘাটে রাধা আছে বা কার সনে।।
ভাব সাব ভালো নহে বধূ-দ্বিচারিনী।
আয়ান-ঘরনী রাধা হয় বুঝি কলঙ্কিনী।।
হেন কালে জটিলা রাধাক আসিতে দেখিলে।
রাধাক দেখিয়া জটিলা রাগোতে জ্বলিল।।

জটিলা —

সিনানে গেছিস জলত হে বধূ
জলের গনিস ঢেউ।
এত বেলা সিনান করে
কোন গৃহস্থের বউ।।
সিনানে গেছিস জলত হে বধূ
আসলু তুই কেন দেরি।
আসুক আগত আয়ান ব্যাটা
হাতত নাগাইবে বেড়ি।।
সিনানে গেছিস জলত হে বধূ





আসলু তুই সাঁজে।
কার সনে তুই দিন গোঁয়ালু
কোন কলঙ্ক কাজে।।
নন্দের ব্যাটা ডানুয়া কানাই
চ্যাঙরা ভালো নয়।
ঠেইল-কদম্বে বসিয়া কেনে
বাঁশুরী ফোঁকে রয়।।
দূরত থাক্ পাথরত থাক্
বধূ দ্বিচারিনী।
অল্প বয়সে বধূ তুই
হলু দ্বিচারিনী।।
চুলি দেখোং তোর আউলা-ঝাউলা
পিঠিত দেখোং মাটি।
কোন রসিয়ায় রস করিছে
ছিড়িছে গলার কাটি।।
আসুক আগত আয়ান ব্যাটা
কয়া দিম্ বোল তারে।
গোড়া গাওত বেতের বারি
যেন দাগ থুইয়া মারে।।

রাধা —

মাও বলং (াশুড়ী বলং আঈ বলং তোক্।
অপরাধ ( মা করি ঘরত তোল মোক্।।
মাও বলং (াশুড়ী বলং আঈ বলং তোক্।
কলঙ্কের কথা ব্যাটাক্ কয়া ডঅং না খোয়ান মোক্।।
মাও বলং (াশুড়ী বলং আঈ বলং তোক্।
কলঙ্কের কালি আখলে-পাখলে ঘরত তোল মোক্।।
মাও বলং (াশুড়ী বলং আঈ বলং তোক্।
অপরাধ ( মা করি মন্দিরে তোল মোক্।

গীদাল —

এই বলিয়া পামরী রাধা কান্দিতে লাগিল।
কান্দিতে কান্দিতে রাধা পাগলিনী হইল।।
রাধার ত্র(ন্দনে জটিলার চাপিলেক দয়া।
হস্তে ধরি নিয়া গেল মন্দির লাগিয়া।।

জটিলা —

বধূ বলং বেটি বলং মাঈ বলং তোক্।
যমুনার ঘাটে দেড়ি হৈল ক্যা জবাব দে বোল মোক।।
বধূ বলং বেটি বলং মাঈ বলং তোক্।
কার সাথে তুই দিন গোঁয়ালু জবাব দে বোল মোক্।।
ফির যদি আর কোনদিন যমুনার ঘাটে যাইস্।
কলঙ্ক-ভাঞ্জিয়া বধূ বাপ-মাওয়ের মাথা খাইস।।
বাপ হৈল তোর সাদা-ভোদা মাও সদবিনী।
তার ছাওয়া হয়া ক্যা তুই বধূ হবু কলঙ্কিনী।।
ঘরের বউ তুই ঘরে রবু হৈবা সাধবিনী।
সগায় তোক্ জানিবে আয়ান-ঘরনী।।

গীদাল —

রাধারে (মা করি জটিলা ঘরেতে তুলিল।
কানাই-এর পিরীতি রাধার অন্তরেতে রইল।।
বুঝিয়াও না বুঝে রাধা প্রবোধ না নেয় মন।
নন্দের ব্যাটা কানাইর লাগি বড়য় উচাটন।।
কৃষ( করে আকর্ষন রাধা করে আরাধনা।
ভক্ত( ভগবানের লীলা-কথা হৈল বখানা।।
শিষ্য যদি ভজন করে গু( না খায় গালি।
পরকীয়া প্রেম-তত্ত্বে রাধা-ধামলী।।
রাম বল হরি বল মুকুন্দ-মুরারী।
এই খানেতে (াস্ত করি রাধা-ধামালী।।

দোয়ারী-ছোক্‌বার ধামালী

(কামদেব বন্দনা, ডাকালীর জন্মকথা, থুড়ীর জন্ম কথা- ভা(য়া





গোলামের গান)

কামদেব বন্দনা ঃ-

আজি দেব দেব কাম দেব হে,
দেব দেব কাম দেব হে, ঠাকুর মদনকাম।
ভক্‌তি ভরে যে জন পূজে
তার পুরায় মনস্কাম হে।।
আজি দেব দেব .......
ত্রেয়োদশীতে বাঁশত কাপড়, চর্তুদশীতে হম্
পূর্ণিমাতে বাড়ী বাড়ী বিড়ায় মদন কাম।।
আজি দেব দেব ............
চৈত্র মাসে চতুর-খেলা, ভর পূর্ণিমার চাঁন
হস্তে ধনুক কোঁচে বাটুল, নামিল মদন কাম।।
আজি দেব দেব ..............
রামরে রামরে হরি রাম সে নারায়ন
এই বার মোকে করো দয়া ঠাকুর মদন কাম।।

ডাকালীর জন্মকথা ঃ-

কানাই ধামালী রাধা ধামালী হইল ভালে ভালে।
ডাকালীর জন্ম কথা এবার শোন সকলে।।
রামরে রামরে হরি রাম সে নারায়ন।
এই নাম মুখে নিলে হয় দুঃখ নিবারণ।।
হরির পুত্র মদন কাম বড়য় দয়াময়।
মদন কামে মানস করিলে ঘরে পুত্র হয়।।
দেব দেব কামদেব হে
দেব দেব কামদেব হে, ঠাকুর মদনকাম
ভক্তি( ভরে যে জন পূজে
তার পূরায় মনস্কাম হে।।
রাম রে রাম রে হরি রাম সে নারায়ন
এইবার মোর করো দয়া ঠাকুর মদনকাম।।
(বাখানঃ)

ছোকরা —

হির দ্যাখ হ্যানে বা নাতেন আরো থ্যানেরে
ওরে ভা(য়া গোলাম হ্যানে বা নাতেন থ্যানেরে।
ঠাকুর মদন কাম বন্দিলু গোলাম তুই
মোক্ না বন্দিলু ক্যানেরে।।

দোয়ারী —

হির দ্যাখ হ্যানে বা নাতেন আরো থ্যানেরে
ওরে ভা(য়া গোলাম হ্যানে বা নাতেন থ্যানেরে।
ঠাকুর মদন কাম বন্দিলু গোলাম তুই
মোক্ না বন্দিলু ক্যানেরে।।

দোয়ারী —

হির দ্যাখ্ ধাম ধামাধাম ধামারে শালি
হ্যার দ্যাখ্ ধাম্ ধামাধাম্ ধাম্ রে।
পথমে উঠিয়া নিলাম
ঐ না ঠাকুর মদন কামের নামরে।।

ছোকরা —

হির দ্যাখ হ্যানে বা নাতেন আরো থ্যানেরে
ওরে ভি(য়া গোলাম হ্যানেবা নাতেন থ্যানেরে।
মদন কামের গান গাবু তা
ডাকালী নিচিস্ ক্যানেরে।।

দোয়ারী —

হির দ্যাখ ধাম ধামাধাম ধামরে বাজন
শোনরে মোর খাটো শালি চ্যাপটি শালি।
ঐ না মদনকামক ভর করিয়া
ও শালি মুই কোপাং ডাকালী।।

ছোকরা —

হোঙ্ হোঙাখান হোটে
তোর ডাকালীর জন্ম কোটে
কও রে দোয়ারী গোলাম,





খাটো গোলাম, ঢ্যাক্রা গোলাম,
ডাকালী দিয়া কি করে
তোর ঠাকুর মদন কাম।।

দোয়ারী —

কমো নাতেন কিরে শালি মোর
কমো নাতেন কী
ঐ না মদন কামক ভর করিয়া
শালি মুই কোপাঙ ডাকালী।।
থোড় থোড়াখান থোড়ত।
ডাকালীর জন্ম হৈচে বড় বাঁশে গোড়ত।।
কঙ্ রে শালি শুন
মোর ধৌলি শালি ধাগরি শালি।
রতি দেবীক্ বাকন করিব বাদে
মদন কামে কোপায় ডাকালী।।

থুড়ীর জন্মকথা ঃ-

(বাখনঃ) দোয়ারী —

হির দ্যাখ্ ধাম ধামাধাম ধামরে বাজন
শোনরে শালি তোর হোঙ হোঙাখান হুড়ী রে।
বাঁশ খেলার নাচন দেখাবু তা
নিচিস্ ক্যানে তুই থুড়ীরে।।

ছোকরা —

আরে শোন শোন ভা(য়া গোলাম জারযয়া গোলাম
শোনরে মোর ডোং ডোঙ্খান ডোঙারে।
মদন কামেক ঠান্ডা করির বাদে
মুই নিচং গোলাম বড় বাঁশের চোঙারে।।

দোয়ারী —

হোঙ হোঙাখান হোটে
থুড়ীর জন্ম কাটে।
কওরে ধৌলি শালি

চ্যাছ্‌রি শালি ধাগরি শালি।
থুড়ী দিয়া কায় করে
মদন কামের বাখালী।।

ছোকড়া —

কমো নাতেন কীরে গোলাম
কমো নাতেন কী।
চ্যাদ্‌রা থুড়ীক্ ঠান্ডা করির বাদে নাগে
হাঙরা ডাকালী।।
থোড় থোড়াখান থোড়ত।
থুড়ীর জন্ম হৈচে বড় বাঁশের পোঁড়ত।।
কঙরে দোয়ারী গোলাম
নাড্ডা গোলাম প্যাড্ডা গোলম।
থুড়ীত হ্যাচর হ্যাচর করে
তোর ঠাকুর মদনকাম।।
ওরে পূজা পাতেক দোয়ারী গোলাম
পূজা পাতেক তুই।
ঐ না মদন কাম পূজার বাদে
থুড়ীত মুই থুইচোঙ দই।।
হৈ হৈয়াখান হোটেরে
হৈ হৈয়াখান হোটেরে
মদন কামের পূজা দিবু তা
আসন পাতিবু কোটেরে।।

দোয়ারী —

আরে পূজা পাতিচোঙ, পূজা পাতিচোঙ মুই
এইবার পূজার আসন পাতিবু তুই
তারে উপুরা হাঙ্কুর পাড়ি
মদন কাম পুজিম মুই।।

ভাঙাটিনের বাখানী





(কামদেব পূজা মহিমা ও নাড্ডা দোয়ারীর গান)

ক) কামদেব পূজা মহিমা ঃ (স্বপ্নাদেশ)

মদন কাম উঠিয়া বলে ওরে বাপু নাড্ডা দোয়ারী।
ভাঙাটিন বাজেয়া তুই বেড়াও বাড়ী বাড়ী।।
হাত পাওত প্যাষ্টা বান্দেক মুখত মাখাও কাজল।
টারি বাড়ীর মানষী কইবে নাড্ডা-দোয়ারীর দল।।
হাত-পাওত বান্দেক শামুকের খোলটা, গাওত ফাঁড়াজাল।
ঢুক্ ঢুকিয়া ভাঙাটিন বাজেয়া তোলেক গানের তাল।।
গান করেক, মাখন তোলেক, পূজা করেক মোর।
ধনে বংশে বাড়িবে সংসার পুত্র হইবে তোর।।
জ্বর-জ্বারি-হাগা-মোতা সৌগ যাইবে ছাড়িয়া।
ডিক্কি খাবু ডিক্কি বেড়াবু মোর মদন কামের নাম নিয়া।।
তোরে হাতে পূজা খাইতে মোর বড়য় হাবিলাশ।
চৈত মাসের ত্রেয়োদশীত আঙিনাত গাড়িবু বাঁশ।।
চতুরদশীত হম্ করিবু পূজা করিবু বামনক্ ডাকিয়া আনি।
পূর্ণিমার দিন বাড়ী বাড়ী দেখাবু ভাঙাটিনের বাখানী।।

খ) নাড্ডা দোয়ারীর গান (মাগনের গান) ঃ-

ও গিরিহে পূজো মদন কাম
পূজো ঠাকুর মদন কাম।
মদন কামের নামে জাগে
শিব কৃষ( বলরাম।।
মদন কামের বড়য় ধক্
পূজো বাড়ী বাড়ী।।
এই কথাটা কয়া বেড়াং
মুই নাড্ডা-দোয়ারী।।
বাঁশক তোল বাঁশক পুজো
বাঁশের করো চাষ।
বাঁশ বিনে মদন-কামের
মেটে না হাবিলাস।।

গচের ঠেইলের মদন কাম
নাল টুক্‌,টুক্‌ করে।
পূজাত খানেক নারানামা হৈলে
মহন্তের ব্যাটাক ধরে।।
ঢুক্‌ ঢুকা ঢুক ঢুক্‌ ঢুকা ঢুক
মদন কামের গাইন গাই।
হেলিয়া দুলিয়া নাচি আর
ভাঙা টিন বাজাই।।
মদন কামের মাগন দেও হে
অন্যের বাড়ী যাই।
হেলিয়া দুলিয়া নাচি আর
ভাঙা টিন বাজাই।।
মদন কামের মাগন দেও হে
ভরা কুলা ধান
তার সাথে দেও হে গিরি
জোড়া গুয়া পান।।
জয় জয় মিস্তে মদন কাম।।





# ২. ধাঁধা(RIDDLE)

আটকট্‌ ঝট্‌কট্‌ দুয়ার বান্ধে কট্‌কট্‌।
অড্ডিম পঙ্খি আফুলাশাক
কোন জীবের আঠারোটা নাক?
— বাদুর ও চামচিকা, ঢেঁকিশাক, শাটি বা টাকী মাছ।
পা অডিম পাখি (—দিনহাটা)
অনেক গিলা বাপোই, একেনা শিকোই। —ঝাঁটা
অলি অলি পাখির দল গলি গলি যায়,
বানিয়ার দোকানত যায়া উলটা বাজি খায়।
—পুরানো দিনের কাঁচা টাকা।
অহল্যা গৌতমের নারী ইন্দ্রের সতে কেলি করি,
শাপান্তে হইলেন যাহা দ্যেক অইকখরটা বাদ দিয়া
হামার বাদে অনিবেন তাহা।— পা(ষা)ণ।
তু ক) অহল্যা গৌতম নারী আপন মনে বিচার করি
পতিশাপে হয়েছিল যাহা—
মাঝের অ( র ছেড়ে দিল-পাইবেন তাহা। (—বাঁকুড়া)
খ) গৌতম মুনির শাপে অহল্যা হয়েছিল যা
মাঝের অ( র বাদ দিয়ে, নিয়ে এস তা।
(—বড়ো বৈনান, বর্ধমান)
আই আই আই- ঘর আছে তায় দুয়োর নাই -ডিম
পাক) আই গো আই-ঘর আছে তো দুয়ার নাই।(-পাইগুড়ি)
খ) বল দেখি ভাই- ঘর কোনা আছে দুয়ার কোনা নাই।
(—কোচবিহার)
আই আই আই, বাচ্চাকালে কাপড়া পরে, বড় হইলে নাই।
-বাঁশ।
তু ক) ছোড়ুকালে জামা-জোড়া

বয়স কালে লেংডা
বুড়া হইলে দেয় দশহাত ঘোমটা। (- ময়মন সিংহ)
খ) পোয়াকালে বস্ত্রধারী যোয়ানকালে উলঙ্গ,
বুড়া কালে জটাধরী মধ্যে মধ্যে সু(ঙ্গ। (-চট্টগ্রাম)
গ) ছোটুবেলায় পরে জামা,
বড় হলেই নেংটা মামা। (-বাঁকুড়া)
আইলে আইলে যায়,
ভুলকি মারি চায়। -সূচ।
পাক) আলি আলি যায়, উঁকি মারি চায়। (-কোচবিহার)
খ) আইলে আইলে যায়, খোট্‌কে আধার খায়। (-মাথাভাঙ্গা)

১. গুহ্যদ্বার দিয়ে।
খ) টুউর টুউর ডুবে মরে, পোঁদে আধার খায়। (-চট্টগ্রাম)
গ) টিপিক টিপিক খায়, নেজে আধার খায়। (মেদিনীপুর)
ঘ) আইল দিয়া বলদ যায়, নেঙ্গুরে ঘাস খায়।(কিশোরগঞ্জ)
আংখির গাছত পংখির ভাসা
পুকটিত হাত দেয় কোন চাষা। —বোলতা
আকাশ থাকি পইল চ্যাপটা নাগি রইল। —গোবর
পা চ্যাপ্‌গা নাগি রইল (-দিনহাটা)
স্ত্রী স্বামীকে বাজার থেকে আনতে বলেছে,-
আকাশ হাতে আকাশ নাড়ু,
মঙ্গায় মারির পাত,
কপালোতে তিলক ফোঁটা, হাতির দুই দাঁত।
— সুপারী, পান, চুন, ২টি মূলা।
দ্র ‘হাটের গোটা গোটা-’
পা ক) ধান ঘাঁটেছে সুন্দরী কইনা ধানত দিয়া পাও
আজার দেওয়া হাট, কি কি সওদা চাও।
— আকাশ হাতে আকাশ নাড়ু, মন জোয়ানীর পাত
কপালতে তিলক ফোঁটা, হস্তির দুইটা দাঁত।





খ) আকাশে আকাশ নাড়ু, মন ঘুমানীর পাত
চাইর ভাইর গালাত দড়ি, হাতির দুইটা দাঁত।
— সুপারী, পান বা তামাক, বেগুন, মূলা (-লপাইগুড়ি)
আকাশ হাতে পাইল টেমকি টেমকি আগুন জ্বলে,
ছাওয়ার হাতোত্‌ দিলে তায় কিচির মিচির করে।
— জোনাকি পোকা।
আকাশ হাতে পাইল ধুম ধুম কয় মোর কটি শুং
— গাছ থেকে ফল পড়া।
পা ধুম কয় মোর কোটিখান শুক। (-জলপাইগুড়ি)
আকাশতে ভুনভুনায় ভুনভুনীও নোয়ায়,
মাটিত ন্যাট পেটেয়া শুয়ারও নোয়ায়।
— কুশশি (জমির ঢেলা ভাঙার বাঁশের তৈরী হাতুড়ি বিশেষ)
আকাশে ঘর, পাতালে দুয়োর
এই শিলোক যায় ভাঙি না দিবে
তার বাপ শুয়োর। — বাবুই পাখির বাসা।
তু ক) আকাশে ঘর, পাতালে দুয়ার
আইসা যাওয়া করে নন্দ গোয়াল। (-রঙপুর)
খ) আকাশেতে নলোপোতা, পাতালেতে দুয়ার
আসি যাই করছে নন্দ গোয়াল। (-জলপাইগুড়ি)
আকাশে জন্মিল ফল মানষির লোভা
তার পেটে জন্ম নেয় রজনী সম্বাহা
যারে পেটে জন্ম নেয় তারে মসমূ খায়,
হস্তীর নাকান জন্তু নোয়ায়, চলে ছয় পায়।
— আমের পোকা
১. অযোনী সম্ভবা।
তু দৈবের দুর্লভ বস্তু, মনুষ্যের লোভ।
হাতির মত মুন্ড বীরের, চলে ছয় পায়
তার মধ্যে জন্ম হয় অযোনী সম্ভবা
যার গর্ভে জন্ম হয় তারে মাংস খায়। (-রঙ্গপুর)

আকাশে জুড়লাম লাঙ্গল, পাতালে জুড়লাম মই,
সাততাল কাউয়ায় চিবড়িয়া খায় খই। — বৃষ্টি

"সপ্ততাল বৃষ্টির পর মাটীর নীচ হইতে মহীলতা প্রভৃতি যে-সকল পোকা উঠিয়া থাকে, এখানে সপ্ততাল শব্দে তাহদিগকেই বুঝিয়াতেছে।" — প্রভাসচন্দ্র ভট্টাচার্য।

আকাশে টলমল পাতালে সুর
এই ভাঙতি বুঝি না দিলে, গুষ্টি সুদায় গ(। — ঘুড়ি
১. সিঁড়ি
পা একিনা কতা বুঝিনা দিবার পাইলেনাগিবে একটা গ(।
আকাশে থুনু সা৲ি পাতালে থুনু সা৲ি
একে ডুবে তুলুন চোঙানী কাটা পাখী শালুক ঃ (রঙ্গপুর)
আকাশেতে ছিল কৈনা, নারী নাম ধরে
পরপু(ষ দেখিয়া দোস্রা ছেন্দা করে।
সেই ছেন্দা দিয়া টানিলে করে গারাৎ-গোরাৎ
আর, খাঁচ কাটাটা ভরায়া দিলে বিধাতার ফোরোক।
— হুং কার থেলো (জলপাগুড়ি)
পা আকাশতে ফলে বিরিখ নারি নাম ধরে,
পরপু(যে পাইলে তাক, একটা অধিক ছিদ্র করে।
— হুংকার খেলো।
তু স্বর্গে ছিলেক নারী, নারি নামে ধরে।
নরনোক আমি জুদায় ফোড় করে
কাম নাই, কাজ নাই, সোদায় গোড়ত গোড়ত করে।
১. সদায় হুংকা (জলপাইগুড়ি)
আগ ঝুম্ঝুম্ গোড়া মোটা যায় কবার না পায়
তায় নোয়ায় বাপের ব্যাটা। — ঝাঁটা।
আগ দিয়া বাঘ যায়
ন্যাটো দিয়া জল খায়।
— প্রদীপের সলতে। (জলপাইগুড়ি)





আগল টিং টিং গোড়ত ফোড়,
ওইটা মোর বন্দনার গোড়(
মোর বন্দনা হেলিবে না, পেলিবে না
সইত্য করি কহিলে কহা যায়,
এ বুড়াবুড়ির কার্য নোয়ায়
পালে চ্যাঙড়া-চেঙড়ী ঢুকায় দেয়।
পা ১. বুড়াবুড়ীর কাম না হয়।
২. চ্যাঙড়া-চেঙড়ী পালে
থুত দিয়া কাচাৎ করি ভরেয়া দেয়।
— সূচ সুতো পরানো। (জলপাইগুড়ি)
আগাল আছে তার গোর নাই
হলদি বরণ গাও,
এই শোল্লোক ভাঙি দিবার না পাইলে
মাইয়ক কবু মাও। — স্বর্ণলতা।
১. স্ত্রীকে
আগাল ঝাটাং পাটাং গোড় ডে(য়া
এই শোলোক ভাঙি না দিলে
গুষ্টি সুদায় জা(য়া। —ঝাঁটা
তু আগায় ঝুনঝুনি, গোড়খান মুটে
যে না বলতে পারে
তার (শ্বশুর-শাশুড়ী ভুটে। (-খুলনা)
আগালটা হইল্ আউল-ঝাউল,
গোড়াটা হইল্ আচ্ছা
মুক দিয়া ডিমা পাড়ে,
টিকা দিয়া হয় বাচ্চা। — কলা গাছ
তু ক) আগাল খান ঝাটাং পাটাং গোড় খান হইল আচ্ছা।
মুখ দিয়া প্রসবিল ডিম্ব, পুটকি দিয়া হইল্ বাচ্চা।(-কাচবিহার)
খ) মাথাটা হোইল্ আংসাং, মোন্দটা হোইল্ আচ্ছা।
মুক দিয়া ছাওয়া হয়, কোটি দিয়া বাচ্চা। (-জলপাইগুড়ি)

27_ICH



গ) গোড় আগালে ধুতুরা ফুল, মোইদ্যখান হইল আচ্ছা,
উপর দিয়া ছাওয়া হয় তল দিয়া হয় বাচ্চা। (-কোচবিহার)
আগালোত ঝিকিমিকি, গোড়োত বাদা,
এই শোলোক ভাঙি না দিলে গুষ্টি সুদায় গাধা। — আদা।
আছিলং পঞ্চভাই
বিধি কইচ্চে ঠাঁই ঠাঁই। — হাতের পাঁচটি আঙ্গুল।
আজার (রাজার) বাড়িও হাত্তি
দিনাং খায় লাত্তি। — ঢেঁকি।
আজার বেটি কামলী
ভিজিবা পারি, শুকিবা না পারি।— জিহ্বা (জলপাইগুড়ি)
আজার বেটি ধুন্ধুলি কাটি বিনা কোদালে কাটে মাটি।
১. পা ধুম কোদালি।
তু ক) রাজার বেটি ধেন্দল পেটী
বিনা কোদালে খোঁড়ে মাটি।(-রঙ্গপুর)
খ) আজার বেটি ধুমদল পেটি,
বিন কোদালে খোঁড়ে মাটি। (-জলপাইগুড়ি)
আজার বেটি বীর বসিয়া মারে তীর।
— লজ্জাবতী লতা (-জলপাইগুড়ি)
আজার বেটি ভাত খায়
পিঁড়ার তল দি সাপ যায়।
— পিঁড়ির তলা দিয়ে জল গড়ানো।
তু রাজারো পোয়া ভাত খায়
পিঁড়ার তলদি হাপ যায়। (-চাকমা)— পিঁপড়া।
আজার ব্যাটা ধনে(্রর কোয়ারী রান্দে কড়কড়।— তালা
আজুর বাড়ি গেলুং এক ডোগা দই খাবারে না পালুং।
১. ছোট ছোট মাটির হাঁড়ি বিশেষ।
আট ঠ্যাং নাই পুক্‌টি।
কায় গোঁসাই, তোর বাড়ি কুত্তি।— আটই (এটুলি)।
আট ঠ্যাং যোল হাঁটু,





মাছ ধরির গেইল লাটু,
শুকান ভুমে পাড়ি জাল
মাছ ধরে লাটু চিরোকাল। — মাকড়সা।
তু ক) আট ঠ্যাং যোল হাঁটু, মাছ মারে না লাটু।
ফেলায় জাল ভেজে না, মারে মাছ তা খায় না।
(-কোচবিহার)
খ) আট ঠ্যাং যোল গাঁঠু, জাল ফেলাছে শুকনা ঠেঁটু
মাছ না ফান্দে না ফান্দে পানি
সকালে উঠিয়া শুকান ঠেঁটু করে টানাটানি।
(-জলপাইগুড়ি)
গ) আট ঠ্যাং যোল হাঁটুয়া মাছ মারে নিছালটিয়া
ডাঙ্গাত ফ্যালেয়া জাল বসি আছে টন্ডে নাল।
(-ঘোকসাডাঙ্গা ঃ মাথাভাঙ্গা)
ঘ) আষ্ট ঠেং যোল আন্ডু, জাল বসাইয়ে রাধাকানু
মাছ না বাঝে, কেঁজা বাঝে। (-চামকা)
ঙ) আট পা যোল হাঁটু, মাছ ধরিতে গেল ঢাঁঠু
স্বর্গে ফেকিল জাল, মাছ ধরে চরিকাল।(-ঝাড়গ্রাম)
পা আট পাও যোল হাঁটু,
জাল পাতি বসি আছে মিঠু
তার জালে জলও না বাজে মাছও না ওঠে।
আট হাত কাউয়া নয় হাত নাউয়া
যোল হাত বল্লার চাক, কুড়ি হাত বামনের নাক।
১. আট হাত — আঠাৎ-ফাঁদে পড়া কাক।
২. নয় হাত — নয়াত-মৃতাশৌচের পর নাপিত কর্তৃক মস্তক মুন্ডনাদি ত্রি(য়া।
৩. যোল হাত — শোলাত-শোলার গাছে বোলতার চাক।
৪. কুড়ি হাত — ত্রি(য়াত-দশকর্মে ব্রাহ্মনের উপস্থিতি।
আড়া বাড়ি থাকি বিড়াইল সাপ
নেটু ধরিয়া মারে এক পাক। — নাকের প্যাটা।

তু আড়া বাড়ি থাকি বিড়াইল সাপ
নেঙ্গুর ধরি মা(েন এক পাক। —রঙ্গপুর
আড়া বাড়ীত বান্ধিনু গাই চোঙা আন ছেকির যাই।
— মাছ ধরা।

"চরকী বা ঘুনি নামক মৎস ধরিবার যন্ত্র হইতে মৎস নিষ্কাশন করা।" (-বাধাঁভূ)

আনবু রতন, করবু যতন। দ্যাখয় কেমন? - হামার মাতোন।
— আয়না।

আন্ধির সোমায় সগারে আগতে নাগেখাবার সোমায় ফ্যালে দেয়।
১. রন্ধন কালে। —তেজপাতা।

আম্সি আম্সি টেংসি টেংসী, তুংসি প্রাণ খালুরে।
নাক খেমচি বোঁচা নাকি, তুই কোনতে আলুরে।

১. আম আম মত ২. টক টক মত ৩. তুই সি- তুই অর্থে। আম্সি ও টেংসির সঙ্গে ধ্বনিসাম্য বজায় রাখার জন্য তুংসি হয়েছে বলে মনে হয়।— ডাউয়া ও ব্যাঙ।

পা অমন্ত আমন্ত টেংসু টেংসু তুই সে প্রাণ মোর খালু রে,
নাক থ্যাবড়া বোঁচা নাকা তুই ক্যানে আলু রে।

উত্তরটি ভিন্নভাবেও পাওয়া যায়- ডুমনি (ডুমুর), ব্যাঙ ও কাক। তবে 'ডুমুর' উত্তরটি সম্ভবত ঠিক হবে না।

৪৪. আমের গাছত কন্দুকা তাতে চাইছে এন্দুকা
ক্যাটাৎ কি কুট্যুৎ কি -ভ্যা। —গল্পমূলক ধাঁধা।
১. কুমড়া ২. ইঁন্দুর।

আমরে গাছে লতানো ছিল একটি ফলন্ত কুমড়া গাছ। ঐ গাছের তলায় একটি ভেড়া শুয়ে ছিল। একটি মেঠো ইঁদুর আম গাছের কুমড়া লতাটিকে কূট কূট করে কাটতে লাগল। অল্প কিছু(েণর মধ্যেই কুমড়াসহ কর্তিত লতাটি গাছের তলায় শোয়া ভেড়াটির গায়ের উপর পড়ল। তখন আহত ভেরাটি ভ্যা ভ্যা করে ডাকতে ডাকতে মারা গেল।

৪৫. আরে ভাই কি করেন কানা কুনা দুই পায়ে নাকি চলি গেইল
মানষি তিন ঝনা।





— কোলে পিঠে দু'টি সন্তান নিয়ে এক নারী চলে গেল। "দাম্পত্য কলহের ফলে নারীটি স্বামীকে না জানিয়ে খেয়া পার হয়ে বাপের বাড়ি চলে গেল। মাঝি াতর পরিচয় জানতে চাইলে নারীটি 'তিন তেরো আরও বারো-' ইত্যাদি ধাঁধার পরিচয় দিলে মাঝি তার স্বামীকে চিনতে পারে। পরে স্বামীটি এসে ধাঁধাতেই মাঝিকে প্রশ্ন করে - 'আরে ভাই কি করেন'-ইত্যাদি।"

৪৬. আল্লার দুয়ারে বোল্লার চাক একটা গাছের একটা পাত।
১. দু'সারি দাঁত। — জিহ্বা।

৪৭. আসিতে গুজুর গুজুর গেইতে গুজুর গুজুর।
এই ভাঙ্গতি বুঝি না দিলে গুষ্টি সুদায় কুকুর।
— শুঁয়া পোকা।

৪৮. আসিল ঝম্ঝমিয়আ পইল্লেক ঘুঘু পাখা মেলেয়া
ধরিল আধার, গিলিল্ না। — জাল।

৪৯. আসিল বাউ, বসেক, চামচিলকাটা চুষেক।
— হুঁকা খেতে বলা (জলপাইগুড়ি)।

৫০. আসিলেক কালা খাঁ, বসিলেক ডালে
কোনয় ব্যাটার সাধ্য নাই
কালা খাঁ-ক আটকাইতে পারে। — রাত্রি

৫১. আসিলেক বোসন্তকাল
হইলেক নালে নাল(
নালখান খসি পইল -
বোচা বুড়িটা আট্কি রইল।
কাপ্পাস কালা কামরাঙ্গা
ফাটি হইল ডাংডাংগা। — শিমূল ফুল ও ফল।

৫২. আস্তার ধারে গছটা, ফল হয় তাত্ বারোটা
পাকিলে হয় ফির একেটা। —বারোমাস ও বৎসর।

তু খালের ধারে এট্টি গাছ,
ফল হয় বারোটি পাকলি একটি।
(— বহড়ু ঃ দঃ ২৪-পরগণা)।

৫৩. ইটা কুর্কুর্ ভিটাৎ বাড়ি,

কোন জন্তুর জিহ্বাৎ দাড়ি।  — শামুক।

তু  লাঠি ঠন্ঠন্, লাঠি ঠন্ঠন্, পিঁড়ায় বাড়ি।
কোন জন্তুর জিহ্বায় দাড়ি?

১. 'পিঁড়ায় বাড়ি' কথাটি কি 'পিঠে বাড়ি' অর্থে ব্যবহৃত হয়েছে? শামুক অতি ধীরে ধীরে চলে। তাই বৃদ্ধদের অনুসঙ্গে লাঠি ঠন্ঠন্, লাঠি ঠন্ঠন্ হতে পারে।

৫৪. ইতিম্ পিতিম্ চৌডালে ভাসা
আঁধারে গিলল ছাও-
এত বড় তামাসা।
— একটি বিড়াল চিলের বাচ্চা খেয়ে নিল।

৫৫. ইত্তি গেনু উত্তি গেনু, গেনু চওড়ার হাট(
একটা কন্যা দেখে আইনু, ষোল সারের দাঁত।
— লাউ (কোচবিহার)

৫৬. ইত্তি গেনু উত্তি গেনু, গেনু চিলকির হাট(
একনা বুড়ী দেখি আসিনু চৈদ্ধকোনা দাঁত।  — বেদা।

৫৭. ইত্তি গেনু -  একনা বুড়ীর দেখি আসিনু
খিস্খিস্যা দাঁত।  —কুমড়ার বীচি (কোচবিহার)।

৫৮. ইত্তি গেনু-  একনা বুড়ীর দেখি আসিনু
যোল্লোকোনা দাঁত।  —কলার ছড়া (কোচবিহার)।

৫৯. ইত্তি গেনু উত্তি গেনু, গেনু বলাইর হাট(
একটা চ্যাংড়াক দেখি আসিনু প্যাটের উপরা দাঁত।
—বদনা (কোচবিহার)।

৬০. ইত্তি গেলুং উত্তি গেলুং, গেলুং অংপুরের হাট(
একনা বুড়ির দেখি আসলুং একেকোনা দাঁত।
— কাড়ালি
(ধান ঝাড়ার জন্য তাঁকশি বিশিষ্ট বংশদন্ড বিশেষ।) তু নং ৬৩

৬১. ইত্তু কোনা বাটি, সোনা দিয়া ভত্তি।  — ডালিম

৬২. ইদি নাচে, উদি নাচে,
তোমার বাড়িত কি তায় আছে?  —





কুশসি/ঝাঁটা (-রঙ্গপুত্র)

৬৩. ইর গেলুং বীর গেলুং, গেলুং বীরের হাট(
একেনা বুড়ার দেখি আসিলুং একেকোনা দাঁত। — কাড়ালী।

৬৪. ইর গেলুং-  একে শুল্কি দেখি
আসলুং ষোল সারি দাঁত।  — ভুট্টা।

তু  হিত্তি গেনু হুত্তি গেনু , গেনু মন্ডল ঘাট(
একনা কইনা দেখি আসিনু যোল্ল সারি দাঁত।(-জলপাইগুড়ি)

৬৫. ইরকিচি বিরকিচি, নাই চোঁচা নাই বীচি।  — লবন।

তু  ক) ইকরি বিকরি নাই চোচা নাই বিচি।
(-জলপাইগুড়)

৬৬. ইল শুকাইল বিল শুকাইল
শুকাইল নদীর জল,
কেমন করি চরি গেইল
গাছের মাথাত জল।  — ডাব।

৬৭. উঠ বুড়া মুই বইসং।
— ঘরের পুরনো খুঁটি বদলে নতুন খুঁটি বসানো।

৬৮. উঠিতে ঝকমক বসিতে পাহাড়
ল(  ল(  জীব মারে, না করে আহার।
— জাল।

তু  ক) আশমনে ঝকমক, পড়িলে পাহাড়,
জীব মারে হাজার হাজার, না করে আহার।
(- দিনাজপুর)
খ) উঠিতে ঝাটং পাটং বসিতে পাহাড়
ল(  ল(  জীব মারে না করে আহার।
(- কোচবহিার)
গ) চলিতে (নঝুনু, ষলিলে পাহাড়
শত শত জীব মারে, না করে আহার।
(-ঝাড়গ্রাম)
ঘ) পড়িতে ঝুনঝুন উঠিতে পাহাড়,

লাখ লাখ জীব মরে না করে আহার। (-বাঁকুড়া)

৬৯. উড্রো গ( বড় বড় শিং

বড় বড় দরিয়ার পারে নিন — কাঁকড়া।

তু ওদরং গ(র বদরং শিং

বড় বড় ধানিয়াত পারে নিন। (-জলপাইগুড়ি)

৭০. উতরতি হিরির গিরির, দখনতি বান

গোছি মাছটা ডিমা পারে পাথরের সামান(

আছড়াতে ভাঙেয়া, হাতির টিপ সয় না।

— বুদ্ধুদ (জলপাইগুড়ি)।

৭১. উত্তর হাতে আসিল ঝ(

ঝ( কয় মোর কমর স(। — ঝাঁটা। (বান্নি)।

৭২. উত্তর হাতে আসিল বলগা সাদা ফক্‌ফক্‌ করে

মাছও না খায় মস্‌মও না খায় মাটি কামড়ে মরে। — শিল।

৭৩. উদা উদা উদা, যেলা উদার মনত পড়ে

গোটায় মানষিটাক ঘাড়ত করে। — খড়ম (জলপাইগুড়ি)।

৭৪. উপর চ্যাপ্‌টা তল চ্যাপ্‌টা চ্যাপ্‌টায় চ্যাপ্‌টায় কয়,

মোইন্দর একেটা হিংয়লের মুড়া টক্‌টক্‌ করিয়া রয়।

— জাঁতা।

৭৫. উপর থাকি পউল ঢ্যাপ,

ঢ্যাপ কয় মোর প্যাট কাট। — সুপারী।

তু ক) স্বর্গে থাকি পইল ভ্যাট্‌

ভ্যাট কয়- (- রংপুর)।

খ) আকাশ থাকি পইল ভ্যাট্‌- (-কোচবিহার)।

৭৬. উপর থাকি পইল বগিলা ধলা ফক্‌ফক্‌ করে,

মাছ না খায়, মসম্‌ না খায় মাটিৎ কামরেয়া মরে। — শিল।

৭৭. উপর থাকি পড়িল ছুরি

ছুরি কয় ঘুরিয়া মরি। — বাঁশপাতা।

তু আকাশ থে পড়ল ছুরি

ছুরি বলে আমি কোথায় ঘুরি।





(- বহড়ু( ২৪-পরগণা)।

৭৮. উপর থাকি পড়িল সাংকুরা

সাংকুরা সাং সাং করে,

হাতও নাই, পা-ও নাই

মাটি কামরেয়া মরে। — কোদাল।

৭৯. উপর হল্‌দিয়া ভিতর সাদা

পন্ডিতের ঘর বুজে আদামাদা

মুর্খের ঘর বুজে কলা। — পাকা কলা।

৮০. উপর হাতে পইল ছুরি

বেত কাটা গেইল আঠারো কুড়ি। — নাপিতের (ুর।

তু ক) এখঅন থেকে মারলাম ছুরি

বাঁশ কাটলাম আঠারো ঝুরি। (-মুর্শিদাবাদ)।

খ) এই কুল থাই মারলাম ছুরি

বেত কাটা গেল আঠার কুড়ি।(-চাক্‌মা ঃ চট্টগ্রাম)।

গ) বেত বাড়িতে ফেলানু ছুরি

বেত কাটা গেইল আঠার বুড়ি।(-রঙপুর)।

৮১. উপর হাতে পরিল বুড়ি সাদা কাপড় পরি

ভজনত বসিল বুড়ি ঘাড় ন্যাল্‌ ন্যাল্‌ করি। — বক।

৮২. উপরে খোলসা তলত খোলসা

তার মোইন্দে নাল তামশা। — মুসুর ডাল।

১. খোসা

পা উপরতেউ মালসা নীচতউ মালসা

মইদ্যত্‌ আছে নাল তামসা।

৮৩. উপরে চিকন-চাকন, তলে ভের-ভেসা

এই শিলোক বুঝি দিবা না পাইলে

বাপ-মাও তোর গাধা।

— ঘরের নিকানো বেড়া (জলপাইগুড়ি)।

৮৪. উপরে পাত পাতারি তলত আছে ফালা,

মাও খায় বাপে খায় সগায় খায় তলত আছে আটা।— গম

৮৫. এই গেইল, এই আসিল।
পা হুর গেইল, হের আসিল। — দৃষ্টি।
৮৬. এইঠে থুনু হইল কি ভাতার চান্দালে দিম কি।
আজার আইজ্জে নাই পাসারীর দোকানতও নাই।— শিল।
তু ক) হিমহিম কাজললতা, এ ফলটি পেলে কোথা
রাজার ভান্ডারে নাই, বেনের দোকানে নাই।
(-মল্লারপুর ঃ বীরভূম)।
খ) হস্তি দাঁত, গজমুক্ত(, কাটিলে বাকল নাই(
এই ফলটি খুঁজিলে রাজ্য ভিতরে নাই।
(- ডোমজুড় ঃ সিংভূম)।
কিন্তু কুইলাপাল, পু(লিয়াতে ধাঁধাটি বিদ্যুৎ অর্থে প্রয়োগ করা হয়। যেমন-
এ ফলটা পেলিস কোথা,
রাজার কুন্তলেও নাই, বেবের দোকানেও নাই
পয়সা দিলেও মিলে নাই।
৮৭. এক আইজে দুই আজা একে নাম ধরে
কৃষ(বর্ণ চূড়া তার মস্তকের উপর। — স্তনযুগল।
৮৮. এক কু(যা যোল মনসা আরো যোল জন বইসে
আন্দুনি যদি ভাল হয় গোটায় গোটায় পস্যে।
১. পাত্র ২. মানুষ ৩. পরসে, পরিবেশন করে — হুঁকা।
৮৯. একখান কঞ্চি আঁকাবাঁকা
ফুল ফুটেছে ঝাকাঝাকা
কোন শিল্পী গড়েছে
সোনা রূপা জ্বলেছে। — প্রতিমা।
৯০. এক ছাওয়াতে বুড়ি। — কলা গাছ।
তু ক) রাজার বাড়ির ঘোড়ী
একই বিয়ানে বুড়ি। (-শ্রীহট্ট)
খ) রাজার বাড়ির ঘুড়ি
অক্কই বিয়ানে বুড়ি। (-মৈমনসিংহ)।
গ) রাজারো ঘুড়ি



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

এক বিয়ানে বুড়ি। (-চট্টগ্রাম)।
৯১. একজাত গেলাসত দুই জাত পানি,
কায় কবার পায়, তাক হামরা ওস্তাদ মানি। — ডিম।
তু এক গেলাসে দুই রকম পানি।(-দ. ২৪-পরগণা)।
৯২. এক জেলা নারিকেল পাড়াইল তিন জোড়া
হত পিছলি পড়ি গেইল,
গাসির না পাইয়া বাড়ি আসিল।
— সব নারিকেল কুয়োয়ে পড়েছে।
৯৩. এক থাল সুপারী গনির না পায় ব্যাপারী।
— আকাশের তারা।
তু ক) এক নৌকা সুপারী, গুনতে পারো ব্যাপারী।
(-উঃ ২৪-পরগণা।)
খ) এক থাল সুপারী, গুনতে পারো ব্যাপারী। (-মুর্শিদাবাদ)।
গ) এক থাল সুপারী, গুনতে পারে কোন ব্যাপারী।(- খুলনা)
।
৯৪. এক দন্ড তিন খন্ড, মাথায় যার ধবল চন্দ্র
বুঝেন তে এই, না বুঝেন তে এই(
ভাঙ্গি ভুলি কয়া দিনু, তবু বুঝেন কই?— বৃদ্ধাঙ্গুষ্ঠ (রঙপুর)।
ধাঁধাটি বলার সময় প্র(কর্তা বৃদ্ধাঙ্গুষ্ঠ তুলে উত্তরদাতাকে বিভ্রান্ত করে।
৯৫. এক দেশেতে তিন রাজা
তিন রাজার এক ধাজা(
পরমে(রের এমন কাম
তিন রাজার এক নাম।
৯৬. এক নদীর পঞ্চধারা
মায়ে-পুতে হছি ছাড়া। — হাতের পাঁচ আঙ্গুল।
৯৭. এক বীর দশ শির নোয়ায় রাবণ,
বেটি ছাওয়ার হাতত তার অবশ্য মরণ। — ঝিঙা।
৯৮. এক বুড়ীর এগার ব্যাটা-
চাইর ব্যাটা তার নাটুর নুটুর,

চাইর ব্যাটা তার ঘৃত মধুর
দুই ব্যাটা তার শুকান্ কাঠ
এক ব্যাটা তার পাগলা নাথ। — গ(।
— চার পা, চার বাঁট, দুটি শিং এবং লেজ। ।

তু একাই নয় ভাই।
চারি ভাই কাদা ছেনে, দুই ভাই সিংহাসনে
দুই ভাই পাখা টানে
এক ভাই পাগলা নাচে। (- নদীয়া)।

৯৯. এক মুঠ সরঞ্জার কাঠি
কেউ আগায়, কেউ ভাটি। — হাট বা বাজার (রঙপুর)।
১. এর কাঠিতে বেড়া হয়। সমবেত হওয়া অর্থে।

১০০. এক ভাই সাগরত, এক ভাই নগরত,
এক ভাই গাছের আগালত। — চুন, পান ও সুপারী।

১০১. এক মরদ মরিয়া গেইল
হাজার জনা হইল গোট(
কেমন করিয়া ভরিয়া দিবে
ফোঁরকোনা হইল আঁট।
— পিপীলিকার আহার সংগ্রহ। (-রংপুর)।

১০২. এক শহরে মাল পোড়া গেইল আর শহরে ধুয়া,
আর এক শহরে মাল পোড়া যায়
চ্যাচেয়া মরে চুয়া। — হুঁকা।

১০৩. একশয় ঘরের একেটা পই।
— বোলতার চাক (জলপাইগুড়ি)।

তু ভাইরে নন্দন,
একশ ঘরের একটা বন্ধন। (- রঙপুর)।

১০৪. একশয় ভাই একেনা শিকোই। — ঝাঁটা।
১. কোমরের দড়ি

১০৫. এক শালিকের দুই মাথা
শালিক যায় কলিকতা। — নৌকা।





১০৬. এক হাত গাছ কোনা
এল ফলে পাঁচ কোনা। — হাত ও পাঁচ আঙ্গুল।
তু এক হাত গাছটা, ফল ধরে পাঁচটা। (-মৈমনসিংহ)

১০৭. এক হাত ডান্ডা, শয় শয় কান্টা। — করলা।
১. কাঁটা।

১০৮. এক হাত্তী দুই মাথা,
চল হাত্তী কইলকাত্তা। — নৌকা।
তু ক) এক শালী দুই মাথা- (-খুলনা)।
খ) এক হৈলর্ দুই মাথা
হৈল গেইল কইলকাতা। (-চাকমা ঃ চট্টগ্রাম)।

১০৯. একটা খুড়িয়া মুল্লুকটা জুড়িয়া। — চাঁদ।

১১০. একটা গ(র তিনটা শিং। — উটকন (ঢ্যারা)।

১১১. একটা লম্বা দুইটা গোল
বাবরি ধরি টানি তোল। — দাঁড়ি-পাল্লা।

১১২. একটা মানষি আসি আর একটা মানষিক কয়,-
তোমরা যদি দেন তো মুই না ন্যাং
আর তোমরা যদি না দেন তো মুই ন্যাং।— বেদা।

১১৩. একটু খানি ডালে
কৃষ( ঠাকুর নাচে। — কালো লংকা।

১১৪. একনা গছত তিনটি ফল
পাড়াও তো বাপই খাই,
তোমরা দুই বাপোতে হামরাও দুই বাপোতে
গোটায় গোটায় পাই। — পিতা, পুত্র, পৌত্র।
১. পা নারিকেল।
তু গছত আছে তিন গটা নারিওল
পারাও দেখি খাই
তোমরা দুই বাপোতে হামরা দুই বাপোতে
গটায় গটায় যানি পাই। (-জলপাইগুড়ি)।

১১৫. একনা গছত একনা ফল
পাকি আছে টলমল। — আনারস।
তু ক) ভগবানের এমন কল
একটি গাছে একটি ফল। (-২৪-পরগণা)।
খ) আল্লার কি কল
এট্টা গাছে এট্টা ফল।
(-দঃ ২৪-পরগণা)।

১১৬. একনা ঘর নিকা-জোকা
ফুল ফুটিছে ঝোপা ঝোপা,
ফুল কুড়াইয়া কাও নাই
আজা মইচ্চে তার কান্দাইয়া নাই।
— আকাশের তারা।
তু ক) ঝিঁয়া ফুল ফুটি রইয়ে, তোলন্যা নাই
বড় উঠান পাড়ি রইয়ে কোঁচন্যা নাই।(-চাকমা)।
১. ঝিঙে ফুল, ২. পরিস্কার করার লোক।
খ) পা কত ফুল ফুইট্যা রইছে/তুলনা নাই।
গ) রাজার বেটা মারিয়া রইছে কান্দিবার নাই।
রাজার ঠান পড়িয়া রইছে ঝাড়িবার নাই।
মালী ফুল ফুটিয়া রইছে তুলিবার নাই।(-শ্রীহট্ট)।

১১৭. একনা জমির গছ
টোকা দিলে পরে অস। — চোখ, চোখের জল।

১১৮. একনা নাঠি পির পির গাঁটি
গালাত ঘুগরা, মাথাত ছাতি।— সুপারী গাছ (কোচবিহার)।
ধাঁধাটির কথা বস্তু অনুসারে উত্তরটি মনে হয় হওয়া উচিত খেজুর গাছ।কারণ, ‘পিরপির গাঁটি’ এবং ‘গালাত ঘুগরা’ অর্থ্যাৎ গলায় কলস বাঁধা খেজুর গাছেই দেখা যায়, সুপারী গাছে নয়।

১১৯. একনা পাকির নাম ঘোটো,
সারাদিন উড়ি বেড়ায়
পাখিনা না করে গোটো। — ফড়িং।





১২০. একনা পাখি নাল টিস্‌টিস্ করে,
কাল্লার ছাড়ি ফিচাৎ জবাই করে। — লঙ্কা।
১. মাথা ২. পশ্চাতে

১২১. একনা পোখোরি মচ্ছ কিলবিল করে,
একটুক্ কুটুরা পাইলে বড়ো মুশকিল করে।
— চোখ (জলপাইগুড়ি)।
তু ক) যমুনার জল টলমল করে,
একটুক কুটা পাইলে সর্বনাশ করে। (-রঙপুর)।
খ) মামাদের পুকুর টলমল করে
একটা কুটা পড়লেই সর্বনাশ করে। (-মুর্শিদাবাদ)

১২২. একনা পোয়ার দুইখান চাল। — কলাপাতা।
তু ক) এখান কইমত দুইখান চাল। (-রংপুর)।
খ) এককোড়, দুই চাল। (-মৈমনসিংহ)।

১২৩. একনা বাঁশীর এগারো ফোড়,
নাই আগাল, নাই গোর। — সন্তানবতী নারী।

১২৪. একনা বাঁশীর নাওটা ফোড়,
নাই আগাল, নাই গোর। — পু(ষ।

১২৫. একনা বুড়া হাট যায়,
গালে মুখে চর খায়। — মাটির হাড়ি বা কলস।
তু ক) একনা বুড়ী- (-রঙপুর)।
খ) - হাট গেলে চর খায়। (-জলপাইগুড়ি)।
গ) লালবাবু হাটে যায়
বিনিদোষে মার খায়। (-দঃ ২৪-পরগণা)।
ঘ) লালমোহন বাজারে যায়
দুই গালে দুই চর খায়। (-ত্রিপুরা)।
ঙ) রাঙা বউটি হাটে যায়
চর খেয়ে জীবন যায়। (-নদীয়া)।

১২৬. একনা বুড়ী কোন মুতুরী।
— ঘরের কোণে রাখা (ার জলের পাত্র।

১২৭. একনা বুড়ি মুড়ি ভাজে
মানষি দেখিলে দুয়োর ঢাকে। — শামুক।
তু ক) একনা বুড়ি খই ভাজে
মানষি দেখিলে ঝাপ ঢাকে। (-জলপাইগুড়ি)।
খ) একেনা বুড়ি হাট যায়,
আমাক দেখি দুয়র দেয়। (-রঙপুর)।
১২৮. একনা বুড়ী, সকালে উঠিয়া করে ধেন্দুরা-ধেন্দুড়ি।
— ঝাঁটা। (জলপাইগুড়ি)।
১২৯. একনা বুড়ী, সারা গায়ে ফুসুরী।
— কাঠাল। (জলপাইগুড়ি)।
পা একনা বাপোই, সারা গায়ে আটোই।
১৩০. একনা বুড়ীর পিঠিত কুঁজ
চতুর পাকে পরে পুঁজ।— টিনের চৌচালা।
১৩১. একনা বুড়ীর পিঠিত কুঁজ
বারা না উবায়, নাগায় যুঝ। — কাস্তে।
পা ধান বাড়ি যায়া নাগায় যুঝ।
১৩২. একনা বেইচ্ছাওয়া সব সোমায় অন্ধেরে থাকে
সাদা কাপড় পিন্ধিয়া। — কলার থোড়/গাত্রা।
১৩৩. একনা বেড়ে গোটায় ঘরটা ঘেরে।
— প্রদীপের আলো।
ক) একটা খড়ে, ঘরটা বেড়ে। (-কোচবিহার)।
খ) একটুখানি দড়ি, সকল ঘর বেড়ি। (-নদীয়া)।
১৩৪. একনা হাঁড়ি টেক্স গাড়ি
কোন কুমারে গড়েছে,
সনা-রূপায় ভরেছে। — ডালিম।
লোটুম লুটুম চড়োটি,
কোন কুমারে গড়েছে(
তাতে মানিক-মুক্তে(া ভরেছে। (-মুর্শিদাবাদ)।
১৩৫. একান কাবাড়ি এঁকাবেঁকা





তাত চড়িল মহাজনের ব্যাটা,
মহাজনের ব্যাটা নোমায় মহাজনের নাতি।
এই ছিলকা ভাঙি দিতে নাইগবে আশিন-কাতি।
— বাই-সাইকেল।
১৩৬. একে গছত বোলালুং সব গাছ নড়িল,
হুকায় ডিমা পাড়িল তায় গঙ্গাত ভাসিল। — ঘি।
১৩৭. একে মতন দুই ভাই একে নাম ধরে,
মাথার উপর শিং দুইটা নাটার গাটার করে। — খড়ম।
১৩৮. একে একে শিয়ালের পাচে পাচে নেটু
পাঁচটা শিয়ালের কয়টা নেচু। — পাঁচটা।
১৩৯. একেকোনা পকি, গাও সুং সুং,
তলত পাক্না, উপরত মসং। — বেড়া (চাটি)।
১৪০. একে সারিত তিনখান বাড়ি-
কাইনটার বাড়িত আগুন ধরিছে,
মোইন্দের বাড়িটা চুপ করিয়া আছে,
হে কাইটার বাড়িটা গোলমাল করে। — কল্কে, নৈচে, হুঁকা।
১৪১. একেনা গছ ঝাপুর ঝুপুর
তাতে আছে কালা কুকুর। — উকুন।
একেনা গছ ঝাপুর ঝুপুর
তাত চরিছে কালা কুকুর। (-রঙপুর)।
১৪২. একেনা জিনিস ভাল-
ক্যালটাইলে খ্যাকতালি গোন্দায়,
খাবার মজা ভাল। — মজা সুপারী।
১. ছাল ছাড়ালে/ ফেরে দিলে।
২. পচা পচা মত।
১৪৩. একেনা বাপোই, সারা গায়ে আটই। — কাঁঠাল।
১৪৪. একেনা বুড়ার প্যাটত ত্যাল
ঐকিনা বুড়ার মাথা নাল। — কুপি।
১৪৫. একেনা বুড়ী সেজা মাতুরী,

সাকালে উঠি এক গুড়ি। — গ(র খুঁটা।

১. লাথি। লাথি দিয়ে বসানো গ(র খুঁটা।

ক) একেনা বুড়ী বিয়ানে উঠি
তার মাথাত তিন গুরি। (-রঙপুর)।

খ) একনা বুড়ী
সাকালে উঠিয়া মারে এক গুড়ি। (-জলপাইগুড়ি)।

গ) একনা বুড়ী/
নিন্ হাতে উঠি মাথাত্ গুড়ি।(-কোচবিহার)।

১৪৬. এটে গারনু গছ-গছালি
আমপুরে গেইল ঠ্যাক্
তোতাপাখি গান গায়
ঘন ঘন ডাক। — হুঁকার শব্দ ও ধোঁয়া।

এটে (নু গচ-গচালী, ওটে (নু গচ-গচালী
পাঙ্গা গেইল ডাল।
চুমা পাখি ছাড়ি দিবো
আসিবে কত কাল।
—তামাকের ধোঁয়া (রঙপুর)।

১৪৭. এটে গারলুং গছ গছলী
আম্পুর গেইল লতা(
ছিড়া পাতারি জোড়া ন্যায়
হেটা ক্যামন কথা। — মেঘ।

১৪৮. এটে থাকি দিলুং দৃষ্টি
ঐকিনা গাছটা ভারি মিষ্টি। — আখ।

ক) এখান থেকে করলাম দৃষ্টি
ওই গাছটি বড় মিষ্টি।— (মুর্শিদাবাদ)।

খ) এখান থেকে দিলাম দৃষ্টি
ওই গাছটা বড় মিষ্টি। (-ঝাড়গ্রাম)।

১৪৯. এটে থাকি ফিকালুং থাল
থাল গেইল মোর বৈট্যার খাল





বৈট্যার জলগিলা টল্‌টল্ করে
এত্তেকোনা কুটুরা পইল্লে সব্বনাশ করে।
— চোখ।

১৫০. এটে দিলুং টিপা আমপুরে গেইল শিখা।
— টর্চলাইট।

১৫১. এটে (নু গছ-গছালী,
ওটে (নু গছ-গছালী
পাঙ্গা গেইল ডাল্।
চুমা পাখি ছাড়ি দিচোঁ
আসবে কত কাল।— ধোঁয়া (রঙপুর)

১. স্থানীয় একটি নদীর নাম।

১৫২. এন্ডি ছাগলের ভেন্ডি নাই,
ঘাস খায় তার নাদি নাই। — পাসুন (খুড়পী)।

১৫৩. এত্তেকোনা খুপড়ি
তাতে থাকে চল্লিশটা বক্‌রি। — দিয়াশলাই বা ও কাঠি।

১৫৪. এত্তেকোনা চ্যাংড়া
বড় বড় গাছত নাগায় ন্যাংরা। — মাকড়সা ও জাল।

১৫৫. এত্তেকোনা নদীর কানি
না শুকায় উয়ার পানি। — জিহ্বা।

ক) এতটুকু কানি শুকাতে না জানি।
(-পু(লিয়া)।

১. বস্ত্রখন্ড বা জমিখন্ড অর্থে শব্দটি ব্যাবহৃত হয়।

খ) এট্টুখেন্ডা কানি, না শুকুতি জানি।
(-লক্ষ্মীনারায়ণপুর, দঃ ২৪-পরগণা)।

১৫৬. এপারতে শোয়া শিয়াল
হোপারতে শোয়া শিয়াল
মোট হইল কয়টা শিয়াল? — দু'টি।

১৫৭. এমনিত মরা খাস তো খা, না খাস তো যা
উপরে আছে খলুয়ার বাপ, কইলেক বা।

— বঁড়শি (কোচবিহার)।

১৫৮. ওম্‌পুরে নাগিল ওগুন, দিনাজপুরে ধুয়া
মহাজনের মাথা পুড়া যায়, চ্যাচেয়া মরে চুয়া।
— হুঁকা (রঙপুর)।

ক) কলিকাতায় লাগল আগুন
নারকেল বাড়িতে উঠল আগুন। (-মুর্শিদাবাদ)।
খ) কলকেতায় আগুন নেগেছে,
নারকেলডাঙ্গায় খবর হচ্ছে।(-দঃ ২৪-পরগনা)।
গ) ঢাকা দি লাগ্যে আগুন
কইলগতা গেইএ পোড়া,
শঙ্খ নদী ভুট্‌ভুটাইয়ে
নলউয়া দি ধাইএ ধুয়া। (-চাকমা ঃ চট্টগ্রাম)

১৫৯. ওটোরা গ(র ভোটরাং শিং
বড় বড় নদীতে পারে নিন। — নৌকা।

১৬০. ও পারে পোনা গিলা থুকুর বুকুর করে,
এ পারের চ্যাংড়া কোনা টিকাত চাপড় মারে।
— হাঁড়িতে ভাত সেদ্ধ হওয়া।

ক) একেনা চুয়াত মাছ কিল্‌বিল করে
জলকোনা শুকালে সগায় আশা করে।
খ) টগবগ জলে/মাছ কিলবিল করে।
(- বড়ো বৈনান ঃ বর্ধমান)।

## সংগৃহীত ধাধাঁর সংগৃহীত তালিকা

১. অড্ডিম পঙ্কির অফুলা শাক
কোন জীবের আঠারোটা নাক। বাদুর

২. অলি অলি পঙ্কির দল গলি গলি যায়
বানিয়ার দোকানত যায়্যা গালে মুখে চড় খায়। কাচাঁ টাকা

৩. অমপুরত নাগিল অগুন দিনাজপুরত ধুয়া
মহাজনের মাথা পোড়া গেইল চ্যাচেয়া মরে চুয়া। হঁকা (হঁকো)

৪. অট কট অট কট





দুয়োর বান্ধে কট কট। শামুক

৫. অকে আন্দং একে বাড়ং পাট শাক ও পাটের চট
অকে পাতি বইসো
এই ছিলকা ভাঙ্গি দিয়া
ভাত খাবার আইসো।

৬. অল্প জলে বগলা ঘুরে
জল শুকাইলে বগলা মরে। কুপি/ লম্ফ

৭. আকাশ থাকি পইল ধুপ
ধুম কয় মোর পুটকি শুঙ। আম

৮. আজার বাড়ির পাতি হাঁস
খায় খোলটা ফেলায় শাঁস। পাঁচকোল(চালতা)

৯. আগালখান আউল ঝাউল গোর খান বান্দা
এই ছিল্‌কা বুঝি না দিলে গুষ্টি সুদায় ভোদা। অদ্রক/ আদা গাছ

১০. আগোত মুড়ি পাছোত খই
দিনে দিনে ডানটা হই। সজনে ডাঁটা

১১। আম পাকে জাম পাকে
হাতোতে কোন ফল পাকে। পানিয়াল

১২. আকাশ থাকি পইল ঢ্যাপ
ঢ্যাপ কয় মোর প্যাট কাট। গুয়া(সুপারি)

১৩। আগাল খান ঝিকি মিকি গোড়ত রাত বাদা
এই ছিলকা ভাঙ্গি না দিলে তোর গুষ্টি ভোদা।হলদি(হলুদ)গাছ

১৪. আই আই আই
বাচ্চা থাকি নেংটি পিন্দা
গাবুর কালে নাই। বাঁশ গাছ

১৫. আজার বেটি মাই
বাচ্চা ভালা কাপড় পিন্দিস
গাবুর হইলে নাই। বাঁশ গাছ

১৬. আই আই আই জনমে শুনি নাই
হাঁড়ি হাঁড়ি দুধ দায় কাষ্টের গাই। খেঁজুর গাছ

১৭. আগ কাটি পাছ কাটি নাগালুং চারা
ফুল নাই ফল নাই খালি পাতায় ভরা। পান গাছ
১৮. আজার বেটি বীর
বসিয়া মারে তীর। নিলাজী (লজ্জাবতী) গাছ
১৯. আজার বেটি কেশরী
চুল মেলে আথারি পাতারি। পুঁই গাছ
২০. আগালখান ঝাটাং পাটাং
গোড়খান হইল আচ্ছা
মুখ দিয়া ডিমা পাড়ে
পুটকি দিয়া বাচ্চা।
কলা গাছ
২১. আগাল আছে তার গোড় নাই
হলদি মাখা গাও
একিনা কাথা বুঝি না দিলে
মাইয়ার ধরেক পাও। আলোকলতা (স্বর্ণলতা)
২২. অজার বাড়ি ঘুড়ি
এক বিয়ানোতে বুড়ি। কলাগাছ
২৩. আই আই আই
এক গচে পান সুপারি জিরা
কোনটে শুনি নাই। কদম ফুল
২৪. অজার ব্যাটা বড় বীর
ঘাটাত বসি মারে তীর। ওকরা (চোর কাটার গাছ)
২৫. আইলের গোড়ে গোড়ে যায়
ভুলকি মারি চায়। বিন্দি (সুঁচ)
২৬. আকাশতে টলোমলো পাতালোতে ডোর
এই ফাকিরি বুঝি না দিলে গুষ্টি ভায় চোর। গুড্ডি (ঘুড়ি)
২৭. আই আই আই
ঘর আছে তার দুয়োর নাই। ডিমা/ডিমা
২৮. আসিলুং কাজে চাই না লাজে





তায় আছে দুই চ(ক মাঝে। গাই দোয়ানো ঘটি
২৯. আইলের গোড়ে গোড়ে যায়
পোকা মাকড় কিছুই না খায়। বিন্দি/ সুই (সুঁচ)
৩০. আকাশ থাকি পইল
চ্যাবগা নাগি রইল। গোবর
৩১. আগুনত বাস যার আগুনেত রয়
উবজি মাত্র মাওকে ঠ্যাকায়। সলাই (দিয়াসলাই)
৩২. আকাশেতে ছিল কইনা নারি নাম ধরে
পরপু(ষ ধরিয়া দোসরা ছেন্দা করে হুঁকা (হুঁকা)
সহৈ ছেন্দা দিয়া টানিলে করে গোড়ত গোড়ত
আর খাচকাট।টা ভরি দিলে বিধাতার খেরত।
৩৩. আলি আলি যায়
উকি মারি চায়। বিন্দি/সুই (সুঁচ)
৩৪. আগাল কোনা ঝাটাং পাটাং
গোড়কোনা হইল ডে(য়া
এই ছিল্কা বুঝি না দিলে
তোর গুষ্টি সুদায় জা(য়া। ঝাড়ু (ঝাঁটা)

৩৫. আসিলু বাউ তায় বইসেক
হ্যার চাম চিলকাটা চোষক। হুঁকা (হুঁকো)
৩৬. আগ দিয়া বাঘ যায়
নেটু দিয়া জল খায়। গচা (প্রদীপ)
৩৭. আগালখান ঝুম ঝুম গোড়কোনা মোটা
এই ছিলকা বুঝি দিলে তুই বাপের বেটা। ঝাড়ু (ঝাঁটা)
৩৮. আজার বাড়িত হাত্তি
দিনাং খায় নাত্তি। ঢেঁকি
৩৯. আজার বেটি ভাত খায়
পিড়ার তল দিয়া সাপ যায়। জল
৪০. আনিবু রতন করিয়া যতন

দেখায় যেন হামার মতোন। আয়না।

৪১. আন্দির সোমায় নাগে
খাওয়ার সোমায় ফ্যালে। তেজপাতা

৪২. আল্লার দুয়োরোত বোল্লার চাক
একটা গচের একটা পাতা জিবা (জিহ্বা)

৪৩. আশমানে ঝকোমকো পড়িলে পাহাড়
হাজার হাজার জীব মারে না করে আহার। বিন্দি/ সুই (সুঁচ)

৪৫. আজার বেটি ধুন্দলী কাটি শুয়োর
বিনা কোদালে ফেলায় মাটি।

৪৬. আকাশতে নোলোপোতো পাতালোত দুয়োর বাবুই পাখি
তারে ভিতর বাস করে আজার কুমার।

৪৭. আই আই আই বাবুই পাখি বাসা
আকাশোত ঘর পাতালোত দুয়োর
কভু দেখি নাই।

৪৯. আগোত মুড়ি পাচোত খই সজনে ডাঁটা
কয়দিন পর ডান্টা হই।

৫০. আজার বেটা হাটত যায় লাউ
হাটুয়া গিলার চিমটি খায়।

৫১. আজার বেটি খোকলা পেটি ইন্দুর (ইঁদুর)

বিনা কোদালে খোড়ে মাটি।

৫২. আমসু আমসু টেংসু টেংসু আম ও ব্যাঙ
তুই তো মোক মারলু রে
নাক থ্যাবড়া মুখ থ্যাবড়ি
তুই ক্যানে এটে আসিলু রে।

৫৩. আগোত হাটে পাছোত হাটে কাঁকড়া
হেটা কেমন কথা পাও আছে চউখো আছে
নাই তার মাথা।

৫৪. আজার বেটি হাঁটি যায় কেন্দুয়া (কেন্নো)



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

টোবলাইলে টাকা হয়।

৫৫. আচ্ছা রে ভাই আচ্ছা হাঁস/মুরগির ডিম
টিকা দিয়া বিরায় বাচ্চা।

৫৬. আকাশে নোলোপোতো পাতালে ডোর বাবুই পাখি
ঐ ডোর দিয়া যায় নন্দ গোয়াল।

৫৭. আট ঠ্যাং ষোল হাঁটু মাকড়া (মাকড়সা)
মাছ ধরে মোর নালাটু

৫৮. আট ঠ্যাং ষোলটা হাঁটু মাকড়া (মাকড়সা)
মাছ ধরির গেইচে মোর নাটু
শুকান ভুঁইয়ত পাতি জাল
মাছ ধরে চিরকাল।

৫৯. আই গে আই কোনটে দেখি নাই ডিমা/ডিম
ঘর কোনা আছে তার দুয়োর কোনা নাই।

৬০. আট ঠ্যাং ষোল হাঁটু, মাকড়া (মাকড়সা)
মাছ ধরির গেইচে কালটু,
জাল ফেলায় তায় ভিজে না,
মারে মাছ ছাড়ে না।

৬১. আট ঠ্যাং ষোল হাঁটুয়া মাকড়া (মাকড়সা)
মাছ মারে নিছালটিয়া
ডাঙ্গাত ফেলেয়া জাল
বসি থাকে চিরটা কাল।

৬২. আংখির ডালত পঙ্কির ভাসা বোল্লা (বেলতা)
পুক্‌টিত হাত দেয় কোন চাষা।

৬৩. আটকোনা ঠ্যাং নাই তার পুকটি আটাই (আটই)
হেটা কোন গোঁসাই, উয়ার বাড়ি কুত্তি।

৬৪. আজার বেটা বানে্‌র শামুক
কোয়াইর বান্দে কড় কড়।

৬৫. আজার বেটা হাট যায় বান্দা (বাঁধা) কপি
শয় শয় জামা গায় দেয়।

৬৬. আজার বেটি ধোয় গাও — কচুর পাতা
ভিজে না তার হাত পাও।

৬৭. আগোত যায় পাছোত যায় — সোয়ামী (স্বামী) স্ত্রী
হোটা তোমার কায়
সকাল উঠি মোর (শ্বশুরক
বাবা বাবা কয়।

৬৮. আকাশ থাকি পইল টেমকি — জোনাকি
টেমকির আগুন জ্বলে
ছাওয়ার হাতোত দিলে তায়
কিচির মিচির করে।

৬৯. আকাশে জুড়নু নাঙ্গল পাতালতে মই — ঝরি/ বর্ষণ (বৃষ্টি)
সাততালে কাউয়ায় ঠোকরে খায় খই।

৭০. আজার বেটি ধুন্দলী — পুঁই গাছ
চায়্যা থাকে চুল মেলি।

৭১. আকাশ থাকি পইল টুঙ্কি — বাজ (বজ্রপাত)
টুঙ্কির আগুন জ্বলে
টুঙ্গির আগুন নিভি গেইলে
কায় জ্বালেবার পারে।

৭২. ইতি গেলুং উত্তি গেলুং নয়ারহাট — আনারস
এমন জিনিষ দেখি আসিলুং ফলের উপর পাত।

৭৩. ইত্তি গেনু উত্তি গেনু, গেনু চিলকির হাট — কলার (ছড়া) ঝুকি
এক্না বুড়ির দেখি আসিনু যোকনা দাঁত।

৭৪. ইত্তি গেনু গেনু গোঁসাইহাট — কুমড়ার বীজ
একনা কইনর দেখি আসিনু খিসখিস্যা দাঁত।

৭৫. ইত্তি গেনু উত্তি গেনু হাজরাহাট — বদনা
এক্না চ্যাংড়ার দেখি আসিনু প্যাটের ঠোঁট।

৭৬. ইত্তি গেনু উত্তি গেনু গেনু টাপুর হাট — বেঁদা
এক্না বুড়ার দেখি আসিনু চৌদ্দকনা দাঁত।

৭৭. ইকরি মিকরি চাম চিকরি — নুন / লবণ





নাই চেচা নাই বিচি।

৭৮. ই(বাঁশ বি(বাঁশ বাঁশ কেকেড়া — ভিম(ল / বোলপাতা
সোনার চাইলেন বাতি মানষি কামড়া।

৭৯. ইটা কুর কুর ভিটাৎ বাড়ি — শামুক
কোন জীবের জিবাত দাড়ি ।

৮০. ইনকিচি বিনকিচি — নুন/লবণন
নাই চোচা নাই বিচি।

৮১. ইম্‌রাও দুই বাপ্‌তে উম্‌রাও দুই বাপ্‌তে — বাবা ছেলে নাতি
আম বাগানে যায়
তিন কোনা আম কুড়ি পায়্যা
গোটায় খায়।

৮২. উঠ বুড়া মুই বইসং — ঘরের নতুন খুঁটি

৮৩. উঠিতে ঝিকি মিকি বসিতে পাহাড় — জাল
বাহান্ন কোটি জীব মারে না করে আহার।

৮৪. উদা উদা উদা — খড়ম
যেলায় মনোত পড়ে,
গোটা মানসিক ঘাড়ত তোলে।

৮৫. উঠিতে ঝাটাং পাটাং বসিতে পাহাড় — জাল
ল( ল( জীব মারে না করে আহার।

৮৬. উপর চ্যাপটা তপ চ্যাপটা — যাঁতা
চ্যাপটায় চ্যাপট্যায় কয়
মইদ্যোৎ একটা হিংগলের মুড়া
টক্ টক্ করি রয়।

৮৭. উত্তর হতে আসিল ঝড়ু — ঝাড়ু (ঝাঁটা)
ঝড়ু কয় মোর কোমর স(।

৮৮. উপর থাকি পইল সাংকুরা — কোদাল
হাতও নাই পাও নাই
মাটি কামরে মরে।

৮৯. উপর থাকি পইল ছুরি — নাপিতের (ুর

বেত কাটা গেইল আঠারো কড়ি।
৯০. উপর থাকি পইল বুড়ি          বক
সাদা থান কাপড় পড়ি।
৯১. উপর থাকি পইল ছুরি          বাঁশ পাতা
ছুরি কয় ঘুরিয়া মরি।
৯২. উত্তর থাকি আসিল চিলা          জামা
সেই চিলাটা মানষি গিলা।
৯৩. উপর থাকি পইল          গোবর
চুপ করি রইল।
৯৪. উপর নাই তলও নাই          পেট
কোন সিন্দুকের চাবি নাই।
৯৫. উত্তর থাকি আসিল বুড়ি          অসুন /রসুন
গায়া দিয়া সাদা সাড়ি।
৯৬. উপর থাকি পইল বগিলা          বরফ
ধওলা ফক ফক করে
মাছও না খায় মশয়ও না খায়
মাটি কামড়েয়া মরে।
৯৭. উপর থাকি পইল বুড়ি          বক
ধওলা কাপড় পরি
ভোজন করির বসিল বুড়ি
গালা ন্যাল ন্যাল করি।
৯৮. উপরত্ হইল পাত পাতারি, তলকোনা গোটা          গম
মাও খায়, বাবাও খায়, ভাঙ্গিয়া করে আটা।
৯৯। উপরত  খোলসা, তলোত্ খোলা          মুসরি (মুসুর ) ডাল
তারে মইদ্যোত নাল তামাসা।
১০০. উব্জিল ছাওয়া কাষ্টের নাড়ি          জোয়ার (ভুট্টা)
দাঁত নাই বিরাইতে গাজাইল দাঁড়ি।
১০১. উপরত মাটি তলত মাটি          ওলকচু
তার তলত গোল গোল বাটি।





১০২. উপর থাকি পইল ছাতি          তাল
মাথায় দিয়া টুপি।
১০৩. একনা বুড়ির তিনকোনা মাথা          আকা/ চুলা (উনুন)
তায় খায় দাশের মাতা।
১০৪. একশ বাপোইর একনা শিকোই।          ঝাড়ু (ঝাঁটা)
১০৫. একনা বাপোই দ্যাও ধান খায়          নাও (নৌকা)
পুকটিত পাড়া দিলে উড়িবার চায়।
১০৬. একভাই নাগালোত একভাই সাগরত          পান-চুন ও সুপারি
একভাই টিং টিং আগালোত।
১০৭. এক্না খ্যাড়ে ঘরটা ঘিরে।          কুপি (প্রদীপ)
১০৮. এত্তেকনা পুকুরিত মাছ থুকুর বুকুর করে ভাতের হাড়ি
কার বাপের সাধ্য আছে হাত দিবার পারে।
১০৯. এক্না চ্যাংড়া টবগি উঠি চড়ে          সাইকেল
দুই হাতে ধরিয়া কোমড় কোনা নাড়ে।
১১০. এক্না নাটি কোটি কোটি গাঁটি।          জাল
১১১. একনা সুপারি যোলজন তার ব্যাপারী          হুঁকা (হুঁকো)
যাইতেও খায়, আইসতেও খায়
ত্যাও সুপারি না ফুরায়।
১১২. এত্তেকোনা পকির ( দির মতো দাঁত          ছিপ ও বঁড়শি
সাগরত আহার করে নেটু সাত হাত।
১১৩. একনা দাঁতে ভইকোনা কাটে।          কোদাল
১১৪. এ ঘর যাই ও ঘর যাই          ন্যাতা
ধপাস করি আছাড় খাই।
১১৫. একনা বুড়ির পিটিত কুঁজ          ছ্ন খর কাটা কাঁচি
খ্যারবাড়ি যায়্যা নাগায় যুজ।
১১৬. একটা গ(র তিনটা শিং          উট্কোন
বুঝি দেরে ঘোকলডিং।
১১৭. এক্না বুড়ি সাকালে উঠিয়া          ঝাড়ু (ঝাঁটা)
করে ধেদুরা ধেদুরি।

41_ICH



১১৮. এক্‌না বুড়ি নিন হাতে উঠি — গো( বাঁধার খুঁটি
মাথাতে এক গুড়ি।

১১৯. এক্‌না চুয়াত মাছ কিলবিল করে — ভাত সেদ্ধ হওয়া
জলকোনা শুকাইলে সগায় আশা করে।

১২০. এক্‌না বড়ি কোন মুতুরী — মাটির কলস
দিনে আইতে থাকে পড়ি।

১২১. এক্‌না বুড়ার প্যাটত ত্যাল — কুপি (প্রদীপ)
ঐ বুড়াটার মাথা নাল।

১২২. এক কুশ্যা যোল মনষা — হুঁকা (হুঁকো)
আরও যোলজন বইসে্
আন্দুনি যদি ভাল হয়
তায় গোটায় গোটায় পসে।

১২৩. এক দ্যাশের তিনটা আজা — আকা/ চুলা (উনুন)
তিন আজার একটা ধ্বজা
ভগবানটার এমন কাম
তিন আজার একেটা নাম।

১২৪. এক্‌না ডান্টার দুক্‌না থাল — দাঁড়িপাল্লা
দাঁড়ি ধরি টানি তোল।

১২৫. একে মতোন দোনো ভাই একে নাম ধরে — খড়ম
দুই জনের দুইটা শিং নাটার পাটার করে

১২৬. এক্‌না বুড়ি স্যাজা মুতুরী — গো( বাঁধার খুঁটি
সাক্কালে উটি এক গুড়ি।

১২৭. এক জাত গিলাসত্ দুই জাত পানি — ডিমা/ডিম
এই ছিল্‌কা ভাঙ্গি দিলে ওস্তাত মানি।

১২৮. এক্‌না বুড়ি নিন যায় — গো( বাঁধার খুটি
সকালে উঠি গুড়ি খায়।

১২৯. এইটে দিলুং টিপা — টর্চ
অমপুরত গেইল শিপা।

১৩০. এটে গারলুর গচগচালি — হুঁকা-টানা





দিনাজপুর তার ট্যালে
তোতা পকি গান গায়
খোকত সোন্দায় গাল।

১৩১. এন্ডি ছাগলের ভেন্ডি নাই — পাসন (খুরপি)
ঘাস খায় তার নাদি নাই।

১৩২. এন্তেকোনা খুপুরি — দিয়াসলাই
চল্লিশটা তার বক্‌রি।

১৩৩. এন্তেকোনা চ্যাংড়া — মাকড়া (মাকড়সা)
বড় বড় গচত নাগায় ন্যাংড়া।

১৩৪. এক্‌না বুড়ি খই ভাঁজে — শামুক
মানষি দেইখ্‌লে কোয়াইর ঢাকে।

১৩৫. এন্তেকোনা কানি — জিবা (জিহ্বা)
না শুকায় তার পানি।

১৩৬. একটা গচের পাঁচকোনা ফল — হাঁতের পাঁচ আঙ্গুল
পাকি আছে টল টল।

১৩৭. এক্‌না বুড়ির জলত বাস — ইচিলা (চিংড়ি) মাছ
উপরত হাঁড় তলোত মাশ।

১৩৮. এত্তি গেনু উত্তি গেনু নয়ারহাট — জোয়ার (ভুট্টা)
এক্‌না কইনার দেখি আসিনু যোলসারি দাঁত।

১৩৯. একশ ঘরের একটা পই — বোল্লার (বোলতার) চাক
বুঝি দেরে বাপোই।

১৪০. এক্‌না বুড়ির এগারো ব্যাটা — গাই গো(
চাইর ব্যাটা হইল গাটুগুটু
চাইর ব্যাটা হইল ঘিউ মধু
দুক্‌না ব্যাটা শুকান কাঠ
এক ব্যাটা হইল ভোলানাথ।

১৪১. এক্‌না গছ ঝাপুর ঝুপুর — উকুন
তাতে চইড়ছে কালা কুকুর।

42_ICH



| | |
|---|---|
| ১৪২. এক্‌না গচত তিনকোনা নারকেল<br>তোমরাও রে বাপই খাই<br>ম্যান গোটায় গোটায় পাই। | বাপ, বেটা, নাতি<br>(পিতা, পুত্র, ও পৌত্র) |
| ১৪৩. এক্‌না বাপই<br>সারা গায়ে তার আটই। | কাঁঠাল |
| ১৪৪. এত্তেকোনা পুকুরি<br>ইলিচা মাছের ধুকুরী। | জাম্বুরা (বাতাবি) লেবু |
| ১৪৫. একটা গচে একটা ফল<br>পাকি আছ টলমল। | আনারস |
| ১৪৬. এত্তেকনা মামা, গাও ভর্ত্তি জামা। | পেঁয়াজ |
| ১৪৭. এক্‌না বুড়ি সারা গায়ে ফুস্কুরী। | কাঁঠাল |
| ১৪৮. এত্তেকনা বাটি, সোনা দিয়া ভর্তি। | ডালিম |
| ১৪৯. এক হাত ডানটা<br>শয় শয় কানটা। | করলা |
| ১৫০. একনা জিনিস ভাল<br>ক্যালটাইলে খ্যাকতালি গোন্ধায় খাইতে নাগে ভাগ। | মজা সুপারি |
| ১৫১. এক্‌না নাটির পির পির গাটি<br>গালাত ঘুঙুরা মাতাত ছাতি। | গুয়া (সুপারি) গাছ |
| ১৫২. এই কথাটা আচ্ছা ভুয়া<br>দুকুনা চালের এক্‌না উয়া। | কলার পাতা |
| ১৫৩. এক্‌না বেইটছাওয়া আন্ধারত থাকে<br>তায় তায় কাপড় পিন্দি লজ্জা ঢাকে। | কলার (খোল) ঢোনা |
| ১৫৪. এটে থাকি দিলুং দিষ্টি<br>ঐকিনা গাছ খাইতে মিষ্টি। | কুশিয়ার (আখ)গাছ |
| ১৫৫. এমন উমায় হিয়া<br>গচের উপর ছাওয়া থুইয়া<br>মাটিত থাকে শুইয়া। | গাজালু |
| ১৫৬. এক্‌না নদী ঢিল ঢিল<br>জাবুড়া পইড়লে মুসকিল। | চোখের পাতা |



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

| | |
|---|---|
| ১৫৭. এপারে বন ওপাড়ে বন<br>বনে বনে নাগায় দন। | চোখের পাতা |
| ১৫৮. এক হাত গচকোনা<br>ফল ফলে পাঁচকোনা। | হাতের পাচঁ আঙুল |
| ১৫৯. একটা নদীর পাঁচটা ধারা<br>মায় বেটায় ছাড়া ছাড়া। | হাতের আঙুল |
| ১৬০. এক্‌না বুড়ার পিতির কুঁজ<br>ধান বাড়ি যায়া নাগায় যুজ। | ধানকাটা (কাস্তে) কাঁচি |
| ১৬১. এক্‌না মারোল দুক্‌না চাল<br>ঐকিনা চাল পাতি খাবার ভাল। | কলাপাতা |
| ১৬২. এক দ্যাশত তিন রাজা<br>তিন পাকে বসিয়া। | আকা/ চুলা(উনুন) |
| ১৬৩. এই গেইল এই আসিল। | নজর (দৃষ্টি) |
| ১৬৪. এত্তেকনা জলত একনা দড়ি<br>মল শুকাইলে যায় মরি। | বাতি( প্রদিপ) |
| ১৬৫. একটা গো(র তিনটা শিং<br>বুঝি দেরে হরিসিং। | উট্‌কোন |
| ১৬৬. এত্তেকনা থালা<br>আইত হইলে ভলভলা। | চান। চাঁদ |
| ১৬৭. এক থাল সুপারি<br>গইনতে না পায় ব্যাপারী। | তারা |
| ১৬৮. এইটে থুলুং হইল কি<br>ছাওয়া কান্দিলে দিম কি? | বরফ |
| ১৬৯. একনা ঘর নিকা চোকা<br>ফুল ফুটিছে ঝোপা ঝোপা<br>ফুল-কুড়িবার কাঁহোয় নাই<br>আজা মরিচে তায় কান্দাইয়া নাই। | আকাশ , চাঁদ, ন( ত্র |
| ১৭০. এইটে গারলুম গছগছালি | মেঘ |

অমপুরত গেইল শিপা
ছিঁড়া পাতা জোড়া নেয়
হেটা কেমন কথা।

১৭১. এইটে থুলুং হইল কি — বরফ
ভাতার চান্দাইলে দিম কি
আজার আইজ্যে নাই
পশারির দোকানেও নাই।

১৭২. এত্তেকনা গচে — বাইগন (বেগুন)
চৈতন্য ঠাকুর নাচে।

১৭৩. এক্‌না বুড়ি শুতি থাকে — বটি
নাক টিপিয়া তুলি দিলে
যেটায় পায় সেইটায় কাটে।

১৭৪. একনা চুয়ার দুইমত্ পানি — ডিমা/ডিম
ভাঙ্গিয়া দিলে শু( মানি।

১৭৫. একশটা বইন একে পাতে খায় — ঝাড়ু (ঝাট)
সাকালে উঠিয়া খালি আছাড় খায়।

১৭৬. এই দেখিলুং এই নাই — বিদ্যুৎ
উয়ার গাওত আগুন নাই।

১৭৭. এত্তেকনা ঘর — খই ভাজা
তার মইদ্যোত করে ধবফর।

১৭৮. একটা জীউ জলত ভাসে — প্রদীপের সলতে
পাছপাকে ঠেলা দিলে
দাঁত বেরকে হাসে।

১৭৯. এইটে দিলুং সাড়া — শঙ্খ (শাঁখ) বাজানো
সাড়া গেইল দোলাপাড়া।

১৮০. এত্তেকনা পুকরিত বগলা ঘুর ঘুর করে — কুপি/লম্ফ
জল কোনা শুকাইলে বগলা ধরফরেয়া মরে।

১৮১. ওপাড়ে পোনাগুলা থুকুর বুকুর করে — ফুটন্ত ভাত
এপারে বুড়া কোনা পুক্‌টিত চাপড় মারে।



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

১৮২. ওডোরং গ(র বোডরং শিং — কাঁকড়া
বড় বড় দরিয়াত পারে নিন।

১৮৩.ওপারে পাতাকেকানা টলমল করে — সূর্য
কার বাপের সাধ্য আছে কাটি আনির পারে।

১৮৪. ওপারে গারলুং গচ — মেঘ
গচের বাড়িত পাতা
ছিড়া পাতার জোড়া নেয়
হেটা কেমন কথা।

১৮৫. ক্যালেঙ্কারের সের চৌদ্দআনা — পেচাঁ
দিনত না দেখে কোন কানা।

১৮৬. কালা বাছুরটার গালাত দড়ি — কোরোসিন তেলের বোতাল
সাঁজ হইলে করে দৌড়াদৌড়ি।

১৮৭. কাঁচাতে তেলতেলা পাকিলে সেন্দুর — মাটির কলস
এই ছিল্‌কা ভাঙ্গি না দিলে তোর বাপ নেন্দর।

১৮৮. কাটো গুয়া খাও পান — রাবণ ও মন্দোদরী
তিরি পু(ষের বাইশটা কান।

১৮৯. কাটিলে তরে — নবজাতকের নাড়ি
না কাটিলে মরে।

১৯০. কান ধরিয়া দিলং ফোক — শঙ্খে (শাঁখে) ফু দেওয়া
ফোক গেইল বাঁশের থোপ।

১৯১. কও ক্যানে মামা — কলাগাছ
কোন গচের মুখ দিয়া বিরায় ডিমা।

১৯২. কাষ্টের গাই মাটির বাছুর — খেজুর গাছের রস
দুধ দেয় টাপুর টুপুর।

১৯৩. ক্যাতের করি গেইলেক পর পু(ষের কাছে, নতুন শাঁখা পরা
ডুবি দিলে বিষায় সোন্দাইলে হাসে।

১৯৪. কাল কিল কাল কিল
জল দেইখ্‌তে থমকিল। — জুতা

১৯৫. কালা গ(টো কালা ঘাস খায় চুলকাটা কাঁচি
আতি হইলে কালা গ( খোপরাত সোন্দায়।
১৯৬. কালা কালা গ(টো কালাঘাস খায় চুলকাটা কাঁচি
আতি হইলে কালা গ( খোপরাত নুকায়।
১৯৭. কালা গাই কালা গাই কালা ঘাস খায় চুলকাটা কাঁচি
সইন্ঝা হইলে খোপরাত নুকায়।
১৯৮. কাষ্টের মতো গাওখান ভিতরে আছে মজা শামুক
মুখ দিচে ভগবান নাই দেয় টিকা।
১৯৯. কালা কচু জলত ভাসে জোঁক
হাড় নাই তার মশম আছে
২০০. কাঠ খায় কোটরাত হাগে কাট কয়লা
ঐ জিনিসটা কামারক নাগে।
২০১. কালা কালা এলুয়া ঝাপুর ঝপুর করে মাথার চুল
বুড়া হইলে এলুয়া ধওলা রঙ ধরে।
২০২. কাঁচাতে তেলতেলা, পাকিলে হয় শক্ত( উনুন
এই ছিল্কা ভাঙ্গি না দিলে তুই হবু মোর ভক্ত(।
২০৩. কৈলাশের শিব নোমায় কিন্তু জটাধারী আনারস
দেহাটা হইল অক্ত(বরণ
চইখ সারি সারি।
২০৪. কান্দির উপর কান্দি কলার (ছড়া) ঝুকি
এই ছিল্কা ভাঙ্গি না দিলে
তুই হবু মোর বান্দি।
২০৫. কোন ঘরে এক্না পই ছাতা
কণ্ড তো দ্যাখং বাপোই।
২০৬. কণ্ড ক্যানে পন্ডিতের ঘর ঘর
কোন জিনিসের চাইরটা কান।
২০৭. কালা বরণ দালানটা শামুক
তার ভিতরত জীবটা।
২০৮. কালাকচুর বাগান খানত কালা কুকুর ঘুরে উকুন





দশজনে টিপকায় দুই জনে ধরে।
২০৯. কোন ফলের বিচি নাই নারিকেল
ভাইঙ্গলে পরে জল পাই।
২১০. কালা গাইটার কালা বাছুর মেঘ
দুধ দেয় টাপুর টুপুর।
২১১. কোন ফুলের ফল নাই জবাফুল
কন্ দেখি ঘর জামাই।
২১২. কালা কইনা কোনার কপাল সাদা মাশকলাই
জামাই আসিলে দেয় ফোঁটা।
২১৩. কালা কালা ভোমরা কালা ঘাস খায় চুলকাটা কাঁচি
আইত হইলে ভোমরা খোপরাত নুকায়।
২১৪. কান আছে মাথা নাই জামা
হাত আছে পাও নাই।
২১৫. কালাবরণ পেটটা গুরগুর করে হুঁকা (হুঁকো)
মাথার উপর আগুন দিয়া টানাটানি করে।
২১৬. কালা গ(টো হাঁটি বেরায় শামুক
টোবলাইলে খিল দেয়।
২১৭. কালা বুড়াটার কাম নাই বসি বসি থাকে হুঁকা (হুঁকো)
মাথাত আগুন দিয়া টানলে
টোরস টোরস করে।
২১৮. খাইলে পরে খাড়া হয় বস্তা
নাই খাইলে বসি রয়।
২১৯. খুটার গাই মাটির বাছুর খেজুর গাচের রস
বাট নাই ত্যাও দুধ দেয় প্রচুর।
২২০. খুটার পঙ্কি নোয়ার ঠোঁট লাঙ্গল
তাক করি দন্ডবোত।
২২১. খোটলা শিং খোঁড়ে মাটি লাঙ্গল, জোড়া বলদ ও কৃষক
দশ ঠ্যাং তার তিনকোনা পুটকি।
২২২. খলানের উপর খলান হুঁকা (হুঁকো)

এই ছিল্কা বুঝি না দিলে
তোর গুষ্টিমতে গোলাম।
২২৩. খের বাড়ি থাকি বিরাইল টিয়া কলার মোচা
সোনার টোপর মাথায় দিয়া।
২২৪. খোক্কত পালুং আছড়ে মারলুং। নাকের কফ
২২৫. খেরবাড়ি থাকি বিরাইল হোকস চিনে জোঁক
মাথা করে ঠোকস ঠোকস।
২২৬. খষ্টাং খষ্টাং জোড়া বলদ ও কৃষক
তিন মাথা দশ ঠ্যাং।
২২৭. খস্ খস্ গা(য়া খড়ের পুঁজি
একেকোনা টা(য়া।
২২৮. খাইলে বইসে না খাইলে শোতে। দস্তা
২২৯. খোসো মোসো করি কায় যায় রে (কচ্ছপ ও বেগুন)
চুপ করি থাক বুড়ার বেটা মুই যাং রে।
তোকে মোকে দেখা পাইলে ঘন্ট বানাবে।
২৩০. খাল শুকাইচে বিল শুকাইচে নারকেল
গচের আগালোত জল আটকিচে।
২৩১. খেরবাড়ি খান পোড়া গেইল ঢিবি
ভুসকুরাট চায়্যা রইল।
২৩২. খাল শুকাইচে বিল শুকাইচে নারকেল
শুকাইচে নদীর জল
ক্যাংকরিয়া চড়িয়া আছে
গচের মাতাত জল।
২৩৪. খোলটার উপর চাম হাড্ডির ভিতর মসম নারকেল
মানষিক ভুলাইতে উয়ার জগৎজোড়া নাম।
২৩৫. খালুং আগুন ফেলালুং ছাই ধূম পান করা
জিবত মোর গরম নাই।
২৩৬. খালি জিনিস কোনা পইল বাল্তি
ভর্তি হয়্যা উঠিল।





২৩৭. খেরবাড়ি হাতে বিরাইল সাপ কফ
নেটু ধরিয়া একপাক।
২৩৮. গছকোনা ঝাপুড়ি ঝুপড়ি ফলকোনা ব্যাঁকা মরিচ (লংকা)
এই ছিলকা বুঝি না দিলে তোর বাপমাও বোকা।
২৩৯. গাওখান হল্দি বরণ ভিতরখান সাদা পাকা কলা
পন্ডিতের ঘর বুঝে আদামাদা মুর্খে বুঝে কলা।
২৪০. গাই হাটে টা(য়া, টা(য়া হাগে বাছুর হাঁস/ মুরগির (ছানা) বাচ্চা
টা(য়া থাকে পড়িয়া, বাছুর বেড়ায় দৌড়িয়া।
২৪১. গঙ্গায় গঙ্গায় মিতা কুয়ো ও বালতি
গঙ্গার ভিতর গঙ্গা সোন্দায় হেটা কেমন কথা।
২৪২. গুজুর গুজুর যায় বিন্দি/ সুই (সুচ)
ভুলকি মারি চায়।
২৪৩. গেইতে গুজুর গুজুর আইসতে গুজুর গুজুর শুঙারি (শুঁয়ো) পোকা
এই চিল্কা ভাঙ্গি না দিলে তোর গুষ্ঠি সুদা কুকুর।
২৪৪. গচ আছে তার ফল নাই মানকচু
গচে তুলি গচে খাই।
২৪৫. গচের নাম নাগর মাতা কচুগাছ
এক্না ডালের এক্না পাতা।
২৪৬. গোড় আগাল ধুতুরা ফুল কলাগাছ
মইধ্য খান হইল আচ্ছা
আগাল দিয়া ডিমা পাড়ে
গোড় দিয়া বিড়ায় বাচ্চা।
২৪৭. গাওভর্তি শিং কাঁঠাল
পড়ি আছে ডিং ডিং।
২৪৮. গিদাল না হয়, দোহার না হয়, মশা
তাও গুন গুন করে
মাইয়া না হয়, ছাওয়া না হয়

সগার ঘরে থাকে।
২৪৯. গছ কাটং গছালি কাটং ছায়া
কাটং গাছের মাএ(া
শয়ে শয়ে কুড়াল ভাঙ্গে
তাএ( না যায় কাটা।
২৫০. গুজুর গুজুর যায় শিয়াল (শেয়াল)
পাছ পাকে তাকায়।
২৫১. গচত ঠ্যাং জ্বলে টিকা জোনাকি
২৫২. গচ নোমায় গচালি নোমায় বই
নাক নাই মুক নাই তাও কথা কয়।
২৫৩. ঘর ডোং ডোং উপর ছাতি জাতি (মুখী) কচুর ফুল
তার ফুল খায় আশিন কাতি।
২৫৪. ঘর কোনা মোর আচাভুয়া কলাপাত
দুই কোনা চাল একনা উয়া।
২৫৫. ঘোরলডিং খোঁড়ে মাটি লাঙল, জোড়াবলদ ও কৃষক
দশ ঠ্যাং তিন পুটকি।
২৫৬. ঘরের তলোত ঘর মশারি
নাচে কইনা বর।
২৫৭. ঘরের তলোত ঘর মশারি
তারে তলোত দুই পায়্যা জীব করে ধরফর।
২৫৮. ঘাটায় ঘাটায় থাকে, মানষি দেখইলে দাঁড়ায় চিনে জোঁক
কোকড়া নাগি ধরে, অন্ত( বেরকে ছাড়ে।
২৫৯. ঘোকর ঘাই তোলে মাটি লাঙল, জোড়া বলদ ও কৃষক
দশ ঠ্যাং তিন পুটকি।
২৬০. ঘোকলডিঙের নালবরণ নেউল ও কাঁকড়া
দুই বীরের চৌদ্দচরণ
এক্না বুড়া দেখিয়া কয় হেটা কেমন কথা
দুই বীরে যুজ করে এক্না হইল মাথা।
২৬১.ঘরের তলোত ঘর নারকেল





তারে তলোত জল।
২৬২. ঘারত চড়ি বেড়ায় ঢাক/ ঢোল
বিনা দোষে ডাং খায়।
২৬৩. চকো মকো চৌচালা শিমূল ফুল
ওর ফুল কাঁচা কলা।
২৬৪. চাইরো পাকে নোয়ায় আইল নারকেল
জল কেংকরি সোন্দাইল।
২৬৫. চান্দের মতো চৌচাকাতি মধ্যে সুতার বান তাল
এই ছিলকা বুঝি দিতে নাইগবে গুয়াপান।
২৬৬. চকর চাল চকর চাল আনারস গাছ
গোড় ঝাপুড়া মাথা নাল।
২৬৭. চউথ দিয়া খায় মুখ দিয়া হাগে ডারকি
এই ছিল্কা ভাঙ্গি দিতে গুয়া পান নাগে।
২৬৮. চাইরকোনা ভাই খাটার খুটুর গো(
দুক্না ভাই বসিয়া ঠাকুর
দুক্না ভাই ঘন্টা বাজায়
এক্না ভাই চঙ্গস ঢুলায়।
২৬৯. চাইরটা ঘড়া উবোত করা গাই গ(র বাট
উয়ার ভিতর আছে মধুভরা।
২৭০. চাইরটা বোতল মধুভরা গাই গো(র বাট
মুকা নাই মুকি নাই
আছে উবোত করা।
২৭১. চিক চিক্কা ভুই নিকা লাঙল, জোড়া বলদ ও কৃষক
ছয় চ( তিন টিকা।
২৭২. চুটটুত পাকিরি মাই খড়ম
ছাওয়া পিঠিত কর বাড়ি যাই।
২৭৩. চুপ করি গছত থামে মরিলে পরে ডাকে হুঁকা (হুঁকো)
ছাল নাই চামড়া নাই বিধির বিধানে।
২৭৪. চুটচুত পাকেড়া মইদ্যোত ভ্যাকেরা খই

বুঝি দেবে চ্যাঙেরা।
২৭৫. চাপুড়ি চুপড়ি মাইকোনা দেইখতে সুন্দরী কাঁকড়া ও সারস
ঘর থাকি বিরাও মাই তোক ভত্তি( করি
মুচিয়া কুচিয়া দোন্দাচুং ঘর
ভত্তি( করিস তায় অত্তি থাকি কর।
২৭৬. চাইরটা বোতল মধুভরা গাই গো(র বাট
কুপি নাই কাপা নাই
খালি উবুর করা।
২৭৭. চলভোলাটা খোঁড়ে মাটি লাঙল, জোড়াবলদ ও কৃষক
দশ ঠ্যাং তার তিন পুকটি।
২৭৮. চৌখ মেলিয়া নিন পারে মাছ
ঐকিনা জিউক মানষি ধরে।
২৭৯. চাইর ঠ্যাং দিয়া খচে মাছি
দুই ঠ্যাং দিয়া মোচে
উয়ার সাথে তোমার কি সম্বন্ধ আছে।
২৮০. চৌখ দিয়া খায় মুখ দিয়া হাগে টেপাই
ঐকিনা জিনিষ ঠাকুর সেবায় নাগে।
২৮১. চিক চিকা পকিকোনা চিক ধান খায় টাকা পয়সা
সাত সমুদ্দর পার হয়্যা বানিজ করির যায়।
২৮২. চিৎ করি ফ্যালে উবুর হয়্যা ধরে শিল নোড়ায় মশলা বাটা
কাজ কোনা করার সময়গয়না সুদায় নড়ে।
২৮৩. চ্যাংড়াগিলা একবার বিন্দিতে (সূচে) সুতা পরানো
বড়া গিলায় বারবার।
২৮৪. চৌখ মেলিয়া নিন যায় মাছ
ঐকিনা জিউক মানষি কায়।
২৮৫. চার ঠ্যাং চৌচাকাতি পানিমাছ (কচ্ছপ)
ডাঙ্গায় গলে থাকে
পূর্ব জনমে ছিল হরি
এই জনমে মানষি খায় তাকে।





২৮৬. চিমটালুটা খোঁড়ে মাটি লাঙল, জোড়াবলদ ও কৃষক
দশ ঠ্যাং তার তিন পুক্‌টি।
২৮৭. চামড়ার জিনিস চামড়ায় জানে জুতো
ডুবি দিলে মচ্‌ মচ্‌ করে।
২৮৯. চৌপাকে গোল মইধ্যতে ছিদ্র কলের গান
ন্যাবের থ্যাবের করে
ভাল করিয়া নাগে দিলে
মুখত হাসি ধরে।
২৯০. চানের নাকান চৌচাকাতি শাঁখা পরা
ঢুকাইতে ক্যাকেট ব্যাকেট
ঢুকি দিলে মনত হাসি।
২৯১. চাইর ডানা এক্‌না ঠোঁট উট্‌কোন
বুঝি না দিলে হবু বেইজ্জাত।
২৯২. চ্যাপ চ্যাপ চ্যাপটা কোদাল
একটা তার ডান্টা।
২৯৩. ছোট ছোট গছ গুলাত ঝাপুড়া বেটা থাকে মরিচ (লংকা)
খাবার সময় ঝাপুড়া বেটা মুখ কামড়ে ধরে।
২৯৪. ছাই দেইখ্‌লে গোটা হয় কুকুর
ন্যাদাই খাইলে উঠি যায়।
২৯৫. ছিলক ছিলকানির মাও জাকালা
কার কত কিলকানি কও।
২৯৬. ছাওয়াগুলা একবার বিন্দিতে (সূচে) সুতা পরানো
গাবুর গুলা বার বার
বুড়া গুলা হিদিগুদি
না পায় ছেল্লেবার।
২৯৭. ছিলক ছিলকানি জাকালা
কার অনেক কিলখানি।
২৯৮. জঙ্গল বাড়ি থাকি বিরাইল টিয়া কলার মোচা
নাল টুপিটা মাথাত দিয়া।

| | |
|---|---|
| ২৯৯. জল নাই খালোত বিলোত<br>জল আছে গচের আগালোত। | নারকেল |
| ৩০০. জানি রে ভাই জানি<br>চউক দিয়া চায়্যা রয়<br>নেটু দিয়া পানি খায়। | গচা (প্রদীপ) |
| ৩০১. জঙ্গল বাড়ি থাকি বিরাইল টিয়া<br>সোনার টোপর মাথাত দিয়া । | কলার মোচা |
| ৩০২. জঙ্গল থাকি বিরাইল প্যারেত<br>ঘাড়টা করে ন্যারেত ব্যারেত। | চিনা (চিনে) জোঁক |
| ৩০৩. জলে জন্ম ডাঙ্গায় কর্ম, সাঁঝ হইলে ডাকে<br>চামড়া নাই মসম নাই, বিধির বিপাকে। | শঙ্খ (শাঁখ) |
| ৩০৪. জল নাই খালে বিলে<br>জল চড়ি আছে গচের ডালে। | নারকেল |
| ৩০৫. জন্মকালে দুই শিং গাবুর কালে নাই<br>বুড়া কালে দুই শিং কওতো কার গোঁসাই। | চান /চাঁদ |
| ৩০৬. জীব নয় জন্তু নয় দ্যাশ বিদেশ যায়<br>পাও নাই মাথা নাই আস্ত মানষি খায়। | জামা |
| ৩০৭. ঝুম ঝুম কাশিয়ার মুড়া<br>বাপ থাইকতে বেটায় বুড়া । | মরিচ (লংকা) গাছ |
| ৩০৮. ঝাড় থাকি বিরাইল টিয়া<br>সোনার টোপর মাথাত দিয়া । | কলার মোচা |
| ৩০৮. ঝার বাড়ি থাকি বিরাইল প্যারেত<br>ঘাড়টা করে ন্যারেত ব্যারেত। | চিনা জোঁক |
| ৩০৯. ঝাপুর ঝুপুর গাছটা<br>ঐটে আছে কালা কুকুরটা । | খেজুর গাছের হাঁড়ি |
| ৩১০. টুবলুত চ্যাং টুবলুত চ্যাং<br>চাইর মাথা বার ঠ্যাং। | গাই দোয়ানো অবস্থা |
| ৩১১. টিকি ধরিয়া আনলুং<br>আছাড় দিয়া মারলুং। | ধান গাছের (চারা) বিচন |





| | |
|---|---|
| ৩১২. ট্যাংশিয়া খোঁড়ে মাটি<br>দশ ঠ্যাং তিন পুটকি। | কৃষক, লাঙল ও বলদ |
| ৩১৩. টিনের ঘর টিনের কব্জা আয়নার জানালা<br>টিপি দিলে আগুন জ্বলে ধরা যায় না। | টর্চ |
| ৩১৪. টানিলে পাই, ঢালিলে ছাই<br>একিনা কথার উত্তর দেওয়া চাই। | হুঁকা (হুঁকো) |
| ৩১৫. টিং টিম টিং<br>কোন গ(র তনিটা শিং। | উট্‌কোন |
| ৩১৬. টিকা কোনা শুকটা মাথা ফ্যারকাটা<br>আঠারো সের ধান ধরে হেটা কেমন কথা। | দোন |
| ৩১৭. ঠক ঠক ঠকিলে<br>বক বক বকিলে চাইর মাথা বার ঠ্যাং কোন্‌টে দেখিলে। | গাই দোয়ানো অবস্থা |
| ৩১৮. ঠোঁটকোনা নাল টিক টিকা<br>গালাত চন্দ্রহার<br>তিন হাত দিয়া কোন জীব<br>করে আহার। | টিয়াপাখি |
| ৩১৯. গোসাই ঠাকুর নমস্কার<br>তিন ছিদ্র আছে কার। | চোপড়া মাছ |
| ৩২০. ঠক ঠক বগিলা ঠক ঠক ঠকিলা<br>চাইর মাথা বারোটা ঠ্যাং।<br>কোটে কোনা দেখিলা। | গাই দোয়ানো অবস্থা |
| ৩২১. ঠক ঠক ঠকিলা<br>কও তো ভাই কোকিলা<br>চাইর কোনা মাথা বারকোনা ঠ্যাং<br>কুত্তিকোনা দেখিলা। | গাই দোয়ানো অবস্থা |
| ৩২২. ডোলডং ডোলডং উপরত ছাতি<br>তাক খায় আশ্বিন কাতি। | সজি/ জাতি (মুখী) কচু |
| ৩২৪. ডুবি দিলুং মোটাটা<br>বেরকালুং সেরমেটাটা। | পোড়া (বগুন) বাইগন |

৩২৫. ডালত বসি ধিন্দি চায় — মাছরাঙা
ধুপ করি পড়ি খপ করি খায়।

৩২৬. ঢোকে ন্যা তায় ঢোকান ক্যানে — শাঁখা পরানো
পরার মাইয়াক কান্দান ক্যানে।

৩২৭. ঢল ঢল ঢল খল খল খল — নারকেল
হর দ্যাখ গচের আগালত জল।

৩২৮. ঢাক গোর গোর ঢাক গোর গোর — অউদ (রোদ্র)
ঢাক গোর গোর করে বলরামপুরত আগুন নাইঘ্ছে
কায় নিভাইতে পারে।

৩২৯. ঢাক গুরগুর ঢাক গুরগুর করে — চাঁদ ও সূর্য
দিনে আইতে দুক্না পাতা টলমল করে।

৩৩০. তল্লে ঘুঘু উপরে ছাতি — সজি (মুখী) কচু
তাক খায় মানষি আৰিন কাতি।

৩৩১. তল্লে আছে কাটুরি কুটুরি উপরে নোয়ায় বান — সিন্দুক
এই ছিল্কা বুঝি না দিলে নাইগবে গুয়াপান।

৩৩২. তিনপাকে তিনকোনা শিমলার মুড়া — আকা (উনুন)
মইদ্যোত আছে ভাদুবুড়া
ভাদুবুড়া ডিমা পাড়ে
ছাওয়া ছোট আশা করে।

৩৩৩. তিরিত তিরিত নাচে — বান্নি
তোমার বাড়িত কি আছে।

৩৩৪. তিন বুড়ার একটা মুখ — আকা (উনুন)
আইতে দিনে নাই সুখ।

৩৩৫. তু(ত তারাত নাচে — বান্নি (ঝাঁটা)
তোমার বাড়িত কি আছে।

৩৩৬. তিন ভাই ঢেংসিয়া — চুলা/ আকা (উনুন)
তিনটে আছে বসিয়া।

৩৩৭. তোমরা যাইবেন হাট হামরা দিমো পাইসা — আয়না
আংটি কিনেন বাংটি কিনেন





হামার মতো একটা মানষি আনেন।

৩৩৮. তিন কানিয়ার মইদ্যোত খাল — কেকেরি
উয়াক দিয়া কাজ করিবার ভাল
ঝোক ঝোকাইতে ঝোক ঝোকাইতে পানি পড়ে
খামচি দিয়া জিউকোনা ধরে।

৩৩৯. তিস্তার পাড়ত মাউসার বাড়ি — দাঁতও জিহ্বা
বত্রিশটা গচের একটা পাতারি।

৩৪০. তুই খ্যায়্যা দিলু মোকে — হুঁকা (হুঁকো)
তাও ক্যানে ভোগ নাগে।

৩৪১. তিন ভাই ঠাঁই ঠাঁই — চুলা / আকা (উনুন)
একটা পেটে খাবার খাই।

৩৪২. তলে তলে যায়্যা খপ করিয়া ধরে — পানকৌড়ি
ভুস করিয়া উপরত উঠি গচের ডালত বসে।

৩৪৩. তুই জলত মুই ডালত — মাছ
দেখা হইবে রান্নাঘরত।

৩৪৪. তলোত উপা উপরত সোনা — ধান
মানষিক বাঁচায় ঐ জিনিষ কোনা।

৩৪৫. তিনটা মন্দির ঠাই ঠাই — আকা/ চুলা (উনুন)
ঠাকুর কিন্তু একটেও নাই।

৩৪৬. ত্যানা পিন্দি ছয় কুড়ি — অসুন (রসুন)
মাটির তলত থাকে বুড়ি।

৩৪৭. তিন হাতে কাজ করি তিন হাতে খাই — টিয়াপাখি
চলাফেরা রাজার মত করি আমি ভাই।

৩৪৮. থুরি থুরি থুরি — কলাগাছ
এক ছাওয়াতে বুড়ি।

৩৪৯.থাকের উপর থাক — হুঁকা (হুঁকো)
তার উপর বৃন্দাবন তার উপর বাঘ।

৩৫০. থাকের উপর থাক — হুঁকা (হুঁকো)
তার উপর কালা কুকুর তার উপর বাঘ।

৩৫১. থপ থপেয়া হাঁটে কুকুরের মতোন বইসে — ব্যাঙ
জল দেখিলে এক্কে ঝাঁপে পাথরের মতোন ডুবে।

৩৫২. দশজনে পিটটি আনি দুইজনে ধরে — উকুন
তালাত পুড়ি বিচার করি খোল্টা দিয়া মারে।

৩৫৩. দেবের দুর্লভ ফল মানষির লোভা — আমের পোকা
তারে গর্ভে জনম নিলেক বীর অসম্ভবা
শুঁড় আছে হাতি নোমায় হাঁটে ছয় পায়
যারে গর্ভে নিকেল তারে মশম খায়।

৩৫৪. দশ বীরে পিট্টায় দুই বীরে ধরে — উকুন
অমপুরত থুইয়া তালাত পুরি মারে।

৩৫৬. দুই শিং ঘাসের উপর — শামুক
মুখত দুয়োর পিঠিত ঘর।

৩৫৭. দুক্না বুড়া হাট যায় — তেলের বোতল
ঠিকির ঠাকার ডাং খায়।

৩৫৮. দুখান চাটির ফাঁকা দিয়া — করাত
কালাচান যায় দৌড়িয়া।

৩৫৯. দুখান চাল তার বত্রিশটা উয়া — দাঁত
বুড়া হইলে করে টুয়া ভুয়া।

৩৬০. দুই ভাই এক্কে সাথে — খড়ম
পিটিত চইড়লে ডিকরি উঠে।

৩৬১. দোমের উপর দোম পইল — কদম গাছে গোদম পড়া
দোম দিয়া দোম চলি গেইল
আর এক্না দোম পইল।

৩৬২. দুই ফাঁক করিয়া মইদ্যতে দিলুং ভরেয়া — সুপারি কাটা যাতি
চাপা দিলুং যখন কাম হয়্যা গেইল তখন।

৩৬৩. দুই ভাই এক্কে মতোন — খড়ম
কাজ কইরলে খালি চিররণ।

৩৬৪. দুই ভাই একে মতোন জাপ্টা নাগি থাকে — চুলকাটা কাঁচি
চখুত না শুতাইলে কাম না করে।





৩৬৫. দেখি আসিনু দোলার মাঠে — ধান রোয়া
পুটকি উপর করি পাছ পাকে হাটে।

৩৬৬. দুই হাত রমনীর দশ হাত সোয়ামী — দ্রৌপদী
একিনা কথায় উত্তর দ্যাও তো মামী।

৩৬৭. দুই বর্ণে নাম তার সগায় পায় ভয় — জাম
প্রথম বর্ণে আকার দিলে সর্বলোকে খায়।

৩৬৮. দিনে বন্ধুর দেখা নাই আইজ হইলে আইসে — তারা
কও দেখি বন্ধু আকাশতে আছে।

৩৬৯. ধোপায় না দেয় ধুইয়া — কলাপাতা
দরজি না দেয় সিয়া
ঐকিনা কাপড় পিন্দিয়া গেলুং
দিনাজপুর নাগিয়া ।

৩৭০. ধুলায় নুটপুট দুই কান তার কাটা — চ্যাংমাছ
তিন ভুবন দেখাইল মোক চিলা ব্যাটা।

৩৭১. ধাম ধুম ধারাত ধারাত — পাট ধোয়ার পদ্ধতি
সোকর সোকর সারার
পানিকোনা যখন পইল
কাম কোনাও তখন হইল।

৩৭২. ধুম ঘরের একনা পই — ছাতা
বুঝি দেরে বাপোই।

৩৭৩. ধুম ঘরের একটা পোয়া — ছাতা
বুঝি দ্যাও রে ছাওয়া।

৩৭৪. ধুম ঘরের একটা পই — ছাতা
কত কিরে বাপোই।

৩৭৫. ধুম ঘরের একটা পই — ছাতা
ঐকিনা কাথা ভাঙ্গি দেরে বাপোই।

৩৭৬. ধুপ করি পইল — গোবর
চুপ করি অইল।

৩৭৭. ধুপ করিয়া পইল ভ্যাট — গুয়া (সুপারি)

ভ্যাট কয় মোর প্যাট কাট।

৩৭৮. ধর আছে মাথা নাই — জামা
আস্ত মানষিক গিলি খাই।

৩৭৯. ন্যাম ন্যাম দাঁড়ি ঘোকলং ধাস — বাঘ ও রাম ছাগল
আজি কেনে তোর অন্য ব্যাস
হাতি মারচুং গোটা গোটা
ঘোড়া মারচুং পাঁচ
চিতিয়া বাঘের জন্য আচুং পরবাস।

৩৮০. না কাটিলে মরে — নবজাতকের নাড়ি
কাটিলে তরে।

৩৮১. নালবুড়ি কালাবুড়ি হাট যায় — মাটির কলস
হাটত য্যায়্যা গালে মুখে চড় খায়।

৩৮২. নাল দামড়াটার শিংত দড়ি — কাঁকড়া
চল যাই দামড়া হামার বাড়ি।

৩৮৩. নাল নীল কোকিলা বরণ — কাঁকড়া ও নেউল
চার চ(ু চৌদ্দ চরণ
মুনি কয় হেটো কেমন কথা
দুই বীরে যুজ করে একেটা মাথা।

৩৮৪. সঙ্গে বাড়ি সঙ্গে ঘর — মাকড়া (মাকড়সা)
ঐ জন্তুটার গালাত কোমড়।

৩৮৫. নালো নালো গৌর বরণ — কাঁকড়া ও নেউল
দুই ভাইয়ের চৌদ্দ চরণ।

৩৮৬. নাল গ(টা খের খায় — আগুন
জল দিলে মড়ি যায়।

৩৮৭. নাপা বাড়ি থাকি বিরাইল হাপা — জামা
হাপা কয় মোর নাইরে মাথা।

৩৮৯. নদী নাই নালা তল দিয়া যায় সোত — তেলের ঘানি
ফকির নোমায় পীড় নোমায় মাথাত একটা টোপ।

৩৯০. ন্যাত প্যাত করে পাতা — চিঠি



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

উয়ার সাথে কই কথা।

৩৯১. নদী আছে নালা জলকোনা নাই — নারকেল
গচের আগালোত জল চড়িছে পারাও রে বাপই খাই।

৩৯২. নাল বুড়াটা হাট যায় — মাটির (কলস) হাঁড়ি
বিনা দোষে ডাং খায়।

৩৯৩. নাল টিক টিক কাশিয়ার মুড়া। — কলা ও মোচা
বাপ থাইক্তে বেটার বুড়া।

৩৯৪. নোয়ায় গাই খুটার বাছুর কামার বাড়ি যায় — দ্যা
ঘাস না খায়, খের না খায় খালি ডাং খায়।

৩৯৫. নাল রত্ত( বরণ চৌ সারি সার — আনারস
রাম নাল হয় লক্ষ্মণ না হয়, কিন্তুক জটাধারী।

৩৯৬. নোয়ার গাই খুটার বাছুর — দা
তাকে ছেকে মামা ৱশুর।

৩৯৭. নাল মামা হাট যায় — মাটির হাঁড়ি/ কলস
ফাকতে ফাকতে ডাং খায়।

৩৯৮. পূব পশ্চিম উত্তর দ(িণ কোন চিলার ভাসা — শাকুলু
তোক পুছং তোর বালক পুছং কোন ফলটা বাঁচা।

৩৯৯. পি পি পি — কুপি (প্রদিপ)
নেটু দিয়া জল খায় উয়ার নাম কি।

৪০০. পেটকোনা খোলটা নাগা, পিটি টান টান — ঘর
কণ্ড তো দেখি কোন জন্তুর চাইরটা কান।

৪০১. পূব থাকি আইস্লেক হাপা — জামা
হর দ্যাখ হাপার নাই রে মাথা।

৪০২. প্যাট ভইরলে খাড়া হয় — বস্তা
খালি পেটে বসি রয়।

৪০৩. পাথরের মতোন ডুবে, শালার মতোন ভাসে — ব্যাঙ
মাইনষের মতোন হাত পাও কুত্তার মতোন বইসে।

৪০৪. পাঁচ ভাই ঠাঁই ঠাঁই — হাতের পাঁচ আঙুল
একে থালত ভাত খাই।

৪০৫. পাতা আছে ডাল কোটে — হল্‌দি (হলুদ) গাছ
ফুল আছে তার ফল কোটে।

৪০৬. পাছোত আসি আগোত যায় — দাঁত
খাবার মজা চলি যায়।

৪০৭. পাতা খস্ খস্ ডান্টা খস্ খস্ — কুমড়া
ধরে নাদা নাদা।
এই ছিল্‌কা ভাঙ্গি না দিলে
তোর গুষ্টি সুদায় ভোদা।

৪০৮. পাঁচ ভাইয়ে পিট্টি আনে বত্রিশ ভাইয়ে ধরে — খাবার খাওয়া
একজন ঠেলিয়া দিলে দরিয়াত যায়্যা পড়ে।

৪০৯. পাকাইলে বাড়ে — বিড়ি
টাইনলে কমে।

৪১০. পাকাতেও খায় কাঁচাতেও খায় — কলা
খাবার কইলে রাগ হয়।

৪১১. পাতাও খাই, ছালও খাই বেচাই — পাটগাছ
হাড্ডি দিয়া আগুন জ্বালাই।

৪১২. পরার সময় কান্দে — শাঁখা পরা
পরা হইলে হাঁসে।

৪১৩. ফুল ফল ফুলানি — তেঁতুল
বাচ্চা বেলার দুলানি
পাকিলে সুন্দরী হয়
ন্যাংটা হয়্যা হাটত যায়।

৪১৪. ফল ফল ফল — নারকেল
কোন ফলের তলোত জল।

৪১৫. বক বক বকিলা ঠক ঠক ঠকিলা — গাই দোয়ানো অবস্থা
চাইর মাথা বার ঠ্যাং কোনটে দেখিলা।

৪১৬. বক বক বকিলা — গাই দোয়ানো অবস্থা
চুপলুং চ্যাং চাইর মাথা বার ঠ্যাং
কোনটে কোনা দেখিলা।



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

৪১৭. বাচ্চা বাচ্চা গচে — বাইগন (বেগুন)
কালী ঠাকুর নাচে।

৪১৮. বন থাকি বিরাইল চিতি — কাগজি লেবু
চিপি কয় তোর পাতোত মুতি।

৪১৯. বাপকোনা ন্যাকের প্যাকের মাও ঝাপুড়ি — লাউফুল
ভাইগিলা হুদুম দুম বইন সুন্দরী।

৪২০. বাকুয়াত চড়ি হাটোত যায় — লাউ
মানষি গিলায় চিমটি খায়।

৪২১. বাতাসের আগালোত আলো যায় — মন
তার আগোত যায় কায়।

৪২২. বিধাতার এমন কল — আনারস
এক্‌না গছত এক্‌না ফল।

৪২৩. বত্মাতে এক মইরলে দুই — ঝিনাই (ঝিনুক)
কাম কাজ করিয়া চাটিত তুলি থুই।

৪২৪. বত্মাতে এক মইরলে হয় দুই — ঝিনাই (ঝিনুক)
ছাওয়ার কাম হয়্যা গেইলে
চাটিত তুলি থুই।

৪২৫. বুড়ি বুড়ি বুড়ি — গো(র খুঁটি
সাকালে উঠিয়া মাথাত একগুড়ি।

৪২৬. বহু আশা করি গেইলেক পর পু(ষের কাছে — শাঁখা পরা
ডুবি দিলে ক্যাকেট ব্যাকেট সোন্দাইলে হাসে।

৪২৭. বড় ঘর তার বত্রিশ কোটা — সিন্দুক
নোয়ার ঝিনঝিরি চাইরো পাকে বান্দা
হালুয়া পোষে আশপাশ
ধনীগুলা পোষে আশপাশ
ধনীগুলা পোষে বারমাস।

৪২৮. বিষগুটলির তলোত ধোমা গুম গুম করে — হুঁকা
টারাস টারাস করি ডাকি মানষি গোটো করে।

৪২৯. বেলা ডুবিলে করে গান — শাঁখ

কোন জিনিসের একটা কান।

৪৩০. বেত বাড়িত ফেলালুং ছুরি (ু র
বেত কাটা গেইল হাজার কুড়ি।

৪৩১. বল দেখি ভাই, ঘর আছে তার ডিমা/ডিম
দুয়োর কোনা নাই।

৪৩২. বাচ্চাকালে চাইর ঠ্যাং জোয়ানতে দুই মানুষ
বুড়াকালে তিন ঠ্যাং কাও দেখি কী?

৪৩৩. বাচ্চাকালে কাচাঁয় খাই শ্যামাস(শশা)
পাকিলে পাতোত নেই।

৪৩৪. বাইরে বাইরে চাইরটা পকি চাইর রং ধরে পান সুপারি চুন
খাঁচাত সোন্দাইলে পরে একটা রং ধরে।

৪৩৫. বাচ্চাকালে পড়ে জামা বাঁশ
বড় হইলে ন্যাংটা মামা।

৪৩৬. ভগবানটা এমন চুদু কশিয়ার (আখ)
ডাইটার ভিতর ভরাইচে মধু।

৪৩৭. ভগবানটার এমন কাম চুলা/আকা(উনুন)
তিন ভাইয়ের একটা নাম।

৪৩৮. ভাঙ্গিলে একটা, না ভাঙ্গিলে দুইটা জমির আল (সীমানা)
এমন আচম্বিত, হেটো কেমন কথা।

৪৩৯. ভুঁই ধল ধল বিচন কালা চিঠি
মুই নাই তার বলে ভালা
ঠ্যাং নাই তার যার দূর
পিন্দি আইসে চাম্পার ফল।

৪৪০. ভো ভো কইল্লে ভোমরা নোমায় চড়কা
গালাত পৈতা পিন্দিলে বামন নোমায়।

৪৪১. ভুলকি মারি চায়্যা বয় ঢেঁকি
ধূপ করি পড়ি এক খাপল খায়।

৪৪২. ভরেবার সমায় কান্দে শাঁখা পরানো
ভরেয়া দিলে হাসে।





৪৪৩. ভাই ভাই ঠাঁই ঠাঁই হাতের পাঁচ আঙুল
খাওয়ার সোমায় একেটে খাই।

৪৪৪. ভাই ভাই ঠাঁই ঠাঁই হাতের পাঁচ আঙুল
পাঁচ ভাইয়ে এক পাকে যাই।

৪৪৫. ভগবানের কর্মফল নারকেল
গচের মাথাত থইরে জল।

৪৪৬. ভিজাইলে সেরমেটা শুকাইলে চামড়া গামছা
এই ছিল্‌কা ভাঙ্গি না দিলে তুই একটা দামড়া।

৪৪৭. মাথাটা হইল আউল ঝাউল কলাগাছ
গাও কোনা হইল আচ্ছা
মুখ দিয়া ডিমা পাড়ে
টিকা দিয়া বাচ্চা।

৪৪৮. মুই কং ছি ছি উমায় কয় মা ছিমা (ছিম)
সউক মানষি খায় তাক
মান যায় না।

৪৪৯. মামার বাড়ি গেলুং, এক পাইলা দইদিল্ চুন
খাইতে খাবার না পালুং।

৪৫০. মাথাত করি আনে যাকে করিয়া যতন খড়ির বোঝা
বিনা অপরাধে তকে করে অপমান
অপমান হয়্যা সে মৌনদেশে বয়
অবশ্য করিয়া দেয় সে সম্বল উপায়।

৪৫১. মামার বাড়িত পুকুর কোনা টলমল করে চোখ
এত্তেকোনা কুটুরা পইড়লে পানি ঝর ঝর করে।

৪৫২. মামার বাড়ি গেনু, একখান দড়ি দিল ঘাটা/ রাস্তা
কোষাইতে কোষের না পানু।

৪৫৩. মৌন বেশে রয় সে, মরিলে ভাল ডাকে হুঁকা (হুঁকো)
ছাল নাই চামড়া নাই বিধাতার বিপাকে।

৪৫৪. মাটাইলে মোটা হয় চুয়া (কুঁয়ো)
কাটিলে দিলিলা সলসলা হয়।

54_ICH



৪৫৫. মুখ দিয়া খায় বগল দিয়া হাগে — কলাই ভাঙা যাঁতা
ঐ জিনিসটা সগাকে নাগে।
৪৫৬. মাতা তুলি চায়্যা রয় — ঢেঁকি
ধুপ করি পড়ি এক খাপল খায়।
৪৫৭. মইদ্য নদীত ফেলালুং ছাই — জোঁক
ভাস্‌সি উটিল কালা গাই।
৪৫৮. মামীর ঘর আন্দেবাড়ে মামার ঘর খায় — শামুক
মুই যদি যাং তায় দেখি দুয়োর দেয়।
৪৫৯. মইদ্য নদীত গারলুং খুটা — মৌচাক
গাই হাম্বায় দুধ মিটা।
৪৬০. মামার বাড়ি গেলুং — পানের পিক
নাল নাটিটা আসিলুং।
৪৬১. মাটির তল থাকি উঠিল বুড়ি
অসুন (রসুন)
গায়ে একশ সাদা থান পড়ি
৪৬২. মশমের উপর দুই শিং — শামুক
মুখত দুয়োর পিটিত ঘর
পড়ি থাকে ডিং ডিং।
৪৬৩. মুখ নাই আও করে — চিঠি
ঠ্যাং নাই যায় দূরে।
৪৬৪. মাওকনা ঝাপুর ঝুপুর
মরিচ (লংকা)
ঠোটকোনা দেইখতে সুন্দর।
৪৬৫. মাটি থাকি উটিল গাই — টিপকল (টিউবওয়েল)
যেলায় সেলায় দুধ ছেকি খাই
টারি বাড়ির সগায় খায়
ত্যাও দুধ না ফুরায়।
৪৬৬. মুখ দিয়া খায় কাক দিয়া হাগে — যাঁতা
ওকিনা জিনিস কাজে নাগে।





৪৬৭. মাইনসের মতো হাত পাও মাইনসের মতো মুখ — বানর
ডালে ডালে ঘুরি বেড়ায় তাতেই উমার সুখ।
৪৬৮. মুখ আছে পেট নাই খাবার দিলে খায় — যাঁতা
যত দেও তত খায় বগল দিয়া বিরায়।
৪৬৯. যাবার চালুং স্বর্গমুখে মাথা করলুং হেঁট — গুয়া (সুপারি) গাছ
প্রসব না হইতে মোর খসিয়া পড়িল পেট।
৪৭০. যেইতে গুজুর গুজুর আইস্‌তে গুজুর গুজুর — শুঙারি (শুঁয়ো) পোকা
এই ছিল্‌কা ভাঙ্গি না দিলে গুষ্টিমতে কুকুর।
৪৭১. যেটায় দ্যাও ঐটায় খাং — আগুন
জল দিলে মরি যাং।
৪৭২. যার উপরত যাক থুইয়া উয়াক দিয়া মারে — কামার ও লোহা
নাল হইলে মারে আর কালা হইলে ছাড়ে।
৪৭৩. যে মুখে খায় ঐ মুখে হাগে — ঘট
ঐকিনা জিনিষ পুজাত নাগে।
৪৭৪. যেটে জন্ম ওটে মিশায় — লবন
ঐ জিনিস কোনা মানষিক বাঁচায়।
৪৭৫. যাকে দিয়া তাকে ধরে, তাকে দিয়া তাকে মারে — কামার ও লোহা
যখন হয় নাল, দেখিবার হয় ভাল
যখন হয় চিতোর ,
ভুস করিয়া ডুবি দেয় নাল কুড়াটার ভিতর।
৪৭৬. রিউ রিউ রিউ — কাশিয়া (কাশ) গাছ
সর্ব শরীর পোড়া গেইল
পুক্‌টিত এক্‌না জিউ।
৪৭৭. রিউ রিউ রিউ — বাদুর
যে মুখে খায় ঐমুখে হাগে কোন জিউ।
৪৭৮. রিউ রিউ রিউ — চেরা (কেঁচো)
উপর মুখে হাগে কোন জিউ।
৪৭৯. শিলুক শুল্‌কানির মাও — দাঁড়িপাল্লা
নাকত দড়ি পিটিত যাও

হাট যায় মোলানির মাও।

৪৮০. শিলের মতোন ডুবে, শোলার মতোন ভাসে — ব্যাঙ
মানষির মতোন হাত পাও কুকুরের মতোন বইসে।

৪৮১. শ্যাও শ্যাও শ্যাও — চেরা (কেঁচো)
উপর মুখে হাগে কোন দ্যাও।

৪৮২. শূণ্যে আইসে শূণ্যে যায় শূণ্যে বান্দে ঘর মাকড়া (মাকরসা)
বিধাতাটা বানে দিচে গর্দানত কোমড়।

৪৮৩. শূণ্যে আইসে শূণ্যে যায় শূণ্যে বান্দে ঘর মাকড়া (মাকরসা)
বিধাতার এমন নিদান গর্দানত কোমড়।

৪৮৪. শীতকালে নিন্দাল বেটা গরমকালে ঘুরে — সাপ
মানসিক দেখলে বেটা ফোঁস করে।

৪৮৫. সর্ব শরীলে শিং — কাঁঠাল
পড়ি আছে ডিং ডিং।

৪৮৬. সকালে কায় চাইর পায় হাঁটে — মানুষ
দুপুরে দুই পায়
সন্ধ্যায় তিন পায় হাটি
কুত্তি চলি যায়।

৪৮৭. সকাল বেলা চাইর পায় — মানুষ
দুপুরবেলা দুই পায়
ভাটি বেলা তিন পায় হাটি
দ্যাশে চলি যায়।

৪৮৮. সকালেতে চাইর পায় দুপুরেতে দুই — মানুষ
ভাটিবেলা তিন পায় দ্যাশে চলি যাই।

৪৮৯. নাপা বাড়ি থাকি বিরাইল হাপা — কাঁথা
হাপা কয় মোর নাইরে জামা।

৪৯০. সহস্র তালিকা দেবী বহু সূত্রে গাতনং — কাঁথা
শীত নিবারনং কান্তে(ৈবরী নমস্ততে।

৪৯১. সাঁজ হইলে করে গান — শঙ্খ (শাঁখ)
কোন জিনিসের একটা কান।





৪৯২. সঙ্গে বাড়ি সঙ্গে ঘড় — মাকড়া (মাকড়সা)
কোন জীবের গালাত কোমড়।

৪৯৩. সাত হাত পঙ্কির চৌদ্দহাত ঠোঁট — টারার দড়ি
ওঠে থাকি পঙ্কি করে ঠোকস ঠোকস।

৪৯৪. সাত হাত পঙ্কির চৌদ্দহাত ঠোঁট — টরারা দড়ি
চাঙ্কু বাড়িত পঙ্কি করে ঠোকস ঠোকস।

৪৯৫. সর্গেতে ছিলেক নারী নারি নাম ধরে — হুঁকা (হুঁকো)
নরলোকে আনি তাক জুদায় ছেন্দা করে
কাম নাই কাজ নাই গোড়ত গোড়ত করে।

৪৯৬. সিকি আধুলি নয়টা ছয়টি সিকি, তিনটি আধুলি
টাকা মিলি দে তিনটা।

৪৯৭. সাদা চুনের বাড়িটা টলমল করে — ডিমা/ ডিম
হলুদ রঙের পাখিটা নড়া-চড়া করে।

৪৯৮. সাকালে উঠি দেখলুং যে রং বৈকালেতে নাই — সহপদ্ম
কন্ তো দেখি কোন ফুল হামরা তুলিবার যাই।

৪৯৯. সারাদিন মাটি খায় — নাঙ্গল/ লাঙল
সইন্ঝা হইলে ঘর সোন্দায়।

৫০০. হির গেনু হুর গেনু গেনু মরাঘাট — জোয়ার/ ভূট্টা
এক্কে সুলকি দেখি আসিনু ষোলা সারি দাঁত।

৫০১. হাড় দিয়া ভাত আন্দিচুং — পাট
ছাল পাতি দ্যাং বৈস
একিনা কথা উত্তর দিয়া
ভাত খাবার আইসো।

৫০২. হামার মাইকোনা হিয়া — আলুগাছ
মাটির তলোত ছাওয়া থুইয়া
গছ চড়িছে যায়্যা।

৫০৩. হাটত যান তোমরা খরচ বাতাই হামরা — পেঁয়াজ
হামার বাদে আইনবেন খালি চামড়া।

৫০৪. হির গেনু হুর গেনু গেনু চিলকির হাট   আনারস
এক্কে ঠ্যালায় দেখি আসিলুং ফলের উপর পাত।
৫০৫. হির গেনু হুর গেনু গেনু হাজরাহাট   লাউ
এক্কে সুল্কি দেখি আসিলুং সারি সারি দাঁত।
৫০৬. খোলটার উপর চাম হাড্ডির ভিতর মসম   নারকেল
মানষিক ভুলাইতে উয়ার জগৎজোড়া নাম।
৫০৭. হিত্তি গেলুং হুত্তি গেলুং পশারির হাট   আনারস
এক্টা গচের দেখি আসিলুং ফলের উপর পাত।
৫০৮. হিত্তি গেনুং হুত্তি গেনু গেনু মন্ডল ঘাট   জোয়ার/ ভুট্টা
এক্না কইনার দেখি আসিলুং ষোল সারি দাঁত।
৫০৯. হাত গোদা গোদা পাও গোদা গোদা   হাতি
এই ফাকিরি বুঝি না দিলে গুষ্টি সুদায় ভোদা।
৫১০. হাত খুর খুর পাও খুর খুর   কাঁকড়া
কালো মেঘের ভাই
চৌখ দুক্না ন্যাকের প্যাকের
মাথাটা তার নাই।
৫১১. হির গেলুং হুর আসিলুং।   নজর/ দৃষ্টি
৫১২. হলদিয়া চকোমকো নুন দিয়া ভাই   বোল্লা (বোলতা)
চুট্টুত করি চুমা খাইলে কান্দিয়া পালাই।
৫১৩. হলদি বরণ গাওখান, খাটিয়ার মত পাও বোল্লা (বোলতা)
চম্মুত করি চুমা খায় জনক রাজার মাও।
৫১৪. হিচিক চিকে খোঁড়ে মাটি
কৃষক, জোড়া বলদ ও লাঙল
দশ ঠ্যাং তিন পুক্টি।
৫১৫. হিত্তি গেনু হুত্তি গেনু গেনু সিতাই হাট   আকা/ চুলা (উনুন)
এক্না কইনার দেখি আসিনু তিনে কোনা দাঁত।
৫১৬. হাতিক তিন নাচে   ঝাড়ু (ঝাঁটা)
তোমার বাড়িত কি আছে।
৫১৭. হলদির মতো গাওখান সুতার মতো পাও   বোল্লা (বোলতা)



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

দৌড়ি আসি কামড়ে ধরে
নিছালটিয়ার মাও।
৫১৮. হলদির মতো দেহাটা খাটিয়ার মতো পাও বেল্লা (বোলতা)
চুট্টুত করি চুমা খায় যম রাজার মাও।
৫১৯. হির গেনু হুর গেনু গেনু মরা ঘাট   কারালী
এক্কে সুলকি দেখি আসিনু একেকোনা দাঁত।
৫২০. হির গেনু হুর গেনু গেনু বীরের হাট   পই (ঘরের খুঁটি)
এক্কে ঠ্যালায় দেখি আসিলুং দুই কোনা দাঁত।
৫২১. হাতির মতোন দেহাটা   খরের পুঞ্জি
খাইতে খাইতে ডান্টাটা।
৫২২. হাত নাই পাও সল সলেয়া যায়   জল
চামড়া নাই, রঙ নাই সউগ জীবে যায়।
৫২৩. হাতও নাই, পাও নাই সল সলেয়া যায়   জল
চামড়া নাই রঙ সর্বলোক খায়।
৫২৪. হিদিও আইলে হুদিও আইল   হাট
ধান ফেলালুং জাবর শাইল
ফলেও না পাকেও না
আইত পোয়াইলে থাকেও না।
৫২৫. হাপি হাপি হাপি   মই
দুই ঠ্যাং ব্যাদরে চাপি।
৫২৬. হাতও নোমায় পাও নোমায়   জল
সল সলেযা য়ায়
ভাতও নোমায় চিড়াও নোমায়
সউগ মানষি খায়।
৫২৭. হাত আছে মাথা নাই প্যাট ঢল ঢল করে   জামা
বাঘ না হয় ভাল্লুক না হয় আস্ত মানষিক ধরে।
৫২৮. হাত আছে পাও নাই নাই তার মাথা   জামা
কাটিলে অত্ত( না বিরায় হেটা কেমন কথা।
৫২৯. হিদি নাচে হুদি নাচে   কুশ্সি

তোমরা বাড়িত কি আছে।

৫৩০. হির গেনু হুর গেনু গেনু চিলকির হাট    বেঁদা
একটা বুড়ার দেখি আসিলুং চৌদ্দটা দাঁত।

৫৩১. হাতুর বাটাল বাইশটা    একটা
ভাগ করি দ্যাও তিনটা
এক ভাগে কয়টা।

৫৩২. হাতির মতন দাঁত কুলার মতো পাত    মূলা
এই ছিল্‌কা ভাঙ্গি না দিলে হবু বেইজ্জত।

৫৩৩. হামার ঘরত সোনার বাপই    হ্যারিকেন
যেটে বসাং সেটে রয়
আন্দারত বইসলে বাপই
ভলভলা হয়।

৫৩৪. হামরা পাঁচ ভাই বসি ঠাঁই ঠাঁই    পাঁচ আঙুল
একে পাতে সগায় খাই।

৫৩৫. হাসি হাসি আইসে বাছা    শ্বশুড়ি ও জামাই
কবার কিবা আছে
মোর শ্বশুর বিয়াও কইরছে
উয়ার শ্বশুরের মাকে।

৫৩৬. হাত আছে পাও নাই    ব্লাউজ ও সার্ট
গালা আছে পাও নাই।

৫৩৭. হাটে হাটে বিকাই বটে    হাড়িয়া
পচা ভাতের দাম কোটে।

৫৩৮. হাতুরি বাটালি বাইশটা    শূন্য
চোরে নিয়া গেইল তিনটা
আর থাকিল কয়টা?

৫৩৯. হির গেনু হুর গেনু, গেনু বীরের হাট    লাউ
এক্‌কে সুলকি দেখি আসিনু খিসখিসা দাঁত।

৫৪০. হাতির মতো দাঁতগুলা কদমের মতো পাত    মূলা
যায় না ভাঙ্গিয়া পারে তায় গাধার জাত।





৫৪১. হাতও নাই ঠ্যাংও নাই আছে বড় প্যাট    কেটলি
মুখ আছে পুটকি নাই আছে একটা ঠোঁট।

৫৪২. হাতি যায় দুম্‌ দুম ঘোড়া যায় লাফে    ভুঁইচাল (ভূমিকম্প)
এই ছিলকা বুঝি দিবে জমিদারের বাপে।
জমিদারের বাপের নাও ঘোকল ডিং
এই ছিলকা বুঝি দিতে নাইগবে সাতদিন।

৫৪৩. হাত নাই পাও নাই দ্যাশে দ্যাশে ঘুরে    টাকা
ঐকিনার অভাবে অনাহারে মরে।

৫৪৪. হায় ভগবান হইল কি    ডিমা/ডিম
বোঁটা নাই ধরিম কী।

৫৪৫. হর হর গর গর কালাই ভাঙ্গি কর    মাছি
কইনার পাতত ভাত খায় হোটা কোন বর।

৫৪৬. হারাইলে উকটি বেড়াই    পথ
খুজি পাইলে দাম নাই।

৫৪৭. হাত নাই পাও নাই বহু দূর যায়    চিঠি
মাষ্টার নোমায় পণ্ডিতো না হয়
কিন্তু কতা কয়।

৫৪৮. হাঁড় নাই মাশ আছে    জোঁক
জল পাইলে ভাস্‌সি উঠে।

# ৩. লোককথা(Folktale)

## তিন ঘ্যাঁগী

ভাল্ নাম হইল হরনাথ আর প্রাননাথ, কিন্তুক মানষী ডেকায় হন্নাত্ আর পেন্নাত নাম ধরি। এই হন্নাত আর পেন্নাত আর পথমে আছিল 'মুখসখা'। দুইঝনে খিব মিল( পাছত গদাধরের অষ্টমী মেলার বামুনের মন্ত্র পরি গদাধর নদীর জলত ডুবি পাতার ধর্মসখা। শোনা যায় রামায়ণেরণ ভগবান রাম আর সুগ্রীব ঝোংকরি সখা পাতাইছে- ঐ ঢক। দুই সখার মধ্যে হন্নাতের অবস্থা খানের ভাল্, সংসারী - কাজ কামাই নিয়া সদায় ব্যস্ত থাকে( এদি ওদি বেড়াবার সমায় নাই। আর পেন্নাতের তিনটা মাইয়া,ঐ মাইয়া তিনটা সংসার দেখাশুনা করে। পেন্নাত ডোঙালু, ঘুরি বেড়ায়( সখার বাড়ী আইসে, খায় দায় , যায়। পেন্নাত পরায় আইসে যায়, কিন্তুক হন্নাত যাবার সমায় পায় না। এমনকি পেন্নাতের মাইয়ালাকো দেখে নাই, হাতে খায় নাই। মাইয়ালার খানেক খুঁত আছে, তারে বাদে পেন্নাত কোনোদিন হন্নাতোক যাবার অত কয় নাই। একদিন হন্নাতের বাড়ীতে দুই সখায় খাবার বসি গপ্পো করে, হন্নাত পেন্নাতোক কয়, 'আরে সখা! একদিন যে তোমার মোর যাওয়া খায়( সৈখানীলাকও দেখা খায়, কায় কেমন নান্দা-বাড়া করে খাওয়া খায়।' পেন্নাত তো জব্দ , সখা নিজের মুখে যখন যাবার চায়, তায় কেংকরি 'না' করে। ভয়ে কয়, 'অমুক বাদে দুপুরা-দুপুরি যাবেন, গরীব সখার বাড়ীত চাইরটা ছ্যাকা নাব্রি খাবেন।'

পেন্নাতের তিনটা মাইয়ারে গালাত ঘ্যাঁগ, মানে তিনঝনে ঘ্যাঁগী ( ঘ্যাঁর ঘ্যাঁরে কতা কয়। ধরা পরার ভয়ে পেন্নাত মাইয়ালাক বুদ্ধি শিখি দিয়া কয়, 'সখা আসিলে ভাল যতন করি খোয়া -ধোয়া করিবেন। সগায় বড় ঘোমটা দিবেন, যাতে তোমার ঘ্যাঁগ দেখা না যায়। আর কাঙো কোন কতা কবেন না। কতা কইলে সখা টের পাবে।'

কড়ালমত হন্নাত আইসে পেন্নাত সখার বাড়ী। এই পথমবার আসিল সখার বাড়ী। পেন্নাত আগোতে সখাক জানে দিলেক, ' তোমার সৈখানীলার খিব শরম্ কতা কয় না, মনোত কিছু নিবেন না। তোমরা খাওয়া -দাওয়া করেন। মুই





নগত হাট থাকি খরচা পাতি আনোং।'-এই কতা কয়া পেন্নাত কায়দা করি পালে গেইল।

মাইয়া তিনটা নান্দোন ঘরত খাবার যোগার করি খাবার দিলেক। একঝন জাগা করি দিলেক, একঝন জল-পিরা দিলেক আর একঝন ভাতের ভারা, তরকারির বাটিখুরি আনি খাবার দিলেক। কৈতোরের মংস, ডাইল, নাব্রা, বরাভাজা-- হন্নাত খায় আর মনে মনে ধ্যান্দেলায়, মাইয়ালা কতা না কয় ক্যানে? কেমন করি কতা শোনা যায়? খাবার পাতত সগারে প্রশংসা করে, ' তোমরা তিন সতীনের খিব মিল তোমরা সগারে ব্যাবহারও ভাল্, সখার কপালটাও ভাল( -এমন ভাল ভাল মাইয়া পাইছে। ভাত তরকারি নান্দাবাড়াও খিবে ভাল হইছে, তায় তোমরা কায় নান্দিছেন?'

এইবার ঝায় নান্দিছে তায় আর আনন্দ চাপি রাখির না পায়া ঘ্যাঁর ঘ্যাঁরে কয়, ' আঁদা দ্যাঁঙ্ নাঁই আঁদা, আঁদা দিলে আঁরো ভাঁল্ হঁইলেক হঁয়।' ঝায় তরকারি কাটিছে তায় প্রশংসা পাবার বাদে আগপাকে আসি কয়, 'নাঁন্দোন খোঁনা তেঁমন কোঁটন খোঁনাতে কতা। তার মানে উয়ায় ভালকরি শাক তরকারি কাটছে বুলিয়ায় ভাল হইছে। তিন নম্বর মাইয়ার ফম্ হয়া কয়, 'তোঁমাক নাঁ আঁও-এ কঁরির দেঁয় নাই, ঐ জঁন্যে হাঁমরা আঁও-এ কঁরি নাঁই।' হন্নাত তিনঝনের গালার স্বর শুনিয়া বুঝিল, তিনঝনে ঘ্যাঁগী।

বাড়ীত হ্যান্ডার গছ এন্ডিপোকার সুতা দেখি পোছে, 'তোমরা কি সুতা কাটির জানেন?' সগায় মিলি কয়, 'চঁড়কা টাঁকুয়া আঁনেন।' হন্নাত আরো ঝলঝলা হবার পোছে, ' তোমার সগারে কি মানা ঘ্যাঁগ?' ঘ্যাঁগীলা কয়, ' ঘোঁম্টা খুঁলি দ্যাঁখ।'

হন্নাত বুঝিল কি জন্যে সখা পেন্নাত এতদিন আসির কয় নাই।

# ব্যাঙ ব্যাটা

**নি**পুত্রী বুড়া বুড়ী, তিনকূলত আর কাহয় নাই। বুড়া হালকিষ্যি করে, বুড়ী বাড়ীত ভাত নান্দে, হাস ছাগল গ(-বাছুর দেখে-- কোনমতে দিন যায়।

শন্-ভাদর মাস, বাইষ্যার দিন। টারিবাড়ীর সগায় ডাবরি থাকি টেপাই, বু(ং, জাকই দিয়া মাছ খলাই আনির ধরছে। বুড়ী বুড়ার সাথত ফ্যাদের ফ্যাদের করে, ' সদায় সদায় শাক ভাত খাবার বেয়া নাগে ( টেপাই বু(ং দিয়া চাইরটা মাছ ফান্দে আনিলে ঝোলেয়া ভাজা খাওয়া যায়।' বুড়ীর প্যাচ প্যাচিতে বুড়া টেপাই ধরি ডাবরি যায়া মাছের ছলত্ ভাল করি বসেয়া বাড়ী আসিল। পাছাদিন টেপাই তুলির যায়া দেখে টেপাই ভর্ত্তি কমকমা ভরা,-বুড়া খিব খুশী, আজি খাওয়াটা ভালে হবে। কিন্তুক জল থাকি ডাঙ্গাত তুলি ভাল করি দেখি বুড়ার খিব নাগ হইল। মাছ একটাও নাই, ব্যাঙ নাই, ব্যাঙ ভত্তি টেপাই বাড়ী আনি বুড়ীক কয়, 'আমার কপাল এমন খারাপ, মাছ নাই খালি ব্যাঙ ফানছে,-- তা আজি ব্যাঙে খামো। এই ব্যাঙ কাটিবেছি ভাত নান্দে( মুই হাল ধরি ডাবরি গেলুং , আর হুকা ছিলিম্ ভুঁতি হালবাড়ী ধরি যাইস্। বুড়া দোক্লাইতে দোক্লাইতে হাল গ( ধরি ডাবরি গেইল। এদি বুড়ী আর কি করে, বুড়ার হুকুম না শুনিলে মরন। বটি, চং-ঐ ধরি ব্যাঙ কাটির বসিল। টেপাইর ব্যাঙ কাটা ব্যাছা শেষ বান্নিতার নিলেক আঙিনা সাপ্টিবার বাদে। বান্নিতার তোল্তেকালে দেখে একটা ব্যাঙ বান্নির তলোত নুকি আছে। ' মরার ব্যাঙ তুই বান্নির তলোত নুকিয়া আছিস, বাঁচির পাবু না'- এই কতা কয়া বান্নি দিয়া চিপি ধরছে। ব্যাঙটা মানষি ঢক করি কাউলিয়া কয়, 'মাও! মোক না মারেন মাও, আজি থাকি তোমরায় মোর মাও, তোমরায় মোর বাপ। মুই তোমার সব কাজ করিম।'

আমরা জানি বুড়া বুড়ীর কোন ছাওয়া ছোট নাই, 'মাও' ড্যাকটা কোনদিন শোনে নাই। ব্যাঙের মাও ড্যাকটা শুনি বুড়ীর ময়া হইলেক। 'যা ব্যাটা, মাও দায় যখন দিলু তোক আর মারিম না।' ব্যাঙটা কয়, 'মাও' তায় বাবা কোটে গেইছে?' বুড়ী কয়, তোর বাপ হাল ববার গেইছে, হুকা ছিলিম আর ভুঁতিত ধরি যাবার কইছে।' ব্যাঙ কয়, 'মাও মোর কমরোত হুকা ভুঁতি বান্দি দে, মুই বাবার ওটে যাং।' বুড়ী ব্যাঙের কতায় খ্যারের ভুঁতির যুই, হুকা ছিলিম ব্যাঙের কমরোত বান্দি দিয়া



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

ঘাটা দেখে দিল। ব্যাঙ আল্লি আল্লি তু(তে তু(তে করি ঝাপে ঝাপে যায়। বুড়ার হালবাড়ীর বগল আসি কয়, 'বাবা' ও-বাবা হুকা দখন খাবো?' বুড়া শুনিয়া এদি ওদি দেখে কোন মানষি দুনষি নাই। ব্যাঙটা আরো কয়, ও-বাবা, ও-বাবা, তামুক দখন খাবু?' বুড়া ভুঁতির ধূমা দেখি বগল যায়া দেখে একটা ব্যাঙের কমরোত হুকা ছিলিম, বুড়া পোছে, 'তুই কায়বা মোক বাবা করি ড্যাকাইস্?' ব্যাঙ সৌগ খুলি কইল, ' আজি থাকি মুই তোমার ব্যাটা, আর তোমরা মোর বাপ মাও।' বুড়া মনে মনে খুশী,- 'তা ভালে হইল, আমারো তো ব্যাটা নাই।' বুড়া হুকা তামুক খায়া ব্যাঙ ব্যাটাক কয়, ' বাপই' তুই হাল-গ(লা
দেখিস্ মুই ছেওটি গ(লা নড়ে দিয়া আইসোং।'

বুড়া গ( নরের গেইল আর এদিয়া ব্যাঙ নাঙলের বাঁশাত চড়ি গ( দিয়া হাল ববার ধরিল। একবার ডাইনের গ(র পিটিত আর একবার বাঁয়া গ(র পিটিত চড়ে আর কয়, 'ঠাইট ঠাইট, বাম্ বাম, ডাইন ডাইন।' ব্যাঙ গ( দিয়া হাল আর দেখে -নাজার মন্ত্রি , সিপাই হাত্তীর পিটিত চড়িয়া বুড়ার ধান(ে তবাড়ী দিয়া ধান চংটি মারি যায়( তাক দেখিয়া ব্যাঙ গালি পাড়ে, আর কয়,-

'ঠ্যাটারে, ঠ্যাটা! তোর ধানবাড়ী দিয়া ঘাটা,
চাউলবাড়ী দিয়া ঘাটা(
টালেয়া ফেলাইম মাতার পাগড়ী---
চ্যওড়ে দেখাইম ঘাটা।'

নাজার মন্ত্রী ঠস্ খাইল, কার এত সাহস? এত বড় কতা কয়, মরিবার বাদে। মানষি দুনষি না দেখি আরো ধান (ে ত মারি হাত্তী ধরি যায়। আরো ব্যাঙ গালি পাড়ে---

' আরে শালার ঠ্যাটা!
তোর ধানবাড়ী দিয়া ঘাটা
(ে তবাড়ী দিয়া ঘাটা
টালেয়া ফেলাইম মাতার পাগড়ী
চ্যওড়ে দেখাইম ঘাটা।'

এইবার দেখিল মানষি না হয়, একটা ব্যাঙ কয়। ' ধর্ ধর্' কয়া ব্যাঙটাক আর গ(লাক ধরি নাজার মানষিলা নাজবাড়ী রওনা দিলেক। ব্যাঙটা কাউসি বুড়াক ড্যাকায় আর কয়, 'বা-বা, ও- বাবা--- দেখতো নাজার মানষিলা

কী পাজী! উমরায় হাত্তী দিয়া ধান নষ্ট করিল, আর উমরায় আমাক বান্দি নিয়া যায়!' বুড়া দৌড়ি যায়া কাউলা কাউলি আটুশ করিল, 'অবুঝ ব্যাঙ' ভুল করি কইছে, ছাড়ি দেও'। ব্যাঙ কয়, 'ও-বাবা' মোর ভুল হয় নাই, উমারে দোষ। নাজার মানষি কোন কতা না শুনি বুড়া আর ব্যাঙক ধরি নাজার দরবারত 'বিচার' দিলেক। দুই পে্র সৌগ কতা শুনি নাজা সঠিক করি কইলেক, দেশের নাজার মন্ত্রী হয়া হাত্তী দিয়া পজ্জার ধান, আমার দেশের সম্পত্তি নষ্ট করা উচিত হয়। নাই একটা ব্যাঙের কতায় অন্যায়ভাবে বান্দি আনাটাও ঠিক হয় নাই। আর এই অন্যায় কাজের বাদে মন্ত্রী শাস্তি হইল--- মন্ত্রীর বেটির সাথত ব্যাঙের বিয়াও দিবার নাগিবে। এটা নাজার হুকুম।' নাজার হুকুমে।' নাজার হুকুমে মন্ত্রীর বেটিত সাথত ব্যাঙের বিয়াও হইল। হৈ হৈ ব্যাঙের বিয়াও দেখা মানষি ধরে না।

নিপুত্রী বুড়ার ব্যাঙ ব্যাটার নয়া ভার্ষা, নুপুসীক বাড়ী আসিল। মন্ত্রীর বেটি, নুপুসীর মনত শান্তি নাই। বাপের দোষে ব্যাঙ হইলেক স্বোয়ামী। নিশুতি নাত্তি, নুপুসীর চখুত নিন নাই। মধ্য নাত্তি দেখিল--, ব্যাঙটা মাটির খ্যারের বিছিনা থাকি উঠি ব্যাঙের খোল্সাখান ছাড়ি কি সুন্দর নম্বা গোরা ধবধপা গাবুর চ্যাংড়া হয়া নূপুসীর বিছিনাত থাকিল( কি আনন্দ! পাছাদিন সাকাল হবার আগোতে আরো ব্যাঙের ছালখান পিন্দি ব্যাঙ হয়া রইলেক, নূপুসী কুল্লে দেখিল, মনে মনে বুদ্ধি পাকেয়া একদিন নাত্তি ঘরত তষের যুই আর কেরোসিন তেল জাগে তুইল। সেদিনও অন্য দিনের অন্য দিনের ঢক্ করি ব্যাঙের ছালটাখান খুলি থুইয়া মানষি হয়া নূপুসীর সাতথ থাকি নিন্দত পড়িল, কোন সাড়া শব্দ নাই। আর এই সুযোগে নূপুসী চুপ করি গাও মারি উঠিয়া ব্যাঙের ছালটাখান তুষের যুই-য়োত দিয়া কেরোসিন তেল ঢালি দিতে ভলভলে ছোবা যায়া ছাই। যুই আর ছোবা গোন্দে ব্যাঙ-মানষি টের পায়া নূপুসীক কয়, 'এটা খিব অন্যায় কাম্ করলু, মুই মুখ দেখাইম কেমন করি?' নূপুসী গর্জ্জি উঠি কয়, 'মানষি হয়া ব্যাঙ রূপ ধরি মোর সাথত থাকাটাও অন্যায়। সমাজোত মোর পরিচয়-,ব্যাঙের মাইয়া( মোর বাপ-মাওয়ের মনতও শান্তি নাই। পরিচয় ছাপে থেয়াটা কি অন্যায় না হয়? মুই মোর অধিকার কারি নিছুং, -এটা কি অন্যায়?' ব্যাঙ-মানষির মাতা স্যাও, মুখ বন্ধ।

চাইরো- পাকে হৈ হৈ উঠিল। ব্যাঙের মানষি হওয়া খবর নাজবাড়ীতো



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

গেইল। আনন্দে নাজা মন্ত্রী সগায় অসিল। আর একবার বাদ্যবাজনে নাচে গানে আনন্দে ধুমধাম করি বুড়ার মানষি-ব্যাটা আর মন্ত্রীর বেটি, নূপুসীর বিয়াও হইল।

কারো মনত আর কোনয় দুঃখ নাই, বুড়া-বুড়ী আর ব্যাটা-বউ সুখে সংসার করে।

# টাকার নোটা

নিপুত্রী বুড়া-বুড়ী, তিনকূলত কাহোয় নাই। দুঃখে কষ্টে কোনমতে হালকিষ্যি করি দিন গুজরান করে। একহাল হালুয়া গ( আছে,- একটা কালা একটা ধওলা। একনা ছেকনি গাই,বুড়ী দেখশুন করে আর বুড়ার বাদে ভাত নান্দে। না খায়া দায়া পেট চিপি ধরি একনা করি নোটা (beell-metallic water-pot) কাচা টাকা silver- coin গোটো করছে। চোর ডাকুর ভয়োতে আগানাত্তি বুড়া, পাছানাত্তি বুড়ী বুকোত চিপি ধরি জাগি থাকে- শেষ বয়সের সম্বল।

একদিন বুড়া সাদা আর কালা হালুয়া গ( দুইটা দিয়া ব্যড়ীর পূবপাকে হাল ববার ধরছে। বুড়ী বাড়ীত্ বুড়ার বাদে জলপান যোগার করির ধরছে। একটা খিব ধূর্ত ছলুয়া মানষি কেমন করি টাকার নোটারখপর জানির পায়া একটা ছল্ করি বুড়ার হালবাড়ী গেইছে। এটা ওটা নালকি সুলকি মন ভোলানি কতা কয়, ‘বুড়ার ব্যাটা, এই বয়সে হাল বন্ বারে, দেখিলে মনটা বড়য় কষ্টায়( --তা-একটা গ( সাদা আর একটা গ( কালা, ভাল্ দেখায় না। দোনোটায় যদু সাদা হইল হয়, তাহলে দেখির ভাল হইল হয়।, বুড়া কয়, ‘কি করবু বাহে ভগবান যাক্ যেমন বানাইছে,ঐটায় মানা খাবে।’ মানষিটা কয়, ‘না হয় বারে, মানষি সৌগে করির পায়( -তোমরা যদু মোক কালা গ(টো সাদা করি দিবার পাং( পাইসা কড়ি নাগিবে না।’ বুড়া সাদা মনে কয়,‘তা দয়া করি যদু সাদা রং করি দিবার পান্তো দেও।’ শয়তান মানষিটা সাদা খড়িমাটি জলোত গোলেয়া কালাগ(টোর গোটায় গাওখানোত মাখিয়া সোত্তে দিলেক। রৌদতে শুকিয়া কালা ধপ্ধপা হইলেক বুড়া খুশী হয়া হুকা সিলিমের তামুক বনে খোয়াইল।

মানষিটা ফাতি ফুতি করি পোছে, ‘ তোমার বাড়ী কোনটা? বাড়ীত কায় কায় আছে?, বুড়া নঙুল দিয়া দেখে দিয়া কয়, ‘ঐযে ধূমা বিরির ধরছে, ঐটায় আমার বাড়ী( মনটায় কয় বুড়ী ভাত চড়াইছে। আমার তিন কলত আর কাহয় নাই।’ মানষিটা কয়, ‘একনোটা জল খালুং হয়, খিব জল টিয্যা পাইছে( গেইলে দিবে?’ বুড়া কয়, ‘ তোমার কান্ড! আমার কালা গ( সাদা করিলেন আর এক নোটা জল খোয়ামু না? যাও ক্যানে মোর কতা কয়া জল চান।’ ছলুয়া মানষিটা বাড়ীর আগপাকে আসি কয়, ‘বাড়ীত কায় আছেন বাহে?’ বুড়ী হোকপোকে বিরি





কয়, ‘কায় বা তোমরা কি চান্?’ ছলুয়া কয়, ‘ মোক তোমরা চিনিবেন না( ঐযে চায়া দেখ তোমার কালা গ( কেমন সুন্দর সাদা ধপ্ধপা করি দিলুং, আর তারে বাদে বুড়া কয়া পাঠাইলেক- তোমারটে বোলে একনোটা টাকা আছে, মোক দিবার কইলেক।’ বুড়ীর বুকখান হাক্কাউ করি উঠিল, জিবাত কামড় দিল্ ভাবে এত দিনের কষ্টের ধন আধা নোটা দিলেও তো কতা আছিল। বড়ী পোছে, ‘ গোটায় নোটা না আধা নোটা দিবার কইছে বা?’ ছলুয়া মানষিটা কয়, ‘গোটায় নোটা দিবার কইছে।’ বুড়ীর কইলজার ধর ফরি উঠছে, টুটি শুকি গেইছে বাড়ী ছাড়ি যাবারও না পায়( খানেক আগেয়া চীকরিয়া কয়, ‘বুড়া-- বুড়া--, এক নোটা দিম্ না আধা নোটা দিম্ ?’ বুড়া ভাবে এটা পাগলী বুড়ী জল কাকো আধা নোটা দেয় নাকি? হালবাড়ী থাকি চীকরি কয়, ‘ আরে এক নোটায় দেক্রে এক নোটায় দেক্।’ ছলুয়ার ছলনায় আর বুড়ার কতায় বুড়ী গোটায় নোটা কাঁচা টাকা, বুকের কইল্জা তুলি দিলেক। মানষিটা টাকা নিয়া চম্পট। বুড়ী বুড়াক গালি পাড়ে আর হাউ হাউ করি কান্দে। বুড়া হাল ছাড়ি দিয়া বাড়ী আসি সৌগ শুনি কপাল চাপড়ায় আর বোকামীর তানে হায় হায় করে।

কোটে থাকিবা কোপাল ঝরি আসি কালা গ(র সাদা খড়িমাটির রং ধূইয়া আরো সাবেক গ( কালা হইল।

**অচেনা মানষিক বি(াস করা যায় না।**

# মন ধোওয়া কাটুয়াৎ (Heart) গঙ্গা

' **ব**ছরে বছরে গদাধরের মেলা, অষ্টমী সিনান আইসে যায়, আসপড়শীর মাইয়া ছাওয়ালা দোকলে দোকলে যায় পাপ তাপ ধুইয়া আইসে, -আর আমার ডেকুয়া মরাটার কামাই-এ ফুরায় না'-- চৈত মাসি রৌদত ভাতের ঊষা ধান ঠ্যাং দিয়া ঘাটে আর ফাল্ পাড়ে একলায় একলায়। নাম কাউপারি। '' ছচা করি হয় কতাটা, আজি বিয়াও করি তিন/চাইর সন হইলেক, ছাওয়া ছোটোর মাও হইলেক, তবু উয়ার ভাতার মাশানটা অষ্টমীসিনানের মেলাবাড়ী নিয়া গেইলেক না। পাপে দেহা জরাজীর্ণ হবে। মাশানটা যেটা বোঝে তো গোরগোরা'' --টারির মাইয়ালা কয়।

মাশান সাদাসিদা মাটির মানষি, কয়,-- '' মনে চেনে পাপ, আর মাও চিনি দেয় বাপ্( ঝায় পাপ করছে তায় অষ্টমী সিনান করে, মুইতো কোন পাপ করোং নাই,মোর গাও ধুবারও নাগে না। তবু সগায় কন যখন কালি সাকালে গ(র গাড়ীত চড়ি মেলাবাড়ী যামো।'' কতামত গ(র গাড়ীত ছৈ বান্দিয়া গ(র গালাত ঘুঘুরা দিয়া সাজিপাড়ি গদাধরের মেলাবাড়ী যায়া দেখে মানষির ভীড় ঠেলাঠেলি নদীর চাইরোপাকে গু মুত , নোংরা, গন্ডগোল। ঐলা দেখি মাশান আধাঘাটাৎ একটা খালের গোরৎ গাড়ী রাখিয়া মাইয়া ছাওয়াক কয়, '' এই ঠাকার খালের ভাল টলটলা জলত্ গাও ধুই, আজি অষ্টমী তিথি, - যেটে জল ঐটে গঙ্গা, আর গাও ধুইলেই পাপমুত্ত(।'' কাউপারি রেজার হয়া ঐ খালের জলত গাও ধুইলেক( মাশানও ভত্তি(করি গাও পাও ধইয়া কয়, '' মোর যেখেনা বা পাপ আছিল আজি ধুইয়া পরিস্কার।'

হোপাকে স্বর্গত শিব আর পার্বতী নাগী গেইছে ধান্দাল। পার্বতী শিবক কয়, '' পরভু! অষ্টমী তিথিত সিনান করি কুল্লে নরলোক যদু পাপমুত্ত( হয়া পূণ্যের ফলে সগায় স্বর্গত আসিলে তো জাগায় ধরিবে না- সেলা কী হবে? শিব কয়, '' ধূর পাগলী, এই যে যত মানষী সিনান করির আইচ্ছে সগায় কি ধর্ম করির, মন পরিস্কার করি আইচ্ছে? ফাইক মানষিক মনত বি(াস নাই। পরী(া করিলে প্রমান পাবু''।

পার্বতীক প্রমান দিবার বাদে শিব একটা ছলনা করিল।নিজে মরা সাজিয়া অষ্টমীমেলার ঘাটাত পরি থাকিল। আর পার্বতীক মরা গতি করির বাদে কন্দির





কইল। মেলার ফিরতি মানষিলা দলে দলে বাড়ী যায় আর পার্বতী কান্দিয়া কয়,--

'' বাবা, ঝায় হবেন নিষ্পাপী(
মোর স্বোয়ামীক করিবেন গতি।''

কোন কোন দয়ালু মানষি কান্দন শুনি মরা সৎকার করির বাদে গোর যায়া ভাল করি শোনে ঝার দেহাত/মনত কোনো পাপ নাই, তায় একমাত্র পাবে মরা ধরিবার। শুনিয়া সগায় চমকি ফিরি আইসে-কারন সগায় জানে কম/বেশী পাপ সগারে আছে। মেলার পরায় ফুরি গেইল, বেলা পাটত্ বসিল, কাহয় মরা ধরির সাহস করিল না পাপের ভয়ে। শেষত ঐ মাশান-বুড়া কান্দন শুনি বগল চাপি পোছে, ''ক্যানে মাও ক্যান্দেন ?'' পর্বতী কয়, ''সারাদিনে মরা গতি করার কোনো নিষ্পাপী মানষি জুটিলেক না বাবা!'' মাশান কয়, '' মোর কোনো পাপ নাই মাও( যদিও বা খানেক পাপ আছিল, আজি অষ্টমীত সিনান করি কুল্লে পাপ ধুইয়া মুছি গেইছে। মুই তোমার স্বোয়ামীকে সৎকার করির পাইম।'' সারাদিনে একজন মাত্র সৎ ধার্মিক বি(াসী ভত্ত(কে পায়া শিব-পার্বতী খুশী হইল। সেলায় নিজের নিজের আসল রূপ ধরিয়া পরিচয় দিয়া আশুর্বাদ করিয়া স্বর্গপুরি চলি গেইল। কাউপারিও বুঝিল,---

''মন ধোয়াতো কাটুয়াত্ গঙ্গা'।

# বিলাই কুকুরের ধান্দাল

আগের মানষি কইছে্ কুকুর পোষা ভাল্। কুকুর পুষিলে গিরি ধনে জনে ঝাতিকার হয়। কুকুর বোলে আশুর্বাদ দেয়,-

' গিরির মাচা ভরা ধান হউক
পুলপুলা ছাওয়া হউক(
ফ্যালে চ্যারে খাউক্
মোরো পেট ভ(ক।'

আর বিলাই পুষিলে 'ধন' বাড়িলেও 'জন' বাড়ে না। বিলাই বোলে কয়,-

'গিরির মাচা ভরা ধান হউক,
ছাওয়া পোয়া ম(ক্(
মোকে আদর ক(ক।'

গিরির ছাওয়া ছোটো না থাকিলে বিলাই ছাওয়ার মতন আদর পায়।

আরো কতা আছে,-

'হাস পোষে গ্যাদরাপরা,
পারো পোষে লক্ষ্মীছাড়া।'
'চড়াই খাবার পাইলে বিচ্‌রায়,
মানষি খাবার পাইলে ইত্‌লায়।'
.. ...........................
..............

এই গিরির বাড়িত একটা কুকুর আর একটা বিলাই আছিল। এই কুকুর আর বিলাই-র ধান্দাল নাগি থাকে। কাকো কাঙো দেখির পায় না, ছাড়ি কতা কয় না। কুকুরতো বায়রাত বেড়ায়, বায়রাত রয়। আর বিলাই সব দুয়ারে, সুযোগ পাইলে বিছিনাতো থাকে। এক দিন খিব মুসলধারে ঝরি শিল পড়িল। কুকুরটা বায়রাত কোটে থাকিবা ভিজিয়া নোতরা হয়া আসিল। আর সেলায় বিলাইটা বাড়ীর মাচার উপুড়াত বসিয়া হাসি হাসি কয়, -- 'ক্যামন?

ঝরিত ভিজিয়া তুই হচিস্ ন্যাতপ্যাতা,





কুকুর বিলাইর টেঙা কতা শুনি মনত রাখিল। দিন যায়, আর একদিন গিরিরঘর আঙিনাত চৌকাকরি খাবার বসিছে। বগলোত আছে বিলাই, আর কুকুর খানেক দূরাই করি পাছপাকে টম্‌টম্ করি বসি আছে।

গিত্তানীর পাতের মাছের ঠুমা দেখিয়া বিলাই আর মন সামলের পায় নাই। বিলাই যেইনা পাতের মাছ নিবার চাইছে, অমনে কাঁসার গিলাস দিয়া দিছে এক ডাং। তাতে শত্ত( মাটিত্ বিলাইর থোত্‌মা, ঠোট ফাটিয়া রত্ত( বিরিয়া তেন্দরি খাইলেক। আর তায় দেখিয়া কুকুর মজা করি কয়, .........

'ন্যারকোন থ্যারকোন ভাঙিল ঠোমন,
হ্যার্ দ্যাখ্ মুই বাস আছং পূজারী বামন।'

বিলাই কুকুরের ধান্দাল এ্যালাও থামে নাই। এলাও কুকুরের ফম্ হইলে বিলাইক পিট্টায় আর বিলাই সেলায় দৌড়ি যায়া কোনো গছত্ চড়ে।

'হাউসে বিলাই গছত্ চড়ে?
কুকুরের পিট্টাও না পাইলে।'

# ঝাঁকের কৈ

বামুনের বাসা। বামুন ঠাকুর, ঠাকুরানী আর গ( বাছুর দেখা শুনা করা, হালববার বাদে একটা পাটাগাবুর চ্যাংড়া, নাম হুড়্কা। ঝেমন নাম তেমন কামও করে, খায়ও। খাওয়া কম বেশী হইলে সোজায় কয়, ‘ পেটটার বাদে তোমার বাড়ীত কাজ করোং, মোর পেটটায় যদু না ভরে তাহলে তোমরা বাড়ীত থাকিয়া কি লাভ?’ তার মানে ভালখাবার পাইলে মনখুশী, না হইলে গোসা। ঠাকুর খানিক খোলা মনের মানষি কিন্তুক ঠাকুরানী টেরিয়া। কোনদিন বেলা করি হালবয়া বাড়ী আসিয়া ঠাকুরোক হুককা যদু কয়, ‘ঠাকুর আজি হাল ছাড়ি দিতে খিব দেরী হইলেক।’

ঠাকুর হাসিয়া কয়, ‘ভালে হইছে, মোরে বেশি জমিন চাষ হইছে।’ ফির কোনদিন আগুরি হাল ছাড়ি দিলেও কয়, ‘ভালে হইছে বাপোই , মোরে গ(লা ঘাস খাবে।’

একদিন হুড়্কা জাকৈ খলাই ধরি মাছোক গেইছে। একবেলা অনেক কষ্ট করি পাইছে মাত্র ছয়টা কৈ মাছ। মাছ আনিয়া ঠাকুরানীক দিলেক ভাজা করির বাদে। ঠাকুরানী নিজে মাছ মসং খায় না। ঠাকুর আর হুড়্কার বাদে কৈমাছ ভজিল। অন্য দিনের মতন করি ঠাকুরোক আসন পাতি দিলেক উচা বারেন্দার চালিত্ আর হুড়্কা নীচা জাতি সেইবাদে নীচাত আইন্নাত্ পিরা, কলারপাত, জল দিলেক। ঠাকুরানী বামুন ঠাকুরোক বড় বড় পাচটা ভাজা কৈমাছ ভাতের ভারাত্ আনি দিলেক, আর হুড়্কার পাতত দিলেক ছোট একেখোনা কৈমাছ। হুড়্কার পেটে পেটে পেট ফিকি গেইছে,-এত কষ্ট করি কাটা খোঁচা নাগি মাছ মারি আনি মোর ভাগত এখ্না, আর বামুন বাড়ীত বসি থাকি পাচটা!- ‘কাষ্টি না ভেজে ঝার, ভোমা সাটি তার?’ আজি বামুনোক খাজা খোয়াইম। বামুন দুই এক গাস ভাত খাইছে, আর হুড়্কা মনের রাগে নিজের খাওয়া ছুয়া আইটা পাত থাকি নিজের পাতের কৈ-মাছটা তুলি বামুনের পাত্ত পাটলে দিছে। বামুনতো চমকি উঠি কয়, ‘ওঃ, বাপাহারী! এটা কী কইর্লা? মোর খাওয়াটা নষ্ট কইরলা?’ -- তার মানে হুড়্কা নীচাজাতের ছুয়া পাতের ভাজা মাছ উচাজাত বামুনের পাতত দেওয়াতে বামুনের আর খাওয়া হবে না। হুড়্কা মনে মনে এইটায় চাইছে। হুড়্কা কয়, ‘কী হইল ঠাকুর? একটা কৈমাছ মোর পাতত থাকি আর কি হবে ? ঐ ঝাঁকের কৈমাছ থাউক।’





# বাঘ শূয়োরের শক্তি( পরী(া

একটা বনুয়া শূয়োর, বড় বড় দুইটা ভ্যাকরা দাঁত আর একটা ডোরাকাটা বাঘ একে জঙ্গোলোতে থাকে। ‘কার বেশী শক্তি(’- এই নিয়া দুইঝনে খিব ধান্দাল । শূয়োর কয়, - ‘কাজিয়া করি লাভ নাই, আইসো দুইঝনে যুজ্জ করি, দেখি কায় হারে কায় জেতে।’ বাঘ কয়,- ‘তাইলে তো একঝন বিচারক নাগিবে, কায় জেতে দেখার বাদে। কায় হবে আমার বিচারক?’ শূয়োর কয়,- ‘বিচারক একঝন মানষি হইলে ভাল হয়, কিন্তুক কায় আসিবে? তোমাক দেখিলেতো সগায় ভয়তে পালাবে। তোমরা যদু মোক কতা দ্যান যে ঐ মানষির কোন ( তি করিবেন না( মারিবেন না। তাইলে ঐ যে গ( চড়াইয়া একটা চ্যাংড়াক ধরি আসির পাই।’ বাঘ কতা দিলেক- চ্যাংড়াক মারিবে না, খাবেও না। দুইঝনে বুদ্ধি পাকাইল যে শূয়োর গ( চড়া চ্যাংড়ালার বগোল দিয়া যাবে আর চ্যাংড়ালা শূয়োর ধরির আসিলে বাঘ ঝাপ্পে আসি একটা চ্যাংড়াক আস্তায় বাচ্চা নেওয়ার মতন করি মুখত তুলি নিয়া জঙ্গলবাড়ী যাবে। কতামত কাজ হইল, শূয়োর গ(র পালের বগোল দিয়া ঘোৎ ঘোতে যাওয়া দেখিয়া রাখোয়াল চ্যাংড়ালা প্যান্টি নাটি ধরি সোটাপাকে আসিল আর বাঘও জঙ্গলবাড়ী থাকি বিরিয়া এক ঝতাপ্পে একটা চ্যাংড়াক ধরিয়া আরো জঙ্গলবাড়ী সোন্দাইল। বাঘ দেখিয়া অন্য চ্যাংড়ালা- ‘মহাকাল আইচ্চে’, ‘বুড়ার ব্যাটা আইচ্চে’-কয় আর জীউ ফাটি পড়ি-হরি দৌড়( কার উপুড়া কায় পড়ে ঠিকে নাই। গ( বাছুরলা নেটু তুলি ছিল্লিয়া দৌড়। শূয়োরও বাঘের পাছে পাছে জঙ্গল বাড়ী যায়া চ্যাংড়াক কয়,- ‘বাপোই তোর কোনোয় ভয় নাই, আমরা তোর কোন ( তি করমু না। খালি তোর এ্যাকনা কাজ করা নাগিবে।’ চ্যাংড়াতো থরথরে কাঁপে আর কয়,- মোর কি করা খাবে?, শূয়োর কয়,-

‘ কোনয় না হয়, আমরা দুইঝনে যুজ্জ করিমো, তুই সা(ী, বিচার করি কবু-কায় জিতিছে।’শূয়োর বাঘোক কয়,- ‘শক্তি( পরী(ার আগোত এক হপ্তা সমায় নেওয়া যাউক( দুইঝনে ভাল-মন্দ খায়া শক্তি( করি তার পাছত যুজ্জ-শক্তি( পরী(া। আর এই এক হপ্তা চ্যাংড়াটা মোরে জিম্মাত থাকিবে। কারন তোমার বি(াস নাই।’ কতামত বাঘ এক হপ্তা যা পাইলেক শিকার ধরি মসং খাইলেক। আর হেপাকে শূয়োর কচু ঝেচু ঝা খাবার খায় আর দোনো ব্যালা চিট্কা আইটাল কাদো মাটির

দেহা ন্যাটপ্যাটায়। মাটি শুকায় আরো ভ্যার কাদো নাগায়। সাত দিনে চিটকা মাটি দেহাত নাগি দেহা দশগুণ মোটাসোটা হইছে। চ্যাংড়াটার সাথত থাকিয়া শূয়োরের ময়া হইছে। চ্যাংড়াটাক কয়,- 'দ্যাখ্ বাপোই তোর ভালের বাদে কং,-যুজ্জত্ মুই জিতলেও কবু-বাঘায় জিতিছে। বাঘা হটিছে কইলে- বাঘা তোক হাম্লাবে, বিশ্বাস নাই।'

এক হপ্তা পাছত বাঘা আসিল, শূয়োরও কাদোমাটি মাখা মোটা দেহা ধরি ন্যাদেশ-প্যাদেশ করি আসিল। চ্যাংড়া একটা ডিয়ার উপুরা বসিল বিচার করির। পথমে বাঘা শূয়োরোক এক হামলে শূয়োরের দেহার এক খাবলা মাটি তুলি ধরি গেইল, শয়োরের কোনোয় হইল না। এবার শূয়োর ঘোৎ ঘোতে আইরি ধরি যায়া ভ্যাকরা দাঁত দিয়া বাঘের পেটত দিলেক গুতা, বাঘের পেটের ছাল্টা ছেন্দা হয়া চট্কি পড়িল। দোনোঝনে চ্যাংড়াক পোছে,- 'বাপোই কায় জিতিছে?' চ্যাংড়া শূয়োরের শিখা কতামত কইল,- 'বাঘায় জিতিছে।' দুতিয়াবার বাঘ শূয়োরের দেহা থাকি কামড়ে আরো এক খাব্লা মাটি তুলি ধরি আসিল। আর শূয়োর থর্থরা দাঁত দিয়া বাঘার পেটের ছাল্টা ছিরি দিয়া কাবু করিল। সাথে চ্যাংড়ায়াক পোছে,- 'এবার কায় জিতিল?' চ্যাংড়া একে ঢক্ করি কয়,- 'ঐ বাঘার জিতিল।' এবার শেষ পরীক্ষা-বাঘ এক ঝাপ্পে শূয়োরোক থাবলে আরো বেশী চিটকা মাটি দেহা থাকি তুলি আনিল। আর শূয়োর আইরি ধরি ভ্যাকরা দাঁত দিয়া বাঘার পেট ভ্যাসেরে দিলেক, বাঘ ঢলিয়া পড়িল আর উঠিরে না পায়। শূয়োর চ্যাংড়াটাক পোছে,- 'বাচ্চা বাপোই! এবার কায় জিতিল?' চ্যাংড়া আগের মত করি চীকরি কইল,- 'বাঘায় জিতিল।' কিন্তুক চ্যাংড়া মনে মনে বুঝিল- শূয়োর জিতিছে ভয়োতে কইলেক না। শূয়োর চ্যাংড়াটাক ধরিয়া গ চড়াইয়া মাঝত ছাড়ি দিয়া আসিল।

ডাবড়ির বুড়া-মাটা, চ্যাংড়া সগায় গিস্যি ধরি পোছে,- 'এ কয়দিন কোটে ছিলু? ক্যামন করি বাঁচি আসলু? তোক বাঘায় নিয়া গেইছে।' চ্যাংড়াটা কুলে ঘটনা- বাঘ শূয়োরের যুজ্জ পাতি কইলেক। 'বাঘ আর শূয়োরের যুজ্জত্ কায় জিতিছে?' -সগায় পুছিল। চ্যাংড়া কইল,- 'শূয়োরের কতামত যদিও মুই কছুং- বাঘার জিতিছে, আসলে কিন্তুক শূয়োর জিতিছে, আর বাঘায় হটিছে।' যেই না এই কতা কইছে, তেই না বাঘ জঙ্গলবাড়ী থাকি ডিক্রী উঠছে,- 'কী কলুরে চ্যাংড়া? তোর কপালোত দুঃখ আছে। এ্যালা যা, মোর দেহা খারাপ। নাত্তি কোটে নবু ? আজি তোক ধরি আসিম্, বুঝবো সেলায় মাসের কয়দিন যায়!' বাঘের ডেকরন





শুনি সগায় ভয়োতে থরিকাপ, বাড়ী বুলি দৌড়। নাত্তি হইল চ্যাংড়ার মনোত কিন্তুক ভয়,- নাত্তি বাঘ আসিবে, উঙাক নিয়া যাবে। মা-ক্ কইলেক,- 'মাও, বাঘ দেখিয়া মোর গাও দমকিছে-জ্বর আইচ্চে, বাড়ীর কুল্লে ঝাঁপ ক্যাতা দিয়া মোক ঢাকি থোন।

চ্যাংড়া ডারিঘরত থাকে, মাও বাড়ীত সাত/আট খান ক্যাতা, কম্বল ঝাঁপ দিয়া চ্যাংড়াক ঢাকি থুইল।

মধ্য নাত্তি সচাঙে বাঘ আসিয়া মোটা ঝাঁপ ক্যাতা শুদ্দায় চ্যাংড়াক মুখত ধরি জঙ্গলবাড়ী, আড়াবাড়ী, কচুবাড়ী দিয়া দৌড়াইতে দৌড়াইতে ক্যাতালা ধরি বাঘ চলি গেইল টের-এ পায় নাই। চ্যাংড়া জ্ঞান ফিরি দ্যাখে বনুয়া ভৈষের ছান দুধ, দই-ভৈষের বাথান। একটা কানা ভৈষ পহারা আছে। চ্যাংড়া পেটের ভোকতে দই দুধ খায়া ছান-ছরালা ফ্যালেয়া পরিস্কার করিল। ভৈষের পাল আইসা দেখিয়া একটা বড় গছত চড়ি আড়ালোত ঘুসিয়া থাকিল। ভৈষের পাল আসিল, সদ্দার ভৈষ কানা ভৈষক কয়,- 'আজি বাথানের ছান -ছরালা কায় ভাল করিল? আর কোটে থাকি মানষির গোন্দ পাওয়া যায়?' কানা ভৈষ দ্যাখে না কবার-এ না পায়। পাছাদিন কানার সাথত একটা টসা ভৈস পহারা থুইয়া সগায় ঘাস খাবার দূরান্তর চলি গেইল।

চ্যাংড়াটা গছ থাকি নামিয়া দই দুধ খায়া ভৈষের ছান ফ্যালের ধরছে, তাতে টসা ভৈষ দেখি ফ্যালাইছে- 'কিরে চ্যাংড়া তুই এটে ক্যামন করি আসলু?' চ্যাংড়া কানা আর টসা ভৈষের ঠ্যাং ধরি কয়,- 'মোক বাঁচান, তোমরা মোর বাপ-মাও। বাঘায় মোক এইটে ফ্যালাইছে,মোর বড় বিপদ।' কি কি হইছে, সৌগ ঘটনা চ্যাংড়া খুলিয়া কইল। কানা টসা বুদ্ধি দিলেক,- 'আমার সদ্দার ভৈষ আসিলে ঠ্যাং ধরি বাপদায় দিবু , এলা দুধ দই খায়া গছত র।

বেলা ডুবিল। সদ্দার ভৈষ দলবল ধরি বাথানোত ফিরিল। কতামত চ্যাংড়া গছ থাকি নামি সদ্দারের ঠ্যাং ধরি 'বাপদায়' দিলেক, - 'বাবা মোর খিবে বিপদ, মোক বাঁচান।' গোর ঘটনা কইল। সদ্দার সাহস দিয়া কইল,- 'কোনোয় ভয় নাই, আমার বাথান দ্যাখ-শুন করিস্ হাটোত দই দুধ ব্যাচেয়া হাঁড়ি, তছ্লা, হাতা, খন্তি, চাউল,ডাইল আনি নান্দা বাড়া করি খা। চ্যাংড়া এ মত করি খায়, খাঁটি দই দুধ সদায় খায়া খায়া ভাল স্বাসহ্য, নম্বা চুলি হইছে।

এইদিন ভৈষের পিটিত চড়ি গাও ধুবার বাদে নদী গেইছে। নদীত গাও ধুইতে, মাতা ঘসিতে মাতার এক থোকা চুলি খসি পড়ছে। ঐ নম্বা তের হাত চুলি

কলার ভূরাত্ বান্দি ভাসে দিয়া বাথান ফিরি আইচ্চে।

ঐ দ্যাশের নাজার বেটি নাজকইন্যা, খোপাঢুলি-কেশবতীর বার হাত চুলি। সখীলার সাথত নদীত গাও ধুবার যায়া ঐ কলার ভূরাত্ তের হাত চুলি পায়া ঠস্ খায়া প্রতিজ্ঞা করিল,- 'এই চুলির মালিক যদু চেংড়ি হয় তার সাথত মুই সখী করিম( আর যদু চ্যাংড়া হয় তো উঙার গালাত্ মালা দিয়া মোর স্বোয়ামী করিম।' নাজকইন্যার কতামত নাজা নাজ্যত 'ঢোল' দিয়া ঘোষনা করিল, তের হাত চুলি যার তাকে চাই। সন্দ্দার ভৈষ শুনি আসি পাছাদিন চ্যাংড়াক ধরি নাজবাড়ী যায়া চ্যাংড়ার তের হাত চুলির প্রমান দিলেক,-ঐ কলার ভূরার চুলি চ্যাংড়ার-এ চুলি। প্রতিজ্ঞামত নাজকইন্যা কেশবতীর সাথত বাঘে-ধরা বাথানের চ্যাংড়ার বিয়াও। বিয়ার বরযাত্রী চ্যাংড়ার ইচ্ছামত বাথানের ভৈষ আর বনের যত পশু-পখি। চ্যাংড়ার আটুসে নাজা চাইরোপাকে সিপাই, পাইক, রবন্দাজ পাঠেয়া চ্যাংড়ার বাড়ীর মাও, বাপোক চান্দেয়া ধরি আসিল। জৈ যোগারে বাদ্য-বাজনে নাজবাড়ীত নাজকইন্যার সাথত বিয়াও হইলেক।

সেলা চ্যাংড়া- নাজকইন্যা, মাও, বাপোক ধরি সুখে সংসার করে।

আর আমরা এটে খালি ফাকোতে ফ্যাদলা পারি।





# খটুয়ামতি কইন্যা

তিস্তানদীর পাড়ত রহিমগঞ্জনা-ম খু-ব পুরাণ একটা গঞ্জ ছিল। এই গ-ঞ্জর উপুরা দিয়া -ঢলগিলা -ছাট--ছাট নদীর ড্যারা চলি -গই-ছ। আর এই ড্যারাগিলাত মা-ছর কুন অভাব ছিল না। অগল-বগ-লর মানষিগুলা এই ড্যারাত ট্যামাই জলঙ্গা পা-তয়া কই, মাগুর, শিঙ্গি, ট্যাংনা, খইলসা, পুটি, ডাইরকা, -শাল, বহালি, গদা, পঁয়া নানান জা-তর মাছ ধ-র। এলাকার মানষিগুলা বাইষ্যা কালত মাছ মারিয়া সারা বছ-রর বা-দ শুকটা-সিদল বা-ন থয়।

কিন্তুক এ্যাকবার বিপদদ পড়ি-লক ওই গ-ঞ্জর -শঠিয়াল ধ-নশ্বর রায়। সগা-র ঘরত -য সময়ত ট্যামাই জলঙ্গার মাছ বালতি বালতি উঠিবার ধরি-লক, -স সময়ত ধ-নশ্ব-রর বাড়িত চখু -মলিয়া -দখিবার নাখান এ্যাকটাও মাছ নাই। সগা-র ট্যামাই জলঙ্গাত এত মাছ; কিন্তুক ধ-নশ্ব-রর ট্যামাইত একটা জল-পাকাও নাই ক্যা-ন- এই চিন্তা-ত ধ-নশ্ব-রর আর ঘুম হয় না। মা-ঝ মই-ধ্য ভা-ব কা-হা উমার ট্যামাই ঝারি মাছ ধরি পালায় না -তা? না, ঘরত বসিয়া চুপ করিয়া থাকি-ল আর কুন কাম হবার নাহয়। -চারটাক হা-ত-না-ত ধরিয়া উচিত শিক্ষা না দি-ল ব্যাটা -সাজা হবার নয়।

ধ-নশ্ব-রর চিন্তাও য্যামন কামও ত্যামন। একদিন আতির ব্যালা নদীর ধাদিনাত একটা ঝুপরির মইধ্যত নুকি থাকিয়া ট্যামাই পহরা দিবার ধ-র আর ম-ন ম-ন ভাইব-ত থা-ক- আজি কায় আই-স-ছ আসুক-র শালার ব্যাটা। যদুক একবার -মার হা-তাত ধরা প-র, উয়ার বা-পর বিয়াও দ্যা-খ ছাড়ি দিম। হাড়হাড্ডি খ-স ছাড়ি দিম।

ঝুপড়িত বসি বসি মসর কামড় খাই-ত খাই-ত -বইশ কয়টা প্রহর কাটি যায়। আতির এক পহর যায়া ধ-নশ্বর দ্যাখা পায় একটা ধপধপা সাদা বগা আসিয়া ট্যামাইটার উপুরত বসিয়া কক্ কক্ করিয়্যা মাছ খাবার ধ-র। বকটার মাছ খাওয়া -দখিয়া ধ-নশ্বর ম-ন ম-ন ভা-ব - ও-র শালার ব্যাটা বগা, হিটা -তা-র কাম। মুই -তা ভাবিছিনু কুন -চা-রর কাম ব-ধ। তা -চার নাহয়,

শালারব্যাটা তুই-য়। অইস, আজি -তা-র বা-পর বিয়াওটা দ্যা-খ দ্যাও। ধ-নশ্ব-রর ভাবাও শ্যাষ, কামও শ্যাষ। পাছ পাখ থাকিয়া সুট করি আসিয়া খপ করিয়া বগাটাক ধরি ফ্যালায়। বগাটাও কক্ কক্ করিয়া ড্যানা পা-খনা -মলি ধরিয়া পা-লবার চায়। কিন্তুক ধ-নশ্বরও বা-পর ব্যাটা। ছাড়িবার মানষি নাহয়। ওই আতিত ট্যামাই জলঙ্গা ভন-ত বগাটাক বাড়ি ধরি আই-স।

পরদিন সাকা-ল উঠিয়া ধ-নশ্বর উয়ার ব্যাটাক কয় -বাউ-র, বগাটাক মাড়িয়া -দ। -তার মাক ক' ত্যা-ল-মসলায় ভাল্ করিয়া আন্ধিবার। -বটা মাছ খায়া খায়া -দহা-কনা ঠসঠসা করি-ছ। আজি উয়ার মসং-য়র -ঝাল খায়া পতি-শাধ নিম। ধ-নশ্ব-রর এই কাথা শুনিয়া বগা ভয়-ত চমকি উঠিয়া কয় - -মার এ্যাকটা কাথা শুন বুড়াব্যাটা। এইবা-রর মতন -মাক ছাড়ি -দ। জীবনত আর কুনদিন মুই -তার ট্যামাইর মাছ খাবার -নায়াং। বগার কাথা শুনিয়া ধ-নশ্বর কয় - -মাক তুই পা-গলা ভাবিছিত! এদ্দিন থাকি তুই -য -মার ট্যামাইর মাছগিলা খাইছিত তার হিসাব কায় দি-ব!

বগা-- মুই দিম।

ধ-নশ্বর-- বগা হয়া তুই -মার মা-ছর হিসাব দি-বা? ক্যানং করি ক' শুন।

বগা-- তুই যদুক -মাক ছাড়ি দিস তাহ-ল মুই -তার বড় ব্যাটার বা-দ খটুয়ামতি কইন্যা জুড়ি দিম। লক্ষ্মী কইন্যা। -তার গলা ভাঙ্গিয়া পড়ি-ব। ধ-ন জ-ন তুই দশসমা-জর মই-ধ্য একজন হয়া উঠি-বা।

ধ-নশ্বর-- তুই -য -মার ব্যাটাক খটুয়ামতি কইন্যা আনি দিবার ছল করি পা-ল যাবার নইস তার পরমাণ কি?

বগা-- কাথাত আ-ছ না বুড়াব্যাটা, বিশ্বা-স মিলায় বস্তু ত-র্ক বহুদূর। -মাক এ্যাকবা-রর জই-ন্য বিশ্বাস করি দ্যাখ। ঠকিবার নইস।

ধ-নশ্বর-- ছাড়ি দি-ল -তা তুই উড়ি পালা-বা। -তার নাগাল স্যালা মুই -কান-ঠ পাম?

বগা-- তুই এ্যাকটা কাজ কর বুড়াব্যাটা - -মার ঠ্যা-ঙাত এক -টাপলা সইষ্যা বান্ধি -দ। -টাপলার মইধ্যত এ্যাকটা কানা করি -দ। -সই কানা দিয়া সইষ্যা পই-ত্ত পই-ত্ত যা-ব। জল পায়া য্যালা -সই সইষ্যা থাকিয়া গছ হ-ব তুই স্যালা -সই গছ -দইখ-ত -দইখ-ত পথ হাটিব। -যই-ঠ যায়া -দখি-বা সইষ্যার গছ শ্যাষ হয়া -গই-ছ তা-র বগলত -দখি-বা একটা পুরাণ বটগাছ আ-ছ





ওই-ঠ যায়া -বক ভাইয়া! বক ভাইয়া করি ডাক দি-বা; মুই -তাক দ্যাখা দিম।

ধ-নশ্বর-- পা-লবার কুন আল নহয় -তা? ছাড়ি দিনু তাহ-ল!

ধ-নশ্বর বগার ঠ্যাং-ঙাত সইষ্যার -টাপলা বান্ধি দ্যায়। বগাও উড়ি যায়।

কয়দিন পর ধ-নশ্বর নইক্ষ্য করিল -য বগাটা -যইদি -যইদি উড়ি -গই-ছ, -সইদি -সইদি আস্তার ধাদিনা দিয়া সইষ্যার গছ ভুটকাই-স। ধ-নশ্বর সইষ্যার গছগিলা নইক্ষ্য কই-ত্য কই-ত্য পথ হাঁইট-ত থা-ক। এক সমাই যায়া দ্যা-খ সইষ্যার চারা শ্যাষ হয়া -গই-ছ। তা-র বগলত একটা পুরাণ বটগছ। বগার কাথা মতন -সই-ঠ-কানা যায়া ডাক -দয় -বগা ভাই! বগা ভাই!

পুরাণ বটগছটার ভিতিরা থাকি বগটা বাইর হয়া আসিয়া কয়- ও বুড়াভাই। তুই আচ্চিত। অইস।

তারপর বগভাই এ্যাকটা -ছাট্ট খটুয়া বাইর করিয়া ধ-নশ্ব-রর হাতত দিয়া কয় - এই ন্যাও বুড়াভাই। বাড়ি পহুছিবার আ-গাত খটুয়া খুলা-ল বিপদ ঘটিবার পা-র। বাড়ি পহুছিয়া খটুয়ার মুটকি খুলা-ল -কৌটার ভিতিরা থাকি -কৌটা মতি কইন্যা বাইর হয়া আসি-ব। -সই কইন্যাক দিয়া তুই -তার ব্যাটার নগত বিয়াও দিস।

খটুয়ামতি কইন্যা নিয়া বকভাইয়ার নগদ গল্ফ-সল্ফ করিয়া বাড়ির ভিতি ঘাটা ধ-র। এতখান ঘাটা যাই-ত যাই-ত ধ-নশ্ব-রর -দহা নাকাল হয়া পড়ি-ছ। -সইবা-দ ফিরিবার ঘাটাত -ঢলদূর আসিয়া একটা বটগ-ছর নীচত আসিয়া দম খাবার বই-স। তার উপুরা মইধ্যমাথাত সূয্য মামা খাড়া হয়া আ-ছ। বটগছটার নীচত বসিয়া দম খাই-ত খাই-ত ধ-নশ্বর ভা-ব -বগাটা -মাক ঠকাইল্ না -তা? ছচ করি খটুয়াটার ভিতিরাত কইন্যা আ-ছ -তা? নাকি -মা-ক -বাকা বানাইল? বাড়ি যায়া যদি দ্যাখং -য খটুয়াত কিছুই নাই, তাহ-ল বাড়ির সগায় -মাক ডা-ঙ্গ মারি -ফলা-ব। ব্যাটার ঘর ক-ব - বুড়া বয়-স বাপ -ছচা মিছা কাথা কবার ধরি-ছ। খটুয়ামতি কইন্যার নগদ বিয়াও দিবার চায়া কইন্যার বদলত খালি খটুয়ার নগদ বিয়াও দিবার চক্রান্ত করিবার ধরি-ছ -তাহ-ল ব্যাটা -মাক ডা-ঙ্গ মারি -ফলা-ব। তার চায়া মুই বরং

এ্যাকবার খটুয়াটা খুলি -দখি ন্যাং -য -কাঁটাত কিছু আ-ছ কি নাই। এইনং নানান কাথা ভাইব-ত ভাইব-ত গছতলাত বসিয়া ধ-নশ্বর খটুয়ার মুটকি খুলি ফ্যালায়। খটুয়ার মুটকি খুলাই-ত কা-ল খটুয়ার ভিতিরা থাকি খটুয়ামতি কইন্যা এক ঝা-প্প খটুয়া থাকি বাইর হয়া গছত চড়ি বই-স। ধ-নশ্বর নানান কাথা ক-লও খটুয়ামতি কইন্যা আর গছ থাকি নীচত নামি আই-স না। বিপদদ পড়ি যায় ধ-নশ্বর। শ্যাষত খটুয়ামতি কইন্যা ধ-নশ্বরক কয়া উ-ঠ - বাপধন -মাক যদি নিগিবার চান তাহ-ল রথ নিয়া আইস। মুই এই গছটা-ত আছ। তমরা নিশ্চিন্ত ম-ন বাড়ি চলি যাও। নিরুপায় হয়া ধ-নশ্বর বাড়ি চলি আই-স, খটুয়ামতি কইন্যাক বাড়ি আনিবার বা-দ র-থর ব্যবস্থা করিবার।

ধ-নশ্বর বাড়ির পু-খ কিছুদূর আসিবার পরপ-র -সই গছটার তলত একটা ঘষি কুড়ি ডাউয়ানী দম খাবার বা-দ বই-স। এইখান ও-দাদ ঘষি কুড়াই-ত কুড়াই-ত বড্ড ক্লান্ত হয়া বটগছটার -ছমাত বই-স। হুট করিয়া ডাউয়ানীর -দহাত এক ফটা জ-লর টপানি আসি প-ড়। ডাউয়ানি জ-লর -ফাটাটা চাটি নুনচি নুনচি স্বাদ পায়। ম-ন ম-ন ভা-ব এইনং স্বাদ একমাত্র -দহার ঘা-মর। কুন-ঠ থাকি ঘা-মর -ফাটাটা -মার -দহার উপরত পই-ল্লক! ভিতিরা ভিতিরা ভয় পায়া উপরপু-খ দ্যা-খ এ্যাক সুন্দরী কইন্যা গ-ছর উপ-রর ডালটাত বসি আ-ছ। ডাউয়ানী খটুয়ামতি কইন্যাক নীচত নামিবার কয়। কিন্তুক খটুয়ামতি কইন্যা আর না-ম না।

কুন উপায় না পায়া ডাউয়ানী নানান ছল করি খটুয়ামতি কইন্যার মন ভুলিবার বা-দ নানান কাথা কয়া উ-ঠ। ডাউয়ানী কয়- হা-গ মাই তুই এতবড় হয়া -গইছিত -গ। তুই -মার নি-জর মাসির -বটি বইনি -হা-বা। হা-গ মাই তুই -মাক চিনি-র পারিস নাই। -দখছিনি মুইও একটা পাগিলী। -সই কুনকাল থাকি দ্যাখা নাই। ক্যানংকরি চিনির পারিস ক'ছিনি। -মা-রা মাথাটা -গই-ছ। আয় বইনিটা -মার নীচত নামি আয়।

ডাউয়ানীর চালাকী বুঝির না পারিয়া খটুয়ামতি কইন্যা নীচত নামি আই-স। তারপর নানান ভুচুং-ভাচাং কাথা কয়া খটুয়ামতি কইন্যার -দহার অলংকারগিলা খুলি নিয়া নি-জর -দহাত পিন্দিয়া কয়- চলছিনি হা-মরা ডবাত ঝিল -দখিয়া আসি ক্যানং মানাই-ছ। খটুয়ামতি কইন্যা ডাউয়ানীর কাথা মতন জ-লর ঝিল -দখিবার যায়। আর ওই সমাইত খটুয়ামতি





কইন্যাক জলত ঢ্যা-ক্ক ফ্যা-ল দিয়া নি-জ খটুয়ামতি কইন্যা সাজিয়া গছটার উপরত বসি থা-ক। কিছুক্ষণ বা-দ ধ-নশ্বর খটুয়ামতি কইন্যাক বাড়ি নিগিবার বা-দ রথ ধরি গছটার নীচত আই-স। অটি-কানা আসিয়া খটুয়ামতি কইন্যাক নীচত নামিবার কয়। ডাউয়ানী নীচত নামি আই-স। ইয়ার আগত য্যালা ধ-নশ্বর খটুয়ার মুটকি খুলায় স্যালা কিন্তুক ধ-নশ্বর খটুয়ামতি কইন্যার মুখ দ্যা-খ নাই বুলিয়া ডাউয়ানী আর খটুয়ামতি কইন্যার কুন ফারাক বুঝির পারিল নাই। ডাউয়ানীক রথত চ-ড়য়া বাড়ি আনিয়া বড়ব্যাটা ফুলকুমা-রর নগত বিয়াও দিয়া ঘর সংসার বান্ধি দিল।

ধ-নশ্-রর ব্যাটা আর ডাইয়ানীর সংসার ভা-লায় মন্দয় চলিবার ধরিল। মা-ঝসা-জ উমার জীবনত ক-নক-আ-দক অঘটন ঘটিবার ধরিল। ফুলকুমার পত্তি দি-ন ওই ডবাটাত গাও ধুবার যায়। কিছুদিন পর ফুলকুমার লক্ষ্য করিল ডবার মইধ্যত এ্যাকটা পদ্মফুল ফুটিয়া আ-ছ। আসল কাথা ওই ফুলটা হইল খটুয়ামতি কইন্যার আর একটা রূপ। মরি যায়া উয়ায় পদ্মফু-লর রূপ নি-ছ। য্যালায় ফুলকুমার ডবাত গাও ধুবার না-ম স্যালা করিয়ায় ফুলটা ফুলকুমা-রর বগল চা-প। আর য্যালা করিয়ায় ডাউয়ানী ডবাত গাও ধুবার না-ম স্যালা করিয়ায় ফুলটা মইধ্যত চাপি থা-ক। এইনং করিয়া কিছুদিন যাবার পর ফুলকুমার একদিন ফুলটাক ছিড়ি আনিয়া নি-জর ঘরত ঝুলি থয়। এটি-কানাও এ্যাকটা অ-লৌকিক কান্ড ঘটিবার ধরিল। ফুলকুমার য্যালা করিয়ায় ঘর সন্দায় স্যালা করিয়ায় ফুলটা ভল্‌ভল্ করিয়া ফু-ট অয়। আর ডাউয়ানী ঘর সন্দা-ল ফুলটা মুঞ্জি যায়। ফুলটার এই নাখাতি কান্ড -দখিয়া ডাউয়ানী গর-ম টং হয়া একদিন ফুলটাক প্যাচ-ক-ট ঘ-রর কাইঞ্চাবাড়িত ফ্যা-ল -দয়। পদ্মফুলটা -যই-ঠ ফ্যা-ল -দয় অটি-কানা এ্যাকটা কদুর গছ জন্ম -নয়। কিছুদিন যাই-ত না যাই-ত কদুর গছটা ফুলকুমা-রর থাকিবার ঘরটাত আন্ডুলি উ-ঠ। কদুও ফ-ল অজস্র। সারি সারি কদুগিলা দুয়া-রাত ঝুলি থা-ক। ফুলকুমার য্যালায় ঘর স-ন্দবার যায় স্যালা করি কদুগিলা উপরত উঠি থা-ক। আর য্যালা করিয়ায় ডাউয়ানী ঘর সন্দায় স্যালা করিয়ায় উয়ার মাথাত হুটুলা না-গ। কদুগিলার এই কান্ড দ্যাখিয়া এ্যাকদিন ডাউয়ানী দুয়ার থাকি দুই তিনটা কদু কাটিয়া আন্ধিবার ধ-র। ডাউয়ানী কান্তাইত কদু চ-ড় দিয়া ঢাকা দি-য় জ্বাল দিবার ধই-চ্চ। এমন সমাই কান্তাইর ভিতর থাকিয়া গদ্ গদ্

করিয়া কদুগিলা কয়া উঠিল -

নাউ গত গত! নাউ গত্ গত্!
ডাউয়ানীর মাথা খাও;
ঢাকা ফ্যা-ল -দও মুই বাইর হয়া যাও।

খটুয়ামতি কইন্যার এই নাখাতি কাথা শুনিয়া ডাউয়ানী গর-ম টং হয়া ম-ন ম-ন কয় -তুই -মার মাথা খা-বা! অইস, -তাক আজি মজা -দখাছ। ডাউয়ানী নগ্-ত কান্তাই হা-ত কদুখান গটায় কাইঞ্চা বাড়িত ফ্যা-ল দ্যায়। -যটি-কানা ডাউয়ানী কদুখান গটায় ফ্যা-ল দ্যায় অটি-কানায় খটুয়ামতি কইন্যা একটা ব্যালগ-ছর রুপ নিয়া জন্ম লাভ ক-র। হিপু-খ ডাউয়ানী আর ফুলকুমা-রর -কালাত একটা ব্যাটার জন্ম হয়। ডাউয়ানী ছাওয়াটাক ওই ব্যাল গছটার ছ্যামাত শুতি থুয়্যা নি-জ বাড়ির কাম-যাম ক-র, কুন সমাই বা খুলি বা পাথারবাড়ির কাম-যাম করি ব্যাড়ায়। হঠাৎ করিয়া এ্যাকদিন দুপুরাসা-ঞ্জ ব্যালগছটা থাকিয়া এ্যাকটা ব্যাল ছাওয়াটার বুকত পড়িয়া ছাওয়া মরি যায়। ছাওয়ার -শাক পাসুরিবা না পারিয়া ডাউয়ানী গরম শুনচন্ডী হয়া ব্যা-লর গছটায় কাটি ফ্যা-ল দ্যায়। ঠিক ওই সমাইটাত মাইলানী আই-স ফুলকুমা-রর বাড়িত ফুল তুলিবার। ব্যা-লর গছটাক ওই মতন করিয়া পড়ি অবার দ্যাখিয়া গছটার ব্যালগিলা -গাটালায় বাড়ি ধরি যায়া নি-জর ধান-ঘ-রর গলাত উ-ঠ থয়।

মাইলানী পত্তিদিন সাকা-ল উঠিয়া ফুল তুলির যায়। ফুল তুলিয়া রাজার বাড়িত পহ-ছ দি-ব। -সই ফুল দিয়া রাজ-রানীরঘর পূজা করি-ব। কা-জ সাকাল সমাইটা মাইলানী খু-ব চঞ্চল থা-ক। কিন্তুক কয়দিন থাকিয়া মাইলানীর বাড়িত একটা অ-লৌকিক কান্ড ঘটিবার ধরি-লক। মাইলানী সাকাল হ-ল বাড়ি থাকি বাইর হয়া যায় ফুল তুলিবার বা-দ। আর -সই ফাঁক-ত কায় -ঝন মাইলানীর বাড়ি ঘর মুছি-কুছি পরিষ্কার করি থয়। ভাত-শাগও আন্ধি থয়। মাইলানী বাড়ি ফিরি আসিয়া এইনাখাতি কান্ড দ্যাখিয়া পাড়া-পড়শি মাইয়া গিলাক পুছ ক-র। মাইয়াগুলাও মাইলানীর কাথা হাসিয়া উড়ি -দয়। মাইলানীর কাথা শুনিয়া হাসাহাসি ক-র। কয়- খায়াদায়া বুঝি হামার কাম নাই -তার বাড়িত কাম করিবার যাম।

মাইলানী খু-ব চিন্তাত পরি যায়। পাড়াপড়শি মাইয়াগিলা যদি বাড়ির





এই কামগিলা না ক-র তাহ-ল কায় ক-র-ছ? ক্যানং করিয়া -চারটাক ধরা যায়! ভাইব-ত ভাইব-ত মাইলানীর মাথাত একটা বুদ্ধি আই-স। এ্যাকদিন সাকা-ল নিন থাকি উঠিয়ায় ফুল তুলির কাথা কয়া বাড়ি থাকি বাইর হয়া যায়। ফুল তুলা য্যানং ত্যানং ওইটা উয়ার ভান। কাইঞ্চা বাড়িত যায়া নুকি থা-ক আর চাটির ফাঁক দিয়া বাড়ির পু-খ নজর দ্যায়। মাইলানী কানাচাটি দিয়া দ্যাখা পায় উয়ার গলা ঘ-রর ভিতিরা থাকি এক -দব কইন্যা বাইর হয়া আসিয়া বাড়ির কাম করির ধ-র। -দব কইন্যাটা বাড়ির বাহিরাত আসিবার সা-থ সা-থ বাড়ি জ্বলজ্বল করি উ-ঠ। মাইলানী চুপ করি বসি থাকিয়া -দবকইন্যার ঢগচলন ভাল্ করিয়া পরখ ক-র। কাম-দাম করিয়া -দব কইন্যাটা য্যালা আরও গলাঘরত যায়া ঢু-ক -সই সমাই মাইলানী আসিয়া -দব কইন্যার পাও দুইটা চিপি ধরিয়া কয়া উ-ঠ - মাও তমরা কায় -মাক পরিচয় দ্যাও। -দব কইন্যা নি-জর পরিচয় দিয়া উয়ার জীব-নর উপর দিয়া ঘটি যাওয়া কাথাগিলা কয়া নি-জর আসল পরিচয় মাইলানীক দ্যায়। কিন্তুক মাইলানীর -য আজি -ঘার বিপদ। রাজবাড়ির বা-দ ফুল তুলিবার পা-র নাই। রাজা যদি ফুল না পায় তাহ-ল মাইলানীক কঠিন শাস্তি দি-ব। এ্যালা কি করি-ব মাইলানী! ফু-লর কাথা খটুয়ামতিক কই-ত কা-ল খটুয়ামতি নি-জ ফুল তুলিয়া এক পহর-ত বিনিসূতার মালা বা-নয়া মাইলানীর হাতত দ্যায়। মাইলানী খটুয়ামতির হা-ত বানা মালাখান নিয়া য্যালা রাজদরবারত হাজির হয়। রাজা -তা মালা দ্যাখি আচরিত। বিনিসূতার মালা দ্যাখিয়া রাজা মাইলানীক পুছ ক-র - মাইলানী এই মালাখান কায় বানাই-ছ?

-- ক্যা-ন মহারাজা! এদ্দিন থাকিয়া তমাক কায় ফুল আর মালার যগান দিয়া আই-স-ছ?

-- -স নহয় বুঝিনু মাইলানী! কিন্তু -তার এই দীর্ঘ জীবনত এই নাখাতি মালা বানাইস নাই। আর আশা করং -তার এই নাখাতি অ-লৌকিক ক্ষমতা নাই। ক্যা-ন মিছা কথা কইস ক'দ্যাখি?

-- না না মহারাজা! মুই মিছা কাথা কং নাই। -তামাক মুই ছচ করি কং; মুই নি-জ বানাইসু।

--মাইলানী! তুই যদি আর এ্যাকটাও মিছা কথা কইস তাহ-ল কিন্তুক -তাক শূলত চ-ড় দিম। এ্যালাও সমাই আ-ছ ছচা কাথাটা কয়া -দ।

শূ-লর কাথা শুনিয়া মাইলানী ছচা কথা কয়া দ্যায় ঠি-ক। কিন্তুক খটুয়ামতির আসল পরিচয় -গাপন করি থুয়া কয় - মহারাজা -মার ভুল হয়া -গই-ছ। -মাক মাফ করি দ্যান। আসল কাথা কি, -মার এ্যাকটা ভাগিনী আই-চ্ছ, গটা -দহাটায় পকা নাগি-স। -সইবা-দ ভাগিনীটা মালাখান দিয়া -মাক কই-ছ - মসি তুই কিন্তুক -মার আসল পরিচয় দিস না। আর ভাগিনীর কাথা থুবার বা-দ তমাক মিছা কাথা কবার নাগিল। তমরা -মাক মাফ করি দ্যান হুজুর।

-- -স নহয় হইল। কিন্তুক -তার ভাগিনীটাক -তা এ্যাক নজর -দখিবা-র নাগি-ব। যায় বিনা সূতার মালা গাথিবার পা-র তায় না জানি আরও কত কি করিবার পা-র। -তাক মুই মাফ করি দিবার পারং; কিন্তুক বদ-ল তুই -তার ভাগিনীটাক -মাক এ্যাক ঝলক দ্যাখাবু।

--কিন্তুক রাজামশাই! উয়ার -য গটা -দহা-ত পকা নাগি-ছ।

---স নাগুক। আ-গাত -তা -মাক দ্যাখিবার দি-বা।

রাজার চাপত পড়িয়া বাইধ্য হয়া মাইলানী খটুয়ামতি কইন্যাক রাজার দর্শন করায়। খটুয়ামতির রূপ -দখিয়া রাজা মুগ্ধ হয়া প-ড়। উয়ার একমাত্র ব্যাটার নগত বিয়াও দিয়া বউ করি ধরি যায়। আর মাইলানীক -দয় -ঢল্লা স্বর্ণ মূদ্রা। স্বর্ণলঙ্কার পায়া মাইলানীরও দিন সু-খ কা-ট। মহাসুখী খটুয়ামতি কইন্যা। আর হুপা-খ ডাউয়ানী ব্যাটার -শা-কা-ত পাগিলী হয়া ঘাটায় ঘাটায় ঘুড়ি ব্যাড়ায়।





# ছোক্‌রা

আজি থাকি ৫০/৬০ বছর আগোত্ গেরামের নানান্ নাকান খেম্‌টা, নটুয়া, কুশান, দোতরা, বিষহরা পালাগানত চ্যাংড়ালা/ব্যাটাছাওয়ালা শাড়ি, কাপড়, গয়না পিন্দি বেটিছাওয়ার অভিনয় করছে অবিকল( বোঝার কোনয় উপায় নাই। কেষ(নীলা পালাগানত রাধা, বৃন্দা, কুব্জা, জটিলা, কুটিলার চরিত্র সৌগে চ্যাংড়ালায় পোষাক নিয়া সাজিপড়ি অভিনয় করছে। সেলাকার দিনত গেরামত চেংড়ি/বেটিছাওয়ালার গান করা, অভিনয় করা, নাচা সমাজোত নিন্দার কাজ আছিল।

গেরামের একঝন চ্যাংড়া বাচ্চাবেলা থাকি দোতরা বাজা, খেমটা, নটুয়া মাগা গানত বেটিছাওয়ার পোষাক নিয়া সাজিয়া নাচিয়া বেড়াইছে। আর ঐ ঢক্ করি ঝায় নাচে তাকে কয় ‘ছোক্‌রা’, কাঙো কয় ‘ছুক্‌রী’। ছোটবেলাত চ্যাংড়াটার কিবা একটা নাম আছিল, ওটা নাম কাঙো জানেও না, ড্যাকাও না। সগায় ঐ ছোকরা নামে ড্যাকায়। চ্যাংড়াটা ঢোসা হইল, গানের দল ভাঙি গেইল, তাঙো সগায় ছোকরা নাম করি ড্যাকায়। নাচ গান ছাড়ি সাংসারোত বাপ-দাদার মতন করি হালকিষ্যি করির ধরিল। গাবুর হইল, বিয়াও বাদাও হইল( তাঙো উয়ার ছোকরা নাম টুটিল না। টারির সগায় ছোকরা-দা, ছোকরা-কাকা, ছোকরা-মামা— ঝার ঝেমন সমন ঐ ঢক্ করি ড্যাকায়। ছোকরা নাম শুনি শুনি ছোকরার আসকারা হয়া গেইছে, উঙায় মনত কোনয় ধরে না। কিন্তুক উঙার নয়া ভার্যা,- ময়না ঐ ছোকরা নাম শুনতে শুনতে বেজার হয়া কয়, ‘আচ্ছা কুনদিন কুনকালে ছোট্টবেলা গানত ছোকরাগিরি কইচ্চেন, আর তার বাদে তোমার ‘ছোকরা’ নাম এলাও টোটে না! এই নাম মোর আর শুনির ভাল্ নাগে না। তোমরা এই ছোকরা নাম ব্যাচেয়া অইন্য কোন ভাল্ নাম কিনি আনো’। ছোকরার বিয়ার পাছত টারিবাড়ীর আজু-আবোলা বেড়ের আসি কয়,- ‘ছোকরার মাইয়া ছুকরীটা বাড়ীত আছে না নাই?’ টারির চ্যাংড়া/চ্যাংড়িলা কাঙো কাঙো ড্যাকায়— ছুকরী-বৌদী, ছুকরী-কাকী— এইল্যা শুনি ছোকরার মাইয়া খিব নাগ খায় আর ভাবে ‘মোরো নাম বুঝি ছুকরী হয়’। ময়নার প্যাঁচ প্যাঁচি সবার না পায়া একদিন ছোকরা কয়, ‘চল্ আজি সাক্কালে চাইরটা খায়া বিরামু ভাল্ নাম খুঁজি আনির’। ময়না ধকপক করি খুঁশী হয়া সাজকাল সাকাল চাইরটা আলু উষা, আলোয়া ভাত নান্দিল। দোনোঝনে স্যাজিপড়ি বিড়াইল ভাল্ নাম চান্দে আনির।

যায়, যায়, যায়, ভালেদূর যায়া দেখে একটা নদীর অঘাটত একটা মরা ছোবা দিছে। ছোকরা ময়নাক কয়,- 'চলতো ঐ মরা মানষিটার নাম কি আছিল পুছি।' বগল যায়ইা শ্মশানের মানষিলাক পুছ্ করি জানির পাইল- মরা মানষিটার নাম 'অমর', ভোমা সৈন্ঝার সমায় গোঘাটাত্ মরিছে। ছোকরা ময়নাক কয়, 'নামটাতো ভাল্, কিন্তুক গোঘাটার মরা অঘাটত ছোবে! ফির দিনটাও খরাবার, এটা নাম কেনা যাবে না(- হাটেক'।

আরো যায়, যায়, দেখে একনা ভাল ঢকের জিয়াছাওয়া মইলা ফারা কাপড় হাটুর উপুড়া পিন্দি গ(রে ছান ফেলায়। ছোকরা-ছুকরী বগল যায়া পোছে,- 'তোমার নাম কি বাহে?' জিয়াছাওয়াটা নৈজ্জা খায়া ছানফেনা হাতে কাপড়ের আঁচল টানে আর কয়, 'মোর বাপ-মাও নাম থুইছে— ধনেশ্বরী, এটে শ্বশুরবাড়ীত সগায় মোকে এলা 'ধনা করি ড্যাকায়। মোর এটেখুনা খিব দুঃখ( বিয়াত্ বাবা পোণের টাকা কুল্লে দিবার পায় নাই(- শ্বশুর, শ্বশুরী, জাও কাঙোয় দেখির না পায়'— কয় আর কান্দে। আরোবা কি কি কয়া মনের দুঃখ পাতলা করিল হয়। কিন্তুক পাছে ধনার শ্বশুরবাড়ীর কাঙো কান্দাকাটি দেখি কোন দোষাদুষী করে এই ভয়তে ছোকরা ছুকরীক তাগাদা করি ওটে হাতে সারি আরো ঘাটা হাটির ধরিল।

আরো ভালেদূর আগেয়া দেখির পাইল, দুখুনা চেংড়িলা, ভাল ঢক্ একটা ভাঙা ড্যারার আগ্দোর বাড়ীত খারা হয়া আছে। ঠোটমুখ শুকান ফারা ত্যানা পিন্দি কোনমতে নৈজ্জা ঢাকি আছে। ছোকরা বগোল যায়া পোছে, 'তোমার নাম কি আইয়ো?' বড়খুনা উত্তর দেয়, 'মোর নাম নক্ষ্মী,- আর উয়ার নাম সরেস্বতী- আমরা দুই বইনি।' ছোকরা আরো পোছে, 'তোমার কায় কায় আছে? আর এটেবা ক্যানে এ্যাঙ্করি খাড়া হয়া আছেন?' চখুর জল টলমল করি কয়, 'আমার মাও মরি গেইছে, বাড়ীত কাঙোয় নাই, ঘরোত খাবারও নাই, খিপ ভোগ ধরছে- বাবা হাট গেইছে চাউল আনির, বাবা কত( ণে আসিবে তারে বাদে ঘাটার ভিতি চায়া আছি।'

এত সুন্দর ছাওয়া, সুন্দর সুন্দর নাম- তার এই দশা! উমাক শান্তনা দিয়া মন বেয়া করি আরো ঘাটা হাটির ধরিল দোনোঝনে।

হতাশ হয়া আরো যায়, যায়,- ছুকরীর হাটা আসকারা নাই, ঠ্যাং আর চলে না। বসিয়া জিরিবার চায় কিন্তুক ছোকরা খানেক শি(া দিবার বাদে বসিবার, জিরিবার দেয় না। ঘাটা হাটতে হাটতে ডাব্‌রী বাড়িত্ দেখে দুখুনা ঢ্যাপ্‌রা চ্যাংড়া ফারা গামছা পিন্দি হাল বয়। ছোটখুনা নাঙলের বাঁশার থাকিও ছোট। গোর যায়া



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

ছোকরা পোছে, 'ক্যানে বায়, এই বয়সে হাল্ বন? তোমার নাম কি কি?' বড় চ্যাংড়াটা কয়, 'মোর নাম- রাম, আর মোর ছোট ভাইয়ের নাম- ল( ণ( আমার মাও নাই, বাপের খিব অসুখ, কাজ-কামাই করির পায় না। আর সেই বাদে বই পড়া ছাড়ি হাল ধরেছি।' ছোকরা মনে মনে ধ্যান্দেলায়,- হায়! ভগবান রামচন্দ্র, তোমার নামের এই দশা?'

সারা দিনের হয়রানিতে হাফসিয়া ছুকরী মাটিত বসি পড়িল, আর হাটির চায় না। ভাল ভাল নামের মানষিলার দুঃখের কতা শুনি মনটাও বেয়া নাগির ধরছে। কিন্তুক ছোকরার মনত কোনয় অশান্তি নাই, বরং ছোটবেলাত্ উঙায় যে ভালো নাচ, গান করছে তারে এটা সমাজের মানষিলার আদরের স্বীকৃতি এই 'ছোকরা' নাম। এই নাম উঙার আগিলা দিনের কীর্তি, যশ, পুরস্কার, তিরস্কার না হয়। যেমন- দোতরা, কুশাণ, বিষহরা, গানের 'মূল', 'দোয়ারী', 'বাইন', 'বাঁশীদার', 'পালি' তেমন 'ছোকরা'-ও একটা পদ, উপাধী— গুণের সা(ী। শেষত্ ছোকরা ছুকরীক শান্তনা দিয়া কয়, —

''অঘাটে 'অমর'ক্ ছোবে,
ছান ফেলায় ধনা
'লক্ষ্মী', 'সরেস্বতী'র টিকাত্ ফারা ত্যানা।
'রাম', 'ল( ণ' বয় হাল
এলার বদল আমার ঐ-
'ছোকরা' নামে ভাল্।''

গোটায় দিনটা হাপসিয়া দ্যাসের হালচাল বুঝিয়া একটা দীঘিলা নিক্কাশ ছাড়িয়া মনটা দোরবোসা নাগিয়া ছুকরী ছোকরার হাত ধরি বাড়ির ভিতি ঘাটা ধরিল।

''যার যা আছে উয়াতে খুশী থাকা দরকার।''

# নুটির বল্ বুদ্ধি

দোল্যাত্রার দিন। সমায়— শূন দুপুরা। জংলু আজু মধ্য আইন্নাত্ দশহাতি ধূতিখান কাষ্টি পিন্দিয়া, হাতত্ হুকা সিলিম, ঘারত গামছা ধরি, চকি পিড়াাত্ থম্ থম্ করি বসি আছে, গাও ধুবার বাদে। বউ-মা কত্( নে গাও ধুবার জল, তেল, সাবোন আনি দিবে তারে বাচ্চে আছে।

হেপাকে বুড়ার নাত্নীলা বুড়াক আবিল দিয়া 'চ্যাংমৌলা' বনেবার বাদে টেরী, নৈরী, খৈরী, তিন বৈনি আর খুড়ার বেটি বৈনি— ঝরি, নরি একটা গোটো হয়া আবিল ধরি ঝোক্দুয়োরের আওডালোত ফাসার ফুসুর নাগাইছে। হ্যান সমতে কোটে থাকি আসি চাইর ভাই— দ্যাল্লা, স্যাল্লা, ন্যাল্লা আর প্যাল্লা জংলু আজুর ঠ্যাঙোত্ ভ্যাল ভ্যাল করি আবিল দিয়া ভক্তি( করি কয়, 'আজু-রে, আমাক্ ভাল্ আশুর্বাদ দে।' জংলু আজু সগারে পিটি চাপরে কইল,- 'তোমার নুটির মতন বল্ বুদ্ধি হোক।' ন্যাল্লা স্যাল্লা আর প্যাল্লাক কিলকানি দিয়া গুতিয়া খ্যাল খ্যাল করি হাসিয়া কয়, 'এই আজু, হোটা আরো আমাক ক্যামন আশুর্বাদ দিলু মানা?' আজু কয়, 'আরে পাগলা, নুটির মতন বুদ্ধি আর বল্ কার আছে?' বুড়া আজু পাতিপারি বুঝিয়া কবার ধরিল, 'নুটি নানান্ জাতের, নানান রকমের আটে( কেমন- ভোটা নুটি, নাল নুটি, কালা নুটি, বিষনুটি, গুলি নুটি.........। সাধারণ ঝেলা নুটি আমরা সৌগ সমায় দেখি, স্যালা তিন জাতের হয়- মাদা, মাদি আর কাম্লা (.............)। একটা নুটির ভাসাত্ ফাইগ্লায় কামলা বা চাকর নুটি। আর ভাসার কুল্লে চাইরটা কামাই এই কামলা নুটিলায় করে। ঝেমন,- পাতার বাড়ি থাকি খাবার জোটে আনা, ঘরবাড়ী বনা, মাদি নুটির দ্যাখ্শুন করা, দিমা আর বাচ্চা ছাওয়ালার যতন করা, পাছের দিনলাক কি খাবে তার বাদে খাবার জমা করা, সৌগ্ কামাই ইমরায় করে। সুন্দর নক্সা মতন শহর, নগর,- থাকার ঘর, জিরিবার ঘর, মাদি নুটির ডিমাপারা ঘর, হাওয়া খাওয়া বারেন্দা,.......... সৌগে বনায় পাক্কা ইঞ্জিনিয়ারের মত। মিস্ত্রি কামাই ছাড়াও বানা (..........)। ভরা, ভইশাল (...........)- এইলা প্রকৃতির বিপদ নুটি আগোতে বুঝির পায় আর তারে বাদে সগায় আগে ভাগে ডিমা, বাচ্চা খাওয়া, খাবার ধরি ভাল নিরাপদ জাগাত নিয়ম মাফিক সারিবান্দি যায়। বুদ্ধি না থাকিলে কি এইল্লা করির পাইলেক হয়? আর বলের কতা শুনির চান্তো বইসো, এ্যাখেনা উখকতা কং শোনো।'





# বাহা সে বান্ধব

রাজা ভাইক বড়এ ছেন্হ করে। দালাল কোটা বাড়ী দিছে( চৌদি তার ফুলের বাগান( দাসী বান্দী দিছে, টাকা কড়ি দিছে, পৈরএ( পরিচ্ছদ হান্তী ঘোরা ভৈষ গ( কতএ দিছে। রাজার ভাই রাজার কুঙর( খায় বেড়ায় নহা সুক্কে থাকে। কুঙর জদ্ধাও বড়( যুদ্ধ লাগিলে কাএ(াএ উয়ার সাথে না পারে। কিন্তু কেছুতে কুঙরের মন নাঙি। ভাই ছেন্হ করে, সৌগ দেয়( কেছুর ভাবনা নাই( যে দিন যেটে খুশি সে দিন সেটে যায়( হাসি খেলি করি থাকে( আর শিকারের কথা শুনিলে ত মহা আনন্দ। সাত কাম ফেলে থুইয়া শিকারত যায়( তিন দিন ভোক্ সয়া শিকার করে তেএ(া না হাউপ্সায়।

বৈশাখ মাসিয়া খরতাপী দিন। ঠাঠ্রি( ঠাঠ্রি( মাটি ফাটি চৌচির হৈচে। বো জঙ্গল শুক্কি গেইচে। কোনটে পোড়া গেইচে( কোনটে খানিক তাজা আছে। বোনলা জন্তু গুলাও এলা বড় চালাক, দেখা পাওয়া দুস্কর। তাবদ্দিন ঘুরি কুঙর একটা শিকারও নাই পায়। পশ্চিমা বাতাস তুফান চরি গেইচে। তিস্সায় কুঙরের ঘাতু উড়ি গেইচে। বেলাও ডুবোঁ ডুবোঁ, তেএ(া ঠান্ডা না হয়। ঘোড়াও ঘামি গেইচে। দোনাও অচল। কুঙর একটা দিঘী পাইলে। জল তার থইয়া ঘাসের উপরত বসিল। ঝসে তেএৌ প্রাণ যায়। দিঘীত নানমি ছিন্নান করিল। উপরত উঠি ভেজা বস্তুর ছাড়ি শুকনা বস্তুর পিন্দিল। ইদি চানও উঠিছে। উপালি জোনাকে বাড়ি ঘর, গছ বীরূ, ঝাড় জঙ্গল ঝক্ মক্ করি তুলিছে, সির্সিরা বাতাসে নড়াচড়া ভালত্ ভাল জঙ্গলি ফুলের উপর পড়ি জনি জঙ্গল খানদ হাসেয়া তুলিচে। কুঙরের জিজ বাড়ীর দুই জায়পুতে বেরা কুঙরের মুখ দিয়া সু(ধরা ছিল্কা বিরাইল।

'দিগঘী সে সরেবর, চন্দ্রে সে দীপ।
ভাই সে বান্ধব আর তিরি সে রসিক।।'

মনত খোয়া ছিল্কা একবার কয়, দুইবার কয়, তিনবার কয়( বারে বারে কয় তেএ(া হাউসে না মিটে, কিজানি এক অপুরূব বস্তু।

ওপারে একজন গিরির বেটি হাতে কলসী কলসী জল তুলি পাহাড়ের নামাত রোয়া শেমাস দুধকুসি কৈল্যার গছত ছেকির না নাগ্ছেল। ছিল্কাটা বারে বারে শুনি তার আর সহ্যে না হৈল। কোর্দ্দা করি কয়া উটিল।

'কোন্ বা বরবরে কয়(
চাইর্টা কথার একটাও নোএ(ায়।'

কথা শুনি কুঙর তণ্ডিত খাইলে। মুখ ফিরি দেখে ওপারে এক কণ্যা তার ধুল পুন্ডরী গাওদি রূপের ছাটা ফুটিয়া পড়িছে। থতমত খায়া কুঙর কন্যাক পুছ করিল -

যদি চাইরোটা নোএ(ার কথা, হয় কা, তে কি? গিরির বেটি উত্তর দিলে ঃ-

'মেগ্‌ঘে সে সরোবর, আঙ্খি সে দীপ।
বাহা সে বান্ধব, অন্নে সে রসিক।।'

কুঙর কৈলে তাএে( কেমন,- গিরির বেটি পরি উত্তর দিলে, ঃ-

এই আছে দিঘী, কলয়জনাক ঠান্ডা করে? যাএে( আসি উয়াত গাও ধোয়, যাএে( আসি উয়ার জল খায়, যাএে( আসি উয়ার জল নেয়। উপরের বিরিখও উয়ার জল না পায়। আর উয়ার জল আইসে কোটে হাতে? মেঘ হাতে। দেওয়া মেঘা নাগাইল, জীবজন্তু শীতল হৈল। মেঘে বস্‌সিল, বস্‌মিতা ঠান্ডা হৈল। খাল, খন্দক, ডারা নদী ভর্ত্তি হৈল। গছ বি(চিয়া উঠিল। জায় জিরাইত শাক পিতাইর মেঘাবাড়নে বাড়িয়া উঠিল। মানুষ পকী পশু সব্বারে জিউ আসিল। সমস্ত যাএে( জল দেয়, সবাকে যাএে( শীতল করে, তাএ( সে সরোবর।

মেঘের যাএে( মেঘ, আর মেঘক যাএে( মেঘ করিছে, মেঘত যাএে( সব্বারে জীউ থুইছে, সতাএে( সে সরোবর।

তিরি রসিয়া রস দেয়, যদি থাকে তোমার রস। তোমার রস থাকে- যদি থাকে তোমার ঘরত ভাত। ঘরত না থাউক ভাত, মনতো নাই সুক, জ্বালা জন্থনায় চঞ্চল চিত। রস কেনে লউও শুকায়। সেলা কি তিরি তোমাক রসাইবে, তারে নাই রস, ঘরত থাউক ভাত, পেট তুষ্ট থাউক , হিয়া থাকিবে ঠান্ডা, রস আপনি ছঞ্চরিবে সনিজির নিজিরি পরিবে। তিরিও সেলা রস দিবে, সংসার জুড়ি সব্বার রস বাড়িবে। সর্ব্বাএে( তোমাক রস দিবে- আনন্দ দিবে- সেই কাএে(া, অন্নে সে রসিক। অন্নক যাএে( অন্ন করিছে, অন্নত যাএে( সমস্ত রস, সমস্ত আনন্দ থুইচে, অন্নের যাএে( অন্ন, তাএ( সে রসের রস( তাএে( সে রসিক, তাএে( সে আনন্দ। অলপ্ অলপ নীয়রী পাতত জোনাক পড়িচে। হিলা হিলা বাতাসে নড়ি চড়ি পাতারিগুলা জনি পুল্কির ধরিচে। তিন্নকুটাকোনাও দেখা যাদয়, এগুলা দেখে কাএে(, তোমার আঙ্খি। ফুলের মহমহ বাস পকী পয়ালের কোরহাল সোঙ্গে কাএে( ? নাক। শুনে কাএে( ?





কান। দেখে-শুনে বুঝে-তোমার ইন্দ্রি, তোমার আত্মা পু(ষ। আঙ্খি না থাউক, ইন্দ্র না থাউক সেলা হাজার চাদন উঠুক, হাজার সুরজ জ্বলুক, কেছুই না দেখাইবে, কেছুই না যাইবে, সেই কাএে(া-আঙ্খি সে দ্বীপ।

আঙ্খির যাএে( আঙ্খি, আঙ্খিক যাএে( আঙ্খি করিচে, ইন্দ্রক যাএে( ইন্দ্রি করিচে, ইন্দ্রর যাএে( ইন্দ্রি( তাএে( সে জগৎ ভাসায়, তাএে( সে জগৎ দ্বীপায়- তাএে( সে দীপের দ্বীপ।

তোমার ভাই তোমার সুক্কের সামগ্রী দেয় ছেন্‌হ করি। কতএ বা থাএে( দিবে? আর সেই ছেন্‌হও কমিলে আদরও কমিল। কেনে বা সেই ছেন্‌হ বাড়ে আর কমে তরও নিন্নয় নাই। আর ভাই যতএ দেউক তাত কি তোমার বল? ভাই তোমাক সেলা যাক দিবে, তাক সে সেলা তোমার খাইমেন। সেই কি তোমার খাওয়া? ঘরত বান্দা গ(ও অমন খায়। তোমার বাহাত বল থাউক, ছরদ চলুক, কাম কাজ করির পারেন, তোমার হাউসের সমস্ত বস্তু আপনে মিলিবে, আপনে আসিবে( আপন বলে সৌগ জিনিবেন। কতজন বসসতু আনি আদরি দিবে। সবাএে( সেলা বান্ধব। আপন বল ভুঞ্জিমেন, আপন বলে পরাক ভুঞ্জাইমেন- সেই সে খাওয়া, সেই সে পৌরস। ছরদ না চলুক, কাএে(াএ তোমাক গণ্যা না করিবে। সেই কথায় কয়া ঃ-

'ছয় দরদ ছয় ভাই, তাবৎ বান্ধব তাবৎ ভাই
ছয় দরদ ছয় ভাই, তাবৎ রত্তন তাবৎ খাই।।
সেই কাএে(া,- বাহা সে বান্ধব।'

কথা কয়া গিরির বেটী বাড়ী গেইল। কথা শুনি কুঙর আপন আপনি ধিক্কার খাইলে।

কন্যার লাগি বড় ছন্ধ্যা রতি হইল। ঘোরত চড়ি কন্যার বাপ পাহাড়ভাঙ্গা গিরির চাপ চেকোয়ার দি ঘিরা গুয়া নারিকেল নানান গছগাছালি অলা বাড়ী গেইল। ঝড় জঙ্গল ভাঙি বাড়ী করিছে বুলি গিরির নাএে(া পাহারভাঙ্গা। চাইর্টা গোয়াইল( দুইটা বড় ডারী ঘর, হেটে উপরে তামাকুতে ভর্ত্তি চাইরটা গোলাঘরের

ছাইএ(া টাটী পাকা তামাকুতে ভরা। নয়া কাটা তামাকু এলা কোনটে শুকির দেওয়া যায় দুইজন কিস্‌নান এই কথা ভাবা গুনা করির ধরিচে আর এক কমরি কাচলি রঙের পাতাত সিন্দুরের ফোটার মত কোসা পরা তামাকুর থুকি চিরি শুকির দিবার ধরিচে। এমন সমে কুঙর উপস্থিন হইল। অতিথি দেখি আদর করি বআদর করি বসির দিলে। বাড়ীতে মাছ, তরকারী, দুধ, দই দিয়া পরম সন্তোষ করি খাওয়াইলে। আগুনের ভয়ে পাহাড়া থাকির নাগি বাহিরে চালাম পাতিচে, তার তলত বসি আল্লাপ লাগাইলে। দোনোয়ে দোনোরে পরিচয় পাইলে। কুঙর কন্যাক বিয়াও করির চাইলে। কুঙরের মন বুঝি পাহার ভাঙ্গা বিয়াও দিলে। কন্যা পত্রক যাবার সমে তালের পাত লেখি যৌতুক দিলে।

'ছয় ছরদ্ ছয় ভাই,
ইয়াত বাড়া বান্ধব নাই।'





# ভোন্দা বিলাই আর শিয়াল

ভোন্দা বিলাই আর শিয়াল দোনোঝনেক খিব মিল। কাঙো-কাঙোকে ছাড়া কোনোটে না যায়, না খায়, না রয়। তায় উমার দোনোঝনের একদিন খুব দই-চুরা খাবার মন গেইল। কিন্তুক দই আর চুরা উমারা পায় কোটে, কায় দিবে উমাক। হাট থাকি আনাও নানান ফ্যাচাং, মানষি নাগাল পাইলে এ্যাক্কে ডাঙে কমর ভাঙি দিবে। কারো বাড়ি থাকি চোর করিয়া আনাও কম কথা নয়। নানা কথা ভাবিয়া বিলাই আর শিয়াল কোনো দিশায় না পায়, এদি ফির দই-চুরা না খইলেও না হয়- দই চুরার বাদে আত্মাটা খাও-খাওয়া নাগছে। কিন্তু পাওয়া যায় ক্যাঙ করি। দুই সখায় একেটে মাথা-নাগে দিয়া সাত কথা ভাবতে ভাবতে বুদ্ধি পাকাইলেক।

হাটবারের দিন। সাকালে থকি হাটুয়া-মানষির হোলটাই নাগে। হাটুয়ালাক দেখে আর বিলাই- শিয়াল দোনোঝনে আওডালোত বসি বুদ্ধি পাকায়- বাকি মতন বন খাইলে হয়। আজি য্যাং করি হইক দই-চুরা আনিয়া খাওয়া যাবে। ঝিৎ করি বাচ্চেয়া আছে- কতখনে কায় আইসে।

একটা হাটুয়া ভাকুয়াত করি একভার দই ধরি বেচেবার বাদে হাট যাবার ধরিচে। জঙ্গল বাড়ির একপাইঙ্‌য়া ঘাটা। শূন দুপুরা। ভাকুয়ার ঝোকে ঝোকে মানষিটা হাটিবার ধরচে। খানিক আগাতে কালে একটা বিলাই হাটুয়াটার ঠ্যাঙের দোয়ারত নাটার-পাটার নাগাইল। রয়-রয় আগছান্দে যায়। হুশ-হাশ করে ত্যাঙ বিলাইটা যায় না। এদি ফির ভাকুয়া ঘারোত, বিলাইয়ের উৎপাত- হাটুয়া মানষিটা আর হাটিবারে না পায়। শেষত রাগ খায়া ভাকুয়ার দইয়ের ভারটা আলগোচে ঘাটার মাথাত থুইয়া বিলাইটাক দিলেক পিট্টান। পিট্টান খায়া বিলাইটা জঙ্গলবাড়ি সোন্দাইল, মানষিটাও বিলাইওক পিট্টিয়া দইয়ের ভারের ওটি ঘুরি আসিল। এটা কেমুন কাথা, দইয়ের হাড়ি দুইটা গেইল কোটে! আগিলায়-পাছিলায় দইয়ের-হাড়ির পাত্তা নাই, কোনো-মানষি-দুনষিও নাই, দইয়ের হাড়ি নিলেক কায়! হাটুয়া মানষিটা ঠইস্যাখায়া ঘাটার মাথাত থেবলে বসিল। আসল কথা-হাটুয়াটা যেলা বিলাইটাক পিট্টির গেইছে, সেই সুযুগোত শিয়ালটা দইয়ের হাড়ি ধরিয়া সারাৎ করি জঙলোঙ সোন্দাইছে। এ্যাঙ করি ভোন্দাবিলাই আর শিয়ালের দই জোগাড় করা হইল। দুই সখার বুদ্ধিতে এ্যাঙ করিয়ায় হাটুয়াক ঠকেয়া একে একে চুরা, মিটাই, আটিয়াকলা-

সউগ জোগাড় হইল। নুন আর কাঁচা ম(চও হইল। কুল্লায় একেটে গোটা করি দুই সখায় ধরি বসিল। কিন্তক শিয়াল হইল খুব চাল্লাক। মনে মনে শিয়াল বুদ্ধি পাকাইল যে, বিলাইয়োক ঠকেয়া কুল্লায় একেলায় খাবে শিয়াল।

সেলা শিয়াল বিলাইয়োক কয়- 'রে সখা, মুই ততখোন এইলা পহরা দেঙ, তোমরা ভাল করি গাওখান ধুইয়া আইসো।' শিয়ালের কথা ধরি বিলাই গেইল গাও ধুবার। দোয়োরোতে একেনা দিঘি আছিল, বিলাই যেই ওটি গাও ধুবে বুলি নামিবে, সেলা শিয়াল কয়- 'সখা এটা দিঘিত গাও না ধোন, গাও চুলকায়।' খানিক আগেয়া আর একটা দিঘিত বিলাই গাও ধুবার বাদে গেইতেকালে শিয়াল একেলায় আরামছে দই- চুরা-কলা-নুন-ম(চ কুল্লায় হাউস মিটি খায়া পালান-পাট্টা। বিলাইর সাদাসিধা মন, আছাড়া দই চুরা খাওয়ার আনন্দতে আরামছে গাও-হাত-পাঙ ধুইয়া হেলিয়া - দুলিয়া ঘুরি আসি দেখে শালা শিয়াল, কুল্লায় ফেলেচেলে খায়া পালাইচে। বিলাই আর কী করিবে? পেটের ভোগোতে থাকি থাকি হাত-ঠ্যাঙ-চাটিয়া চখু মুজিয়া শোধ নিবার বাদে বুদ্ধি পাকের ধরিল।

ভোন্দাবিলাই আর শিয়াল এলা একেলায় একেলায় ঘুরি বেড়ায়। শিয়াল তো দেখায় দেয় না। ভালেদিন কাঙো-কাঙোকে দেখা না দেয়। শিয়াল তো বিলাইওক এড়েয়ায় বেড়ায়। বিলাই তো তক্কে তক্কে আছে শিয়ালোক জুত মতন পাইলে হয়। এ্যাঙ করিয়ায় ভালেদিন যায়, গেইতে গেইতে ........... শিয়াল একদিন দেখে বিলাই বেইশ আরাম করিয়া থাকি আছে। দূরান্তর থাকি শিয়ালোক দেখা মাতনে বিলাইটা চখু দুইটা আধামোজা করি সলসলা হয়া থাকি রইল। শিয়ালোক ধরিচে ভোগ। নেপের-চ্যাপের করি বিলাইয়ের দোয়ার যায়া শিয়াল বিলাইওক কয়- 'সখা, তোমার এটি আরো থাকি থাকিয়া কি করেন তায়।' বিলাই মনের রাগ মনতে থুইয়া শিয়ালের কাথা না শোনার ভরং করিয়া কয়- 'আরে সখা! বাপরে বাপ, তোমরা কদ্দিন বাদোত আসিলেন, আইসো, আইসো।' বিলাইটা এমুন কাপধাপ নাগাইল যে মনটা কয় শিয়াল বোধয় উনার চৌদ্দগুষ্টির সাকাই। শিয়ালোক বগলত বসাইল। ভাল-মন্দ, হেটা-হুটা পোছা গামছা করিল। শিয়ালের পেটাত হইল ভোক, এদি-ওদি চুলুত-চালাত করতে করতে শিয়াল কয়- 'তা সখা, তোমরা এটে কি করেন তো মানা।'

বিলাই- 'আরে, আর কনে না। দেখেন না কুশিয়ার বাড়িখান- এখান হইল রাজার। তা রাজার পহরাদারা গেইচে খাবার, মোক থুইয়া গেইচে পহরা।





কন তো সখা এ্যাঙ করিয়া কতখন রওয়া যায়।' কুশিয়ারের কথা শুনিয়া শেয়ালের পেটের ভোক একেবারে মাথাত চড়িল। সেলা শিয়াল কয়- 'তায় সখা মোক দুইটা কুশিয়ার দেন না ক্যানে। সচাঙে সখা কদ্দিন থকি কুশিয়ার খাং না।'

শিয়ালের আউস-কাউস দেখিয়া বিলাই মনে মনে খুসখুসিয়া হাসে। এইবার বিলাই কয়- 'রে সখা, রাজার কুশিয়ার, রাজাক না কইলে তোমাক দ্যাঙ ক্যাঙ করিয়া। তায় তোমরা এটি রন, মুই রাজাক কয়া আইসোং।' রাজার কবার বাদে বিলাই গেইল। কোটে আর রাজার ওটে যাবে- বিলাই তো জানে শিয়ালের জাতের ( য়। বিলাই করলেক কি সুল্লুত করি একেনা গছোত চরি ঘাপটি মারি রইল, শিয়ালের তামসা দেখোং বুলি। আর যায় কোটে। বিলাই গেইতেকালে শিয়াল এক্কে ঝাপে কুশিয়ার বাড়ি সোন্দেয়া, এক্কেসোত্তায় একটা কুশিয়ার ভাঙি চখুর পলকোত রসখুনা চুষিয়া খায়া ফেলাইল। রাম! রাম! রাম! এলা কেমুন কুশিয়ার!শিয়ালের গালার উটিল খাউজান। চুলকানির চোটে শিয়ালের ধরপরি, ঝাপোন- আঁচুরি- বিচুরি-চখুর জলে, নাকের জলে একাকার। চুলকানির চোটে ঝাপ্পাইতে-ঝাপ্পাইতে, মাটিত গড্ডাগড্ডি করতে করতে শিয়াল ধুল পুন্দুরা হইল, কুশিয়ার বাড়িখান ধলধলা হইল। গছের উপুরা বসি ভোন্দাবিলাইটা চখু পিটি হাসে। শালার শিয়াল মোক ছড়িয়া দইচুরা খাবার সাটানি বোঝেক। আসলে শিয়াল কুশিয়ার বুলি যেটা খাইচে ঐট হইল ধরা মানা। সেই মানা ধরিচে শিয়ালের গালাত।

ঐ যে শিয়াল পালাইল, দেখা আর নাই। ভালেদিন দুই সখা মানে ভোন্দাবিলাই আর শিয়ালের দেখা নাই। নাই, নাই করি ভালেদিন বাদোত-শিয়াল একদিন আপন মনে ঘাটা দিয়া হাটি যায়। আচমকা শিয়াল দেখে গছের উপুরা ভোন্দাবিলাইটা একটা কী-বা সাপটে ধরি সলসল করি থাকি আছে। সেলা শিয়াল কয়- 'আরে সখা, বাপরে বাপ তোমার এক্কেবারে পাত্তাও নাই। তায় হোর ওটে আরো ওটা কিসোক আঙকরি সাপটে ধরি থাকি আছেন?'

বিলাই কয়- 'আর কনে না সখা। মুই এলা রাজার পহরিদারের চাকিরী পাচুং। এটা হইল রাজার জয়ঢাক। মুই এইটার পহরা দিবার ধরচুং।' ঢাকের কথা শুনি শিয়াল নাচোন জুড়ি দিলেক। বিলাইয়োক আটুশ করির ধরলেক যে ঝাতে শিয়ালোক ঢাকখান খানিক বাজেবার দেয়। কিন্তু বিলাই কোন মতে তাজি না হয়। শিয়ালের ঘ্যানোর-ঘ্যানোর সবার না পায়া বিলাইটা শিয়ালোক ঢাকের পহরাত থুইয়া রাজার ওটি গেইল রাজাক কবার বাদে। শিয়ালের আর তর সয় না। চখুর

আওডাল হইতেকালে এক্কেসরকোতে শিয়াল সাল্লাউ করি গাছোত চড়ি ঢাকোত দিলেক ডাঙ- 'নাকোত গুতাং চখুত গুতাং চটকে তোলাং' বাজায় আর নাচে শিয়াল একেবারে বিভোর। আর যায় কোটে! বাইজোনের ঠ্যালাত ঢাক গেইল ভাঙি। ঢাক তো না হয়, ওখান হইল ভে(লের হাড়ি। ভে(লের হাড়ি ভাঙি ভে(ল ঝাকে ঝাকে আসি শিয়ালোক ধরিল ব্যানকেটে। ভে(লের কামড়ানি খায়া শিয়ালের উটিল ধরপরানি। মাটিত নেইটায়, কাদোদ গড্ডাগড্ডি দেয়, ভে(ল ত্যাঙো পাছ ছাড়ে না। শিয়াল ঝতয় দৌরায়, ভে(লেও দলে দলে ব্যানকেটে ধরে, কামড়ের ঠ্যালাতে শিয়াল আগপাছ না দেখিয়া দামকচুর দীঘিত মারিল এক ঝাঁপ। শিয়াল জল থাকি মাথা তোলতে কালে ভে(ল ধারে। শেষত দামের ফাক দিয়া নাকটা বির করি কোনমতে শিয়াল উকাশ নেয়। শিয়ালের দফারফা। ভে(ললা এক দুপোর বাদে আশা ছাড়িলে স্যাত্তেমত্তে শিয়াল দীঘির পাড়ত চড়িয়া কেলেংল্যাঙ করি থাকি রইল।

শালার ভোন্দাবিলাই তোর নাগাল পাইলে হয়, তোর চৈদ্দগুষ্টির দেও দেখাইম। শিয়াল রাগোতে টং। দুই-দুইবার বিলাইয়েরটে শিয়াল ঠকিচে। রাগে দুঃখে শিয়াল চলতে ফেরতে খালি বিলাইওক চান্দায়- রে বিলাই তোর নাগাল পাইলে হয়! বিলাই তো আর কম চাল্লাক না হয়, উনায় আর দেখা না দেয়। এঙকরি ভালোদিন যায়, কাঙো কারো দেখা না পায়। রাগ আর কদ্দিন রয়। শিয়াল এখেনে বিলাইয়ের শোধ নিবার কাথা ফমপাসিরি গেইল।

একদিন শিয়াল খাবার চান্দের ধরচে। জ্বারের দিন তো। এদি-ওদি দেখে আর ছুলুম-ছালাম করি শিয়াল ভিত-ভিতি খাবার চান্দায়। খাবার চান্দাইতে চান্দাইতে আচমকা শিয়াল দেখে বিলাইওক। বিলাইটা সাকালি রৌদোত বেইশ আরাম করি ওটা বা কিসের উপুরা থাকি আছে। বিলাইওক পুছিলে বিলাই কইল যে ওটা রাজার সিংহাসন। রাজাক নাকি হাগা ধরচে, সেইবাদে বিলাইওক এটি থুইয়া রাজা গেইচে পাতারোত। শিয়াল হইল খোচোমাবান্দা, উনায় খমকায় করি বিলাইয়ের দোয়ারোত সিংহাসনে বসিবে। কিন্তুক বিলাই আর কথা শোনে না, কেননা বারে বারে বিলাই শিয়ালোক ঠকাইচে। হাতা-কাচা পাইলে তেই বিলাই মাজাটা পাবে। শিয়াল রাগোতে দাঁত কড়মড়ের ধরলেক। শালা ভোন্দাবিলাই মেলাবার ঠকাছিস, আজি যাবো কোটে। আজি তোরে একদিন কি মোরে একদিন, তোর মাথাটা আজি মোলার নাকান করি কড়মড়ে খাইম! এক্কেঝাপে শিয়াল গেইল বিলাইওক ধরিবার,





আর ভোন্দাবিলাইটাও টুপ্পুস করি ঝাপ্পে নামিল মাটিত। শিয়াল ঘুপ্পুলুং করি পড়িল যায়া খালোত। আসল কাথা, সিংহাসন আর কোটে ওটা হইল একটা ইন্দিরা, মাকেড়ার জালোতে ইন্দিরার মুডখান আছিল মোজা( বিলাইয়ের ফেনাফেনা দেহাটা ইন্দিরার মুখের দমদমা মাকেড়ার জালোত আলগোতে আছিল। শিয়ালের দেহাত ভরা মাকড়ার জাল ফাড়িয়া শিয়াল ঘাপলাং ইন্দিরাত।

উচা ইন্দিরা রৌদ-বাও নাই। দিনোতে ঘুটঘুটা অন্ধকার। বেলাটা খানিক হেলতেকালে ইন্দিরাটা আরো বেশি করি আন্ধার হইল। শিয়াল ভাবিলেক বুঝি নাত্তি হইচে। শিয়াল আরম্ভ করিল- কেক্কে হুয়া হুয়া........। রাখোয়াল চ্যাংড়ালা ধরচে গ( চরেবার, আধবেলাতে ইন্দিরাত শিয়ালের কান্দোন শুনিয়া গেইলেক। যায়া দেখে ইন্দিরাত পড়িয়া শিয়ালটা ধরপরের ধরচে। বিটিলাচাটা গ(চরা চ্যাংড়ালা পাইল মজা। হালাবাড়ির পাকা ইটা কুড়িয়া আউসকসি ইন্দিরাত দিলেক ঢ্যাল। ঢ্যাল খায়া শিয়াল এক্কেবারে নাজেহাল, মরং মরং অবস্থা। শিয়াল হইল পণ্ডিত, মহাপণ্ডিত। ঢ্যাল খায়া পরাণ যায় যায়, এ্যামুন সমায় শিয়ালের মাথাত চাপিল বুদ্ধি। রাখোয়াললাক ডেকে শিয়াল কইলেক যে, আরে না ঢ্যালেন, মোক ইন্দিরা থাকি তোলো তোমাক মুই একেনা করি ভাল দাওয়া দিম। চ্যাংড়ালা শিয়ালের কাথাত একেনা করি কচুর পাত দিলেক আর শিয়াল সেই কচুর পাতোত খানিক করি দেওয়া বন্দি টোপলা করি চ্যাংড়াক দিয়া কইলেন যে, সাঁঝের সমায় হাত-পাও ধুইয়া দাওয়ার টোপলাটা খোলে দেখিবার, আর নকতে যদি কাঙো টোপলা খোলায় তা হইলে দাওটার কট যাবে।

চ্যাংড়ালা সেলা শিয়ালের বুদ্ধি ধরি দাওয়ার টোপলা নিয়া গ( বান্দা দড়ি ইন্দিরাত ফেলেয়া শিয়ালোক তুলিলেক। ইন্দিরা থাকি উঠিয়ার আগ-পাঁচ না দেখিয়া শিয়াল দিলেক ছিল্লাফাটা দৌড়। শিয়ালের টিকা তুলি দৌড় দেখিয়া চ্যাংড়ালার সেই কি হাসি, হাসতে হাসতে মনটা কয় মাটিত গহর দেয়।

সঝনাগিচে। রাখোয়াললা গ(-বাছুর গোয়ালিত থুইয়া, মুখ-হাত-ঠ্যাং ধুইয়া শিয়ালের দেওয়া দাওয়ার টোপলা বাহির করিল। টোপলা খোলাইতেকালে কি কুসাটাং গোন্দে! খোসটানি, খোসটানি, ছ্যাঃ - থুঃ থুঃ থুঃ! কী হইল! টোপলাত আর দাওয়া কোটে, দাওয়া-ফাওয়া নাই টোপোলাত হইল শিয়ালের গু।

# নাউয়ার নীলা দেখা

**জে**ংয়ারী নাউয়া-মানে আগোত গেরামোত বান্দা নাউয়া গোটায় বছর বাড়ী বাড়ী চুলি দাড়ি কামাইছে আর বছরের শেষত হেমতিধান কাটামারির সমায় কেউলিয়া বাড়ী পিছু এক মোন ধান আর ঝাকুয়া মানষির বাড়ী হইলে দেড়মোন ধান নিছে। চল্লিশ বাড়ীত্ কামাইলে পরায় পঞ্চাশ মোন ধান পাইছে। ইগুায় ছাড়া-পাস্টির ছুয়াকামা, শাদ্ধ-শান্তি, বিয়াওবাদা, ছাওয়ার মুখত, ভাত দেওয়া ... এলার বক্‌শিস, বিদায় ফির আলদা।

গেরামের ঐ ঢক্ জেংয়ারী নাউয়া, -মংলা কেষ( ঠাকুর ভক্ত(, হন্‌হনে জেংয়ারী কামানি দিবার বাদে ( র-কাঁচি বগলোত ধরি ঘাটা হাটে আর মনে মনে কেষ(নীলার কতা ভাবে। কেষ( চিন্তাত্ আনমনা হয়া হ্যাটাউচা মাটিত্ উষ্টা খায়া ধূপ্ কনিউয়ানীর পড়িযা- 'উঃ, কেষ( !' কয়া মাতা তুলি দেখে-সচাঙে কেষ(ঠাকুর মংলার আগ্‌পাকে খাড়া হয়া কয়,- 'কিরে মংলা তুই কি এত ভাবিস? আর তুই কী চাইস্?' মংলা ভক্তি( দিয়া জোড়হাত করি কয়,- ' 'ঠাকুর তোমারে কতা ভাবোং, তোমার ম্যালা নীলাখেলার কতা শোনোং, নীলাখেলা যে ক্যামন দেখিলুং না, বুঝিলুং না। কিরপা করি যেদু মোক নীলাখেলা দেখাইলেন হয়- তাইলে বুঝিলুং হয়।' কেষ(ঠাকুর হাসিয়া কয়,- 'ও, এই কতা( ঠিক আছে তুই এলা বাড়ী ফিরি যা, ভাল করি গাও-পাও ধুইয়া, খান-দান করি আসিলে সেলায় দেখামো।' কেষ(ঠাকুর অদৃশ্য হইল। নাউয়া যেংকরি হন্‌হনে আসছে, ঐ ঢক্ করি খুশী হয়া হন্‌হনে বাড়ী ফিরি গেইল। যাবার সমায় নাউয়ানীর পছন্দের একনা কুর্‌শা মাছ কিনিয়া নিয়া যায়া নাউয়ানীক্ দিয়া কইলেক্,- 'নে-রে নাউয়ানী, ভাল্ করি কুটিবেছি' কুরশা মাছ দিয়া চাইরটা ভাত নান্দেক। মোক বোলে ঠাকুর আজি নীলাখেলা দেখাইবে। মোক পচ্‌করি গাও ধুইয়া খান-দান করি যাবার কইছে।' নাউয়ানী কয়,- 'তায় ঘরা ধরি যাও ক্যানে নদীত গাও ধুবার, গাও ধুইয়া এক ঘরা জলও আনেন বাড়ীত এখনাও জল নাই। ফির বেশি দেরী না করে।'

মংলা নাউয়া ঘরা ধূতি গামছা ধরি নদী গেইলেক গাও ধুবার বাদে। আর নাউয়ানী বটি, চংঐ ধরি সাধের করশা মাছ বেছির বসিল।

মাছ ব্যাছে আর মনের হাউসে গুনগুনিয়া গান করে-





'মাছের মধ্যে মাছরে মো-র চন্দনি কু(শা-আ--,
ও- তোর (ই- য়োক্‌পোছে কা-য়?

.......... ........... ............ .........

এদিয়া মংলা নাউয়া হন্‌হনে ঘরা ধরি নদী গেইল গাও ধুবার । নদীর ঘাটত ধূতি আর ঘরাটা থুইয়া গামছা পিন্দি গাও ধুবার নামিল।

ঠ্যাং হাত মাজি ঘষি ফষ্ঠঝাকুরের নাম নিয়া ডুব দিলেক। দম্ খরাইতে কালে ডুব্ দিয়া জলের উপুরা উঠিল। আচাভুয়া, হক্‌চক্ ইয়ায় ক্যামন কান্ড! নাউয়ার গোটায় দেহাটা বেটিছাওয়ার মতন হয়া গেইছে!

মাতাত্ নম্বা চুলি, দেহার রূপ- যৌবন সৌগ নারীর ঢক্! এ্যালা কেমন কতা হইল? গামছা দিয়া দেহা ঢাকাও যায় না। আর ক্যামন করিবা নাউয়ানীর আগোত যায়া কি কয়? নাউয়ানী চিনবে বা কেংকরি ? জলোত আধাডোবা হয়া নানান কতা ভাবির ধরছে। নদীর উজান থাকি একঝন সুন্দর গাবুর সদাগর নাও ধরি ভাটিপাকে আসি উদাং গাও নারী রূপী নাউয়ার রূপ- যৌবন দেখিয়া টাটাস্ নাও থামেয়া কয়,-

'ও সুন্দরী নারী! কোনটে তোমার বাড়ী?
সোনার গয়না দিমু, দিমু দামী শাড়ী(
কইন্যা চলো আমার বাড়ী।'

নারী- রূপী নাউয়া নৈজ্জা খায়া গামছার আঁচল দিয়া দেহা ঢাকির বাদে টানাটুনা করে। মাতা নীচা করি কোনোয় উত্তর দেয় না। রূপ দেখিয়া সদাগরের মাতা নষ্ট, জোর করি নাও- য়োত্ তুলি বাড়ী নিয়া গেইল। বাড়ী নিয়া যায়া বাদ্য বাজনে বিয়াও করি সংসার করির ধরিল।দেখতে দেখতে দিন যায় মাস যায়, বছর যায়। এক এক করি সাত সাতটা ছাওয়ার মাও হইলেক।

একদিন নারী- রূপী নাউয়া ঐ নদীত্ গাও ধুবার বাদে সদাগরোক্ খিব কাউলা কাউলি ( request) করির ধরিল। কাউলান সবার না পায়া সাত ছাওয়ার মাও, বনুসো্ক আর অবি(াস না করি হাত্তীর পিঠিত্ দাসী বান্দির সাথত পাঠে দিলেক। ঐ নদীর ঐ ঘাটত্ সগাকে খাড়া করি থুইয়া গাও ধুবার বাদে নদীর জলোত নামিল। মনের হাউসে গাও হাত পাও মাজি ঘষি মধ্য নদীত্ দিছে ডুব্। উকাশ খরাইতে ডুব্ থাকি জলের উপুরা উঠতেকালে দ্যাখে ঘাটের সঙ্গী-সাথীলা নাই।

এদিয়া ফির অচানক্ ,- 'আচাভূয়া, মরা মানষি বেচায় গুয়া!' নিজের দেহার নারীর রূপ- যৌবন হারেয়া আগের সেই মংলা নাউয়ার ব্যাটাছাওয়ার রূপ ফিরি পাইছে। আর আগের কুল্লে কতা ফম্ হইছে। নজর করি দ্যাখে ঘাটত থোয়া ঘরা আর ধূতিখান এ্যালাও পড়ি আছে, ঠিক আগের জাগাত্। নাওয়ানীর সৌগ ভাবনা ঝারি ফ্যালেয়া এক ঘরা জল ধরি বাড়ীর ভিতি ঘাটা ধরিল।

বাড়ী আসি ঝোকদুয়োরের (Gate) ফাঁক দিয়া দ্যাখে নাউয়ানী মাছ কাটির ধরছে আর গুনগুনিয়া গান টানির ধরছে,---

'মাছের মধ্যে মাছ- রে মোর চন্দনী কু(শা --- আ ,
ও --- তোর (ই- য়োক্ পোছে কা--য়?
বাড়ীর মধ্যে বাড়ী- রে- মোর খ্যারে-র চৌয়ারী--'
ও -- তোর টিনো-ক্ পোছে কা--য়?'

... ... ... ...

মংলার কুল্লে কতা ফম্ হইল, আর দেখিল নাউয়ানী খিব খোস মেজাজোত আছে। বাড়ী ঢুকিয়া কয়, - 'কিরে নাউয়ানী, তুই এ্যালাও মাছ বেছিস্, মুই কত কিছু করি বাড়ী আসিলুং। আগোতে কলুং মোর পচ্ করি খায়া যাওয়া খাবে( ঠাকুর মোক নীলা খেলা দেখাইবে।'

নাউয়ানী ভোটোরা চখু উপুরাত্ তুলি কয়,- 'সাল্লাৎ পাছালাৎ, গাও ধুইছেন না ধোনে নাই? মোর মাছ ব্যাছা না হইতে আসিলেন, সাল্লাউ করি?' নাউয়া ঘরাটা নামে থুইয়া কয়, - ' শোনেক, মুই' গাও ধুবার বাদে যেই-না নদীত ডুব্ দিছোং, অমনি নারী হইছোং। মোক না এক সদাগর জোড় করি বাড়ী নিয়া বিয়াও করিল। ভালদিন সংসার করলুং, সাত সাতটা ছাওয়ার মাও হলুং( ফির আর একদিন নদীত ডুব্ দিতে কালে আরো সাবেক আগের নাউয়া হয়া বাড়ী আসিলুং। এতলা ঘটনা হইলেক, আর তোর এলাও মাছ ভাত নান্দা হয় নাই?' নাউয়ানী চিকরী উঠি কয়,- 'মুই না শোনোং তোমার ফাউক্সালি ফাক্সা কতা, নদী গেইলেন আসিলেন মোর মাছ ব্যাছায় এলাও হইলেক না ( তোমরা গাও-এ বোধায় ধোন্ নাই। মিছা কতা কবার জাগায় পান্ না।' মংলা খিব নাগ খায়া কয়,- 'কি মুই মিছা কং, মুই মিথ্যাবাদী ? আজি তোর মড্ডু কসিম্, টাংকুরা (bone) ফাটাইম্---'দুইঝনে খিব ঝগড়া নাগি গেইছে, এমন সমায় বায়রাত্ কার-বা ড্যাক্ শুনি মংলা নাউয়া ধর্ফরে





বায়রা বিরাইল। বিরি দ্যাখে, ঐ সেই কেষ্ট ঠাকুর! কয়,- 'কিরে মংলা নীলাখেলা দেখিলু? না আরো দেখির চাইস? বায়রার আল্লাপ শুনি নাউয়ানীও বিরি আসিল। মংলা নাউয়া মনে মনে ধ্যান্দেলায় (think) -তাইলে এটা ঠাকুরের নীলা( কয়,- 'ঠাকুর এই ঢক্ তোমার নীলাখেলা! বুঝি পাইছোং, আর না দেখং, তোমাক মোর দন্ডবৎ।' মংলা আর মংলি দুইঝনে সৌগ বুঝির পায়া গড়করি ভক্তি( দিলেক। মাতা তুলি দ্যাখে ঠাকুর নাই।

মংলা -মংলি ভুল বোঝাবুঝি পাশুরি দুইঝনে ঘাড় ধরাধরি করি বাড়ীর ভিতিরা ঢুকিল।

# ৪. প্রবাদ-প্রবচন(PROVERBS)

১। ট্যারা চকু -ঘারার নাখান গতি
২। জানি বুঝি গার-স্থর ব্যাটা
ছাইর-ল আর ফিরত আই-স না।
৪। -ঘাল বগড়ি আর -কলা
এই তি-ন নষ্ট ক-র গালা।
৫। -গালা ভরা ধান পুর্ণিমার চান
চিরকাল থা-ক না সামান।
৬। দুরত আ-ছ জাও -শুকায় -মার গাও
বগলত আসি-ল জাও - বি-ষ ঘিরি-ছ -মার গাও।
৭। প্যা-টাত নাই ভাত তায় -ঠোঁঠত -দয় আলতা।
৮। ঝা-ড়র বাঁশ প-ড় না।
৯। হাত দিয়া -নামায় ভাত দিয়া মা-রা।
১০। মুই খাং ভাতা-রর ভাত
-তার -ক-ন গালাত হাত।
১১। ম-নর দুঃ-খ ছাড়িলুং বাড়ি
মানসি কয় ভাতার ছাড়ি।
১২। বা-পর বইনক ভা-ত কাপ-ড় পুষি
মা-য়র বইনক কা-দাত -ফলিয়া ঠাসি।
১৩। জ-পর কথা মুখত নাই, তামান কপা-লাত -ফাটা।
১৪। বড় গ-ছর তলাত বাস, ঠ্যাল ভাঙ্গি-লই সর্বনাশ।
১৫। আশ্বিনত ওল কাতি মাসত মানা
তাক খাই-ল হয় রসুক কানা
১৬। উচিত কথাত গুষ্টি -বজার
গরম ভাতত বিলাই -বজার
-জানাক আতিত -চার -বজার।





১৭। কাটারি -চাকায় শি-লাত
মাইয়া চালায় কি-লাত।
১৮। কুল ছাড়ি আকুলত ম-জ
-সই পাপি নরকত প-চ।
১৯। বা-পর -হাটলত খায়
ডিকরি ডিকরি -বড়ায়।
২০। মাও আ-ন্দ ভাত মাছি প-র তাত
মাইয়া আ-ন্দ ভাত তলুয়া হা-ত চাট
২১। ভাত খায়া না খায় পানী
ভা-ত ম-র বিয়ার -সায়ামী
ভাত খায়া না খাই-ল জল
যাবু তুই মাঠির তল।।
২২। চাউলওনাই ধানও নাই
-গালা ভর্তি এ্যান্দুর।
২৩। সু-দর টাকা ভ্যাকরা পা-ক যায়।
২৪। খালি হড্ডি কুকু-রও না খায়
২৫। তুলসীর গচত কুকু-র -মা-ত
তাও তুলসীক পু-জাত না-গ।
২৬। গ-চর খায় তলর ও কুড়ায়
২৭। ঘ-রর ষাড় প্যাট ফাটায়
২৮। ঘরত নাই -বড়া চাটি
কম-ড়াত ঝুলায় -ছাড়ানি খানি।
২৯। নি-জর -ঢাল নি-জ বাজায়
নি-জর আত্ম প্রচার নি-জই করা।
৩০। পা-পর ধন কি পারাচি-ত্ত যায়।
৩১। হটহটিয়া কইনার কটকটিয়া ভাতার
মা-রায়া থাকি উঠিয়া কয় কুনটা -মার ঘর।
৩২। কুরিয়া কিষ্যান আমাবাইষ্যা চান্দায়।
৩৩। ঘ-রর খুটা উড়ি-য় খায়

খুটা চা-ন্দবার ত-ন জঙ্গল যায়।
৩৪। তাস, তাম্কু, পাশা
৩৫। সিদ্ধি খাই-ল বুদ্ধি বা-ড়
গানজা খাই-ল লক্ষ্মী ছা-ড়।
৩৬। গাও-য়র ধুলাধুই-ল যায়
ম-নর কালি কি মুছি-ল যায়?
৩৭। শাক, অম্বল, পান্তা
তিন -রীষ-ধর হন্তা।
৩৮। দাঁত আর ভাই -বজায় হই-ল জ্বালা।
৩৯। ঝড় জঙ্গল -পারা -গই-ল সগায় চায়া দ্যা-খ
মা-য়র মন -পাড়া -গই-ল কাঁও না বু-ঝ।
৪০। হইয়া-ছ সাধুর ব্যাটা
নাকত, কানত দিয়া -ফাটা
৪১। প্যাটটা -মাটা -রাগী শুকান
-সই চিন মর-নর চিন।
৪২। মসং-য় মসং বা-ড় ঘিউ-য় বা-ড় বল
দু-দ বীর্য বা-ড় শা-ক বা-ড় মল।
৪৩। পরাক -দকি কইর-ল হায়,
যা ছিল তায়ও যায়।
৪৪। নি-জর চাকা -ঘস -ঘসায়
পরার চাকাত ত্যাল -দয়।
৪৫। নিছালটিয়াক না করিস -হলা
তা-কা লাগি-ব নিদা-নর -বলা।
৪৬। পত্তি কথাত অং
পত্তি কথাত ঢং।
৪৭। বড় -না-কর -জাতা
-ছাট -না-কর মাথা।
৪৮। ভাই বড় বান্দব না ক-র হিংসা
পয়রার ছাতুই না মি-ঠ তিসসা।





৪৯। ভাত খাবার না পায় কাকা
কাকী চান্দায় এক মুঠা শাখা
৫০। মুলার ভুঁই ধুলা
তাম্কুর ভুঁই তুলা।
৫১। মাও না থাইক-ল মাসি-য় মা
কুশ না থাইক-ল কাশিয়া।
৫২। দিন-ত -সা-ত জল-ত মু-ত
গরম ভাতত জল।
দি-ন দি-ন -সই মরদ
যায় অসাতল।
৫৩। ম-ন ম-ন কলা বা-ট
কা-কা বা-ট কা-কা না বা-ট।
৫৪। ডা-ঙ্গয়া ডাং খাওয়া।
৫৫। -চা-রর খালি আতি জাগায় সার।
৫৬। হাট বাজা-র সুখ না পায়
ঘরত যায়া মাইয়াক ডাঙ্গায়।
৫৭। কর্মা পাথ-রাত দিনাও ঘামায় মাথা
অকর্মা ঘরত বসিয়া কয় বড়বড় কতা।
৫৮। পরার পাইসার আশায় না যাই হাট
পরার -পাষাক পড়ি না যাই বৈরাত।
৫৯। যায় দিন যায় কচুর নালি খায়া
এক দিন কইম কতা দি-নর নাগাল পায়া।
৬০। গাধাও পশু, চামচিকাও পাকি।
৬১। কইনা ছাওয়া আর কলার গচ পচপ-চ বা-ড়।
৬২। তিন টাকার ছাগল -গইল -তা -গইল
শিয়া-লর মনটা -তা চিনা হইল।
৬৩। ইশরায় পন্ডিত বু-ঝ
মুখ্য বু-ঝ কি-ল
পাড়া পড়শি বু-ঝ

চকুত নগুল ডুবি দি-ল।
৬৪। -কান দিন পাকি-ব তাল
তারবা-দ বসিয়া কাটায় কাল।
৬৫। য-মর মুকত পান্তা ভাত
-ভাক না মি-ট -তা পাথর চাট।
৬৬। -নাহা -নাহাক কা-ট
জা-ত জাতক কা-ট।
৬৭। ঘ-রর -শাবা -পায়াতি বউ
খ্যা-তর -শাবা ধান
-কালার -শাবা
-ছ-ল য্যা-মান নয়া চান।
৬৮। মানি-ল শিব না মানি-ল পাথর
৬৯। হলদি জব্দ শি-ল, মাইয়া জব্দ কি-ল
-তল পারি কইনা জব্দ হয় শ্বশুর বাড়ি -গই-ল। ।
৭০। বিয়ার মজা বাজনায়
জমির মজা খাজনায়।
৭১। জল ছাড়া নদি -যমন
-সায়ামি ছাড়া নারী -তমন।
৭২। টাকা পাইসা তাম-ন মাটি
বাড়ি আসি -দখং তায় -হটাও -বটি।
৭৩। আন্দা-র আন্দা-র ভাত পসসুলুং
সতী-নর ছাওয়ার প্যাট ভাবালুং
৭৪। এক ব্রক্ষ্ম দ্বিতীয় নাস্তি
-হত্তি হুত্তি খালি হাস্তা হাস্তি
৭৫। -ভাগ নাগি-ল আগ বা-ড়।
৭৬। ভাঙ্গা বাড়িত্ ভূ-তর বাসা।
৭৭। কাউয়ার ডিমা সাদা হয়
বড়-না-কর ছাওয়া গাধা হয়।
৭৮। সাঙ্গানী মাইয়ার আদর ভারি





ডাঙ্গাই-ল যায় বা-পর বাড়ি।
৭৯। মাইয়া ভাতা-র এক মতি
ত-ব -স-ন মিলি-ব হরি ভক্তি।
৮০। চকু নাল বুক খাল
-সই পুরু-ষর লক্ষণ ভাল।
৮১। -সায়ামীর চরণত থা-ক মতি
তাক কয় মহা সতী।
৮২। কপা-লাত আ-ছ বিদুয়া -যাগ
খাবার চায় -মাহন -ভাগ।
৮৩। গতর না খাটাই-ল ভাতা-রর আগুন জ্ব-ল।
৮৪। মূ-র্খর মাইয়া পন্ডি-তর মাও
-তামার ভাতার ঝরিত ভি-জ ঝাপি ধরি যাও।
৮৫। সাগাইর -খারাক অদল-বদল
ফকি-রর -খারাক ঘাটায় সম্বল।
৮৬। ভাদর মা-স গাইর-ল কলা
সবং-শ মর-ব শালা।
৮৭। ছাই-য়র লাউ উঠা-ন লঙ্কা
চাষ ক-র চাষার -বটা।
৮৮। গরম ভাতত বিলাই ব্যাজার
শ-ক্তর কা-ছ নতি স্বীকার।
৮৯। ট্যারা চকু-ত দ্যা-খ যায়
তায় বাজা-তর তারি হয়।
৯০। এক হাড়ি-ত খাই-ল ভাত
ঝগড়া-ঝাটি হ-বই তাত।
৯১। খ্যা-রর আগুন -যমন জ্ব-ল -তমনি -ন-ভ।
৯২। ভাতার মইল -তা দুই সতী-নর মিল হইল।
৯৩। মা-ছর জলত নাউ বা-র
জ-লর জমি-ত মরুচ বা-র।
৯৪। ঘর নাই দু-য়ার বা-ন্ধ

মাইয়া নাই ছওয়ার বা-দ কা-ন্দ।
মু-র্খর আপ-শাষ।
৯৫। আমও -গইল ছালাও -গইল
কান্দি-ত কান্দি-ত চকু দুইটাও -গইল।
৯৬। ঘরত নাই ভাত, ক-র ধ-স্মর উপাস।
৯৭। নিষ্টি খাই-ল সারা জীবন
কাম-র খাই-ল আধা জীবন।
৯৮। নারী যদি সতী হয়, -সায়ামীর আগত মরি যায়।
৯৯। এ-টও ঘাস জল, ও-টও ঘাস জল।
১০০। কাউয়ায় কা-টাল খায়, ব-গর মুখত আটা না-গ।
এ-কর -দাষ অ-ন্যর ঘা-র চাপা-না।
১০১। ডুবি ডুবি জল খায়, শি-বর বা-পা ট্যারনা পায়।
১০২। লক্ষ্মী আ-ছ যার ঘরত,
তায় আ-রা কা-ন্দ র-ন্নর বাবদ।
১০৩।সাইধ-ল জাঙয়ই কা-টাল খায়না
শ্যাষত জাঙয়ই -মাদনাও পায়না।
১০৪। নাঙ ধইর-ল ঠাকুর, মাছ ধইর-ল মাগুর। ।
১০৫। দই খায়া পাইলার বিচার।
১০৬। প্যাট যখন ভত্তি থা-ক সগায় তখন আদর ক-র
প্যাট যখন খালি থা-ক সগায় তখন ট্যারা চকুত দ্যা-খ।
১০৭। পাত প-র ফুল হা-স
পাত কয় এমন দিন সগা-র আই-স।
১০৮। কতার -দা-ষ কাজ নষ্ট, ভিক্ষায় নষ্ট মান
স্ত্রীর -দা-ষ গৃহ নষ্ট লক্ষ্মী পালা-য় যান।
১০৯। পীরিত, আগুন, কাশ
থা-কনা কখ-না চাপা।
১১০। ঘর নাই তুল-তই -মাকা বান্দা।
১১১। সাপ, শালা, জমিদার তিন নয় আপনার।
১১২। ঔ-দ ধান, -ছয়ায় পান।



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

১১৩। আশি টাকার খাসি-র নব্বই টাকার -ঢাল
-জাড়শিমু-লর কইন্যা আনি নাগিল গন্ড-গাল।
১১৪। ব-টর -ছয়াই -ছয়া
মা-য়র মায়াই মায়া।
১১৫। উপজি-ল পুত্র না করি সুখ
মরি-ল পুত্র না করি দুখ।
১১৬। ফুটাং ফাটাং গিরি
সাক দিয়া ভাত খায়া
-তা-ল ঘিউ-য়র ডিকারী।
১১৭। ত্যা-লং ত্যা-লং বৈশাখী নদীর পারত ঘর
ভাত না খায় বৈশাখী, -ঢউ-য়র ভাতার ধর।
১১৮। খাবার জন্য প্যাটটা
জ-লর জন্য জীবনটা।
১১৯। মজু-রর কপালত খাজু-রর চাটাই।
১২০। নি-জর নুন ধার দিয়া
সাত পুতি আ-ন্দ ছ্যাকা দিয়া।
১২১। যার মাও কালি খাই-ছ কচুর নালির সিজা
তার -বটিক দ্যাখং এলা উচা উচা জুতা -পন্দা।
১২২। বা-গ ধান খাই-ল খ্যাদায় কায়?
১২৩। গাঞ্জা খাই-ল মাঞ্জা হয়
গর্ধনা হয় -মাটা
দুই -গাফ ফরফ-র ব্যাড়ায়
মহা-দ-বর ব্যাটা।
১২৪। কাউয়া চিলা বাপ মাও
মরা খায়া ক-র আও।
১২৫। পরার -বটি যদি না ড্যাকায় মাও
তার বা-দ কি মরির চাইম।
১২৬। যায় শুকরবা-র কা-ট ঢাকনাই
তার কপা-লাত সুখ নাই।

১২৭। মন কয় ভুলি থা-কাং
চকু কয় একবার দ্যা-কাং।
১২৮। নিম তিতা সতীন তিতা
নি-মর তিতাও ভাল
সতী-নর তিতা সবা-র না পাও
অগু-ন জ্ব-ল-ছ -মার গাও।
১২৯। ভাতার ব্যাচায় গরুর হাল
গ-ড়য়া আ-ন মাইয়ার গালার হার।
১৩০। দা-ও-য়র কাজ দা-ও-য় ক-র
কুড়া-লর কাজ কুড়া-ল ক-র।
১৩১। খাবার সময় বড় হা
-জাগার দিবার সময় মু-কাত ঘাউয়া।
১৩২। কাউয়ার মসং কাউয়ায় না খায়।
১৩৩। -চা-রর বাড়িত দালান ও-ট না।
১৩৪। পানিমাছ ডিমা পা-র -গাসা-প খায়।
১৩৫। যার ফা-ট তার ফা-ট -ধাপার তা-ত কি?
১৩৬। নি-জর দই-য়াক কা-হায় -টঙা কয় না।
১৩৭। ব্যাটা না উপজি-ল এক জ্বালা
ব্যাটা উপজি-ল ফির বিষম জ্বালা।
১৩৮। ঘর জামাই-য়র নাম নাই
মানষি কয় ফল্লার জাঙই।
১৩৯। বাপ মাও যতদিন
আদর যতন ততদিন।
১৪০। শরী-লর বালা ধুই-ল যায়
ম-নর কালি মরি-ল যায়।
১৪১। তিন ব্যালা খায় তিন বাট্টি
ভাতারক -দকি দাত কাপটি।
১৪২। থাকি থাকি ও-ঠ বাত
কি -রৌষধ দিম তাত।





১৪৩। দা--য়র মিঠা বালা, কুড়া-লর মিঠা শিল
ভদ্র-না-কর জবান মিঠা, -গায়া-রর মিঠা কিল।
১৪৪। দূর হ-ত -শা-নাং বড় বড় -ঘাড়া
বগল যায়া দ্যাখং তায় শিয়া-লর পালা।
১৪৫। ধনী মানষি চাউল ভাজা খায় সু-ক
গরীব মানষির চাউল ভাজা খায় দু-ক।
১৪৬। ঠ্যাং থাকি-ল হাটা যায়
হাত থাকি-ল -নকা যায়।
১৪৭। পিঠিত বান্দিছং কুলা
যত ডাঙ্গাবু ডাঙ্গাও এলা।
১৪৮। পীরিতির এমন গুণ
পা-নর স-ত -যমন চুন।
-বশি খাই-ল -পা-ড় গাল
কম খাই-ল না-গ ঝাল।
১৪৯। ফল খায়া জল খায় যম কয় আ-গ আয়।
১৫০। ফু-লর -শাবা -ভামরা বউ-য়র -শাবা নজ্জা।
১৫১। বউ আসিল ঘরত সুক -গইল উপ-রাত।
১৫২। বাগ ঝাপ্পায় বা-রা হাত
-ফরুস ঝাপ্পায় -ত-রা হাত।
১৫৩। প্যা-টর -ভা-ক সগায় -চার।
১৫৪। টিম টিম বাতি পিটপিটা ভাতার
-কানপা-ক যাইম দুনিয়া আন্ধার।
১৫৫। মামার বাড়িত খাং
চাউ-লর খরচ না জানং।
১৫৬। মার বিছানাত ছিড়া ক্যাতা
মাইয়ার বিছানাত ফু-লর মালা।
১৫৭। মার আও দক্ষিণা বাও।
১৫৮। যার আ-ছ মাটি তাক দিম -বটি।
১৫৯। যার ক-মা-র টাকা তার কতাও -টরিয়া।

১৬০। আ-জ্যর সুখ মার বু-কাত।

১৬১। সা-ধর বাই-গানত -পাকায় সার।

১৬২। বা-মান, গনাইয়া আর কাউয়া
তিন ঝ-ন পর খাউয়া।

১৬৩। মা-ছর -শা-ক বিলাই কা-ন্দ।

১৬৪। -সায়াদি আ-মাত -পাকা থা-ক।

১৬৫। ভাঙ্গা -কাদাল দিয়া দীঘি -খাড়া।

১৬৬। সাপারি চি-ন সা-পর হাচি।

১৬৭। ভাঙ্গা বাড়িত বাস দুঃক বা-রা মাস।

১৬৮। কিষ্যা-নর এক দু-বার বন্ধ -তা চাই-রাপা-ক -খালা।

১৬৯। মরা কাউয়ার চর-কর হাতাশ নাই।

১৭০। হাত দিয়া জল প-ড় না।

১৭১। এমন ভাত আন্দিলু -খায়া -মাক কান্দালু।

১৭২। দিনটা যায় ভাল, আই-সটা -বয়া।

১৭৩। মাইয়া নাই তার আবার বাসর।

১৭৪। আদা শুকাই-লও ঝাল না-গ।

১৭৫। কাচা বাশত ঘুন ধ-র।

১৭৬। কাপড় দিয়া আগুন ঢাকা।

১৭৭। -ঘালা জ-লাত মাছ ধরা।

১৭৮। আমও -গইল ছালাও -গইল
কান্দি-ত কান্দি-ত চকু দুইটাও -গইল।

১৭৯। কাউয়ার পাছত ফড়িং না-গ।
কা-রা -পছ-ন -ল-গ অবিরত বিরক্ত করা।

১৮০। শন মা-সর ঝরত ভাষার কাউয়াও ম-র।

১৮১। -ঘামটার তলত খ্যামটার নাচ।

১৮২। বারা ভাতত ছাই পড়া।

১৮৩। -যমন -দওয়ারি, -তমন হাড়ি

১৮৪। বাড়ির -শাবা গাছ-গাছরা ঘ-রর -শাবা ওসরা
দা-তর -শাবা মাজন নিশি, -চা-কর -শাবা ঈশিরা।





১৮৫। উরিয়া আসিয়া জুরিয়া বইসা।
অযাচিত ভা-ব বিনা অধিকা-র এ-স স-র্বসর্বা হ-য় বসা।

১৮৬। -ধাঙা যায় সবার না তায় আন্দুনি হবার না পায়। -

১৮৭। ক্ষুদি খায়া টাকা বা-ন্ধ
দুই পুরুষ ধরি খরচ ক-র।

১৮৮। মিছা কতা ছ্যাকা জল কতক্ষন থা-ক?

১৮৯। -গায়ালিত যার গরু নাই
তার পী-ররও ভয় নাই।

১৯০। ছাওয়ার হাতত -মালা -দখি-ল কাউয়ায় নিগায়।

১৯১। ভাব বু-ঝ কীর্তন ক-রা
সময় থাক-ত -শষ ক-রা।

১৯২। -চা-রর -কানয় শ্বশুড় বাড়ি নাই।

১৯৩। কলা দিয়া ছাওয়া -ভালা-না।

১৯৪। কুশিয়ার আর সরিষা,
না থ্যাতলাই-ল অস বিরায় না।

১৯৫। কাঠল খায়া নাগিল আটা
ত্যাল দিয়া ঘুচাও ন্যাটা।

১৯৬। কাউয়া সগা-র মসং খায়
কাউয়ার মসং কাহয় না খায়।

১৯৭। কাউয়ার ডাকত ফিট হয়
রাই-তাত নদী পার হয়।

১৯৮। মাতার উপরত শকুন।

১৯৯। দিন-ত যার বাড়িত বাতি জ্ব-ল
তার ভিটাত ঘুগু চ-ড়।

২০০। চ্যারা দিয়া কাতলা ধরা
চ্যাং দিয়া চিতল ধরা।

২০১। আটিয়া -কলার পিরি
মনুয়া -কলার পিরি
-মাক -য -গালাম নিবার চাইস

কয়শ টাকার গিরি।
২০২। আন-ধলার ভাত নাইজ-ন খায়
অন-ধলার লাঠি একবা-র হারায়।
২০৩। আপন ভাতার না ধ-র
-বৌউ-ক খালি চটকায়।
২০৪। আনধা ভা-তাত ছাই।
২০৫। আষাঢ মাস যায় আশা কইর-ত
শন মাস যায় ধায়া
ভাদ-রর -তর দিন -গই-ল
কিষ্যান ন-ব চায়া।
২০৬। আটা মাটা পিরিতী
যু-গ যু-গ বসতি।
২০৭। আগদুয়া-রাত শাক পাত
ভাতার আসিল পারনু পাত।
২০৮। আটি সাটির মিছাং ফস্‌কা গি-টা
জ্যা-ঠা -তামরা থাইক-ত হইলং খা-টা।
২০৯। আতি -চারা পাতি -চারা
মাইয়ার পাটানি -চারা।
২১০। আর্জিয়া খাবার না পায়
ছুবছন্নী ধরি -বড়ায়।
২১১। আতারিত ধান শুকাং,
-গায়ালিত ডুবাং ছান
হ্যার -দখ-তা -র,
-গালা-মর ব্যাটা -মার
কতুলা কাম।
২১২। আয়না দিয়া দ্যাখং গাও
-মাক্ সাজি-ছ ছাওয়ার মাও।
২১৩। আল্লার কাচি দাও



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

ধী-র ধী-র কা-ট গাও।
২১৪। আয় ঠাকুর, খা ঠাকুর, যা ঠাকুর।
২১৫। আজার ব্যাটারবিয়াও
কায় কতলা খান খাও।
২১৬। আম-ত ধান -ততলিত বাঁশ।
২১৭। ইলসা মা-ছর শুকটা
কাঁহ শুকায় কাঁহ বা-ন্দ মটকা।
২১৮। ইত্যি আ-ছ উত্যি নাই
নামিল কইনার লাজ নাই।
২১৯। ইয়ার্কির জাগা নাই
বা-পাক কইস মাইয়ার ভাই।
২২০। ইষ্টি নিষ্টি -বাধ নাই
যা-ক পাই তা-র পা-চাৎ যাই।
২২১। ই-তা-রর একটা ঠ্যাং খা-লাত্।
২২২। ইনিয়া বিনিয়া কয়
মানসি -কানা ভাল -নামায়।
২২৩। ইচ্ছা নাই যার, সিদ্দি নাই তার।
২২৪। ইচিলা কচলাই-ল কি মসম বিড়ায়।
২২৫। ইয়ার -ঠস্‌সা উয়ার -ঠস্‌সি
তা-ত যা-ছ কাম কিষষি।
২২৬। ইন্দির ফুল, বিস্তির ফুল, ফুটিয়া আ-ছ বনত্
পরার মাইয়া প-দ্মর মধু সদায় জা-গ মনত্।
২২৭। ঈশ -গাঁসাই ঠাকুর
গারস্থক বাঁচায় সাকাল দুপুর।
২২৮। ঋ-ণর শ্যাষ আর -রা-গর শ্যাষ রাইখ-ত নাই।
২২৯। উচিত কতা কই-ল -দাস্ত ব্যাজার হয়
বড় গা-স খাই-ল লক্ষ্মী ছাড়া হয়।
২৩০। উচার পা-ক জল দ্যা-খা নীচার পা-ক যা
হীন হয়া বত্তি-ল সগুল তীর্থ পায়।

২৩১। উঠির না পায় বুড়ি
খালি দাঁ-তর কড়মরি।
২৩২। উঠি-ত কিল বসি-ত কিল
আর এক কি-ল পন্তা গিল।
২৩৩। উপর -চৗখার উপরত -চৗখ
-বায়ালি মা-চর নাল -চৗখ
ঢ্যারাই মাচ -বড়ায় হালি হালি
এ-ত্ত -কা-না -বালান পাই-ল -দৗড়ি ধ-র আইরি।
২৩৪। উপ-রাত ফাটাং ফুটুং
মানসি গিলায় কয়
বাড়ি যায়া দ্যাখং তায়
শ-লয়া ব্যাজার হয়।
২৩৫। উ-প আ-লা কি গু-ণ আ-লা।
২৩৬। উ-প নাই তা-র নাম উপশ্বরী
ঢক নাই তা-রা নাম ঢ-কশ্বরী।
২৩৭। উপকারী গ-চর ছাল নাই
উপকারী মাইন-সর ভাল নাই।
২৩৮। উপরা মানসিক জাগা দি-ল উরুন -গাই-নর ক্ষয়
যাবার -বলা একটা কতা অধিক কয়া যায়।
২৩৯। উজান ভুঁই যার
ভাটি আইল তার।
২৪০। উদাম থাইক-ল সন্যাসীর মন পু-ড়।
২৪১। উপরত্ যত নীচত্ ত-তা, তার নাঁও শিড়ি
বায়রাত যত ভিতরত্ ত-তা, তার নাঁও গিরি।
২৪২। উই কাতলা হই-লক তল
পুটি কয় কত জল।
২৪৩। উরির মু-খ দড়, পুকটি নরম।
২৪৪। উ-ছ পু-চ যা





মন চ-লত খা।
২৪৫। উ-দ মা-র মাচ, খাটা-স ক-র তিন ভাগ।
তুলনা ঃ -চা-রর উপর বাটপারী।
২৪৬। উঠন -বসন- নড়ন -চরন
ঐল্যা না হয় হালুয়া যার ধরন।
২৪৭। উপকার না করি -চাং আর -বং
উপকার না করি যার দুই ঢ্যাং।
২৪৮। উপরা খায় দুপরা না-চ।
২৪৯। উড়িয়া আসিয়া জুড়িয়া বইসা।
২৫০। উরি ঘুরি বার
বাড়িত্ বসি -তর
যদি কইর-ত পার
তামা-ন গিলা ছা-ড়া।
২৫১। উ-জাত না পায় কু-জাত কিলায়।
২৫২। উজাক ছাড়ি কুজাক কিলায়
নিলাজক -ডন-ডরা দ্যায়
২৫৩। উঁযায় না-চ ক্যা-ন ভাং ধুতুরা খায়া
ইয়ায় না-চ ক্যা-ন তা-র বাও পায়য়া।
২৫৪। উপগা-র অপকার
তিন উপগা-র বা-ন্দ ভার।
২৫৫। উষ্টা-ত প্রাণ যায়।
২৫৬। উলটা দ্যা-শর ভ্যাল্টা নিয়ম।
২৫৭। উয়ায় ম-ল্লর মাও
উয়াক ন-রর পায় কাও।
২৫৮। উপজি-ল আ-ছ মরণ
অমর নাহয় -কান জন।
২৫৯। উপর মু-ক ছ্যাপ -ফলাই-ল নি-জর মুখত প-ড়।
২৬০। উদাং বাড়ী পায়া
ধুন তুলি-ছ খায়া।

২৬১। উণ্টা খা-ল পাক্কা হয়।

২৬২। উনা-ত ধুনা নাই
ছান ফ্যা-লবার গরু নাই।

২৬৩। উপা-স দিন
ধার কইর-ল ঋণ।

২৬৪। ঊনা কামাই দুনা।

২৬৫। ঊনা ভা-ত দুনা বল
ভরা ভা-ত রসাতল।

২৬৬। এক টাকার -ঘাড়া আর তিন টাকার দানা।

২৬৭। এক ভাজায় না বান্দি
-দা ভাজার জ-ন্য কা-র কান্দাকান্দি।

২৬৮। এক ভাজায় না পায় বামন -দা ভাজা চাদায়।

২৬৯। একশ টাকার খালতি
ত্যাঁও বউ ক্যা-ন কালটি।

২৭০। এক জামুরি সাত বার চিপি-ল তিতা হয়।

২৭১। এ-ক -তা দুখিয়ার দুক্-কা ঘাটত্ বাজায় -বনা
তার চাই-ত অধিক দুক্-কা গাবুর ব-সর -ঢনা।

২৭২। এ-ক পা-ত খাই
-তার ক্যা-ন গাও দুমদুম
-মার ক্যা-ন নাই।

২৭৩। এ-ক পিড়াত বসি
নাম -মাতন না করি।

২৭৪। এক দারি ধান -দ-মা
চ্যা-কর বার মত মাতা -চচি -ন-বা।

২৭৫। এ-ক ধা-ন এ-ক চাউল
গিত্তালি বি-ন আউল বাউল।

২৭৬। এ্যা-ক -থা-পর বাঁশ বিধাতার -নকা
কাওবা হয় ফু-লর সাঝি





কাওবা হয় ঝাড়ির কটা।

২৭৭। এ-কনা পাকি দুকনা পায়
নাচি-ত নাচি-ত পাকি ভি-তার বাড়ী যায়।

২৭৮। এ্যাকনা ভাতা-রর ভাত খাই-ত বড় সুখ
মারি-লও আগাইয়া নাই এতবড় দুক।

২৭৯। এ-ক -ঘগির বিয়াও না হয়
কত -ছন্দুর বা-ন্দ
আরও -ঘগি কা-ন্দ
অলঙ্কার বা-দ।

২৮০। এ-ক ত ম-নর দুখ বন্ধুয়া -গই-ছ ছাড়ি
তার চাই-ত অধীক দুখ গাবুর ব-সর আড়ি।

২৮১। এ-ক সতাল মাও
তিন ডাক-ত না ক-র রাও।

২৮২। এ-ক -তা না আ-ট
আ-রা খাব-ল খাব-ল বা-ট।

২৮৩। এ-কত আন্দার কাল
গুখচি -গাব-রর আল।

২৮৪। এ-ক -তা ভান্ডি
তা-র হা-তাত্ -কাদালি।

২৮৫। একটা প্যাট হাটুয়ার -হট্

।২৮৬। এক -কলা দুই মন
ঠাকু-রাক দ্যাং না মই খাং।

২৮৭। এক পাইসা নাই ঝুলিত
. পুকটি আচড়ায় খুলিত।

২৮৮। এক দ্যাও
এক স্যাও।

২৮৯। এক পাইসার ত্যা-লর বা-দ
তিন কুড়ি নাঙ্গ-লর ভার
এক পয়সার -ত-লর জন্য

ষাটটি লাঙ্গল হা-ট নি-য় যায়।
২৯০। এক তিল সাত ভাই বাটি খায়।
২৯১। এক মন বগরীর তিন মন চূনা।
২৯২। এক হা-ত নড়ি না বা-জ।
তুলনা ঃ- এক হা-ত তালি বা-জ না।
২৯৩। এক দিন না খা-ল পালায় পর
তিন দিন না খা-ল পালায় জ্বর।
২৯৪। এক টাকার -ঘাড়া আর তিন টাকার দানা।
২৯৫। এক না-ত সাতবার বা-ত।
২৯৬। এক হাড়ি ভাত খায়
সাত হড়ির চকু টাটায়।
২৯৭। এক মা-গ জার না যায়।
২৯৮। এক নারীর এক পুত না -দখি-ল -পা-ড় বুক।
২৯৯। এক নাটি-ত বা-জ না, দুই নাটি না-গ।
৩০০। এক ঠ্যাং জ-লাত্ আর এক ঠ্যাং উপ-রাত্।
৩০১। এক কান দি-য় -সান্দায়
আর এক দি-য় বিরায়।
৩০২। এক মাও-য়র এক পুত
খায় দায় -যন য-মর দূত।
৩০৩। এক ব্যাটার মাও ঠাকুরী
দশ ব্যাটার মাও কুকুরী।
তুলনাঃ- অধিক সন্তান যার / ঘাটাত্ পড়ি মরণ তার।
৩০৪। একটা টাকা টাকা -নায়ায়
একটা ব্যাটা ব্যাটা -নায়ায়।
৩০৫। একটা মাইয়া যার মহা সুখ তার
দুইটা মাইয়া যার মহা দুক্ তার।
৩০৬। একটা ঢ্যাক্কা ঢ্যাক্কালু
দুই হাত আগালু।
৩০৭। এলুয়া ফুটিল আইল বাইষ্যা





কাশিয়া ফুটিল -গইল বাইষ্যা
৩০৮। এমন ঘর বান্দি
ছাড়ি -গই-ল না কান্দি।
৩০৯। এমন জাগাত বান্দি ঘর
আ-ধক আপন আ-ধক পর।
৩১০। এমন গুয়া খা-মা -ঠাট গাবি-ব
এমন পীরিত করি-মা মানসি না জানি-ব।
৩১১। এ-ত্ত -কানা চ্যাংরা
বড় গছৎ নাগায় ন্যাংরা।
৩১২। এই সাটির এই ভত্তা।
চালাকির ফল।
৩১৩। এবাড়ী আল্লা ও বাড়ী আল্লা
প্যাট বাড়াইছিস ছাতি তাল্লা।
৩১৪। এ্যান্দুর -ধন্দুর মারি ক-রছি পাপ
গালাত শুকটার মালা চ-লছি জগন্নাথ।
৩১৫। একনা কতা ব্যা-ঙর মাতা
নাই জ্ব-রর গাওত খ্যাতা।
৩১৬। একপুত মাটির ভাও
-গই-ল ভাঙ্গি না ক-র আও।
৩১৭। এ্যাঁও মা-রা ব্যাঁও মা-রা
-ভান্দা বিলাইক কুৎকুতি মা-রা।
৩১৮। এটা কতায় -নায়াঞ
খুষ্টা -না-কর কতা।
৩১৯। এই পুরী-ত নরগ
এই পুরী-ত সরগ।
৩২০। এক হাড়ীর ভা-তর একটা টিপি-ল -বাঝা যায় ভাত সিজি-ছ কি না।
৩২১। এক করট ভি-জ মাও-য়র গু-য় আর মু-ত
আর এক করট ভি-জ মাও-য়র মাঘ মাসিয়া শী-ত।
৩২২। এক পুত্র -দ-র আল্লা এক পুত্র -দ

কামাই খাবার নাচাং আল্লা মাটি দিবার -দ।

৩২৩। এ্যা-মান বাবুগিরি চাল
হা-টাত্ ব্যাচায় -খালা ভাজা চাউল।।।

৩২৪। এ্যান্দু-রর ভুষা,
শয়তা-নর তলত্ ঘুষা।

৩২৫। এক জন-ক পিট্টাই-ল নি-জ হাপসির না-গ।

৩২৬। এ-ক ঘরত্ জন্মিলং পাঁচ ভাই
এলা -দখং সগায় ঠাঁইঠাঁই।

৩২৭। এঁও হারা-বা -সও হাবা-বা
বা-পর ঘ-র ত্যা-লর তাড়িটা তাও হারা-বা।

৩২৮। এক-ঠকার গু সাত-ঠ নাগিল।

৩২৯। এ-ত্ত-কানা মাইয়াটার -বগল খাওয়ার সখ্
সাতদিনকার সাঁতাওত খায় ভাজা ধা-নর ভাত।

৩৩০। এক কতা কই-ল
সাত কতা হয়
দুস-কর কতা কই-ল
আতি না -পায়ায়।

৩৩১। এক -দান -মার ধান -র
দুই -দান -মার তুষ -র
-মার বন্ধুয়া পাই-চ মাইয়া
-মাক কি আর -পা-ছ -র।

৩৩২। এক প-ক্ষর বউ -মার হ্যালা-দালা
দুই প-ক্ষর বউ -মার গালার মালা
তিন প-ক্ষর বউ -মার শিকিয়াৎ -তালা
চার প-ক্ষর বউ -মার তুই কান্দিস না
মুই চাউল ভাজি খাইম
তাও তুই ভাত আন্দিস না।

৩৩৩। এক মু-ঠা ভিক্ষা দি-ল যায়



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

তার থাকি এ-তায় কয়।

৩৩৪। এ্যা-কটা দম, খায়ও কম।

৩৩৫। এ্যা-মান বউ মিলাচুং বায়, -শা-নক -মার কাথা
পরাক -দয় অল্প অল্প, নি-জ ন্যায় কাটুয়া ভরা।

৩৩৬। এক কতা বা-র বা-র
তা-র মুখত্ জুতা মা-র।

৩৩৭। এক মাগী যার স্বর্গসুখ তার
বহু মাগী যার দিনাও ক্যাচাল তার।

৩৩৮। এক সুন্দরী সাতখান শাড়ী
-তঁও সুন্দরীর মুকখান ভারী।

৩৩৯। এক দি-নর উপাসী পাত কাটিয়া খায়
সাত দি-নর উপাসী মাটিত্ বসিয়া খায়।

৩৪০। এ্যা-মান কইনাটার ঢক ওয়া বাড়ীর বগ
তিনটা বক মু-ত -দয়, হই-ছ ঠক্ ঠক্।

৩৪১। একবার ম-ন করং বসিয়া খাং
একবার ম-ন করং উদ্দাসী হয়া যাং।

৩৪২। এ্যা-মান করি করিম কাম
আল্লার বা-পও না জা-ন।

৩৪৩। একলায় য্যালা আছিলং
স্যালা আছিলুং ঘ-রর ঠাকুর
সতীন আসিল-ত হলুং কুকুর।

৩৪৪। এ-ত্তা-কানা সিন্নি একপাল হইল ফকির।

৩৪৫। এ-ত্তা-কানা সাও-য় কি মানসি ম-র।
কা-রা অভিশাপ -কউ ম-র না।

৩৪৬। একলায় আসচুং একলায় যাইম।

৩৪৭। এক ছাড়ি দুই ধায়
ম-র পাপী থাও না পায়।

৩৪৮। এক বুড়ীর -চৌদ্দ নাতি
-তঁও বুড়ীর অ-ধাগতি।

৩৪৯। এ্যালায় না -দয় চা-মর চটি
মরি-ল দি-ন কাঙ্গর পাটি।
৩৫০। এ্যালায় হামার মাই চ্যাং মা-চ না খায়
ভাতার মইর-ল মাই চ্যাং মা-চ না পায়।
৩৫১। এল-গাত খায় -বল-গাত হা-গ
কাউয়ায় ধান খায় নি-ন্দ -টা-প।
৩৫২। একটা প্যাট হাটুয়ার হ্যাট।
৩৫৩। এক টাকায় গরীব সুখী
হাজার টাকায় শুড়ি সুখী।
৩৫৪। এক লঘাই বি-ন দুনিয়া আন্দার।
৩৫৫। এক মাইয়া ঘর ক-র আ-লা
দুই মাইয়া -জবন ক-র কা-লা।
৩৫৬। এলুয়া বাড়ি -বলুয়াবাড়ি কাশিয়াবাড়ি দিয়া ঘাটা
ছাগলক -দকি শিয়াল পালায় হাসিয়া মইল পাঁঠা।
৩৫৭। একলা ঘরত্ ঘন্নী হইম
মন -মা-তান খাইম দাইম।
৩৫৮। এমনি-ত নাচুনি বুড়ি
তার উপরা ঢা-কর বাজুনি।
৩৫৯। ঐ না কই-চ আ-রা কবার চাই-ছ।
৩৬০। ঐ নং না কন -সায়ামি মুইঞ ভাতার ধরা
ঐ নং কাথা -দহাৎ বিন্দায় আরও ভাঙ্গিম -জাড়া।
৩৬১। ঐদৎ -পাড়ং জলৎ ভি-জাং
-মার শরী-ল তাবৎ সয়
-তামর কিন্তুক সর্দি কাশি
মাথা বিষিবার ভয়
মিহি চাউ-লর ভাত ক-নক মা-চর -ঝাল
-তঁও -শানং দিনাও দিনাও -তামার প্যা-টর গন্ড-গাল।
৩৬২। ওরির উপরৎ ডুরি
-খাপার উপরৎ -কাড়ি





৩৬৩। ওপারত্ কাঙ্গার গছ কাউয়ায় -ঠা-ক খায়
হি-দ্দার মাংস কাটিয়া দি-ল পর কি আপন হয়।
৩৬৪। ওপা-রর পত্তনাগিলা থুকুর বুকুর ক-র
এপা-রর বুড়া -কানা পুকটি চাপ-ড় ম-র।
৩৬৫। ওদ-লর -বাদল শুকটা দি-ল শি-দাল।
তুলনা ঃ- -যমন কর্ম -তমন ফল।
৩৬৬। ও-তাত রাজ-কা শালা কওয়া যায়।
৩৬৭। ওস্তা-দর মাইর শ্যাষ আতি।
৩৬৮। ওঃ হরি হরি
সগায় থা-ক মাইয়া ধরি
হামরা এলায় কি করি।
৩৬৯। ও-র ছাওয়া-লর মাও
অ-বলায় -ধায়ালু গাও।
৩৭০। ওয়া গা-ড়া চাপি
ধান ন্যাও নাপি।
৩৭১। ওই -য কয় -তাড়ৎ, -তাড়ৎ ,-তাড়ৎ
ভাঙ্গা কুলাখান ফ্যা-লয়া -গই-চ
ধরা মানাটার -গারৎ।
৩৭২। ওল, কচু, মান, তি-নাটায় সামান।
৩৭৩। ওদি ওদি যান-র কালা
ড্যারায় না হন পার
থাউক পড়ি -তার -ভাগ-ভক্তি
দ্যাখায় না হন আর।
৩৭৪। ও-মান হুকরী, লাইন ছাড়া চ-ল না য্যালাগাড়ী।
৩৭৫। ‘ক’-এর পুক্‌টি বুন্দা।
৩৭৬। কতা কই-তা মু-কাত্
হানি -তা বু-কাত্
৩৭৭। ক্যাতাত্ জল প-ড়
ক্যাতা গম গম ক-র।

৩৭৮। কতা কই-ল বা-ড় কতা
জলত্ বা-ড় ধান
বা-পর ঘরত্ থাইক-ল কইন্যা
বা-পর অপমান।
৩৭৯। কতা নাই আতিত
কতা না জঙ্গ-লর দাতিত।
৩৮০। কত আবন নংকা -গল
হয়া পুটির ছাও
-দখাইস না-র বু-কর পাটা
থাম-ব য-ব আও।
৩৮১। কতবা কা-ল -গই-চ নাও
তার বা-দ চায়া রও।
৩৮২। কতা না কহিয়া পা-র গাইল
আইজ না হ-ব , হ-ব কাইল।
৩৮৩। কুতিয়া মইল -দবকী
নাম হইল্ য-শাদা আনীর।
৩৮৪। করার -গই-ল গুষ্টি ব্যাজার
না কই-ল তুইও ভাল্ মুইও ভাল্।
৩৮৫। কপাল পইর-ল ব্যা-ঙও -নদায়।
ভাগ্য খারাপ হ-ল সক-লই উপহাস ক-র।
তুলনা ঃ- -বকাদায় পড়-ল হাতি/ চামচিকায় মা-র লাথি।
৩৮৬। কবার নিবার জা-ন যাঁয়
বড় পিড়াখানত্ বই-স তাঁয়।

৩৮৭। কাপা-লাত্ নাই ঘিউ
-চাক-চাকাই-ল হ-ব কি?
তুলনাঃ কপা-ল নাই গি ঠকঠকাই-ল হ-ব কি?
৩৮৮। কম ত্যা-লাত্ মচামচা ভাজা





৩৮৯। কাঙ্গা-লর ছাওয়া কমলিত বই-স
টিকা শুংশুংয়ায় ম-ন ম-ন হা-স।
তুলনা ঃ অনাভ্যা-সর ফ-ল ফুটা কপাল চড় চড় ক-র।
৩৯০। কাউয়ার ভাসাত -কাকি-লর ছাও
জাত স্বভা-ব ক-র আও।
৩৯১। কলির বামন -ঢারা সাপ।
৩৯২। কতায় জবর, -বহার কা-ল নাই দিল খবর।
৩৯৩। কাউয়ার মু-খাত কৃষ্ণ নাম।
৩৯৪। কাজ নাই-তা কুকু-রর মাতা কামাও।
তুলনা ঃ কাজ -নই -তা খৈই ভাজ।
৩৯৫। কাম নাই কুরিয়ার আই-ল আই-ল -দৌড়।
৩৯৬। কাঁও -দাকি -শ-ক কাঁও -ঠগি -শ-ক।
৩৯৭। কাক্ ক-মা কাকা
সগা-র দাড়ি পাকা।
তুলনাঃ ঠগ বাচ-ত গা উজার।
৩৯৮। কা-কা -কালাত কা-কা পিটিত।
৩৯৯। কাঁচা কা-টাল গাবিন গাই
যাঁয় -ক-ন তায় -বাকার ভাই।
৪০০। কাচি কুটবার জা-ন না
তাঁয় -নয় বন্দু-কর বায়না।
৪০১। কাজ হউক প-র প-র
-মাক -যন কাঁও না ধ-র।
৪০২। কা-জর মই-দ্দ দুই
খাই দাই শুই।
তুলনাঃ কা-জর ম-ধ্য আরাই খাই দাই আর -বড়াই।
৪০৩। কাটা ঘাউয়াত্ নু-নর ছিটা।
৪০৪। কা-রা শালাও না হই
কা-রা বওনাই না হই।
৪০৫। কালাচন ছাড়ি-ছ বাড়ি

ফ্যাকসা পরি-ছ ত্যা-লর তাড়ি।
৪০৬। কালা বা-মান -গাড়া হাড়ি
খা-টা মানসি বি-ষর তারি।
তুলনা ঃ কা-লা বামুন, কাটা সুদ্দুর, বা-রন্দ্র আর পুষ্যিপুত্তুর।
৪০৭। কায় না জা-ন ভাতা-রর নাঁও
লা-জ না ক-র আও।
৪০৮। কা-রা কতা কাঁ-হা না শু-ন
চৈ-ত উঠিল বান
উচানীচা -হটা উচল
সউক করিল সামান।
৪০৯। কাঞ্জি মতন থাউক
দিন মতন জাউক।
৪১০। কানা ম-ন ম-ন জানা।
৪১১। কাম নাই কামালির খালি নাচন কুদন
ধান নাই গিরির -বী জু-র তুষত্ রাখন।
৪১২। কালাইর ম-দ্দ -খসিরি
সাগাইর ম-দ্দ শ্বসশুড়ী।
তুলনাঃ ডাই-লর ম-ধ্য মুসুরী, মানু-ষর ম-ধ্য শ্বাশুড়ী।
৪১৩। কি-স আর কি-স, ধা-ন আর তু-ষ
অথবা
কি-স আর কি-স না-ঙ্গাল ভাঙ্গা ঈ-শ।
৪১৪। কাম নাই কুকু-রর নহ-র সার
চাউল নাই ঘরত্
দ্যা-খা দু-য়া-রর বাহার।
৪১৫। কাল ফরিঙ্গা হা-গ
এক -ঠকার গু সাত-ঠ না-গ।
৪১৬। কাঙ্গা-লর ছাওয়া হুদুম দ্যাও
ধনীর ছাওয়ার পুকটি স্যাও।
৪১৭। কিরপি-নর দুনা ব্যয়





পন্তা ভা-তাত্ নু-নর ক্ষয়।
৪১৮। কিল্কানি-ত না আ-ট ধান
তার ত-ন ছাম গাইন আন।
৪১৯। কুকু-রর কামড় হাটুয়ার হ্যা-টাত্
কুকুর সব সময় হাটুর নী-চ কামড় -দয়।
৪২০। কুড়িয়া মানসির দপদপি সার
তুলনা ঃ- অষা-রর তর্জন গর্জন সার।
৪২১। কইনার কুরকুটি কাম
ফ্যাল কড়ি আড়ি আন।
৪২২। কু-পকির ঘ-রর টুঙ্গিত ভাসা
কু-মানসির শ্বশুড় বাড়ীত্ বাসা।
৪২৩। কুলায় -য গাল ক-র ঝড়িয়া পচ্চিয়া -তা-ল
চালুনি -য গাল ক-র পুটকি দিয়া গ-ল।
৪২৪। কু-মাইন-সর ব্যাটা হয় ঘুপ করি কয় কতা,
সু-মাইন-সর ব্যাটা হয় হ্যাট করি যায় মাতা
৪২৫। কুড়িয়ার থান বৈদ্য নাথ।
৪২৬। কুমার মাইন-সর কামারি কাম।
৪২৭। -কান দিয়া যা বাঙ্গা
-কর-করার -তার এড়ান নাই।
৪২৮। -কানবা নদীত্ নাই ক্ষার
-কানবা ঘ-রাত্ নাই জার।
৪২৯। -কালার ছাওয়াক্ -কালাত্ মারিম্
তাও ছাওয়াক্ -পাষানি না দিম।
৪৩০। কু-পুত্রক ধন -দই না
সু-পুত্রক ধন না-গ না।
৪৩১। কুকুয়া ক-র কুক্-র -মার কুকুয়া ক-র কুক্  ক
-যই না প্যা-টর দুঃ-খ ভাতার ধন্নু
-সই না প্যা-টর দুক।
৪৩২। -কান্দলী বুড়ী -কান্দল না পায়

শিমলার গচত্ টিকা ঘচ্লায়।
তুলনাঃ- ঝগরু-ট -লাক ঝগড়া ক-র
মাদার গা-ছ -পাঁদ মা-র।
৪৩৩। ক্যানার দ্যাশত্ ফলিপরা আজা।
৪৩৪। কামা-রর সাত তাল
হালুয়ার এক তাল।
৪৩৫। কাপড়ার ম-ধ্য সাদা
নারীর ম-ধ্য আধা।
৪৩৬। কানার পাও খালত্ প-ড়।
৪৩৭। -কাচাত্ নাই কড়ি হইড্ডার গড়মরি
হাট যায়া বড় গুয়া ব্যা-চ
-দাকানদার চড় মা-র
দাঁত খ্যাক-টয়া হা-স।
৪৩৮। কপাল মন্দ হ-ল শুচি-ত নগুল ভা-ঙ্গ
৪৩৯। কাজ নাই কুরিয়ার নগরৎ বাস।
৪৪০। কানা টসা -ভঙ্গুর
এই তিন হারা-মর -নঙ্গুর।
৪৪১। কইনা জুড়ি-ল মাও ভাল
দই কিন-ল মধ্যৎ খাল।
৪৪২। কলা গড়িয়া না কাটিস পাত
তা-তই কাপড় তা-তই ভাত।
তুলনাঃ যত্ন কর-ল রত্ন পাওয়া যায়।
৪৪৩। কামাই কর-মা তায় তায়
কি ক-র ভাতা-রর মায়।
৪৪৪। কলি কাল, মন্দকাল, কলির সাত ভাও
যুয়ান -বটা না -পা-ষ বুড়া বাপ মাও।
৪৪৫। কা-জর সক্ষী করণ
পু-ণ্যর সাক্ষী মরণ।



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

৪৪৬। কপা-ল থাকি-ল গু কাউয়ায় আনি -দয়।
৪৪৭। -কান পুরু-ষ খাচিস দই
তার কতা এলাও কইস।
৪৪৮। কাজুয়া -ঘা-র কাজত্
বাউদিয়া -ঘা-র ভাবত্।
৪৪৯। কাওয়া কতা শুনির ভাল
হাটত্ মরুচ শাকত্ ঝাল।
৪৫০। কাক্ কায় ঠগায়
মানসি নি-জর ঠগন নি-জ ঠ-গ।
৪৫১। কুলার নাকান কান
হাত্তীর নাকান গাও।
৪৫২। কাজ ক-র শুল্কু
হ্যাইলা খচার নাম।
৪৫৩। কানা -গারুর ব্যা-গাল ঘাটা।
৪৫৪। কাক্ কইম শুদায় খা
কাক্ কইম -বা-ল মাচ মাইবার যা।
৪৫৫। কীর্তনীয়ার বিশ -কাশ
বাম-নর শ -কাশ
ওঝার -বা-ল কুটি জনম আফ-সাস্।
৪৫৬। -কলার গচত্ কুড়া-লর -চাট।
৪৫৭। কা-মর সময় আ-মর গীত।
৪৫৮। কাউয়া কা-ন্দ কালাং কালাং
প্যাঁচা কা-ন্দ -খাপত্
সাতারু মরার বিয়াও হইল
চৈত মাসিয়া দিনত্।
৪৫৯। কায় বা ক-র চুরি
ছা-মর গালাত্ দড়ি।
৪৬০। কতার -ছারা মানসি মারা।
৪৬১। কানা, টসা ঘুঘুর ভাসা।

৪৬২। কিষৎ কি কাম করিল
-জাঁয়াই ভাতারী হইল।
৪৬৩। কতার নাম মধূবনী যদি কতা কই-ত জানি।
৪৬৪। কাউ-নর নয়াত্ না ডাকাইস -ত নাই।
৪৬৫। কাচারিত -বাল কিছু নাই চিটির কপা-লাত আগুন।
৪৬৬। কুকু-রর গঙ্গা চান হয় না।
৪৬৭। কুজার হাউস চি-তার হয়া থাইকবার।
৪৬৮। কইনার ঘ-রর মাসী
গাবুবর ঘ-রর পিসি।
৪৬৯। কি দ্যা-খন -মার তি
ধুলা উড়াইল -তার তি।
৪৭০। কলির বিচার -ছই
-ব-ঞ্চ -বা-ড -দখির পাই
-নকাপড়া না জা-ন কাঁহ তা-র মাতাত বড়।
৪৭১। কা-ম কামাইল -পল -ছায়া না কুরায়
-ছায়া টংসুল পারা দুয়া-র দুয়া-র -বড়ায়।
৪৭২। কি-সাত্ নাই কি, -দও চান্দিয়ার মুরা।
৪৭৩। কাম নাই হাড়ির ছাওয়ার
কাম নাই আড়ির ছাওয়ার।
৪৭৪। কইনার মাও ঢাকনাই
আপ-ন আপ-ন বাখনাই।
৪৭৫। কলসি উবর, কলসি ভাবর
কলসি না হয় তল
হাসিয়া আসিল চন্দ্রমুখি
কান্দিয়া -গইল ঘর।
৪৭৬। কই মা-চর জিউ।
৪৭৭। কষাই-য়র কুকুর নাড়ি ভুড়ি-তই খুশি।
৪৭৮। কুড়িত্ পইর-ল বুড়ি।





৪৭৯। কপাল মন্দ হই-ল সগাঁঞ মন্দ কয়।
৪৮০। কাচির হই-চ জ্বর
ডিক্কি চিপি ধর।
৪৮১। -কানবা বরব-র কয়
চাইরটা কতার একটাও -নাঞায়।
৪৮২। কা-রা ঘ-রর হালুয়া যদি -পাঞা-ত -জা-র হাল
বা-গর গ-ন্ধ গরুপালায় ভাঙ্গিয়া -জাঙ্গাল।
৪৮৩। কানার নাঠি
কিপটার ধন।
৪৮৪।কুকু-রর মাতা গনা।
৪৮৫। কাঁচা -কলা কস কস
পাকা -কলা জিবাত্ অস্।
৪৮৬। কানায় কয় কতা
টসায় -টাক -টাকায় মাতা।
৪৮৭। কু-সাইতা মানসি।
৪৮৮। কাঁচা-ত না -নাভাই-ল বাঁশ
পাকি-ল ক-র ঠাস ঠাস।
৪৮৯। কপাল যদি হয় গারীয়া
হা-টাৎ কিনং বাচ্চি গরু
বাড়িত্ হয়া যায় আড়িয়া।
৪৯০। কাক কামা নাউয়ার ভাস্যি ভরা ক্ষুর।
৪৯১। কপা-ল না থাইক-ল জাল থাকি হাত্তি উসুরি যায়,
থাইক-ল মশাও ফা-ন্দ।
৪৯২। কা-জর -সামায় কাজী
কাজ ফুরাই-ল পাজী।
৪৯৩। কাঁও খাইবার না পায় ডাইল
কা-রা ভাঙ্গিয়া যায় আইল।
তুলনাঃ কা-রা -পীষ মাস, কা-রা সর্বনাশ।
৪৯৪। কানা ছাওয়ার নাও পদ্ম-লাচন।

৪৯৫। -কালা না পায় পিটি চান্দায়।
৪৯৬। কা-জর মাক ঘর কর
ব্যাটার মাক বাইর কর।
৪৯৭। কায় ক্যা-মান বাইন হ-ব
পথম চাপ-ড় বুঝা যায়।
৪৯৮। কি যাইস তুই -সানার গাঁও
মুঞি বিধি -তার পাছৎ যাও।
৪৯৯। কন্যা মা-স কা-ন কন
বিনা বা-য় তুলা বয়
-কান-ঠ আইক-মন ধান।
৫০০। -কা-ট পাবু খকরা ভাত
যদি না ধরিস খাটনিযার হাত।
৫০১। -কানবা সাবা-তর ফ-লাত
কৃষ্ণ আসিল হামার ঘরত্।
৫০২। কাম না কইর-ল ভাত নাই
তাঞঃ কয় মাচক যাই।
৫০৩। কা-ন্দ ছাওয়া দুদ পায়
না কা-ন্দ ছাওয়া নিন যায়।
৫০৪। কতা ন-ড় যার
দশা প-ড় তার।
৫০৫। কয়া -গই-চ আব-ন
শুভ কা-জ -দরী না ক-রা -কান কার-ণ।
৫০৬। -কাদা-ল কুড়া-ল ঘাও
মা-ঝ ম-ধ্য -বায়ায় বাও
খনায় ব-ল চাষী বা-ন্দা আইল
আইজ না বষ্যি-ব বষ্যি-ক কাইল।
৫০৭। কি-সর নাই -বা-ল কি
-সই নানতি কতা।





৫০৮। কুচিয়া খুড়ি-ত সাপ বিড়ায়।
৫০৯। কুকুর করি-লক কাই
এ-খ ঘরি-ত নাই।
৫১০। কইনার মাও কা-ন্দ আর টাকার -টাপলা বা-ন্দ।
৫১১। কাঁও মদ ব্যা-চ দুদ্ খায়
কাঁও দুদ্ ব্যা-চ মদ খায়।
নীতি-বাধ সক-লর এক হয় না।
৫১২। কাউয়া ম-র ঝড়ত্
প্যাঁচা কয় মরিল -মার শাপত্।

# ৫. দোতরাপালা লোকনাটক (FOLK-DRAMA)

## দুবুলাবালী/কাঁচাপাকা পিরীত

### প্রথম খন্ড

দুবুলা কী মায়া নাগাইলেন বন্ধু,
বন্ধু করিয়া পিরীতি-
বুকের মাঝে তুষের আগুন,
বন্ধু জ্বলে দিবারাতি রে।
বন্ধু জলে দিবারাতি।

আমি ত'না জানি বন্ধু-
বন্ধু পিরীতের কী জ্বালা,
অল্প বয়সে করিয়া পিরীত-
বন্ধু মন কইরলেন পাগেলা রে।
বন্ধু মন কইরলেন পাগেলা।

চাঁনমল শোনো শোনো দুবুলাবালী বলি তোমার কাছে-
গোপন পিরীতের আমার মূল্য কি বা আছে।
হয়তো বা হইবে একদিন লোকের জানাজানি
লাজে মইরমো দোনোজনে, পইরবে চোখের পানি।

দুবুলা সদাগর, সে জন্যে তোমরা অত চিন্তা করেন ক্যানে?
কাঁচা পিরীত পাকা হয় ভালবাসার গুণে।
কোন চিন্তা না করেন বন্ধু-যদি থাকে ন্যাকা,
হয় না ক্যানে কাঁচা পিরীত, আপনে হইবে পাকা।





চাঁনমল এ কথা ক্যামনে দুবুলা, বল বিশ্বাস করি?
কেমন করি বা তোমাক ছাড়ি দেশে ফিরি!
বানিজ্য করিতে কন্যা আসছি তোমার দেশ,
তোমায় মায়ায় বন্দি হয়া বাণিজ হইল মোর শেষ
এই ঘাটে বন্দি নৌকা কাটাইলাম তিন মাস-
সত্য কি পুরিবে কন্যা আমার মনের আশ?

দুবুলা অবিশ্বাস না করেন বন্ধু দুবুলার কথায়-
এ জীবন সপিয়া দিচি তোমার ঐ পায়া।
মন প্রাণ দিয়া তোমাক বাসিয়াছি ভাল,
তুমি আমার, আমি তোমার-প্রতিজ্ঞা রইলো।

চাঁনমল আরও এক কথায় দুবুলা বলি তোমার ঠাঁই-
এ দেশ ছাড়িয়া যখন অন্য দেশে যাই(
তোমার ঘরে রইল আমার হীরামণ তোতা,
সুখ, দুঃখে পাখির আগে জানান মনের কথা।
দুবুলা যদি থাকে সয়-কাকো নাই ডর-
কোন চিন্তা না করিবে চাঁনমল সদাগর।
(নেপথ্যে ম্যাদিলি বুড়ি)

ম্যাদিলি অসোমতি হেইর, হেইর বুচি-

দুবুলা ঐ, ঐ যে সদাগর। সগাঁয়গুলা গাও ধুবার আসির নাইগচে( য়্যালা তোমরা এটে থাকি যাও। কাঁও দেখি ফ্যালাইবে-

স্থান-নদীর ঘাট

ম্যাদিলি ঃ অসোমতি হেইর, হেইর বুচি, হেইর দুবুলা। তোমার গুলায় কি মনোত একটুকাও ভয় নাই হেইর? গাও ধুবার আসিয়া এ্যাকেরে আকারির দুঃখ সুখ খান ছাড়ি দিচেন? বাপ রে বাপ! কি তাল ফাটা রউদ! এ্যাকো ঝনকার খাওয়াইয়া কতোবা হাল ছাড়ি দিয়া আসিয়া এ্যাকেরে ধ্যাদেরে পইচ্চে। তোমরাগুলা খাওয়াইয়াক খাবার করি দিবেন কোন ব্যালা হেইর? আইজ

তোমার গুলার কপালোত বা কি হয় বাড়ি যাও তো আগোত।

অসোমতি ঃ রেই বুচি। কতা মিচা নোয়ায় রেই! ম্যাদিলি আবো কি আর এ্যামেনে ক্যাচ্‌ক্যাচের ধইচ্চে। ইদি তো আমরা গপ্পোয় সপ্পোয় আচি( ব্যালার ভিতি নজর করি দ্যাখোক তো! মুঁই যাঁও আই, বাড়ীত আরো এক ফুটিক জল নাই।

দুবুলা ঃ ইস! ভাতারোক আরো এত ভয় করি চলির নাগে? মুঁই হৈলে, হাত বান্ধনু হয় হতাশে, পাও বান্ধনু হয় বাতাসে, বরণতালু বান্ধনু হয় এ্যাক্কে নিকাশে।

ম্যাদিলি ঃ বাবা, বাবা, বাবা, মুই কোনোটে নাই শোনং আই, অকুমরী কৈনার মুকোত এ্যামনু কতা। দুবুলা, তুই ভালে থাক মাঁইও, বাচ্চা হাতে মামাঘরের দ্যাশোৎ ইস্কুলে পইড়তে পইড়তে তুঁই আরো এ্যাত কতা শিখচিস?

বুচি ঃ হির আবো, আবিয়াতে অমন গপ্প আমরাও কত করচি( পারার ব্যাটা ধরি গুজরান করি খাওয়া যে কত কোনা ঠ্যালা এ্যালাসেজে বুজির ধচ্চি। একটুকাতে হুর (্বশুরের হড়হড়ি, (্বশুড়ীর গড়গড়ি, নন্দের তত্তরি, জাও জাওয়ানীর ফড়ফড়ি।

ম্যাদিলি ঃ তুঁই না কইস রেই বুচি! বুড়িই হনু, এ্যালাও এ্যাকনা ভগলটিগল হৈলে তোর আজু যদি নাটি ধরি খিচ মিচায়, তোক কঁও রেই, মোর কইলজাটা খালি গিড়্‌গিডি কাঁপিউটে।

অসোমতি ঃ দুবুলার কি আই। এ্যালাও উয়ার গাত এ্যাকেনা খইড়কার আচর নাগে নাই। আমরা যে মাও বাপের কত কতা শুনচি- মাঁও উটতে বইসতে কয়া আচিলো। 'পরার বন্দি গুলার ক্যানে এ্যাত গান রে?'

ম্যাদিলি ঃ আরো নোয়ায় তে কি আই। মাও বাপ আর কইন্যা ছাওয়াক কদ্দিন আবগি রাখির পারে? বেটী ভাস্তিক পরাক দেওয়াও যে কতা, যমোক দেওয়াও সেই কতা।

অসোমতি ঃ সেই সেই আবো( কার আদৃষ্টে যে কি আছে, তাক কেমন করি কওয়া যায়। বুড়ি আইয়ো কইচে- কোনটে বোলে কার ঘরের মানুষ পরভাবি হইচে দেখি, উয়ার সোয়ামীটা মনে মনে সরে সরে, ক্যামোন বা করি একদিন কাত বাতে সেই মানুষটা সুদ্দায় ত্র(মেবত্তি( ধরিয়া, এ্যাকেরে পিটমোরা কড়ি বান্ধোন দিয়া বোলে নদীত ভাসে দিচে।





ম্যাদিলি ঃ হয়, হয়, হেইর, কতা হয়। এই কালজানি নদী দিয়া না সেই মড়া দুইটা ভাসি গেইচে। আমরা স্যালা চেংড়ী মানষি। এ্যাকেরে তলের মাটি উপর হইল( কতো হৈ হাজারী মাইনসে দেখিল। ইস, কি ডাসা মানুষ হেইর! তোর পিরীতের চন্নোৎ হাজারটা দন্ডোবৎ আই। কমবত্ত(া, কমবত্তি(র ঘর এ্যাকেরে বত্তা মরণ মইচ্চে।

দুবুলা ঃ মইরবে না! পিরিত খালি ঝ্যামনে ত্যাম্‌নে কইল্যে হইবে না আব কাঁচা পাকা পিরিত আছে।

ম্যাদিলি ঃ শোনো, শোনো, রেই দুবুলা আরো কি কয়( ক্যামন বোলে আরো কাঁচা পাকা পিরিত।

দুবুলা ঃ তা, আছে নাতেন কি। আবো, এ্যামোন করি গুয়া খামো তা ওট্‌ বা ক্যানে গাইববে আর এমন করি পিরিত কইরমো, তা লোকে বা ক্যানে জাইনবে।

ম্যাদিলি ঃ মুঁই হঠাৎ কালাই দুখান হনু আই। এ সতীন আরো কম হইবে না। ইয়াঁএ( দ্যাখোং একঘর ভাঙ্গি সাত ঘর কইরবে।

বুচি ঃ অসোমতি দিদি। উয়ার নাঁও দুবুলা, গাও দুবুলা। উয়ার এমন ধাগরি হইবে না।

দুবুলা ঃ দুবুলা তোমাক্ কী কইরলে রেই? দুবুলা ক্যানে ধাগরি হইবে, তোমরায় ধাগ্‌রি। দুবুলা কি কারো খাবার পিন্দবার যায়, না কারো বাটার ভাত কাড়ি খাবার যায়? মোর মুকের দুইটা গাইল শুনির বাদে জিউ কাউলির ধইচ্চে?

বুচি ঃ কি কবু রেই? কি কবু? ঠাট্টায় চাউটালি মানষি কত কতায় কয়। কি কতাটা কনু? বাপ তুঁই আরো এমন- হাটো হেইর- হাটো। ঐ যে কয় বোলে, 'ফুল মাণিকের গাও, না সয় রইদ বাও'।

দ্বিতীয় খন্ড

খোসাগান

'ও রসিক বিনে কে বুঝিবে রে
ভাবের পিরিতের মর্ম কে জানে'

মূলপদ ঃ এই না মতে দ্বন্দ্ব করি যত নারীগণ

নিজ নিজ ঘরে সবে করিছে গমন।
কান্দিয়া কাটিয়া দুবুলা মায়ের কাছে গেল,
নানামত কথায় মাও তার বুঝাইতে লাগিল।
ও মাও মোর দুঃখের দুবুলা-
ছাড়িয়া না যাইস মাও মোর
খালি করিয়া কোলা না ও।
শিশুকালে নাই পাঁও মায় য়ো,
মাঁও মুঁই বাপ মায়ের কোলা,
পন্থে পড়িয়া রইম মুঁইম পন্থের দুবুলা মায় য়ো।
(হায় রে) চন্দ্রকেতু নামে রাজা সেই দেশের মাঝারে,
দৈবযোগে আইস্চে দেখ শিকার করিবারে।
লয়, লস্কর, হস্তী, ঘোড়া- কিছু নাই নেয় সাথে,
ভুঁই পায়ে আসিছে রাজা দেওয়ানের সঙ্গেতে।

মূঃ আচ্ছা তার পরে কি হইল?

বৈঃ তাই বইলবেন।

মূঃ রাজা বলে শুন দেওয়ান, কথা শুন মোরে,
একটি কথা বলি যে আমি তোমার বরাবরে।
তবে দেওয়ান, চল এখন মহলে ফিরি যাই।

বৈঃ আউ, আউ, শিকার করির দ্যাকোন যান?

মূঃ না, দেওয়ান( আমি আর শিকারে যাব না। তবে কথা কি,
এই যে স্নান করি গেল দুবুলা, পরমা সুন্দরী-
রূপে গুণে বুদ্ধি মতি, সুল( ণা নারী
এই কন্যা আমার উপযুক্ত( রাজরানী হইবে। ইয়াক্ যদি আমি বিবাহ কইরবার না পারি, তবে আমার ধন রত্ন, রাজত্ব- সউগ বৃথা।

বৈরাগীঃ দ্যাখোতো এ্যালা। এই নদীর পারোৎ আসিয়া, এটা আরো তোমার কোন খোং বাই উটিল ভালা? কত কত ঠাকার রাজকন্যার খবর আসিল( এ্যাতবড় নামেক্যার রাজার ছাওয়া হয়া যাচিল বিয়াওগুলা, তোমরা হাস্যকারিতে অপাতে পেটাইলেন।

মূলঃ না, না দেওয়ান। আমার মনে হয়, এই দুবুলাবালীর সঙ্গে





ভগবান আমার জোড়া নেকি থুইচে। যাও দেওয়ান, আমার হুকুম, আর বিলম্ব না করিয়া আইজে, এ্যালায় তোমার এই কথা হাটাহাটি কর। দুবুলাক না পাইলে কিছুতে আমার মন আর থিতাবি হইবে না।

বৈঃ হুঁ হুঁ হৈচে এ্যালা।

মূঃ কি হইচে রে?

বৈঃ সে কতা আর কইলে খাইসে না।

মূঃ দূর- আরে কেমন কৈলে খইসে না রে?

বৈঃ হয়, হয় রাজপুত্রের হিনা ছলনার ঢক্ হইল দ্যাকোং। (আ বা বা বা বা)

ছুঃ সে, দ্যাকোতো আরে কেমন করে?

বৈঃ আ স্যে কি করে, কি করে?

ছুঃ ঐ যে কয় বোলে ‘নিলাজোক্ ড্যংরা দেয়, নিলাজ বোলে মোর বিয়াও হয়।’

বৈঃ সে কাক্ দিয়া, তা তোমাকে দিয়া।

ছুঁঃ রে জা(য়া গোলাম, মুকখান সামাল দিয়া কতা কইস। ভাল হইবে না জা(য়া গোলাম, কয়া দিম মুই, চান্দা কপালোৎ বান্দা হুকা কোনটে পাবু তুই?

বৈঃ বাইড্ডে, এতদূর কতা? এ্যাচায় নেন্দে প্যাচা, স্বর্গে নেন্দে তারা,
নিজে হইলেক ভাণ্ডরাগালি, ভাতারোক্ কয় ট্যারা।

নাঃ তবে শোন( কুলিনে পাইলে বিদ্যা সবে করে মান,
মুর্খে পাইলে বিদ্যা কাগার সমান।
মুর্খ হয়া যদি তাঁয় কিঞ্চিৎ বিদ্যা পায়-
ঢাল কাউয়ার মতোন খালি কাৎকাতে বেড়ায়।

বৈঃ মুঁই তা হইলে কাউয়া- কাক্ খাং - কাক্ খাং।

মূঃ আরে বৈরাগী, তুমি বড় গণ্ডগোল কর রে। এই যে সভাস্থলে দশ বাপ, ভাই গান শুনির বইচে,- তার মধ্যে এই রকম তাছল্য কইরতে তোমার একটুকুও লজ্জা হয় না রে?

তৃতীয় খন্ড

দুঃমাঃ আচ্ছা, মোর সতে তো অত হুমহমি, কচকচি কিসের? মুঁকি দুবুলাক্ আইনবার গেইচোং? সাতে পাচে না ছাওয়াক আইনবার কতা মুঁই মুকোতে তোলোং না। ক্যাঁ ছাওয়া মোর না খায়া, না দায়া বিদা হয়া গেইল? আইস্টেরিয়া মানুষ কোনঠাকার!

দুঃবাঃ হ্যাঁ, হ্যাঁ, মুঁই আইসটেরিয়া নাতেক কি? আর তোমরা ছাওয়ায় ছোটয়ে খুব ভাল। একটুকাও হিজলডাঙ্গী নোয়ান। আরে দোষঘাইটগুলা কইরবেনো তোমরায়, আর এ্যাকনা কতা গাত ফ্যালের দিবেন না।

দুঃমাঃ ক্যানে, তা ক্যানে? ঘরে বাইরে অত জাউ জাউ থাউ থাউ কতা ক্যানে? কাঁয় কতগুলা ভাত কাপড় দিয়া দুবুলাক পুষির ধইচ্চে? য়্যালা সেনে তিন দিন বৈরাগী হয়া ভাতোক কয় বোলে অন্ন। এ্যাকো ঝন্ ছাওয়ার বাপ হইচে। বাচ্চা হাতে দুবুলা উয়ার মামা বাড়িত মানষি হয় নাই( ন্যাকাপড়া শেকে নাই? খরাল্লী পইল্লে হুর বিয়াও হয় বোল। মোর ভাই কি আর তোমারে নাকান ছুলমাচাট্টা?

দুঃবাঃ রে মোর অলপ্‌জিয়া শালার জাইত, মুকখান অমন করি আবরাইস না। ক্যানে তা তোর ছাওয়ার সতে তুঁইও চলি গেলু না। দ্যাখোং এই মাঙ্গাফাটা দিনোৎ তোর ভাই কতল্লা টাকার তোড়া ধরি বইচ্চে। য়্যাঃ। ঝ্যান ত্যান কতাকে উয়ার ভাইর ওজোরা-তোর জাউটিয়া বেটীছাওয়ার নাম জানুক হ্যানে।

দুঃমাঃ ওরে মোর( এ্যালা সেনে বোলে মুঁই জাউটিয়া হইচোং-না কইলেও হয় না( তোমরা তা কত বড় সজ্জন লোকের ছাওয়া। এ্যাকো ঝন মুক পায়া গেইচে( দিনে রইতে কিসের মোর এত মর ক্যাচাল রে? তোর ক্যাচালি গুজরানের মাতাত বান্যি নাগাঁও- ঝগড়ার মাতা ছ্যাকা শুকতি দিয়া রান্ধো।

দুঃবাঃ দ্যাকো দেকি উয়ার কতাগুলা। আরে ইয়াএঁ( যে বড় হাপোনচাউসী মাড়া( কতা বা হইল কি( তুঁই ক্যানে মিচাওঁ সাংসাঙ্গের ধল্লু রে মোর ছাওয়া দুলালীর শালাটা! ছাওয়া যে হুর বড় গাচোৎ কোটা নাগে দিচে, তার খ্যাও পাচিস? বাপ রে বপ রাজায় পরজায় কান্ড! কিসোতে যে কি হয়( আমার মাতাত ডাং পইচ্চে। রাজবাড়ীত ক্যানেরে দুবুলার নাওঁ উটচে? হির





ইয়াতে যদি মোর কোন একটা ভাল মন্দ হয় না, তবে শেনে তোরো মাতাত ডাং পইড়বে। এ্যালায় কি বুচ্চিস?

দুঃমাঃ হুর হুর, তা বুচি ঘরের ক্যানে অত বল্‌বলি উটচে? দুবুলা কার মাতা-শিরা খাবার গেইল?

দুঃবাঃ দ্যাকোতো, খালি পরাক দুষিলে কি হয়? আরে গাও ধুবার যামো-কি বা যামো, কি বা আইসমো( তার বোলে কিসের কাঁচা পাকা পিরিতের কতা নিয়া এ্যাকেরে নদীর পারোৎ তুল কালাম ঝগড়া। ম্যাদিলি মাও ঘর তো আর মিচা কতা কওয়াইয়া মানুষ নোয়ায়- ক্যামোন করি ঝগড়া নাইগচে, নাই নাগে- সউগ কতা বাঁই বাঁই করি কইল। তোর ছাওয়া মাইনসের মুকোৎ ক্যানে ওগুলা ডাউয়া পাড়া কতা?

দুঃমাঃ হইচে, হইচে সউগ দোষ না মোর দুবুলারে হইচে( এ্যালা তো সগারে মনটা ফরি ফরফরা হইল। এই মোর অদৃষ্ট রে। যাবার সমে মাও মোর কাইন্দতে কাইন্দতে কয়( মায়য়ো, আর মুঁই জন্মাযুগ্য আসির নোয়াং। মাইনসে জাঁয় বেজাঁয় করি মোক এক কতা কইল, বাপে একটা রাও কড়িল না- এই কতা কইতে কইতে মাও মোর বাঁশের আউডাল হইল রে-

দুঃবাঃ ও হো রে- এগিলা কান্ড ক্যাচালোৎ কোন শালার না কান্দোন বিরায়। আমরা বোল কি টলকা টলকিৎ পড়চি। ঐ যে কয় বোলে কানা মনেমনে জানা। রাইত পোয়াইতে নাই পোয়াইতে বোলে আরো রাজবাড়ীৎ হাজির হবার নাগে। তোমরা গুলা কি সগাঁও মোর শ-অ-ক্র -হ-অ-ই-লে-এ-ন রে।

চতুর্থ খন্ড

মূলপদ এই যে না জানিয়া না শুনিয়া দুবুলার কারণে,
স্ত্রী পু(যে দ্বন্দ্ব এখন করে অকারণে।
হেনকালে দেওয়ান আসি দরশন দিল-
সকল বৃত্তান্ত কথা বলিতে লাগিল।
রাজরানী হইবে দুবুলা-শুনি এই কথা-
খুশিতে ভরিল এখন দুবুলার মাতাপিতা।
হায় রে, রজনী প্রভাত হইল, কু(য়ায় কারে রাও,
স্বেত কাউয়া বলে রাতি পোয়াও পোয়াও।

একে তো বসন্ত কাল, তাতে ফাগুন মাস।
কালি দুবুলার হইবে বয়িাও-আজি অধিবাস।
(বাদ্য, বাজনা, উলুধ্বনী, গীত) (বৈরাতী গণের গীত)
নদীর পারে পারে ময়ূর পঙ্খী ঘোরে,
ও অবলা নারী, কৃষ( নাই তোর ঘরে,
ঝাকে ঝাকে উড়ায় মোর ময়না
কোকিলা জোড়ে জোড়ে। ও অবলা .................

মূলপদ এই মত করিয়া দুবুলাবালীর বিবাহ হইল,
এক দুই করিয়া এক বচ্ছর চলি গেল
রাজা বলে দুবুলাবালী কি কাজ করিলে
কাঁচা পাকা পিরিত তুমি দেখাও যে সকালে।

দুবুলা আচ্ছা প্রভু, একটা কতা নিয়া ক্যানে অত মাথা ঘামাইর ধইচ্চেন। নারী লোকের
পতি হইচে পরম গু( । কতায় আচে-
'সতী নারীর পতি হইল পর্বতের চূড়া
অসতির পতি হৈল ভাঙ্গা নায়ের গুড়া।'

রাজা দেখ দুবুলা, তুমি জানো না, মনে যে আমার কত বড় প্রতিজ্ঞা আছিলো। আমার ইচ্ছা আছিলো যে বিয়া আমি কিছুতেই কইরমো না। ক্যানে যে আমার সেই ভীষ্মের প্রতিজ্ঞা একদন্ডে চুরমার হয়া গেইল- ভগবান জানে।

দুবুলা ভগবানের নির্বন্ধ না হইলে দুবুলায় বা আইজ রাজরানী হইবে ক্যানে?

রাজা সত্য কথা দুবুলা। ক্যানে বা আমি সেদিন শিকার কইরবার গেইলোং। ক্যানেবা তোমার মুখোৎ কাঁচা পাকা পিরিতের কথা শুনিয়া তোমার রূপগুণে আমি একেবারে মোহিত হইয়া গেইলোং তার পরে তো এই বিয়া। যাউক, যা হবার হৈচে। শোন দুবুলা, যেমন করি হউক, কাঁচা পাকা পিরিত আমাক দেখবারে নাইগবে।

দুবুলা মহারাজ, ভুলে চুকে একটা কথা না হয় হয়া গেইচে, সেটা কি আর এ্যালাও ( মা দিবার নোয়ান?

রাজা না, না, দুবুলা, বিয়ার রাইতে তো সে কথা তোমার সঙ্গে





আমার রাকাটা হয়া গেইচে। ছয়মাস তুমি আলাদা মহলে থাইকবে, সে ব্যবস্থা আমি করি দিলোং( আরো ছয় মাসের সময় চাইলে, তাকো দিলোং। বছর পূর্ণিত হয় গেইল, আসল কাজের তো আমি কিছুই দেখিলোং না!

দুবুলা মহারাজ, ( মকায় যখন কাঁচা পাকা পিরিত দেইখপারে চান, তখন নিশ্চয় দেখামো( তবে আরো কিছু দিনকার সময় দিবার নাইগবে।

রাজা হ্যাঁ, তাই দিলোং। আরো তিন মাসের সময় দিলোং( কিন্তু মনে থাকে যেন দুবুলা, এই কাচা পাকা পিরিত দেইখবার জন্যে আমি তোমাক বিয়া করচি। যতদিন এ কথার অর্থ আমি না পামো, ততদিন এই রকম করি তোমাক নহর বন্দী করি রাইখমো। আর না দেখাইলে, তোমার শাস্তি।

দুবুলা ও হো ভগবান, এই সুখ ভোগ কইরবার জন্যে কি মাঁও বাপ সগাঁও মোক হাত পাওঁ বান্দি আগুনোৎ ফ্যালে দিচে? না, না, কাকোয় দুষিম না, সউগ দুবুলার কপালের দোষ।

## পঞ্চম খন্ড

মূলপদ এখন মহলে বসিয়া দুবুলা ভাবে মনে মনে
হীরামন পাখী আমার গেল রে কোনখানে।
কতদিনে গেইচে পাখী এ্যালাও ক্যানে নাই,
উড়িয়া গেইচে বনের পঙ্খী, পাই কি না পাই।

দুবুলা (গীত)
ও বাছা মোর হিরামন তোতা রে, -ওরে
তুই বাছা মোর হিরামন তোতা,
নিয়া গেছিস মোর মনের কথা রে(
হায়রে, এ্যালাও বাছা তুঁই ফিরিয়া আইসেক ঘরে।
বাছা মোর.................
মোর অভাগীর কর্মের ফলে-
বুক ভাসি মোর চোখের জলে রে।
বাছা মোর......................

বৈরাগী হির, তোমারে সেনে এ্যাকেরে আছিলা কতা। আরে বাবা, উঁয়ার বনের পঙ্খী কোটে হাতে কোটে উড়ি গেইচে, তাক কি আরে পাওয়া

যায়?

মূলপদ দেশে দেশে বেড়ায় পঙ্খী পত্র লৈয়া ঠোটে মনের মতো মানুষ কিন্তু রে পাওয়া যায় না মোটে।

বৈরাগী আঃ, তাক কি আর ষাটিতে পাওয়া যায় না কি তো? দুবুলাবালী কইচে বোলে, হিরামন, এই যে পত্রখান আমি তোমাক দিলোং, ইয়াকে নিয়ে তুমি সারা দ্যাশে ভ্রমন করি দেখো( কিন্তু ঠিক আমার রাজার মতো, একটুকাও ঝোন উনিশ বিশ না হয়, এই রকম যে মানুষ দেখবু তাকে এই পত্র খানা দিয়া চলি আসবু।

আমি ফুলের বিচিনা পাইলে শুইয়া থাকি-
মনের মত রসিক পাইলে কইরবো পিরিতি।
ক্যাতেকা ফুলের মধু খায়া যা ভোমরা বঁধু,
তাইরে, নাইরে, নাইরে নানা, তাইরে নাইরে রি। আমি

................

মূলপদ ইঃ, এ কি গানের মিল রে?

বৈরাগী মিল হইবে না বাচ্চা হাতে আমি বোলে গান করি বেড়াই( আমার কণ্ঠতালু দিয়া মাও সরস্বতীর দিঘল ঘাটা। সে দিন একটুকু আইসতে নাড়ানামা হইচে দেখি বেটীছাওয়া মাইনসে আমাক্ সভার মধ্যে অপমান কইল্ল্যে! নেও তো তারপরে কি হইল? এ ছাক মুঁইও গানোৎ মন নাগাইচোং।

ষষ্ঠ খন্ড

চাঁনমল এটা আরো কি রকম কান্ড। কি সুন্দর একনা পাকি ঠোটোৎ করি এ্যখান চিটি ধরি উড়ি আসিয়া আমার মাস্তরাৎ বসিল।

তোতার ডাক
আহা! পাখীটা তো চমৎকার বুলি ধইরচে।
কোন দেশের পাখি তুমি, কোন দেশেতে যাও-
কাহার উদ্দেশে ফেরো সত্যকথা কও।

ও হে, এ তো আমারে তোতা। এ তোতা তো আমি দুবুলাক উপুহার দিচি। আরে যা, চিঠিখান আমার মুখের আগোৎ ফ্যালে দিয়া আমনে পাখি চলি গেইল! আচ্ছা দেখি-কোনঠাকার কি চিঠি! হু চন্দ্রকেতু রাজার রানী দুবুলাবালী এই চিটি নেইকচে।





পাখির নাম হিরামন, তোতা পত্র লৈয়া ফেরে
এই পত্র দিবে পাখি যার বরাবরে,
রসিক, প্রেমিক যদি হয় সেই জন,
আমি তারে প্রেম পাশে করিব বরণ
আমার মহল ঘাটে দেখা যেন পাই
অন্যথা করিলে লাগে ধর্ম্মের দোহাই।

কেনে দুবুলা। না, না, না আর তো কোন সন্ধেহ নাই। এ্যাঁ, তবে কি রাজরানী হয়াও দুবুলা চাঁনমল সদাগরের কথা ভুলির পারে নাই। এটা তো মস্ত কথা। আচ্ছা দাড়ি, মাঝিগণ, আরে চট্ করি খাওয়া দাওয়া করো তো- এখান থাকি নৌকা ছাইড়বার নাগে।

মূলপদ সেখান হইতে সদাগর নৌকা যে ছাড়িল,
দুই রাত্র পরে দুবুলার মহল দেখা দিল।
সেই ঘাটে বন্ধি নৌকা কাটায় সপ্ত দিন,
কোন মতে দুবুলাবলীর না পায় কোন চিন।
মনে মনে চতুর সাধু কি যুক্তি( করিল,
শান পাথর কাটিয়া এক সুরঙ্গ বানাইল।
বি(েকর্মা স্মরণ করি হীরার করাত দিয়া,
এক রাইতে কাটে সিদ মহল বুলিয়া।

দুবুলা (গান)
ও প্রাণ বন্ধুরে,
যে দেশেতে আছেন, বন্ধু শিঘ্র আইসেন চলি,
তোমার আশায় বাচিয়া আছে আইজো দুবুলাবালী।
বন্দী হয়া আছি আমি মহলের ভিতর।
সুরঙ্গ কাটিয়া আসি দেখা করেন মোর।
দরজার শব্দ।

দুবুলা (চমকিয়া) কাঁয়, ও সদাগর, তোমরায়? আইস, আইস সদাগর, দ্যাখো তোমার দুবুলার কি দশা হইচে।

চাঁনমল কোন চিন্তা নাই দুবুলা, যত( ণ চানমল বঁচি আছে। দুবুলা, প্রাণের দুবুলা, দৈবের ঘটনায় যেদিন তোমার বিয়াও হয়- মনের দুঃখে সেইদিন

আমি তোমার দ্যাশ পরিত্যাগ করচি, গৃহবাস ছড়চি, আর দ্যাশে দ্যাশে ঘুরি বেড়াবার নাগচি।

দুবুলা আমারও চৌখের জল বুক ভাসি যায়। বন্ধু। পাইরবেন তোমার দুবুলার দুঃখ নিবারণ কইরবার?

চাঁনমল সে কথা তো আমি জীবনপন করি চিন্তা করির নাগচি।

দুবুলা শুন ওহে সদাগর, মোর কথা ধর
প্রথমে রাজার সঙ্গে বন্ধুতা যে কর।
তারপরে আরো দেখ অনেক যুক্তি( আছে
ছায়ার মতো তোমার আমি রৈব পাছে পাছে।
আইজে যদি তোমার সঙ্গে যাই আমি চলি,
এ জগতে কলঙ্কিনী হইবে দুবুলাবলী
তোমার জন্যে হয়তো যাইবে তোমারো জীবন
সাবধান হইবেন বন্ধু, স্থির করেন মন।

এই নদীর ঘটে একটা আনন্দ মেলার ব্যবস্থা করো( সেইখানে আমি রাজার নিকট কাঁচা পাকা পিরিতের দ্যাখামো পরিচয়।

বৈরাগী হ্যাঁ সদাগর, কিন্তুক একেবারে খুব নিচ্যামা হয়া যাতায়াত কইরবেন। বাপ, রাজা যদি থিৎ পায়, তা হইলে, বত্তাতে এ্যাকেরে দোনো ঝনকাক্ সাত টুকড়া কড়ি ফ্যালাইবে।

মূলপদ (হায়রে) সদাগর চলিয়া গেল নৌকার মাঝারে,
মনে মনে দুবুলা কত চিন্তা করে,
হায়রে কমবত্ত(া নসীব, নসীব নোয়ায় ভাল,
যে না বৃঙের তলে বইসোং তারে ভাঙে ডাল।

সপ্তম খন্ড

চুলটু ও জয়দ্দী-গ্রাম্য লোক

জয়দ্দী ও বাহে চুলটু ফুবা। বাড়ীৎ আছেন, না নাই, বাহে?

চল্টু কাঁয়, জয়দ্দী। আয় বা বইসেক। হুড়কু রে, আনরে, এক ছিলিম তামাকু। ক্যানে তা বা( কি মনে করি বিরাচিস, ক তো? নাই বা, এবার আসুকোতে দুই মাস ভুত্তুক বিছানাৎ পড়ি টাকা পাইসা গুলা মোর এ্যাকেরে আদানুটি হইল।





জয়দ্দী ফুবা, চলো বাহে গ( কিনবার যাই। তোমক কং ফুবা, কোনটে হাতে বা একজন সদাগর আইচ্চে, তা কাঁয় কইবে যে বোলে সদাগর। এ্যাকেরে বোলে রাজপুত্র। আমার মহারাজার সাথে উঁয়ায় আরো বন্ধুতা কইচ্চে। বন্ধু যে এমন মানাইচে না ফুবা, তা আর কি কং। সেদিন রাজবাড়ীর ওদি আইসতে কালে মোর নজর পড়িল( দোনা বন্ধুই হাওয়া খায়া ব্যাড়ের ধইচ্চে। সেই সদাগর যে নদীর উপুরা একটা মেলা নাগাইচে না ফুবা, ছকছুপনী দেখি, মুঁই এ্যাকেরে আটাশ হয়া গেইচোং।

চুল্টু আরে তুই বেড়াইসো ভাল্, খবর বাত্রও তোর আগোৎ আর কাঁও দিবার না পায়। তারপরে, পশ্চিমা গ( ট(ও বুঝি ম্যালাৎ বিরাইচে।

জয়দ্দী খালি পশ্চিমা গ( ক্যানে ফুবা, যজ্জাবতী মাল আইচ্চে। সদাগর কত রকমের মাল আইনচে, কত দ্যাশের বড় বড় দোকানদার আইচ্চে- আরও আসির ধৈচ্চে বেটী ছাওয়া মান্ষী পর্যন্ত খিলির দোকান ধরি বইচ্চে। কি এ্যাকোঝনকার পরীর মতন ঢক( ! তার এ্যাকো পানের দাম হাজার টাকা। রাজা, বাদশা ছাড়া আমরাগুলা কি আর তাক্ খাবার পারি ফুবা?

চল্টু ম্যালা কদ্দিন থাইকবে রে বা?

জয়দ্দী এই চৈত মাসের, শ্যাষ রাইতের দিন থাকি, ফুবা। য়্যালা তো হুর ম্যালা নাইগচে। চল, ফুবা( দুই এ্যাকে যায়া দেখি শুনি তোমরা এক হাল, মুঁই এক হাল- আর ঐ নিন্দিরাটা বাড়ীৎ আছে, না নাই ভালা-

চল্টু আছে, আছে, ড্যাকাইস না ক্যানে?

জয়দ্দী নিন্দিরা রে এহেই। রে নিন্দিরাদা। না, আদি এ্যালায় নাগাইলে ধরি যাইম। মুঁই টাকা পইসা যোগার করোং ফুবা( চলো কাইল উদিনকায় যাই।

চলটু আচ্ছা, তা।

অষ্টম খন্ড

মেলার গান

আনন্দমেলার বাজার, দেইখ্তে কি ভাই চমৎকার।
আনন্দ মেলার বাজার।
মেলায় হইলো গন্ডগোল, তিন ঠেঙ্গিয়া পাঠা ছাগল,
গাড়ীৎ গ(, মটরের চাকা,

আসী হাতিয়া মানার মুড়া, আশীহাতিয়া বাশ গাড়া(
বু(ং জলঙ্গা ঠুসি, ইটা ডাঙ্গা কুশ্যি,
বাঁশের গড়াইচে মটর গাড়ী-বাঁশের গড়াইচে আলমারী।
আনন্দমেলার বাজার, দেইখতে কি ভাই চমৎকার।
আনন্দ মেলার বাজার।

জয়দ্দী ঐ দেখ ফুবা, মুঁই যে কইচোং কতা হয় না নোয়ায়। ঐ দেখ, মহারাজা আর সদাগর দোনো বন্ধুই ঐ যে পানের দোকানের ভিত্তি যাবার ধইচ্চে।

রাজা সদাগর বন্ধু, এইটা কি সেই হিরামতী নপানওয়ালীর দোকান?

সদাগর হ্যাঁ, চলেন বন্ধু। দুইটা পান খায়া যাই।

রাজা উয়ার এক একটা পানের দাম এক একটা মোহর! এ সময় তো আমার কাছে .................

সদাগর মহারাজ, তার জন্যে চিন্তা কি? চাঁনমল সদাগর আছে তো? আরে ও পানওয়ালী, দুইটা পান দেও দিখি।

দুবুলা চানমল

দুবুলা শোন বন্ধু সদাগর, বিলম্ব না করি,
এই রাইতে এ্যালায় তোমার নৌকা দেও ছাড়ি।
গোপন কথা যত- সউগ গেইচে রাজার কানে,
দুবুলার জন্যে তোমার ক্যানে মইরবেন ধনে প্রাণে।

চানমল কি কথা শুনাইলেন বউন্ধানী, কিবা তোমার মনে,
দুবুলাবালী ছাড়া চানমল বাঁচিবে কেমনে।
কোন প্রাণে, কেমন করি বিদায় দিবার চান,
কেমন করি বুকে মোর তুলি দেন পাষাণ।

দুবুলা ও প্রাণ বন্ধুরে-পাষাণে বান্ধ হিয়া,
দুবুলাবালীর আইজ হইচে বিয়া(
আজি দুবুলা রাজার ঘরণী রে।
ওরে বিধাতায় আজ ভাঙ্গি গাড়ি
হাতে দিচে দড়ি, পায়ে বেড়ী রে,





ঘরে বন্দী আইজ পরের রমনী রে।

বন্ধু, আর দেরি করেন না- দোষ ঘাট যা করচি, ( মা করি নেন( আর হাসি মনে বিদায় দেন। আইজ থাকি আর আমার দেখা পাইবেন না। তবে বন্ধু, আমার প্রনাম।

চানমল দুবুলা, দুবুলা, বউন্ধানী দুবুলা!

নবম খন্ড

রাজা আইজ কাইল করি, তোমার তো আমি অনেক কড়াল দেখিলোং, দুবুলা! কৈ? কেমন তোমার কাঁচা পাকা পিরিত? তোমার কি মনে নাই দুবুলা?

দুবুলা আছে প্রভু( সউগ কতা দুবুলার মনে আছে। তোমরা হয়তো মনে কইরচেন, রাজরাণী হয়া দুবুলা বুঝি সউগ কতা ভুলি গেইচে। তা কি আর হবার পারে? তবে মহারাজ, অবলা নারী হয়া পিরিতের আমি কি বুইজমো? ( মা করেন প্রভু। অনেক গর্হিত কাজ করচি খালি তোমার আজ্ঞা পালির জন্যে।

রাজা এ্যাঁ, তুমি? গর্হিত কাজ? তোমার সে গর্হিত কাজের তো আমি কিছুই দেখি না দুবুলা!

দুবুলা যদি দেইখবেন, যদি জাইনবার পাইবেন, তবে আর কাচা পাকা পিরিতি কেমন করি হয়? এই যে আমাক চৌকে চৌকে রাইখচেন প্রভু, তবু আমি ছলে কৌশলে বিদেশী চানমল সদাগরের সঙ্গে তোমার বন্ধুতা করি দেওয়াচি।

রাজা সদাগরের সঙ্গে বন্ধুতা, দুবুলা তুমি?

দুবুলা হ্যাঁ, মহারাজ, সদাগরের নৌকার মধ্যে আমি ডাইন চ(ৎ তোমাক, আর সদাগর বন্ধুক বাঁও চ(ৎ বসেয়া খাবার খোয়াচি তোমার মনে সন্ধেহ হয়া, এমন কি তোমার মহলে আসিয়া দুবুলার খবর পর্যন্ত জানি গেইচেন। ম্যালার মধ্যে পানের খিলি খায়া, হিরার আংটি দিচেন।

রাজা এখন সেনে আমার মনের ধুকধুকির অর্থ পাচি। মাইনসে কয়, মহারাজ যে সদাগরের সঙ্গে বন্ধুতা কইরচে, এমন আর হয় না। দোনোজনে এ্যাকেরে এক নাকান। আমিও যেটে যাই, সেইটে দেখি দুবুলা! দুবুলা, আমি তোমার মন পরি( ার জইন্যে এক খাড়া পাওর দিয়া রাখচি- আর এ্যতদূর তোমার চাতুরালী! নষ্টা, মাগী, আইজ সত্যকথা কবার নাগবে- কেমন করি তুই

কি করচিস!

দুবুলা (গান)

প্রাণ মোর যাউক থাউক রে,
এ দেহ খাউক মোর শকুন শৃগালে,
সুখের সময় বিধি জোড়া ভাঙ্গিলে।
কাঁও নাখন্ডাইল মোর কপালের দুঃখ
কি সুখ আছে নারীর স্বামী হৈলে বৈমুখ।

রাজাঃ শয়তানি, তোর ওগুলা কান্দোনোতে চন্দ্রকেতু রাজা আর ভুলবার নোয়ায়- তুই জানিস- পদ্মের পাতার জলের মতো তোর জীবন এ্যালা টলমল কইরবার নাইগচে মোর হাতোৎ। না, আগোৎ সেই লম্পট সদাগরোক চাই। বেইমান, নিমকহারাম। এই বাদে তলে তলে ভজনা করি তুই বন্ধু পাতাচিস্? র( া নাই, আর কিছুতে র( া নাই। যমের হাত এ্যাড়ে বাচিব পারেন, তবু মোর হাতোৎ আর এবার তোমার এড়ান নাই।

দুবুলা যান না, যান না, প্রভু। চাঁনমলের তো কোন দোষ নাই। উঁয়ায় যে বন্ধু। না, না, এত লাঞ্ছনা আর সহ্য হয় না- মুঁই নারী আপনার মরণ আপনে করিম। এই পাষাণোৎ মাথা আছরে মরিম। উঃ, স্বামী! অভাগী দুবুলার স্বামী, প্রভু, বিদায়, বিদায়।

মূলপদ এই মতে দুবুলাবালী পরাণ ত্যাজিল,
চঁনমলের দেখ তবে কিবা দশা হইল।

চঁনমল দুঃখ সুখ পারসি দুবুলা ছিলাম দূরদেশে,
কি করিতে কি করিলেন, কি বা হইল শেষে।
জন্মোর মতো তোমার সঙ্গে না হইবে আর দেখা,
বুঝিলাম, বুঝিলাম সব বিধাতার লেখা।
একি, একি, দুবুলা আর হইলোকে নাই,
দাড়াও, দাঁড়াও সাথী, আমি সঙ্গে যাই।

মূলপদ হায়রে, করমের লেখা, কিসে কি বা হইল,
দুবুলা দুবুলা করি চনমলপ্রণ বিসর্জন দিল।
হেনকালে কইরলেন রাজা মহলে প্রবেশ





# মদনকুমার মধুমালা

।।বন্দনা।।

আইসেক মোর সরেস্বতী রথে ভর,
যৌযোগাড়ে নামিয়া আইসেক মোর সভার ভিতর
মোর সভা ছাড়িয়া যদি অন্যের সভায় যাবো
আরো কিছু কিরা না দোং ধর্মের মাথা খাবো
তুমি বলে ছাড়ো আমি না ছারব বাজনা
নেপু( হয়া চরণে বাধিবো
মাকো যদি লজ্জা দেব ভরন সভার মাঝে
তুমি একদিন লজ্জা পাবে দেবের সমাজে
আইসেক আইসেক মাও মোর দয়া করিয়া
আজি থেকে মা তোক মু না দিম ছাড়িয়া

মূল হায় ভগবান এ যে বন্দনা গানের কতা রইল ভালে ভালে মদনকুমার মধুমালার পালা গান শুনির নেয় সকলে-

এই যে কি করিবে মদনকুমার কুন যে কর্ম করে
কোথায় মধুমালা মধুমালা বলিয়া লাইগছে ডাকাইবার
মধুমালা আসিয়া স্বামীর সঙ্গে কথাবার্তা লাইগছে বলিবার।

।।প্রথম দৃশ্য।।

মদনকুমার- মধুমালা মধুমালা, আজি উজানী নগরে বাণিজ করিবার আসিয়া তোক মুই বিয়াও করাচুং। আজি মুই বাড়ি যাবার চাং, তুই মোক বিদায় দে।

মধুমালা- স্বামী- স্বামী, যান, মুইও তোমার সাথত যাইম।

মনদকুমার- ।। গান।

শুনো শুনো মোর প্রাণপ্রিয়া
বলং যে তোমারে,
আমি আজি চলি যাবো

আপন মহলে।
বারো বছর লাগে প্রিয়া
দরিয়া পার হইতে
কেমন করি যাবে প্রিয়া মোর নায়ে সাথে
পঞ্চমাসি গর্ভবর্তী তোমারো উদরে
কেমন করি যাবে প্রিয়া মোর নায়ে সাথে।

মদনকুমার- মধুমালা, মধুমালা তুই যদি সাথত যাবার চাইস বারো বছর লাগে দরিয়া পাড় হইতে, কেমন করি যাবু তুই মোর নায়ে সাথে।

মধুমালা-না না স্বামী, মুই তোমাক ছাড়া রবার পাইম না, মুই তোমার সাথত যাইম।

।।গান।।

হস্ত ধরং পায়সে পড়ং
মিনতি চরণে
দয়া করি নিয়া যাও
তোমারো না সাথে।

মদনকুমার- মধুমালা তুই যদি ছচায় যদি মোর সাথত যাবার চাইস। তাইইলে তোর বাবার কাছ থাকিয়া হংস পাখি যদি নিবার পাইস তাহইলে তোক মুই সাথত নিয়া যাইম।

।। দ্বিতীয় দৃশ্য।।।

মূল-এদিকে কথা রইল ভালে ভালে
এবারে চাটগাড সদাগরের কথা শুনিয়া নেও সকলে।

মধুমালা- বাবা, বাবা তোক মুই একটা কথা কবার চাং।

সদাগর-কি কবার চাও মাও , তুই মোক কি কবার চাইস।

মধুমালা-বাবা, বাবা মুই স্বামীর সাথত স্বামীর দ্যাশ যাবার চাং( আর যাবার সময় হংস পাখিটা তোর ভি( া চাং।

সদাগর-না না মা, তোক মুই হংস পাখিটা দিবার পাইম না। তোক দিয়া মুই কেমন করি চলিম।

মধুমালা-বাবা, আজি তুই যদি হংস পাখি ভি( া না দিস। তুই তো জানিস বাবা স্বামীক ছাড়ি মুই থাকির পাইম না। স্বামী মোর চলিয়া গেইলে নিজের জীবন





মুই নিজে শ্যাষ করিম।

সদাগর-না মা না, তোর মরন মুই দেখির পাইম না। যা মা আজি থাকি হংস পাখি দিলুং।

।। তৃতীয়।।

মধূমালা- মা-মা মাগো, কোথায় আছিস মা জননী দেখা দে আসিয়া, আজি থাকি যাইম মুই (শ্বশুরবাড়ি চলিয়া।

না মা মধুমালা, তুই মোর একমাত্র বেটি, তুই চলি গেইলে মুই কেমন স্বামীর সাথত স্বামীর দ্যাশত চলিয়া যাইম।

মা- মাও মধুমালা তুই কি ছচায় যাবার চাইস? যাবার সময় তোক একটা মুই কথা কবার চাং। মোর সাথত এখান শ্রী কাটারি আছে, এই শ্রী কাটারীখান তোক মুই দিবার চাং। কোনদিন যদি বিপদত এই শ্রী কাটারি তোক বিপদ থাকি উদ্ধার করিবে।

মধুমালা-স্বামী চল স্বামী, চলো আমরা তোমার দেশে যাই।

।। চতুর্থ।।

(হংসার পিঠে চড়িয়া মদনকুমার ও মধুমালার দেশে যাত্রা করিলো।)

গীদাল-হায়-হায় ভগবান,
মধুমালা মদনকুমার কোনসে কর্ম করে,
দড়িয়ার মাঝখানে মধুমালা প্রসব বেদনায় লাগিচে কান্দিবারে।

মধুমালা-স্বামী, স্বামী মুই যে প্রসব বেদনায় আর বাচং না, তোমরা হংসার পিঠিত থাকি নামান।

(মদনকুমার মধুমালা হংসার পিঠ থাকিয়া মাটিতে নামিলো মধুমালার বাচ্চা প্রসব হইলো।)

মধুমালা-স্বামী-স্বামী শীতের জ্বালায় মুই বাচং না, তোমরা খানেক আগুন আনিয়া মোক বাঁচান।

মদনকুমার-হংস তুই একটা কাজ কর, খানেক আগুন আনিয়া মধুমালাক বাঁচাও।

হংসা- ঠিক আছে মুই এলায় চলিয়া যাং যেটে থাকি হউক খানেক আগুন দিম।

গায়ক-হায় ভগবান কি করিবে হংস পাখি কোনসে কর্ম করে, হালুয়া

ভাইয়ের কাছে হংস পাখি লাইগছে যাইবারে।

হংসা- কোথায় হালুয়া ভাই হালুয়া ভাই তুই খানেক মোক আগুন দে, আমার মধুমালা শীতের যাতনায় বাঁচে না, তুই খানেক মোক আগুন দে।

হালুয়া-হংস-ভাই, তুই কেমন করি আগুন নিয়া যাবু। ঠিক আছে হংসা, মুই হাল বাড়িত ভূতি আনিচুং, এই ভুতিটা তোর পাখাত বান্দিয়া দিলুং, এই অগুন ধরিয়া তুই চলিয়া যা।

গায়ক-ওহো উপনীত হইলো হংস অর্ধ রাস্তার মাঝেপাখা পুড়িয়া রইলেক হংস অর্থ রাস্তার মাঝে।

মধুমালা-স্বামী, স্বামী মুই শীতের জ্বালায় বাচং না, হংস পাখি এলাং আসিলেক না। যাও যাও স্বামী খানেক আগুন আনিয়া তোমরা মোর জীবনটা বাঁচান।

মদন-মধুমালা, মধুমালা ওই যে সাগরের মাঝখানে কায় বা চেচেবার ধরিছে, তোমরা কায় বাহে চেচেবার ধরিছেন। মোক খানেক আগুন সাহায্য করো বাহে। মোর মধুমালার জীবন বাঁচে না। তোমরা মোর মধুমালাকে বাঁচান বাহে।

সদাগর-দুলা মাঝি দড়িয়ার মাঝখানে কায়বা চেচেবার ধরিচে, তোমরা যাও যাও খানেক দেখিয়া আইসো কায়বা বিপদে পড়িছে।

দুলা মাঝি-ঠিক আছে সদাগর আমরা এলায় যেয়া দেখি আসি।

দুলা মাঝি-সদাগর, সদাগর ওটে কিছুই নাই ঔলা হৈল ভূত-পেত্তানী। আমাক ছলনা করিবার জন্যে উমরা চেচেবার ধরিছে।

মদনকুমার- তোমরা কায় আছেন বাহে, তোমরা কায় আছেন। তোমরা মোক খানেক আগুন দিয়া মোর মধুমালাক বাঁচান।

সদাগর-দুলা মাঝি, দুলা মাঝি কায়বা না কায় বিপদত পড়িছে, তোমরা মোক ফাঁকি দিবার ধরিছেন। এবার মুই নিজে যাইম। তোমরা কায় কোটে বাঁচেবার ধরচেন বাহে মুই নিজে আসিচুং তোমরা কায় কোটে বিপদত পড়িছেন, তোমরা এলা আইসো।

মদন-মুই বিপদত পরিচুং মুই ডেকেবার ধরিচুং। খানেক আগুন দিয়া তোমরা মোক সাহায্য কর।

সদাগর-কি হইচে আগুন দিয়া কি করিস।

মদন- মোর বৌয়ের বাচ্চা হইচে, উয়াক খুব ঠাণ্ডা ধরিছে, খানেক আগুন





দিয়া মোর মধুমালাক বাঁচান।

সদাগর- আইসো, আইসো তোমরা মোর ডিঙিৎ চর, তোমাক আগুন দিয়া সাহায্য করিম। আচ্চা কন, তোমার বাড়ি কোটে? তোমার বাপের নাম কি? তোমার কোটে যাইবেন?

মদন- শোনো সদাগর মোর বাড়ি হইলেক ভাটি নগরে। মোর বাবার নাম দণ্ডধর সদাগর। মুই বাণিজ করির গেছুং উজানী নগরে, উজানী নগরে বাণিজ করির যাবার ধরিচুং তাতে মধুমালার প্রসব যাতনা উঠে, হংসাক নামেয়া মোর মধুমালা প্রসব করে, মোর মধুমালা শীতের জ্বালায় বাঁচে না, হংসক পাঠেয়া দিলুং আগুন আনির জন্যে সে হংসা মোর আজিও ফিরি আসিলেক না।

সদাগর-মদনকুমার... শোন শোন মদনকুমার, যেদিন মুই ভাটি নগর বাণিজ করিবার গেছুং, বাণিজ করিবার যায়া তোর বাবার সাথৎ মুই সখা করিচুং। মুই তোর তাওয়াই বাবা, মুই তোর বাড়িত থুইয়া আসিম।

মদন- তাহইলে তোমার তাওয়াই বাবা। আজি থাকি মোর কোন চিন্তা নাই।

গায়ক-ও হো ও ও

সুবুদ্ধি ছিলো সদাগরের ভূ-বুদ্ধি আসিলো, মদন কুমারক কীভাবে দড়িয়াৎ নি( প করিবে ষড়যন্ত্র করিতে লাগিলো।

।। ষষ্ঠ দৃশ্য ।।

সদাগর-দুলা মাঝি, দুলা মাঝি তোমার আজি একটা কাজ করা খাইবে, মদন কুমারের হাত ঠ্যাং বান্দিয়া দড়িয়াৎ ভাসেয়া দেওয়া খাইবে।

দুলামাঝি- শোন, শোন মদনকুমার আমার একটা কথা শোন, আমার কোনো দোষ নাই আজি তোর হাত ঠ্যাং বান্দিয়া দড়িয়াৎ নি( প করা খাইবে।

মদন- ভাই দুলা মাঝি তোমার হাত পাও ধরিয়া কং, তাওয়াই বাবার কি অন্যায় করিচুং। তোমার মোর হাত ঠ্যাং বান্দিয়া দড়িয়াৎ ভাসে দিবার চান। গায়ক (হাক)- হায়রে...কি করিবে দুলা মাঝি বান্দিয়া মদনকুমারক দড়িয়াত নি( প করিলো।

মধুমালা- হায় ভগবান, হায় নারায়ণ মুই এলা কি করং, মোর স্বামীর হস্তপদ বান্ধিয়া দড়িয়াত নি( প করিয়া দিলে মুই এলা বাচাটাক নিয়া কি করং তুই মোক বাঁচাও ভগবান, তুই মোক বাঁচাও। বাড়ি থাকি সময় একান শ্রী কাটারি দিছে,

আর মাও মোক কইছে যদি কোনদিন বিপদে পড়িস শ্রী কাটারিখান তোক র( া করিবে। সত্যের শ্রী কাটারিখান স্বামীর হস্তের বন্ধন কাটিয়া দিবু।

অসত্যের কাটারি হবু দড়িয়ার ভাসিয়া যাবু। যদি মুই সত্যি সত্যি সতী নারী হয়া থাকং সীতার চুল একান সাগরৎ ফেলেয়া দিলুং সত্যের চুল তুই সাগরৎ রাজসড়ক বান্ধিয়া দিবু। অসত্যের চুল হবু সাগরৎ ভাসিয়া যাবু। সদাগর- শোন শোন মধুমালা তোর হস্তপদ বন্ধন করিয়া দড়িয়াৎ নি( প করিচুং তোক নিবার জন্যে। মধুমালা-একি! তোমরা না মোর তাওয়াই বাবা, তোমরা আজি এমন কথা কেমন করিয়া কন, বাড়িৎ কি তোমার মাও বোইন নাই?

সদাগর-না, মুই তোর তাওয়াই বাবা না হং, তোক নিবার মদন কুমারক দড়িয়াৎ নি( পে করিচুং।

মধুমালা-তাওয়াই বাবা তোমাক মুই একটা কথা কবার চাং, ছয়মাস মোর স্বামীর জন্য ব্রত করির চাং, ছয়মাস পড়ে যদি মুই স্বামীর দেখা পাং, স্বামীর সঙ্গে মুই চলিয়া যাইম। আর যদি মুই ছয়মাস পড়ে যদি স্বামীর দেখা না পাং তোমাক মুই স্বামীতে বরণ করিম।

সদাগর-ঠিক আছে তোমার কথাই হবে।

।। সপ্তম দৃশ্য।।

(মদনকুমার সাগর হইতে পাড়ে উঠিলো, মাণিক নগরের রাজবাড়ি গিয়ে দেখতে পেল মাণিক নগরের রাজকন্যার স্বয়ম্ভর সভা)

মদন- একি রাজবাড়িতে স্বয়ম্ভর সভা।

(মদনকুমার স্বয়ম্ভর সভায় প্রবেশ করে বসে পড়ে, রাজকুমারী মদনকুমারকে দেখে তার রূপে মুগ্ধ হয়ে মদনকুমারের গলায় রবমাল্য দেয় ও মদন মানিক নগরের রাজা হয়। সিংহাসনে বসে রাজা হওয়ার কথা ঘোষণা করে।)

মদন- উজান থেকে ভাটিতে যে যাবে আমার দেখা করবে, আর ভাটি থেকে উজানে যে যাবে সেও দেখা করে যাবে।

(মানিকপুর শহর)

মদন- তোমার বাড়ি কোথায়? মেয়েটি তোমাকে কে?

সদাগর-আমার বাড়ি ভাটি নগরে( আর ইয়ার মোর বউ।

মদন- শোন, সদাগর যে কথা কইল সে কথা কি সত্য।

মধুমালা- না-না মহারাজ তোমার বি(্বাস করো ইমরা মোর স্বামী না হয়(





ইমরা ছলনা করিয়া মোক আর স্বামীকে নৌকাত তুলিছে, নৌকাত তুলিয়া মোর স্বামীর হাত-পাও বান্ধিয়া সাগরৎ ফেলেয়া দিছে।

মদন-ক,ক, কইন্যা তুই সব কথা ক, মুই এই রাজ্যের রাজা, তোর কোন ভয় নাই।

মধুমালা- মোর বাড়ি উজানি নগরে, বাবার নাম বাসিগর সদাগর, মোর স্বামী আর মুই হংসার পিঠি চড়ি বাড়ি যাবার ধরিচুং আর এমন সময় প্রসব যাতনায় মুই বাচং না। হসং পাখির মোর স্বামী পাঠেয়া দিছে। আগুন আনিবার। হংস পাখি আজিও ফেরে নাই। আর এই সদাগর তাওয়াই বাবা পরিচয় দিয়া আমাক নৌকাত তুলিয়া স্বামীর হাত পাও বান্ধিয়া দড়িয়াত ভাসেয়া দিয়া মোক নিবার চায়। সেলা মোক কয় তাওয়াই বাবা না হয়। তারপর মুই এলা কি করং, মাও আসিবার মোক একখান শ্রী কাটারি দিছে। আর কইচে যদি কোনদিন বিপদে পড়িস শ্রী কাটারি তোক বাঁচাবে। শ্রী কাটারি সাগরৎ ফেলেয়া দিয়া কং সত্যের শ্রী কাটারি হবু স্বামীর বন্ধন কাটিয়া দিবু। অসত্যের কাটারি হবু দড়িয়াত ভাসি যাবু। ফেলেয়া দিলুং একান সীতার চুল। সত্যের চুল হবু দড়িয়াৎ। রাজসড়ক বান্ধিয়া দিবু অসত্যের চুল হবু দড়িয়ায় ভাসিয়া যাবু। এই কথা কয়া মুই সদাগরের কাছে সময় নিচুং। ছয়মাস পড়ে যদি স্বামীর দেখা পাং স্বামীর সাথৎ চলিয়া যাইম। আর ছয়মাস পড়ে যদি স্বামীর দেখা না পাং তোমাকে মুই স্বামী বলিয়া মানিম।

মদন- বুজিছুং আজি মুই তোর সব কথায় বুজিছুং,(রাজ পোষাক খুলে দেয় রাজা) দেখতো মোক চিনিবার পাইস নাকি। মোর নাম মদনকুমার। শোন, সদাগর, দুলা মাঝি তোমার যে অন্যায় করিছেন, তার জন্যে তোমাক মুই এমন শাস্তি দিম, দুনিয়ার মানষিগিলা যেন এমনকাজ না করে। শোন দুলা মাঝি, ওরে শালার বেটা, ওরে শালার বেটা, তুই যে ব্যটা চাকরি করিস ওরে শালার বেটা তারাই খাচ্ছে মাছ, মাংস তোর দিচ্ছে ঠোঁটা কাটা, ওরে শালার বেটা। তারাই খাচ্ছে দধি দুগ্ধ তোরে দিচ্ছে কাছ কলা ওরে শালার বেটা।

মদন- শোন সদাগর তুই মিথ্যা কথা যে মোক নৌকাত তুলিয়া অন্যায় করিছিস তুই যে মোক শাস্তি দিছিস, তার জন্যে তোক আজি মুই এমন শাস্তি দিম দুনিয়ার মানষিলা যেন মানষি হয়। শোন সদাগর, দুলা মাঝি তোমাক আজি এমন শাস্তি দিম আজি থাকিয়া ( মা করি ছাড়িয়া দিম না যে অন্যায় করিছেন মুই ( মা করিম না। এই কথা কয়া যাং মুই...

শব্দার্থ

১. ভুতি-খড়ের তৈরি আগুন রাখার দড়ি বিশেষ, ২. চেচেবার-চিৎকার।

পালাটি বাঁশী গীদাল (৫০), তুফানগঞ্জ, কোচবিহার থেকে সংগৃহিত।

সংগ্রহ করেছে বাংলা বিভাগ উত্তরবঙ্গ বি্বেবিদ্যালয়ের গবেষক ছাত্রী মৌসুমি দাস।





# করিম বাদশা

।। আসল বান্দনা।।

একবার আসোরোতে আইসা ধর্ম্ম নিরাইঞ্জন আইসো নিরাইঞ্জান
আইসো নিরাইঞ্জন তোমার নাম করিলাম শরণ
তুই আসোরোত হাসি হাসি আইসেক নিরাইঞ্জন।
তোমাক আসির নাইগবে আসরের মইধ্যত
তুই মুসলমানের পির হিন্দুর শ্রীহরি গোসাই
তুই আসোরোত হাসি হাসি আইসেক নিরাইঞ্জন।
এ সব হইতে যে সব কথা যাউক বারে ভালে ভালে
করিম বাদশার দুই চাইর কাথা শুনি সকলে।

।।ধুয়া।।

গু( গো হোইলেন ঘরেগো রইসে
আসরে পাঠাইলেন বৈদ্যাশে।
তমার দ্যাশে যাবো গু( গো
সোদায় আমার প্রাণ গো কান্দে,
গু( আমার লেও লেও সঙ্গে
এই দেহ গোটাছেন গু( গো
কামিনী কাঞ্চন গো লোভে
গু( আমায় লেও লেও সঙ্গে।
করিম নামে বাদশা ছিল কেনোয়ার শহরে
তাহার মতন ধনবান নাই রে পিথীবীর মাঝারে।
ধনে উঠন ধনে বইসন ধনের সিংহাসন
ধন দিয়া বান্দিতে পারে দরিয়ার আধখান।
ধন দিয়াছে দা(ণ বিধাতা ধন দিয়াছে পুরা
পুত্র বিনে করিসে বিধাতা জলমের আটখুরা
এদিকে তখন করিম বাদশা ভাবে মনে মনে
দেওয়ার দেওয়ার বলিয়া তখন লাগিয়ে ডাকিবারে।

বাদশা-কোথায় দেওয়ার কোথায় তুই?
দেওয়ার-তমার চরণত পরনাম বাদশা জি-
মোক ডাকাইছেন বাদশা সাহেব।
বাদশা- তবে শুন আজি থাকি সাতদিন হোইল ঝা(দার কেনে যে আসিল না।
তুই তারাতারি চলি যায়া খবর দে।
।।পয়ার।।।
হায়রে-কি করিবে তখন দেওয়ার বিলাম্ব না করিল।
ঝা(দার ঝা(দার বলি তখন ডাকিতে লাগিল।।
এক বা ডাকো দুইবা ডাকো ডাক বা তিনো দিলো।
আর ফিরনা ডাকে ভেলা শুনিবারে পালো।।
দেওয়ার- কোথায় ঝা(দার কোথায় তুই।
ঝা(দার-তুই কায় রে তুই কায়?
দেওয়ার-আরে তুই মোক চিনিলু না, মুই করিম বাদশার দেওয়ান।
ঝা(দার- ও দেওয়ান সাহেব, তবো চরণে পরনাম।
দেওয়ান-আরো তুই সাতদিন হয়া গেইল, রাজার বাড়ি ঝা( দিবার কেনে গেলুনা,
সেই কাথাটা আগোত ক,তো।
ঝা(দার- দেওয়ান সাহেব ভয়ে বলব না নিরাভয়ে বলব।
দেওয়ান-নিরাভয়ে বলো।
ঝা(দার-তবে শুনো সোকালে উঠিয়া যেবা দ্যাখে আটখুরা রাজার মুখ।
দিন মনে যায় কামে কাজে ভোজনের নাই সুখ।।
ইয়াতে যুদি রাইজ্য ছাড়ি যাবার নাগে তেও যাইম।
তেও রাজার বাড়ি আর না যাইম।।
।। পয়ার।।
হায়রে কি করিবে তখন দেওয়ান বিলাম্ব না করিল।
রাজার দরবার বলি যাইতে লাগিল।।
দেওয়ান- মোহারাজা তবো চরণে বন্দকি।
বাদশা-আশুর্বাদ দেওয়ান। বলো...
দেওয়ান-ভয়ে বলব না নিরাভয়ে বলব মহারাজা।





বাদশা-নিরাভয়ে বলো দেওয়ান।
দেওয়ান-তবে শুন মহারাজ.......সোকালে উঠিয়া যেবা দেখে আটখুরা রাজার মুখ।
দিন মনে যায় তার কামে কাজে ভোজনের নাই সুখ।।
এই জইন্যে ঝা(দার তোমার বাড়ি আইসে নাই। তমা আটখুরা, তমার ছাওয়া ছোটো নাই।।
বাদশা-এই কথা ঝা(দার বলছে। হায় খোদা তুমি আমাকে একটি পুত্র দিয়ে আটখুরা নাম দূর কর খোদা। সামাইন্য এক ঝা(দার আমাকে আটখুরা বলে ভৎর্সনা করছে। হে প্রজাগণ তমরা এই রাইজ্যে বাস কর। আমি খোদায় দরবারে যাবো অদিষ্ট পরী(া কইরবার জইন্যে। দেওয়ান তুমি আমার বেগম সুন্দরীকে সংবাদ পাঠাও।
দেওয়ান-ঠিক আছে মহারাজা, ঠিক আছে।
বেগম-একি নাথ একি ব্যাস তমার, কি হোইসে তোমার।
বাদশা-পিয়া, তুই মোক বিদায় দে পিয়া, মুই খোদার দরাবারত যাইম।
।।গান।।
পেরান পিয়া গো ওগো পিয়া
বিদায় দেও বিদায় দেও পিয়া গো।
বিদায় দেও মোরে
খোদার দরবারে যাবো।
বলিলাম তমারে গো।
বেগম- সোয়ামী সোয়ামী কুন পেরানে মুই তমাক বিদায় দিম।
।। গান।।
মুই কেমনে বিদায় দিম গো, ওগো পেরান সোয়ামী।
পু(ষের বল হোইল টাকাকড়ি হে
নারীর বল হোইল সোয়ামী হে
ও প্রাণো সোয়ামী।
গাছের বল হোইল লতা-পাতা হে
মাছের বল হোইল পানি হে
ও প্রাণো সোয়ামী।

।।পয়ার।।
হায়রে কি করিবে কালু তখন বিলাম্ব না করিল।
গাজী গাজী বলি ডাকিতে লাগিল।।
কালু-তবে শুনো গাজী ভাই বাদশা যদি যায় খোদার দরবারে।
জহুদ না থাকি মোর ভর দুনিয়ার পরে।।
গাজী-তবে কী করিতে হবে।
কালু-তুমি বামনের বাসুয়া রূপ ধারণ করে তাকে রাজমহলে ফিরি দ্যাও।
।। পয়ার।।
হায়রে কালুর মুখেতে গাজী এতেক শুনিল।
বামনের বাসুয়া তখনে ধরিল।।
বাসুয়া-হে বাদশাহজি তুমি কোথায়, চল।
বাদশা-তুই কায়, মোক বাদশা বুলি ডেকাইস,মুই বাদশা না হও।
বাসুয়া-তবে শুনো বাদশা। সাথে তোমার বেগম সুন্দরী,
খোদার দরবারে যায়া কুনয় লাভ হোবে না।
মুই দেখির পাং রাণী এক মাসের গর্ভবতী।
তুমি আজকে যদি যাইতে পারো পারো রাজদরবারে।
দুইটি পুত্র জন্ম হোইবে রাণীর বদন কালার পরে।।
বাদশা-তবে শুনো বাসুয়া তোমাকেও মোর সঙ্গে যাইতে হবে।
।। রাগিনী।।
হায়রে এদিকে তখন করিম বাদশা বিলাম্ব না করিল।
আর নিজের  মহল বলি তখন যাইতে লাগিল।।
বেগম-নাই পালাং নাই পালাং দেওয়ার নাই যাং কুনঠে।
মুই নারীটা গেসুং দেওয়ান তীর্থ করিতে।।
আর-বাড়িতে দেউনিয়াগিলা কয়ছে মোক।
তমরা হইলেন দেওয়ান চাষারিয়া লোক।।
উপাসনা না হোইতে তীর্থ করা বড়য় দোষ।।
।।গান।।
এক মাস হোইল গর্ভ জানি বা না জানি।
দুইও মাস হোইল গর্ভ লোকের মুখে শুনি।।





তিন মাস হোইল গর্ভ তিথিয়া খনে খন।
চাইর মাস হোইল গর্ভ মিতৃকা শায়ন।।
পঞ্চমাস হোইল গর্ভ পঞ্চশরি গায়।
ছয়মাস হোইল গর্ভ মনুরা চিয়ায়।।
সাত মাস হোইল গর্ভ সাতো খাইতে চায়।
আট মাস হোইল গর্ভ মনুরা চিয়ায়।।
নয় মাস হোইল গর্ভ নব ভগু স্মৃতি।
দশ মাস হোইল গর্ভেতে বসতি।।
দশ মাস দশ দিন পূন্য হয়া গেল।
শুভ ( নে দুইটি পুত্র জনম হোইল।।
।। ধূয়া।।
তুই মোর ভাবের দেওরা।
দিনা চারিক জ্বর হয়া
খাবার মোনাইসে মোক জম্বুরা।
খুউব মোজা জামুরি, কারেঙ্গা, তিতলি।
কায়রে দিবে মোক আনিয়া।
আর নিত্য ফম পড়েছে।
পানের বাট্টাখান দেখিয়া।।
বন্ধু যদি থাকিল হয়, শুলকিয়া দিনু হয় হুকা।
আর নিত্য নিত্য ফম পড়েছে।
পান বাট্টাখান দেখিয়া।।
বাদশা-একি  দাসী, কি সংবাদ?
দাসী-বাদশাহজি ভয়ে বলল না নিরাভয়ে বলব।
বাদশা-নিরাভয়ে বল দাসী কী সংবাদ।
দাসী-রাণীমার গর্ভে দুটি পুত্র সন্তান জন্ম হয়েছে।
বাদশা-তবে বাসুয়া ছেলে দুটির নাম কী রাখতে হবে?
বাসুয়া-বড়ছেলের নাম সাহেব আলি।
ছোট ছেলের নাম বাহের আলি।
বাদশা-তবে শোন দেওয়ান তুমি ঢোল পিটিয়ে দেও যে, বাদশাহর দুইটি পুত্র

সন্তান জন্ম হয়েছে। তার অন্নপ্রাশন দাওয়াতে সবাই আসবে।
দেওয়ান- ঢোল রে ঢোল, ঢোল-কিসের ঢোল? যত প্রজাগণ আছেন সোগায়
যাবেন রাজার বাড়ি অন্নপ্রাশান খাবার।
ফকির মন্ত্র- লয়লাহা ইল্লালাহা মাহমদের (চ(ল্লা
এই কলেমা পড়াইল পরনের বুলবুল।
আল্লা পরানের বুলবুল
মাছ খাইলাম, মাংস খাইলাম আরো খাইলাম মুরগি
আল্লার নামটি পড়াইয়া মাথায় দিলাম টুপি।
ফকির- মাও ফকিরের গবর নেও
চাটি বেড়ায় ধ্যাক ধ্যাক করি নাগে দ্যাও।
।। পয়ার।।
এলা পাইলা বেটার ভাত ছোয়ানি
কি কি দিবু দান।
এলা সিনি বুঝি মরে মোর
ভাবের দেওরার মন।
হায়রে কি কোরিবে কালু তখন বিলম্ব না কোরিল।
আর রাজ দরবারে যায়া ঘন্টা বাজাইল।।
দেওয়ান-এ ফকিরের ঘর, কেনে ঘন্টা বাজাইলেন তোমরা কী চান?
ফকির-বাবা মুই এক মুঠি খাবার খাইম। আর এই ঝুলিটা ভত্তি কোরি ভি(া
নিয়া অইন্য দ্বারে যাইম।
।।পয়ার।।
হায়রে খোদার নাম শরণ কোরি কালু ঝুলি ঘুরাইল।
আর আড়াই আঙ্গুলে ঝুলি খালি হয়া গেল।।
দেওয়ান- বাদশাহজি এই ফকিরের আড়াই আঙ্গুলের ঝুলি ভত্তি হচ্ছে না।
বাদশা- তবে ফকির সাহেব কী দিলে তমার আড়াই আঙ্গুলের ঝুলি ভত্তি হোবে।
কালুগাজী- তিনপদ ভূমি বাদশাহজি।
বাদশা-তবে তাই হবে ফকির সাহেব। তাই হবে।
।। গান।।
রাম বল হরিবল মুকুন্দ মুরারি





করিম বাদশাহের পালা শ্যাষ হোইল
ডাকিয়া বল হরি হরি হরি।

শব্দার্থ

১. গেসুং-গিয়াছি,২. ভাত ছোয়ানি- অন্নপ্রাশন।

যতিন রায়(৫২), হরিদাস রায় (৪৬), গাদং, ধূপগুড়ি, জলপাইগুড়ি থেকে সংগৃহীত।

সংগ্রহ করেছেন- বি(েজিৎ রায়, গবেষক, বাংলা বিভাগ, উত্তরবঙ্গ বি(েবিদ্যালয়।

কাচা পাকা পিরিতি দুবুলার এইখানে হইল শেষ।

# ৬. কুশান ঃ রাবান গান (FOLK-DRAMA)

## ল( নের শক্তি(শেল পালা

রাম বন্দনা ঃ গান/১

ওহো রে ভরসা হে কৈরাছি হে রাম
তোমার চরণ দুইখানি।
রাম ভাব রাম চিন্তা রাম কর সাম।
ভেবে দেখ রাম নাম বিনে গতি নইরে আর।।
এমন রামের নামের গুণ কি দিব তুলনা।
পদস্পর্শে শিলা নর, নৌকা হয় সোনা।।
রাম নাম লৈয়া যেবা পন্থ বইয়া যায়।
ধনুর্বাণ লইয়া রাম তার পিছে পিছে ধায়।।
এমন রামের গুণ কি বর্ণিতে পারি।
হেলায় তরিয়া যাবে মুখে বল হরি।।
রাম নামের মাহাত্ম এখন ছাড়ান দিয়ে যাই।
গাইব লক্ষ্মনের শক্তি(শেল নিবেদন জানাই।।

১) মূলঃ ইন্দ্রজিৎ পরে রণে প্রভাত সময়।
ভয়ে রবণের আগে কেহ নাই কয়।।
গননে হইল বেলা দ্বিতীয় প্রহর।
বসিয়া মন্ত্রণা করে যত নিশাচর।।
স্থানে স্থানে বসি যুক্তি( করিছে রা( স।
কহিতে রাবণ আগে না করে সহস।।
পাত্র-মিত্র সকলেতে মন্ত্রণা করিয়া।
ভগ্নদূত এক জন দিল পাঠাইয়া।।
(রাবণের প্রবেশ)

২) রাবণঃ নর বানরের হাতে বীরশূল্য হলো লঙ্কপুরী
বীববাহু পুত্র মোর হল নিহত।





(চিন্তা করতে লাগল)
(ভগ্নদূতের প্রবেশ ও গীত/২)
বাপরে বাপ, কি হলো বাপ
কোথা গিয়ে প্রাণ জুড়াই।
দুই বেটা জুটিল আসি
মজাইল লঙ্কা আসি
ঐ বেটা প্রাণে মা(ক, আমি যেন সুখে থাকি।

৩) রাবণঃ বল( বল দূত, রণের কিবা সংবাদ?

৪) দূতঃ আমি করি যোড় হাত।
রণের সংবাদ শুন রা( সের নাথ।।
লঙ্কাপুরী বীর শূল্য হইল এত দিনে।
ইন্দ্রজিত পরে আজি ল( ণের বাণে।।
(প্রস্থান)

৫) রাবণঃ ওঃ পুত্র, মেঘনাদ!
(মূর্চ্ছা গেলেন)

৬) মূলঃ দূত মুখে শুনি ইন্দ্রজিতের মরণ।
সিংহাসন হতে পড়ে রাজা দশানন।।
উচ্চ স্বরে ডেকে বলে কোথায় ইন্দ্রজীৎ।
আছাড় খাইয়া পড়ে হইয়া মুর্চ্ছিত।।
অনেক কষ্টেতে রাজা পাইল চেতন।
চেতন পাইয়া রাজা করেন ত্র(ন্দন।।

৭) রাবণঃ ওঃ পুত্র মেঘনাদ।
রা( স কুলের চূড়া পুত্র ইন্দ্রজিৎ।
প্রাণ হারাইলে নর বানরের হাতে।।
আমার সর্বস্ব তুমি লঙ্কা অধিকারী।
পিতা দশানন তোর মাতা মন্দোদরী।।
পর্বত কন্দন কাঁপে দেখে তোর বাণ।
এক বাণে ইন্দ্রবেটা না সহিলে টান।।
ত্রিভুবনে যোদ্ধা নাই তোমার সমান।

মনুষ্যের বাণে পুত্র হারাইলে প্রাণ।।
কুম্ভকর্ণ পুত্রশোক রইয়াছে বুকে।
লঙ্কার রাবণ মরি তোমা পুত্রশোক।।
ভাই নহে চন্ডাল পাপিষ্ঠ বিভীষণ।
যজ্ঞ ভঙ্গ করি তোমার বধিল জীবন।।
যদি প্রাণ বাঁচে রাম তপস্বীর রণে।
আগে আমি কাটিব চণ্ডাল বিভীষণে।।
(প্রস্থান)

৮) মূলঃ কুড়ি চ( বারিধারা লঙ্কা অধিকারী।
ইন্দ্রজিৎ মহল বার্তা পায় মন্দোদরী।।
আছাড় খাইয়া পড়ে মন্দোদরী রানী।
উচ্চ স্বরে কান্দে দশ হাজার সতিনী।।
চেতনা পাইয়া বলে কোথা ইন্দ্রজীৎ।
দেখা দিয়া প্রাণ রাখ মায়ের ত্বরিত।।
ওরে বাপ মেঘনাদ রে .............. ওরে মেঘনাদ
আমি নানা উপহারে পূজিয়াছি মহে(ের
তোমা পুত্র পাইলাম কোলে।
(মন্দোদরীর প্রবেশ)

৯) মন্দোদরী মেঘনাদ! মেঘনাদ!
(মূর্চ্ছা)

১০) মূলঃ চেতনা পাইয়া বলে রানী কোথা ইন্দ্রজিৎ।
দেখা দিয়া প্রাণ রাখ মায়ের ত্বরিত।।

১১) মন্দোদরীঃ হে মহে(ের, আজি তুমি করিলে পুত্রহীনা।
আমি নানা উপাচারে পূজিয়াছি
মহে(ের
তোমা পুত্র পাইলাম কোলে।
কিছুদিন ছিনু সুখে এখন পড়িনু দুঃখে
হেন পুত্র পরে রণ স্থলে।।
কি মোর বসতি বাস এ জীবনে





মিথ্যা আশ
কি করিবে ছত্র, রাজদণ্ড।
কি আর পুষ্পক রথ বীর আছে যত
যত
তোমা বিনা সব লণ্ড ভণ্ড।।
হায় পুত্র মেঘনাদ আজি কেন পরমাদ
আজি যে মরিল লঙ্কাপুরী।।

১২) রাবণঃ রোদন সম্বর রানী মন্দোদরী।
সীতা লাগি মাজিল কনক লঙ্কাপুরী।
আজ সীতা কাটিয়া ঘুচাইব সব বৈরী।।
মায়া সীতা কেটে ছিল পুত্র ইন্দ্রজিৎ।
সা(াতে কাটিয়া সীতা ঘুচাইব ভীত।।
(প্রস্থান)

১৩) মন্দোদরীঃ স্বামী চলে গেল সীতারে বধিতে
না-না আমি তা করতে দেব না।
(প্রস্থান)

১৪) মূলঃ হাতে করি লয় রাবণ খরগ এক ধারা।
কুড়ি চ( হইল যেন আকাশেতে তারা।।
খরগ হাতে ধায় রাজা অশোকের বনে।
কার সাধ্য প্রবোধিয়া ফিরায় রাবণে।।
মনেতে বিচার করে রানী মন্দোদরী।
সর্বনাশ হয়েছে মজেছে লঙ্কাপুরী।।
তাহাতে রাবণ কেন স্ত্রীবধ করিবে।
রমনী বধের পাপে পরকালে যাবে।।
খড়গ হাতে ধায় রাবণ অশোকের বন।
রাবণে দেখিয়া সীতা করেন ত্র(ন্দন।।
(অশোক কানন ঃ সীতার প্রবেশ)

১৫) সীতাঃ ঐ, ঐ, আসিতেছে দশানন আমারে কাটিতে।
রঘুনাথ, রঘুনাথ, র(া কর অভাগী সীতারে।।

গীত/৩

ও প্রভু রঘুনাথ হে

কোথা তুমি রঘুনাথ তুমি হে অনাথের নাথ

ও প্রভু রঘুনাথ হে।।

দেবর লক্ষ্মণ কোথা, না শুনিনু তার কথা,

প্রভু প্রাণ যায় আজি রা( সের হাতে।

ও প্রভু রঘুনাথ হে।।

(রাবণের প্রবেশ)

১৬) রাবণঃ হা-হা-হা রঘুনাথ!

আসিবে না রঘুনাথ এই অশোকের বনে।

মায়া সীতা কেটে ছিল পুত্র ইন্দ্রজিতে।

মরে পুত্র ইন্দ্রজিত তোমার জন্যেতে।।

তোকে আনি সর্বনাশ হল লঙ্কাপুরে।

ঘুচাব সকল শোক কাটিয়া তোমারে।।

(খড়্গ তুলিল)

(পাগলিনী বেশে মান্দোদরী প্রবেশ করে ও রাবণকে জড়াইয়া ধরিল)

১৭) মান্দোদরীঃ হে লঙ্কে(র, করি যোড় হাত।

পরম পণ্ডিত তুমি রা( সের নাথ।।

বি(শ্রবা পিতা তব সংসারে পূজিত।

তোমার এ নারী বধ না হয় উচিৎ।।

একে দেখ মজেছে কনক লঙ্কাপুরী।

পাপেতে মজনা তাহে বধ করে নারী।।

(রাবণকে নিয়ে প্রস্থান- পরে সীতার প্রস্থান)

১৮) মূলঃ শোকের উপর শোক পাইল রাবণ।

বসিলে সোয়াস্তি নাই করিলে শয়ণ।।





ইন্দ্রজিৎ শোক তবু নহে পশরণ।

আপনি সাজিলে রাজা করিবারে রণ।।

পদ্ম কোটি ঠাট ছিল লঙ্কার ভিতর।

সাজিল রাবণের সাথে করিতে সমর।।

সিংহনাদ ছাড়ি রণে প্রবেশে রাবণ।

ভঙ্গ দিয়া পালায় যতেক কপিগণ।।

গয় গবা( বিন্ধিল দশ দশ বাণে।

দুই শত বান বিন্ধে বীর হনুমানে।।

(হনুমানের সঙ্গে রাবণের যুদ্ধাবস্থায় প্রবেশ, যুদ্ধ ও হনুমনের রণে ভঙ্গ দিয়া প্রস্থান)

১৯) রাবণঃ সারথী, পশুর সঙ্গে যুদ্ধ নাহি প্রয়েজন।

রথ লহ রাম আর লক্ষ্মণের কাছে

সে উভয়ে মারিয়া বানর মারি পিছে।

(প্রস্থান)

২০) মূলঃ রাবণের আজ্ঞা পেয়ে সারথী সত্বর।

চালাইয়া নিল রথ রামের গোচর।।

রথখানি আসে যেন বিদ্যুৎ চমকে।

ল( ল( স্বর্ণঘন্টা বাজে চারি দিকে।।

রথ শব্দে বানর পালাই লাখে লাখে।

পার্বতীয় পাখী যেন উড়ে ঝাঁকে ঝাঁকে।। ধনু হাতে গেল রাবণ রামের সম্মুখে।

বৈকুণ্ঠের বাথ রাম দশানন দেখে।।

(রাম, ল( ণ, বিভীষণ ওহনুমানের প্রবেশ)

২১) রামঃ মিত্র বিভীষণ!

আজিকার রণ কৌশল কি করিছে রাবণ?

২২) বিভীষণ শুন ওহে মিত্রবর,

দশানন আসিতেছে করিতে সমর।

২৩) রামঃ দশানন! শুন মিত্র বিভীষণ, শুন বৎস হনুমান,

ওরে অনুজ ল( ণ, আজিকার রণে সবাই হও সাবধান।

(রাবণের প্রবেশ)

২৪) রাবণঃ ঐ ঐ দ( ণে অ( য় তূণ বামেতে কোদণ্ড।
বিষ্ণু( অবতার রাম সুবাহু প্রচণ্ড।।
সুন্দর নাসিকা রামের চৌরস কপাল।
ফলমূল খান তবু বিত্র(মে বিশাল।।
সুন্দর ধনুক বাণ বিচিত্র গঠন।
শ্রীরামের অঙ্গে যেন দেখি ত্রিভুবন।।
যদি রামের হাতে হয়ত মরণ।
একান্ত বৈকুণ্ঠে যাব না যায় খণ্ডন।।
না-না বিরস হইয়া কেন হইব বিমুখ।
রামের সম্মুখে যাব পাতিয়া ধনুক।।
হে জটাধারী রাম, মরণের জন্যে প্রস্তুত হও।
(ধনুকে গুণ দিল)
(রামের সঙ্গে যুদ্ধ ও রামের মুর্চ্ছা)

২৫) ল( ণঃ ওরে দশানন!
আমি তোরে পাঠইব শমন ভবন।
(যুদ্ধ)

২৬) রাবণঃ ও, তুমি ল( ণ।
মোর রথের সারথীর মুণ্ড করিলে ছেদন?

তোর সাথে বিভীষণ কুলাঙ্গার?
গদা ঘাতে মোর রথের অষ্ট ঘোড়া?
(রাবণ ধনুতে টঙ্কার দিয়া বিভীষণের প্রতি)
এবার তুই নিজে র( া হ,
বংশ নাশ করিলি পাপিষ্ঠ বিভীষণ।
মারিয়া পারিব আজি রাখে কোন জন।।

২৭) বিভীষণঃ ঠাকুর ল( ণ, তুমি আমায় বাঁচাও।





২৮) ল( ণঃ নাই ভয়, নাই ভয় বিভীষণ।
রাবণের শেষ কাটি করিনু খান খান।।

২৯) রাবণঃ কি! তোর বানে বিভীষণ বাঁচে এই বার।
তোর মারিলে দেখি কে র(  এবার।।
এখনি মারিব তোরে ভণ্ড ল( ণ তপস্বী।

মৃত্যু কালে মনে কর, জানকী রূপসী।।
মা বাপেরে মনে কর বন্ধু যতজন।
মৈলে কারো সঙ্গে আর না হইবে দর্শন।।

রাম সুগ্রীবের ঠাঁই মাগহ মেলানি।
দিয়াছে অনেক যুক্তি( করি কান কানি।।
(ধনুক বান জুড়িল ও অট্টহাস্য হাসিল)
শক্তি(-শক্তি(-শক্তি(............
(শেলের সন্মুখে রামের স্তুতি)

৩০) রামঃ দেব মূর্তি শেল তুমি দেব অধিষ্ঠান।
এবার লক্ষ্মণে তুমি দেহ প্রাণ দান।।
ফিরে যাও শেল তুমি রাবণের হাতে।
ভাই দান আমি মাগি তোমার সা( াতে।।
আপনি শমন মূর্তিমান শেল তব মুখে।
ল( ণে ছাড়িয়া শেল পড় মোর বুকে।।

৩১) শক্তি(ঃ রাম চন্দ্র কেন করিছ স্তবন।
ল( ণে ছাড়িয়া নাহি মারি অন্যজন।।
থাকি আমি যার কাছে তার আজ্ঞাকারী।
যার কাছে থাকি আমি তার হিত করি।
(বায়ুবেগে ল( ণের বুকে পড়িল ও শক্তি(র প্রস্থান)

৩২) রামঃ ওরে বৎস হনুমান, উপারিয়া শেলপাট কর খানখান।

৩৩) হনুমানঃ প্রভু, আপনার আদেশ শিরধার্য।
(হনুমান শেল ধরি টানাটানি করে ও বিফল হয়)
প্রভু, শক্তি(তে নারিনু, সব ব্যর্থ হইল মোর।
৩৪) মূলঃ শেল টানিতে বানরগণ না করে সাহস।

যার টানে মরিবেন তার অপযশ।।
দিলেক ধনুক বাণ সুগ্রীবের করে।
টানিলেন গঘুনাথ শেল পাট ধরে।
বি(েম্ভর মূর্তি ধরি শেলে দিল টান।
উপারিয়া শেল পাট করে খান খান।।
৩৫) রামঃ ওহে মিত্র বিভীষণ!
এই ধনুর্বাণ তোমার করে করিনু অর্পণ।
ওরে তোরা সবাই মিলে জয়ধ্বনী দাও।
(রাম শেল উপারিয়া ল( ণকে কোলে নিয়ে কাঁদতে লাগলো)
ওরে অনুজ লক্ষ্মণ! একবার তুই আমার মুখের দিকে চেয়ে দেখ।

গীত/৪

ও-ও-মোর গুণের ভাইরে, ভাই ল( ণরে!
কি কু( ণে ছাড়িলাম অযোধ্যা নগরী।
মৈল পিতা দশরথ রাজ্য অধিকারী।।
এনেছি সুমিত্রা মায়ের অঞ্চলের নিধি।
আসিয়া সাগর পারে বাম হৈল বিধি।।
কেন বা আমার সঙ্গে এলে বনবাস।
সীতা উদ্ধারিতে আজি হৈল সর্বনাশ।।
এচেছি সুমিত্রা মায়ের অঞ্চলের ধন।
কি বলিয়া নিবারিব মায়ের ত্র(ন্দন।।
পিতৃসত্য পালিতে আইনু বনবাস।
বিধি বাদী হইল এই তাহে সর্বনাশ।।





(সুষেনের প্রবেশ)

৩৬) সুষেনঃ প্রভু, করি নিবেদন।
না কান্দো না কান্দো প্রভু পাইবে ল( ণ।।
৩৭) রামঃ সুষেন, আমি যোড় হাত করি।
লক্ষ্মণ বাঁচও আগেশোক পরিহার।।
আমার ল( ণ বিনা আর নাহি গতি।
জিয়াও লক্ষ্মণে যদি তবে অব্যহতি।।
৩৮) সুষেনঃ প্রভু, না হও কাতর।
বাঁচিবেন অবশ্য লক্ষ্মণ ধনুর্দ্ধর।।
হস্ত পদে রক্ত( আছে প্রসন্ন বদন।
নাসিকায় (াস বহে প্রফুল্ল লোচন।।
হেন জনে নাহি মরে জানি মম জ্ঞানে।
ঔষধ আনতে পাঠাও বীর হনুমানে।।
ঔষধ আনিতে যাক বীর পবন নন্দন।
ঔষধ আনিতে যাক গিরি গন্ধমাদন।।
গিরি গন্ধমাদন সে সর্বলোক জানি।
তাহাতে ঔযুধ আছে বিশল্য করণী।।
নয় শৃঙ্গ ধরে তার অদ্ভুদ নির্মাণ।
প্রথম শৃঙ্গেতে তার মহাদেবের স্থান।।
আর শৃঙ্গে উদয় করে শশধর।
আর শৃঙ্গে তিন কোটি গর্ন্ধবের ঘর।।
আর শৃঙ্গে বৃ( আছে শল ও পিয়াল।
আর শৃঙ্গে সিংহ আছে ব্যাঘ্র পালে পালে।।
আর শৃঙ্গে আছে তার খরতর নদী।
নদীর দুকুলে আছে বিস্তর ঔষধী।।
নীলবর্ণ ফল মূল পিঙ্গণ বর্ণ পাতা।
রক্ত( বর্ণ ডাটা তার স্বর্ণবর্ণ লতা।।
আনহ ঔষধ হেন বিশল্যকরণী।
রাত্রি মধ্যে আনহ ঔষধ যাবৎ আছে প্রাণী।।

রাত্রিতে ঔষধ আন বাঁচাব সহজে।
রজনী প্রভাতে প্রাণ যাবে সূর্য তেজে।।
বিলম্ব না কর বীর যাও এই ( ণ।
তোমার প্রসাদে জীবে ঠাকুর লক্ষ্মণ।।
আছয়ে গন্ধর্বসব মায়ার নিদান।
সময়েতে হনুমান হইও সাবধান।।
ত্রিশ কোটি গন্ধর্ব যে হাহা-হুহু আছে।
বাদ বিসম্বাদ তার সঙ্গে কর পাছে।।

৩৯) রামঃ সুষেন, পথ আঠারো বৎসর।
কেমনে আসিবে ফিরে রাত্রির ভিতর।।
কেন বা সুষেন বৈদ্য আমারে প্রবোধে।
আজি লক্ষ্মণ মরিলে কি করিবে ঔষধে।।

৪০) হনুঃ প্রভু, করি নিবেদন।
রাত্রিতে ঔষধ আনি জীয়াব লক্ষ্মণ।
মনে কিছু রঘুনাথ না করেন বিস্ময়।
ঔষধ আনিব রাত্রে শুন মহাশয়।।
প্রভু, প্রনাম চরণে, যাই গিরি গন্ধমাদনে।
গেলাম তথায় আমি ঔষধ কারণে।।

(সকলের প্রস্থান)

৪১) মূলঃ শ্রীরাম সুগ্রীবের কাছে মাগিয়া মেলানি।
ঔষধ আনিতে বীর করিল উঠানি।।
উভ লেজ কারিয়া সারিল দুই কান।
এক লম্ফে আকাশে উঠিল হনুমান।।
মহাশব্দে চলিল শূণ্যতে দিয়া ভর।
লাঙ্গুনের টানে উড়ে বৃ( ও পাথর।।
দশ যোজন হইল বীর আড়ে পরিসর।
বিশ যোজন দীর্ঘেতে হইল কলেবর।।
লেজ কৈল দীর্ঘাকার যোজন পঞ্চাশ।
উঠিবা মাত্রেতে লেজ ঠেকিয়া আকাশে।।





মহাশব্দ করি যায় শুনিতে গভীর।
দেখিয়া মনেতে প্রীতি পান রঘুবীর।।
দুর্জ্জয় শরীর বীর চলে অন্তরী( ়।
লঙ্কার ভিতর থাকি দশানন দেখে।।

(চিন্তিত রাবণ বসিয়া আছে)

৪২) রাবণঃ হু, এটা কীসের শব্দ?
ও, ঘরপোড়া বেটা যায় গিরি গন্ধমাদনে।
বিশল্যকরণী আছে গন্ধ মাদনেতে।।
কোনমতে নাহি দিব লক্ষ্মণে বাঁচাতে।
তবে কারে পাঠাইব গন্ধমাদনেতে।।
ও, হয়েছে স্মরণ!
ওহে মাতুল কালনেমী।

(কালনেমীর প্রবেশ)

৪৩) কালনেমীঃ ওহে ভাগ্নে রাবণ,
এত রাত্রে ডাক কিসের কারণ?

৪৪) রাবণঃ ওহে মাতুল কালনেমী!
লঙ্কাতে আমার বড় হিতকারী তুমি।।
চিরদিন করি মামা ভরসা তোমার।
আজি কিছু তুমি মোর কর উপকার।।
আজি রণে লক্ষ্মণ পড়েছে শক্তি( শেলে।
মরিবে তপস্বী বেটা রাত্রি পোহালে।।
বিশল্যকরণী আছে গন্ধমাদনেতে।
ঘর পোড়া গেল সেই ঔষধ আনিতে।।
গন্ধমাদনে গিয়া করহ উপায়।
যেমতে বানর বেটা ঔষধ না পায়।।
মায়ার প্রবন্ধে এস হনুমান মেরে।
লঙ্কার অর্দ্ধেক ভাগ দিব যে তোমারে।।

৪৫) কালনেমীঃ বাবাজী, মনে করি ভয়।
বড় দুষ্ট সে বানর ন জানি কি হয়।।

বানর প্রধান বেটা বুদ্ধিতে যে শঠ।
কেমনে যাইতে বল তাহার নিকট।।

৪৬) রাবণঃ মামা, ভয় কেন তারে।
যুত্তি( করি যাও যাতে চিনিতে না পরে।।

৪৭) কালনেমীঃ বাপুহে, যত বল মিছে।
কারো যুত্তি( না খাটিবে ঘরপোড়ার কাছে।।

৪৮) রাবণঃ মামা, কেন হও চিন্তিত।
হেন যুত্তি( আছে বেটা মরিবে নিশ্চিত।।
গন্ধমাদনের সন্ধি আমি ভাল জানি।
গন্ধকালী নামে এক আছে কুম্ভিরিণী।।
সরোবরের পাড়ে থাকে গন্ধমাদনেতে।
প্রকান্ড শরীর তার মুখ বিপরীতে।।
সুরাসুর শংকা করে দেখে কুম্ভিরিণী।
সেই ভয়ে কেহ নাহি ছোঁয় তার পানি।।
সহজে বানর জাতি বীর হনুমান।
গন্ধমাদনের এত না জানে সন্ধান।।
উহার আগে যাও তপস্বীর বেশে।
আদর গৌরব করি তুষিতে হারিষে।।
মায়াতে আশ্রম করি রেখ ফুল ফল।
কলসী ভরিয়া রেখ সুবাসিত জল।।
নানা মতে হনুমানে করিয়া আদর।
স্থান হেতু পাঠাইবে সেই সরোবর।।
অল্প বুদ্ধি হনুমান পশু মধ্যে গণি।
সরোবরে গেলে ধরে খাবে কুম্ভিরিণী।।
রাম তবে মরিবেক লক্ষ্মণের শোকে।
পালাবে সুগ্রীব বেটা পরিয়া বিপাকে।।
মায়াতে বধিয়া তারে এস মম আগে।
লঙ্কাপুরী লইব দোঁহে অর্দ্ধ ভাগে।।

৪৯) কালনেমীঃ কি বলিস রাবণ!



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

ঘর পোড়ার কাছে গেলে অবশ্য মরণ।।
পূর্বে ঘর পোড়া তোকে মারিলেক চাপড়।
রথ হইতে পড়িয়া করিলি ধরফর।।
সেই দিন আমি হলে যেতাম যম ঘর।
ভাগ্যে তুই এসেছিলি লঙ্কার ভিতর।।
প্রাণ হারাইতে পাঠাও হনুমান আগে।
আমি মৈলে লঙ্কা কেবা লবে অর্দ্ধ ভাগে।।

৫০) রাবণঃ কি? তুমি আমায় উপদেশ দিতে চাও।
আমার হাতেই তবে যমপুরী যাও।।

(অস্ত্র তুলিল)

৫১) কালনেমীঃ আহা-হা, কর কি কর কি রাবণ।
তুমি মার, সে মা(ক অবশ্য মরণ।।
বাপুহে, আমি যচ্ছি গিরি গন্ধমাদন।

(প্রস্থান)

৫২) মূলঃ চলিল সে কালনেমী রাবণ আদেশে।
গন্ধমাদনে গেল তপস্বীর বেশে।।
পবন গমনে চলে বীর হনুমান।
কালনেমী উপনীত তায় আগুয়ান।।
মায়া স্থান সৃজিল মধুর ফুল-ফল।
কলসী ভরিয়া রাখে সুবাসীত জল।।
জটাভার শিরেতে বাকল পরিধান।
হাত করে জপমালা করিতেছে ধ্যান।।

(তপস্বীর বেশে কালনেমীর প্রবেশ)

৫৩) কালনেমীঃ হা-হা-হা, ঘর-পোড়া বেটা আর
আমাকে চিনতে পারবে না।
ধরিয়াছি আমি তপস্বীর বেশ
ঐ তো ঘরপোড়া বেটা আসিতেছে।

(হনুমানের প্রবেশ)

এস বাবা এস, বড় পরিশ্রম হয়েছে, বস বাবা বস।

এসেছ অতিথী আজ বড়োই মঙ্গল।
স্নান করে এসে কিছু খাও ফল জল।
৫৪) হনুমানঃ গোঁসাই না জান কারণ।
কোন্ সুখে খাব আমি নাহি লয় মন।।
দশরথ নামে রাজা জন্ম সূর্যবংশে।
সত্যপালি দুই পুত্রে দিল বনবাসে।।
জ্যেষ্ঠ পুত্র রামচন্দ্র অনুজ লক্ষ্মণ।
পালিতে পিতার সত্য এসেছেন বন।।
দোসর লক্ষ্মণ-বীর সীতা তো সুন্দরী।
শূন্য ঘর পেয়ে রাবণ সীতা কৈল চুরি।।
বানর সহায়ে রাম বান্দিল সাগর।
কটক সমেত গেল লঙ্কার ভিতর।।
সীতা লাগী রাম রাবণেতে বাজে রণ।
রাবণের শেলে পড়ে আছেন লক্ষ্মণ।।
ঠাকুর লক্ষ্মণ পড়ে রাবণের শেলে।
প্রাণদান পাবেন ঔষধ নিয়ে গেলে।।
ফল-জল শিরে রাখি ( মহ আপনি।
ঔষধ চিনিয়া দেও বিশল্যকরণী।।
৫৫) কালনেমীঃ ও তোর ছাওয়ালীয়া মতি।
ভোকে শোকে কেমনে এ কুলাবে আরতি।।
মম স্থানে অতিথি থাকিলে উপবাসী।
সব তপ নষ্ট হয় কিসের তপস্বী।।
ঐ দেখ সরোবর তপের প্রভাবে।
উলিয়া করহ স্নান ঘুচুক বিষাদে।।
পান যদি করহ ঐ এক অঞ্জলী পানি।
এক বছর (ুধা তৃষ(া কিছুই না জানি।।
৫৬) হনুমানঃ আচ্ছা গোঁসাই, আমি সরোবরে চললাম।
(প্রস্থান)
৫৭) কালনেমীঃ হা-হা-হা, এইবার বেটাকে কুমীরে খাবে।





(হনুর প্রবেশ)
৫৮) হনুমানঃ ঐ তো সরোবর। স্থান সেরে এখনই যাব গোঁসাইর আশ্রমে।
(পুকুরে ঝাঁপ দিল- কুমির কামড়ে ধরে, কুমির সহ পুনঃ প্রবেশ)
কি! কুম্ভিরিণী তুই! দাঁড়া তবে!
তোকে নখে ধরে দ্বিখণ্ডিত করবো। কে তুই?
৫৯) গন্ধকালীঃ দেব কন্যা ছিনু আমি নামে গন্ধকালী।
দেবতার বাড়ী বাড়ী করি নৃত্য কেলী।।
কুবের নিবাসে যাই নৃত্যগীত রঙ্গে।
ঠেকিল আমার অঙ্গ দ( মুনি অঙ্গে।।
মুনির অন্ধ ত্রে(াধ, শাপ দিল মুনি।
থাক গন্ধমাদনেতে হয়ে কুম্ভিরিণী।।
ল( ল( প্রাণী মেরে করিবেক পাপ।
হনুমান হতে তোর মুক্ত( হবে শাপ।।
হইবেন নারায়ণ রাম অবতার।
তার সেবকের হাতে তোমার নিস্তার।।
চিরজীবী হয়ে সাধ শ্রীরামের কাজ।
তোমার প্রসাদে যাই দেবের সমাজ।।
আর এক কথা বলি শুন হনুমান।
ভণ্ড তপস্বীর হতে হইও সাবধান।।
(প্রস্থান)
৬০) হনুমানঃ বেটা ভণ্ড তপস্বী। আজি আমি তোকে করিব সংহার।
(প্রস্থান)
(কালনেমীর প্রবেশ)
৬১) কালনেমীঃ হা-হা-হা, বেটা ঘর পোড়াকে কুম্ভিরিণী খেয়ে ফেলেছে।
এখন যাই আমি লঙ্কার ভিতর।

অর্দ্ধ লঙ্কা ভাগ করি লইব সত্ত্বর।।
দড়ি ধরি লব ভাগ উত্তর দক্ষিণে।
পূর্ব দিকে লব ভাগ না যাব পশ্চিম।।
পশ্চিম সাগরে যদি বাঁধ ভেঙ্গে যায়।
পশ্চিমে রাবণে দিব ভাগে যত হয়।।
অশ্ব হস্তী সৈন্য রথ ভাণ্ডারের ধন।
সকল অর্দ্ধেক বুঝি লইব এখন।।
রাণীগণ আছে যত স্বর্গ বিদ্যাধরী।
তার অর্দ্ধ লব যেই ভাগে মন্দোদরী।।
(দুরে হনুমানকে দেখে)
এই হয়েছে! সব মায়া ব্যর্থ হল মোর!
(হনুর প্রবেশ)
এস বাবা এস, বড় কষ্ট হয়েছে তোমার। এই নাও ফল-জল।

৬২) হনুমানঃ রেখে দে তোর ফল-জল!
রাবণের কার্য সাধ তপস্বীর বেশে।
মম হস্তে পড়ি আজি যাব যম পাশে।।
তোর ফল ফুল বেটা টেনে ফেলে দূর।
মোর ঠাঁই আজি তোর মায়া হবে চূর।।
(তপস্বীবেশে কালনেমীর প্রস্থান, রাক্ষসবেশী কালনেমীর প্রবেশ ও যুদ্ধ)
যুদ্ধে কালনেমী নিহত।
এই বেটার মুণ্ড রাবণের সম্মুখে।
(লঙ্কার রাজসভায় পাত্রমিত্রসহ রাবণের প্রবেশ। এই সময়ে
কালনেমীর মুণ্ড রাবণের সম্মুখে পতিত হল।

৬৩) রাবণঃ একি! কিসের শব্দ?
দেখ দেখ পাত্র-মিত্রগণ!



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

কি পড়ে সম্মুখে?

৬৪) পত্রমিত্রগণঃ মহারাজ এ যে কালনেমীর ছিন্ন মুণ্ড!

৬৫) রাবণঃ কি! ঘরপোড়া বেটার কাছে
কালনেমীর সব মায়া চূর্ণ?
এখন কি করব আমি?
হা-হা হয়েছে স্মরণ
ভাস্কর! ভাস্কর!
(সূর্য্যদেবের প্রবেশ)

৬৬) সূর্য্যঃ কেন লঙ্কেশ্বর, কিবা প্রয়োজন মোর?

৬৭) রাবণঃ শুনহে ভাস্কর, উদয় হও গিয়া গিরির উপর।
তোমার উদয় হলে মরিবে লক্ষ্মণ।
লক্ষ্মণ মরিলে রাম ত্যজিবে জীবন।।

৬৮) সূর্য্যঃ দ্বিতীয় প্রহর রাত্রি হইল গগনে।
এখন উদয় বল হইব কেমনে?

৬৯) রাবণঃ তাতে ক্ষতি কি তোমার!
ও, মনে বুঝি শক্তিহীন চিন্তহ আমায়!
বল, উদয় হইবে কিনা পর্বত উপরে?

৭০) সূর্য্যঃ হে লঙ্কেশ্বর, তব আদেশ পালন করিতে।
উদয় হইতে যাই উদয় পর্বতে।।
(সকলের প্রস্থান)
(হনুমানের প্রবেশ)

৭১) হনুমানঃ ওকি! পূর্ব দিকে কিসের আলো?
দিবাকর বুঝি উদয় গিরিতে?
(রথসহ সূর্য্যের প্রবেশ)
কে, কে তুমি? ছাড়িব না পথ।

৭২) সূর্য্যঃ সারথী, রথ খান গগন মণ্ডলে।
বানরে পোড়াইয়া পড়িব ভূতলে।।

৭৩) হনুমানঃ কোন মহাশয় কিবা নাম ধর।
স্বরূপ করিয়া কহ আমার গোচর।।

৭৪) সূর্য্যঃ আমি সূর্য্য ছেড়ে দাও পথ।
উদয় হইতে যাই উদয় পর্বত।।
রজনী প্রভাত হলে মরিবে লক্ষ্মণ।
উদয় হইতে মোর পাঠায় রাবণ।।

সকল অর্দ্ধেক বুঝি লইব এখন।।
রাণীগণ আছে যত স্বর্গ বিদ্যাধরী।
তার অর্দ্ধ লব যেই ভাগে মন্দোদরী।।
(দুরে হনুমানকে দেখে)
ঔষধ আনিতে গেছে পবন কুমারে।
মারিব লক্ষ্মনে, হনু না আসিতে ফিরে।।

৭৫) হনুমানঃ হে দেব কর অবদান।
পবন পুত্র আমি নাম হনুমান।।
ঔষধ আনিতে আমি আইনু শিখরে।
এই নিবেদন করি তোমার গোচরে।।
প্রাণ দান যত( ণ না পায় লক্ষ্মণ।
তাবৎ উদয় গিরি না কর গমন।।

৭৬) সূর্য্যঃ কেবা শুনে তোমার বচন।
না পারি রাবণ আজ্ঞা করিতে লঙঘণ।।

৭৭) হনুমানঃ তুমি দেবের প্রধান।
সদয় হইয়া রাখ লক্ষ্মণের প্রাণ।।

৭৮) সূর্য্যঃ রাবণের আজ্ঞা যদি না করি পালন।
কোপেতে বিষম শাস্তি দিবেন রাবণ।।
শ্রীরামের অনুরোধে যদি ফিরে যাই।
রাবণের কোপে বল কিসে র(া পাই।।

৭৯) হনুমানঃ আছে উপায় ইহার।
নিকটেতে এসো বলি কর্ণেতে তোমার।।
তব নাম ভানু মম নাম হনুমান।
নামে নামে মিলিয়াছে দুজনে সমান।।



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

খণ্ডিবে তোমার দোষ বানরের কাছে।
সাধিবে রামের কার্য যুক্তি( হেন আছে।।
দুই দিক র(া পাবে সুমন্ত্রণা বলি।
হনু ভানু দুই জনে করিব মিতালী।।
(দুইজনে কোলাকুলি করে। সূর্য্যকে হনুমান
ক( তলে পুরিল।)

(হনুমানের প্রবেশ, সঙ্গে গন্ধর্ব)

৮০) হনুমানঃ আমি করি নিবেদন।
শক্তি( শেলে পড়ে আছে ঠাকুর ল( ণ।।
ফিরি যাব লঙ্কায় থাকিতে রজনী।
ঔষধ চিনিয়ে দাও বিশল্যকরণী।।

৮১) গন্ধর্বঃ কি বলে বানর।
কাহার নফর বেটা কাহার কিঙ্কর।।
হা-হা-হু-হু রাজা এই মাত্র জানি।
কোথাকার রামচন্দ্র কখনো না জানি।।
আসিয়া বানর বেটা কোন কার্যে ফিরে।
চুলেতে ধরিয়া সবাই আছড়াও তারে।।
(সকলের সঙ্গে হনুর যুদ্ধ ও সকলের পালয়ন)

৮২) হনুমানঃ ঔষধ না পারি চিনিয়া লইতে।
লইয়া যাব আমি পর্বত সহিতে।।
(পর্বত তুলে মাথায় লইল)
মারিলাম কালনেমী মায়ার পুতলী।
কুম্ভিরিণী মারি মুক্ত( কৈনু গন্ধকালী।।
তিন কোটি গন্ধর্বরে মারিনু সকল।
রামের ভাই ভারতের বুঝে যাব বল।।
জয় রাম............ জয় রাম............ জয়
রাম............!

(ভারত ও শত্রুঘ্নের বাটুল হস্তে প্রবেশ)

৮৩) শত্রুঘ্নঃ দাদা, এই নন্দীগ্রাম অকস্মাৎ কেন অন্ধকার ময়!

রামের পাদুকা লঙেঘ নাহি করে ভয়।।
৮৪) ভরতঃ ওরে, ওরে শত্রুঘ্ন, কেন কর ভয়।
য( , র( , কিন্নর, গন্ধর্ব যদি হয়।।
বাটুল মারায়া শাস্তি করিব তাহারি।
রমের পাদুকা যেবা লঙেঘ তারে মারি।।
(বাটুল মারিলেন)
(হনুমানঃ রাম জয়! রাম জয়!)
৮৫) ভরতঃ কে তুমি কপি, থাক কোন স্থান।
স্মরিলে রামের নাম কি জান সন্ধান।।
কোথা হইতে আইলে কে কহ বিবরণ।
কোথা আছে রাম সীতা, কোথায় লক্ষ্মণ।।
৮৬) হনুমানঃ শুন ওহে ভারত শত্রুঘ্ন।
কহি রাম সীতার বিবরণ।।
বাসা করে ছিল রাম পঞ্চবটী বন।
সূর্পনখার নাক কাটেন লক্ষ্মণ।।
রাবণের ভগ্নী সূর্পনখা সেই যে রা( সী।
যুদ্ধ কৈল চোদ্দ হজার নিশাচর আসি।
সবারে মারেন রাম দণ্ডক কাননে।
যোগী বেশে সীতা হরি নিলেক রাবণে।।
সুগ্রীবের সাথে রাম করিয়া মিত্রতা।
বালি মারি সুগ্রীবকে দিলে দণ্ডছাতা।।
বানর লইয়া রাম বান্ধিল সাগর।
মিলাইল অসংখ্য কপি অতি ভয়ঙ্কর।।
রা( সে বানরে যুদ্ধ হইল অপার।
তিন মাস রাত্রি দিন যুদ্ধ অনিবার।।
কুপিয়া রাবণ রাজা প্রবেশিল রণে।
ময়দানবের শেল মারিল লক্ষ্মণে।।
লক্ষ্মণে করিয়া কোলে রাম করেন ত্র(ন্দন।
আমারে পাঠিয়ে দেন ঔষধ করণ।।





ঔষধ চিনিতে নাহি পারি কোন মতে।
উপারিয়া লইয়া যাই পর্বত সহিতে।।
আমি গেলে লক্ষ্মণের বাঁচিবেক প্রাণ।
তোমার বাটুলে মোর হারাইল জ্ঞান।।
তুমি নিলে রাজ্য রাবণ নিল নারী।
লক্ষ্মণ ত্যাজিবে প্রাণ পোহালে শর্বরী।।
ফিরিয়া যাইতে শক্তি( না হবে আমার।
সহজেতে না হবে সীতার উদ্ধার।।
লক্ষ্মণের শোকে রাম প্রবেশিবে বনে।
নিষ্কন্ট রাজ্য ভোগ কর দুইজনে।
৮৭) ভরতঃ শুন শুন ওরে বীর হনুমান।
পর্বত লইয়া তুমি করহ গমন।।
তোমার সঙ্গেতে আমি যাব লঙ্কাপুরে।
থাকুক শত্রুঘ্ন ভাই অযোধ্যা নগরে।।
৮৮) হনুমানঃ তুমি যাবে কিবা মতে।
শ্রীরামের আজ্ঞা নাই তোমা সঙ্গে নিতে।।
৮৯) ভরতঃ তবে ওহে মা(তি।
পর্বত লইয়া তুমি যাও শিঘ্রগতি।।
৯০) হনুমানঃ গিরি নারিতে না পারি।
চলহীন হইয়াছি বল কিবা করি।।
যোজনেক উচ্চে যদি পার তুলে দিতে।
তবে আমি পারব এ পর্বত লয়ে যেতে।।
৯১) ভরতঃ ওরে বাছা পবন কুমার।
পর্বত সহিতে ওঠ বাণেতে আমার।।
৯২) হনুমানঃ জয় প্রভু রামচন্দ্রের জয়।
(সকলের প্রস্থান)
(রাম ল( ণকে কোলে নিয়ে সকলের সঙ্গে প্রবেশ করে)
(হনুর প্রবেশ)

৯৩) হনুমানঃ জয় প্রভু রাম চন্দ্রের জয়।
প্রভু ঔষধ চিনিতে না পারি কোন মতে।
এ কারণে আনিলাম পর্বত সমেতে।।

৯৪) রামচন্দ্রঃ পবন কুমার,
ত্রিভুবনে অসাধ্য কোন কর্ম তোমর।
সুযেন শিঘ্র ঔষধ চিনে নাও।

৯৫) সুযেনঃ যাই প্রভু , ঔষধ আনছি।

৯৬) মূলঃ লক্ষ্মণে ঔষধ দেন সুযেন সুধীর।
ঔষধ খেয়ে জীয়ে উঠেন লক্ষ্মণ বীর।।
আনন্দের কোলাহল রামের সেনা দলে।
রাম জয় রাম জয় ধ্বনি চারিদিকে বলে।।
শুনিয়া সে জয়ধ্বনি রাবণ চিন্তিত।
গাহিলাম সবিশেষ লক্ষ্মণের শক্তি(শেল গীত।।

# FOLK-DRAMA

## (Song of Manasa Debi)

## ৭. বিষহারা বা সতী বেহুলা পালা

প্রথম দৃশ্য

(চাঁদ সওদাগরের গৃহে চাঁদ সওদাগরের প্রবেশ)

১) চাঁদ ঃ শয়তানী পদ্মাবতী কত হানি করে,
ধনে-জনে চৌদ্দ ডিঙ্গা ডুবাইছে সাগরে।
একে একে করিছে মোর ছয় পুত্র নাশ,
বিদুয়ার কান্দনে কষ্ট বাড়ীতে করা বাস।
সোনেকা সতীরে মোর কত কষ্ট সয়,
মুখখানা সেখিলে হায় বুক ফাটি যায়।
বাড়ি হইল ছানুয়া মোর নারী হইল বোবা,
আন্দারে ডুবিয়া খাইছে মোর সর্ব শোভা।।

(পদ্মার দৈববাণী)

২) পদ্মা ঃ শোন, শোনেক চাঁদ, এলাও কং মোর পূজা কর।
ধনে-জনে ভরিয়া উঠবে তোর সব ঘর।

৩) চাঁদ ঃ কায়? কায়? কাণী? এলাও আশা মোর পূজার বাদে! মুই চাঁদ শিবের বেটা ঠোক্‌ঠোকের না পার। শেষ্যায় লখাই মোর তারও যদি হয় হানি তবু না পূজিম তোক ব্যাঙ্ খাওয়া কাণী।

(সোনেকার প্রবেশ)

৪) সোনেকা ঃ কুড়িয়া ঘোড়ার দপাদপি সার। একে একে মরিল মোর ছয় বেটা। শোকে মুই পাতর। তোমার জন্য মোর এই দশা। সংসার



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

ছারেখারে গেইল। ওমরায় হইল দেব-দেবী। মানুষ হয়া বিবাদ করা ভাল নোয়ায়। লখিন্দরক বিয়া দিয়া মোক শান্তি দেও।

৫) চাঁদ ঃ সোনেকা, না কইস মোক এমন কতা তুই। এই মাসৎ বিয়া দিম্ লখাইর। কাণী যদি দেবী হয় ব্যাঙ্ খায় কেনে উয়ায়?

পাচালী জ(য়া ছাওয়া
দেখা পাইলে দিম্ ধাওয়া
উয়াক করে না ভয় চাঁদ।
আছে হেমতালের নাটী
উড়িয়া দিম দাঁতে পাটি
ঘুঘু দেখাইলে মুই দেখাইম ফাঁদ।
বালা লখিন্দরের বিয়াও এই মাসত্ দিম
এই মোর মনত্ আছে আশা।

বান্দিয়া লোহার ঘর তাতে রাখিম কনাই-বর
কানীর মুখত দিম চুনকালী।
দুরন্ত হেমতাল নিয়া নিজে রমু মুই জাগিয়া
দিম পাহারা সারা রাতি।
ধন্বন্তরী থাকিবে সাথে ফাঁক না রাখিম কোনটাতে
যা সোনেকা জ্বালাও চাইলন বাতি।।

৬) সোনেকা ঃ সদাগর, তোমার হৃদয় পাষাণ। ছয় ছয়টা শোকের দগদগা আগুন কেমন করিয়া নিয়া বেরাং তা জানেন। কোল মোছা ছাওয়া লখিন্দরক নিয়া আর খেলা খেলান না। দোহাই তোমার।

৭) চাঁদ ঃ সোনেকা, সতী যদি হইস তুই মোর বচন ধর
আর্শীবাদে বুকত্ পাষাণ খানি ধর।
কাণীর কোপে গেইছে মোর ছয়খানি পাঞ্জার
লখাইবাদে বান্দিম মুই লোহার বাসর ঘর।
সগাই-সোদর তুই কর ডাকাডাকি

কন্যা জুড়ি তার বাদে করিম পাকা পাকি।

৮) সোনেকা ঃ মা ভবানী, তোর মনত্ কি আচে তুই জানিস। তুইও সতী মাও, মুইও সতী। পতির আদেশ না শুনি মাও, তুই দুঃখ পাচিস। দ( রাজার যজ্ঞের কথাখান মিথ্যা নোয়ায়।পতির বচন ধরি মোর পোড়া বুকখান বান্দিনু। শেষমেষ তোর হাতত।

(পদ্মার প্রবেশ)

৯) পদ্মা ঃ এলাও মোর কথা ধর নির্বুদ্ধি চাঁদ। ছয় পুত্র পাবু আর পাবু চৌদ্দ ডিঙ্গা ধন। না শুনিলে মোর কথা মরিবে লখাই, নাই খণ্ডন।

১০) চাঁদ ঃ হাঃ-হাঃ-হাঃ

কি কলু কি কলু ব্যাঙ্ খাওয়া কাণী
খাড়া ও পূজা দ্যাং।
আনতো হেন্তাল নাটী ভাঙ্গং কাণীর ঠ্যাং।
একে একে করলু মোর ছয় পুত্র নাশ
নিওডা( ভাঙ্গিয়া তোর মিটাইম মনে আশ।

১১) পদ্মা ঃ শোনেক দর্পী চাঁদ, পদ্মার কথা শোন
হাসিয়া উড়াইম তোর লোহার ভবন।
বাসরে ঠেকাই খাইম লখাইর প্রাণ
সেথায় দেখিম তোর হেন্তাল খান।

(পদ্মার হাসি ও প্রস্থান)

(হেমতালের লাঠি নিয়া চাকর লেংয়ার প্রবেশ)

১২) লেংয়া ঃ নিলাজের নাক কাটী ডেরাং দেয় নিলাজ কয় মোর বিয়াও হয়। ওমরা হইল দেব দেবী। ওমার সঙ্গে বিবাদ। সদাগর কোন্‌টে গেইল তোমার কাণী। নেও তোমার হেমতালখান, দেও ওমার ধরধুরি তুলিয়া।

১৩) চাঁদ ঃ ভয় পাচে মোর পদ্মা বিষহরী
সনেকা কয় উয়াক পূজা করি।
মুখ ভরা বিষ যার কুটিল চলন
তার চরণ ধরিতে পারি শিবের নন্দন!

১৪) লেংয়া ঃ সে কথাতো হয়। যার ঠ্যাং নাই তার কোন ঠ্যাংটা





ধরিবেন বাহে। ধরিবার নাগে উয়ার নেটু। বাপ্‌রে, কায় উয়ার নেটু ধরিবে।

১৫) চাঁদ ঃ শোন লেংয়া, যাব আমি কন্যা জড়িবার
সত্বর করেক তুই জোগার তাহার।

১৬) লেংয়া ঃ তোমরা বা কেমন কইনা চান? খাটো না ঢাঙ্গা? খড়খড়ি না ফরফরি? আগোত্ মোক বাতান। তারপর মুই জোগার করোং।

১৭) চাঁদ ঃ যে কইনা রান্ধিতে পারে লোহার কলাই
শোনেক লেংয়া, মুই সেই কইনা চাই।

১৮) লেংয়া ঃ ওরে বাপ, তোমার সেনে কথা। আইজ কালাইকার ডাইলই গলে না, আর লোহার কলাই। হ্যাঁ, সদাগর, একনা কথা কই তোমাক। সেদিন উজানী নগরে গেইচং। সেইটে মোর একেনা সম্বন্ধি ভাই আচে। উয়ার নাম ঠেংয়া। আলাপে সালাপে মুই কনু আমার ইত্তি খেসারী মুসুরী কোন ডাইল গলে না। ভাত করে কারাং কারাং। কন্‌টোলের জিনিস তো। উয়ায় মোক কইল বাছো বানিয়ার বেটি রান্ধিলে পাথর লোহা সউগুলা জল হয়া যায়। তা সদাগর, ঐ কইনার খোজ নিলি হয় না? তোমার বাড়ীত্ সাত গীত্তানী সাত ছেলেংকারী। মোর দাঁতও ভাঙ্গিছে, পেটেরো বিষ ধরিছে। তোমরা মোর দাঁতগুলা দেখে না নটর-বটর করি ধচ্চে।

১৯) চাঁদ ঃ চলকে লেংয়া উজানী নগর
ঐ কন্যার সাতত্ বিয়া দিব মোর লখিন্দর।

দ্বিতীয় দৃশ্য

(নদীর ঘাট ঃ সখী সহ বেহুলা নদীর ঘাটে। নদীর ঘাটে পদ্মা গোপনে মালা জপে)

২০) পদ্মা ঃ মাল জপং টপর টপর, কর( নে আইসে দৈ চূড়ার খবর। নাড়িয়া বন্ধু ছাড়িয়া যায়, মন করে মোর হায় রে হায়।

২১) সখী ঃ সখি, শুনলু বিদুয়ার কেমন হাউস? মালা জপে ফির আরো বন্ধুর কথা ভাবে।

২২) বেহুলা ঃ মোর তাতে কি? উয়ায় মালা জপে জপুক, হামরা অন্য ঘাটৎ যাং।

(উভয়ের অন্য ঘাটে গমন। সেখানেও মালা জপে বুড়ি পদ্মা)

২৩) বেহুলা ঃ সখি, মোরা যে ঘাটত্ যাই সে ঘাটতে উয়ার জপির বইসে। এলা আমরা করি কি?

২৪) সখী ঃ উয়ায় মালা জপে জপুক। বেলা ডুবির ধচ্ছে। চল আমরা গাও ধুই।

২৫) বেহুলা ঃ মাও, যে ঘাটত্ হামরা যাই সেইটেই তোমরা মালা জপির বইসেন। খানেক সরে বইসো, মোরা গাও ধুই।

২৬) পদ্মা ঃ মাও রে মাও, তুই আচ্ছা ঝগড়ী চেংড়ীতো। মুই কি গোটা ঘাটখান জুড়িয়া আছং। হুর অদ্দি গাও ধুইস না কেনে।

(বেহুলা জলে নামতেই)

তোর আক্কেল কিনা কি, বামন সজ্জন মানিস না। হতলক্ষ্মী, তোর পায়ের জল পরিল মোর অঙ্গে। বিয়ার রাইতে স্বামীকে তোর খাইবে ভুজঙ্গে।

২৭) বেহুলা ঃ তোমার পায়ে পরং বদিুয়া মাও, কেনে দেন মোক অভিশাপ

অবোধ বালিকা মুই অজ্ঞানে পরিছে পানি

মাপ চাং করি দেন মাপ।

২৮) পদ্মা ঃ মাপ করা কি মুকের কথা। যে শাপ মোর মুখত্ বিরাইচে তা আর কি সোন্দায়। তোর যেমন কর্মফল।

২৯) বেহুলা ঃ যে হইছে সে হইছে মাও চুপ চাপ ঘরে যাও

মরিলে জিয়াইম প্রাণপতি।

সতী মায়ের কইনা আমি জন্মকালে দৈববাণী

বিদুয়া না হইম মুই হইম মহাসতী।।

৩০) পদ্মা ঃ ইস, কি দেমাক! মুইও দেখিম তুই কেমন সতী!

(পদ্মার প্রস্থান)

৩১) বেহুলা ঃ (গান)

আরে ও দা(নে বিধাতারে বিধাতা

হাউস না মিটিল মোর পিন্দিয়া সঙ্খা।

কোন বিধি ধরিয়া কলম, লিখিছেন কপালে।

মুছিলে না মোছা যায় ধোয়া না যায় জলে রে





যদি বিয়ার রাইতে স্বামী মরে, কোন নারীর পরাণে ধরে

হায় বিধাতা ভাসাইলা সাগরে।।

(দৈববাণী)

৩২) দৈববানী ঃ না কান্দ না কান্দ সতী, ডুব দেও জলে(

অ( য় শাখা-সিন্দুর পাইবে অতলে।

এই শাখা-সিন্দুর দেখি যমে পায় ডর

সতীত্ব মহিমা দিয়া ভুবন উজ্জ্বল কর।

৩৩) সখী ঃ চলেক সখি। দৈববানী তো শুনলু। গাও ধুইয়া চলেক, বাড়ি চলেক।

তৃতীয় দৃশ্য

(বাছো বানিয়ার গৃহে। লেংয়া ও চাঁদের প্রবেশ)

৩৪) লেংয়া ঃ আরো, ও বানিয়া মশাই, বাড়িত্ আছেন না নাই?

৩৫) টেংয়া ঃ তোমরা কোনটেকার মানষিহে বাহে। আরে বইনো, বইসো ইত্তি।

৩৬) লেংয়া ঃ আরে, বসি তো হয়, তা বানিয়া মশায় বাড়ীত্ আছে না নাই?

৩৭) টেংয়া ঃ আরে ঘরোত নাই, বাড়ীত আছে। ইত্তি উত্তি কোনটে বা গেইচে। খানেক বইসো, আইসে বলে।

৩৮) লেংয়া ঃ ভালো কথা, একেনা গুয়া পান আনেক, হুক্কাটা আনেক। সাথত্ সদাগর আছে। একেনা বিয়র আলাপ আছে।

(টেংয়ার প্রস্থান)

(বাছো বানিয়ার প্রবেশ)

৩৯) বাছো ঃ আরে সদাগর মশাই, নমস্কার! নমস্কার!

গরীবের বাড়ীত্ হাতির পত্ত। তা কি মনে করি আসিচেন? আজি থাকা খাবে। ওহো ঠেংয়া, বাড়ীর ভিত্‌রৎ খবর দে। তা কি মনে করি?

৪০) চাঁদ ঃ শুন শুন বাছো বানিয়া আমার বচন(

লখিন্দরের বিয়াও দিম করিয়াছি মন।
তোমার ঘরে আছে এক কন্যা গুণমনী
বেহুলা তার নাম লোক মুখে শুনি।
তোমার কাছে কন্যা তব ভি(া আমি চাই
বেহুলার সাথে বিয়াও দিব দুর্লভ লখাই।

৪১) বাছো ঃ এটা ভাগ্যের কথা। তোমরা আমার কুটুম্ব হবেন।
তা তোমরা কিবা চান সেটাও তো শোনা যায়।

৪২) চাঁদ ঃ শুন শুন বাছো বানিয়া আমার বচন।
খালি আমি ভি(া চাই ঐ কইনা ধন।।
যে কইনা রান্ধিয়া দিবে লোহার কলাই।
তার সাথে বিয়া দিব আমার লখাই।।

৪৩) বাছো ঃ এটা বড় পরী(া। মানুষ কি পারে?

৪৪) লেংয়া ঃ তোমরা ভয় না খান। উয়ায় সবই পারে। এই ধরেন লোহার কলাই। হামরা খানেক ঘুরিয়া আসি।

(চাঁদ ও লেংয়ার প্রস্থান)

৪৫) মেনকা ঃ উলা কায় আসিছে। হুঃ মুই শুনলু..............

৪৬) বাছো ঃ আরে সেইতো, কোনটা যে হয়।
চম্পক নগরে আছে চাঁদ সদাগর

মহামানী লোক কয় অতি বড় ঘর।
তিনি আসিয়াছেন পুত্রে বিবাহ কারণ
যে কন্যা গলেয়া দিবে লোহার কলাই
তাক দিয়া দিবে বিয়াও দুর্লভ লখাই।

৪৭) মেনকা ঃ সে জন্যে ভাবনা ক্যানে। মাও বিষহরীর কৃপায় বেহুলার অসাধ্য কিছু নাই। আজি ঘটাৎ গাও ধুবার যায়া শাখা-সিন্দুর পাইচে। তোমরা নাগি পর। বেহুলা মাও শুনি যা, এত্তি আয় মা।

(বেহুলার প্রবেশ)

৪৮) মেনকা ঃ বেহুলা মাও, মোক নহা করিস লাজ।





লোহার কলাই গলেয়া ফেলা সতী নারীর কাজ।।
এই কাজ পাবি কিনা তুই করিবার।
ডেকানু সোনার মাও তাই পুছিবার।।

৪৯) বেহুলা ঃ বিষহরীর চরণ বন্দী যে কাজ ধরিম,
পিতা-মাতার আশুর্বাদ সেইটা করিম।

৫০) মেনকা ঃ ধরেক এই লোহার কলাই। ভাল করি রান্দা করিস। বিয়াই খাবে।

(সকলের প্রস্থান)

(টেংয়ার প্রবেশ)

৫১) টেংয়া ঃ বাহে, হাসেন না, এলায় শোনেন বানিয়ার বৌ কি কি রান্দিছে ঃ
ডিমার তরকারী রান্দিছে ঢোলমানকন দিয়া।
অম্বল রান্দিয়া থুইছে শুকাতি মিশাইয়া।।
খেসারীর ডইলৎ দিছে শুকটার ফোরান।
পায়েস রান্দিছে দিয়া করচন লবন।।
সরবতে মিশিয়া দিছে সিদলের রস।
বিয়াই খইয়া কত করিবে সুযশ।।
ট্যাংয়া দৈ-এ কটকটা চূড়া।
আটিয়া কলার বিচি খাবে চাঁদ বুড়া।।

৫২) টেংয়া ঃ তোমরা কায় কায় খাবেন? হাত তোলেন বাহে। মুই ডাকেয়া নিম।

(বাছো, চাঁদ ও লেংয়ার প্রবেশ)

৫৩) বাছো ঃ বুঝিলেন সদাগর, মোর বেহুলা মাও না পারে এমন কাজ নাই। বইসো, গুয়া-পান খান।

৫৪) লেংয়া ঃ সদাগর কাম লাগি গেইচে। মনের সুখে বিয়াও বাড়ীর গুয়া পান চোবের ধরো।

(ডাইলের পাত্র হাতে টেংয়ার প্রবেশ)

৫৫) টেংয়া ঃ আরে লেংয়া দা, ইত্তি আয়। দেখি যাও লোহার

কলাই গলিয়া ডাইল হইচে।

(ডাল চাখিয়া)

আঃ, কি মিষ্টিরে। দেখ সদাগর, দেখ।

(লেংয়া চাখিয়া দেয়)

৫৬) বাছো ঃ বেহুলা রান্ধিয়া দিছে লোহার কলাই।
ঐ দেখ সদাগর কোন চিন্তা নাই।।
তোমার পুত্রের সাথে কন্যা বিয়াও দিব।
চম্পক নগরে আমি কুটুম্ব করিব।।

৫৭) চাঁদ ঃ আজি হতে মোর হইলেন বিয়াই।
তোমার কন্যা বিয়াও দিবআমার লখাই।।
প্রথম বৈশাখ মাসে শুক্ল প( তিথি।
সপ্তমীর দিনে বিয়াও, ডাকি আনো জ্ঞাতি।।
আজিকার মত মুই ফিরিয়া যাং ঘর।
বিবাহ করিবে আসি বালা ল(ন্দর।।

(সকলের প্রস্থান)

(বাছো বানিয়ার বাড়ি- মেনকা ও বধুবেশে বেহুলার প্রবেশ)

(বিয়ার দৃশ্য, গান ইত্যাদি)

৫৮) মেনকা ঃ বেহুলা মাও, আয়, মোর বুকোত আয়।
বুকের ধন পরার হবু বুক যে ফাটি যায়।।
মুই মায়ে শিখাং বাচা মোর বুদ্ধি ধর।
অল্প বয়সে মাও তুই যাও পরার ঘর।।
পরভাতে মাও ছড়া দিবু সন্ধায় দিবু বাতি।
(শুড় (াশুড়ির পায়ে করিবু ভকতি।।
হ্যাট মুণ্ডে কথা কবু বানিয়া দুলালী।
পরার বাড়ি পরার ঘর দেখি শুনি চলেক।
আর মুই একেনা কথা বাতেয়া দেই শুনেক।।
দারূ বাতেয়া দেং মাও দারূর জানং ভাও।
অন্যায় করিলে বালা না করিবু রাও।।





শনিবারে ভাঙ্গে মই তারো নাগে ডোর।
আলির কচুয়া লাগে বিষমার পাচ খোল।।
চিলার ভাসার কুটা লাগে, কাউয়ার ভাসার নরি।
সেই দারূ মারিবার লাগে কুমারী ঝিয়ারী।।
শিলের উপর শিল থুইয়া দারূ করবু জরতি।
সেই দারূ মারিবার লাগে অমাবস্যার রাতি।।
মাও আরো একেনা কতা কং।
পদ্মার সতে সদাগরের বিবাদ।
তুই চুপ করি উয়ার পূজা করবু মাও।

(বরবেশে লখাইয়ের প্রবেশ- (াশুরীকে প্রণাম)

৫৯) ল(ন্দর ঃ (াশুড়ী মাও, মুই বিদায় নিয়া বাড়ি যাবার চাও।
মোক হসি মনে বিদায় দাও।

৬০) মেনকা ঃ আজির মত থাক জামাই যাইবেন কালি।
বেহুলা চলিয়া গেইলে মোর বুক হইবে খালি।।

৬১) ল(ন্দর ঃ (াশুড়ী মাও, পদ্মার সাথে বিবাদ করে বাপ।
সেইজন্য বান্দিছে লোহার বাসর।
সেই ঘরে রইলে মোর নাহি ডর।

(সকলের প্রস্থান)

(বাছো বানিয়ার প্রবেশ)

৬২) বাছো ঃ লখিন্দরের সতে বেহুলার বিয়া দিয়া মুই কি ভাল করলু? মাও বিষহরী, ছাওয়া দুইটাক ভাল করি আখিস মাও। যাই, ছাওয়া দুইটাক বিদায় দিয়া আসং। মেনকা............ কোন্টে গেইচেন।

অন্য দৃশ্য ঃ

গান (মেয়েরা)

৬৩) বর কইনায় বিয়াও হয় নাকের নোলক ঢুল খেলায়
বানিয়া দুলালী আই মোর (শুর বাড়ি যায় রে।

(গাটিয়ার শব্দ, লেংয়ার দৌড়াদৌড়ি ইত্যাদি)

৬৪) বেহুলা ঃ প্রভু, জোর করি পানি।
এপার ওপার দেখা যায় এ কোন নদীখানি।।

৬৫) লা( ন্দর ঃ ওরে অবোধ প্রিয়া, শোন মোর বাণী
এইতো নদীর নাম হইল উজানী।
ওরে অবোধ প্রিয়া মোর,
এই নদীর ঐ পারে চম্পক নগর।
চম্পক নগরে আছে চম্পকবতী পুরী।
সেখানে থাকেন পিতা চান্দ অধিকারী।।

পঞ্চম দৃশ্য
বাসর ঘর

(বেহুলা ও লা( ন্দরের প্রবেশ)

৬৬) লা( ন্দর ঃ বানাইছে পিতা মোর এই বাসর ঘর
বেহুলা এখন মোর নাই কোন ডর।

৬৭) বেহুলা ঃ প্রভু, মন কেনে বা করে আংসাং
ভাল না নাগে রসের গান।
সুবন্ন প্রদীপ জোড়া মনে হয় সর্পে মোর,
যমদূত বেড়ায় তোমাক ঘিরিয়া।

৬৮) লা( ন্দর ঃ অবোধ প্রিয়া মোর, উলা কথা ছার।
বিধির বিধান নয় খণ্ডন যাবার।।
যা হইবে তা হইবে মোর কপালে যা লিখা।।
সত্যি যদি মৃত্যু থাকে আসে দিবে দেখা।।
কিন্তু মুই এইটা কবা পারং, এইটে মুই সর্পাঘাতে মরিম না।।
বি(েকর্মা গড়াইছে এই লোহার বাসর।
সুই ঢুকিবার মত ঘাটা নাই তার।।
পাহারা দিতেছে পিতা হেমতাল হাতে।
ধন্বন্তরী জাগিয়া আছে মহা ঔষধী হাতে।
মোর খুব ভোগ ধরিছে। মোক খাবার দেও।

৬৯) বেহুলা ঃ এইটে কোন্টে কি পাং?

৭০) লা( ন্দর ঃ প্রিয়া, পাতাল-পুরীতে আছে চাল-ডাল।
প্রদীপের তেল আছে আগুনে দে জ্বাল।।





খিচুরী রান্দেক প্রিয়া খাই প্রাণ ভরি।
তারপর দুই জনে রঙ্গ-রস করি।।
প্রিয়া, মুই খানিক শুতি রই। খাবার রান্দে মোক ডাকান।

(উভয়ের প্রস্থান)

(লেংয়া ও চাঁদ সদাগরের প্রবেশ- চাঁদের হাতে লাঠি)

৭১) লেংয়া ঃ সদাগর, তোমার আ( ভয়। চারিদিক পাহারা। বি(েকর্মা বাসর বান্দিচে।
বাতাস ঢুকির ভয় খায়। তবু আপনি হেমতাল হাতে পাহরা দেন।

৭২) চাঁদ ঃ সর্বনাশী কাণীরে লেংয়া, নাই দেয় দেখা,
তাহার দংশনে মৃত্যু কপালের লেখা।
সেই লেখা মুছি দিম মুই দর্পী চাঁদ,
পদ্মার সতে মোর তাই তো বিবাদ।

(নেপথ্যে পদ্মার হাসি)

৭৩) চাঁদ ঃ ক্যায় হাসে? কায়? আয় লাগাইম পিট্টানি।

(প্রস্থান)

(ভিতর হইতে লা( ন্দরের কাতরানি)

৭৪) লা( ন্দর ঃ উঃ পদ্মা, তোর আক্কেল নাই। রান্দা ভাত তুই খাবের দিলু না। বেহুলা, প্রিয়া কোন্টে গেলু তুই। মুই আর বাচং না।
কোথা প্রিয়া কোথা তুমি বিষে দংশাইল কাল ফণী
হায় প্রিয়া জীবন অশেষ।
শোন না শোন তুমি বিদায় হইনু আমি
জনমের মতো দেখা শেষ।

(মৃত্যু)

(খাবার থালা হাতে বেহুলার প্রবেশ)

৭৫) বেহুলা ঃ ওঠ, ওঠ প্রভু চম্পকের শুয়া
ওঠ প্রভু অন্ন খাও আসিয়া।
কেনে বা উত্তর নাই। যাই, যায়া দেখং কেমন নিন্দ যায়।

(ঘরে গিয়া)

প্রভু, প্রভু................. একি! মাও পদ্মা বাদ সাধিছে।

(কান্না)

হায়রে মোর পোড়া কপাল বিয়ার রাতি বিদুয়া হনু। মাও পদ্মা তোর আক্কেল নাই। মোক একি করলু। মুই সতী নারীর সতী কইনা। হাতে মোর অ( য় শাখা, কপালে মোর অ( য় সিন্দুর। দেখং তুই তাক কেমন করি মুছিস?

গান

স্বামীধন, ও স্বামী ধন.........
না দিল বিধি এ ঘর রাখিতে রে।
এই ছিল কপালে লেখা
স্বামীর সাথে মোর না হইল দেখা রে
বিয়ার রাইতত্ হনু স্বামী হারা।।
কালি পুছিবে (াশুড়ি মাও
কি দিয়া পুছিব গাও রে।।
ছাড়িয়া গেইলেন মোক
একেলা মন্দির ঘর রে।।

(প্রস্থান)

(চাঁদ ও লেংয়ের পাহারাদান- সোনেকার প্রবেশ)

৭৬) সোনেকা ঃ তোমরা শোনেন না ঐ ম্যাণ্ডো ঘরত্ ক্যায় কান্দে? এইটে খাঁড়া হয়া কি করেন?

৭৭) চাঁদ ঃ আরে পাগলী,
ফুল্ল মনে গান করে পুত্র-পুত্রবধূ।
বাসর রাতি যাপন করে মনে ভরা মধু।।
সোনেকা, তুই মোর খ





সোনেকা, তুই মোর খালু কুল মান।
পুত্রের বাসর ঘরে দিস তুই কান।।
বেহুলা গলেয়া দিচে লোহার কলাই।
সেই কন্যা বিয়াও দিছং কোন শঙ্কা নাই।।

৭৮) সোনেকা ঃ থাকেন তোমরা বাসি। মোর মনত কয় কিবা হইচে। মুই যায়া দেখং আগৎ।

(ঘরে প্রবেশ)

(বেহুলার হাত ধরিয়া সোনেকার প্রবেশ)

৭৯) সোনেকা ঃ সদাগর কি দেখো চায়া
দেখ যায়া সোনার লখাই
কাল নাগিনীর বিষে বাঁচে নাই।
মোর সোন্নার বাছা, বাপ মাক ছাড়ি কেন্টে গেলু.........................

(প্রস্থান)

৮০) বেহুলা ঃ (শুর বাপ, স্বামীক মোর না পোড়ান আনলে।
উমাক ভাসেয়া দেও সাগরের জলে।।
পতি নিয়া যাইম মুই নিজে স্বর্গপুর।
আনিম গিয়া প্রাণপতি আর ছয় ভাসুর।।

৮১) চাঁদ ঃ পদ্মা আজি নিলু মোর দুর্লভ লখাই,
মোর মুখত দিলু চুন কালি ছাই।
সিরজিনু লোহার বাসর লখাইর বাদে তবু তুই ভাঙ্গিলি ঘর।
ছয় পুত্র গেছে মোর ছয় খান পাঞ্জর।
চাঁদ সদাগর মুই শিবের নন্দন
তবু না করিম তোর চরণ বন্দন।

(বেহুলার প্রতি)

একে একে মারিল মোর সাত ব্যাটা।
ইহার অধিক দুঃখ কলা যদি যাবে কাটা।।
পাতের মনে পাত বেচাই খোলের মনে খোল

একো একো মুড়া বেচাইম ভাদার মাসের ওল।।

লাখাই মরিচে মোর দুর্লভ লাখাই।
সৎকার করিব ডাক জ্ঞাতি ভাই।।

(চাঁদের চরণে বেহুলা)

৮২) বেহুলা ঃ শ্বশুর বাপ, শ্বশুর বাপ, না পোড়েন আনলে।
মিনতি জানাং মোক ভাসান সাগরে।।
শ্বশুর বাপ, এই নেও হাতের কঙ্কণ।
পাঁচ ঝার কলার মূল করেন গ্রহণ।
আজ্ঞা দেও শ্বশুর বাপ, ভুড়া বান্দিবার।
আজ্ঞা দেও যাং মুই পতি জিয়াইবার।

৮৩) চাঁদ ঃ আন্দার ঘুট ঘুট বিজলী গগনে গরজে দেওয়া।
এ ঘর থাকি ও ঘরৎ যাস নাই ক্যামনে দিবু খেওয়া।
পথে আছে নানা বিপদ, আছে দুষ্ট লোক।
কোন প্রাণে আজ্ঞা দেং মা সাগরৎ যাইতে তোক।।

৮৪) বেহুলা ঃ শ্বশুর বাপ, কেনে মোক বাধা দিবার চান।
নিচ্চয় ফিরিয়া আনিম পতিধনের প্রাণ।।
অ( য় সিন্দুর ফোটা মোর এই কপালে।
পাচং অ( য় শাখা সাগরের জলে।।
মোক কায় বিধবা করে কেমন সে দেবতা।
স্বর্গপুরে যায়া মুই পুছিম সেই কতা।।
দর্পী শ্বশুরের মুই দর্পী বধু সতী।
দেবতার দর্প ভাঙি আনিম প্রাণের পতি।।

৮৫) চাঁদ ঃ যাও মা, যাও লক্ষ্মী, আশুর্বাদ করং।
মহাসতী হও মা, পতিক ফিরি পাও।।
যারে লেংয়া খবর দে মোর নৌতুন সাগাই।
বেহুলা ভাসিবে জলে লইয়া লখাই।।





ষষ্ঠ দৃশ্য

(নদী পথে বেহুলার গান)

৮৬) বেহুলা ঃ গান
ও হো রে পবন, আমি নারী
ভাসিনু সাগরের জলেরে ...
আর সাগরে যেমন কুটা ভাসে
সেও কুটা কিনারে চাপেরে...
কেহ যদি মোর আপন হইতো
মরা স্বামী মোর বাঁচেয়া দিত রে
(টাং উরা মাঝি ও সংকাই সদাগরের কথা )

৮৭) টাং উরাঃ সদাগর, এটা নিলম সাগর। এইটে ভুরাৎ চরি বেটি ছাওয়া ক্যায় আসিল?
ওটা দেও নোয়ায় তো!

৮৮) সংকাই ঃ মাঝি তোমরা নৌকাদিয়া ভুরাটা ঠেকান, মুই পুছ করোং।
ক্যায়, তুমি সুন্দর কইন্যা কেন ভাসো জলে?
নিল( সাগরে তুমি মরা কেন কোলে?
পরিচয় দেও মোক কিবা
পরিচয় দেও মোক কিবা তব নাম?
কোন কুলে জন্ম আর কোন দেশে ধাম?

(গান)

৮৯) বেহুলা ঃ দুরে রাখ সাধু নৌকার মেলা
টলমল করে মোর কলার ভেলা
স্বামী মোর পরিবেন জলে রে।।
উজানী নগরে ঘর বাপ বাছো সদাগর
মার নাম মেনকা কয় সকলে
ছিল মোর এক ভাই নাম তার সংকাই
বার বছর হইল দেশান্তরী রে।।

মানী চাঁদ সদাগর তার পুত্র লখিন্দর
তার সতে বিবাহ যে করি।
স্বামী মোর বিয়ার রাইতে মরে হায় সর্পাঘাতে
স্বামীকে নিয়া ভাসিনু সাগরে রে।।
পতির জীবন লাগি বর আমি নিব মাগি
শিব কাছে দেবতা-নগরে রে।।

৯০) সংকাই ঃ বেহুলা ভাগিনী মোর আমি যে সংকাই।
বাণিজ্য করিয়া আজ দেশে ফিরি যাই।।
চল বোন মোর সতে চল ফিরি ঘর।
মানুষ কি যাইতে পারে দেবতা নগর।।
মৃত কি বাঁচিতে পারে ভবে পুনরায়।
পাগলামী ছাড় বোন ঘরে ফিরি আয়।।
লখাইর বদনে দিব রাজার নন্দন।
শাংখার বদনে দিব সোনাই কংকণ।।
মূল্যবান বস্ত্র দিব অগুণ্ সম্ভার।
গলায় পেন্দিয়া দিব চাঁদ চন্দ্রহার।।

৯১) বেহুলা ঃ না কইস না কইস দাদা ও কথা না কইস।
সত্যি যদি তুই মোর সহোদর হইস।।
নিশ্চয় জানিস দাদা জিয়াইম মোর পতি।
সতী মায়ের কইনা মুই হই মহাসতী।।
অবিধরা বেহুলাক যায় আড়ি করে।
তাহার বিচার চাইম দেবতা নগরে।।

৯২) সংকাই ঃ মাঝি, ছাড়িয়া দেও নৌকার মেলা।
চালিয়া যাক মোর বোনের ভেলা।।
দেশে গিয়া না বল এ কথা।
শুনিলে জননী মাও কাটারিতে দিবে গাও
বাপ মোর আছারিবে মাথা।।

(প্রস্থান)





(গান)

৯৩) বেহুলা ঃ অরণ পোড়া যায় রে উড়িয়া পরে ছাই
আজিকার নিদানের দিনে দরদী কাহ নাই।

(প্রস্থান)

৯৪) গোদা ঃ থুঃ-থুঃ ধরিস মাও আই সাগরের বরোটা।

৯৫) গোদানী ঃ আরে গোদা, শালদুরারে- শাল দুরা।

৯৬) গোদা ঃ কি কইস সাইতের সময়। একে চড়ে দাঁত ভাঙি দিম।

৯৭) গোদনী ঃ আরে গোদা, না হয় না হয়, তুই বুঝলু না- বড় শাল, বড় শাল।

৯৮) গোদা ঃ আরে গোদানী, দেখতো ওটা কি সরসর আসি ধচ্চে।

৯৯) গোদানী ঃ আরে, মুই কং কং করি কনু না। ওইটা কিরে? আরে ওটা না বত্তা-মরারে।

১০০) গোদা ঃ বত্তা-মরা কিরে? ভাল করি ক।

১০১) গোদনী ঃ ঐ তোর দোষ।মুই কনু একাটা বত্তা, একটা মরা। বত্তা-মরা হইল না? আরে পরমা সুন্দরী কইন্যা?

১০২) গোদা ঃ দেখং দেখং। তুই লখাই আর বরশি ধরি বাড়ি যা। মুই খানেক দেখি আইসং। মোর আশা ছাড়।

১০৩) গোদনী ঃ আসা ছাড়ি দিম? আরে গোদা, যাইস না। ওটা একটা প্যাত্তানি। পালয়ো আয়।

১০৪) গোদা ঃ মোর সতত্ চাউটালি করলু তুই?

১০৫) গোদানী ঃ না রে গোদা, দেখিস না একটা মানষি মরিয়া খাইচে। পালেয়া আয়। তোক ধরিবে।

১০৬) গোদা ঃ মুই আর বাচিম নারে। তোর বান্দা ভাত আর খাইম নারে। আমার পিলাটা ঝাপির ঝইচে।

১০৭) গোদানী ঃ এত্তি আয়। মাথাত্ ছ্যাপ দেং। কানি নগুলটা কামরে দেং। আঁচলের একনা বাও দেং।

(বেহুলার প্রবেশ)

১০৮) গেদনী ঃ মাও, তোমরা কায় হন? তোমরা কি মশানের প্যাত্যানী দেও? মরাটা কেন্টে মারিলেন? কি কি পূজা লাগে কন। হামরা পুজা দিম। মোক স্বামীক না ধরেন, মাও।

১০৯) বেহুলা ঃ মাও, মুই বেহুলা সতী। শ্বশুর চাঁদ সদাগরের সতে মা মনসার বিবাদ। পদ্মার কোপে মোর পতি মরিচে। মুই মরা স্বামীক ধরি স্বর্গে মহাদেবের কাছে যাং। মোর স্বামীক জিয়াইবার আশে।

১১০) গোদানী ঃ ও, তুই শিবপুর যাবু। তোর ভয় নাই। তুই আসি গেইচিস। এলা বাবা তো শিবপুরত থাকে না। বানাসুর ওয়াক বানেশ্বরত্ বসাইচে। আইটালী কুরাও দীঘি আছে। ঐ দীঘি থাকি বংতি নদী বিরাইচে । ঐ নদীত গাও ধুইয়া বাবারটে বর চাবু। যা চাবু তাই পাবু। ঐ দেখ বংতি নদী।

১১১) বেহুলা ঃ তোমরা মোর সাত জনমের মাও ছিলেন। তোমার ঋণ শোধ করিব মাও।

(প্রস্থান)

১১২) গোদা ঃ কিরে গোদনী, আর তো ইদি আসিবে না?

১১৩) গোদানী ঃ দিচং আদাং বাদাং কয়া বানেশ্বরের বুলি চালেয়া। আজি বাড়ি চলেক। এদি আর আসবু না রে গোদা।





# ৮. ভাওয়াইয়া গান

১. ওকি শড়িয়াল ভাই
কত রব আমি পন্থের দিকে চায়া রে।
যে দিন শড়িয়াল উজান যায়
নারীর মন মোর চায়া রয় রে
ও কি শড়িয়াল ভাই
হাকাও শড়ি তুই চিলমারির বন্দরে
আর কি কব দুঙ্কের জ্বালা
শড়িয়াল ভাই শথিয়াছি চিকন মালা রে
ও কি শড়িয়াল ভাই

২. বাও কুমটা বাতাস যেমন ঘুরিয়া ঘুরিয়া মরে
(ওরে) ঐমত শড়ির চাকা-পন্থে পন্থে ঘুরে রে
ওকি শড়িয়াল মুই চল রাজো পন্থেরে ।
বিয়ানে উঠিয়া শরুর শড়িত দিয়া জুড়ি
ওরে সোনা মালার বাদে চান্দর দ্যাশে ঘুরি
শড়ির চাকা ঘোরে আরো মধ্যে করে আও
দ্যাশ বিদেশে বেড়াও রে মোর সোনার বাদেরে
ওকি শড়িয়াল মুই চল রাজো পন্থরে।

৩. ওকি ও মোর শড়িয়াল ফিরিয়ারে আইসো
শড়ি ধরি শেইলেন শড়িয়াল চিলমারির বন্দরে
পন্থের দিকে আছো চায়া

ত্তকি ত্ত মোর *গাড়িয়াল ফিরিয়ারে আইসো
কিবা কইছোত্ত কিবা নাই কও
তাতে হইলেন গোসা
ভাঙ্গিলেন মোর সোনার সংসার
ভাঙ্গিলেন মোর সুখের বাসা রে।

৪. ত্তকি *গাড়িয়াল ভাই
ত্তরে আস্তে বোলান *গাড়িয়াল ত্ত ধীরে বোলান *গাড়ি
ত্তরে এক নজর দেখিয়া নেত্ত মুই দয়াল বাপের বাড়ি।
মাত্ত কান্দে ত্তই দুয়োর ধরি
বাপো কান্দে ত্তরে আছারি পিছারি
ত্তরে আস্তে বোলান *গাড়িয়াল ত্ত ধীরে বোলান *গাড়ি

৫. ত্ত মোর দান্তাল হাতির মাহুত রে যেদিন মাহুত শিকারে যায়
নারীর মন মোর ঝুড়িয়া রয় রে, ত্ত মোর দান্তাল হাতির মাহুত রে।
আকাশেতে নাই রে চন্দ্র কি করিবে তারা,
যেবা নারীর পুরুষ নাইরে ত্ত তার দিনে অন্ধিহারা
পুকুরিতে নাই রে পানি নৌকা ক্যামনে চলে,
যেবা নারীর পুরুষ নাইরে ত্ত তার রূপে কি কাম করে।
ত্ত মোর মাখনা হাতির মাহুত রে, যেদিন মাহুত আসাম যায়
নারীর মন মোর ঝুড়িয়া রয় রে, ত্ত মোর টুই হাতির মাহুত রে
যে দিন মাহুত জঙ্গলে যায়, নারীর মন মোর কান্দিয়া রয় রে।

৬. আরে ত্ত মোর জঙালিয়া হাতিরে মিনতি করুরে তোরে,





এ অভাগিনীটাক আড়ি না করিস এ ভব সংসারে।
ত্ত হাতি রে মোর সোয়ামী কাঞ্চা সোনা,
তোর পিঠিত চড়িবার জানে না
হাতি তোর পায়ে মিনতি করি কহিচুরে তবে,
মোর সোয়ামীটাক আখিস রে হাতি আদরে যতনে,
হাতিরে মস্ত বড় দেহটা তোর সয় না মশার কামড়,
ছটপটিয়া না নিশাইস মোর সোয়ামীটাক।

৭. ঐ *দা ধরের পাড়ে পাড়ে রে ত্ত মোর মাহুতে চরায় হাতি
কি মায়া নাগাইলেন মাহুত রে ত্ত তোর *লায় অসের কাঠি।
ত্তরে উচা করি বান্দেন ছাপোররে মুঞি আসতে যাইতে দেখিম
ত্তরে উচা করি বান্দেন মাচা রে মুঞি জল ভরিতে দেখিম ।
দুদো খোয়াইলেন দইত্ত খোয়াইলেন রে মাউত,
না খোয়াইলেন মাটা
এই বার হাতে ছুটি গেইল কি তোর
আসা যাত্তয়ার ঘাটা।

৮. খাটো খুটো মাহুত রে তোর
গালে চাপো দাড়ি
সইত্য করিয়া কনরে
মাহুত কোনবা দ্যাশে বাড়ি রে।
হস্তীক নড়াং হস্তিক চড়ান হস্তীর পায়ে বেড়ি
সইত্য করিয়া কইলাম কইন্যা গৌরীপুরে বাড়িরে।
হস্তীক নড়াং হস্তিক চড়ান হস্তীর পায়ে বেড়ি
সইত্য করিয়া কনরে মাহুত ঘরে কয়ঝনা নারীরে

হস্তীক নড়াং হস্তীক চড়ান হস্তীর *লায় দড়ি
সইত্য করিয়া কইলাম কইন্যা বিয়াত্ত না করিরে।

৯. আরে তোমরা *ইলে কি মোর মাহুত বন্ধুরে।
হস্তীরে নড়ান হস্তিরে চরান হস্তির *লায় দড়ি
(ত্তরে) সইত্যে করিয়া কন্‌রে মাহুত কোনবা দ্যাশে বাড়ি রে।
হস্তিরে নড়াত্ত হস্তিরে চড়াত্ত হস্তির পায়ে বেড়ি
ত্তরে সইত্য করিয়া কইলাম কইন্যা কুচবিহারে বাড়ি রে।।
হস্তীরে নড়ান হস্তিরে চরান হস্তির *লায় দড়ি
ত্তরে সইত্য করিয়া কন্‌রে মাহুত ঘরে, ঘরে কয়ঝনা নরীরে।।
হস্তিরে নড়াত্ত হস্তিরে চড়াত্ত চম্পা নদীর পাড়ে
ত্তরে সইত্যে করিয়া কইলাম কইন্যা বিয়াত্ত না করিরে।।

১০. আকাড়ি চাউলের ভাত মইশাল রে
মইশাল বাথানশ্ম থাকিস
মোর জ্বলে বুক মইশাল রে।
বাইষ্যার ছয় মাস *ইচে মইশাল রে
মইষার মইষের বাথানে
খারার ছয় মাস থাকিয়া যান
ঘরত্ আসিয়া মইশাল রে।

১১. পদকর্ত্ত্রী - বুক্ক পানিত নামি কইন্যা বুক্ক মাঞ্জন করে
কোন ঠেকার বৈদেশি মইষাল দোতরাত ঠোকোর মারে।
মইষাল - জল ভর সুন্দরী কইন্যা কাছাড়ত নাং* ঢেউ
একেলায় আইসাছেন ঘাটে সঙ্গী নাই কি কেউ





কন্যা - একেলায় পাঠাইছে বিধি একেলা ঘরে থাকি
এ ভরা যৌবনের ভার একেলায় ধরি রাখি।
মইষাল - কেমন তোমার বাপ মাত্ত কইন্যা কেমন তোমার হিয়া
একেলায় আইসাছেন ঘাটে বুক্কে পাষাণ দিয়া।
কন্যা - ভালে হামার বাপ মাত্ত মইষাল ভালে আমার হিয়া
একেলায় আইসাছি ঘাটে বুক্কে শ্রীফল নিয়া।
মইষাল - বাপ ভাই ছাড়িয়া কইন্যা জঙ্গলে বোনে ঘুরি
ত্তই শ্রীফলের না*্য পাইলে ছাড়ি মইষাল *িরি।
কন্যা - কাঁটার *ছশ্ম ছিরফল মইষাল তাতে ভেংরুলের হাড়ি
কেমন করি ঐনা ছিরফল খাইবেন তোমরা পাড়ি।
মইষাল - নল খা*ড়া কাঁটা বাড়িত অসের ব্যাপার করি
তোমরা যদি সহায় থাকেন ছিরফল খাব পাড়ি।

১২. বুক্কের উপর কি *ে মামী বুক্কের উপর কি ?
তোমার মামা কইরবে খেলা নাটিম কুন্দেছি।
ভা*িনা *ই ছেকিয়া দে, নাবির কাছশ্ম
কি *ে মামী নাবির কাছশ্ম কি?
তোমার মামা কইরবে খেলা ডি*ি দিয়াছি।
তোমার ডি*িত কতয় পানি মামী নামিয়া দেকি।
আমার ডি*িত ভা*িনা কিসোত নামিবার চাত্ত
চৈত বৈশাখ মাসে ভা*িনা চউড়ে (ল*ি) না পায় থাত্ত।
আশ পড়শির *ই ছেকিতে মামী নিছোং আনা আনা
তোমার *ই দেত্তয়াইতে মামী খসাইম কানের সোনা
আমার বাড়িত যান ভা*িনা বইসবার দিব পিড়া
জল পান খাইতে দিবো শালি ধানের চিরা।

১৩. বাড়ি যান ত্তু মোর প্রাণের মইষালরে
ত্তু মইষাল বসতে দিব পিড়া, জলপান করিয়া দিব
ত্তু মইষাল সরু ধানের চিড়া, সরু ধানের চিরা ত্তু হো রে
ত্তু মইষাল বন্নী ধানের খই, ঘরে আছে চাম্পা কলা রে মইষাল
মইষাল *মছা বান্ধা দই, একে *ছের গুয়া মোর প্রাণের মইষালরে
মইষাল একে *ছের পান, কি দিয়া খোয়াইলেন গুয়া রে
ত্তু মইষাল ঘরে না রয় মন।

১৪. কোন বা দ্যাশে যান রে মইষাল বন্ধু, মইষের পাল নিয়া
ত্তরে আইজ কেনে বা দ্যাখোঙ মইষাল মইষের বাথান ধুয়ারে
কোন বা দ্যাশে যান মইষাল বন্ধুয়া।
এ্যতো দিন আছিলেন মইষাল মইষ চড়াছেন মাঠে
মুইত্ত নারী আলে ছালে আইছং নদীর ঘাটেরে ।
কোন বা দ্যাশে যান মইষাল বন্ধু রে।

১৫.. (ও-র) নদীর পা-র কুরুয়া-র[১] মোর
জা-মর গা-ছর সুয়া[২]
(আজি) কে-ন কা-ন্দন অমন করি
চো-ক্ষর জল ফ্যা-লয়া-র
কোড়া-র[৩] মুইও কান্দং চিটুল-বিদুয়া[৪] হয়া।।
(ও-র) ঢাল্ -কাউয়াটার[৫] কান্দন্ শুনি
ম-নর আগুন জ্ব-ল
পতি যে মোর গেই-চ মরি
আদর নাই মোর ঘ-র রে





কোড়া-র মুইও কান্দং চিটুল বিদুয়া হয়া।।
(ও-র) জ-ল কা-ন্দ জল কোড়া-র
কুড়ির লাগিয়া
মুই অবাগী[৬] কান্দং বসি
পতি-ক হা-রয়া রে
কোড়া-র মুইও কান্দং
চিটুল বিদুয়া হয়া।

১৬. মাছ মধ্যে ইলিসা মাছ রাজা হেন জানে
রুই আর কাতেলা হইল লোকের বাখানে
শউল মাছ উঠিয়া বলে সাটি মাছ ভাই
ভারভারাটি সাজাত্ত সাটি কইনা জুড়িবার যাই
এই কথা শুনিয়া সাটির আনন্দিত মন
ভারভারাটি সজেয়া সাটি করিল *মন
কতেক্ দূর হইতে সাটি কতেক্ দূর *েল
আর কতেক দূর *েইতে ডারীকার মন্দির পাইল - (ত্তহে)
সাটিকে দেখিয়া ডারীকার আনন্দিত মন
বসিতে আসন দিল দিব্য সিংহাসন
করপুর তামাক দিয়া জিজ্ঞাসেন বচন
এই কথা শুনিয়া সাটি ডারীকার আ* কয়
তোমার ঘরের কইনা দিলে বালিয়ার বিয়াত্ত হয়
এই কথা শুনিয়া সাটির আনন্দিত মন
আপনার জ্ঞাতি*ণে দিল নিমন্ত্রণ।।
দৌড় দিয়া *েলে ডারিকা চ্যাকার মাইয়ার কাছে
মোর ছাত্তয়াটার বিয়াত্ত হয় নাইত্তর যাবার না*

এই কথা শুনিয়া চ্যাকা মনে মনে কয়
চেকি যদি নাইত্তর যায় মুইত্ত *েনু হয়
এই কথা শুনিয়া চেকী ডারীকার আ* কয়
কেমন করি নাইত্তর যাঁত্ত মুই চেকা যাবার চায়।
সাটি মাছ গুয়া পরসে আশে আরত্ত পাশে
খরিকাটী নাই পায় গুয়া ঠোট ব্যাদ্রে আছে
সাটিমাছ গুয়া পরসে সমজ্জা ভরিয়া
চেকা নাই পায় গুয়া আছে প্যাট ফিকিয়া
বাইম মাছ উঠিয়া বলে *তী মাছ ভাই
ধরি আন টেপা শালার পেট ফোঁড়েয়া দেই
সিঙ্গি মাছ উঠিয়া বলে টেংনা মাছ ভাই
ধরি আন টেপা ব্যাটার পেট ফোঁড়েয়া দেই
ছোট পুঁটি বড় পুঁটি পুঁটি নানান জাতী
নৌতন বিলের মাছ বালিয়ার বৈরাতী
ছোট পুঁটি উঠিয়া বলে বড় পুঁটি দিদি
স*ায় গুলা যুক্তি করি চ্যাঙ্গের নাচন দেখি
চ্যাঙ্গ মাছ নাচুয়া মাছ নাচির জানে ভাল
চ্যাঙ্গের নাচন দেখিয়া চ্যাকার না*ি *েল ঘোল
খড়িকাটি নাচির যায়া চেকাক্ দিল কোল
এই মত হইল্ মাছের বিয়াত্ত এই মত তার *ন
বাড়ী যায়া স*ায়গুলা কর নিজ কাম
বাড়ী যায়া স*ায় গুলা উম্রায় উম্রায় কয়
হামরাত্ত ত শুনি নাই হায়রে মাছের বিয়াত্ত হয়।

১৭. না— যান বন্ধুধন আমার বাড়ী
বিছানা দিব পাড়িয়া,





খাইতে দিব পান সুপারি
গুরগুরি হুকা।
পুঃ — কন্যা কোন্ সাকিনে তোমার বাড়ী
বাড়ীটা হইল কোন দুয়ারী
বাড়ীর ঠিকানার কথা
আমাক্ কইলেন না ?
না— বন্ধু পুব্ দুয়ারী আমার বাড়ী
কলা *ড়া সারি সারি
বাড়ীর পচ্চিমে আছে
মানসাই রে নদী।
আরো চাপ্-চ্যাকোয়ার ঘেরা বাড়ি
গুয়া আছে সারি সারি
বাড়ীটা হইল খেড়ি চৌয়ারী
ঐ আমার বাড়ী।
পুঃ — কন্যা বাড়ীত তোমার আছে কাঁয়
অইক্ না আমার না* ভয়
*াটিয়া নাটির ডাঙ্গে যদি
কমর ভাঙ্গিয়া দেয়
না— বন্ধুধন আমরা যদি থাকি সয়
তোমার আরো কিসের ভয়
আছে একটা পা*লা ভাশুর
দেখিয়াত্ত থিত্ না পায়
পুঃ— কন্যা তুমি যদি থাকেন সয়
তা হইলেতো যাত্তয়া যায়"

১৮. ত্ত মোর মনটা ক্যানে বা ধুকধুকিয়া রয়,

(আরে) বিয়াত্ত করিয়া তারপরে বা কোন জটিড়া হয়;
মঙ্গা দিনোত অইদশ জ্বালা শইল্যে সবার নয়।

হায়রে, মনটা শেনে খুলবুলায় মোর বিয়াত্ত করির বাদে;
কইনাত্তলার ঘর মাতা নটপটায়- কইনায় না দে,
সশাঁত্ত কয় অক্যরমা মুই-এই আছিল মোর কপালে।
ঘটক যায়া আইসে ঘুরি- ধরফরাঙ মুই বিছিনাত পড়ি;
আরি ঘুরি ঐ কতাটা সউ* মানুষে কয়—
হায়রে, এমন হইলে বিয়াত্ত করা ক্যামন করিয়া হয়।

সেদিন চেংটু বনু সুদ্দায় শ্নু কইনা জুড়িবার,
উমার আশপরশীর কতা শুনিয়া মনটা হইল ব্যাজার,
(হায়রে) মনে হয় অক্যুমটায় থাকিম, না যাইম কোনোটে আর।
উমার টারী বাড়ীর মানষি কয়, ঐটায় বুঝি পাত্তর হয়,
না না না— য্যামন আমার ভোলাং ছাত্তয়া,
ত্যামন পাত্তর হবার নয়।
তাশ্যয় না যাবে হুর ন্যাকাপড়া, সদ্দায় উয়াঁয় কানা
হাল শ্রিস্তির কামাই কাজ- তাত্ত বোলে নাই জানা—
(হায়রে) ঘর দুয়ারের কামাই কাজ- কোনোটায় জানে না,
আইজকাইল এ্যামন অক্যরমা হইলে ভাতে মিলিবে না।।

আই মুই সরমে মরি যাং, এ্যালা কইনা কোনটা পাং—
দ্যাখোং আর এ্যাকটা দিন যাইম কি কয় ঐ ধৌলি চ্যাংড়ীটাত্ত মাত্ত।
পাছোৠ ত্তয়াঁত্ত বা কি কয়, ত্ত মোর সেটাত্ত মনোৠ ভয়—
মনটা করে আশং পাছাং কিসোতে কি হয়।।

১৯. মাঁইত্তর মাত্ত আসিয়া, হুর দে দাদু চুলকিয়া,





মুড়িয়া কাটাইর দিয়া, কি মুড়িয়া বেকী দিয়া,
কি ভোৠরা কাচি দিয়া।
মুড়িয়া পাশুন দিয়া, কি মুড়িয়া বেকী দিয়া
কি ভোৠরা ঝিনাই দুিয়া।
ত্ত মাঁইয়োর মাত্ত, চুলকাত্ত কি চুলকাত্ত, কি চুলকাত্ত।

আর মুই মরোং দাদুর জ্বালায় রে
ত্তরে দাদু না ছাড়ে পাছ, ত্তকি বাপরে বাপ্।
ত্তরে শালার দাদু, তুই বুঝি মোক খাবু—
ত্ত তোর চিটিং কাটাং চুলকানিতে মোক করিলু কাবু।
আর মইশা দাউদ, চিকনি দাউদ, কাচের দাউদের খাউজানি
কত সইবেন চুলকানি।

২০. লেখাপড়া শেখো ভাইরে লেখাপড়া শেখো,
না করেন আর অবহেলা, দিন কালের ভাব দেখো।
হাল বল কৃষি বলরে, ত্ত ভাইরে বাণিজ্য ব্যবসা;
লেখাপড়া না শিখিলে কিছুরে নাই আশা।

ঘরের বল হইল শালের সিড়ি, মাচার বল হইল খুঁটি,
সময় থাইক্তে বিদ্যা শেখো বিদ্যায় দ্যাশের খুঁটি।
(সময় থাইক্তে বিদ্যা শেখো ধর হালের মুঠি।)

দ্যাশের মাথা কৃষক হইচে আইচ বিদ্যা বুদ্ধিহীন,
এমন হইলে দুঃখে দুঃখে যাইবে এত্ত দিন।।

২১. জঞ্জালু কয় খাঞ্জালুদা, তুই কেমন মানুষ,

হুর তিন খান বই সারা কইরলেক ন্যালভেলুর বনুস
তোর হ্যাসকারি বড়ো, আইজো পড়িস অ, আ কাইলো যে ক, খ
দ্যাশ স্বাধীন হয়া কত ইস্কুল বসিচে,
গ্রামে গ্রামে হাই ইস্কুল, পাঠশালা হইচে,
নাম দস্তখত কইরবার না পায়, তারো বাদে—
জা*য় জা*য় আরো কত নাইট ইস্কুল হইচে;
তাতে রেডিত্ত *ন দিচে, কত খবর আসিচে, আরো মাষ্টার রাখিচে,
বই পুস্তক মাইনা সউ* সরকারে দিচে।
টুল, টেবিল বিরিঞ্চি- হ্যাজাক বাতি আলমারি

২২. মাঝখানে তার বার্ণিফ্টশ করা চেয়ার বসাইচে—
আরো ভাল ভাল বই আনিয়া লাইবেরী খুলিচে।

শোনেক খাঞ্জালুদারে, শোনেক ন্যালভেলুরে—
মনের কথা খুলিয়া আজি কঙ্ তোমার আ*;
৬১ সনি বানের বেলা *রমেন্টের টাকা—
কত মানুষে আইনচে ভাইরে নাইতার ন্যাকা জোকা
লোনের টাকা আইনবার *ইচোং ফুলবাড়ীর কাছারী
ঐ কতাটা আইজো মনোত্ আছে মোর ঘুড়ঘুড়ি।
টিপসই দিতে বুড়া নগুলটা ঠটঠরা হইচে
তাক দেখিয়া বাবু গুলায় মোক কত কথা কইচে।

আর সরমের থাকি মরণ ভাল অধিক কি আর কং
বাড়ী আসিয়া তার ফিরাদিন নাইট ইস্কুলোত যাং
নাইট ইস্কুল যাবার এলাত্ত নাই হয় ছয়খান মাস





শিখতে হইবে নাম দস্তখত ঐটায় হাবিলাস।
এলা খবরের কা*জগুলাত্ত হুনা পড়োং হ্যার ভাঁয় ভাঁয়
নাম দস্তখত কইরবার পারোং, টিপসই নেয় মোর কাঁয়
তোর হ্যাসকারি বড়ো আইজো ...

২৩. ম*লের মাত্ত ?
আগুন জ্বালাত্ত মশামারি পোন্ পোন্ করে।।
আহা মাছের মধ্যে মাছরে ইলিসা ম্যানে মাছ
তোর রুইত্তক্ পোছে কে ?
চাঁদা ধুতুরা মাছে সংসার রাইখাছে রে - ম*লের মাত্ত ...
আর ঘরের মধ্যে ঘর দলান সেনে ঘর;
তোর টিনোক্ পোছে কে ?
ভাঙ্গাচুড়া খেরিঘরে সংসার রাইখাছেরে - ম*লের মাত্ত ...
আর নারীর মধ্যে নারী ত্যালকালা সেনে নারী
তোর *রাক্ পোছে কে ?
ঘ্যা*শ কুঁজা নারী সংসার রাইখাছে রে - ম*লের মাত্ত .....
মশার কামড়ে খাইল মোর *াত্ত
আগুন জ্বাল মশা মারি পোন পোন করে
আহা বাশবাড়ীয়া মশাগুলার লম্বা লম্বা ঠোট
এমন করি কামড়ে ফ্যালাইল্ ঝ্যান কুড়ালের চোট
ম*লের মাত্ত, কুত্তি *লু হিত্তি আইসেক, আনেক বিচণ
হাকাত্ত *ত্ত
ম*ল কাকার মাত্ত হুর দ্যাখ্ মোর *াত্ত
বিছনা পাড়ি দেত্ত মোর জ্বর আসিছে
মুই খাবার দাবার নঙ্ মোক্ ড্যাকান্- ট্যাকান্ না
মোক্ নিন্ ধরিছে

আজ তিন দিন হাতে নিন্ নাই হয় মশার কামড়ে।

২৪. হ্যালায় হ্যালায় দিন কাটাইলোং ভাই,
এ্যালা আ*ের দিন আর নাই;
বুক চাড়েয়া আ*েয়া আইসো, পাছেবার উপায় নাই।
ভাইরে যাঁয় যাঁয় আছেন পাছোধ্ম পড়ি,
তারে উপরা যায় সউ* ধরমরি,
আ* পিছে হুর তারে মরণদশা;
হাল বয়া ভাত না পায় চাষা
*রীব লোকের সউ* নৈরাশা,
দিনোত খায় জোক, রাইতোত কামড়ায় মশা।
কতাটা ভাবিয়া দ্যাখো ভাই
এ্যালা আ*ের দিন আর নাই,
বুক চাড়েয়া আ*েয়া আইসো,
পাছেবার উপায় নাই। ...

২৫. আই মুঁই কপালে কি আগুন না*নু;
বিয়ার সোয়ামীক আই মুই ক্যানে বা ছাড়নু।
তখন কৈচে মোক সতীনগুলা
শোনেক, শোনেক মাই ফুলমালা—
চৌকের মাতা কি খাইচে তোর বাপ ভাই;
ত্তরে তুঁই যেমন সুন্দরী মাই তোর জোড়া মেলে নাই।
... ... ...
সাংনা ভাতার ফট্কুদা
আ*েধ্ম আছিল তাঁয় *লাবান্ধা
নয়ায় নয়ায় তাঁয় কত কতা কৈচে,





য়্যালা সেনে মুঁই হইচোং বেয়া, য়্যালা বুঝি মোর যৈবন পড়িচে।
ত্তরে পাড়ার চেংড়ীগুলা নাইয়োরোতে যায়,
মোক কমবক্তিয়াক য়্যালা নিয়া না যায়;
আই মোর মনে য়্যামোন কয়, পাইলে নাইয়োরে *েনু হয়
আই মুই কি কাজ করুনু, কি মাটি খানু,
ত্ত মুই কিসোধ্ম ভুলুনু;
বিয়ার সোয়ামীক ...’

২৬. আরে কইনার কিবা দোষ রে আছে।
ত্ত তার ঘটকশালা পাজি/ তাতে একে কন্যা যম-পালাটি
তাতে হইলেক্ দারুণ টসী
বাম *লে তার টোণ্ড্রাফুলা
ডাইন্ চোক্ষে তার ফলিপড়া এক চোক্ষে দেখে।।
আরো বরের কিবা দোষ রে আছে।
একে পাত্র যম-পা*েলা তাতে হইল *লফুলা
প্যাট্ ঢ্যাপ্রা পিঠিত্ একটা দারুণ কুঁজ সেইটে দ্যায় মোকে
আমি হইনা *রীবের মাইয়া
তোর সঙ্গে পেম্ করিবনা রে
মোক্ বলে ব্যাচেয়া খায় তেমালা ঘরে।।
আমি শুইনাছি ঘটকের মুখে বাড়ীতে পুষ্করিনী আছে
হস্তিত্ করিয়া নাইত্তর করিবে রে
আই মোক্ পাল্কিত্ করিয়া নাইত্তর করিবে রে
আই মোকে *ড়ীত্ করিয়া নাইত্তর করিবে রে
আই মোক্ ঘাড়োত্ করিয়া নাইত্তর করিবে রে
আই মোক্ কোলাত্ করিয়া নাইত্তর করিবে রে
মোক বলে ব্যাচেয়া খায় তেমালা ঘরে।।

# ৯. রাজবংশী সমাজের বিবাহগীতি

১) কইনা কাইন্দ না কাইন্দ না কাইন্দ না ঘরে
বিয়ার গাড়ি ওই বুঝি আইসে
ওই শুনা যায় পথত/ক্যারকার বাজ পড়ে
কইনা কাইন্দ না কাইন্দ না কাইন্দ না ঘরে
ভটভটি বুধা(র মাও
বরণ বরের চাইলন বাতি নেও আগে দুয়ারে।
ওই আইসে বিয়ার গাড়ি/ঝুমার ঝুমুর করি
ক্যারকা বাজে ঢোলকি বাজে
কইনা কাইন্দ না কাইন্দ না কাইন্দ না ঘরে।

শব্দার্থ ক্যারকা— এক প্রকারী বাদ্যযন্ত্র, বইদ্য— বাদ্য, জোগাড়— উলু, আগ দুয়ার— সদর দরজা, ঢোলকি— ঢোল।

সা( াৎকার শ্রীমতী দূর্গা রায়, 'সুধী প্রধান পুরস্কার প্রাপ্ত' ভাওয়াইয়া শিল্পী, জলপাইগুড়ি।

২) বরন বরে চাইলন চায়/কইনার নাকে নোলক ঢুল খেলায়
ওকি ও-রে দেওরা দুলালি আই মোর
আচ্ছা বরণ করিয়া নেও রে।

বরণ বরে চাইলন চায়/কইনার গালায় মালা ঢুল খেলায়
ওকি ও-রে (শ্বশুর দুলালী আই মোর
আচ্ছা বরণ করিয়া নেও রে।

মাকেলা বাঁশের চাইলন বাতি / নবীন বয়সের বৈরাতী
ওকি ও-রে ঢোল বাজে ক্যারকা বাজে সানাই বাজে রে
আচ্ছা বরণ করিয়া নেও রে।

সা( াৎকার— প্রগুক্ত(

শব্দার্থ দেওরা— দেবর, বরে— বরণ করে, ঢুল খেলায়— দোল খায়, মাকেলা— এক প্রকার বাঁশ, বৈরাতী— এয়ো।





৩) ছিকো ছিকো আই মরিয়া না যাই
ওটা কেমন দুলা ভাই
ছিকো ছিকো আই মরিয়া না যাই

ওটা দুলহার মাথাটা
ঢাট কাউয়ার বাসাটা
ছিকো ছিকো আই মরিয়া না যাই

ওটা দুলহার চখু দুইটা
হলদি থুবার কৌটাটা
ছিকো ছিকো আই মরিয়া না যাই।

ওটা দুলহার পিঠখান / কাপড় ধোয়ার পিড়াখান
ছিকো ছিকো আই মরিয়া না যাই।

সা( াৎকার— প্রাগুক্ত(

শব্দার্থ ছিকো— ঘৃনা অর্থে, ঢাট কাউয়া— দাঁড় কাক, দুলহা— পাত্র, থুবার— রাখার, পিঠি— পিঠ/পৃষ্ঠদেশ, পিড়া— পিঁড়ি।

৪) অধিবাসী গান
কাচা কাচা হলদা/রঙে নাহি উঠে
আ-ভাই থুকুরাটার
ছিরি নাহি উঠেরে—

সা( াৎকার— শ্রীমতী অনিলা রায়, শ্রীমতী চাঁদমনি রায়

ছবাভিটা, ফুলবাড়ি হাট, জলপাইগুড়ি

শব্দার্থ হলদা— হলুদ, আ-ভাই— ও ভাই অর্থে, থুকুরা— পাত্র, ছিরি— শ্রী/সৌন্দর্য।

৫) সঙ্গত করিয়া বাটেন কুড়ু/ মাও গো জননী
হামার মইটার জালা দেহা /ছালও যদি গে যাইও না।

ফেন্না শালাটার ঘসঙ্গা গে দেহা
গড়রাইতে ছিরি উঠে না।
হামার মাইয়ার দেহাটা নুন্নুত গে করেছে
কনেক খাসায় ঝলকি উঠেছে
ছামে ছামে খাসা তাই আটে না।

সা( াৎকার— প্রাগুক্ত(

শব্দার্থ সঙ্গত করিয়া— ভালো করে/ পরি পাটি করে, কুডু— হলুদ, মাই— মেয়ে/পাত্রী, জালা— কচি/অপরিণত, ছাল যাওয়া— ছুলে যাওয়া, ফেন্না— অনুল্লেখিত পাত্রের নাম, ঘসঙ্গা— অমসৃণ/ এবরো খেবরো, গড়রাইতে— ঘসতে, নুন্নুত— তুলতুলে, খাসা— হলুদ, আটা— সাংকুলান।

৬) চান্নির জন্ম কুঠে গে
চান্নির জন্ম কুঠে—
চান্নির জন্ম হাড়ি ভাইয়ার বাড়ি
আন কেনে চান্নি গে, আন কেনে চান্নি
হামার মাইর ঘনয় অধিবাসী।
ঘটের জন্ম কুঠে গে/ ঘটের জন্ম কুঠে—
ঘটের জন্ম কুমার ভাইয়ার বাড়ি
আন কেনে ঘট গে, আন কেনে ঘট
হামার মাইর ঘনয় অধিবাসী।
ধানের জন্ম কুঠে গে/ ধানের জন্ম কুঠে—
ধানের জন্ম গিরজ ভাইয়ার বাড়ি
আন কেনে ধান গে, আন কেনে ধান
হাামার মাইর ঘনয় অধিবাসী।
কড়ির জন্ম কুঠে গে/ কড়ির জন্ম কুঠে—
কড়ির জন্ম রাকো ভাইয়ার বাড়ি
আন কেনে কড়ি গে, আন কেনে কড়ি
হামার মাইর ঘনয় অধিবাসী।
কিয়ার জন্ম কুঠে গে/ কিয়ার জন্ম কুঠে—
কিয়ার জন্ম রাকো ভাইয়ার বাড়ি
আন কেনে কিয়া গে, আন কেনে কিয়া



রাজবংশী লোকসংস্কৃতি কোষ

হামার মাইর ঘনয় অধিবাসী।
কলর জন্ম কুঠে গে/ কলর জন্ম কুঠে—
কলর জন্ম গিরজ ভাইয়ার বাড়ি
আন কেনে কল গে, আন কেনে কল
হামার মাইয়র ঘনয় অধিবাসী।

সা( াৎকার— প্রাগুক্ত(

শব্দার্থ চান্নি— চালুন, কুঠে— কোথায়, গিরজ— গৃহস্থ, ঘনয়— তাৎপর্যপূর্ণ অর্থে, আনকেনে— ওগো, তোমরা নিয়ে আস, রাকো— কড়ি, কিয়া প্রভৃতি যোগান দাতা, কিয়া— সিঁদুর রাখার পাত্র হাড়ি — বেদে (হাজরা, দাস, ঋষি প্রভৃতি পদবীধারী জনগোষ্ঠী স্থানীয় ভাবে বাদিয়া নামে পরিচিত)।

৭) তোমার কাঞ্চার কথা আইসে আরঙে আরঙে
খাও বা কাঞ্চার গুয়া দেওয়া কাঞ্চার জব।
আমার কাঞ্চা সাত ভাইয়ের দুলালী।
সকাল হইলে লাগে কোলা পিঠি।
আমার কাঞ্চা সাত ভাইয়ের দুলালী।
দুপুরা হইলে লাগে দুধ ভাত
সন্ধ্যা হইলে লাগে কোলা পিঠি
আমার কাঞ্চা সাত ভাইয়ের দুলালী।

শব্দার্থ কাঞ্চা— কন্যা সন্তানকে আদরের সঙ্গে সম্ভাষণ অর্থে, আরঙে আরঙে— বার বার, গুয়া— সুপারী, দুলালী— আদরণীয়, পিঠি— পিঠ।

উল্লিখিত গানটি পশ্চিম অসামের ধুবরী জেলায় বসবাসকারী রাজবংশী সমাজের বিবাহ অনুষ্ঠানের জনছিরি দেওয়া পর্বের গান। এই অঞ্চলে রাজবংশী সমাজে বিবাহের প্রথম অনুষ্ঠান হলো জপছিরি দেওয়া। এই অনুষ্ঠান পাত্রী প( র বাড়িতেই হয়। জপছিরি দেওয়ার অর্থ হলো বিবাহ স্থীর হওয়ার কথা সামাজিক ভাবে ঘোযনা করা।

সূত্র রাজবংশী বিয়ার গান, শ্রীমতী লাবণ্য ভকত, ধুবরী, বাঘধেনুক পত্রিকা, যার সংখ্যা ১৪০৮, সম্পাদক হরিপদ রায়।

৮) জন্মখণ্ড আসি আকা পাকায় আর গান গায়।
মাটিতে মাটিরে দৈ বোলং জন্ম মাটিরে
মাটিরে তোর জন্মখণ্ড কোটাই রে—
মোর জন্মরে বসুমতীর ঘরে রে
মুই আবানে না হয় শিবের বিয়া রে
আকাতে লিখিয়া তুলিছে বালীর
সীতার সেন্দুর আরে ডোমনা
ঘটতে লিখিয়া তুলিছে বালীর নাকের সোনা
থাউক রইল মোর বেটীর বিয়া
চাইলনত লিখিয়া তুলিছে বালীর কোমরের শাড়ি
থাউক, রইল মোর বেটীর বিয়া
কোন বা রসিয়া ডোমনা এই চাইলন বানাইছে—!

শব্দার্থ কোটাই— কোথায়, বালী— কন্যা, ডোমনা— ডোম, যাই— চলি, চাইলন— চালুন/চালনী।

এই গানটি পশ্চিম অসমের ধুবরী জেলায় বসবাসকারী রাজবংশী সমাজের আকাপাকা পর্বের গান।

সূত্র প্রাগুক্ত(

৯) অফুলা কদমের তলে ময়নার জুড়িছে খেলারে
ও সুন্দর ময়না রে।।
রিরগিরি বাইজরে পরে জোড় সানাইয়ের কোরালীরে
ও সুন্দর ময়না রে।।
এলা কেনে কান্দর রে বা মাজিয়ায় গৈর দিয়া রে
যায় না খাইছেন বাবা বড় মাছের ভাররে
তায় না আসির লাগিছে জোড়া সানাই ধরিরে
ও সুন্দর ময়না রে।।

শব্দার্থ আফুলা— ফুল হয় নি এমন, রিরগিরি— বাজনার বোল, বাইজ— বাদ্য, কোরালী— সানাই-এর ক(ণ সুর, মাজিয়া— মেঝে, গৈর— গড়াগড়ি দেওয়া, যায়— যে, তায়— সে।

এই গানখানি পশ্চিম অসমের ধুবড়ী জেলার বসবাসকারী রাজবংশী





সমাজের মধ্যে প্রচলিত। এই গানটি নিরি( ণ পর্বে গাওয়া হয়। অঞ্চল ভেদে নিরী( ণকে বসিনা বা ভারখাওয়া বলা হয়ে থাকে। এই অনুষ্ঠানে পাত্র প( র অভিভাবক ও বয়োজ্যেষ্ঠরা পাত্রীপ( র বাড়িতে গিয়ে পাত্রীকে কাপড়, গয়না প্রভৃতি দিয়ে আশীর্বাদ করে কপালে সিঁদুর দিয়ে আসে। এই পর্বের আর একটি গান—

বড় নদীর পারে পারে কিসের বাইজ বাজে
বাইজ তো নোয়ায় বাবা নালীর নিরি( ণ আইসে
দুধভাত খায়া ময়না নিন্দ ভালা গেইছে
কুনবা মারেয়ার বেটা হাওয়াই মারিয়া আইসে।।
বন্ধুকের হিরারে হিরি চামকিল ময়নার গাও
সুন্দর ময়না বালীর রে নিরী( ণ আইসে।।

শব্দার্থ নেয়ায়— নয়, বালী— পাত্রী, মারেয়া— বিশিষ্ট ব্যক্তি( অর্থে, হাওয়াই— উড়ো জাহাজ, বন্ধুক— বন্দুক, হিরা হিরি— গুলির শব্দ (এখানে বাজনার শব্দসূচক)।

সূত্র— প্রাগুক্ত(

১০) বাজিনীয়ার বাইজেরে উলমতি পাগল রে
ছাড়িয়া আসিলু, বালীর সীতার সিন্দুর রে
না পিন্ধি ব( তোমার খোজনা সিন্দুরের
ঘাটা গেইলে উবুনা দিবেন বাড়া গেইলে
তুলিয়া নিবেন
সেই না সীতা মোর হয়া যাইবে খালী
না পিন্দং তোমার খোজনা সিন্দুর।
ব(য়ারে ঐ না সিন্দুর তোমার বইনক পিন্ধান
ঐ না সোনা তোমার ভাউজক পিন্ধান।
ঐ না শাখা তোমার বইনক পিন্ধান।
ঐ না শাড়ি তোমার ভাউজক পিন্ধান।

শব্দার্থ বাজিনীয়ার— বাদ্যকার, বাইজ— বাদ্য, উলমতী— পাত্রী, ব(— বর, উবুনা— খোটা, না পিন্দং— পরব না।

১১) সৌতের কলমৌরে আগাল হলফল করে রে

আনো হে ভাউজী কলমৌ কাটারী দিয়া কাটিরে
আনো হে ভাউজী কলমৌ ভাজিয়া ভাতরে
আমার সরকার মহরী বেটা আমায় তোমার
কলমৌ ভাজা ভাতরে।
শব্দার্থ সৌতের— স্রোতের, আগাল— অগ্রভাগ।

১২) দিঘী দিলুং পুস্করনী দিলুং জলা কেনে ঘোলা।
আমার বালীরতন জ্বলে ব( কেনে কালা।
হয়না কেনে বা(রে কালা ব্যবসা জানে ভালা।
ব্যবসার মত ব্যবসা জানে মাছ বেচা ব্যবসা।।
শব্দার্থ বালী— পাত্রী, ব(— বর।

১০,১১ ও ১২ ত্র(মাঙ্কে সংযোজিত গানগুলি নিম্ন অসমের ধুবরী জেলার রাজবংশী সমাজের মধ্যে প্রচলিত। গানগুলি স্বরগ জল তোলা পর্বের অন্তর্ভুক্ত(। পাত্র বা পাত্রীর বাড়ির সন্নিকটস্থ কোনো নদী বা পুষ্করিণীর ঘাট থেকে জল বরণ করতে যাওয়ার সময় গঙ্গা পূজা প্রসঙ্গে এই গানগুলি গাওয়া হয়।

সূত্র— প্রাগুক্ত(

১৩) চৈতে না গাড়িনু গুয়া বৈশাখে ধরে
পত্তম বাদার গুয়া বালীর বাবায় লেথেরে ব(রে
বালীর মায়ে খাইছেরে গুয়া নাই দেয় তারা কড়ি
ভরা হাটের মাঝে করে হুরা হুরিরে
তখনে না কইছংরে বালী,
ছাড়িয়া দেয় মাওয়ের আঞ্চল
আমি দেমো কড়ি।
তখনে না কইছং রে বালী, বল হরি হরি।
শব্দার্থ গুয়া— সুপারী, গাড়িনু— রোপণ করিলাম, ধরে— ফলে/ফল দেয়, বালী— পাত্র, ব(— বর, খাইছে— খেয়েছে, কড়ি— মূল্য, কইছুং— বলেছি।

১৪) জিরকিটি গুয়া রে আই মোর বরাইর কুচীপান
হুর আসিচে বরের বাবা, বুঢ়া হনুমান।





কইনার বাবা বইসা আছে উত্তম সিংহাসন
জিরকিটি গুয়ারে আইমোর বরাইর কুচীপান
হুর আসিচে বরের বাবা, বুঢ়া হনুমান।
কইনার কাকা বসিয়া আছে রত্ন সিংহাসন।।
শব্দার্থ জিরকিটি— এক প্রকার ছোট প্রজাতির সুপারী, কুচীপান— ছোট প্রজাতীর দেশি পান, হুর— ঐ যে, বুঢ়া— বৃদ্ধ, বরাই— ঠাকুরদাদার মা।
১৫) বড় ঘরের পাছিলাত বানের জল অইসে
সেই বানত জন্মিল ধান দশ গছি
সেই ধান কাটিয়া আনিয়া নান্দী শ্রাদ্ধ করে।
নান্দী মুখের পিতৃশারাদ কিসের লাগিয়া
সেই শারাদ করা হইল বিয়ার লাগিয়া।।
নান্দী মুখের শারাদদ বামন কি কি লাগে
এক পাইসার কলা হইলে নান্দী শারদ করে
নান্দী মুখের শারাদত বামোন কি কি লাগে
এক পাইসার আতপ হইলে নান্দী শারদ করে।।
এই পাইসার ধূপ হইলে নান্দী শারদ করে।।
এক পাইসার পান গুয়া হইলে নান্দী শারদ করে।।
শব্দার্থ পাছিলাত— পিছন দিকে, গছি— গাছা, নান্দি-শারদ— পিতৃশ্রাদ্ধ।

নিম্ন অসমের রাজবংশী সমাজের বিয়ে উপলক্ষে( গুয়া পান পর্বে ১৩,১৪ ও ১৫ নং গানগুলি পরিবেশিত হয়। নিরী( ণের সময় পাত্র বাড়ি থেকে পান, সুপারী, চুন প্রভৃতি পাত্রী প( র বাড়িতে নিয়ে আসা হয়। সেই পান সুপারী দিয়ে কন্যাপ( র বাড়ির মানুষ সুবচনী (চুবছনী) পূজা করে গ্রামবাসী প্রতিবেশীদের মধ্যে বিতরণ করা হয়। বৈরাতীরা সাধারণ সুপারী কাটতে কাটতে এই গানগুলি পরিবেশন করে।

সূত্র— প্রাগুক্ত(

১৬) হরগৌর পোজেরে বামন টের ছোখে চায়
চাইলনের কলারে বামোন চোর করিয়া খায়।।
বামোন ছারালিয়া বামোন বিটলিয়া
বামোন যায় রে বিয়ার বাড়ি বামনী বসি কান্দে।

ওহে বামন পায়ে ধরি সিন্দুর আনেন মোরে।।
টিকরের মতন কপাল রে বামনী সিন্দুরের আটুস করে
ঘরে আছে শাখায়ে বামনী তাকে পরিধান করে।
বামন যায় বিয়া বাড়ি, বামনী বসি কান্দে।
ওহে বামোন পায়ে ধরি সোনা আনেন মোরে—
বোচার মতন না করে বামনীর সোনার আটুস করে
ঘরে আছে বেঙা পুতুল তাকে পরিধান করে।

শব্দার্থ পোজে— পূজা করে, টের চোখে— বাঁকা দৃষ্টিতে, চোর করিয়া— চুরি করে, আটুস— আবদার, বোচা— ভোঁতা।

১৭) চালত কান্দে কাউয়া/মাটিত ঘাট কামায় নাউয়া
দৈ চিরা খাং খাং করে রে নাউয়া
নাউয়ার মাইয়ার পিঠিতে কুজ
বাড়া বানিবার বরই সুখ
দৈ চিরা খাং খাং করে রে নাউয়া।।

শব্দার্থ চালত— ঘরের চালের উপর, খাং খাং— খাবার ইচ্ছা প্রকাশ, মাইয়া— স্ত্রী, পিঠিত— পিঠে, বাড়া— ধান কুটার কাজ।

১৬ ও ১৭ ত্র(মাঙ্কে সংযোজিত গান দুটি রাজবংশী সমাজের বিবাহ উৎসব উপল(ে ষোল মাতৃকা পূজা, হরগৌরী পূজা ও নান্দীমুখ শ্রাদ্ধ পর্বে পরিবেশিত হয়। গানগুলির ভাষা বৈশিষ্ট্যে নিম্ন অসম এলাকার রাজবংশী সমাজের ভাষাবিন্যাস ল(ণীয়।

সূত্র— প্রাগুক্ত(

১৮) আরে অরে নাউয়ার দুই চোখ খাউয়া রে।
আমার বাছাক ভাল্ করি কামাও কি অ নাউয়ারে।।
যদি বাছা হাতে দুখ পায়, যদি বাছা পায়ে দুখ পায়,
চকু কাটিয়া নাউয়ার প্রদীপ জ্বালাইমোরে।
নাউয়া শীতলরে ওরে নাউয়ার বাড়ি বহুদূরে
নখ কাটিতে না পায় রে নাউয়া
বাছার চরণের নেপুর।।

শব্দার্থ চোক— চোখ, খাউয়া— (য়ে যাওয়া, বাছা— সন্তান, নেপুর— নূপুর।





১৯) যেই না ঘটে সারয় বালী বাটেরে
ঐ না ঘাটে বালী ছিনান করে।।
ছিনান করিতে পাইল ভেঙ(লের নাগাল রে
লয়নো লয়নো ভেঙ(ল গামছায় বান্ধিয়া রে
যেই না ঘরে বরের বাবা শুতিয়া রে
ঐ না ঘরে দেন ভেঙ(ল ছাড়িয়ারে।
ভেঙ(লের কামোরে বরের মাও/দৌরাদোরি করে
তাকে দেখি বাজিনীয়া গুলা কয়—
বরের মাও ভাল নাচন নাচেরে।।

শব্দার্থ বালী— পাত্রী/বালিকা, ছিনান— স্নান, ভেঙ(ল— ভীম(ল, শুতিয়া— শুয়ে থাকা, বাজিনীয়া— বাদ্যকার।

২০) হলধি গোন্ধায়রে বাছার গায়
গোরতে আছে বাছা গঙ্গাধর নদী
দুই আনা ফেলাও বাছা যাইরে
গায়ের হলধি, হলধি দগমগ বাছারে।
বুক ভাঙিয়া পরে বাছার (পের
কুতিনা গেইলে দরদী ভাইরে
আঞ্চলে বান্ধিয়া রাখো/ ভাছার রূপরে
ধোয়েয়া মোছেয়া/ পঞ্চ ঘাটাত থাকি তুলি
কুতি আছে বরের বনু নেও কোলাত তুলি।।

শব্দার্থ হলধি— হলদি, গোন্ধায়— গন্ধ ছড়ায়, বাছার— আদরের সম্ভাষণ প্রিয় সন্তানকে, গোরতে— কাছে, কুতিয়া— কোথায়, ধোয়ায়-মোছেয়া— ধুয়ে মুছে, বনু— জামাইবাবু, কোলাত— কোলে।

১৮ থেকে ২০ ত্র(মাঙ্কের গানগুলিও পশ্চিম অসমে ঘাটকামা আর গাও ধোয়া পর্বে পরিবেশিত হয়।

সূত্র— প্রাগুক্ত(

২১) দল মোরায় চড়িয়া নওশাগ যায় বা (শুরবাড়ি রে
কিঞ্চিত মায়া রাখেন রে গোপীচান্দ মাওকে লাগিয়া

পরার বেটী পায়া গোপীচান্দ মায়ের মায়া পাসরিছেন রে—
দল মোরায় চড়িয়া।।

কিঞ্চিত মায়া রাখেন গোপীচান্দ মায়েরে লাগিয়া রে
বাইজে দাঙরে গোপীচান্দ সুন্দর কামিনীক।

২২) ছোট ছোট কড়ি বড় বড় কড়ি
হুর আসিছে বরের বাবা হাট শামটা হাড়ি
আসুক আসুক হাড়ি শামটি নিমো বাড়ি
ছুয়া বাড়ির কাদো দিয়া যায়কে দিমো দাড়ি
পূবেল পচ্ছিয়া বাও দাড়ি শুকিয়া বাড়ি যাও
ছোট ছোট কড়ি বড় বড় কড়ি।।

শব্দার্থ শামটা— ঝাড় দেওয়া, ছুয়া বাড়ি— এঁটো গৃহ পরিবেশ, কাদো— কাদা, যায়কে— খাড়া করে দেওয়া, পাচ্ছিয়া— পশ্চিম দিক থেকে আগত।

২৩) আজি কেনে রে বরের বনু তোক পন্থে দেখং
রঙিলা মড়ির বস্তা তোর মাথায় দেখং
কতই লাভ পালু বরের বনু, কতয় লাভ পালু
মাছ বেচা লাভের টাকায় ভাইক বিয়া দিলু।।

শব্দার্থ আজি— আজ, কেনে— কেন, বনু— জামাইবাবু, রঙিলা— রঙিন, বইন— বোন।

২১, ২২ ও ২৩ ত্র(মাঙ্কের গানগুলি পশ্চিম অসমে বর বিয়ে করতে যাওয়ার সময় পরিবেশিত হয়।

সূত্র— প্রাগুক্ত(

২৪) মারেয়া হেলে মারেয়া ঢোলে/ ঐ বাঁশের মারোয়ার তলে রে—
কইনার মাও পেখেনা করে বোম্বাই শাড়ির বাদেরে
দেইম দেইম বোম্বাই শাড়ি, আছে মাড়েয়ারীর বাসায় রে
কইনার পিসাই পেখেনা ধরে কানের সোনার বাদেরে
দেইম দেইম কানের সোনা, গালার হারের বাদেরে
কইনার কাকী পেখেনা ধরে গালার হারের বাদেরে





দেইম দেইম গালার হার, আছে বানিয়ার দোকানে রে

কি কি আনিছেন সদাগর, ছুটকেছ খুলানতো দেখি
আনছি আনছি কানের সোনা বালীক পরান তো দেখি।।

শব্দার্থ মারেয়া— সম্পাদক (এখানে সম্পাদনকারী ব্যক্তি(), মারোয়া— মণ্ডপ/ছাদনাতলা, পেখেনা— বায়না, বাদে— জন্যে, দেইম— দিব, কইনা— পাত্রী, বানিয়া— স্বর্ণকার, ছুটকেছ— স্যুটকেস, আনছি— এনেছি, বালী— পাত্রী।

২৫) ব( তোর নাম বেশি রে/ ব( তোর শব্দ বেশি রে
দুয়র ধরা তেলের টারী/কই আনিছিস রে

বালী মোর মনে নাইরে/ বইন ধাকরী শালী সাজেয়া নাই দেয় রে
বালী মোর মনে নাইারে।।

শব্দার্থ ব(— বর, দুয়র— দরজা, তেলের টারী— তেলের পাত্র, ধাকরী— অসভ্য।

২৬) ধরছি ধরছি আমরা নিজস্ব দুয়র
বরের ভাইটা দাতেলা শুয়র
বরের ভাই দাঁত দিয়া/ খুলিরে কপালের দুয়র
হাজার টাকার কমে আমরা ছাড়িয়া দিবার নই দুয়র রে।।

শব্দার্থ দুয়র— দরজা, দাতেলা— দাঁতাল।

২৪,২৫ ও ২৬ ত্র(মাঙ্কের গানগুলি পশ্চিম অসমের রাজবংশী সমাজের বিবাহ অনুষ্ঠানে সম্প্রদান কালে পরিবেশিত হয়। পাত্রপ( ও পাত্রীপ( উভয়ের বৈরাতীগণ এই গানগুলি পরিবেশন করে।

সূত্র— প্রাগুক্ত(

২৭) পিড়াত চড়িতে না করিস সরম গে মাহী
তোর শাশুরী তোর শাশুরী। মিস্ত্রী ভাতারী গে মাহী
বিনা পাইসায় আনিয়া নিম পিড়া গে মাহী

হলদা মাখিতে না করিস সরম গে মাহী
তোর শাশুরী তোর শাশুরী

হলদা ভাতারী গে মাহী
বিনা পাইসায় আনিয়া নিম হলদা গে মাহী

ত্যাল মাখিতে না করিস সরম গে মাহী
তোর শাশুরী তোর শাশুরী/তেলী ভাতারী গে মাহী
বিনা পাইসায় আনিয়া নিম ত্যাল গে মাহী

শব্দার্থ   পিড়াত— পিড়িতে, চড়িতে— উঠতে, সরম— লজ্জা, ভাতারী— স্বামী বিশিষ্ট, হলদা— হলুদ।

সা( াৎকার— প্রমিলা রায়, ছোট কামাত, মানিকগঞ্জ, জলপাইগুড়ি ২৪-০৪-২০১১

২৮) আইস বাপই আইস, পিড়াত চড় রে
নাই হামার পিড়াত চড়িবার হাউসও রে
আইসোক তো গোলামের বেটীরে
তার সঙ্গে পিড়াত চড়িবার হাউসও রে
আইস বাপই আইস, হলদা মাখোরে
নাই হামার হলদা মাখিবার হাউসও রে
আইসোক তো গোলামের বেটীরে
তার সঙ্গে হলদা মাখিবার হাউসও রে।।

আইস বাপই আইস, ত্যাল মাখোরে
নাই হামার হলদা মাখিবার হাউসও রে
আইসোক তো গোলামের বেটীরে
তার সঙ্গে ত্যাল মাখিবার হাউসও রে।।

আইস বাপই আইস, গুয়াপান খাও রে
নাই হামার গুয়াপান খাবার হাউসও রে
আইসোক তো গোলামের বেটীরে





তার সঙ্গে গুয়াপান খাবার হাউসও রে।।

শব্দার্থ   পিড়া— পিঁড়ি, হাউস— সাধ, হলদা— হলুদ, ত্যাল— তেল, গুয়া— সুপারী।

সা( াৎকার— প্রাগুক্ত(

২৭ ও ২৮ ত্র(মাঙ্কের গানগুলি পাত্রীকে তার বাড়ি থেকে বের করে আনার সময় পরিবেশিত হয়। বিবাহের সময় দান সামগ্রী সম্প্রদান হলে পাত্রীকে বরের বাড়িতে নিয়ে যাওয়ার পালা। তার আগে ছাদনা তলা থেকে তাকে ঊকটি ঘরে নিয়ে যাওয়া হয়। সে সময় বৈরাতীরা অনেক মজা করে ও এই গানগুলি পরিবেশন করে।

সূত্র— প্রাগুক্ত(

২৯) পাঙ্গা নদীর গে শালখুটা/ হামার মাহীর বগলে বসিসে গে
যুগক নাগিয়া—/ বাপই গুনে গে বসিবার দিসে।
হামি হইলে ছেই ছেই/ খেদাইও গে, যুগক নাগিয়া।।

শব্দার্থ   শালখুটা— শাল গাছের কাঠ, মাহী— পাত্রী, বগলে— নিকটে, বসিসে— বসেছে, যুগক নাগিয়া— চিরকালের জন্য, হামি— আমি, ছেই ছেই— দূর দূর, খেদাইও— তাড়িয়ে দাও (এখানে তাড়িয়ে দিতাম অর্থে)।

সা( াৎকার— প্রাগুক্ত(

৩০) দেওরে বরের বাবা/ চন্দনের খুটি
কইনার মায়ের দুধারে লেখিম/ মৈনী ময়না
যখন ময়না  মৈনী/ উড়ন্তে ধায়
তখন কইনার মা/ বিনবিনে কাঁদে

শব্দার্থ   কইনা— পাত্রী, উড়ন্তে ধায়— উড়ে যায়, বিনবিনে— নাকি সুরে কাঁদা।

সা( াৎকার— কস্তুরী রাজবংশী, যাদুপুর, ওল্ড মালদা।

তারিখ   ৩০-০৪-২০১১

৩১) আপটা মুহা খাপটা মুহা/ দুয়ারে বসে আছে
আমার দুধের ছেলে/ ঘরত বাহির হছে।

শব্দার্থ   আপটা মুহা খাপটা মুহা— শ্রীহীন মুখাবয়ব বিশিষ্ট।

সা( াৎকার— প্রাগুক্ত(

৩২) কইনার মাওটা টিয়া পুষে/ করে টিয়া চিয়া চিয়া

এমন টিয়ার ডডারি এমন টিয়ার চেচারী
এমন মতা মতামু মালদা শহর ভাসামু
এমন মুতের দাম রে/ টাকাত তিন সের রে।।

শব্দার্থ ডাডরি— চিৎকার, চেচারী— চিৎকার, মতা— প্রসাব করানো, মতাম— প্রসাব করাবো, ভাসামু— ভাসিয়ে বেদ।

সূত্র— প্রাগুক্ত(

৩৩) বরের বাপটা ধুতিঝুলা/ বরের বাপটা ধুতিঝুলা
সাজাইছে কুত্তুনিগুলা / দেও তো কইনার বাপ
জলি কাইটা/ ঢুকুক তো কুত্তুনিগুলা।

শব্দার্থ ধুতি ঝুলা— ধুতি ঝুলিয়ে পরিধান করে অর্থে, জলি— দরজা।

৩৪) নাল দীঘির পাহাড়ে/ নাল আইড়া চড়ে রে
সেইখান দিয়া ফালি(বেরী/ হাট বাজার করে রে
হাট বাজর করিতে/ সাতললা গেল পিছাতে
সাতাল জন্মা ছয়াটা/ করে বাং বুং।।

শব্দার্থ আইড়া— ষাঁড়, ছয়াটা— সন্তানটি, বাং বুং— আদিবাসী (সাঁওতাল) সমাজের ভাষার সাতন্ত্র্যসূচক শব্দ বিশেষ।

৩৫) জাদুপরের ছরি গেলা/ বোর পাড়িতে যায়
কুচবিহারের ছরাগুলা/ কুড়ে কুড়ে খায়।।

শব্দার্থ ছরি— মেয়ে, বোর— কুল (ফল বিশেষ), ছরা— ছেলে।

৩৬) ও বাগুনের ঢেলকি/ কুচবিহারের ছরাগুলা
সগায় নেলপেটি।।

শব্দার্থ ঢেলকি— ঘ্যাঁট, নেলপেটি— বেহায়া।

৩৭) ও ছরি মালতী/ ভাতারকে মারিয়া
জিয়াল খাটালি।।

শব্দার্থ কল্‌মের আম— ফজলী আম।

৩৭,৩৮, ৩৯ ও ৪০ ত্র(মাঙ্কের গানগুলি মালদহ জেলার পুরানো





মালদহ যাদুপুর, ধুমা ডিঘি এলাকার রাজবংশী সমাজের বিবাহ অনুষ্ঠানে নাচের গান হিসাবে প্রচলিত। গানগুলি যাদুপুর গ্রামের কস্তুরী রাজবংশীর কাছ থেকে সংগৃহীত হয়েছে।

৩৯) ভাইঅ না দিয়া গেল চাইর ঘাট ডিঘি
সেঅ না ঘাটাত সিনান করে নানান জাতি পঙ্খি
না উড়াইস না উড়াইস পঙ্খিরে
জল হোবেরে ঘোলা/ এ অনা দিঘিত সিনান করিবে—
হামার রাজার বেটা

শব্দার্থ সিনান— স্নান, হামার— আমাদের।

৪০) কালা কালা ম্যাঘখান ঝমকায়/ আসিল পানিরে বাবা
কড়য়া শালাডাক কিন্দা গে-বা-বা।

শব্দার্থ কড়য়া— ঘটক।

সা(াৎকার ২রা মে, ২০১১, নগেন্দ্রনাথ রায়, শিবমন্দির, দার্জিলিং আমগুড়িতে অনুষ্ঠিত রবীন্দ্রনাথের দেড়শ বছরিয়া জন্মতিথি অনুষ্ঠানে।

৪১) পর্ব্বতের গোরে গোরেগে আইনু ছিটিয়া
আইনু গে বাংগা—। সেই বাংগা তুলিতে
ফেন্নিক সাপে—হে—কোল্লেক ধংশন গে—
হায় হায় মোর ফেন্নি গে—
উত্তর তিকার মাহান না হয় গে ফেন্নি—
দ(িণ তিকার গে ওঝা—
ঝারিতে ফুঁকিতে বিষ তোর করেছে উঠা নামা গে—
হায় হায় ফেন্নি গে—

(বশুর কান্দে রোদে রোদে গো ফেন্নি—
ভাশুর কান্দেজ গে বইসে—
শিরেরো সোয়ামী কান্দে মাথায় হস্ত দিয়ে গে—
হায় হায় মোর ফেন্নি গে—

শব্দার্থ গোরে— নিকটে, আইনু— এলাম, ছিটিয়া— ছড়িয়ে, বাংগা— তুলো, ফেন্নিক— কাল্পনিক নাম, কোল্লেক— করল, উত্তরতিকার— উত্তরদিকের, মাহান— ওঝা।

সা(াৎকার— সোনারাণী বর্ম্মণ, লক্ষ্মীরাণী বর্ম্মণ, মাধবীলতা রায়, জয়মুনি রায়।

চাউলহাটি, জলপাইগুড়ি। কৃতজ্ঞতা— চারণকবি মনোরঞ্জন বর্মন

৪২) আজি ঘর ঘুর কালি ঘর ঘুর কারহা পাঠায়—
সদায় শুনেছ ফেন্নাটা কৈইনায় না পায়—
হামার পাড়ার কৈইনা হলে খুবর ঘুচা যায়—
সদায় শুনেছ ফেন্নাটা কৈইনায় না পায়—
ফেন্না নগ্যন ডুভিষে তোর—
দাচিয়া পাঠাছিত ঘটক হামার পাড়াত হোর—

শব্দার্থ কারহা— ঘটক, সদায়— সব সময়, খুবর— খবর, নগ্যন— লগ্ন, দাচিয়া— উপযাচক হয়ে।

সূত্র— প্রাগুক্ত(

৪৩) সেলায় যে কহিনু রে বাপোই/ না যাইস ফেন্নার বাড়িরে বাপোই
ফেন্নার আছে গাভুর বেটি রে বাপোই
খোয়াবে গুয়াপান রে বাপোই।।

গুয়াতে মজাবে/ পানতে ভুলাবে
চুনতে করিবে মনুমান রে বাপোই
আধা বয়সিটাক গালাত বাঁন্দিয়া দেবেরে বাপোই

গুয়া ফেলা ফিকিয়া— পান ফেলা চিড়িয়া
চুন ফেলা দুরত রে বাপোই

শব্দার্থ সেলায়— তখনই, কহিনু— বলেছি, গাভুর— যুবতী, খোয়াবে— খাওয়াবে, মজাবে— মজিয়ে দেবে, মনুমান— সন্তুষ্ট, আধাবয়সি— মাঝবয়সি, ফিকিয়া— ছুড়ে, চিড়িয়া— ছিঁড়ে।

সূত্র— প্রাগুক্ত(

৪৪) কারোয়ার মুখে শুনেছো ফেন্নাটার জোড় জোড়





বাংগেলা মারি হায় হায় রে
বাড়ি যায়য়া দেখেছো ফেন্নাটার শিয়োরের খোপরা
মরি হয় হায় রে।

শিয়োরের খাপরা হামেরা গুড়িয়া ভাঙ্গিমো
মরি হয় হায় রে
অটো আনা ফেন্নার দুয়ারে খন্দক
মরি হয় হায় রে
দূরে দূরে শুনেছো ফেন্নাটা খুব বলে ধনী
মরি হয় হায় রে
বাড়ি যায়য়া দেখেছো— ফেন্নাটা হাজিরা খাটে
মরি হয় হায় রে।।

শব্দার্থ কারোয়া— ঘটক, বাংগেলা— ঘর, খোপরা— ছোট্ট ঘর, গুড়িয়া— লাথি মেরে, আঘিনা— আঙিনা, হাজিরা খাটে— মজুরি করে।

সূত্র— প্রাগুক্ত(

৪৫) কোন দিয়া কোন দিয়া আইলো গে মহুলানী?
হাড়ি পাড়া দিয়া মহুলানী
হাড়িয়ে মজা মাল্লেক গে মহুলানী
কোন দিয়া কোন দিয়া আইলো গে মহুলানী?
বেহেরা পাড়া দিয়া গে মহুলানী
বেহেরায় মজা মাল্লেক গে মহুলানী।।

শব্দার্থ মহুলানী— বরযাত্রী/সহযাত্রী, হাড়ি— বাদ্যকার, মজামাল্লেক— উপভোগ করল, বেহেরা— পালকি বাহক।

সূত্র— প্রাগুক্ত(

৪৬) আটো চুয়ার খিল খিল রে পানি
মাছো মারে ফেন্না জোড়েয়ে জোড়ে পুঁঠি—
এতয় রাতি—/ মাছ মারিলো ভালোয় রে করিলো—
শু( বেতের মাইর সারি সারি রে পিটালো—/ এতয় রাতি

যেই দিন মাইটা পালেয়ারে যাবে
সেই দিন বাপোই বসিয়া কান্দিবো রে বাপোই।।

শব্দার্থ   আটো— সংকীর্ণ, শু(— স(।

সূত্র— প্রাগুক্ত(

৪৭) বেটা রে সেটা— বেটা খোলোই পেটা
বেটা আও রে কার গে— বেটা ডিহা রে খাবো
মজাটা নাগালো বেটা এলহানে/ আসিবার কইসু অনেক ( ণে
দেরি কোরলো  কেনে?/ মজাটা নাগালো বেটা এলহানে

কি দেখেছিত ফেন্নারে— ঐ চান্নির বিধি
ঐ চান্নি গরাইসে তোর বইনী দাগিরী।।

শব্দার্থ   ডিহা— কিল, এলহানে— এত( ণে, কইসু— বলেছি, গরাইসে— বানিয়েছে, দাগিরী— কামুক।

সূত্র— প্রাগুক্ত(

৪৮) ফেন্না না চালা সম্পত্তি
জোড়ায় জোড়ায় পিন্ধাম রে ধুতি
বিছিনা খান মইলান পরিসে হয়য়া রে আড়ি
চৌখির উপর তোষপ-বালিশ টানা আছে মুশারী

শব্দার্থ   বিছিনা— বিছানা, মইলান— নোংরা, আড়ি— বিধবা, তোষপ— তোষক।

সূত্র— প্রাগুক্ত(

৪৯) কারোয়ার মাথাত পেষ্টা দিয়া
গাঞ্জাই বাড়িত হামেরা থুমো বসেয়া/ তিনটা নেদাই দিয়া।

কারোয়া রে কারোয়া বইস রে বইস
দৈচূড়া খাবোতে কারোয়া হইস।

এতোলা যে মানসি আনিলো/ যদি দুলুয়া না হয় ভালো
ভালো দুলুয়া না হলে সেও মাইয়া মোক পালে।

কারোয়া শালাটা ঘুষ বোধায় খাইসে গে মাহি
আধাবসাটাক আনিয়া দিলেক গে মাহি।।

শব্দার্থ   পেষ্টা— বিরা, হামেরা— আমরা, নেদাই— লাথি,





কারেয়া— ঘটক, দুলুয়া— বর, আধাবসা— মাঝবয়সী।

সূত্র— প্রাগুক্ত(

৫০) ডাকাম চুমকারী দিয়া/ ঢেলাম মুদ্দারী দিয়া
ধরিম ধরিম রে ফেন্না নাই দিম ছাড়িয়া।।

শব্দার্থ   চুমকারী— ইশারা, মুদ্দারী— বাঁশের গোড়ার দিকের শক্ত( খণ্ড যার উপরে কোন কিছু কাটা হয়।

সূত্র— প্রাগুক্ত(

৫১) কি জাত্তই বসালো আইগো— হে আহি
এর দেক আসিয়া— নাকডেরাটা গেইসে বসিয়া
এমন সুন্দর মাহিরো আই— কালুয়া পেচা জাত্তইগে আই।
তোমার মনে খাইসে গে আই/ — হামার মনে
নাই খায় গে আই/ তোমার হুকুম করোগে আই
জলে ডুবিয়া মর গে আই।।

শব্দার্থ   জাওই— জামাই, এর দেখ— এই দেখ, নাকডেরা— নাকের ডগা।

সূত্র— প্রাগুক্ত(

৫২) ফেন্নিক যদি নিবো ফেন্নারে/ টাকা মালা মুঠা দে
দিন পোহালে ওরে ফেন্না যাবে তোরে ঠে

শব্দার্থ   পোহালে— অতিবাহিত হলে।

সূত্র— প্রাগুক্ত(

৫৩) কইনার বাখন
এগেনাখান ভরি ভরি গে/ লোকঅ বহুতঅ
কাহা পড়ে— কাহারঅ/ চোখের পানি?
আপনকার মায়োগে/ পড়ি গেলি হিরমনি
চোখের পানি।/ যাছন সে বেটি গে
দূরের (শ্বশুরালি—/ কে দিবে মোক
মায়ো করে ডাকঅ?/ অসিমঅ তে অসিমঅ
বছর ছয়অ মাস গে/ তে দিমঅ মায়ো করে ডাকঅ
তে তমহার শরীল জুড়াবে।/ আপনাকার বায়ো গে
পরি গেলি হিরমন/ চোখের পানি।
যাছন সে বেটি গে/ দূরের (শ্বশুরালি

কে দিবে মোক/ বায়ো করে ডাকঅ?
অসিমঅ তে অসিমঅ/ বছর ছয়অ মাস গে।
তে দিমঅ বায়ো করে ডাকঅ।/ তে তমহার শরীল জুড়াবে।
আপনকার ভাই গে/ পরি গেলি হিরমন
চোখের পানি।/ যাছন সে বহিন মোর
দূরের (শ্বশুরালি/ ভাই করে ডাকঅ?
অসিমঅ তে অসিমঅ ভাইরে/ বছর ছয় মাসঅ
তে দিমঅ বায়ো করে ডাকঅ।
তে তমহার শরীল জুড়াবে।

সা( াৎকার অমলা বর্মন, ঘামানী বর্মন, [( রমনী বর্মন/ ঝাড়বস্তী, রাসাখোয়া, উত্তর দিনাজপুর

সূত্র রাজবংশী জাতির তেপুন্না গীত সংগ্রহ, দীনেশচন্দ্র সিংহ

৫৪) কইনার কাকার বাখন
কাকার এগেনাখান ডালিমের গাছ/ আধা এগেনার ছিয়াগে।
একটা ডালিম তুলিতে গে কাকা/ পড়িয়া ছিলন গাল গে।
আলা কেহে( কান্দেচন গে কাকা/ ভাতিজিক সঁপিয়া গে?
ডাহিনা জাংঘে ঝাড়ি ঝপাল/ বায়া জাংঘৎ ভাতিজি—
আচ্ছা করে ভাতিজি সঁপিবন কাকা/ বিদেশীয়ার হাতে গে।
বাছি দিয়া সঁপিলেগে কাকা/ খাম দুধু ভাতগে।

সা( াৎকার শ্রীমতী ঘামানী বর্মন

সূত্র— প্রাগুক্ত(

৫৫) কইনার মায়ের বাখান
দুয়ারের আগারে মোর/ চন্দন বৃ( রের গাছঅ।
সেইকনা গাছে আছে রে মোর/ নানা পখীররে বাসা।
নানা পখীর বুলি শুনিয়ে/ মায়ো কান্দেরে রীনা।
বড় দাদায় দিলেরে মোর/ সিনিবারেরে ডিঘি।
ছোট দাদায় দিলেরে মোর/ রেসমিয়া শাড়ি।
আসপার দিনা আসপেরে মোর/ সোদোর সনারে হয়্যা।
যাবার দিনা যাবেরে মোর/ দা(ণ শোগ দিয়া।
সা( াৎকার— শ্রীমতি সেফালী বর্মন/ সূত্র— প্রাগুক্ত(





৫৬) বেহার বাখন
কাল কচুর গাছট সখীরে/ জলমলায় বেড়াচে। ২
বেটা যদি হয় নখীরে/ সরকারজী শিখিন হয়। ২
বেটি না হয়্যা সখীরে/ পরের ঘরের দাসী।
ভাইর কান্দনে সখীরে/ দু হাত কলম ভিজে।
বাপের কান্দনে সখীরে/ মাশুই ঘরা ভিজে।
মাওর কান্দনে সখীরে/ শুকান ডিঘি ভরে।
সা( াৎকার— শ্রীমতি ভারতী সরকার/ সূত্র— প্রাগুক্ত(।

৫৭) হলুদ মাখা
মায়ে লারি গে হলুদা/ ও হোরে মোর বাপে দিলে হলদের গামছা
সেই গামছা নিয়ে গেল উড়ায়্যা/ এ হোরে বড়য় দুলালের ছুয়া।
সা( াৎকার— শ্রীমতি ভারতী সরকার/ সূত্র— প্রাগুক্ত(

# .. ১০. ছড়া (RHYME)

১) পোয়ালের পুজ টামটুম
ন্যাচু বাগানে,
পান খাবুনা খিলি খাবু
চলো দোকানে।
দোকানে আছিল কৃষ(চূড়া
পাইসা মেলে না,
লালে লালেগ্রেরী
চলো চশমা পরি,
হাতে লেডিস ঘড়ি
যামো গ্বশুর বাড়ী
ঝুনঝুনি নিয়া খেলা করি।

২) এ প্ানটু বাইস্কো
নাই টেন তেইশকো
চুল টানা বিরিয়ানা
সাহেববাবুর বৈঠকখানা
রাজবাড়ীতে যাইতে
পান সুপারী খাইতে
পানের আগাল ম(চ বাটা
গলায় পরে চটকির মালা ...।

৩) এলোটিন বেলোটিন শৈলো
দেশের কথা কইলো
কোন বা বালিকে চাইলো
রেবা বালিকা চাইলো





কি ফুল তুলতে গেছি হে
জবা ফুল তুলতে গেছি হে
কার সাথে জবা ফুল
বেবির সাথে জবা ফুল।

৪) ছি কিট কিট বারে বারে
আব্বা ডাকায় বারে বারে,
ছি আব্বা ডাকাইস না
মনের আগুন আওলাইস না।

৫) ফুলনো ফুলনোটি
একে তো দোলনাটি
তেলোনাটি
ঝামনো ঝামনো ঝামনো ঝামনো
রাঠি রাঠি পা(টি
লং পাতার এলার্জি
একটি পাইসার কলা
দুইটি পাইসার মলা
ধাপ্পু দিয়া তোলা।

**৬) কানামাছি** উত্তরবঙ্গের শিশুখেলায় কানামাছি খেলাটি বড় কৌতুহলোদ্দীপক। খেলাটির ছড়া দিয়ে শু( করা যাক —

'ইস্টি ফিটিং ফোর নাইনটিং
নাইটি ফিটিং ধা।'

৭) অকদুল বকদুল কড়িফুল ফুটে
বানিয়া রাজার দুলদুল কাঁপে
কাপাকুপা নিমের ডাল

টোনেয়া পখির মোনেয়া বাল।

৮) ইচোন বিচোন ধাপরী বিচোন
তাতে আছে মোগলকাটা,
মোগলকাটা নড়ে চড়ে
ডাল কাউয়াটা ঠোকর মারে,
আয় ঘুঘুরী ঘর যাই
দুদুমাখা ভাত খাই,
না খাই তোর দুধভাত,
গুবুরী গুবুরী গোন্দায় হাত,
এলপাত বেলপাত
ছিড়ি আংটি তোল হাত।

৯) আলুয়া ঘুঘু বালিয়া ঘুঘু সৌগ ঘুঘু চোর
মাটিয়া ঘুঘু ডিমা পাড়ে নোটর পোটর।
নট্ করে নটুয়া ভৈসের মটুয়া
ভৈসের ত্যালে বারো বাতি জ্বলে
জ্বলুক বাতি পু(ক ত্যাল
হামরাটা পাকা ব্যাল।

১০) অ্যালটোং ব্যালটোং নলের গাঁজা
মুএ( হলুং তোর পার্বতী রাজা বাঁন্ধিল ঘর
নাউ না দিলে আইসবে জ্বর
দ্যাও বাহে এ্যাকেটা নাউ।





# ১১. চোর-চুন্নি পালা

ক.

।।বন্দনা।।
গড়ান-ওরে কি মায়া নাগালো চরা
ঘরে না নয় মন
মার অস্তে না খাটে বুদ্ধি হামার বুড়ি যেমতন
কি কনেক আসিবো সদায় বিন্দাবন।
চিতান-ওরে নন্দের বেটা চিকন কালা
ক্যানে দিলেক এতয় জ্বালা
জ্বালায় জ্বালায় পরাণ যায়
প্রাণে বাঁচে না।।
পরান-ওগে নারী হোলেক মায়াকারি
সংসারটা তুই বুজিস না
ওগে যেইদিনা মুই করো মনে
সেদিন ধরিস ফ্যাকেনা।
চোর- মাও কেনে ভেলে ডেকাছে।
।।গান।।
তোর নগত দেখিলে এলা
মুই সিনি বুঝিম সেলা
ওগে মাও দেখিলে এলা কি কোবে?
।।গান।।
চুন্নি- ও মোর চরা রে
কি কোম আর দূঃখের কাথা
কোলে কি আর পৈতাবু তুই
মোর প্রাণের কালা তুই।
চরা পরার নারীকে বাসিস ভাল
মোর তোর ভালো নয়
সেই কাথাতে আছ মুই বিছিনাত থাকিয়া।
চরা না করিস আর ছলনা
না দিস আর অলনা
তুই মোর প্রাণের কালা

মনৎ আছে জালা।
ওরে তুইরে চরা ধর্ম ছাড়া
ভাল্ কামোত্ তোর নাইরে মন
সদায় পরার হিংসা করি বেড়াইস
তার কিবা কারণ।
চোরা-ওরে চুরি দ্বারী পরার নারী
এই তিন কাম অনাচারি
সংসারটাত্ দেখলে চুন্নি কান্দা সার।
আহার পুত্র কন্যা টিনের বাড়ি
চুন্নি কিছুই না নোবে আর
দিন চারিক তোর ভারভার-ভুরভুর
নীলা খেলায় সার।
চুন্নি-চরা রে-
চরা শুনিয়া তোর বাঁশীর বাইজন
মনটা না মানে ভাও
মুই নারীটা পরার বান্দি
হুসকিবার তো পার না।
ও মোর চরা রে-
যেলা হোবে অন্ধকার
আপনে ভাঙিবে বাজার
সংসাথী তো যাবে চলি
ভর নদীটা ক্যামনে হোবো পার
চরা ভাবিয়া আর হোবে কি
বসিয়া আছ চপর আতি
ওরে তুই বিনে কায় বুঝিবে
মোর নারীর গতি
চোর-কি মায়া নাগালো চুন্নি
না নাগায় মোক তিস্যা ভোক
দিনে রাতি ফম পড়েছে
কি কহিম তোক
আসিয়া বইসেক মোর গোড়োত।
চুন্নি- প্যামের জালাত পড়িসিত্ চরা রে
চরা না নাগায় তোক তিস্যা ভোক





ওরে রাতি দিনে ফম পড়েছে
আইসেক মোর গোড়োত।
শব্দার্থঃ
১. অস্তে-জন্যে,২. পৈতাবু- বিশ্বাসকরবে কি? ৩. অলনা-উপমা, ৪. ভারতভার ভুরভুর-আনন্দ-বিনোদন, ৫. তিস্যা-পিপাসা।
জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি থেকে সংগৃহিত পালা।

খ.

।। বন্দনা।।
গড়ান- ও কি ও চুন্নি শুনিয়া তোর মুখের আও
তেমতন মোর উঠেছে তাও
মনটা কছে টানিয়া তোক ঢুডিয়া ডাঙ্গাও
চিতান- ও কিও চুন্নি গে
মুখোত খালি কাথা কইস
কাথাত তুই বড় না হোইস
একটা কাথা সদায় সদায় খবর্দার নাকোইস
পরান- ওগে হোক নাহোক অপমান করিম
সাদ গোতের নাম সদায় ধরিম
আক্কেল জ্ঞান না দেখ তোর।
চিতান-ও কিও চুন্নি গে
তুই বেড়াছিৎ টাড়িবাড়ি
এখেলে হোলো অনাচারি
তারে বাদে তোর পুদুর পুদুর গাও
ওগে কুনবা দিন খাবো চদন
সদায় তোর বেড়ানি যেমন
মুখের লাজ তো নাইকে তোর
কোলে পাবো শরম
চুন্নি- ।।গান।।
গড়ান- চোরা তুই হোলো নামকাটা চোর
স্বাভাব কেনা জান তোর
চিতান- আহা কেচেরি পখি ছোটো ভাসা
কুহুলি ওঠে কোল্লেক ভাসা
কেচেরির কেলকেলিতে মনটা যাছে উড়িবার

ঠেকিনু মুই কাথাটা কয়ায়।
চোর- ।।গান।।
গড়ান- ওরে আতিটা পহালে কার বা কার
সইন্ধ্যা হোলে গোটায় হামার
ওরে সইন্ধ্যা সাকালে কতয় শুনিবো
উমার কেচকেচি।
শব্দার্থঃ
১. চদন-গালি,২. কুহুলি- কোকিল।
জলপাইগুড়ি জেলার ধূপড়ি থেকে সংগৃহিত।

গ
।। বন্দনা।।
(ঢাডিসুর)
চোরা- চুরি করিবার যাছ গে চুন্নি
দেখিস বাড়িঘর
এ্যকেলায় যাছ গে চুন্নি
নাই মোর দোসর।
চুন্নি- চরা নানাগে তোক চুরি করিবার
না নাগে মোক গহেনা
পাড়ায় পাড়ায় ভলন্টিয়ার বড়য় ভাবেনা
ও কিও মোর চরা রে
ওরে মাইয়া নোকের বুদ্ধি ভাল
গ( কিনিয়া ধরেক হাল
বেশি করিয়া ম(চ করেক
মুইও ছেকিম জল।
চোরা- ও কি ওমোর চুন্নি গে
ওগে উমার বাড়িৎ করিম চুরি
নাই ছাড়িম ধকড়া চটি
নাই ছাড়িম মুই সুক্টা সিদোল
বুড়া বাধিনী।
চুন্নি- ওরে উমার বাড়িৎ চেকরঘেরা
আছে উমার কুকুর জোড়া
উমার বাড়িৎ চুরি করিলে





পড়িবো ধরা।
চোরা- চুরি করিবার যাছ গে চুন্নি
দেখিস বাড়িঘর
এ্যকেলায় যাছ গে চুন্নি
নাই মোর দোসর।
শব্দার্থ
১. বাধিনী-বান্নি। জলপাইগুড়ি জেলার মানিকগঞ্জ থেকে সংগৃহিত পালা।